the team during the 2010 World Cup. He visited also the city of Kolkata and mesmerized the football lovers with his dribbling skills.

A legend in his own right, Maradona won numerous accolades all throughout his playing career including the Golden Ball at both the FIFA U-20 World Cup and FIFA World Cup. A magician with the ball-deceptively quick and a visionary passer, he is regarded as one of the greatest Footballer of all times along with Pele in numerous polls conducted by FIFA.

With the untimely demise of Maradona, the world has lost one of the most gifted soccer players to have ever emerged.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(Hon'ble Members rose in their seals for two minutes)

(After 2 minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved families.

Adjournment

The house was then adjourned till **11:00 a.m.** on Thursday, the **28th January**, 2021.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 28th January, 2021 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 21 Ministers-in-Charge, 14 Ministers of State and 200 Members.

[11:00 – 11:10 a.m.]

Presentation of the 182nd and the 183rd Reports of the Committee on Public Undertakings (2018-2019, 2019-2020 & 2020-2021)

Shri Shafiul Alam Khan : Sir, with your permission, I beg to present.

(a) The 182nd Report of the Committee on Public Undertakings (2018-2019, 2019-2020 and 2020-2021) on Audit Para No. 3.5 of the Report of the Comptroller and Auditor General of India (on Public Sector Undertakings) for the year 2016-2017 relating to West Bengal Power Development Corporation Limited under the administrative control of the Department of Power, Government of West Bengal; and

(b) The 183rd Report of the Committee on Public Undertakings (2018-2019, 2019-2020 and 2020-2021) on Audit Para No. 3.6 of the Report of the Comptroller and Auditor General of India (on Public Sector Undertakings) for the year 2016-2017 relating to West Bengal Power Development Corporation Limited under the administrative control of the Department of Power, Government of West Bengal.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Audit Report & Audit Certificate on the Accounts of the District Legal Services Authority, Nadia for the years from 1998-1999 to 2015-2016

Shri MOLOY GHATAK Sir, I beg to lay the Audit Report & Audit Certificate on the Accounts of the District Legal Services Authority, Nadia for the years from 1998-1999 to 2015-2016.

The Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Transmission Company Limited for the year 2018-2019

Shri Purnendu Basu : Sir, with your permission, I beg to lay the Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Transmission Company Limited for the year 2018-2019.

The 58th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal State Warehousing Corporation for the year 2015-2016

Shri JYOTI PRIYA MALLICK Sir, I beg to lay the 58th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal State Warehousing Corporation for the year 2015-2016.

Report to the House under Rule 241B(2)

মিঃ স্পীকার : Hon'ble Members, in terms of provisions contained in Sub-rule 2 of Rule 241(b) of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly, I am to report that Shri Subhendu Adhikary who was elected to the West Bengal Legislative Assembly from 210 Nandigram Assembly Constituency tendered his resignation from the membership of this Assembly and his resignation has been accepted with effect from 21st December, 2020 afternoon.

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনাকে বলছি যে গতকাল এই কথাটা উঠেছিল কিন্তু আপনি আলোচনা করেননি। এইভাবে প্রতিবারেই যে বাজেট অধিবেশন শুরু হয়, সেই বাজেট অধিবেশন শুরুর প্রাক্কালে গভর্নর অব দি স্টেট তিনি নিজে এসে সরকারি বিবৃতি পড়েন। তাহলে স্যার এবারে কি সরকারের এমন কোন বিবৃতি ছিল না যেটা তারা দিতে পারেনি।

Ruling from the chair

মিঃ স্পীকার : এবার আমায় বলতে দিন। একই বক্তব্য যদি দুজনের থাকে আমি আমার রুলিংটা আজকে দেব। আমি কাল বলেছি- ওই তো সুজনবাবু উঠে দাঁড়িয়েছেন- আপনি এই

সাবজেক্টেই বলবেন তো? ঠিক আছে। প্লিজ ওয়েট। আপনারা একটু বসুন I am giving my ruling on this point .....

Hon'ble Members, yesterday after I presented the Report of the Business Advisory Committee, Hon'ble Leader of the Opposition Shri Abdul Mannan rose and commented that certain irregularities are being committed in running the House without the Address of the Respected Governor. Some Members from the Opposition side also supported it. I informed the House that I would clarify the matter today since the House sat yesterday mainly for making Obituary References.

Hon'ble Members, Respected Governor addresses the House under Clause (1) of Article 176 of the Constitution of India. The said Article states that at the commencement of the First Session after each General Election to the Legislative Assembly and at the commencement of the First Session of each year, I repeat, at the commencement of the First Session of each year, the Governor shall address the Legislative Assembly...... There are similar Provisions in the Constitution for Address of the Hon'ble President in the Parliament of India. The Constitution of India does not provide any provision for address of the Governor at the first reconvened sitting of a year, which is in continuation of a Session commenced in the previous year.

Hon'ble Members, you are aware that the last sitting of the 15th Session of the 16th Legislative Assembly of West Bengal was held on the 9th September, 2020 in the midst of Covid 19 Pandemic situation. After the conclusion of the Business of the House on that day, I announced the adjournment of the House sine die. In parliamentary dictionary the term 'adjourned sine die' means the termination of a sitting of the House without any definite date fixed for the next sitting. On the other hand, the term 'session' as defined in the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly means the whole period, from the time when the Assembly meets to the time when it is prorogued. Hon'ble Members, you are also aware that the termination of a Session of the House by an order made by the Governor under Clause (2) of Article 174 of the Constitution of India is called 'prorogation'.

The present Session of the House which met last on the 9th September, 2020 has not been prorogued by the Governor in terms of Sub-clause (a) of Clause (2) of Article 174 of the Constitution of India. The 15th Session is continuing as 1 have reconvened the House in exercise of the power vested in me in terms of proviso to sub-rule (1) of rule 15 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly on a request from the State Government for transaction of some urgent Business. The Assembly Secretariat issued Notice to all Members accordingly. As the House was not prorogued after its adjournment sine die on the 9th September, 2020, the present Sittings of the House is a part of the 15th Session of the 16th Legislative Assembly of West Bengal notwithstanding the fact that the Calendar year has since changed. As the custodian of the House, a Speaker has to ensure that a House is run according to the Rules of the House and also the Constitution of India. Sometimes, it may so happen that circumstances require the precedents to be seen. In this particular case, fortunately enough, there are rules of procedure and precedents to guide us. On 11th December, 1962, the 3rd Lok Sabha was adjourned till 21st January, 1963 and thereafter continued till 25th January, 1963. The President of India addressed the House on the 18th February, 1963. Again, the 14th Session of the 13th Lok Sabha was adjourned sine die on the 23rd December, 2003. The Second part of that Session which was reconvened, commenced on the 29th January, 2004 without Presidential Address as the Session was in continuation of the earlier Session. That part of the Session of the Lok Sabha continued till 5th February, 2004 for transaction of different kinds of Financial business like passing of interim Budget, etc. There are several instances in Lok Sabha when the House was adjourned and thereafter, though it was reconvened in the next year, it was not treated as the fresh Session.

In our own Assembly, last year, the House was reconvened and first met on the 9th January, 2020 which was in continuation of the Session commenced in the previous year that is in 2019, and the Governor addressed the House on the 7th February, 2020 which was the commencement of the first Session of that year, summoned by an order of the Governor under Clause (1) of Article 174 of the Constitution of India.

Learned Members, it, therefore, becomes crystal clear that mere first sitting of a House in a calendar year does not endow it with the potential of being called the First Session of each year. As such no irregularity or illegality is involved for beginning of this part of the Session which began yesterday, without Address of the Governor. This part of the present Session has been reconvened for transaction of some urgent piece of Government Business. Such urgent piece of Government Business obviously includes Financial Business. As such, the House is free to transact all kinds of Financial Business including presentation of Annual Financial Statement of the Government of West Bengal for the year 2021-2022, consideration and passing of Appropriation Bills, etc. if the Government so desires.

[11:10 – 11:20 a.m.]

This being the case, I make it clear that there is no irregularity or illegality in holding this Session for transaction of any type of Government Business including Financial Business in the House, without the Address of the Governor since it is not the first Session of this Calendar Year.

Thank you all.

(গোলমাল)

আমি পুরো ডিটেলস্ দিয়ে দিয়েছি। সুজনবাবু বসুন। There cannot be any discussion on Speaker's Ruling. You are aware of it. স্পীকার রুলের উপর কোন ডিসকাশান চলতে পারে না। বিধানসভা চলবে রুলস্ অনুযায়ী। হাউস হাউসের নিয়মানুযায়ী চলবে।

........(গোলমাল)......

শ্রী তাপস রায় : সুজনবাবু এই রাগগুলোকে একটু রিজার্ভ-এ রাখুন, পরে অনেক কাজে লাগবে, ব্যয় করবেন না উল্টোপাল্টা।

মিঃ স্পীকার : সুজনবাবু প্লিজ বসুন। এটা অনেক আগে হয়েছে, আমি সব আপনাদের বিস্তারিত বলেছি। প্লিজ বসুন, বসুন। এই সব কিছু যাবে না। নাথিং উইল গো অন রেকর্ড, আই টেল ইউ। প্লিজ আপনারা বসুন, বসুন।

.......(গোলমাল)......

Report to the House

শ্রী তাপস রায় : স্যার, গত ২৩ শে জানুয়ারী বাংলা তথা ভারতবর্ষ অত্যন্ত নজিরবিহীন, অনভিপ্রেত, কুরুচিপূর্ণ, অবমাননাকর একটা ঘটনা প্রত্যক্ষ করল। স্যার, আমি বাঙালী হিসাবে

লজ্জিত,ভারতীয় হিসাবে আমি ক্ষুব্ধ এবং নেতাজীর অনুগামী হিসাবে বা ভক্ত হিসাবে আমি ক্রুদ্ধ।

........(গোলমাল).......

***(এই সময়ে বিরোধী কংগ্রেস দলের মাননীয় সদস্যরা এবং বিরোধী বামফ্রন্ট দলের মাননীয় সদস্যরা স্পীকার পোডিয়ামের সামনে গিয়ে বিক্ষোভ দেখাতে থাকেন।)

মিঃ স্পীকার : ওটা যাবে না। ওটা যাবে না।

........(গোলমাল)......

শ্রী তাপস রায় : ***

মিঃ স্পীকার : ওটা যাবে না। দ্যাট উইল নট গো অন রেকর্ড।

........(গোলমাল)......

শ্রী তাপস রায় : ***

মিঃ স্পীকার : প্লিজ বসুন, বসুন। সুজনবাবু, আমি বলছি আপনি বসুন। সুজনবাবু,আপনাকে এটা মানায় না। আমি বলছি আপনারা বলার সময়ে এমন কোন শব্দ উচ্চারণ করবেন না যাতে কেউ অপমানিত বোধ করতে পারে। ওটা যাবে না। দ্যাট উইল নট গো অন রেকর্ড। আপনারা প্লিজ বসুন।

........(গোলমাল)......

শ্রী তাপস রায় : আমরা দেখলাম স্যার মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে মাননীয়া মুখ্যমন্ত্রী বলার সময়ে একটা বিশেষ ধ্বনি উচ্চকিত কণ্ঠে উচ্চারিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় বলার সময়ে কোন ধ্বনি উচ্চারিত হয়নি। সেখানে মাননীয় প্রধানমন্ত্রী, সংস্কৃতি মন্ত্রী এবং আরও অনেকে উপস্থিত ছিলেন।

........(গোলমাল)......

শ্রী তাপস রায় : তাদেরকে ভর্ৎসনা করার বা সাবধান করার, বন্ধ করার কোন চেষ্টা তাঁরা করেননি। এই অপমান নেতাজী সহ ভারতবর্ষের সকল স্বাধীনতা আন্দোলনের নেতৃত্বের প্রতি এবং যে ২৬ হাজার সেনানী আজাদ হিন্দ ফৌজের, সেই আজাদ হিন্দ ফৌজের ২৬ হাজার সেনানী সহ যাঁরা ভারত মাতৃকার শৃঙ্খল মোচন করবার জন্য প্রাণ দিয়েছেন, আমি মনে করি তাঁদের সকলের প্রতি এটা একটা অবমাননা। যদি সত্যিকারের ধ্বনি সেদিন দেওয়ার ছিল, সেই ধ্বনি ছিল “নেতাজী জিন্দাবাদ” এবং “জয়হিন্দ”। তাই “নেতাজী জিন্দাবাদ” নয় এবং “জয়হিন্দ” নয়। তাই আমি এই সবার কাছে অনুরোধ করব যে আপনারা দয়া করে এই যে ঘটনা ঘটেছে, সেই ঘটনার তীব্র নিন্দা করুন। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল।

তাঁর সুচিন্তিত সিদ্ধান্ত নিয়েছেন, আমি তারও প্রশংসা করছি। আমি আবেদন করব হাউসের কাছে, হাউসের মাধ্যমে যে আগামী দিনে যাতে বাংলার সত্ত্বা,বাংলার অস্মিতা, বাংলার মনীষী, ভারতবর্ষের মনীষী এবং রবীন্দ্রনাথ, নেতাজী, বিদ্যাসাগর সহ রামমোহন - মাথায় রাখতে হবে এই বাংলা নবজাগরণের ......

(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

........(গোলমাল)......

মিঃ স্পীকার : তাপসবাবু আপনি বসুন। প্লিজ আমাকে বলতে দিন। আপনারা বসুন, বসুন।

........(এই সময়ে বিরোধী কংগ্রেস দলের মাননীয় সদস্যরা এবং বিরোধী বামফ্রন্ট দলের মাননীয় সদস্যরা স্পীকার পোডিয়ামের সামনে গিয়ে বিক্ষোভ দেখাতে থাকেন।)........

আপনারা জায়গায় গিয়ে বসুন। আপনারা জায়গায় গিয়ে না বসলে কি করে হবে ? সুজনবাবু, এইভাবে হতে পারে না। আপনি একটা পরিষদীয় দলের নেতৃত্ব দেন। আপনাকে এটা মানায় না। এটা মানায় না আপনাকে। প্লিজ আপনারা বসুন, বসুন।

[11:20 – 11:30 a.m.]

মিঃ স্পীকার : ....(গোলমাল)..................পার্থবাবু বলবেন, প্লিজ আপনারা বসুন। ....(গোলমাল).................. প্লিজ আপনারা বসুন। সুজনবাবু বসুন, আমি বলব।...............(গোলমাল).................. প্লিজ আপনারা বসুন একটু। পার্থবাবু কি বলেন শুনে আমি বলছি আপনাকে। ....(গোলমাল).................. পার্থবাবু আপনি বলুন। আমি বলব, আমি বলব। আই উইল টেল।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি সুজনবাবু এবং অসিতবাবুকে বলব অনুগ্রহ করে বসুন।

(এই সময় মাননীয় বিধায়ক দুলাল বর ওনার অ্যানড্রয়েড ফোন থেকে কিছু দেখাতে থাকেন।)

এখানে কে করছে এই ভিডিওটা ? ভিতরে ভিডিও করছে স্যার, এটা কি ? ....(গোলমাল)..

মিঃ স্পীকার : আপনি ওটা জমা দিয়ে দিন। ....(গোলমাল).................. আপনি জমা দিন, আমি দেখব। ....(গোলমাল).................. বসুন আপনারা, প্লিজ বসুন। ....(গোলমাল)..................

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি আমাদের সহবিধায়ক বন্ধুদের বলব ....(গোলমাল)............

মিঃ স্পীকার : বিজনেস কনডাক্টে বাধা দেবেন না প্লিজ। দুলালবাবু প্লিজ টেক ইওর সিট। আই ওয়ার্ন ইউ। ....(গোলমাল)................. গতকাল আপনি করেছেন আজও doing same thing. Please take your seat. বিধানসভা চলতে দিন। আপনি এই ভাবে বিধানসভার কাজে বাধা দেবেন না। আমি শুনে নিয়েছি,আপনি চুপ করে বসুন। পার্থবাবু আপনি বলুন।

ডঃ পার্থ চ্যাটার্জী : একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে তাপস রায় ....(গোলমাল).........

মিঃ স্পীকার : দুলালবাবু আপনি প্লিজ বসুন। ....(গোলমাল)................. প্লিজ আপনি বসুন।

ডঃ পার্থ চ্যাটার্জী : আমাদের তাপস রায় একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে সভায় নিন্দা প্রস্তাবের জন্য সবার কাছেই অনুরোধ করেছেন। আমরা সকলেই জানি এবং প্রত্যক্ষ করেছি যে ২৩ জানুয়ারি ভিক্টোরিয়া মেমোরিয়াল স্থানে নেতাজীর ১২৫তম জন্মজয়ন্তী উপলক্ষে আহুত নেতাজী স্মরণ সভায় নেতাজীকে যেভাবে স্মরণ না করে নিন্দনীয়ভাবে যেভাবে এক শ্রেণীর আমন্ত্রণকারী আয়োজক সংস্থার ব্যক্তিরা রাজনৈতিক মঞ্চ হিসাবে তাকে ব্যবহার করে নেতাজী স্মরণ সভাকে রাজনৈতিক মঞ্চ তৈরি করেছেন তাকে শুধু পশ্চিমবঙ্গবাসী নয়, তাঁর ঐতিহ্য, তাঁর গরিমাকে কালিমালিপ্ত করেছেন। নেতাজীর স্মরণের বদলে তারা যেভাবে রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে নেতাজী এবং স্মরণ মঞ্চকে ব্যবহার করেছেন এবং রাজ্যের রাজনৈতিক দলের প্রধান হিসাবে মুখ্যমন্ত্রী সেখানে অংশ নেননি, তিনি আমন্ত্রিত হয়েছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসাবে। সেখানে ডেকে তাঁকে যেভাবে যে ব্যবহার তাঁর প্রতি করা হয়েছে ....

এবং নেতাজীকে যেভাবে কলঙ্কিত করা হয়েছে, তাঁকে যেভাবে

.......(গোলমাল)....

মিঃ স্পীকার : এটা রেজলিউশান হচ্ছে না। It is not a resolution. আজকের ঘটনার পরিপ্রেক্ষিতে উনি বলছেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : আজকে শুধু পশ্চিমবঙ্গবাসী হিসাবে নয়, ভারতবর্ষের দেশনায়ক হিসাবে তাঁকে যেভাবে কলুষিত করা হয়েছে, যেভাবে অপমানিত করা হয়েছে, তাতে বাংলার সংস্কৃতি, পশ্চিমবাংলার সংস্কৃতির গরিমাকে কালিমালিপ্ত করা হয়েছে। যাঁরা এই কাজ করেছেন এবং মঞ্চে যেখানে প্রধানমন্ত্রী বসে থাকা সত্ত্বেও কোন ভর্ৎসনা করেননি। এর প্রতিবাদে আমাদের সমস্ত বিধায়কদের উচিত একইসঙ্গে গলা মিলিয়ে নেতাজীর সম্মানকে উচ্চতায় পৌঁছে দেওয়ার যে চেষ্টা আমরা সকলে করছি, দেশনায়ককে যেভাবে শ্রদ্ধাজ্ঞাপন করছি, সেখানে যাঁরা তাঁকে কলুষিত করেছেন, তাঁদেরকে নিন্দা করা হোক এবং তাঁদেরকে ধিক্কার জানানো হোক।

(noise)

মিঃ স্পীকার : It is a point of information. Motion হিসাবে নিচ্ছি না।

(এইসময় মাননীয় বিধায়ক শ্রী অসিত মিত্র মহাশয় কিছু বলতে ওঠেন)

মিঃ স্পীকার : পার্থবাবু বলেছেন, সুজনবাবু আপনি ছোটো করে বলুন। অসিতবাবু আপনি প্লিজ বসুন।

ড. সুজন চক্রবর্তী : স্যার, আজকে এখানে গুরুত্বপূর্ণ আলোচনার বিষয় রয়েছে, সেখানে হঠাৎ করে এটা আসলো।

মিঃ স্পীকার : এটা পয়েন্ট অফ ইনফর্মেশান। এটা আলোচনা হিসাবে আসে নি।

ড.সুজন চক্রবর্তী : এটা পয়েন্ট অফ ইনফর্মেশান হিসাবে আসেনি। Point of Information is to inform the House.পয়েন্ট অফ ইনফর্মেশান হলে একজন কেউ ইনফর্মেশান দিতেন। এটা পয়েন্ট অফ ইনফর্মেশান কেন হবে ? এটা ২৩ তারিখের ঘটনা, আজকে ২৮ তারিখে পয়েন্ট অফ ইনফর্মেশান হিসাবে আসে না, সেটা স্যার আপনি নিশ্চয়ই ভালোভাবেই জানেন। এটা রেকর্ড করে দেওয়া হল।

......(গোলমাল)......

স্যার, এটা কী হচ্ছে ? আমার কথা হচ্ছে, এটা পয়েন্ট অফ ইনফর্মেশান হিসাবে আসেনি। স্যার পয়েন্ট অফ ইনফর্মেশান হিসাবে কেউ যদি মেম্বারদের...

.....(গোলমাল).......

তার বিরুদ্ধে অ্যাকশান নেওয়া উচিত। যেহেতু ২৩ তারিখের ঘটনার পরে আমরা প্রত্যেকেই এই ঘটনার নিন্দা করেছি including myself, যেহেতু নিন্দা করেছি, তাহলে হাউসে শাসক দলের লিডার যারা, তাদের উচিত ছিল এটাকে রেজলিউশান হিসাবে আনার।

মিঃ স্পীকার : এটা রেজলিউশান হবে না। আপনি নিন্দা করেছেন, তারজন্য আপনাকে ধন্যবাদ জানাই।

..................(এইসময় মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র মহাশয় কিছু বলতে ওঠেন).........

আমাদের অন্য বিজনেস রয়েছে। আমি মনে করি এটা পয়েন্ট অফ ইনফর্মেশান। এটা নিয়ে কোনো রেজলিউশান হবে না। রেজলিউশান উনি আনেননি। আমি একটা কথা শুধু অ্যাড করব এর সঙ্গে।

...........(গোলমাল).............

আমি একটা কথা শুধু আপনাদের অবগতির জন্য বলি।

......(গোলমাল).........

[11:30 – 11:40 a.m.]

মিঃ স্পীকার : আমি একটা কথা শুধু আপনাদের অবগতির জন্য বলি, যে সব শব্দ ব্যবহার করা হয়েছে আমি বলছি একটা শব্দও তাপসবাবু যা ব্যবহার করেছেন তার কোনো শব্দ যাবে না। এটা যায়ওনি, যাবেও না। আর একটা কথা আপনাদের বলি ' হু, হু'টাও রেকর্ডে যায়নি। আমি আর একটা কথা বলি যে, পার্থবাবু বলেছেন যে সুজনবাবু আপনারা নিন্দা করেছেন, আমি শুধু একটা সংযোজন করব উনি আমাদের হাউসের লীডারও, হি ইজ অলসো দি লিডার অব দি হাউস। মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী তো বটেই। শি ইজ লিডার অব দি হাউস। সুতরাং, এটা আমাদের সবাইকে ব্যথিত করেছে। এটা অনভিপ্রেত। এটা না হওয়াই বাঞ্ছনীয় ছিল।

Legislation

The West Bengal Krishi Viswavidyalaya Laws (Amendment) Bill, 2021

Dr. Asish Banerjee : Mr. Speaker, Sir I beg to introduce the West Bengal Krishi Viswavidyalaya Laws (Amendment). Bill, 2021.

Sir, I want to mention that in the Statement of Objects and Reasons in line 5 for the word 'teacher' the word 'teachers' be substituted. It is a printing mistake. Sir, it may kindly be corrected.

...... (Secretary then read the title of the Bill)......

Dr. Asish Banerjee: Mr. Speaker Sir, I beg to move that The West Bengal Krishi Viswavidyalaya Laws (Amendment) Bill, 2021 be taken into consideration.

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে বিলটি এখানে আনা হয়েছে, এই বিষয়ে আমার প্রথমেই আলোচনা করার কথা। কিন্তু স্যার হাউসে একটা পরিস্থিতি সৃষ্টি করা হল। নেতাজি সুভাষচন্দ্র বসুকে স্মরণ করে এবং তাঁর সম্বন্ধে আমরা সকলে একটা সর্বদলীয় প্রস্তাব নিতে পারতাম স্টার্নলি যাঁরা এটা করেছেন তার বিরুদ্ধে। আমরা কেউ এটা সমর্থন করি না। স্যার, আমি আপনাকে বলছি যে আপনি যে-কোনো কারণেই হোক আপনার মনে হয়েছে আপনি নিজে বলেছেন যে বাদ দিয়ে দেওয়া হয়েছে। আপনি ঘোষণা করে বলুন যে বাদ দেওয়া হয়েছে।

মিঃ স্পীকার : আমি বলে দিয়েছি তো। আমি অলরেডি বলে দিয়েছি।

শ্রী অসিত মিত্র : স্যার, আমি অল্প কথায় কয়েকটি কথা বলব। প্রথম কথা হচ্ছে কৃষি বিশ্ববিদ্যালয় — মাননীয় আশিসবাবু এখানে আছেন আমি আপনাদের বলছি যে বিষয়টি নিয়ে এখানে আলোচনা হচ্ছে। আমি বলি যে কৃষি বিশ্ববিদ্যালয়কে আদৌ মূল্য দেওয়া হচ্ছে

না এবং কীভাবে মূল্য দেওয়া হচ্ছে না আমি আপনাদের বলছি। এর আগে স্যার বলা হচ্ছে যে রিটায়ারমেন্টের বয়স ৬২ থেকে ৬৫ হয়েছে। স্যার, কিন্তু একটা কথা আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে, এই যে ৬২ থেকে ৬৫ করা হচ্ছে, স্যার কতদিন পরে ৬৫করা হচ্ছে ? আপনি অবাক হয়ে যাবেন, দু বছর। আমি জানি না আপনি পড়েছেন কিনা। যখন অন্যান্য ইউনিভার্সিটি – ক্যালকাটা ইউনিভার্সিটি হোক, যাদবপুর ইউনিভার্সিটি হোক কি রবীন্দ্রভারতী ইউনিভার্সিটি হোক নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি হোক যে-কোনো ইউনিভার্সিটি হোক না কেন স্যার এই ইউনিভার্সিটিতে যখন কোনো সিদ্ধান্ত নেওয়া হয় এবং তাঁরা যে ধরনের সিদ্ধান্ত গ্রহণ করেন একসঙ্গে সকলে সেটা মানেন বা সেটা তাঁদের পক্ষে প্রয়োগ করা হয়।

সেটা কী রকম– ক্যালকাটা ইউনিভার্সিটি,আবার বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ও একটা ইউনিভার্সিটি। নর্থ বেঙ্গল ইউনিভার্সিটিও একটা ইউনিভার্সিটি। এগুলির সঙ্গে তফাত কোথায় দেখুন। ক্যালকাটা ইউনিভার্সিটির সঙ্গে তফাতটা হচ্ছে এদের আন্ডারে কলেজ খুবই কম। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের আন্ডারে দুটি কলেজ আছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের আন্ডারে একটা কলেজ আছে। মোট দু-তিনটি কলেজ আছে। এই ইউনিভার্সিটির যারা কর্মচারী, যারা অধ্যাপক তাদের জন্য কোনদিনই এই বিল আনা হয়নি। আমি খোঁজ নিয়ে দেখলাম, চেষ্টা করছিলাম। স্যার ২০১৯ থেকে ২০২১-এ হচ্ছে। আমি স্যার, এই অবস্থার মধ্যে বলি বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় – তাদের জন্য অন্য একটা আইন করা হল। এর জন্য ধন্যবাদ জানাচ্ছি। স্যার, ২০১৯ থেকে ২০২১ এই যে দুবছর তারা কী করল! স্যার, আপনার জেনে রাখা উচিত যে এই দু বছরে তারা প্রত্যেকে চাকরি করেছে। কিন্তু তারা মাইনে পায়নি। তাঁরা মাইনে নেননি। আমি তাঁদের জিজ্ঞাসা করেছি। আমি জানি মাননীয় মন্ত্রীমহাশয় এই বিষয়ে বলবেন। আমার বক্তব্য এটাই যে প্রফেসররা এই ব্যাপারে চিন্তাভাবনা করার জন্য বারবার চিঠি লিখেছেন। স্যার, এটা নতুন নয়, এর আগে যখন ৬০ থেকে ৬২ হয়েছিল তখনও কিন্তু আমি যা শুনেছি এবং যা দেখেছি তাতে বোধ হয় ৬মাস পরে এটাকে বাস্তবে কার্যকরী করা হয়েছে। আর এই ৬২ থেকে ৬৫ এটাকে কার্যকরী করা হচ্ছে কতদিন পরে ? আপনারা এখানকার সদস্যরা শুনলে অবাক হয়ে যাবেন যে, দুবছর পরে এটা কার্যকরী করা হচ্ছে। এখানে তাদের কেউ নেই, কারণ তাদের অ্যালাউ করা হয়নি। দুবছর তাদের টেনিওর থেকে বাদ দিয়ে সেই পুরানো দিনের মাইনের ব্যবস্থা করা হচ্ছে,আর তারা ঠিক এই দুবছর কাজ করে যাচ্ছেন। কল্যাণী ইউনিভার্সিটির টিচাররা বলেছেন, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের টিচাররাও এক কথা বলেছেন। আমি তাই আপনার কাছে অনুরোধ করছি যে এটা করা হোক। স্যার, আর একটা কথা বলি আজকের এই বিল হওয়ার আগে হাই কোর্টে দুটি কেস হয়েছে। হাইকোর্টে দুটি কেস পেন্ডিং আছে। আমি জানি না, আপনাদের ভয় হল কিনা,এই কেসের রায় বেরোবে, সুতরাং রায় বেরোলে যদি আপনাদের অসম্মান হয়,তাই বাধ্য হয়ে এই বাড়ানোর ব্যাপারটা এতদিন পরে করছেন।

[11:40 – 11:50 a.m.]

এখানে আপনি এই বিলটা এনেছেন, এতো দিন বিলটা আনার কথা মনে হলো না। অনেক কষ্ট পেয়েছেন শিক্ষকরা, উইদাউট পে তাঁরা চাকরি করছেন সেখানে। আমি আপনাকে বলছি আপনি অবিলম্বে ম্যাচিং অর্ডার দিন। আমি আর একটা কথা বলি আপনি কি এটাকে আজকের ডেট থেকে চালু করছেন, নাকি অন্যান্য বিশ্ববিদ্যালয় যে দিন থেকে চালু করেছিল তখন থেকে চালু করছেন – মানে ৬২-র জায়গায় ৬৫। এই ৬২ থেকে ৬৫ এই পিরিয়ডটা এতো দিন পর্যন্ত তাঁরা অন্য মাহিনা পাবেন, সেটা ঠিক আছে, কিন্তু ৬২ থেকে ৬৫ এতো দিন যে তাঁরা কাজ করে এলেন, তাঁরা কিন্তু মাহিনা পেলেন না। এটা মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আমার অনুরোধ যে, আপনি বা মন্ত্রিসভা ব্যাপারটা বিশেষভাবে বিবেচনা করুন এবং অবিলম্বে আজকে ঘোষণা করুন যে, আমরা এটা যখন আজকের ডেট থেকে করছি, এটা আজকের ডেট থেকে নয়, যে দিন থেকে ৬২ শেষ হয়েছে সেখান থেকে এই দুবছর আপনাদের করার জন্য বলছি। স্যার, আর একটা কথা বলি সেটা হলো মাননীয় কৃষিমন্ত্রী আমি আপনার কাছে একটা অনুরোধ করছি সব জায়গায় বিশ্ববিদ্যালয় আছে, ঠিক আছে, কিন্তু এই বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এবং উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় যাদের মাত্র তিনটি কলেজ আছে এদের জন্য আপনি কি এমন কোনো আইন করবেন যে, এই কৃষি বিশ্ববিদ্যালয়গুলিকে কলকাতা বিশ্ববিদ্যালয় বা অন্যান্য বিশ্ববিদ্যালয় যেগুলো আছে তাদের সঙ্গে একই ভাবে সংযুক্ত করা হোক। এদের জন্য কেন আলাদা করে আইন হবে ? স্যার, আর আগেরটাও যখন বাড়ানো হয় তখন ৬ মাস বাকি হয়ে গিয়েছিল, এক সঙ্গে হচ্ছে না। কলকাতা বিশ্ববিদ্যালয়, কি রবীন্দ্র ভারতী, কি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় যাই হোক না কেন, অনেক বিশ্ববিদ্যালয় হয়েছে, এখন আরও বিশ্ববিদ্যালয় বেড়েছে। আমি আপনাদের কাছে বলবো এই বিশ্ববিদ্যালয়গুলোর যখন মাহিনা বাড়বে অথবা tenure বাড়বে তাদের চাকরি করার, তখন এই একই সঙ্গে এই ব্যবস্থাটা ওই দুটো বিশ্ববিদ্যালয়কে এর সঙ্গে সংযুক্ত করা হোক। এটা আমি বলছি আপনার কাছে, তা যদি না করা হয় তাহলে আবার এই ধরনের জটিলতা তৈরি হবে, আবার বিল নিয়ে আসতে হবে, আবার বিল নিয়ে এসে সেই ব্যবস্থা করতে হবে। আর একটা কথা বলতে চাই স্টেট গভর্নমেন্টের গবেষণা করার যে পার্ট আছে, এগ্রিকালচার ইউনিভার্সিটিতে এই গবেষণা করার ব্যবস্থাটা নতুনভাবে শুরু করে দেওয়া হোক। আমি আপনাদের কাছে বলছি, আমি যতটুকু পড়েছি, যতটুকু দেখেছি, আমি না পড়ে বলছি না, আমি বলছি যে, গবেষণার ব্যাপারে এদের সঙ্গে কি এদের পার্থক্য আছে ? যেটা অন্য ইউনিভার্সিটি করতে পারে, সেটা আপনার ইউনিভার্সিটি করতে পারে না, এটা যতটুকু আমি পড়েছি, আমি দেখেছি। স্যার, আপনার অনুমতি নিয়ে আমি মাননীয় কৃষিমন্ত্রীকে অনুরোধ করবো, এখানে মাননীয় মন্ত্রীরা আছেন, মাননীয় পার্থবাবুরা আছেন, যাঁরা আজকে সভায় উপস্থিত আছেন আমি তাঁদেরকে অনুরোধ করবো অবিলম্বে এই ডিসিশানটা করা হোক যে, অন্যান্য ইউনিভার্সিটিতে যে আইনগুলো আছে সেই আইনগুলো এগ্রিকালচার ইউনিভার্সিটিতেও দেওয়া হোক।

আমি সব শেষে বলি now how the date of effect can be changed because of delay in issuing the matching order, এটা একবার বলেছি। আমি শেষ কথা বলবো আপনাদের কাছে, আমি অনেকগুলি ব্যাপার আপনাদের কাছে বলেছি, আমার মনে হয় কৃষি বিশ্ববিদ্যালয়কে যদি গুরুত্ব দিতে হয় তাহলে স্যার, এদের উচিত হবে সমস্ত বিষয়গুলিকে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তুলনা করে এক সঙ্গে তাদের ব্যবস্থা করা হোক এবং তাদের ছাত্রছাত্রীদেরও, যে সব ছাত্রছাত্রীরা পড়াশোনার সুযোগ পাচ্ছে না সেই ছাত্রছাত্রীদের পড়াশোনার ব্যবস্থা করে দেওয়া হোক। স্যার, আমার বক্তব্য আশা করি মাননীয় কৃষিমন্ত্রী গ্রহণ করবেন, এই কথা বলে আমি শেষ করছি। ধন্যবাদ।

শ্রী প্রদীপ কুমার সাহা : ধন্যবাদ স্যার। বিল নং ২, ২০২১, দি ওয়েস্ট বেঙ্গল কৃষি বিশ্ববিদ্যালয় লজ (অ্যামেন্ডমেন্ট) বিল ২০২১। যা রাজ্যের দুটি কৃষি বিশ্ববিদ্যালয় – বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এবং উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে প্রযোজ্য। এখন অ্যামেন্ডমেন্ট আনা হচ্ছে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় অ্যাক্ট ১৯৭৪ এর ওপর এবং উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় অ্যাক্ট ২০০০ এর ওপর। যেখানে বলা ছিল, শিক্ষকদের এবং অন্যান্য কর্মচারী — সবার রিটায়ারমেন্টের বয়স ছিল ৬০ বছর। এখন স্যার, রাজ্য সরকার ২৪শে জানুয়ারি ২০১৯, একটা অডার পাশ করেছিল, যে অর্ডারটা পাশ করার পর সেখানে বলা ছিল, ১লা জানুয়ারী ২০১৯ থেকে আমাদের পশ্চিমবঙ্গে যত স্টেট্ এডেড্ ইউনিভার্সিটি আছে এবং স্টেট এডেড্ যত কলেজ আছে, তার শিক্ষক, লাইব্রেরিয়ান, ল্যাবরেটরি অ্যাসিসটেন্ট্ – এই রকম যে সমস্ত পদ আছে, তাদের ক্ষেত্রে অবসরের বয়সসীমা ৬২ থেকে ৬৫ করা হ'ল এবং সেটা সারা রাজ্যে ১লা জানুয়ারি ২০১৯ থেকে লাগু হয়েছে। এখন বিষয়টা হ'ল, আমাদের রাজ্যের এই কৃষি বিশ্ববিদ্যালয়গুলো এবং প্রাণী সম্পদ উন্নয়ন যে বিশ্ববিদ্যালয়টি আছে, এদের ক্ষেত্রে এই তারিখ থেকে প্রযোজ্য হ'ল না। আমরা লক্ষ করলাম, আমাদের প্রাণী সম্পদ যে বিশ্ববিদ্যালয়টি আছে, সেখানে সেপ্টেম্বর, ২০১৯ থেকে লাগু হ'ল। যতদূর ধারণা হচ্ছে, ঐ ভাইস চ্যান্সেলরের অপছন্দের কিছু লোকজন ছিল। যাদের রিটায়ারমেন্টটা হয়ে যাওয়ার পর ভাইস চ্যান্সেলর বললেন যে, এটা এবার লাগু করার দরকার। তাই তিনি সেপ্টেম্বর থেকে ওখানে এটা লাগু করতে চাইলেন। স্যার, এটা কি সমস্যা হচ্ছিল আমাদের এই দু'টি কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে যে, এই দু'টি কৃষি বিশ্ববিদ্যালয়ে যাঁরা উপাচার্য আছেন, তাঁদেরও কিছু অপছন্দের লোকজন আছে, যাদেরকে এই সময় ৬২ থেকে ৬৫তে নিয়ে গেলে একটু অসুবিধা হবে, তাদের রাখা যাবে না। তাই এতদিন পর্যন্ত আমাদের রাজ্যে সরকারের যে পদ্ধতিটা ছিল, ফিন্যান্স দপ্তর এই সমস্ত ইউনিভার্সিটিগুলোর জন্য যে অর্ডার পাশ করত, তার পর পরই এই ইউনিভার্সিটিগুলোর জন্য অর্ডার যেতো। কিন্তু আমরা দেখলাম, এই অর্ডারটা এই ইউনিভার্সিটিগুলোর জন্য আজকে দু'বছর পরে বিল পাশ করে আনতে হচ্ছে। তাহলে এই অপছন্দের লোকরা কি বেরিয়ে গেলো ? এখন এই বিলটা আনা হচ্ছে এবং সেটা ৬২ থেকে ৬৫ করা হবে। ইতিমধ্যে স্যার, যারা ৬২ বছর পর্যন্ত কাজ করার পরেও রিটায়ারমেন্ট

নেন নি, কাজের সঙ্গে আছেন, তাঁদের অবসরকালীন কোনো সুযোগ-সুবিধা তাঁরা পাচ্ছেন না। কয়েকজন শিক্ষক আছেন, যাঁরা দু'বছর ধরে বেতন পাচ্ছেন না। এই অবস্থায় দাঁড়িয়ে আজকে যখন এই বিলটা আনা হয়েছে, তখন এই কথাটাই বলতে হচ্ছে যে, আজকে বিলটা পাশ করছেন – যা করছেন করুন, কিন্তু যে শিক্ষকগণ অনেক বছর আগে রিটায়ার করেছেন বা করার মতন জায়গায় গেছেন, অথচ অবসরকালীন সুযোগ-সুবিধা পান নি, তাদেরটা কী অবস্থায় আছে ? আজকে এই বিলটা পাশ করার পরে যদি অর্ডার বেরোয় ৬৫, তাহলে এই শিক্ষকরা কোন জায়গায় যাবেন ?

[11:50 a.m. – 12:00 Noon]

তাই স্বাভাবিকভাবে আমরা এই জায়গায় নেই যে, সবাইকেই ৬৫ অবধি চাকরি করতে দিতে হবে। কিন্তু সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, ৬২ থেকে ৬৫ হবে। তাহলে স্বাভাবিক ভাবে এই শিক্ষকদের ক্ষেত্রে যদি আবার ঐ ০১.০১.২০১৯ থেকে চালু করা না হয় তাহলে এই শিক্ষকরা বঞ্চিত হবেন এবং বিপদে পড়বেন। এটা কখনই কাম্য নয়, এটা বাঞ্ছনীয় নয় তাই স্বাভাবিক ভাবে এই বিষয়টা দেখার জন্য অনুরোধ করছি। স্যার, আমাদের রাজ্যে অনেকগুলো কৃষি গবেষণা কেন্দ্র আছে যা রাজ্য সরকার পরিচালনা করেন। আমাদের রাজ্যে দুটো গবেষণা বিশ্ববিদ্যালয় আছে। এখন দেখা যাচ্ছে এদের মধ্যে দারুণ সমন্বয়ের অভাব তৈরি হচ্ছে। এই বিল পর্যালোচনা করতে গিয়ে আমি প্রস্তাব রাখছি যে, এই অবস্থায় আমাদের মনে হয় কৃষি সংক্রান্ত সব গবেষণাগুলোকে একমুখী করণের প্রয়োজন আছে। স্যার, রাজ্যে দুটি কৃষি বিশ্ব-বিদ্যালয়ের আন্ডারে তিনটি extended campus আছে। একটি বাঁকুড়তে এবং বর্তমানে যা বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের under-এ। আর একটি আছে বালুরঘাটে। এই দুটির দেখভাল ঠিকঠাক হচ্ছে না। হয় এদেরকে আলাদা university করে দেওয়া হোক আর না হলে স্বশাসিত কিছু ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি। শুধু বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে এই মুহুর্তে ১০০টা teaching staff শূন্য হয়ে আছে। Non-teaching staff যাঁরা firm-এ কাজ করেন আমি তাদের নিয়ে বলছি, ১৫০০ plus Non teaching staff এই বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে ফাঁকা হয়ে আছে। এই অবস্থায় এদের এই বিষয়গুলোকে নিশ্চয়ই দেখা উচিত। তার পর সর্বোপরি রাজ্যের সমস্ত বিশ্ববিদ্যালয়গুলি যেভাবে অগণতান্ত্রিক পরিবেশে চলছে – আমাদের এই বিধানচন্দ্র কৃষি বিশ্ব বিদ্যালয় অগণতান্ত্রিক পরিবেশে চলছে। ছয় মাস অন্তর অন্তর একজন করে উপাচার্য থাকছেন আর সরে যাচ্ছেন। এই ক্ষেত্রে আবার আবেদন করছি রাজ্যের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান গণতান্ত্রিক পদ্ধতিতে চলা উচিত। এদের এই গণতান্ত্রিক পদ্ধতির ব্যবস্থা থোক এবং সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র প্রতিনিধি রাখার জন্য নির্বাচনের মাধ্যমে সমগ্র জায়গায় পাঠানোর ব্যবস্থা থোক। (... নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ার ফলে মাননীয় সদস্যের মাইক অফ হয়ে যায়।)

Shri Jyotirmoy Kar : Sir, Bill No.2 of 2021 – The West Bengal Krishi Viswavidyalaya Laws (Amendment) Bill, 2021 সমর্থণ করে আমি প্রারম্ভিকভাবে

বলি স্যার, চন্ডীতে মার্কেন্ডয় পূরাণে, মার্কন্ড ঋষি সুরথ রাজাকে বলেছিলেন, দেখ তিন রকমের প্রাণী পাওয়া যায় এই পৃথিবীতে। কেউ দিবায় অন্ধ থাকে, কেউ রাত্রিকাল অন্ধ থাকে আর কেউ তুল্য দৃষ্টায়। এখানকার দুটো আলোচনা শুনে মনে হচ্ছে যে, এরা, দিবাতেও অন্ধ আর রাতেও অন্ধ। স্যার, বিলে কোথাও লেখা নেই ৬৫। বিলে বলছে যে, State Govt.কে power দেওয়া হবে সেই স্টেট গভর্নমেন্ট – university-র power ছিল — এই lawটা amend করবে time to time, determine করবে time to time, ascertain করবে time to time, as regards retirement of the service. কোথায় পেলাম ৬২, কোথায় পেলাম ৬৫? আমি senior অসিতদাকে বললাম কোথায় পেলেন আপনি? বললেন, assuming that. Assuming that একটা বিলকে বলা যায়? যাই হোক তিনি নেই তাই আমি আর এই প্রসঙ্গে গেলাম না। এখন প্রশ্ন উঠেছে, আমি স্যার, college-এ service করতাম আমাদের কলেজ সার্ভিস determine করে University Grant Commission. আর কৃষকদের ব্যাপারটা university, যেটা বলে সেটা ICAR. দুটো রেগুলারিটি অথরিটির পার্থক্য আছে। সুতরাং যেটা ডঃ পার্থ চট্টোপাধ্যায় করেছিলেন pursuant to UGC যে, resolution করে বলল তুমি কলেজে ৬৫ করে দাও। Following that UGC instruction that was done and was accepted by the State Government. কিন্তু ICAR যে regulating authority, কৃষক উন্নয়ন সেটা কবে হয়েছে, কী হয়েছে, না বুঝে এটা মন্তব্য করা উচিত হয় নি স্যার।

বিশেষ করে দেখুন আমাদের শিক্ষার যখন লক্ষ্য আমাদের government এর যখন লক্ষ্য research টাকে বাড়ানো, innovative creation করা। কৃষির কথা বলতে গেলে আমরা এককালে মাইলো আনার কথা ভাবতাম। পরবর্তীকালে স্যার, আমরা অন্ধ্রপ্রদেশ থেকে চাল আনতাম।

মিঃ স্পীকার : আপনি পাশের মাইক্রোফোন'টাতে যান। এটা বড় disturb করছে। কেন বুঝতে পারছি না।

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, ৭২ সালে সবুজ বিপ্লবের ফলে আমরা প্রথমে ভারতকে যে কৃষিতে সম্পন্ন করা যায় এটা বুঝলাম। পরবর্তীকালে ২০১১ সালে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মা-মাটি-মানুষের সরকার আসার পরে আমরা মাটি উৎসব করলাম। আমরা কৃষকের উপর গুরুত্ব দিলাম as a result of which Sir, আমি সবার তৃপ্তির জন্য বলি outstanding contribution এর জন্য আমাদের বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এবং উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় outstanding দিয়েছে এটা ICAR এটা state government-এর award নয়। কল্যাণী বিশ্ববিদ্যালয় ১৭ সালে বিজ্ঞানে first prize পেল in the country কল্যাণি বিশ্ববিদ্যালয় ১৯ সালে আবার first prize পেল বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় outstanding contributionএর জন্য first হল সারা ভারতের মধ্যে ২০১৬-এ। সুতরাং একটা continuous merit কে ধরে রাখতে পেরেছে দুটো বিশ্ববিদ্যালয়। এবং যার outcomeটা কি স্যার, আজকে আমাদের যদি গবেষণা করতে হয়, গবেষণাতো আর তাৎক্ষণিক নয় যে, আমি চটজলদি করে

দেব। একজন অধ্যাপক যদি গবেষণা শুরু করে তার গবেষণা শেষ করতে সময় লাগে। যদি সময় লাগে অথবা শুধু যদি সময় কাটানোর জন্য হয় সেটা state government-এর condition হল যে, সে কী কী service condition সে তৈরি করে দেবে by which an university will be regulated. এটা যদি না করে autonomy-এর নামে আমরা যদি polyticalize করে দিই স্যার, সর্বনাশ হয়ে যাবে। সুতরাং ঠিক বিল এনেছেন। The State Government will decide as to the retirement of the professor and the whole time lecturer or work exact whole time lecturer. যেটা আমি আগেই বলছিলাম স্যার, এই ১৬ সালে এই ১৭ সালে এই ১৯ সালে অর্থাৎ আমরা দেখছি এই ৯ বছরের মধ্যে এই যে ভারতবর্ষে first prize পেল কিসের জন্য ? ৩৫টা varieties, Sir, 35 not a single, not a double, not a triple. 35 varieties of স্যার আজকে শস্য সেটা দানাশস্য হতে পারে সেটা বাণিজ্যিক শস্য হতে পারে, সেইটা উদ্বোধন করেছেন। ওইজন্যই outstanding contribution. আজকে যে আমরা দেখেছি যে ১১ সালের পরে পুরুলিয়ার মতো খরাপ্রবণ জায়গায়, বাঁকুড়ার মতো খরাপ্রবণ জায়গায় আজকে শস্য উৎপাদন হচ্ছে, ধান হচ্ছে এবং commercially উৎপাদন হচ্ছে। অযোধ্যা পাহাড়ে শস্য উৎপাদন হচ্ছে — তখন ব্যঙ্গ করতেন। সেই সমস্ত জায়গায় আজকে সেচসেবিত হচ্ছে। এর ফলে যে শস্য উৎপাদন হচ্ছে যার ফলে, আমরা আজকে আমাদের সমস্ত লোককে Government of India-র FCI, Food Corporation of India এর থেকে এক ছটাক চাল না নেওয়ার পরেও আমরা সবাইকে খাদ্য দিতে পারছি। এই যে আমরা স্বাবলম্বন অর্জন করলাম এটাতো আমার আপনার কথায় নয় স্যার, এটা কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষিবিজ্ঞানীদের contribution, যে কম জলে কী চাষ হবে, গভীর জলে কী চাষ হবে, খরা অঞ্চলে কী চাষ হবে, কাঁকর মাটিতে কী চাষ হবে, কী বীজধান আজকে আমাদের contribute করতে পারে এবং স্যার আজকে আমি কয়েকটা typeএর নাম বলছি, নানা এর support-এ বলছি, কেন বয়সটা বাড়াবো। আপনি যেটা বলছিলেন, আপনাকে supplement করছি, আমি ৬৫ নাম ধরি নি। আমি এটা amend করবো কেন, ? যদি তাতে quality না থাকে, contribution না থাকে তার যদি অবদান না থাকে। সেই জন্যই বলছি, শুধুতো আমার ইচ্ছায় হবে যেটা আগের বক্তা বলে গেলেন যে, ২০০২ সালে সমস্ত left front সুজনবাবুদের লোক retire করে গেল, আশ্চর্য যুক্তি ! আপনারা বললেন না যে, আমরা দলবাজি করলাম না as such সুজনবাবুদের দল যাদের appointment দিয়ে গেছিলেন অথবা তাদের তত্ত্বাবধানে হয়েছিলেন তাদের আমরা extend করে দিলাম। সুতরাং বাহবা দেওয়ার পরিবর্তে আপনারা কি করলেন খুঁত কোথায় আছে খুঁজতে লাগলেন। ...(নয়েজ)... Extend কোথায় আছে ? Extend কোথায় আছে ? Extend কোথায় আছে আপনি দেখিয়ে দিন না।

[12:00 Noon – 12:10 p.m.]

সুতরাং বাহবা দেওয়ার পরিবর্তে আপনারা কী করলেন, ফুঁটো কোথায় আছে খুঁজতে লাগলেন। এখানে এক্সটেন্ড কোথায় আছে, আপনি দেখিয়ে দিন না। সুতরাং এখানে বলছি

স্যার, নামগুলো বলছি, যেমন রঙ্গিণী, মোহিনী আদার ক্ষেত্রে, যেমন আমাদের চালের ক্ষেত্রে, চালে আমরা সমৃদ্ধ হয়েছি, চাল উত্তর লক্ষ্মী, উত্তর সোনা, আমরা এই সমস্ত নাম আগে শুনতাম না। ফলে আজকে নতুন নতুন বীজ, নতুন নতুন শস্য পদ্ধতি এবং কৃষিকে সহায়ক করার জন্য সরকারের যে দৃষ্টিভঙ্গী আগাগোড়া A to Z এবং অসামাজিক ক্ষেত্রে আমরা আজকে সেই জন্য এই সাফল্যটা পেয়েছি। তার জন্য রাজ্য সরকার মনে করে যে টাইম টু টাইম যারা গবেষণা করছে, যাঁরা ইউনিভার্সিটির অধ্যাপক বা কলেজের অধ্যাপক, ইউনিভার্সিটির সঙ্গে যুক্ত স্টেট গভর্নমেন্টের বেতন পান, তাঁদের যেহেতু রাজ্য সরকার বেতন দেয়, যেহেতু রাজ্য সরকারের সোসাল কমিটমেন্ট আছে, যেহেতু রাজ্য সরকারের অ্যাকাউন্টেবিলিটি আছে টু দি পিপ্‌ল, সেই জন্য রাজ্য সরকার এই দায়িত্বটা নেবে। এর বাইরে কিছু নয় স্যার। সুতরাং যে বিল ডঃ ব্যানার্জী এনেছেন মাননীয় কৃষিমন্ত্রী আমি তাকে বাহবা দিয়ে বলি যে কৃষি বিজ্ঞানীদের এবং এই গবেষণার কাজের সঙ্গে যারা যুক্ত আজকে যে সমস্ত বুদ্ধিজীবীরা আছেন, যে সমস্ত অধ্যাপকরা আছেন, তাঁদের সার্ভিস কন্ডিশান রাজ্য সরকার নির্ধারণ করুক এবং একটা uniform service policy থাক, যেটা আমরা জেনারেল এডুকেশানের ক্ষেত্রে করেছি। তবে আমি আগেও বলেছি স্যার, জেনারেল এডুকেশানের প্রিন্সিপ্‌লটা ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশন ঠিক করে, সুতরাং যেটুকুন ইয়ারের গ্যাপ আর ডেসাপ্যারিটি হয়ে গেছে, সেইটুকু এই জন্যই হচ্ছে রেগুলেটেড অথরিটি ডঃ ব্যানার্জী You clarify it। সেইটাই এখানে হয়েছে। এই বলে, আমি বিলকে সমর্থন করে শেষ করছি, ধন্যবাদ নমস্কার।

শ্রী শেখ আমজাদ হোসেন : ধন্যবাদ স্যার। স্যার, আমি আপনার মাধ্যমে জানাই, মাননীয় মন্ত্রী যে বিল নিয়ে এসেছেন, দি ওয়েস্ট বেঙ্গল কৃষি বিশ্ববিদ্যালয় ল' (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২১; এই বিলের পক্ষে স্যার, জ্যোতির্ময়বাবু যা কিছু বললেন, সেইগুলোতে আমি পরে আসছি। স্যার, যে বিল নিয়ে এসেছেন উনি, এটা ঠিক। জ্যোতির্ময়বাবু যেটা বললেন, যে এই বিল স্যার, সমস্ত যে ইউ. জি. সি.র রেকগনাইজ্‌ড্ ইউনিভার্সিটিগুলো আছে জেনারেল ক্ষেত্রে তার আন্ডারে যে কলেজগুলো আছে তাদের সকলের বয়স একটা নির্দিষ্ট সময় পর্যন্ত বাড়িয়ে দেওয়া হয়েছে। বাড়িয়ে দেওয়ার পর স্যার, সেটা এফেক্ট হয়েছে ২০১৯ সালে। ২০১৯ সাল থেকে তারা এফেক্ট পেয়ে গেল। তাদের ম্যাচিং গ্রান্ট যা পাওয়ার সমস্ত কিছু তারা পেল। উনি বললেন এটার জন্য পার্সুয়েশান যা যা করার সব করা হয়েছিল। কিন্তু তা হলে এই বিমাতৃসুলভ আচরণটা এই দুটো কৃষি বিশ্ববিদ্যালয়ের সাথে কেন ? এটা দিয়েই কি সরকার তারা যে দিক নির্দেশনা করতে চাইছে যে বিমাতৃসুলভ আচরণ। যা বললেন জ্যোতির্ময়বাবু, মিলল না। যদি ওটার ক্ষেত্রে পার্সুয়েশান হয়ে থাকে তাহলে এটার ক্ষেত্রে হল না কেন ? তার মানে কৃষি ক্ষেত্রটাকে আপনারা গুরুত্ব দিতে চাইছেন না। তাই পার্সুয়েশান করেন নি। তার পরের প্রশ্ন স্যার, এদের এফেক্ট পেল ২০১৯ থেকে। আর এই দুটো কৃষি বিশ্ববিদ্যালয়ে উত্তরবঙ্গ আর ডঃ বিধানচন্দ্র নামাঙ্কিত যে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, এই বিশ্ববিদ্যালয়ের আন্ডারে যাঁরা আছেন, তাঁদের ক্ষেত্রে তাঁরা যখন রিটায়ার্ড করে গেলেন তাঁদের ছেড়েও দিলেন না, ছেড়ে দিয়ে তাঁদের যা যা প্রাপ্য বুঝিয়ে দিয়ে তাঁদের বিদায়ও দিলেন না।

তাঁদের ৬০ বছর বয়স হয়ে যাওয়ার পরেও তাঁরা কিন্তু স্যার যথারীতি কাজ করে যাচ্ছেন। তাঁরা অলরেডি হাই কোর্টে আছেন রিট পিটিশানে - সমস্ত আছেন তাঁরা কি হবে তাঁদের। সেমতাবস্থায় আপনি এখন এটাকে নিয়ে আসছেন। যেটা বললেন জ্যোতির্ময়বাবু যে এটা ঠিক - এখানে নির্দিষ্ট কোনো বয়স আপনি করেন নি। কি করেছেন সেটাতে আমি পরে আসছি। তাহলে যাঁরা ৬০ বছর বয়স হয়ে যাওয়ার পরেও কাজ করে চলেছেন এখনো পর্যন্ত তাঁদের কি হবে। এই সময়কালে তাঁরা যে কাজ করেছেন তাঁদের স্যালারি বলুন, তাঁদের যা কিছু প্রাপ্য বলুন, সেটার কি হবে, সেটা আশা করি আপনি নিশ্চিতভাবে বলবেন। আর যেটা বললেন জ্যোতির্ময়বাবু যে এখানে নির্দিষ্ট কোনো বয়স নেই, এটা আমি ২০০ ভাগ সমর্থন করছি যে এটা ঠিক। যেটা আছে সেটা স্যার মারাত্মক কথা। এই সরকার, তার মন্ত্রীরা যা বিল নিয়ে এসেছেন, স্কুল সার্ভিস কমিশান থেকে শুরু করে, পাব্লিক সার্ভিস কমিশান হোক, আমাদের রাজ্য সরকারের নিজস্ব স্টাফ সিলেকশান বিল যা কিছু বানিয়েছিলেন, সমস্ত কিছু অন্ধকারে আছে, সেগুলো আজ পর্যন্ত কিছু করতে পারছেন না ঠিকঠাকভাবে। সব বিলগুলোর একটাই নীতি ছিল গণতন্ত্র কি করে ধ্বংস করা যায়। এ ক্ষেত্রেও স্যার যেটা মারাত্মক ব্যাপার উনি করছেন, নির্দিষ্ট বয়স করছেন না। আপনি ৬২ করুন, ৬৫ করুন, ৭০ করুন, ৯০ করুন, কেউ যদি পছন্দের লোক হয় তার জন্য until and unless dead করে দিন। আমার আপত্তি নেই, করুন, কিন্তু একটা নির্দিষ্ট করুন। কিন্তু এখানে কি করছেন - “shall retire from service on attaining such age as may be determined and notified in the Official Gazette by the State Government, from time to time.” স্যার, আপনি সকালবেলায় বললেন আপনার রুলিং দিতে গিয়ে, পরবর্তীকালে তাপসবাবুর সঙ্গে বিতণ্ডার সময়, এই হাউসেরও লিডার তিনি, মাননীয়া মুখ্যমন্ত্রী। সেই হাউসে তাহলে আর যদি এটার কোনো অ্যামেন্ডমেন্ট হয় আর আনার দরকার নেই। এটা যা হবে, গভর্নমেন্ট নিজের পছন্দমত নোটিফিকেশান করে নিয়ে টাইম টু টাইম করে নেবে অর্থাৎ, কোনো ভাইস চ্যান্সেলারকে পছন্দ হল না তাঁকে বলবেন, ৫৪ তে ঘরে চলে যাও। আর যাকে আশিসবাবুর খুব ভালো লেগে গেছে, তাঁকে বলবেন ৮৫ অবধি থেকে যাও। স্যার, এই মারাত্মক জিনিস এটা উনি এনেছেন। কিন্তু একবার ভাবুন স্যার, এটা আপনি Pandora’s Box খুলে দিচ্ছেন। পরবর্তীকালে এটা যদি সমস্ত ডিপার্টমেন্টে অনুসৃত হয় তাহলে কোন্ জায়গায় দাঁড়াবে। আসলে এটা আপনি করে গণতন্ত্রকে সম্পূর্ণরূপে ধ্বংস করতে চাইছেন। এটা আপনি ভালো করে বুঝবেন। এই জায়গাটাতে আমাদের আপত্তি রইল। আশা করি আপনি উত্তর দেওয়ার সময় বলবেন। স্যার, জ্যোতির্ময়বাবু যা বলছিলেন যে চাষীদের কত কি উন্নতি হয়েছে। ঠিক। ২০১১ সাল থেকে আমিও আছি এই বিধানসভায়। ইলিশ মাছের চারা পর্যন্ত আপনারা পুকুরে বানিয়ে ফেলছিলেন, পুকুরে চাষ হবে। সেটার কি হয়েছে বলবেন। চুঁচুড়া ধান্য গবেষণা কেন্দ্র, তার বর্তমান কি অবস্থা সেটা আপনি জানেন। পারলে আপনার কাছে বসে আছেন আমাদের জেলার সম্মানীয় মন্ত্রী তাঁকে জিজ্ঞেস করে নিন। এত কিছু বলছেন, পেঁয়াজের বীজ

করছিলেন, পেঁয়াজ চাষ করাবেন দারুণভাবে। সেই পেঁয়াজের বীজ স্যার আমাদের এবারে কিনতে হয়েছে পাঁচ হাজার টাকা প্যাকেট। বলুন না, শুধু কি আমাদের এপারে, ওপারেও তো আছে, অনেকের চাষবাস আছে। হুগলি জেলার যাঁরা আছেন ওপারে, তাঁরা বলুন না, অসীমাদি বলুন না, পাঁচ হাজার টাকা প্যাকেট। তাহলে আমাদের যে কৃষি গবেষণা কেন্দ্রগুলো আছে, কি করছেন তাঁরা, সেখানে কি ডেভেলপমেন্ট হচ্ছে, কি কাজ করছে। আলুবীজ এখনো পাঞ্জাবের পন্থ থেকে আনতে হচ্ছে, আর সব ফোড়ে ব্যবসাদাররা এক হাজার টাকা প্যাকেটের মালটা পাঁচ হাজার টাকা নিয়ে যাচ্ছে। সেখানে আপনি, আপনার দপ্তর, সরকার তাদের কোনো ভূমিকা নেই স্যার। স্যার বললেন যে, চাষীদের নাকি খুব উন্নতি হয়েছে। চাষীদের কত উন্নতি হয়েছে; এই বিধানসভায় অন রেকর্ড আছে আমি বলেছিলাম যে বলাগড়ে যে পেঁয়াজ ৮০ টাকা খেলাম আমরা, দিল্লির সরকার যে কৃষি বিল এনেছে তাতে আরো মজুতদারি বাড়িয়ে কর্পোরেটকে ঢোকাচ্ছে কৃষিতে। আর আপনারাও ফোড়ে দালালরাজ কায়েম করেছেন। তাই ২ টাকা কেজি পেঁয়াজের দাম পেয়ে বলাগড়ের পেঁয়াজ চাষী আত্মহত্যা করে মরে। আর সেই পেঁয়াজ যখন ফোড়ে ব্যবসাদারদের হাতে ঢুকে যায় আমরা ৮০ টাকা কেজি কিনে খাই।

আমি নিজে চাষী পরিবারের সন্তান। ৪২ টাকা কেজি আলু খাইয়েছি, আমরা চাষীরা ৪২ টাকা পাই নি। আর চাষীদের যে জায়গায় নিয়ে গেছেন অন্য কোথাও যেতে হবে না। আপনাদের উত্তরণের সিঁড়ির একটা ধাপ সিঙ্গুর যদি সেই চাষীদের এত উন্নতি হয়ে থাকে, তাহলে রবীন্দ্রনাথ ভট্টাচার্যকে কেন আর আলোকিত করে আপনাদের সাথে দেখতে পাচ্ছি না ?

[12:10 – 12:20 p.m.]

ডঃ আশীস ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে জানাই, আজকে যে বিলটি আনা হয়েছে দ্য ওয়েস্ট বেঙ্গল কৃষি বিশ্ববিদ্যালয় ল' জ (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২১। এই বিলের পক্ষে এবং বিপক্ষে যাঁরা বলেছেন মাননীয় অসিত মিত্র, মাননীয় প্রদীপবাবু, মাননীয় আমজাদ হোসেন সাহেব এবং মাননীয় জ্যোতির্ময় কর। আমি তাঁদের প্রত্যেককে ধন্যবাদ জানাচ্ছি। আমি প্রথমেই বলি, যে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে বস্তুত কৃষি ক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন আনা হয়েছে। কেন বলছি যে, এটা যাঁরা বলছেন, তাঁদের একটু ভাবা উচিত, বামফ্রন্টের আমলে, আপনারা বললেন তো। তো সেই বামফ্রন্টের আমলে বাজেট ছিল কত ? ২৮০ কোটি ৭ লক্ষ টাকা, ২৮০ কোটি ৭ লক্ষ টাকা। আর সেই বাজেট, মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে ২০২০-২০২১-এ, সেই বাজেট কত? ৫ হাজার ৮৬০ কোটি টাকা। কত গুণ? হিসাবে পাবেন তো যে কত গুণ। সেটা হিসাবে পাবেন তো কত গুণ? আরও একটা বিষয়, প্রথমে অসিত মিত্র মহোদয় যেটা বলেছেন, তার ভিত্তিতে বলি, যে বিশ্ববিদ্যালয়ের আইনগুলো আলাদা আলাদা আছে। প্রত্যেকটা বিশ্ববিদ্যালয়ের আলাদা আইন রয়েছে। এই বিশ্ববিদ্যালয়ের অধীনে তিনটে কলেজ আছে। আর একটা বিষয়, যেটা বলেছেন, যে কেন

এত দেরীতে আনা হচ্ছে? দেরীতে আনা হয় নি। ২০১৯ থেকে উদ্যোগ নেওয়া হয়েছিল। ২০২০ তে আপনারা জানেন যে, কোভিডের জন্য বিধানসভা করা সম্ভব হয় নি এবং ২০২১ - এর গোড়াতেই, যেহেতু ২০২০ তে আনা হয়েছিল কিন্তু সালটার পরিবর্তন হয়ে যাওয়ার জন্য এটাকে পরিবর্তন করতে হয় ২০২১ - এ অত্যন্ত দ্রুততার সঙ্গে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয়েছে এবং প্রথম অধিবেশনে সুযোগ পাওয়া মাত্রই এই বিলটা আনা হয়েছে। স্বাভাবিকভাবেই এই যে অমূলক আশঙ্কা, সেই অমূলক আশঙ্কাগুলো টেকে না। আর একটা বিষয় যে, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যদি যুক্ত করা হয় আমাদের তো আপত্তি নেই। কিন্তু যে বিষয়টা শোনা যায়, সেটা হচ্ছে, ইন্ডিয়ান কাউন্সিল অফ্ এগ্রিকালচার অ্যান্ড রিসার্চ - এতে নাকি এরা গবেষণার সুযোগ পাবেন না। এই আশঙ্কাটা নিয়েই আমরা অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত করতে পারছি না। যদিও এটা নিয়ে আমাদের আলোচনা চলছে। আমরা নিশ্চয়ই চাইবো, যে, বিশ্ববিদ্যালয়গুলোর সমস্ত আইন একইভাবে একইসঙ্গে চালু হোক। এতে আমার ব্যক্তিগতভাবে কোন আপত্তি নেই। এবং আমাদের দপ্তরেরও কোনো আপত্তি থাকবে না, যদি আমরা সুনির্দিষ্টভাবে জানতে পারি যে এর ফলে আই.সি.এ.আর. - এর যে সুবিধাটা পাওয়া যায়, অর্থাৎ গবেষণার যে সুবিধাটা পাওয়া যায় যেটা আপাতত থাকবে, তাহলে এই বিষয়টা নিয়ে আমরা নিশ্চয় চিন্তা-ভাবনা করব। আমরা মনে করি আজ যেটা, বলছেন, সেটা তো জানেন না বলেই বলছেন, যে আমজাদ সাহেবতো বললেন যে, পশ্চিমবঙ্গে কোথায় আত্মহত্যা করেছে? আপনি জানেন না। সেটা হচ্ছে পশ্চিমবঙ্গের একটা কৃষকও, ...(নয়েজ)....একটা কৃষকও আত্মহত্যা করে নি। এটা আমার রিপোর্ট নয়, এটা কেন্দ্রীয় সরকারের গবেষণা থেকে বেড়িয়েছে, একটা কৃষক পশ্চিমবঙ্গে আত্মহত্যা করে নি। আপনারা মিথ্যা অভিযোগ আনছেন, আপনারা অসত্য অভিযোগ আনেন, কেননা আপনাদের আর কিছু করার নেই, আপনারা কিছু করেন নি। সেই জন্য আপনারা শুনে রাখুন, যে আমাদের গবেষণা কেন্দ্র নিয়ে যেটা বলছেন, গবেষণা কেন্দ্র নিয়ে পরিষ্কারভাবে জেনে রাখুন, যে এই প্রথম ভারতবর্ষে ল্যাব টু ফিল্ড - এই যে উদ্যোগ, এই উদ্যোগে অনেকগুলো ভিসিও হয়ে গেছে, এই অতিমারির সময়ে। যে ল্যাবরেটরিতে যাঁরা কাজ করছেন, গবেষণায় যারা করছেন, তাঁদের এই গবেষণার ফলটা এই কৃষকদের মধ্যে বিলিয়ে দেওয়া যায়, সেই বিষয় নিয়ে অত্যন্ত সুচিন্তিতভাবে এই সরকার এগিয়েছে, কৃষি দপ্তর এগিয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশেই এইগুলো হচ্ছে। আপনারা জেনে রাখুন যে, এই যে বলছেন আপনারা এই বিশ্ববিদ্যালয়ের নানা রকম দোষ দেখাচ্ছেন যে এই হয় নি, ওই হয় নি, কেননা আপনাদের কিছু বলার নেই বলেই হয় নি। আপনারা বলতে পারছেন না, জানেন না জানেন না বলেই বলতে পারছেন না। আপনারা জেনে রাখুন যে গবেষণা টিসু কালচারে। এই টিসু কালচার নিয়ে আমরা ভারতবর্ষের মধ্যে পেঁয়াজটা আবাদের মধ্যে নেই, আপনারা জানেন না। ওয়ার্ল্ড টিসু কালচার ল্যাবরেটরি, এই ল্যাবরেটরিতে যে ভাবে আলুর বীজ তৈরি করা হচ্ছে, ...(নয়েজ).... এতে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় আই.সি.এ.আর. অ্যাওয়ার্ড পেয়েছে ফার্স্ট পজিশান ফর হায়েস্ট পি.জি. স্কলারশিপ ক্যাটাগরি অফ ইঞ্জিনিয়ারিং

অ্যান্ড টেকনোলজি। এটা সারা ভারতর্ষের মধ্যে আপনি জেনে রাখুন স্টেট এগ্রিকালচার ইউনিভার্সিটি - ভারতবর্ষের মধ্যে যতগুলো আছে তার মধ্যে প্রথম র‍্যাঙ্ক করেছে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়। আপনারা জেনে রাখুন, জিওগ্রাফিক্যাল ইনডিকেশান, যেটা জি.আই., সেটাতে গোবিন্দভোগ - এই গোবিন্দভোগ জি.আই, পেয়েছে এই কৃষি বিশ্ববিদ্যালয়ে। আপনারা জেনে রাখুন, গ্র্যান্টেড পেটেন্টটা ফর পাফড্ রাইস উইথ ভিটামিন বি - এই আউটস্ট্যান্ডিং কৃতিত্বের জন্য উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় এরা কৃতিত্বের দাবি করেছেন এবং পেয়েছেন। আই.সি.এ.আর. পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় রাষ্ট্রীয় কৃষিবিজ্ঞান। পুরস্কার পেয়েছে কে.ভি.কে. উত্তর দিনাজপুর। আপনারা জেনে রাখুন, যে বেস্ট এন.আই.সি.আর.এর কে.ভি. কে. কোচবিহার পেয়েছে ২০১৯-এ। নিউ ভ্যারাইটিস অফ টার্মারিক - উত্তর রূপাঞ্জনা, উত্তর রঙ্গনী। জিঞ্জার ভ্যারাইটি, মোহিনী - রাইস ভ্যারাইটিস উত্তর লক্ষ্মী, উত্তর সোনা, ২০১৬ থেকে ২০২০এর মধ্যে পেয়েছি। ইন্টারন্যাশানাল কোলাবরেটিস রিসার্চ উইথ সিরিজ এস.ই.আর., আই.এস.আই.আর.ডি. অ্যান্ড আই.পি.আই.- এইগুলো পেয়েছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়।

[12:20 – 12:30 p.m.]

Ours is the best ERCP Centre on Agriculture meteorology, agro-forestry, potato, vegetable crops, tuber crops and cashew এটা পেয়েছে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়। International Quality Research with ICAR, CSIRO, BRI, BRRI, CRO, ICARDA, IRRI, IPNI ইত্যাদি. এটা পেয়েছে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়। এ ছাড়া জ্যোতির্ময়দা সঠিকভাবে উল্লেখ করেছেন ৩৫ টি নতুন ভ্যারাইটিজ সাতটি ক্রপের জন্য পেয়েছে। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় অর্থাৎ গবেষণা কেন্দ্রগুলোকে বামফ্রন্টের আমলে যেটা পচিয়ে দেওয়া হয়েছিল, সেখান থেকে উদ্ধার করে আজকে নতুন করে উদ্যোগ নেওয়া হয়েছে, নতুন উদ্যমে চলছে। স্বাভাবিকভাবে এই বিলের বিষয়ে আপনি যেটা বললেন - এই বিষয়টা আমরা বলেছি, তখন আপনি ছিলেন না - এর নোটিফিকেশানটা যখন হবে, আপনারা জানেন আইন প্রত্যেকটা আলাদা আলাদা, এই যে বললেন ছ' মাস করে থাকে, নিয়ম জানেন না বলে, আইন জানেন না বলে বলছেন। এক্সটেনশান হলে ছ' মাস থাকতে হয়। সার্চ কমিটি গঠন করেন রাজ্যপাল, তার পর সেই সার্চ কমিটিতে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত একজন যিনি উপাচার্য থাকেন, তাঁকে হয়ত ছ' মাস এক্সটেনশান দেওয়া হয়, তার মানে ছ' মাস কোন উপাচার্যের কার্যকাল নয়। এই বিষয়টা আপনারা জানবেন, জেনে আপনারা বলবেন। আমরা বিষয়টা উদ্যোগ নিয়েছিলাম ২০১৯ -এ। ২০২০ -তে অতিমারীর কারণে সেই বিল তৈরী করেও আমরা পেশ করতে পারি নি। ২০২১ -এ সেই বিলটা তৈরী করার পর বিধানসভার অধিবেশন শুরু হতেই আমরা এটাকে দিয়েছি। স্বাভাবিকভাবেই আমাদের এই বিশ্ববিদ্যালয় গবেষণা কেন্দ্রগুলো যাতে আরও সফলভাবে হয়ে উঠতে পারে, সেই আবেদন জানাচ্ছি। আপনারা যাঁরা আলোচনায় অংশগ্রহণ করেছেন, তাঁদের প্রত্যেককে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করব আপনারা এই বিষয়টাকে সমর্থন করুন।

শিক্ষকরা যে অসুবিধার মধ্যে ছিলেন, সেই অসুবিধার হাত থেকে মাননীয়া মুখ্যমন্ত্রী অনেক আগেই তাদের রেহাই দিয়েছেন এবং সেই অসুবিধা থেকে মুক্তি দিয়েছেন। আমরা মনে করি এই বিশ্ববিদ্যালয় সেই মুক্তির আস্বাদ লাভ করবেন। এই কথা বলে আপনাদের প্রত্যেককে আন্তরিক অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Now the question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Clauses 2 to 3

Mr. Speaker : There is no Amendment to Clauses 2 to 3. So I put to vote Clauses 2 to 3 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put to vote Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Dr. Asish Banerjee : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Krishi Viswavidyalaya Laws (Amendment) Bill, 2021, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill, as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please 'No'. 'Ayes' have it. 'Ayes' have it. The Bill is passed. The Bill is passed.

The West Bengal Court-Fees (Amendment) Bill, 2021

Shri Moloy Ghatak : Hon'ble Speaker, Sir, I beg to introduce the West Bengal Court-Fees (Amendment) Bill, 2021.

(Secretary then read the Title of the Bill)

Shri Moloy Ghatak : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Court-Fees (Amendment) Bill, 2021, be taken into consideration.

Shri Mostaque Alam : মাননীয় স্পীকার স্যার, মাননীয় আইনমন্ত্রী একটি অ্যামেন্ডমেন্ট বিল প্লেস করেছেন - The West Bengal Court-Fees (Amendment) Bill, 2021. Bill number one of 2021. ১৯৭০ সালের কোর্ট ফিজ অ্যাক্টের ১০এ-র অ্যামেন্ডমেন্ট চেয়েছেন। স্যার, এই যে বিলটা উনি এনেছেন, আমি মনে করি এই বিলটায় বিরোধিতা করার তেমন কোথাও জায়গা নেই। কিন্তু অ্যামেন্ডমেন্ট দেওয়ার সময় ছিল না। আজকে আমাদের অনেকগুলো কথা এখানে বলার আছে। মূলতঃ ২০২০ সালের বাজেট বক্তৃতায় আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, ট্রেজারি এম্পটি - আমাদের অর্থকোষ শুন্য। সেই কারণে আমাদের আজকে এই payment of mode অর্থাৎ, court fees-এর E-payment mode-এর অ্যামেন্ডমেন্ট এনেছেন। কারণটা হচ্ছে একটাই যে, ডিউ টু লকডাউন পিরিয়োডে আমাদের ভার্চুয়াল মিটিং-এর মতোই যদি কোর্টে যে হিয়ারিংগুলো চালু হয়েছে সেই হিয়ারিংগুলোতে স্ট্যাম্প বসানোর প্রয়োজন ছিল না যার ফলে সুপ্রিমকোর্ট, হাইকোর্ট - সবগুলোতেই ওনাদের পক্ষ থেকে গভর্নমেন্টের কাছে একটা আছে যে, এটাকে সংশোধন করা দরকার তা না হলে গভর্নমেন্টে রেভেনিউ-টা মার খাবে। স্যার, আমি এই প্রসঙ্গে বলতে চাইছি যে, সরকার মানুষের জন্য। আজকে এই বিলটির অ্যামেন্ডমেন্ট এনেছেন এবং সেই সাথে সাথে একটা উপধারাও আছে। কিন্তু আমরা জানি, যদি মহামান্য আদালতে একটা Bail prayer করতে হয় তাহলে সাঁইত্রিশ টাকা Court-Fees দিয়ে একটা petition করতে হয়। দু' টাকা-পাঁচ টাকা-পনের টাকা কুড়ি টাকা দিতে হ'ত। কিছু টাকা হয়তো মার যাচ্ছিল।

আমরা সম্প্রতি একটা সমীক্ষায় দেখেছি, ভারতবর্ষে বর্তমানে ১২.২ কোটি মানুষ কাজ হারিয়েছে ডিউ টু লক্ডাউন। তার মধ্যে ৯.২ কোটি আনঅর্গানাইজড্ লেবার। শুধু আমাদের ভারতবর্ষে প্রায় শ'খানেক যে শিল্পপতি আছে যাদের কথা মতো আমাদের প্রধানমন্ত্রী দেশটা চালাচ্ছেন - দেশটা রসাতলে। ১.৪০ কোটি ওয়ার্কারকে আমরা দারিদ্রসীমার নিচে থেকে পাঁচ মাস মতো বাঁচাতে পারতাম একমাত্র লক্ডাউনে মুকেশ আম্বানি শিল্পপতি যে আয়টা করেছেন। আমাদের মাত্র এগারোজন এই শিল্পপতি বা ধনকুবেরের আয় দশ বছর পর্যন্ত মানুষেরা একশো দিনের যে কাজকর্ম করে এবং স্বাস্থ্যমন্ত্রকের যে খরচ, সেটা জোগাতে পারত। ৩৫ শতাংশ মানুষের আজকে লক্ ডাউনে কাজ বন্ধ হয়ে গেছে। ১৫ শতাংশ মহিলাদের বেকারত্ব বেড়েছে। এই এগারোজন ধনকুবেরদের ওপর মাত্র যদি এক শতাংশ করে কর বসানো হ'ত ১৪০ গুণ স্বাস্থ্যের খরচ আমরা বানাতে পারতাম যেটার ফলে আমরা কিন্তু ট্রিটমেন্টের খরচ থেকে বঞ্চিত হচ্ছি। ভারতে একশোজন ধনকুবেরের - আমরা তথ্যে দেখেছি, আয় হচ্ছে ১২.৯৮ হাজার কোটি টাকা যা বিলিয়ে দিলে আমার ভারতবর্ষের ১৩.১৮ কোটি মানুষ সুবিধা পেত মাথাপিছু ৯৪ হাজার ৪৫ টাকা। আমি স্যার, এই আইনের যে অ্যামেন্ডমেন্ট-টা এনেছেন সেই অ্যামেন্ডেমেন্টের পদ্ধতিতে বলতে চাইছি যে, আমরা এতদিন

যে পদ্ধতিতে চলছিলাম তার মধ্য দিয়ে ডিউ টু লক ডাউন আমরা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছিলাম বলেই ই-পেমেন্ট পদ্ধতির কথা। আমি স্যার, জানতে চাইছি মাননীয় সেই ডিজিটাইজেশনের ব্যবস্থা এখনও পর্যন্ত সম্পূর্ণ করতে পেরেছি? এখানে বিলের প্রথমেই বলেছেন - The Act may be called as the West Bengal Court-Fees (Amendment) Bill, 2021 আর দুইয়ে গিয়ে বলছি It shall come into force at once.

[12:30 – 12:40 p.m.]

আমি প্রশ্ন করি কী করে এটা সম্ভব ? উনি বলছেন আমি অ্যাট ওয়ান্স শুরুটা করে দেব। কোথায় ? গ্রামে যে তথ্যমিত্র কেন্দ্রগুলো ছিল সেই তথ্যমিত্র কেন্দ্রগুলো থেকে on line-এ গ্রামের মানুষ তাদের কাজ-কর্মগুলো করতো। অর্ডার করে রাজ্য সরকার সেই তথ্যমিত্রকেন্দ্রগুলো উঠিয়ে দিয়েছে। এখানকার ২৯৪ জন বিধায়ক তাদের নিজের নিজের কনস্টিটিউয়েন্সিতে বুঝতে পারছেন নাগরিকত্ব ইস্যু নিয়ে কেন্দ্রীয় সরকারের একটা জুজুর ভয়। আধার কার্ডে সই করতে আর কোথায় যাবে এটা আজকে, সেই সুযোগগুলো থেকেও বঞ্চিত করেছে এটা। মতিব। আমার পাশে বিহার তারা করছে। ওরা পাশে বর্ডারে করছে। বেঙ্গল পুলিশ ওদেরকে ধরে ওদের কাছ থেকে পয়সা নিচ্ছে। আমি বলতে চাইছি, এই কাজটা আমাদের সরকারের, আমাদের টাকা কিছু মার খেলেও, এটার জন্য যেরকম হল, I think Government of the people, by the people, for the people. এটা আমরা প্রত্যেকে জানি।

আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাইছি, ২০০২ সালে এর আগে যখন ড্যামেজ সুট করতো, পলিটিক্যাল কারণ হোক, অন্য ভাবে হোক, কারও বাড়ী ভাঙচুর হল, অন্য কিছু হল, ড্যামেজ হল, তখন যখন আমরা সিভিল মামলা করতে যাচ্ছি, একটা-ড্যামেজ স্যুট ফাইল করতে যাচ্ছি, ১ টাকা, ২ টাকা দিয়ে কিন্তু কোর্টে আমরা এই স্যুটটা ফাইল করতে পারতাম। কিন্তু ২০০২ সালে এখানে অ্যামেন্ডমেন্ট এনে বলা হল আজকে যদি আমি ২ লক্ষ টাকার ড্যামেজ স্যুট ফাইল করতে চাই তাহলে আমাকে ম্যান্ডেটরীভাবে ২ লক্ষ টাকার ষ্ট্যাম্প দিতে হবে। সিভিল মামলাগুলোতে ১৫-২০ বছরের নিচে কোন রায় হয় না। আমি ২ লক্ষ টাকা দিয়ে কোর্ট ফি দিয়ে একটা বিচার, আমি ধরলাম আমার ২ লক্ষ টাকার বাড়ীঘর নষ্ট করে দিয়েছে কম্পেনশেসন আমাকে দেওয়া হোক। ২০ বছরে ধরে গভর্নমেন্ট ইন্টারেষ্ট পেলো আর আমি ২০ বছরে ধরে তাকিয়ে থাকলাম রায়ের জন্য। তার পর মহামান্য আদালত আমাকে রায় দিলো, তোমার পক্ষে রায় দিলাম, ডিগ্রি দিলাম মাত্র ১০ হাজার টাকা। Is there any provision ? এই যে ২ লক্ষ টাকা আমি দিয়েছি কোর্ট ফি ১ লক্ষ ৯০ হাজার টাকা আমাকে ফেরত দেবে ? আপনি এখানে সেকশন ১৮, ১৯, ২০-তে বলেছেন, যদি লোয়ার কোর্টে রিজেক্ট করে তাহলে হায়ার কোর্টে গেলে হায়ার কোর্ট থেকে সার্টিফিকেট দেবে, ডি.এমের মাধ্যমে সম্পূর্ণ টাকাটা আমি ফেরত পাবো। তাহলে মানুষের স্বার্থ যেখানে যুক্ত

আছে সেখানে কেন আমি এই ড্যামেজ স্যুট, মামলাটার কেন আমি অ্যামেন্ডমেন্টে আনলাম না ? বলবেন যে ওটা একটা আলাদা জিনিস, এটা একটা আলাদা জিনিস। আমি আগেই বলেছি এই অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করার জায়গা নেই। কিন্তু এই অ্যামেন্ডমেন্ট-টা যখন আনলেন তখন ঐ আইনটা আনতে কোথায় বাধা ছিল ? এটা তো বলতে গেলে কোর্টের নির্দেশ বা কোর্টের ধাক্কা, অ্যাডভোকেট জেনারেলকে বলেছে যে না হলে আমরা তোমাদেরকে এই টাকা দিতে পারবো না, তোমরা এটা আনো। খুব ভালো কথা স্যার। কিন্তু আমার কথা হচ্ছে, অ্যাপিলের প্রভিশানে গিয়ে আমরা দেখছি, সেকশন ১৮তে কী বলছে ? অ্যাপিলেট কোর্ট স্যাল গ্র্যান্ট টু দ্য এ্যাপিলেন্ট এ সার্টিফিকেট এবং ফ্রম দ্য কালেক্টর ফুল অ্যামাউন্ট অফ দ্য ফি উইল বি পেড। সেকশন ১৯ বলছে, যদি রিভিউ অফ জাজমেন্ট হয় এবং রিভিউ অফ জাজমেন্টে গিয়ে যদি দেখা যায় সেটা নাইন্টি ডেজের মধ্যে দিয়ে বিক্রি হল বা না হল তাহলে সেখানেও ফি ফেরতের কথা হচ্ছে। ২০তে বলছে রিভিউ অফ জাজমেন্ট এটাকে যদি রিভার্স করে বা মডিফাই করে তাহলে সেখানেও পাওয়ার কথা বলছে। খুব ভালো কথা। কিন্তু আমি এখানে বলতে চাইছি, আমাদের এই বেলায় কেন এটা নেওয়া হল না ? এটা আমি জানতে চাইছি।

এখানে আরেকটা জিনিসের প্রতি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। সেকশন ৪৫। আপনি কী বলেছেন সাব-সেকশনে ? Any person appointed to sell stamps who disobey your rule অর্থাৎ কাউকে যখন ষ্ট্যাম্প বিক্রেতা হিসাবে গভর্নমেন্ট লাইসেন্স দিচ্ছে তারা যদি কেউ, ঐ যে বলে না 'গোডাউন-জাত' করছে, সেই রকম ষ্ট্যাম্প লুকিয়ে রাখে, দেয় না, কালোবাজারি করে, সবারই জানা, অজানা নয়, আমরাও বলি পাঁচ বছর আগের ষ্ট্যাম্প খুঁজে দাও, খুঁজে খুঁজে পাওয়া যায়, বেশি টাকা নিয়ে দেয়। আপনি এখানে বলেছেন কেউ যদি এটা ডিজওবে করে তাহলে ইমপ্রিজমেন্ট ৬ মাস পর্যন্ত। আর, বলেছেন মাত্র ৫০০ টাকা।

স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলতে চাই একজন দুঃস্থ পেশেন্ট কলকাতা শহরে যদি বেরোয়, ধরে নেন পেশেন্ট নিজে আছে তার অবস্থা সিরিয়াস, সেখানে চারজন কোনভাবে উঠে গেছে। আজকে ট্যাক্সিচালক বলছে আগে তিন হাজার টাকা আমাকে জমা দিন তাহলেই পাঁচজন হেড কোনভাবে উঠতে পারে। একটা আধমরা মানুষকে হাসপাতালে নিয়ে যেতে হচ্ছে কোন কারণে তার হয়তো পরিবারের লোক কেউ চেনে না, জানে না ওকে উঠতে হচ্ছে। তিন হাজার টাকা না দিলে ও উঠতে দেবে না। আমি সাজেস্ট করতে চাই, মাননীয় মন্ত্রীকে বলতে চাই সেকেন্ড টাইম অফেণ্ডারের জন্য এখানে কোন প্রভিশানের উল্লেখ রাখেননি, একই মানুষ যদি বার বার রিপিট করে পাঁচশো টাকা আর ৬ মাস এ নাথিং মোর। আমি এখানে অনুরোধ করবো এই সাজা হওয়া উচিত তিন বছর এবং এই ফাইনটা হওয়া উচিত অন্তত তিন হাজার টাকা কারণ আমি ট্যাক্সিতে পা দিয়ে যদি ভুল করি তার জন্য আমাকে তিন হাজার টাকা গুনতে হবে ট্যাক্সিওয়ালাকে ফাইন আর বলছে আগে জমা দাও, ভেবে দেখুন। পাশাপাশি আমি দাবি করবো ভেন্ডারের যে লাইসেন্স সেই লাইসেন্সটাকে

অতি অবশ্যই ক্যানসেল করতে হবে তবেই একমাত্র দেখবেন কালো বাজারি স্ট্যাম্পে যেটা আছে সেটাকে আপনি বন্ধ করতে পারবেন। পাশাপাশি আমি বলতে চাই মাননীয় মন্ত্রীকে গভমেন্টকে আগে একটা সারভার মেশিন বসাতে হবে কারণ আপনি দেখছেন ব্যাঙ্কের টাকা হ্যাক হয়ে যাচ্ছে, এটিএমের টাকা হ্যাক হয়ে যাচ্ছে। আজকে গভর্নমেন্ট যে টাকাটা অনলাইনে নিতে চাইছে এতে আমাদের কোন আপত্তি নেই। গভর্নমেন্ট টাকা নিক, ইন অ্যাডিশান বলবো আজকে না হলেও আপনি এর মধ্যে damage suit এর ব্যাপারটা ভেবে দেখুন কারণ সমস্ত স্তরের মানুষের এখানে স্বার্থ জড়িত আছে। পলিটিক্যাল ক্লাস অন্যভাবে আজকে মানুষ ক্ষতিগ্রস্ত হয়ে সেই damage suit করতে পারছে না। এটার কথা যেমন বলবো সেই সাথে সাথে আমি বলতে চাই আমাদের স্বচ্ছতার জন্য, transparency র জন্য, সেফটির জন্য আগে সার্ভার গভর্নমেন্টের বসানো উচিত তার পরে এটার ইম্প্লিমেন্টেশান করা দরকার। আদার ওয়াইজ আমি মনে করি আপনি Amendment এনেছেন সংখ্যাধিক্যে এটা হবে এবং আমি খুব পরিষ্কারভাবে বলবো একজন আইনের ছাত্র হিসাবে পরিষ্কার জানি Justice delayed means Justice denied। আজকে একদিকে মানুষ যখন অর্থাভাবে কাজ হারিয়ে মরছে সেই সময়ে সরকার এই যে জিনিস করছেন এটা ভাল দিক কিন্তু পাশাপাশি আমি দাবি করছি এই বলে এই বিলকে আমি সমর্থন জানাচ্ছি। সেই সাথে আমি মাননীয় মন্ত্রীর কাছে দাবি রাখছি এইগুলো যদি তিনি বিবেচনা করেন তাহলে রাজ্যবাসী উপকৃত হবে। ধন্যবাদ।

শ্রী সুজিত চক্রবর্তী : ধন্যবাদ স্পীকার সাহেব। মাননীয় আইনমন্ত্রী যে Amendment বিল এনেছেন The West Bengal Court-Fees(Amendment) Bill, 2021, এখন আপাত দৃষ্টিতে এই বিষয়টা খুবই স্বচ্ছ এবং দ্রুত কাজ করার জন্য ভাল এবং হবেও কাজ। কিন্তু ঘটনা হচ্ছে রাজ্যের Court গুলির যা অবস্থা ধরুন কলকাতার উপরে যে Courtগুলি আছে সেই জায়গায় অন লাইনের বিষয়টা হয়তো খুব ভালভাবে করা যেতে পারে কারণ আমরা প্রায় সময় দেখি যে ব্যাঙ্কে গিয়ে, ব্যাঙ্কের লাইনে দাঁড়িয়ে অনলাইনে লিঙ্ক ফেল হয়ে যাওয়ার কারণে শয়ে শয়ে মানুষ প্রায় দিনই, সপ্তাহে অন্তত দু-তিন করে ব্যাঙ্কের কাজ না করে ফিরে যাচ্ছে। সে ক্ষেত্রে এই বিল, আনার আগে সারা রাজ্যে যে সমস্ত Court আছে সেখানে এই সমস্ত অনলাইনের যে ইনফ্রাস্ট্রাকচার, সেই ইনফ্রাস্ট্রাকচারটা আমার মনে হয় আগে গঠন করা দরকার। কলকাতার ক্ষেত্রে সুবিধা হবে। এমনও জায়গা আছে যেখানে কোন নেটওয়ার্ক নেই, আমরা প্রায়শই ভুগি নেটওয়ার্কের কারণে। কলকাতায় হল কিন্তু বাঁকুড়া বা খাতড়ার ক্ষেত্রে কিভাবে সম্ভব এই বিলটাকে ইম্প্লিমেন্ট করে দেওয়া সেটা আমি বুঝে উঠতে পারছি না। সেই জন্য আমি মাননীয় মন্ত্রীকে বলবো যে Courtগুলোতে যাতে লিঙ্কের বিষয়টা জোরালোভাবে হয় তার পরে এই বিলটা অ্যামেন্টমেন্ট করলে মনে হয় ভাল হয়। তা ছাড়া এই যে Court ফিজ সেটা তো শুধু Court লাগে না, এই Court ফিজ লাগে বি.এল.আর.ও. অফিসে, বিডিও অফিসে, ডিএমের অফিসে -এই সব জায়গায় লাগে।

[12:40 – 12:50 p.m.]

সেই ক্ষেত্রে এই Court-Fees জমা দেওয়া বা Court Fees ফেরত নেওয়ার ক্ষেত্রে এখন এই যে লিঙ্ক দেওয়া হবে, কি ভাবে দেওয়া হবে এবং কোথা থেকে পাওয়া যাবে এই Court-Fees টা কি সবাই নতুন অ্যাপস্ এনে ডাউনলোড করে তারপর Court-Fees জমা দেওয়ার ব্যাপারটা থাকবে। এ ছাড়া আমরা দেখেছি লোক আদালতের ক্ষেত্রে একটা Court-Fees জমা দিলাম। জমা দেওয়ার পরে যদি লোক আদালতে ঐ কেসটা ডিসপোজ হয়ে যায় তখন টাকাটা ফেরত দেওয়া হয়। ঐ টাকাটা কোথায় কিভাবে, দ্রুত কিভাবে ফেরত পাওয়া যাবে সেটার কি ব্যবস্থা হবে সেটার দিকে একটু নজর দেওয়া উচিত বলে আমার মনে হচ্ছে। তা ছাড়া সবচেয়ে বড় ব্যাপার, আমরা কোর্টে গিয়ে দেখেছি শয়ে শয়ে ভেন্ডার তারা কোর্ট স্ট্যাম্পগুলো বিক্রি করে। এই যে করোনা, আমফান পিরিয়ডে প্রচুর মানুষ কাজ হারিয়েছে। ভেন্ডার যারা তারা কোর্ট স্ট্যাম্পগুলো বিক্রি করে তাদের রুজিরুটি করে। এই রকম একটা সিচুয়েশানে যেখানে রাজ্য সরকার নতুন করে কর্মসংস্থান দেওয়ার ক্ষেত্রে একেবারেই ফেল হয়ে গেছে কারণ আমরা বিগত দিনগুলোতে দেখেছি, খাতায় কলমে হয়তো হিসাব দেওয়া আছে বছরে দু লক্ষ বেকারের চাকরি দেওয়া হচ্ছে। তার মানে দশ বছরে ২০ লক্ষ কিন্তু আমরা যদি বাস্তবে দেখি দেখবো না, চাকরি ক্ষেত্রে খুবই অসুবিধার জায়গায় এই সরকার আছে এবং ড্যাম ফেল এই সরকার। সেই কারণে আমি বলবো লক্ষ লক্ষ ভেন্ডার সারা পশ্চিম বাংলায় তারা তো বেকার হয়ে যাবে। তাহলে তাদের কর্মসংস্থানের বিষয়ে কি ভেবেছেন মাননীয় মন্ত্রী যদি বলতেন খুব ভাল হয়। বলে তারপরে যদি এই অ্যামেন্ডমেন্ট বিলটা আনেন তাহলে আমার মনে হচ্ছে কর্মসংস্থানচ্যুত ঐ ভেন্ডাররা হবেন না। আর একটা বিষয় হল, এই যে অ্যামেন্ডমেন্ট বিলটা আনা হয়েছে সেখানে দেখলাম কোন জায়গায় কেস চলছে। কেস চলতে চলতে হয়তো অ্যামেন্ড করার পর ফিটা অন লাইনে জমা দেওয়ার কথা বলা হয়েছে। কেস চলতে চলতে একটা অ্যামাউন্ট বলা হল যে এই টাকাটা জমা দিতে হবে। এখন সেই সময় ধরুন সেখানে লিঙ্ক ফেল হয়ে গেল। তার একটা বিকল্প ব্যবস্থা তো রাখা উচিত। লিঙ্ক ফেল হয়ে গেলে তাহলে কি কেসটা পেন্ডিং হয়ে যাবে। এমনিতে তো আমাদের প্রচুর কেস পেন্ডিং হয়ে পড়ে আছে। তার পর যদি ঐ রকম হয় বিষয়টা তখন তার বিকল্প কি রাস্তা থাকবে এই যে Court-Fees জমা দেওয়ার একটা বিকল্প ব্যবস্থা করা উচিত। গোটাটা এই ইলেকট্রনিক মিডিয়ার উপর ছেড়ে দিলে মনে হয় - অন লাইনে Court-Fees জমা দেওয়ার বিষয়টা যতটা ভাল তার থেকে বেশি খারাপের দিক উঠে আসবে। সেই কারণে আমি এই অ্যামেন্ডমেন্ট বিলের বিরোধিতা করছি না কিন্তু বাস্তবায়নের ক্ষেত্রে যে যে বিষয়গুলো আমি বললাম, এই বিষয়গুলো মাননীয় মন্ত্রী একটু বিবেচনা করে দেখবেন এবং আপনি আপনার বলার সময় বলে তার পরে অ্যামেন্ডমেন্ট করলে আমার মনে হয় এই বিলটা অনেক ভাল জায়গায় পৌঁছাতে পারতো, ধন্যবাদ।

শ্রী জটু লাহিড়ী : মাননীয় স্পীকার স্যার, সম্মানীয় মন্ত্রী মলয় ঘটক মহাশয় পশ্চিমবঙ্গ কোর্ট ফিজ সংশোধনী বিল ২০২১-কে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। তার কারন ১৯৭০ সালের Court Fees -কে সংশোধন করার জন্য এই বিলের প্রণয়ন। এই বিল ভারতবর্ষের সাধারণতন্ত্রের ৭১তম বর্ষে গৃহীত পশ্চিমবঙ্গ বিধানসভায় কার্যকরী করা হল। পশ্চিমবঙ্গ Court-Fees ১৯৭০ আইনকে মুখ্য আইন হিসাবে স্বীকৃতি দেওয়া হচ্ছে ১৮ নং ধারা অনুযায়ী from the collector এই শব্দগুলির পরিবর্তে from the collector অথবা through electronically in the manner as may be prescribed by Rules এই শব্দগুলি ব্যবহৃত হবে।

মুখ্য আইনের ৩৯ নম্বর ধারা অনুযায়ী collection of fees by stamp এর মাধ্যমে এই কথার পরিবর্তে Collection of fees by stamps এর মাধ্যমে অথবা electronically এই কথাগুলি উল্লিখিত হবে। মুখ্য আইনের ৪১ নম্বর ধারা অনুসারে Accounts of stamps করার পরিবর্তে Accounts of stamps and manner of collection, payment and refund of fees electronically কথাগুলি ব্যবহৃত হবে। মুখ্য আইনের ৪২ নম্বর ধারা মতে স্ট্যাম্পের ডকুমেন্টস্ এর পরিবর্তে স্ট্যাম্পিং ডকুমেন্টস্ or collection of fees ইলেকট্রনিক্যালি কথাগুলি লেখা হবে। মূল কথা হল পশ্চিমবঙ্গ সরকারের ১৯৭০ সালের নির্দিষ্ট করা কোর্ট ফিজ আইনকে সংশোধন করার কারণ ও উদ্দেশ্য হল পূর্বতন আইনকে বর্তমানে দ্রুত করা এবং সেই সঙ্গে ই পেমেন্ট অর্থাৎ অনলাইন পেমেন্ট করা। ৪৪ নম্বর ধারাতে নতুন ব্যবস্থা অর্থাৎ কোন ফিজ electronical ব্যবস্থার মাধ্যমে দেওয়া যায় তা প্রণয়ন করা। স্যার, একটা কথা আমাদের সবাইকে বলে রাখা উচিত যে আজকে অনলাইন বা ই-পেমেন্ট এর মাধ্যমে যদি পেমেন্টের ব্যবস্থা হয়, নিশ্চিত ভাবে যে দুর্নীতি চলছে এই স্ট্যাম্প ফিজ বিক্রি বা অন্যান্য আনুষঙ্গিক ঘটনার মাধ্যমে, দেখা যায় কোর্ট মানেই সেখানে একটা বিশাল আখড়াখানা। এই অনলাইন পেমেন্ট ব্যবস্থা চালু হলে সরকার আর্থিক দিক দিয়ে লাভবান হবে। কেননা বহু অর্থ সরকারকে ফাঁকি দেওয়া হচ্ছে। এই জায়গায় এই যে অনলাইন সিস্টেম, এই সিস্টেমে পেমেন্ট হলে আমার ধারণা সরকারের যেমন আর্থিক দিক দিয়ে উন্নতি হবে, সেই সঙ্গে সঙ্গে প্রায় রাজ্যের অধিকাংশ কোর্টে বিচার ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেই জায়গায় নতুন নতুন ভবন বা আর্থিক দিক দিয়ে যদি সরকার লাভবান হয় অন লাইনের মাধ্যমে, তাহলে দেখা যাবে সরকার কোর্টের মাধ্যমে অনেক আর্থিক উন্নয়ন করতে পারবে এবং কোর্টেরও উন্নয়ন হবে, এই বিশ্বাস আমার আছে। এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মলয় ঘটক : মাননীয় স্পীকার স্যার, আজকে এই court fees amendment bill এখানে introduce করা হয়েছে। এই প্রসঙ্গে মাননীয় বিধায়ক শ্রী মুস্তাক আলম, সুজিত চক্রবর্তী এবং মাননীয় জটু লাহিড়ী, সম্মানীয় সদস্যরা বলেছেন। তাদের বক্তব্য আমি শুনেছি। হয়তো কিছুটা misconception তাঁদের আছে। কারণ আমি দেখলাম মুস্তাক সাহেব এবং সুজিতবাবু দু'জনেই বলছিলেন যে এখানে লেখা আছে it shall come into force immediately. কিন্তু স্যার ওনারা হয়তো খেয়াল করেন নি যে, যে অ্যামেন্ডমেন্ট আমরা

এনেছি, সেখানে বলা আছে collection on fees by stamp, এখানে লেখা আছে collection on fees by stamp or electronically operis ca সিস্টেমটা ছিল, সেই সিস্টেমটা পুরোপুরি তুলে দেওয়া হচ্ছে না। যেভাবে স্ট্যাম্প vendor রা স্ট্যাম্প বিক্রি করতেন, যেভাবে স্ট্যাম্প আমাদের কোর্টে দিতে হয়, যদি electronically কেউ দেন, তাহলে তিনি electronically দিতে পারবেন। যদি electronically দেওয়ার কোন অসুবিধা থাকে, তাহলে তিনি সেই স্ট্যাম্প কিনতেও পারবেন এবং সেই স্ট্যাম্প দিতেও পারবেন।

[12:50 – 1:02 p.m.]

মূলত স্যার এই করোনা ভাইরাসের সময় এমনকি যে ৬৫ দিন লকডাউন ছিল কিন্তু কোর্ট খোলা ছিল। হাইকোর্টও খোলা ছিল, লোয়ার কোর্টও খোলা ছিল এবং স্যার, সেই কোর্ট যখন চলছিল তখন মূলত যে সমস্যা গুলি দেখা দিচ্ছিল সেটা হল court fees অর্থাৎ court fees এর জন্য স্যার, আইনজীবিদের এবং যারা ল-ইয়ার ক্লার্ক তাদেরকে কোর্টে আসতে হয়েছিল। সেখানে স্ট্যাম্প পেপার কিনতে হচ্ছিল। সেই স্ট্যাম্প গুলি লাগিয়ে ফাইলিং করতে হচ্ছিল। স্যার, যে কারণে আইনজীবিদের কোর্টে আসা যাওয়াটা বন্ধ যায় নি। তখন থেকেই স্যার, আমরা ভাবছিলাম যদি অনলাইন পেমেন্ট সিস্টেম চালু করা যায় তাহলে এই ধরনের যদি সমস্যার সম্মুখীন কখনও হতে হয় তাহলে আগামী দিনে কোন অসুবিধা হবে না। স্বাভাবিক ভাবেই স্যার, আজকে যে বিল The West Bengal Court Fees (Amendment Bill), 2021 আমরা স্যার আজ বিধানসভায় পেশ করেছি এবং খুব পরিস্কার প্রত্যেকটা ধারা। যে কটা ধারার আমরা অ্যামেন্ডমেন্ট চেয়েছি যেমন Amendment of section 19 এখানে ছিল "from the Collector " এটা পরিবর্তন করে স্যার, আমরা চাইছি "from the Collector or through electronically in the manner as may be prescribed by rules'. এর পর Amendment of section 18 for the words "from the Collector" অর্থাৎ court fees যেটা বিক্রি হয় যারা ভেন্ডর তাদের কালেক্টারের কাছ থেকে এই court feesগুলি কালেক্ট করতে হয়। সেটা ইলেকট্রনিক্যালি হলে খালি কালেক্টর নয়, তারজন্য আমরা অ্যামেন্ডমেন্ট করে বলেছি " from the Collector or through electronically in the manner as may be prescribed by rules." আমরা স্যার রুলে সেটা ঠিক করে দেব কিভাবে ইলেকট্রনিক্যালি স্ট্যাম্প বিক্রি হবে এবং সেটা কি ভাবে তারা পাবেন, ভেন্ডাররা পাবেন অথবা আইনজীবিরা সরাসরি পাবেন সেটা আমরা ঠিক করে নেব। Amendment of section 19 যেটা আমরা চেয়েছিলাম "from the Collector " সেখানেও স্যার আমরা অ্যামেন্ড করে বলে দিয়েছি "from the Collector or through electronically in the manner as may be prescribed by rules ". এর পর স্যার, Amendment of section 39 ছিল "Collection of fees by stamps" সেটা "Collection of fees by stamps or electronically" বলে দিয়েছি। Amendment of section 41" accounts of stamps" (সেটা accounts of stamps, and manner of collection, payment and refund of electronically" প্রত্যেকটা ক্ষেত্রেই

আগে ছিল ফিজিক্যালি্য এখন ফিজিক্যালি্যর সঙ্গে সঙ্গে আমরা ইলেকট্রনিক্যালি্য যুক্ত করেছি। Amendment of section 42 আগে ছিল "Stamping documents" এখানেও স্যার, আমরা সাবস্টিটিউট করে Stamping documents or collection of fees electronically " এই রকমভাবে স্যার আরও যে সেকশানগুলি করেছি Amendment of section 42 (2) in sub - section (1) আগে ছিল "ought to bear a stamp" করা হল "ought to bear a stamp or collect fees electronically" আবার Amendment of section 42 (3) in sub - section (2) আগে ছিল "without being properly stamped" করা হল "without being properly stamped or without collection of fees electronically". Amendment of section 42 (3) in sub - section (2) তার B তে স্যার "document be stamped" সেটা "document be stamped or attached with a copy of proof of payment of fees electronically" ঠিক সেই ভাবেই স্যার Amendment of section 43তে "to impose a fresh stamp" সেটা "to impose a fresh stamp or to levy fees electronically" হল Amendment of section 44 "requiring a stamp" সেটা "requiring a stamp or collection of fees through electronically" হল।

৪৪ (২) তে যেটা বলা আছে 'Provided that where court-fee is paid electronically, the officer competent to cancel stamp, shall verify the genuiness of the payment and after satisfying himself as to the due payment of court-fee, make necessary entries electronically by endorsing his signature in the manner as may be prescribed.' তেমনি স্যার সেকশান ৪৫ এ - সেল অফ স্ট্যাম্প, এটা চেঞ্জ করে হচ্ছে 'sale of stamps or court-fees electronically' এবং ৪৫ (২) এ সাবসেকশান ওয়ান এ stamps to be used under this Act. The words 'stamps to be used under this Act and sale of court-fees electronically' এবং আমাদের যে অবজেক্ট এ্যান্ড রিজনস্ সেটাও স্যার আমরা এই আইনে খুব পরিষ্কারভাবে উল্লেখ করে দিয়েছি স্যার। সেখানে স্যার লেখা আছে 'Presently, all the fees referred to in the West Bengal Court-fees Act, 1970 (West Ben. Act X of 1970), are collected by way of impressed and adhesive Stamps. For the purpose of implementation of Mission of the 'Ease of Doing Business, steps are required to be taken for payment of Court Fees including Process Fees by e-payment mode.' স্যার, আমাদের যে ইজ অফ উইং বিজনেস আছে, সেই ইজ অফ ডুইং বিজনেসের ক্ষেত্রেও ইলেকট্রনিক্যালি কালেকশানের ব্যাপারে বলা আছে। সুতরাং স্যার একদিকে যেমন ইজ অফ ডুইং বিজনেস আছে, তেমনি অন্য দিকে এই করোনার সময়ে যে অসুবিধা আমরা ফেস করেছিলাম, সেই কথাও স্যার আমি উল্লেখ করেছি এবং আমার মনে হয় এই বিলকে সবাই সমর্থন করেছেন কারণ মুস্তাক আলম সাহেব - উনি বিলের কিছু কিছু কথা বললেও তিনি বিলটাকে সমর্থন করেছেন। সুজিত

চক্রবর্তী সাহেবও এই বিলকে সমর্থন করেছেন। উনি কিছু কিছু ক্ষেত্রে বলেছেন, বি.এল. আর.ও., বি.ডি.ও. অফিসে এই ধরনের কোর্ট ফিজ লাগে। সেটাও স্যার আমি বললাম যে এখনই যে পুরোপুরি ইলেকট্রনিক্যালি চালু হয়ে যাচ্ছে তা নয়। প্যারালালি সিস্টেম ছিল, সেই সিস্টেমে থেকে যাচ্ছে। সুতরাং যেখানে যেখানে ইলেকট্রনিক্যালি এই স্ট্যাম্প চালু করা সম্ভব সেগুলি এখনই চালু হয়ে যাবে এবং পরবর্তীকালে যেখানে যেখানে সম্ভব নয়, সেখানে যাতে আস্তে আস্তে ইলেকট্রনিক্যালিকরা যায় সেই চেষ্টা আমরা করব। কিন্তু দুটো ওল্ড সিস্টেম এবং ইলেকট্রনিক সিস্টেম - এই দুটো সিস্টেমই স্যার থাকছে। উনি লিঙ্ক ফেল এর কথাও বলেছেন। কিন্তু লিঙ্ক ফেল হলে আপনি ফিজিক্যাল্যি স্ট্যাম্প কিনে adhesive স্ট্যাম্প কিনে সেখানে লাগাতে পারবেন, সেটার কোন অসুবিধা হবে না।

সবচেয়ে বড় বিষয় আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বিশেষ করে এই সরকার - মা মাটি মানুষের সরকার প্রতিষ্ঠিত হবার পরে তিনি স্যার চেষ্টা করেছেন রাজ্যের আইন ব্যবস্থাকে একদম এ্যাট দি ডোর স্টেপ, দরজায় পৌঁছে দেবার জন্য। ইতিমধ্যেই তিনি ৪টি জেলা আমাদের রাজ্যে নতুন তৈরী করেছেন। এই ৪টি জেলার মধ্যে ৩টি জেলায় ইতিমধ্যেই আমাদের ডিস্ট্রিক্ট কোর্ট বিল্ডিংও হয়ে গিয়েছে এবং সেটা চালুও হয়ে গিয়েছে। সেই সমস্ত বিল্ডিংয়ের কথা সুজিত চক্রবর্তী সাহেব বলছিলেন যে, সেই সমস্ত বিল্ডিংগুলোতে একেবারে লেটেস্ট কোর্ট বিল্ডিং তৈরী হয়েছে সেটা আপনারা জানেন। ইতিমধ্যেই বারাসাতে যে কোর্ট বিল্ডিং তৈরী হয়েছে সেটা সেন্ট্রাল্যী এয়ার কন্ডিশান্ড। দুর্গাপুরে যে কোর্ট বিল্ডিং তৈরী হচ্ছে সেটাও সেন্ট্রাল্যী এয়ার কন্ডিশান্ড। তার আগে আমাদের রাজ্যে যে ক'টা কোর্ট চালু হয়েছে - আমাদের রাজারহাটে ইতিমধ্যেই হাইকোর্টের জন্য ১০ একর জমি রাজ্য সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী দিয়েছেন। আমাদের জলপাইগুড়িতে ইতিমধ্যেই সার্কিট বেঞ্চ চালু হয়েছে। সেখানেও রাজ্য সরকার ৪০ একর জমি দিয়েছেন এবং দুটো জায়গাতে যাতে কোর্ট বিল্ডিং তৈরী হয়, তার জন্য আমাদের দপ্তর থেকে প্রতিনিয়ত আমরা সেই ব্যাপারে মিটিং করছি যাতে যত শীঘ্র সম্ভব সেগুলো চালু করা যায়। তার পরে যেগুলো কমার্শিয়াল কোর্ট হয়েছে - ইতিমধ্যেই ৪টি কমার্শিয়াল কোর্ট তৈরী হয়েছে - শিলিগুড়ি, আসানসোল, আলিপুর এবং আমাদের কলকাতার রাজারহাটে। এই যে কমার্শিয়াল কোর্ট - সেই কমার্শিয়াল কোর্টগুলো ইন্টারন্যাশান্যালি যে ধরণের কোর্ট হয়, ঠিক সেই ধরনের এই কমার্শিয়াল কোর্টগুলো তৈরী হয়েছে। আমি মাননীয় সদস্যদের বলব যে, যদি সুযোগ পান আপানারা রাজারহাটে কমার্শিয়াল কোর্ট ঘুরে আসবেন।

স্যার, সব থেকে বড় কথা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী স্যার, বিশেষ করে এই সরকার মা মাটি মানুষের সরকার প্রতিষ্ঠা হওয়ার পরে তিনি চেষ্টা করেছেন রাজ্যের আইন ব্যবস্থাগুলোকে একদম ডোর স্টেপে পৌঁছে দেওয়ার জন্য। ইতিমধ্যেই চারটি জেলা তিনি তৈরী করেছেন এবং সেই চারটে জেলার মধ্যে তিনটে জেলায় ইতিমধ্যেই ডিস্ট্রিকট কোর্ট বিল্ডিং ও হয়ে গেছে এবং সেগুলো চালুও হয়ে গেছে। সেই সমস্ত বিল্ডিং এর কথা সুজিত চক্রবর্তী মহাশয় বলছিলেন। সেই সমস্ত বিল্ডিংগুলো লেটেস্ট কোর্ট বিল্ডিং তৈরি হয়েছে।

আমি মাননীয় সদস্যদের বলব যে যদি সুযোগ পান রাজারহাটের কমারশিয়াল কোর্ট ঘুরে আসবেন। ভারতবর্ষে যে এই ধরণের কোর্ট তৈরি হতে পারে সেটা স্যার পশ্চিমবঙ্গেই তৈরি হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আমরা সেই ধরণের কোর্ট তৈরি করেছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: Now the question before the House is the motion of Shri Moloy Ghatak that the West Bengal Court-Fees (Amendment) Bill, 2021, be taken into consideration.

As many as are of the same opinion please say Yes. As many as are of contrary opinion please say No.

Ayes have it, ayes have it.

Clauses 2 - 10

Mr. Speaker: There is no amendment to clause Nos.2 to 10. So, I put the clauses to vote.

As many as are of the same opinion please say Yes.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it, ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker: There is no amendment to clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill to vote.

As many as are of the same opinion please say Yes.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it, ayes have it.

Shri Moloy Ghatak : Sir, I beg to move that the West Bengal Court-Fees (Amendment) Bill, 2021, as settled in the Assembly, be passed.

Mr. Speaker: Now the question before the House is the motion of Shri Moloy Ghatak that the West Bengal Court-Fees (Amendment) Bill, 2021, as settled in the Assembly, be passed.

As many as are of the same opinion please say Yes.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it, ayes have it.

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ এখন আমাদের রিসেস। আজকে লালা লাজপত রায়ের জন্মদিন। আমরা যাব, আমাদের লবিতে মাল্যদান করব।

(At this stage the House was adjourned till 1/30 pm)

After Recess

[1:30 – 1:40 p.m.]

Government Resolution under Rule 169

Dr. Partha Chatterjee: Now, I beg to move that-নিয়মাবলীর ১৬৯ নিয়ম অনুযায়ী কৃষি বিল বাতিলের বিষয়ে সরকারী সংকল্প।

যেহেতু, অত্যাবশ্যক পণ্য (সংশোধনী) অধ্যাদেশ, ২০২০; কৃষক (ক্ষমতায়ন ও রক্ষা) মূল্য নিশ্চিতকরণ ও কৃষি পরিষেবা চুক্তি অধ্যাদেশ, ২০২০ এবং কৃষিপণ্য ব্যাবসা ও বাণিজ্য (প্রসার ও উৎসাহদান) অধ্যাদেশ, ২০২০ এমন এক সময়ে ঘোষিত হয়েছিল যখন কৃষিক্ষেত্রসহ দেশের সব ক্ষেত্রই কোভিড-১৯ অতিমারীজনিত কারণে এক ভয়ঙ্কর সঙ্কট এবং সমস্যার সম্মুখীন;

যেহেতু, উক্ত তিনটি অধ্যাদেশের পরিবর্তে অত্যাবশ্যক পণ্য (সংশোধনী) বিধেয়ক, ২০২০; কৃষক (ক্ষমতায়ন ও রক্ষা মূল্য নিশ্চিতকরণ ও কৃষি পরিষেবা চুক্তি বিধেয়ক ২০২০ এবং কৃষিপণ্য ব্যাবসা ও বাণিজ্য (প্রসার ও উৎসাহদান) বিধেয়ক, ২০২০ অত্যন্ত তৎপরতার সাথে সংসদের উভয় সভায় গৃহীত হয়েছে এবং সেগুলি রাষ্ট্রপতির সম্মতিলাভ করেছে;

যেহেতু উক্ত তিনটি আইনের সম্মিলিত উদ্দেশ্যগুলি হল-বিভিন্ন রাজ্য কৃষি-পণ্য বাজার-জাতকরণ কমিটি আইনের নিয়ন্ত্রণাধীন বাজারগুলির বাইরেও কৃষিপণ্যের মূল্য নির্ধারণসহ পূর্বনির্ধারিত চুক্তিতে কৃষকদের অংশগ্রহণের পরিকাঠামো গঠন, অত্যাবশ্যক পণ্যতালিকা থেকে শস্য ডাল আলু ভোজ্য তৈলবীজ ও পেঁয়াজের মতো কৃষিপণ্যকে বাদ দেওয়া এবং যুদ্ধ, দুর্ভিক্ষ ও অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ইত্যাদি বিশেষ পরিস্থিতি ব্যতিরেকে উক্ত পণ্যগুলির গুদামজাতকরণের সীমা রদ করা;

যেহেতু বিধিবদ্ধ বিধানে উক্ত পরিবর্তনগুলি কৃষিপণ্য বাজারজাতকরণ কমিটির নিয়ন্ত্রণাধীন বাজারগুলি ছাড়া যে কোনো জায়গায় কৃষিপণ্য বিক্রয়ের ক্ষেত্রে বিশেষত মূল্য নির্ধারণ ও প্রদানের ক্ষেত্রে যা মূলত রাজ্য কৃষিপণ্য বাজারজাতকরণ কমিটি আইনের আওতায় গঠিত উক্ত কমিটির দ্বারা নিয়ন্ত্রণ করার সুযোগসুবিধা আছে, সেইক্ষেত্রে এক চরম উদ্বেগের সৃষ্টি করেছে;

যেহেতু এই তিনটি আইন মূলত বাণিজ্যিক সংস্থাগুলির অনুকূলে কৃষক স্বার্থ বিরোধী এবং কৃষকদের স্বার্থ সুরক্ষা সুনিশ্চিতকরণের ক্ষেত্রে অসমর্থ; এই আইনগুলির ফলে এমন একটি পরিস্থিতি সৃষ্টি হবে যেখানে সরকার কৃষিপণ্য ক্রয় বন্ধ রাখতে বাধ্য হবে, খাদ্য বণ্টন ব্যবস্থা ভেঙে পড়বে, খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হবে এবং বেআইনীভাবে কৃষিপণ্যের গুদামজাতকরণ ও কালোবাজারি বৃদ্ধি পাবে;

যেহেতু, এই আইনগুলিতে ন্যূনতম সহায়ক মূল্যে কৃষিপণ্য বিক্রয় সুনিশ্চিতকরণের ক্ষেত্রে বিধিবদ্ধ বিধান নেই যা কৃষকদের উদ্বেগের একটি প্রধান কারণ; এই ধরনের সংস্কারের ফলে বাণিজ্যিক সংস্থাগুলি কৃষকদের স্বার্থ বিরোধী কাজে উৎসাহিত হবে, দর কষাকষির মাধ্যমে কৃষিপণ্যের আকর্ষণীয় দামে বিক্রয় করার ক্ষেত্রে কৃষকরা বঞ্চিত হবে এবং কৃষিপণ্য ক্রয়ের ক্ষেত্রে সরকারি ব্যবস্থা দুর্বল হয়ে পড়বে; এবং

যেহেতু, জনস্বার্থবিরোধী এই আইনগুলি প্রণয়ন করার বিরুদ্ধে সমগ্র দেশে তীব্র আন্দোলন শুরু হয়েছে এবং সাধারণ মানুষের উপর তার প্রভাব পড়েছে যার ফলে তাঁরা গভীর উদ্বেগের মধ্যে দিন কাটাচ্ছেন, এই পরিস্থিতিতে এই সভা নীরব দর্শক হয়ে থাকতে পারে না, এই সভার তাঁদের এই সঙ্কট লাঘব করার একটা নৈতিক দায়িত্ব আছে।

সেই হেতু, এই সভা সমগ্র দেশে আন্দোলনকারী সকল কৃষক, বিশেষ করে যে সকল কৃষক দেশের রাজধানী শহরের সীমানায় অবস্থান কর্মসূচি চালিয়ে যাচ্ছে তাঁদের প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছে এবং একইসাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দেশের সাধারণ নাগরিক ও কৃষকদের স্বার্থ সুরক্ষিত করার জন্য অবিলম্বে অত্যাবশ্যক পণ্য (সংশোধনী) আইন, ২০২০; কৃষক (ক্ষমতায়ন ও রক্ষা) মূল্য নিশ্চিতকরণ ও কৃষি পরিষেবা চুক্তি আইন, ২০২০ এবং কৃষিপণ্য ব্যাবসা ও বাণিজ্য (প্রসার ও উৎসাহদান) আইন, ২০২০ বাতিলের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে নিয়মাবলীর **১৬৯** নিয়ম অনুসারে কেন্দ্রীয় সরকারের পাশ করা .... (গোলমাল) ....

(এই সময় ভারতীয় জনতা পার্টির মাননীয় সদস্যগণ বিধানসভার ওয়েলে নেমে এসে বিক্ষোভ দেখাতে থাকেন।)

মিঃ স্পীকার : Please go to your seat. I will not allow this. ..... (গোলমাল) ...... সুখবিলাসবাবু আপনি বলুন, আমি আপনার নাম ডেকেছি। আপনি বলুন। ...... (গোলমাল) ......

ডঃ সুখবিলাস বর্মা : .... (গোলমাল) ...... স্যার, এর মধ্যে আমি কি বলব ? কেউ তো শুনতে পাবেন না। এত ইম্পর্ট্যান্ট্ একটা রেজোলিউশনের ওপর আলোচনা ...... (গোলমাল) ...... কী বলব ? আমি অনুরোধ করব ওদেরকে সরান। ...... (গোলমাল) ......

মিঃ স্পীকার : ...... (গোলমাল) ...... প্লিজ্ গো টু ইওর সিট্। আপনি যদি না বলেন .... নাউ অনারেব্ল্ চিফ্ মিনিস্টার, সি উইল্ স্পিক্। ...... (গোলমাল) ...... আপনি যখন বলবেন না, তখন আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলবার জন্য অনুরোধ করছি। ...... (গোলমাল) ......

(এই সময় বি.জে.পি. দলের মাননীয় সদস্যরা ওয়েলে নেমে চিৎকার করে শ্লোগান দিতে থাকেন।)

... (প্রচণ্ড হইচই) ...

[1:40 – 1:50 p.m.]

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পার্থ চট্টোপাধ্যায় যে resolution নিয়ে এসেছেন, repeal of The Essential Commodities (Amendment) Act, 2020, The Farmers (empowerment and protection) Agreement on Price Assurance and Farm Services Act, 2020, The Farmers Produce Trade and Commerce (promotion and felicitation) Act, 2020। Central government-কে ডিম্যান্ড করছি to repeal the Act and we fully support the commitment of the Kishans। খুব দুঃখের বিষয় স্যার, বি.জে.পি.র লোকেরা একটা ভারত জ্বালাও পার্টির মতো যে সাধারণ মানুষ যখন যে ব্যাপারে আন্দোলন করে সেই আন্দোলনটাকে গোপন আঁতাতের, always terrorist আখ্যা দিয়ে সেই আন্দোলনটাকে নষ্ট করার চেষ্টা করে। B.J.P. - it's a matter of shame - সারা দেশ বলছে আজকে দেশ আউট অফ কন্ট্রোল হয়ে গেছে। বি.জে.পি.র প্রধানমন্ত্রীর পদত্যাগ করা উচিত, বি.জে.পি.র হোম মিনিস্টারের পদত্যাগ করা উচিত। আজকে আউট অফ কন্ট্রোল হয়েগেছে দেশ। মিনিমাম লজ্জা থাকলে আজকে এঁরা চিৎকার করে বেড়াত না। লঙ্কাকাণ্ডের মতো সারা ভারতবর্ষ জ্বালিয়ে খাচ্ছেন এঁরা। এঁদের কাছে মানুষ কোন বিচার শুনবে না। আমি পরিষ্কার বলি যে কৃষকরা ভারতবর্ষে আন্দোলন করছে, আমরা সম্পূর্ণ পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে তাদের solidarity জানাচ্ছি। এখানে তিনজন বা চারজন কি বলল তাতে আমাদের কিছু যায় আসে না, তাতে কৃষক আন্দোলনের কিছু যায় আসে না। মনে রাখবেন কৃষকদের বাদ দিয়ে আপনিও নয়, আমিও নই। কেন্দ্রের বি.জে.পি.র সরকারের তিনটে কৃষি আইনের তীব্র বিরোধীতা করছি, এটা সম্পূর্ণভাবে anti-farmers law। কোন কিছু তোয়াক্কা না করে গায়ের জোরে এই বিল পাস করিয়েছে কেন্দ্রীয় সরকার। তাঁদের লক্ষ্য একটি মন্বন্তরের দিকে নিয়ে যাওয়া, আমরা সেটা হতে দেব না। তাই বিক্ষোভরত কৃষকদের পাশে আমরা শুরুর থেকে আছি, আমি নিজে ফোনে বিক্ষোভকারী কৃষকদের সাথে কথা বলেছি, সাংসদদের দলকেও তাঁদের কাছে পাঠিয়েছিলাম। আমি লজ্জিত কেন্দ্রীয় সরকারের মনিটরিংয়ের ব্যর্থতার জন্য, ইন্টেলিজেন্স ফেইলিয়োরের জন্য এবং আন্দোলনকে badly handle করার জন্য। সেদিনকে দিল্লীতে যে ঘটনা ঘটেছে, কৃষকদের উপর যে অত্যাচার হয়েছে, এই অত্যাচারের জন্য বি.জে.পি. সরকার সম্পূর্ণভাবে

দায়ী। তারা কৃষকদের দিয়েও একটা দাঙ্গা লাগাবার চেষ্টা করেছিল। স্যার, প্রথম আইনটি The Essential Commodities (Amendment) Act, 2020, চাল, ডাল, আটা, আলু, চিনি, পিঁয়াজ, ভোজ্যতেল সহ মোট ২০টির বেশি নিত্য প্রয়োজনীয় দ্রব্য অত্যাবশ্যকীয় পণ্যতালিকা থেকে বাদ দিয়ে দেওয়া হয়েছে। মজুত করার ঊর্দ্ধসীমা তুলে দেওয়া হয়েছে। এই দেশে মাত্র দু-তিন জন বি.জে.পি. বন্ধু জোতদার, জমিদার, তারা একমাত্র করে খাবার জন্য সমস্ত কৃষক সমাজকে আজকে মিথ্যের দিকে ঠেলে দেওয়া হয়েছে, আজকে তাদের বুকে ধ্বংস নামানো হয়েছে। আমি sorry to say মজুত করার উর্দ্ধসীমা তুলে দেওয়া মানে সাধারণ মানুষ যাতে আলু না পায়, সাধারণ মানুষ যাতে পেঁয়াজ না পায়, সাধারণ মানুষ যাতে আটা না পায়, সাধারণ মানুষ যাতে চাল না পায়, সাধারণ মানুষ যাতে ডাল না পায়, সাধারণ মানুষ যাতে ভোজ্য তেল না পায়, ২০টির বেশি নিত্য প্রয়োজনীয় দ্রব্যকে অত্যাবশ্যক প্রক্রিয়া থেকে বাদ দেওয়া হয়েছে এবং মজুত করার ঊর্দ্ধসীমা তুলে দেওয়া হয়েছে। কে আপনাদের আদানী ? কৃষকরা আপনার বন্ধু, না আদানী আপনার বন্ধু ? আদানীকে দিয়ে দিয়েছেন। সমস্ত মাল আদানীকে দিয়ে দিয়েছেন। ধান আদানীকে দিয়ে দিয়েছেন, আলু আদানীকে দিয়ে দিয়েছেন, শস্য আদানীকে দিয়ে দিয়েছেন। লজ্জা থাকা উচিত। লজ্জা থাকা উচিত। এর পর বুঝতে পারবেন জনগণ যখন আলু পাবে না, ডাল পাবে না, চাল পাবে না, কৃষকরা তার জমির জন্য যখন চাষের দাম পাবে না ? তখন বুঝতে পারবেন কী অবস্থায় আপনারা দেশকে নিয়ে যাচ্ছেন। লজ্জার ব্যাপার, আপনারা একটা কৃষককে সামাল দিতে পারেন না, দিল্লী সামলাবেন কোথা থেকে ? আগে কৃষককে সামাল দিন, আগে কৃষককে সামাল দিন। দিল্লী সামাল দেবে ? বাংলা সামাল দেবে? বাংলা নিয়ে বড় বড় কথা। আগে সামলাক দিল্লীর হামলা, তার পরে দেখিস বাংলা।

বাংলার দিকে তাকিয়ে কোন লাভ নেই। সারা দেশে কি চলছে? পাঞ্জাব বিদ্রোহ করেছে, রাজস্থান বিদ্রোহ করেছে, উত্তর প্রদেশ বিদ্রোহ করেছে, হরিয়ানা বিদ্রোহ করেছে, বাংলা বিদ্রোহ করেছে, বিহার বিদ্রোহ করেছে, ছাত্র-যুব বিদ্রোহ করেছে, শ্রমিক-কৃষক বিদ্রোহ করেছে। লজ্জা করে না? লজ্জা করে না? আজকে সব মানুষ বিদ্রোহ করেছে। মনে রাখবেন ছাত্র-যৌবন থেকে শুরু করে ...

....(গোলমাল)...

(এই সময় বি.জে.পি. দলের মাননীয় সদস্যরা ওয়াক আউট করেন)...

কেউ গণ্ডগোলে যাবেন না। কেউ গণ্ডগোলে যাবেন না। সুজনদা বসে পড়ুন। ওদের সাথে মুখ লাগাবেন না।*** সবে বি.জে.পি. হয়েছে, তাই বেশি করে দেখাচ্ছে। কিছু ক্ষমতা নেই। এরা সব ডাকাত সর্দার, লুঠেরাদের দল, দাঙ্গাবাজের দল, সর্বনাশের দল। ...(গোলমাল)...

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

সুজনদা বসুন, শীতলদা বসুন। বন্ধুগণ, অ্যাসেম্বলিতে যাঁরা বসে আছেন আমি সব সদস্য-সদস্যাবৃন্দকে অভিনন্দন জানিয়ে বলছি, আমাদের মধ্যে ছোটখাটো ভুল বোঝাবুঝি থাকতেই পারে, আমাদের মধ্যে আদর্শগত বিরোধ থাকতেই পারে, কিন্তু মনে রাখবেন আজকে গ্রেটার ইন্টারেস্টে চাষীদের স্বার্থে আমরা সম্পূর্ণভাবে পশ্চিমবঙ্গ চাষীদের পাশে আছি, আমরা থাকব এবং আমরা লড়াইয়ে স্বাত্তিকভাবে সমর্থন দেব। লজ্জা করে না? চিৎকার করছে। কখনও কংগ্রেস, কখনও তৃণমূল কংগ্রেস, কখনও বি.জে.পি.।*** সবে বি.জে.পি.তে গেছে, সবে বি.জে.পি.তে গেছে। কংগ্রেস থেকে বি.জে.পি.তে গেছে তাই বহুত বড় বড় কথা।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : প্লিজ, প্লিজ বসুন। বসুন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি একটা প্রবাদ বলেছি।

মিঃ স্পীকার : উনি কাউকে আক্রমণ করেননি। উনি একটা প্রবাদের কথা বলেছেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্যার, আমি একটা প্রবাদ বলেছি। যদি আপনাদের আপত্তি থাকে আমি উইথড্র করছি। যদি মনে করেন আপনার আপত্তি আছে I will not speak.

মিঃ স্পীকার : This portion will not go on record. আমি বলে দিয়েছি।

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্পীকার স্যার, আমরা অনেকগুলো প্রবাদ বলি, এটা একটা প্রবাদ। এটা আমার কথা নয়। This is nothing I have written; this is noting I have said so. আমরা যেমন বলি, 'চোরের মায়ের বড় গলা' - একটা প্রবাদ। এটা একটা প্রবাদ আছে। আমি এই কারণে বলছি, দু'দিন আগে সে কংগ্রেসে ছিল। আজকে দেখুন বি.জে.পি.-র যত বড় গলা নয় তার থেকে বড় গলা ওর কারণ কংগ্রেস থেকে সবে বি.জে.পি.-তে গেছে। আমি সেই কথা বলতে গিয়ে বলেছি। বলেছি তো আপনি ভালো করে শুনুন।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : সুজনবাবু আপনি বসুন, বসুন। অসিতবাবু আপনি বসুননা প্লিজ্।

শ্রীমতী মমতা ব্যানার্জী : বি.জে.পি. চলে গেল তো এরা শুরু করল। তৃণমূল কংগ্রেস করত আমি আগেই বলেছি। আপনারা প্লিজ রেকর্ড চেক করুন। আমি বলেছি আগে তৃণমূল কংগ্রেস করত তারপরে কংগ্রেসে গেছে, তার পরে আবার বি.জে.পি.-তে গেছে এবং গিয়ে তার পরে গলা বেড়েছে। আমি এই কথাটা বলতে চেয়েছি।

...(গোলমাল)...

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মিঃ স্পীকার : আপনি বসুন, বসুন। আপনি বসুননা। আরে কি হচ্ছেটা কি আমি কিছু বুঝতে পারছি না। আপনারা তো নিজেদের সময় পাবেন তখন বলবেন। মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলতে দিন। প্লিজ্। আপনারা বসুন। এটা কী হচ্ছে? আপনারা বসুন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, যদি আমার প্রবাদটিতে কারও আপত্তি থাকে, এটা প্রবাদ, আমার কথা নয়, আমি উইথড্র করছি। তার কারণ আমি চাই এমন কোন কথা বলব না যেটাতে আমার সব বন্ধুদের সমর্থন থাকবে না।

মিঃ স্পীকার : আমি এক্সপাঞ্জ করে দিয়েছি।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি তো নিজে করছি।

মিঃ স্পীকার : মাননীয়া মুখ্যমন্ত্রী উইথড্র করেছেন। এটা যাবে না।

[1:50 – 2:00 p.m.]

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : আজকে আমাদের মনে হচ্ছে, ব্রিটিশ আমলের সেই নীলকর সাহেবদের মতো একটা নীল চাষের প্রথা ঘুরিয়ে ফিরিয়ে আসছে আর কি। চুক্তি হওয়ার পর কোনো কারণে উৎপন্ন ফসল পছন্দ না হলে তা কিনতে কিম্বা প্রাকৃতিক বিপর্যয়ের ফলে নষ্ট হলে সেই আর্থিক ক্ষতির দায় কোম্পানিগুলো নিতে বাধ্য থাকবে না। আজকে যেমন ক্ষতি হলে আমরা crop insurance-এর মধ্য দিয়ে সাহায্য দিই, আমরা কৃষকবন্ধুর মধ্য দিয়ে সাহায্য দিই। দ্বিতীয় আইনটি হচ্ছে, The farmers produce trade and commerce act, 2020। এর ফলে ক্রেতা ব্যাবসায়িক সংস্থাগুলোর সাথে কৃষকরা সরাসরি কেনাবেচা করতে পারবেন মুক্তভাবে। এ ক্ষেত্রে সরকার আর কোনোরকম হস্তক্ষেপ করবে না। পশ্চিমবঙ্গের কৃষকরা মুক্ত আছে। কিন্তু স্যার, স্বামীনাথণ কমিশনের সুপারিশ মেনে খরচের দেড়গুণ দাম কৃষকদের জন্য সুনিশ্চিত করতে হবে। সেই দায়ভার থেকে সরকার হাত তুলে নিল। বর্তমান বি.জে.পি. সরকার, পশ্চিমবঙ্গের কৃষকরা দেশে সবথেকে বেশি ধান উৎপাদন করা সত্ত্বেও তাদের ধান কেনে না - সহায়কমূল্যে কেনে না। ২০১৯-২০তে ভারত সরকার FCI মারফৎ দেশের প্রায় অর্ধেক ধান উৎপাদন ৪৩% সহায়কমূল্যে কিনেছেন। উত্তরপ্রদেশে ৭১ লক্ষ টন, তেলেঙ্গানায় ১১১ লক্ষ টন, অন্ধ্রপ্রদেশে ৮২ লক্ষ টন, আর বাংলায় আমরা বারবার বলেছি, আমাদের চাষীদের ধান কিনবার জন্য। যে দেশের জনসংখ্যার শতকরা ৫২ ভাগ পরিবার কৃষকের কৃষির উপর নির্ভরশীল, যে দেশের কৃষিকাজের সাথে যুক্ত ১৪.৬৫ কোটি পরিবারের মধ্যে ৫৪.০৭ শতাংশ পরিবার ভূমিহীন, যে দেশের সরকার নিজেদের ব্যর্থতা ঢাকতে ২০০০ সালের পর থেকে কৃষক আত্মহত্যার রিপোর্ট প্রকাশ বন্ধ করে দেয়, আপনাদের মনে হয়, সেই দেশের নিপীড়িত শোষিত অন্নদাতা এই কোটি কোটি কৃষকরা আদৌ কি ওই বড় কর্পোরেটদের সাথে লড়াই করে বেঁচে থাকতে পারবে ? পারবে না। এই দেশে কোটি কোটি টাকার কর্পোরেট ঋণ মুকুব হলেও কৃষি ঋণ কিন্তু মুকুব হয় না। আমরা আজকে দাবি করছি,

কর্পোরেট ঋণ যদি মুকুব করা যায়, ব্যাঙ্কগুলো করে, তাহলে কৃষকদেরও সমস্ত ঋণ মুকুব করতে হবে। এটা আমাদের হাউস থেকে আমরা এর সাথে সাথে দাবি করছি। কৃষকদের পরিবারগুলো একটু ভালো করে বাঁচতে চাওয়ার স্বপ্নগুলো আজ আর সত্য হয় না। তার বদলে এভাবেই বি.জে.পি. সরকার নতুন নতুন আইন এনে প্রতিদিন প্রতি মুহূর্তে তাদের পায়ের তলায় পিষে মারতে চেষ্টা করছে, যেটা খুব দুর্ভাগ্যপূর্ণ। এই কৃষি আইনকে আপনি সমর্থন করতেই পারেন বি.জে.পি.'র বন্ধুরা, - কিন্তু মনে রাখবেন, কেন্দ্রীয় সরকারের প্রতি কুণ্ঠাহীন আনুগত্যের গা জোয়ারে ভাসিয়ে দিয়ে আন্দোলনকারী কৃষকদের দেশদ্রোহী হিসেবে আখ্যা আপনি দেবেন। আর আমরা মেনে নেব সেটা হতে পারে না। সারাদিন হিন্দু-মুসলিম, মন্দির-মসজিদ, কাশ্মীর-পাকিস্তান করে ব্যস্ত থেকে কৃষকদের ন্যায্য প্রাপ্য অধিকার নিয়ে কথা বলাকে আপনি wastage of time বলতেই পারেন। কিন্তু জেনে রাখুন, breakfast-এর ওই আলুর দম, ফুলকো লুচি আর দুপুরের ভাতের ওই চাল কিম্বা রাতের সবজির সবটুকু ওই কৃষকরাই দেয়। কৃষকরা এটুকু না দিলে আপনারা চালও খেতে পারবেন না, ডালও খেতে পারবেন না, লুচিও খেতে পারবেন না, পটলের দোরমাও পাবেন না। লংকাও খেতে পাবেন না অথবা কপিও খেতে পাবেন না। তাই আমরা তিনটে কৃষকবিরোধী আইন বাতিল করবার জন্য এই সভায় রেজোলিউশান এনেছি। আমি সবাইকে বলব, আমি আবার বলছি, ছোটোখাটো আমাদের মধ্যে বিভেদ থাকতেই পারে, আমাদের মধ্যে ছোটোখাটো মতভেদ থাকতেই পারে, আমাদের মধ্যে আদর্শগত মতভেদ থাকতেই পারে। কিন্তু কৃষকদের যেভাবে আজকে নিষ্পেষণ করা হচ্ছে। যেভাবে আজকে দুঃশাসন দুর্যোধনগিরি করে, - স্যার, আমি sorry, আমি অমিত শাহ-এর একটা বক্তৃতা শুনেছি রাজস্থানে। তাতে তিনি বলেছেন, আমরা ইচ্ছা করলে, যে কোনো কিছু Whatsapp-এর মাধ্যমে - আমাদের ৫০ লক্ষ Whatsapp group আছে, আমরা যে কোনো মিথ্যাকে সত্য বলে viral করতে পারি, যে কোনো সত্যকে মিথ্যা বলে viral করতে পারি। স্যার, আমি গতকাল দেখেছি, গতকাল সকাল থেকে বি.জে.পি.'র IT Cell, শুধু কৃষকদের দেশদ্রোহী আখ্যা দিয়েছে, শুধু কৃষকদের terrorist বলেছে। কৃষকরা নাকি লালকেল্লা দখল করতে গেছিল। আমি এগুলো বিশ্বাস করি না। কৃষকরা সবাই শান্তিপ্রিয়। আজকে ৬৫ দিন ধরে তারা বসে আছে। কত কষ্ট করে ঠান্ডার মধ্যে বসে আছে, প্রায় ১০০ কৃষক মারা গেছে ঠান্ডায়। বন্ধু, তারা কিন্তু কোনোদিন আইন হাতে তুলে নেয় নি। তারা নিজেরা রান্না করছে, নিজেরা খাওয়াচ্ছে, নিজেরা ছেলেপুলে বাচ্চা নিয়ে ট্রাক্টরের মধ্যে রাত কাটাচ্ছে। তারা তিনটে জায়গায় বসে আছে এবং তাঁরা দিল্লি যাত্রা করবেন, এটা পুলিশকে আগেই জানিয়েছিলেন, এবং পুলিশ কিন্তু তাদের পার্মিশানও দিয়েছিল এবং এতো ট্রাক্টর যাবে। কিন্তু পুলিশ পার্মিশান দেওয়া সত্ত্বেও পুলিশ ট্যাক্‌ল্ করতে পারে নি এবং পুলিশ ট্যাক্‌ল্ করতে পারে নি বলেই ব্যাড হ্যান্ডলিং-এর জোরে, ইন্টেলিজেন্স ফেইলিয়োরের জোরে, - বাংলায় একটা ছোট্টো ঘটনা ঘটলে, ওখান থেকে অমিত ভাই-এরা চিৎকার করে বলে, ক্যায়া হুয়া, বাঙ্গাল মে হুক্কা হুয়া - হুক্কা হুয়া চিৎকার করে।

আর ওখানে দিল্লিতে দাঙ্গার নামে, এন.পি.আর., এন.আর.সি.-এ নিয়ে কত লোক মারা গেল, আজ পর্যন্ত কেউ জানে না, মৃত্যুর সংখ্যাটা কত, আহতর সংখ্যাটা কত। আজকে দুঃখ হয় স্যার, এতগুলো মানুষ গেল, একজন মারা গেছে ঠিক আছে, আপনারা বলছেন অ্যাকসিডেন্টে মারা গেছে, তাই যদি হয়, তারা যদি হিংসাত্মক আন্দোলন করতেন, ওদের ওখানে তো, তাঁরা হিংসার কোন কাজ তো করেনইনি। আপনাদের এত বড় - যেখানে লক্ষ লক্ষ লোক যায়, একজন দুইজন ঐ মিটিং থেকে, মিছিল থেকে তার ইমোশান কাজ করে গণতান্ত্রিক আন্দোলনে, একটা দুটো ছোটখাটো ঘটনা ঘটতেই পারে, কিন্তু সেটাকে নিয়ে পুরো কৃষকদের বিদ্রোহী, সমাজবিরোধী বলা, কৃষকদের দেশদ্রোহী বলা, কৃষকদের খালিস্থানি বলা, আমরা এটাকে টোটালি কনডেম করছি। এবং যদি কোন শুভবুদ্ধির উদয় হয়ে থাকে তাহলে আমি সেন্ট্রাল গভর্নমেন্টকে বলব, আমরা অনেক কাজ করেছি, আজকে সেই কথার মধ্যে যাচ্ছি না। বেটার ইন্টারেস্টে বলব প্রধানমন্ত্রীকে, আপনি সুয়ো মোটো এই তিনটে বিল উইথড্র করে নিন। যখন কোভিড চলছিল, মানুষ ভয়ে পার্লামেন্টে যেতে পারে নি, আপনারা অর্ডিন্যান্স করে এই বিলগুলো করেছেন, তার পর পার্লামেন্টে নিয়ে এসেছেন, উইদাউট ভোট ইভ্‌ন্ পার্লামেন্টে কোন ডিভিশান করতে চান নি। ডিভিশান না করে বিলগুলো আপনারা গায়ের জোরে পাস করিয়ে নিয়েছেন। আমরা আবার বলব, কখন কখন বলছেন, শুধু পাঞ্জাব, রাজস্থান, আর হরিয়ানা, বাংলায় এর কোন প্রভাব নেই। গুজরাটে এর কোন প্রভাব নেই। ইউ.পি.তে এর কোন প্রভাব নেই। আমি বলি, কৃষকদের প্রভাব সব জায়গাতেই আছে। কৃষকরা এমন একটা ক্যাটাগোরী, আপনি সব জায়গাতে যান, গ্র্যাসরুটে কৃষকদের পাবেন আর আমাদের শ্রমিকদের পাবেন। কৃষক আর শ্রমজীবী মানুষ সব জায়গাতে আছে। তারা এমন কোন জায়গা নেই, সেখানে নেই। হয়তো ভাবছেন তাদের বেশি ট্রাক্টর আছে পাঞ্জাব, হরিয়ানায় বেশি ট্রাক্টর আছে, দিনের পর দিন তাদের ফসলটাকেই সোনা ভেবে আমদানী করেছে, এটা তাদের নিজস্ব ব্যাপার। আমার ট্রাক্টর নেই, কিন্তু আমার লাঙল তো নিশ্চয়ই আছে, আমার তো কাস্তে নিশ্চয়ই আছে, আমার তো নিশ্চয়ই অন্যান্য জিনিস গরুর গাড়ি থেকে শুরু করে সব কিছু নিশ্চয়ই আছে। আমাদেরও কিছু ট্রাক্টর আছে। সুতরাং এসব বলে কোন লাভ নেই। সুতরাং আমি বলব, হয় এটাকে উইথড্র করুন, আমি আপনাদের কাছে এমনও বলতে চাই, অল পলিটিক্যাল পার্টির মিটিং দরকার হলে ডাকুন। কোভিড নিয়ে অনেক ভার্চুয়াল মিটিং করেছেন, ঘণ্টার পর ঘণ্টা ভাষণ দিয়েছেন, টি ভির পর্দায় মুখ দেখিয়েছেন, দরকার হলে আর একবার মুখ দেখান। কিন্তু কৃষকবিরোধী এই তিনটি আইন প্রত্যাহার করতেই হবে, তাতে কৃষকদের দেশদ্রোহী আখ্যা দিলে দেশের মানুষ রুখে দাঁড়াবে। কৃষকদের খালিস্থানি আখ্যা দিলে, দেশের মানুষ রুখে দাঁড়াবে। কৃষকদের যদি আপনারা মনে করেন, ওদের সমাজবিরোধী আখ্যা দিয়ে আপনারা শেষ করে দেবেন, মানুষ রুখে দাঁড়াবে। তার পর বলি, আমাকে একটা ইন্টারভিউতে রাজদীপ সারদেশাই জিজ্ঞাসা করছিলেন, এটা তো লেফটিস্টদের আন্দালন ওরা বলছে। আমি বললাম, কৃষকদের আন্দোলন আবার লেফটিস্ট, রাইটিস্ট কী ? লেফটিস্ট

ন্যাশনালিস্ট কী ? এই আন্দোলনটা আমাদের সবার আন্দোলন এবং এখানে আমি কোন পলিটিক্যাল কালার দেখতে চাই না। এখানে আমি একটাই কালার দেখতে চাই, সেটা হচ্ছে কৃষকদের কালার। এবং সেই কালারে দাঁড়িয়ে আমি এই কথা নিশ্চয়ই বলব, হয় আইন উইথড্র করো, নয় গভর্নমেন্ট গদি ছাড়ো। একটাই কথা। হয় তুমি আইন উইথড্র করো, নয় গভর্নমেন্ট গদি ছাড়ো। আমি এই রেজোলিউশানটাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি সবাইকে, আবেদন করবো, টাইমিং হিসাবে আজকের দিনটা খুব অ্যাপ্রোপ্রিয়েট হয়েছে, কারণ কৃষক বেচারাদের ওদের ডিসক্রেডিট করা হচ্ছিল, হোয়াটসঅ্যাপে ফলস্ মেসেজ দিয়ে ফেক ভিডিয়ো তৈরি করে নানারকম জাল করে ইচ্ছা করে কৃষকদেরকে, ভাবছে ওদের হয়ে কথা বলার কেউ নেই, তাদের পুরো ওয়ান-সাইডেড, তাদের একতরফাভাবে কোণঠাসা করে দেওয়ার চেষ্টা হচ্ছিল। আর সেই সময়ে বাংলার অ্যাসেম্বলী রুখে দাঁড়িয়েছে। গর্জে দাঁড়িয়েছে। তর্জন করে, গর্জন করে বলেছে, ক্ষমতা অর্জন করতে হলে কৃষকদের থেকে শেখো, কৃষকরা লক্ষ লক্ষ কৃষক এই ঠান্ডার মধ্যে দিল্লিতে গিয়ে পৌঁছায়। কেন মনে হয় না, নেতাজী সুভাষচন্দ্র বসু তো বলেছিলেন, চলো দিল্লি চলো। কেন বলেছিলেন ? আজ যদি বলে কৃষকরা দিল্লি চলো, সেটা কিন্তু কোন অন্যায় নয়। তার কারণ তারা একটা স্বাধীনতার জন্য, একটা গণতন্ত্রের জন্য, তারা একটা আন্দোলনের জন্য। আর ২৬শে জানুয়ারী লাল কেল্লায় লাল পতাকা তোলা হয় না ? ঐটা প্যারেডটা হয়, আমাদের রাস্তায় প্যারেডটা হয়। ১৫ই আগস্ট লাল কেল্লায় লাল পতাকা তোলা হয়। আর সেই পতাকা তোলা নিয়েও ঐটা পাঞ্জাবী ধর্মের একটা ব্যাপার আছে এবং সেটাও আমি বলি, যে তুলেছে তার সাথে নরেন্দ্র মোদীরও ঘরোয়া মিটিং-এর ছবি বেরিয়েছে। অমিত শাহর সাথেও ঘরোয়া মিটিং-এর ছবি বেরিয়েছে। সো হোয়েদার দি ম্যাটার ইজ প্ল্যান্টেড অর নট দ্যাট উই ডু নট নো, দেয়ার মাস্ট বি সাম প্রপার ইনভেস্টিগেশান ফর দিস। আমি এখনও মনে করি, কৃষকরা শান্তিপূর্ণভাবে ফিরে গেছে, তারা আবার ফার্স্ট ফেব্রুয়ারী আন্দোলনের ডাক দিয়েছে। আমরা নিশ্চয়ই আশা করব শান্তিপূর্ণভাবে আন্দোলন করবেন। তাঁদের আবার আন্দোলন করবার আগে ৬৫দিন ধরে তাঁরা আন্দোলন করছেন, ৬৬, ৬৭, ৬৮দিন হয়ে গেছে ; কৃষকদের দাবি মেনে নেওয়া হোক। কৃষকদের নেতা কিন্তু কেউ নেই, মনে রাখবেন, এটা এমনই একটা আন্দোলন, কৃষকদের নেতা কৃষকরা নিজেরাই। সুতরাং আসুন, আমরা কৃষকদের সলিডারিটি দেখাই।

[2:00 – 2:10 p.m.]

সুতরাং আসুন আমরা কৃষকদের Solidarity দেখাই। আর তা নাহলে আগামী দিন ভাত, আলু সেদ্ধও পাবেন না। এটুকু বলে রাখলাম। মোদীজি, চাল, ডালও পাবেন না। রোটি, ছোলার ডালও পাবেন না। এমনকি ধোঁকাও তৈরি করতে পারবেন না, ধোকলাও পাবেন না। সুতরাং আমি মনে করি, ছাতু কেন কোনো কিছুই হবে না, কোনো কিছুই হবে না। আমরাও পাব না। ওরাও পাবে না, আমরাও পাব না। কিন্তু এটা কেন হবে। আদানি বলে একটা গোষ্ঠীকে অলরেডি আপনারা তৈরি করে দিয়েছেন, আমরা সব কিছু শুনেছি। তার মানে কি

– বিলটা ইন্ট্রোডাকশান করার আগে আপনার গোডাউন তৈরি হয়ে গেল। মানে, মৃত্যু হওয়ার পরে ডাক্তার এল। তার মানে এই যে কৃষকদের বিলটা পরে আনলেন, আগে গো ডাউন তৈরি করলেন। তার মানে ছুপা রুস্তম। পুরো ছুপা রুস্তমের মতো চুপকি চুপকি কাজটা করে দিলেন, চুপকি চুপকি ছুপকি চুপকিভাবে কাজটা করে দিলেন। আর করে দিয়ে আজকে বলছেন গায়ের জোরে, হাম যো বোলেগা ওহি হোগা। আমরাও বলছি, নেহি হোগা। জনতা যো কহেগা ওহি হোগা। কিষান যো কহেগা ওহি হোগা। যেহেতু কৃষকদের আন্দোলন আমাদের সকলের হৃদয় কেড়েছে, তাই আমি দেশের স্লোগান – ওরা স্লোগান দিচ্ছিলো, 'বন্দেমাতরম্' শুধু ওরা একলা দিতে পারে, আমরা দিতে পারি না, ওরা তো আজ শিখেছে 'বন্দেমাতরম্'। কোথায় ছিল স্বাধীনতার সময়। আমি নিজে কংগ্রেস করে এসেছি এবং কংগ্রেস দল স্বাধীনতা আন্দোলন করেছে, কংগ্রেস থেকে আমি তৃণমূল কংগ্রেসে এসেছি। ইভেন আমি বামপন্থী আন্দালনের 'ইনকিলাব জিন্দাবাদ' স্লোগানও দিই। এর জন্য আমার কোনো লজ্জাও নেই। আমি প্রত্যেকের সম্মানীয় স্লোগান শ্রদ্ধা করি। তাই বলছি, 'জয় হিন্দ', 'বন্দেমাতরম', 'কিষান আন্দোলন জিন্দাবাদ', 'জয় জোয়ান', 'জয় কিষান', 'জয় বাংলা'।

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রীকে।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বক্তৃতাটা শুরু করেছিলাম। কিন্তু মাঝখানে গণ্ডগোল হল। ধন্যবাদ আপনাকে যে সেই সময়টা মাননীয়া মুখ্যমন্ত্রীকে দিয়েছেন। অবশ্য প্রোগ্রামে ঠিক ছিল যে মাননীয়া মুখ্যমন্ত্রী ৪০ মিনিট বলবেন। তার পরেই আমার বলার কথা। অটোমেটিক্যাল্যি প্রোগ্রামটাই ফলো করা হল। যে রেজলিউশানটা এসেছে ১৬৯-এর নিয়ম অনুসারে, সেই রেজলিউশান যথার্থ, ঠিকই আছে, কেননা আজকে সারা ভারতবর্ষে কৃষকদের নিয়ে যা চলছে, যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী কিছু উল্লেখও করেছেন, যে কৃষকরা বিশেষ করে পাঞ্জাব, হরিয়ানার কৃষকরা, আজকে ওখানে অন্যান্য সবার সঙ্গে আছেন, ও নেতৃত্ব দিচ্ছেন। এই পাঞ্জাব, হরিয়ানার কৃষকরা, তাঁরা সারা ভারতবর্ষকে গ্রিন রিভোলিউশান দিয়েছেন, high yielding variety সহ সবকিছু দিয়ে যে বিপ্লব এনেছেন সেটা আমরা সবাই জানি। আপনারা নিশ্চয় জানেন, ১৯৫০ সালে যখন পার হেক্টার ধানের প্রোডাকশান ছিল ৫৬১ কেজি, আজকে পাঞ্জাবে পার-হেক্টার প্রোডাকশান হচ্ছে ৪৭০৫ কেজি। একইভাবে, আমাদের গমের উৎপাদন যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন, ছাতু, গম, রুটি কিছুই পাব না। কোথা থেকে পাচ্ছি আমরা? গমের উৎপাদন একই ভাবে ১৯৫০ সালে ছিল ৫৬২ কেজি পার-হেক্টার। আর আজকে সেটা হচ্ছে ৪৮০০ কেজির ওপরে পার-হেক্টার ইন হরিয়ানা। এই ভাবেই সারা ভারতবর্ষকে পথ দেখিয়েছে পাঞ্জাব এবং হরিয়ানা। ১৯৭০ এর দশকে যে গ্রিন রিভোলিউশান পাঞ্জাব ও হরিয়ানায় হল, পরবর্তীকালে অবশ্যই আমরা সেই গ্রিন রিভোলিউশানের অনেকটাই সর্বত্র নিয়ে এসেছি। নিয়ে এসেছে তামিলনাড়ু, নিয়ে এসেছে বিভিন্ন রাজ্য। এমনকি রাজস্থান জোয়ার, বাজরা, বাদাম ইত্যাদি উৎপাদনে, গুজরাট বাদাম উৎপাদনে –.গুজরাট অবশ্য ধান, চালের দিকে নেই। ওখানে গুজরাটি মডেল আর আসে না, ওরা আর গর্ব করে বলেও না,

কেননা ধান, চাল প্রধান শস্যের যে ভাণ্ডার সেটা হচ্ছে পাঞ্জাব, হরিয়ানা। আলু, সব্জী ইত্যাদির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অবশ্যই আছি আমরা। সব মিলে সারা ভাবতবর্ষে কৃষির যে একটা বিপ্লব ঘটেছে এবং এই বিপ্লবের জন্য ১৯৫০ সাল থেকে কংগ্রেস সরকার প্রয়োজনীয় ব্যবস্থাগুলো নিয়েছে। –আপনারা জানেন যে আই.সি.এ. আর ১৯৩৯ সালে ছিল একটা এন.জি.ও.।

সেই আই.সি.এ.আর. – কে পরবর্তীকালে একটা প্রকৃত রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টাল অর্গানাইজেশান করা হয়েছে। এই আই.সি.এ.আর.-এর তরফ থেকে এগ্রিকালচারের রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টের, সমস্ত ব্যবস্থা করা হয়েছে। আপনারা নিশ্চয় জানেন যে ভারতবর্ষে আজকে ৬১ টা এগ্রিকালচার ইউনিভার্সিটি। আজকে সকালে এগ্রিকালচার ইউনিভার্সিটি নিয়ে মাননীয় কৃষি মন্ত্রী বিল এনেছিলেন, ৬১ টা এগ্রিকালচার ইউনিভার্সিটি এবং ৪ টে ইউনিভার্সিটি আছে যেখানে এই এগ্রিকালচারের সাবজেক্টগুলো রয়েছে, যেমন – আমাদের বিশ্বভারতীতে। এমনি করে ১৩৯ টা আই.সি.এ.আর.-এর ছোটো বড়ো অর্গ্যানাইজেশান রয়েছে। আমাদের ব্যারাকপুরে যেমন একটা মৎস্য রিসার্চ-এর কেন্দ্র রয়েছে। এমনি করে সর্ব দিক থেকে এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েডে যে বিপ্লব এসেছে, সেই বিপ্লবের কথা আমাদের স্বীকার করতে হবে। এবং সেখানে কৃষকরা, এই কৃষকরাই কিন্তু আমাদের খাইয়েছে, এই কৃষকরাই আগামী দিনে আমাদেরকে খাওয়াবে। দুঃখের বিষয়, মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এগুলো স্বীকার করেন না। উনি মাঝে মাঝে বলেন এই কৃষকরা আমাদের বিপ্লব এনেছে, এই কৃষকরাই সব কিছু করছে, তারাই সবার আগে। কিন্তু সেই কৃষকের অবস্থা কাহিল করে দিচ্ছেন এই নরেন্দ্র মোদী। তিনটি আইন বাতিল করার জন্য যে অর্গ্যানাইজেশানগুলো, যে অ্যাসোসিয়েশানগুলো আন্দোলন করছে, সেই আন্দোলনে কালকে কি করলেন? সেই আন্দোলনকে - তার মুখে কালি দেওয়ার জন্য, সেই আন্দোলনের ওপর কিছু স্টিগমা লাগানোর জন্য রুপোলি পর্দার ভিলেনকে নিয়ে এলেন। সেই রুপোলি পর্দার ভিলেন তারা, তাদের নেতৃত্বে লাল কেল্লায় ঢুকে পড়লেন। আমরা যখন বলছি, দাবি করছি এখানে পুলিশের ফেলিয়োর, আমি বলব পুলিশের ফেলিয়োর নয়। পুলিশের কারসাজি, পুলিশের সঙ্গে, একসঙ্গে করে, যেহেতু বি.জে.পি. এটা করতে চেয়েছে, তার জন্যে এই কাণ্ডটি ঘটেছে। কাজেই আজকে আমরা প্রতিবাদ করার জন্য যে রেজলিউশান নিয়ে এসেছি, সেই রেজলিউশানকে অবশ্যই – আমরা স্বাগত জানাই। কিন্তু কয়েকটা কথা বলি। যিনি রেজলিউশান নিয়ে এসেছেন, এই সরকারের কাছে আমি নিবেদন করবো, মনে রাখা দরকার, আমরা এখানে বলছি, যে এই বিলগুলো অত্যন্ত তৎপরতায় করা হয়েছে, কিন্তু তৎপরতা নয় ওরা তাড়াহুড়ো করেছে। তৎপরতা এক জিনিস, তাড়াহুড়ো আর এক জিনিস। তাড়াহুড়োর জন্য, বক্তৃতা, ডিসকাশনটা হয় নি বিলের ওপর। এমনকি রোববার দিন হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী দেখবেন, ডিভিশানটাও করেনি। আমরা জানি যে ডিভিশান যদি দাবি করা হয়, সে যে কেউ ডিভিশান দাবি করেন সেই ডিভিশান অ্যালাউ করতে মাননীয় অধ্যক্ষ বা উপাধ্যক্ষ যিনিই থাকুন না কেন, তিনি বাধ্য, আইনে তাই আছে। কিন্তু পার্লামেন্টে ওরা ডিভিশান অ্যালাউ করলো না। ডিসকাসান অ্যালাউ করলো না। এই যে তাড়াহুড়ো

করে বিল পাস করা, সেই বিল পাস করার অবশ্যই আমরা নিন্দা করবো এবং আমরা তাও করেছি। কিন্তু, আমি মাননীয় পার্থ চ্যাটার্জী মহাশয়কে, যিনি এই রেজলিউশানটা নিয়ে এসেছেন, তাঁর কাছে অনুরোধ করবো, স্যার, আপনার কি মনে আছে, একই জিনিস ঘটেছিলো আমাদের এইখানে। এই এগ্রিকালচার মার্কেটিং বিল, যখন সিলেক্ট কমিটিতে গেলো, তখন মাননীয় অরূপ রায় মহাশয় মন্ত্রী ছিলেন, তিনি সিলেক্ট কমিটির চেয়ারম্যান হিসাবে বললেন ৮ তারিখের মধ্যে আপনারা অ্যামেন্ডমেন্ট দিন। ৯ তারিখে আমরা মিটিং করবো। কিন্তু ৩ তারিখে জানা গেলো যে ৪ তারিখে অ্যামেন্ডমেন্ট দিতে হবে। কিসের তাড়া ছিলো? কোনো তাড়া ছিলো না। একই ঘটনা। কোনো আলোচনা হলো না, কিচ্ছু হলো না, এবং যার জন্য ঐ মার্কেটিং বিলটা পুরোপুরি, পুরোপুরি অসম্পূর্ণ থেকে গেলো। মার্কেটিং রুল পুরো ফুল অফ্ মিসটেক্স্। আমি বার বার করে বলেছি, কাজেই এই যে জিনিসটা ঘটেছে, যে মার্কেটিং বিলে মিসটেক্স্ হয়েছে, যে মার্কেটিং বিল অসম্পূর্ণ। যেমন আমরা ওখানে,

[2:10 – 2:20 p.m.]

তিনটি আইনকে repeal করার জন্য অনুরোধ করছি। আমরা এখান থেকে অনুরোধ করব, যে আমাদের এই মার্কেটিং বিলটাও repeal করা হোক কারণ এই মার্কেটিং বিলেও M.S.P. নেই। আজকে আমরা M.S.P.-র কথা বলছি, Minimum Support Price-এর কথা আমরা বলছি, কিন্তু আমাদের বিলে, আমাদের অ্যাক্টে Minimum Support Price নেই। নৈতিকতার দিক থেকে আমরা বলতে পারি না, যে তোমরা M.S.P. কর। যখন আমরা নিজেরা পশ্চিমবঙ্গ সরকার নিজে যখন M.S.P. করছে না। কাজেই আমাদের অনুরোধ থাকবে এটা আপনারা করুন। আজকে গর্ব করছি যে আমরা এমন বিলে এই অ্যাসেম্বলিতে আলোচনা করছি যে বিলে কৃষকদের উপর অত্যাচার করা হয়েছে, কৃষকদেরকে একেবারে বিধ্বস্ত করার চেষ্টা করা হচ্ছে। আমি শুধু বলব, যে আমরা Resolution.-এ একবারও উল্লেখ করলাম না, যে agriculture ও marketing এই দুটোই হচ্ছে state subject। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যখন তখন সেন্ট্রাল গভর্ণমেন্টের এগেন্স্টে বিদ্রোহ করেন, যখন তখন বলেন, যে সেন্ট্রাল গভর্ণমেন্ট interfere করছে, অথচ এগ্রিকাল এবং মার্কেটিং দুটোই হচ্ছে স্টেট সাবজেক্ট। সেই স্টেট সাবজেক্টে তারাই দেশের মধ্যে আইন করেছে, আমরা কিছুই বললাম না, resolution পর্যন্ত বললাম না, এমন কি এখনও বলছি না। বাপের ব্যাটা যদি হয় পাঞ্জাব। পাঞ্জাব আইন করেছে, আইন করেছে পাঞ্জাব। কি করেছে, পাঞ্জাব আইন করেছে central act অমুক-অমুক, provision আমরা amend করছি। আমি জানি, এর মধ্যে সংবিধানের কিছু ব্যাপার আছে যে Central Act amend করতে পারে কিনা State Assembly কিন্তু এটাও ঠিক যে একেবারে desperate হয়ে গেছে পাঞ্জাব। Desperate. Out of desperation তারা ওইসব কিছু ভাবে নি, ওইসব কিছু করে নি – দেখা যাবে Court-এ গিয়ে কি হয়, দেখা যাবে। কিন্তু Central Act provisionকে তাঁরা amend করেছেন। তারা বলেছেন আমার stateএ যে Act করলাম, এই অ্যাক্টের provision will prevail on everything even on

Central Act. কিন্তু আমরা এমন কিছু করতে পারলাম না। আমরা কেন করতে পারলাম না বুঝতে পারছি না। আমরা আমাদের যে আইন আছে, যেটার কথা বলছিলাম, সেটাকে repeal করুন। Repeal করে একেবারে খোলনলচে পাল্টে, কৃষকদের স্বার্থই যদি আমাদের কাছে সব কিছু হয়, তাই কৃষকদের স্বার্থেই খোলনলচে পাল্টে নতুন আইন আনুন এটাই আমি অনুরোধ রাখব। এই আইন যদি আমরা সেই ভাবে না করি, তাহলে বি.জে.পি. যে কাণ্ডগুলো করছে কৃষকদের নিয়ে এবং কৃষকদের বদনাম দেওয়ার জন্য যে ভাবে তারা একেবারে কুচক্রীর মত কাজ করছে সেসব চলতে থাকবে। এতো ঠিক, নরেন্দ্র মোদি —'অমিত শাহ'র মত লোক কুচক্রী, যারা সব ব্যাপারে একই জিনিস করবে, তারা কৃষকদের ক্ষেত্রে ঠিক একই জিনিস করছে। এক দিকে বলছে, কৃষকরা আমাদের বাপ, কৃষকরা সব কিছু করছে আর অন্যদিকে সেই কৃষকদের অবস্থা কাহিল করার জন্য তারা এখন উঠেপড়ে লেগেছে। প্রচণ্ড শীতে যে কৃষকরা, শীতের রাতে এত দিন কাটিয়ে এসেছে। তারা কে ? তারা নাকি হচ্ছে খালিস্তানী। খালিস্তানীদের দাবি কি ছিল, আর এদের দাবি কি? এদের দাবি যে আমি যে Produce করছি, production করছি তার নায্য মূল্য দাও। আমরা যে produce করছি এই productionএর জন্য আমরা যে ভাবে পরিশ্রম করেছি, আমাদের সেই পরিশ্রমের মূল্য দাও। আমরা সেই শষ্য, আমাদের নিজেদের ফসল যাতে ভাল ভাবে বিক্রি করতে পারি। আমরা যাতে বিক্রি করে – মানুষদের বাঁচানোর সঙ্গে সঙ্গে আমরা নিজেরাও বাঁচতে পারি সেই কথাই তারা বলছেন। নায্য দাবি, সারা ভারতবর্ষের কোণা কোণা থেকে তাদের এই দাবিকে সমর্থন জানানো হচ্ছে। এমনিতে নয়, আপনারা সবাই জানেন যে এই পাঞ্জাব, হরিয়ানা থেকে আরম্ভ করে গুরগাঁও থেকে আরম্ভ করে রাজস্থান, মধ্যপ্রদেশ, তামিলনাড় সমস্ত জায়গায় কৃষকরা যে ভাবে পরিশ্রম করে ভারতবর্ষকে এগিয়ে নিয়ে গেছে। আজকে ধরুন, আজকে সারা ভারতবর্ষে যে কি কি programme চলছে ? এটা আমরা গর্ব করি MGNREGA, আমরা গর্ব করি খাদ্য সুরক্ষা, আমরা গর্ব করি mid-day-meal-এর প্রোগ্রামের।

এই সমস্ত কিছুর জন্য যদি M.S.P.-কে ফলো করে procurement না হত, কোথা থেকে আসত ? Procurement করা গিয়েছিল বলে আজকে এই programmeগুলো আছে। মাননীয়া মুখ্যমন্ত্রী ঠিকই বলেছেন, খেতে পাবে না। এই programme তো থাকবে না। কোথায় নিয়ে যেতে চাইছে কেন্দ্রীয় সরকার ? নরেন্দ্র মোদীজী এবং তাঁর কয়েকজন বন্ধু, কয়েকজন বড় ব্যবসায়ী, তাদের মুখে অন্ন যোগানোর জন্য, তাদেরকে বড় করার জন্য ইতিমধ্যে আমরা দেখতে পাচ্ছি আম্বানী, আদানীদের ইনকাম অনেক বেড়ে গেছে। অন্যদের চাকরী চলে যাচ্ছে। অন্যদের কিছু নেই, খেতে পায় না আর আম্বানী, আদানীদের ইনকাম বেড়েছে, wealth - এর পরিমাণ বেড়েছে। ইতিমধ্যেই পোয়াবারো হয়ে গেছে। আর সাধারণ কৃষকদের অবস্থা খুব খারাপ। আজকে কি অবস্থা দেখুন ? কয়েক দিন আগে ৬০ টাকা কেজি ছিল যে সব্জীর, আলুর দর ছিল ৪০ টাকা, আজকে ৮ টাকা কেজি আলু, বেগুন ১০ টাকা কে.জি. অর্থাৎ কৃষকের ঘরে যে ফসল আসছে, সেই ফসল আজকে তাদেরকে এই

দামে বিক্রি করতে হচ্ছে। স্বাভাবিকভাবে তারা দিন আনা দিন খাওয়া, এই তাদের রুজি রোজগার। এই যাদের রুজি রোজগার, তারা দাম পাচ্ছেন না। কেন ? কারণ, marketing system টাকে আমরা ঠিক করতে পারি নি। পশ্চিমবঙ্গ R.K.V.Y. -এর টাকায় ১৮৬টা কৃষি বাজার করেছেন। ১৮৬টা কৃষক বাজারের মধ্যে কটি কৃষক বাজার চলছে ? সেই বাজারগুলো ঠিক করুন, আমি মাননীয় মন্ত্রীকে বলব। শুধু building construction করলেই হয় না, সেটাতে সত্যিকারের বাজার যাতে চলে, সেখানে কৃষকরা যাতে আসতে পারে, সেটা দেখুন। এই সমস্ত কিছু বিষয় নিয়ে details -এ আলোচনা করার প্রয়োজন আছে। আমি জানি না তাড়াহুড়ো করে কেন আপনারা করেছেন, তাড়াহুড়ো করে যে বিল পাশ করা হয়েছিল, যে আইন করা হয়েছিল, সেই আইন parliamentary procedure follow করে করা হয় নি। সেই আইনকে আপনারা repeat করুন। আমরা তো অবশ্যই দাবী করব কেন্দ্রীয় আইনকে করতে হবে, করতে হবে। এই জন্য এখন ওরা স্থগিত রাখার জন্য বলছেন। তার মানে কী ? তাঁরা নিজেরাও জানেন এবং বলেছেন যে এখানে কতকগুলো প্রভিসান আছে, যে প্রভিসানগুলো কৃষক স্বার্থবিরোধী, স্বীকার করেছেন বি.জে.পি., প্রধানমন্ত্রী স্বীকার করেছেন। তার পর এগারোটা মিটিং হল, সেই এগারোটা মিটিংয়ে শুধু ধাক্কাধাক্কি চলছে। ওইটা হবে, এটা হবে। তারা কৃষি organizations -এর নার্ভ পরীক্ষা করছেন। এটা কোন সভ্য সরকারে হয় না। কোন সভ্য সরকার এই জিনিস করতে পারে না। বিশেষ করে কৃষকরা যারা খাওয়াচ্ছে, গ্রামের সাধারণ মানুষ থেকে আরম্ভ করে একবারে উঁচু তলার মানুষ – সবাইকে যারা খাওয়াচ্ছে, তাদের ধান ঝাড়া, ধান ভরা পরিশ্রম ছাড়া এই আমরা বাঁচতে পারি না, বাঁচতে পারতাম না। যাদের ধান ঝাড়া পরিশ্রমের বিনিময়ে আমরা ভালো খাচ্ছি, building construction হোক, Industry যাই হোক না কেন, সেগুলো তো আমরা চিবিয়ে চিবিয়ে খেতে পারব না। তাতে আমাদের পেটও ভরবে না আর আমাদের immunity ও আসবে না। আজকে immunity নিয়ে এত কথা বলা হচ্ছে, এই immunity -র বিশেষ প্রয়োজন হয়েছে এই বিশেষ করোনা ভাইরাসকে ফেস করার জন্য, এই করোনা ভাইরাসের সঙ্গে combat করার জন্য, সেই immunity আমরা কোথায় পাব ? এই কৃষকদের জন্য যদি আমরা সেটা করতে চাই তবে কৃষকদের marketটাকে ঠিক করার প্রয়োজন। অন্তত উল্লেখ থাকা উচিত ছিল যে agriculture, marketing, দুটোই state subject পাঞ্জাব যেটা করেছে, সেটা দেখিয়েই ওরা বলেছে, এই তিনটি যখন স্টেটের অধিকারে, তখন ইন্টারফেয়ার করে যে আইন তোমরা করেছ, সেই আইনকে আমরা সংশোধন করলাম। শুধু তাই নয়, তারা সেই আইনে M.S.P. -র কথা একবারে bold letter-এ লিখে রেখেছেন। তাই বন্ধুগণ, আপনারা নিশ্চয়ই বক্তব্যটা বুঝবেন, আপনাদের সকলের রুটটা হচ্ছে এই গ্রামে। সবাই আজকে কৃষকদের স্বার্থে, নিজেদের স্বার্থে নিশ্চয়ই গর্জে উঠছেন।

[2:10 – 2:20 p.m.]

কিন্তু এই সঙ্গে সঙ্গে বাংলায় যে ঘটনাগুলো ঘটছে। সেটাকে পুরোপুরি এখানকার আইন থেকে রিপিল করুন। রিপিল করে খোলনলচে পাল্টে আবার নতুন করে নিয়ে আসুন। এই প্রস্তাব রেখে আমি বক্তব্য শেষ করছি। At the same time এবং নিশ্চয়ই! আপনারা যে resolution-টা এনেছেন সেটাকে আমি ওয়েলকাম করছি, কিন্তু আমাদেরও এটা করার দরকার আছে। ধন্যবাদ স্যার।

Shri Ali Imran Ramz : Honourable Speaker Sir,

مرکزی حکومت کی طرف سے جو کسان مخالف قانون لایا گیا ہے جس کو لیکر 169 کے تحت ریزولیوشن بدھان سبھا میں لایا گیا ہے اُس کی میں حمایت کرتا ہوں اور ایک چیز میں بتانا چاہونگا کہ یہ کالا قانون مرکزی حکومت کی طرف سے جس طریقے سے لایا گیا ہے۔ یہ ہمارے دیس کی دستور ہند کے خلاف ہے کیونکہ رات کے اندھیرے میں جس طرح سے آرڈیننس پاس کیا گیا ہے کرونا کی آڑ میں، جب لوگوں کو سوشل ڈسٹینسنگ کی وجہ سے گھر سے نکلنے نہیں دیا جا رہا تھا۔ ہمارے بنگال کے تقریباً ۴۲ لاکھ مزدور جو دوسرے ریاستوں میں پھنسے ہوئے تھے وہ اپنے گھر نہیں آ پا رہے تھے۔ اور اُن کے سڑکوں میں نکلنے پر پولیس کے ڈنڈوں سے پیٹا جا رہا تھا۔ ان کو راستوں میں بیٹھا کر sanitized کیا جا رہا تھا۔ اور دوسری طرف رات کے اندھیرے میں آرڈیننس پاس کر کے یہ کریشی قانون لایا گیا ہے۔ یہ کسی بھی طرح سے کسانوں کے حق میں نہیں ہے۔ اس لئے اس کی مخالفت صرف دلی کی سرحدوں پر نہیں بلکہ پورے ہندوستان کے الگ الگ جگہوں پر ہو رہا ہے اور اسی کے ساتھ ۲۷ رجنوری کو میرے حلقہ چکلیہ میں اگرو گیامی کسان سبھا کی طرف سے میرے لیڈرشپ میں ۱۵۰۰ ٹرکٹروں کے ساتھ ہم لوگ اسلام پور سب۔ ڈویژن میں ایس ڈی او آفس میں میمورنڈم جمع دئے جو وزیراعظم کو بھیجا جائے گا۔ اُس میں جو مطالبات ہم نے رکھیں ہیں وہ مطالبات میں یہاں دھورانا چاہتا ہوں۔ پہلا مطالبہ یہ ہے کہ جو کریشی قانون لایا گیا ہے اس قانون کو repeal کیا جائے۔ اور آج مجھے خوشی ہے کہ بدھان سبھا میں اس پر ریزولیوشن لیا جا رہا ہے اس لئے میں اس کی حمایت کرتا ہوں۔ اس کے ساتھ جو دوسرا مطالبہ میں نے کیا تھا کہ ۶۲ دنوں سے کسان وہاں پر تحریک چلا رہے ہیں اُس میں جو کسان شہید ہوئے ہیں مرکزی حکومت کو سرکاری طور پر اُن کو شہیدوں کا درجہ دینا پڑے گا اور اُن کے فیملی کو دس لاکھ روپے بطور compensation دیا جائے اور ساتھ ہی ساتھ اُن کے فیملی کے کسی ایک ممبر کو سرکاری نوکری دینی ہوگی۔ یہ مانگ بھی ہم نے کیا تھا۔ اُس کے ساتھ یہ بھی کہا ہے۔ ایم۔ ایس سوامی ناتھن کمیشن کا جو رپورٹ آیا ہے سر، جو کسانوں کے حق میں ہے اور کسانوں کی مانگ ہے کہ اس رپورٹ کو لاگو کیا جائے۔ تو میں چاہونگا کہ ہمارے سدن میں اس بات کی بھی چرچہ ہو کہ سوامی ناتھن کمیشن کی رپورٹ کو بھی لاگو کرنے کی مانگ ہم لوگ یہاں سے مرکزی حکومت کے پاس بھیجے۔ چوتھا مانگ سر یہ تھا کہ NIA Act کے تحت ہمارے دیس کے کسانوں پر دیس برودی معاملہ درج کیا گیا ہے اور افسوس کی بات ہے کہ آج ہمارے مرکز کی سرکار ہمارے کسانوں کو خالستانی، پاکستانی اور دہشت گرد کہتی ہے۔ میں آج مودی سرکار کو اس سدن سے میں لعنت بھیجتا ہوں جو اپنے ہی دیس کے کسانوں کو جو ہمارے دیس کا انداتا ہے۔ جس کے وجہ سے دیس کا ہر گھر میں چولھا جلتا ہے۔ یہاں تک کہ وزیراعظم بھی ہمارے دیش کے انداتا کا ہی اُگایا ہوا اناج روٹی اور چاول کھاتے ہیں۔ اور اُن لوگوں کو وہ آج خالستانی، پاکستانی اور دہشت گرد کا خطاب دیتے ہیں۔ اُن کے اوپر جو دیس دروہی کا معاملہ درج کیا گیا ہے۔ یہ سرکار کو withdraw کرنا پڑے گا یہ بھی مانگ ہم کرتے ہیں سر۔

اس کے ساتھ ساتھ میں کہنا چاہنگا کہ جس طریقے سے یہ قانون لایا گیا ہے۔ اس قانون کو واپس لیا جائے۔ اس کے ساتھ ساتھ سر West Bengal Agriculture Produce and marketing Regulatory 2014 کا جو بل لاگیا ہے سر، اس پر بھی کچھ amendment ہم نے دیا ہے۔ اس amendment کو accept کیا جائے تو دونوں ملا کر اس بل کی مخالفت کرے اس کو repeal کیا جائے یہ مانگ میں کرتا ہوں۔ لیکن جو بل مرکزی حکومت کی طرف سے لایا گیا ہے۔ اُس بل کو repeal کرنے کا جو ریزولیوشن ہے۔ اُس کی میں پوری حمایت میں ہوں اور میں شکریہ ادا کرتا ہوں کہ اس کو ہاؤس میں لایا گیا ہے۔ یہ کہہ کر میں اپنی بات ختم کرتا ہوں۔

ডঃ আশিষ ব্যানার্জি : স্যার, প্রথমেই বলি যে কেন্দ্রীয় সরকার ভারতীয় সংবিধানকে এতটুকু মান্য করে চলেন না এবং কেন্দ্রীয় সরকারের সংবিধানের প্রতি কোন শ্রদ্ধাবোধ নেই, তাঁরা মর্যাদা দেন না, এবং শুধু তাই নয় কেন্দ্রীয় সরকার প্রতিপদে এই সংবিধানকে অবমাননা করে চলেছেন। স্যার দেখুন, Constitution of India-র যে State list তার সিরিয়াল নম্বর 14, সেখানে State লিস্টে আছে agriculture including agricultural education and research, protection and prevention of plant diseases. স্টেট

লিস্টের মধ্যে এগ্রিকালচার আছে। শুধু তাই নয় সংবিধানের সিরিয়াল নম্বর 28, সেখানেও বলছে, markets and fares, এটাও এই সংবিধানের মধ্যেই বিধিবদ্ধ অর্থাৎ কেন্দ্রীয় সরকার এগুলোকে মান্যতা দিয়ে তার ইচ্ছামত, খুশীমত কৃষক বিরোধী তিনটি আইন এনেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় খুব সংক্ষিপ্ত ভাবে এবং সংহত আকারে এই বিষয়টির বিশদ ব্যাখ্যা করেছেন। সুতরাং, এ ব্যাপারে আমার বিশদ কিছু বলার নেই। শুধু কয়েকটি কথা বলবো। এই যে অ্যাটেম্পট্, সংবিধানকে মান্যতা না দেওয়ার যে অ্যাটেম্পট্ এটা attempt to curbe the spirit of federalism. কেন্দ্রীয় সরকার স্টেট সাবজেক্টের ওপরে কোন রকম গুরুত্ব না দিয়ে, কোন মতামত না নিয়ে রাতের অন্ধকারে এই বিলটা পাশ করলো। গায়ের জোরে বিলটা পাশ করলো, সংখ্যার জোরে এই বিলটা পাশ করলো। সংবিধানকে বুড়ো আঙুল দেখিয়ে তাঁরা নানা ক্ষেত্রে এই কাজ করে চলেছেন। স্যার, আপনি ভাবুন এই যে, Farmers (Empowerment and Protection,) Agreement on price Assurance and Farm Services Act, যেটা করেছেন এটা frame work of contract farming. Agreement between farmers and buyers before sowing the crops. এ ব্যাপারে মাননীয়া মুখ্যমন্ত্রী খুব সদর্থক ভাবে, সুন্দর ভাবে বলেছেন। নীলকর সাহেবদের ইতিহাস আমরা জানি। আমরা জানি জমিতে দাগ দিয়ে দেওয়া হত। জমিতে দাগ দিয়ে বলা হত নীলচাষ তোমাকে করতে হবে। যদি না করতো তাকে চুনের গুদামে আটকে রাখা হত, শ্যামচাঁদ চাবুকে পিঠ ফাটিয়ে দেওয়া হত। এই ভাবে অত্যাচারের পর অত্যাচার চলতো। কৃষকদের ওপর এই অত্যাচার নীলকর সাহেবরা যে ভাবে করেছেন এই কেন্দ্রীয় সরকার ঠিক সেই ভাবেই করছেন। Before sowing the crops তারা বলে দেবে। ডিসপিউট-টা সেট্‌ল্ করবে কে ? Three level mechanism. The conciliation board, sub-divisional Magistrate and appellate authority. এটাও বলছেন, যে চুক্তিটা হবে কিন্তু it is not mandatory.

[2:30 – 2:40 p.m.]

এটা বাধ্যতামূলক চুক্তি নয় এবং এখানে কোন রিটেন কনট্রাক্ট হবে না। তাহলে যেখানে রিটেন কনট্রাক্ট হবে না সেখানে চাষি গিয়ে এই appellate অথরিটির কাছ পর্যন্ত গিয়েও কোন বিচার পাবেন? কোন সুবিধা পাবেন? যেখানে রিটেন কনট্রাক্ট হবে না এবং শুধু তাই নয় এখানে কোন পেনালাইজ করার অর্থাৎ কাকে পেনালাইজ করবেন? কোম্পানিগুলোকে? বড় বড় আদানি আম্বানিদের? এঁরাই মার্কেট ঘিরে নেবেন। এঁদেরকে পেনালাইজ করবার জন্য কোন রকম সুরাহা এই আইনে নেই। শুধু তাই নয়, আপনি দেখুন যে, এই এগ্রি বিজনেস কোম্পানি, corporate and traders, এটা তাঁরা অ্যালাউড হবেন কিসে? না সমস্ত জিনিস ফার্মারদের কাছ থেকে কিনবার এবং সবথেকে বড় কথা হচ্ছে ফার্মাররা যেটা বলেছেন যে new set, farm market set করতে হবে, মানে নি। প্রেজেন্টলি যে ফার্মার ট্রেডার্স, কর্পোরেট, agents, working inside the A.P.M.C. mandi এরাও unfair practice-এর সঙ্গে যুক্ত হয়ে যাবে। আমরা মনে করি যে শুধু তাই নয়, সবথেকে বড় কথা যে small, marginal farmers, এই স্মল মার্জিনাল

ফার্মার্স এর সংখ্যাটা অনেক বেশি। প্রায় ৮৬ পারসেন্ট স্মল মার্জিনাল ফার্মার্স আছে। সব থেকে বড় কথা হচ্ছে তারা যে প্রাইস ঠিক করে দেবে, যে দাম ঠিক করে দেবে সেই দামটাই whatever price they want – এটাই ফার্মার্সদের নিতে হবে, এটাই গ্রহণ করতে হবে। আর Essential Commodities Act., যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী খুব বিস্তারিতভাবে বললেন আমাদের Essential Commodities Act., সেই অ্যাক্টের দ্বারা সমস্ত কৃষকের অধিকার তাদের জিনিসপত্র রাখার অধিকার, তাদের জিনিসপত্র বিক্রি করার অধিকার সমস্তটাই হরণ হয়ে যাবে। আমরা মনে করি যে শুধু তাই নয়, আমরা দেখব যে স্মল মার্জিনাল ফামার্স যেটা হোর্ডিং এরা করতে পারবে সেই হোর্ডিং করবার কোন বাধা নেই, অর্থাৎ তারা যদি মনে করেন হোর্ডিং করবেন, সেই প্রমোটিং হোর্ডিংয়ের জন্য সরকার আইনটা করেছেন। তা ছাড়া আরো একটা বড় কথা হচ্ছে যে দাম চাইবার ক্ষেত্রে কি বলছেন? According to the Law, the Government can intervene only if there is 50% price rise over previous year's price in case of non-perishable goods and hundred per cent price rise over the previous years perishable goods, অর্থাৎ এই যে perishable goods, এর যদি দাম আগেরবার গতবার যা দেওয়া হয়েছে তার একশো পারসেন্ট যদি বাড়ে তবেই তাঁরা ইনটারফেয়ার করবেন। আর যদি পেঁয়াজের দাম চল্লিশ থেকে আশি টাকা করে দেয় কেউ তাহলেও কিন্তু সরকার কোন বাধা দিতে পারবেন না, সরকার হস্তক্ষেপ করবেন না। এবং এটা তো আপনারা জানেন বাড়াল, ৪৯ পার্সেন্ট বাড়ল, ৯৯ পার্সেন্ট বাড়ল, স্বাভাবিকভাবেই তাতে কোন হস্তক্ষেপ আর কেউ করতে পারবেন না, অর্থাৎ এই যে বিষয়টা, এই বিষয়ের বিরুদ্ধেই আজকে ডঃ পার্থ চট্টোপাধ্যায় আনীত যে প্রস্তাব, সেই প্রস্তাবকে আমরা সর্বান্তকরণে সমর্থন করছি, শুধু তাই নয় আমরা মনে করছি আইন বাতিলের যে দাবি করেছেন তা অত্যন্ত সঙ্গত এবং এটা হওয়া উচিত কারণ আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি কিন্তু, she has always stood by the side of small marginal farmers. সে জন্য আজকে কৃষকবন্ধু যার কাগজপত্র ঠিক নেই অর্থাৎ যাঁরা ওয়ারিশান সার্টিফিকেট পাননি তাঁরা যদি নিজেরাই বলে দেন যে আমি চাষ করি তাহলে সেই স্বঘোষণার মধ্য দিয়ে তাঁরা কিন্তু সেই সুবিধা পাচ্ছেন এবং পাবেন।

তার জন্য দুয়ারে সরকার করতে গিয়ে আমরা লক্ষ্য করেছি প্রায় আরো ১০ লক্ষ কৃষক যাঁরা কাগজপত্রের জন্য তাঁরা কৃষক হিসাবে চিহ্নিত হচ্ছিলেন না, এই কৃষক বন্ধুর সুবিধা পাচ্ছিলেন না আজকে তাঁরা সেই সুবিধাটুকু পাচ্ছেন এবং যাঁর ফলে আজ ভারতবর্ষের মধ্যে অন্যতম রাজ্য, একমাত্র রাজ্য পশ্চিম বাংলায় এই বিষয়টি মাননীয়া মুখ্যমন্ত্রী অত্যন্ত সংবেদনশীলতার সঙ্গে দেখেছেন এবং সেই জন্য এই যে বাঁধা সেই বাঁধাগুলো দূরীকরণ করেছেন। আমরা তাই মনে করি, আজকে ডঃ পার্থ চট্টোপাধ্যায় আনীত এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি এবং আইন বাতিলের যে প্রস্তাব সেটা দৃঢ়ভাবে সমর্থন করছি, নমস্কার।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কেন্দ্রের তিন তিনটি কৃষি আইন বাতিলের দাবিতে ১৬৯ নিয়মাবলীর যে রেজিলিউশান পরিষদীয় মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় এনেছেন তার উপরে আলোচনা চলছে। আমরা সবাই জানি যে কেন্দ্রের এই যে কৃষিবিরোধী মারত্মক তিনটি আইন ইতিমধ্যে কেন্দ্রের উভয় কক্ষে পাশ হয়ে গেছে রাষ্ট্রপতির সম্মতিতে তার বিরুদ্ধে দেশের লক্ষ লক্ষ কৃষক দিল্লির বর্ডারে শান্তিপূর্ণ অবস্থান করছেন তার সমর্থন জানিয়ে দেরিতে হলেও আজকে এই বিধানসভাতে আমরা সম্মতি জানাই যে অবিলম্বে এই তিন তিনটি কৃষকবিরোধী আইন বাতিল করা হোক। আমরা জানি, ১৯৫৫ সালে অত্যাবশ্যকীয় যে আইন সেই আইন বাতিল করা হয়েছে। এর ফলে একদিকে যেমন কৃষিপণ্যের দাম বাজারে গিয়ে কিনতে বাধ্য হচ্ছে সরকার। সেটা যেমন সরকার তার ঘাড় থেকে নামিয়ে দিয়েছে পাশাপাশি, এই আইনে যেটা ছিল দাম কত হবে, ঊর্ধ্বসীমা নির্দিষ্ট করা ছিল। আজকে দেখা গেল যে, এখানে মুজতদারীদের মজুত করার অধিকার দিয়ে দেওয়া হল। ফলে একদিকে যেমন অত্যাবশ্যকীয় পণ্য আইনের মাধ্যমে আজকে সাধারণ মানুষ নায্য দামে বিক্রি করতো। সরকার তার ব্যবস্থা করতেন। এমন পাশাপাশি যাতে কালোবাজারী না হয় তার জন্য এই ঊর্ধ্বসীমাটা নিয়ন্ত্রণ করতেন। আজকে তারফলে কৃষককে তার নায্য দাম থেকে বঞ্চিত হতে হচ্ছে। আর অন্য দিকে মজুতদারীকে মজুত করবার অধিকার দিয়ে দেওয়া হয়েছে। আর একটি আইন আছে সেটা হচ্ছে, আমাদের রাজ্যে যে কিষানমান্ডি, কৃষিবাজার আছে আজকে যে এগ্রিকালচার প্রোডিউস মার্কেট কমিটি দ্বারা নিয়ন্ত্রণ হত, সরকার নিয়ন্ত্রণ করত ব্যবসা, বাণিজ্য বিপণন করবার প্রশ্নে, আজকে সেখানে দেখা যাচ্ছে সেই আইনটাকে বদলে ফেলা হয়েছে। বদলে ফেলে এখানে সরকারের নিয়ন্ত্রণে যে বাজার সমিতিগুলো চলতো বা সরকারী এজেন্ট দিয়ে, মিল মালিক দিয়ে কৃষকের কাছ থেকে সহায়ক মূল্যে ধান কিনতেন, আজকে সেখানেও বাতিল করে দেওয়া হয়েছে। ফলে আজকে বাজারের উপরে ছেড়ে দেওয়া হয়েছে কৃষিপণ্যের কি দাম হবে। এই কৃষি বাজারের চৌহদ্দির মধ্যে কেউ ব্যক্তি মালিকানা বা গোষ্ঠী তারা সেখানে বাজার তৈরি করে বা মূলধন বিনিয়োগ করে কৃষকের কাছ থেকে যা খুশি দামে ফসল কিনবার যে ব্যবস্থা সেই ব্যবস্থা করে দেওয়া হয়েছে।

[2:40 – 2:50 p.m.]

অন্যদিকে যে চুক্তি চাষ, সেই চুক্তি চাষের মধ্য দিয়ে আজকে কৃষকদের শক্তিশালী করার কথা, কৃষকদের সুরক্ষা দেওয়ার কথা, সেখানে আজকে চুক্তি চাষের মধ্য দিয়ে যে সমস্ত কপোরেট বা বড় বড় ব্যবসায়ী, যারা আজকে বিনিয়োগ করবে, আজকে সেখানে তাদের খেয়ালখুশি মতন ফসলের দাম এবং ফসলের গুণগত মান বিচার করে কৃষকের কাছ থেকে তাদের ইচ্ছামত দামে সেই ফসল কিনবে। এই যে মারাত্মক তিনটি কৃষি আইন, যা কৃষক বিরোধী, যার জন্য সারা দেশ জুড়ে কৃষকরা আন্দোলন করছে এবং তার সমর্থনে দেশের সব অংশের মানুষ – বুদ্ধিজীবী থেকে শুরু করে, ছাত্র, শিক্ষক – সব অংশের মানুষ সেখানে সমর্থন করছে। আমি এই ক্ষেত্রে একটা প্রশ্ন সেখানে করতে চাইছি। মাননীয় পার্থ চ্যাটার্জী মহাশয়

এখানে আছেন। এখানে ২০১১ সালে সরকার আসার পরে আমরা দেখলাম ২০১৪ সালে যে আইন এখানে আনা হয়েছে, দুটি আইন - একটি ২০১৪ সালে এবং আর একটি ২০১৭ সালে, সেটা হচ্ছে দি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচার প্রডিউস মার্কেটিং রেজলিউশান অ্যাক্ট, ২০১৪ এবং দি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচার প্রডিউস মার্কেটিং রেজলিউশান অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট, ২০১৭ আজকে এর মধ্য দিয়ে আমাদের রাজ্যে যে সমস্ত কৃষি বাজার, যেগুলোকে বিপণন করত সরকারী নিয়ন্ত্রণে, সেখানে দেখা যাচ্ছে সেগুলোকে কর্পোরেটদের হাতে তুলে দেওয়ার বন্দোবস্ত হল। আজকে এখানে যে রেজলিউশান আনা হয়েছে, এর বক্তব্যের সঙ্গে ২০১৪ এবং ২০১৭ সালের সরকারের যে বক্তব্য, তারা যে আইনটা শিথিল করে দিল, অর্থাৎ কেন্দ্রীয় সরকার যে আইন আজকে রূপান্তর করেছে, ঠিক একই আইনে ২০১৪ এবং ২০১৭ সালে আপনি পশ্চিম বাংলাতেও এনেছেন। অর্থাৎ এখানে কর্পোরেটদের বিনিয়োগ করে দেওয়ার সুযোগ যেমন করে দেওয়া হয়েছে, পাশাপাশি এই মার্কেটে তাদেরকে ইলেকট্রনিক ট্রেডিং লাইসেন্স দিয়ে তাদেরকে বাজার দখল করার সুযোগ করে দেওয়া হয়েছে। কাজেই এই দুটো বক্তব্যের সঙ্গে একমত হতে পারে। সেই জন্য আমি বলব ২০১৪ এবং ১৭ সালে আমাদের রাজ্যে যেটা হয়েছিল, সেটা বাতিল হওয়া দরকার। সাথে সাথে কেন্দ্রীয় সরকারের কৃষক মারা যে আইন, সেই আইন বাতিল করবার জন্য আমরা রাজ্য সরকারের মাধ্যমে এই প্রস্তাব পাঠাতে চাই। আমি আশা করব সর্বসম্মতভাবে কেন্দ্রীয় সরকারের কৃষক মারা যে তিনটি আইন, সেগুলিকে অবিলম্বে বাতিল করা হোক। স্বামীনাথন কমিশনের যে রিপোর্ট, সেটাকে কার্যকরী করে যে এম.এস.পি., সেটা কার্যকরী করা হোক, এই দাবি রাখছি।

শ্রী অসিত মিত্র : স্যার, গভর্নমেন্ট রেজলিউশান আন্ডার রুল ১৬৯, ডঃ পার্থ চ্যাটার্জী মহাশয় যে রেজলিউশান এনেছেন, তার উপরে আমি বক্তব্য রাখছি। স্যার, পশ্চিমবঙ্গ শুধু নয়, সারা ভারতবর্ষে আমরা যখন করোনায় আক্রান্ত, যখন বিভিন্ন রকম বিপর্যয় আসছে, তখন আমরা দেখলাম যে, এই রাজ্যে তথা ভারতবর্ষে হঠাৎ করে তিনটি নতুন বিল আনা হল।

যে নতুন তিনটি বিল আনা হল তার একটা হল The Essential Commodities Act, (2) The Farmers produce Trade and Commerce Act আর একটা হল The Farmers Agreement on Price Assurance Act। এই তিনটে আইনের উপর অ্যামেন্ডমেন্ট আনা হল। স্যার, সবথেকে বড় কথা হল যখন আমাদের দেশ অত্যন্ত অর্থনৈতিক সঙ্কটের মধ্যে চলছিল সেই অর্থনৈতিক সঙ্কট এমন একটা সময় এসেছিল যখন সারা ভারতবর্ষে তার বিরুদ্ধে একটা চিৎকার হচ্ছে ঠিক সেই সময়েই আমরা যেটা আশা করেছিলাম কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই ঘটনা ঘটবেই, বি.জে.পি. সরকারের কাছ থেকে এই ঘটনা ঘটবেই, ঠিক সেই ঘটনাটাই ঘটল। আমরা যারা রাজনৈতিক স্তরে কাজ করি অথবা যাদের চিন্তা বোধ আছে, যাদের ভাবনা আছে আমরা বি.জে.পি. কে কোন চোখে দেখি। মাননীয়া মুখ্যমন্ত্রী বলছিলেন আমাদের নিজেদের মধ্যে অনেক জায়গাতে আদর্শের ফারাক আছে, আমাদের চিন্তার ফারাক আছে। তা সত্বেও আমরা অনেক সময় অনেক বৃহত্তম ঘটনায় একটা

জায়গায় জড়ো হয়ে সর্বদলীয় ক্ষেত্রে চিন্তা করি। কথাটা অসত্য নয়, কথাটা সত্য। এই ঘটনা অনেক সময়ই ঘটেছে। ভারতবর্ষ যখন খুব বিপজ্জনক অবস্থায় চলে গেছে কখনও পররাষ্ট্র আক্রমণে, কখনও অর্থনৈতিক ঘটনায়, কখনও এমন কোন প্রাকৃতিক দুর্যোগের ঘটনা তখন অনেক সময়েই বিরোধী রাজনৈতিক দল শাসক দল এক জায়গায় দাঁড়িয়ে তারা লড়াই করেছে এবং সেটা অধিকাংশ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা দেখেছি। কিন্তু এই সময় যে ঘটনাটা ঘটল সেটাতে বিরোধী রাজনৈতিক দলকে বি.জে.পি সরকার কোনমতে তাঁরা তাঁদের সঙ্গে আহ্বান করলেন না, বসলেন না, চিন্তা করলেন না এবং এতবড় একটা মেজর ব্লান্ডার যেখানে হতে যাচ্ছে সেই অবস্থায় তাদের সঙ্গে কোন চুক্তিও করলেন না। তার ফলে যে তিনটে অ্যামেন্ডমেন্ট করা হল সেই তিনটে অ্যামেন্ডমেন্টই চূড়ান্তভাবে একটা ভুল রেখা টানল এবং তার ফল এখন সারা ভারতবর্ষ ভোগ করছে। স্যার, আমি আপনার কাছে একটা কথা বলতে চাই সবার আগে সেটা হচ্ছে যে এই সময় বিপদটা কি ছিল - অতিমারীর সময় অর্থনৈতিক কাজকর্ম প্রায় বন্ধ হয়ে যাওয়ার মতন অবস্থা হয়ে দাঁড়ায়। আমরা দেখেছি জি.ডি.পি. অর্থাৎ মোট অভ্যন্তরীণ উপাদান ভয়ঙ্কর নেতিবাচক হয়ে দাঁড়ায় দ্যাট ওয়াজ 23.9। আমরা দেখলাম যখন এই বিল পাশ হচ্ছে তখন আমাদের জি.ডি.পি. গিয়ে দাঁড়িয়েছে ২৩.৯। কৃষিক্ষেত্রে সেই উৎপাদন ধ্বনাত্বক হয় ৩% এর কিছু বেশি। যে কৃষকরা আমাদের দেশকে বাঁচায়, যে কৃষকরা আমাদের দেশের সমস্ত বিপদে তাদের নিজের বাড়ির অন্ন তুলে দেয়, সমস্ত দেশকে একটা জাগ্রত জায়গায় নিয়ে যায় সেটা ৩% এর কিছু বেশি অর্থাৎ কৃষকরা এই জায়গাটা সচল রাখে, কৃষিপণ্য উৎপাদন সচল রাখে। অন্য দিকে কর্পোরেট ক্ষেত্র–প্রবল সঙ্কটের মুখে তখন কৃষিক্ষেত্র। কর্পোরেট ক্ষেত্র তাদের লালসা এমন জায়গায় যায় যে তারা সমস্ত শোষণগুলি একটার পর একটা করতে থাকে। এই সময়টাতে কর্পোরেট সেবাদাস অর্থাৎ মোদী সরকার এই সিস্টেমটাকে উপযুক্ত মনে করল This is the high time to introduce these rules. এই তিনটে রুলস প্রয়োগ করলে সমস্ত জায়গাতেই যারা অতিরিক্তভাবে শাসন, শোষণ করছে, যারা বড় বড় ব্যবসাদার তারা লাভ করছে।

[2:50 – 3:00 p.m.]

এই জায়গায় আমরা এলাম। সেটি তিনটি রুল। এর বিরুদ্ধে আজকে প্রতিবাদ করতে গিয়ে যখন আমরা সকলে প্রতিবাদ করছি, আমাদের দল প্রতিবাদ করছেন, বামপন্থী দলগুলি প্রতিবাদ করছেন, তৃণমূল ও কখনও কখনও প্রতিবাদ করেছেন। আমি বলছি সেই জায়গায় আমরা এখন কি করব? স্যার, একটা কথা বলছি, অস্বীকার করলে হবে না, আমি যখন এই কথাটা বলি যে, বেঙ্গল - পশ্চিমবঙ্গ সমস্ত ক্ষেত্রে অনেক আগে চলে যায়, অনেক আগে চিন্তা করে, অনেক আগে ভাবনা করে, কিন্তু এই বিল গ্রহণ করার সময় আমি আপনাদের কাছে বলব, আমরা কিন্তু সঠিক সময়ে সাড়া দিতে পারলাম না, আমরা বিধানসভায় সঠিক সময়ে সাড়া দিতে পারলাম না। আমাদের মাননীয় বক্তা তিনি বললেন যে, আমরা এই আইনটা যখন করছি, এই আইনটা নিয়ে যখন আজকে আলোচনা করছি, তার অনেক আগে পাঞ্জাব

এই জায়গা তারা তৈরী করে ফেলেছে। শুধু তাই নয়, নেতিবাচক দিক থেকে নয়, যেটা আজকে এখানে পার্থ বাবু প্লেস করেছেন, সেটা স্যার নিঃসন্দেহে গ্রহণযোগ্য। কিন্তু একটা জায়গায় চিন্তা হচ্ছে আমাদের আমরা কি শুধুমাত্র প্রতিবাদ করে এটা বলব ? আমরা কি কোন আইনটাকে এ্যামেন্ডমেন্ট করার জন্য আমাদের এখান থেকে সেই চিন্তা - সেই ভাবনা নিয়ে আমরা কি এখান থেকে নতুন আইন একটা প্রবর্তন করার কোন প্রস্তাব এখানে আছে বলে আমার মনে হয় না অর্থাৎ আমরা এটা চেক করছি, আমরা এটার সমালোচনা করছি, আমরা বলছি যে, এই আইন বাতিল করতে হবে। ঠিকই করেছে। বাট হোয়াট ইজ এ্যান অল্টারনেটিভ ? আমরা কি করব ? আমাদের অল্টারনেটিভটা কি ? এ ক্ষেত্রে আমরা কিন্তু সে কথা চিন্তা করলাম না। আমরা সে কথা বললাম না। এইরকম আমাদের পরে পরে অবস্থাটা কি দাঁড়িয়েছে ? খাদ্য সঙ্কটের সময়ে এই সকল পণ্য ন্যায্য দামে উপভোক্তাদের কাছে পৌঁছে দেওয়ার জন্য সরকারের আর কোন দায়িত্ব রইল না। সরকারের তো একটা দায়িত্ব থাকে। খাদ্যসঙ্কটের সময়ও সেই দায়িত্ব রইল না। গণবণ্টন ব্যবস্থা রুগ্ন হয়ে পড়েছে এবং সেটা রুগ্ন হয়ে এমন পড়ছে যেন দেহত্যাগ করবে, আর ঐসব পণ্যের বাজার, তোলাবাজার, যেসব দামে মজুত করা যাবে বৃহৎ কর্পোরেট ব্যবসায়ীরা সেখানে সেই জায়গায় নিয়ে যাবে। আমি যে কথা বলতে চাইছি, আজকে দেখুন মানুষের চোখে ধুলো দিয়ে যুদ্ধ, মহামারি হলে - আমি যে কথা কিছুক্ষণ আগে আপনাদের কাছে বললাম, সেটা কি বলছে ? কোন সময়ে তারা হস্তক্ষেপ করবে ? কেন্দ্রীয় সরকার কোন সময়ে হস্তক্ষেপ করবে ? কেন্দ্রীয় সরকার সেই সময়ে হস্তক্ষেপ করবে - যখন মানুষের চোখে ধুলো দিয়ে সরকার বলছে, যুদ্ধ ও মহামারি হলে কোন কোন পণ্যে ১০০ শতাংশ দাম বৃদ্ধি হলে - সব্জীর ক্ষেত্রে ৫০ শতাংশ দাম বৃদ্ধি হলে সরকার হস্তক্ষেপ করবে। তাহলে কি আমরা যুদ্ধ আর মহামারির জন্য অপেক্ষা করব? স্যার, আমি আপনাদের কাছে বলছি, এই যে চিন্তাটা, এই যে বলছে ১০০ শতাংশ অর্থাৎ কোন জিনিসের দাম যদি এক হয়, তাহলে তার ১০০ শতাংশ বৃদ্ধি হলে মানে ১০০ টাকা হলে তখনই তারা সেই আইনের বিরুদ্ধে কথা বলবে। এটা পণ্য। আবার সব্জীর ক্ষেত্রেও রয়েছে। ওয়ান হানড্রেড পার্সেন্ট বাড়লে পণ্যের ক্ষেত্রে এই সরকার, এই বি.জে.পি. সরকার, এই ধুরন্ধর সরকার, যারা সর্বনাশ করছে, এরা ব্যবসায়ীদের সরকার তখন সেইটা ব্যবহার করবে। এক টাকার পরিবর্তে ১০০ টাকা হলে। সব্জীর ক্ষেত্রে কত ? সব্জীর ক্ষেত্রে ৫০ শতাংশ দাম বৃদ্ধি হলে তখন সরকার হস্তক্ষেপ করবে। অর্থাৎ একটা সব্জীর দাম যদি এক টাকা হয়, সেটা বেড়ে যদি ৫০ টাকা হয়ে যায় তখন আমাদের কেন্দ্রীয় সরকার সেখানে হস্তক্ষেপ করবে। আমি আপনাদের কাছে আর একটা কথা বলছি, সেটা হল যে, আরও দাম বৃদ্ধির ফলে কৃষক নাকি লাভবান হবে। কিরকম লাভবান ? এর থেকে চরম ধাপ্পা আর কিছু হয় না। এরা বলছে, কৃষকরা এই ব্যবসাটাই করবে যেটা বলছে এটা কৃষকদের জন্য করা হচ্ছে। কৃষকরা কিরকম ব্যবসা করবে ? কৃষকরা যারা ৭০০ টাকা কুইন্টাল দরে বিক্রী করছে, এখন সেটা ৩৫০০টাকা কুইন্টাল। এতে কী কৃষক লাভবান হবে, না ফোড়েরা লাভবান হবে ?

ঠিক কথা স্যার। আমি যে কথাটা আপনার কাছে বলতে চাইছি। এখন বাজারে হাটে আমরা যে কিনি সেখানে আলুর দাম ৫০টাকা কেজি হল। আলুর দাম পঞ্চাশ টাকা কেজি হল। কত দামে আমরা বিক্রি করেছিলাম ? দশ টাকা। এক সময়ে কিনলাম ২০টাকা, ১৫টাকা। সেই আলুটা যখন বিক্রি হচ্ছে তখন কততে ? সেটা অনেক দামে সাতশো টাকা কুইন্টাল দামে বিক্রি করছে। সাতশো টাকা কুইন্টাল দরে বিক্রি করছে। স্যার, আমি যেটা বলতে চাইছি, তাতে কি হল ? সাতশো টাকার জিনিস তিন হাজার পাঁচশো টাকা কুইন্টাল দরে যখন বিক্রি হবে তাতে লাভটা কার হবে ? লাভটা অন্য কারো হবে না। লাভটা হবে ফড়ের, লাভটা হবে ব্যবসায়ীদের। লাভটা হবে একদম উর্দ্ধতন ব্যবসায়ী যারা তাদের। লাভটা হবে বড়বাজারে যারা বসে আছে, সুতরাং এই যে পদ্ধতি এই পদ্ধতিটা আমাদের চরম সর্বনাশ করছে। তাহলে আমরা কী করব? তাই আমরা প্রতিবাদ করেছি। কখনো কংগ্রেস প্রতিবাদ করেছে, কখনো বামফ্রন্ট করেছে, কখনো অন্য কোন দল করেছে। কখনো আপনারা করেছেন, কখনো অন্য দল করেছে। কিন্তু কথা হচ্ছে প্রতিরোধ, প্রতিবাদের পথটা কি ? আমরা কোন জায়গায় দাঁড়াব। স্যার, সরকার বলছে, কোন সরকার না মোদী সরকার। মোদী সরকার কী বলছে স্যার ? মোদী সরকার বলছে স্যার যে এই সংশোধন কৃষক স্বার্থে এবং কৃষক মুক্ত হলো জীবন যন্ত্রণা থেকে। আমাদের কথা হলো হা, জীবন যন্ত্রণা থেকে চিরকালীন মুক্তি পেয়ে সে মৃত্যুর দিকে এগিয়ে গেল। স্যার, আমি এইটুকু বলব যে এসেনশিয়াল কমোডিটিস অ্যাক্ট যেটা পন্ডিত জওহরলাল নেহরু ১৯৫৫সালে এই অ্যাক্ট চালু করেছিলেন। জিনিসপত্রের দাম বাড়লে তাকে রোধ করা হবে। আমাদের সেই আইনটা ছিল এইরকম। কিন্তু সেই আইনটাকে হুবহু পরিবর্তন করে দিল। স্যার, আমি শেষে যেটা বলতে চাই যে এক দেশ এক বাজার। স্যার, এটা কী ভাবে হবে ? এক দেশ, এক বাজার অর্থাৎ এটা চলবে না। তারা যেটা করবে সেটাই হবে। তৃতীয় আইন বিশ্লেষণ করে ভবিষ্যতে দাসত্বর সনদের ব্যবস্থা করেছে। এটার বিরুদ্ধে আমাদের আন্দোলন করতে হবে। স্যার, রাজ্য সরকারের কাছে আমি আবেদন করব পার্থ বাবুদের কাছে আবেদন করব আপনাদের এই বিল, যে ভাবে প্রতিবাদ করছেন ঠিক আছে, কিন্তু এই বিলের বিরুদ্ধে অন্যান্য জায়গায় পাঞ্জাব থেকে শুরু করে অন্যান্য রাজ্যে যে ভাবে হচ্ছে এটা আপনারা করুন এইটা যদি করতে পারেন তাহলে বলব সঠিকভাবেই আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি। ধন্যবাদ।

শ্রী বেচারাম মান্না : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভর্ণমেন্ট রেজলিউশন আন্ডার রুল 169 এ যে প্রস্তাব আমাদের মাননীয় মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। কেন্দ্রের বি.জে.পি. সরকার যে তিনটি বিল এনেছেন আমাদের শুধু কৃষক সমাজের নয় সমগ্র ভারতবর্ষের নাগরিকদের ক্ষেত্রে একটা ভয়ঙ্কর বিপদ এনে দিয়েছে। কৃষকদের যে রকম আত্মহত্যার পথ বেছে নিতে হবে, ভারতবর্ষের নাগরিকদেরও কৃষি পণ্য ভয়ঙ্কর চড়া দামে কিনতে হবে। এখানে কৃষকদের উৎপাদন, ব্যবসা ও বাণিজ্য প্রসার ও সুবিধাদি সংশোধনী আইন ২০২০, কৃষকদের ক্ষমতায়ন ও সুরক্ষা মূল্য আশ্বাস এবং খামার পরিষেবা চুক্তি সংশোধনী আইন ২০২০ এবং অত্যাবশ্যকীয় পণ্য আইন ২০২০।

[3:00 – 3:10 p.m.]

এই আইন এর মূল কথা স্যার, আমি নিজে কিষাণ বাড়ির ছেলে, এখনও নিজে হাতে আমি চাষ করি - এই আইনে যে আসছে সেটা হল আমি চাষ করব, আমি ফসল ফলাব, তার দাম কত হবে তা আমি নির্ধারণ করতে পারব না। আমাদের রাজ্য সরকারেরও নির্ধারণ করার ক্ষমতা এত দিন ছিল, কিন্তু এই আইনের ফলে এই ক্ষমতাও হারাতে চলেছে। এবং আমি যে কৃষি পণ্য উৎপাদন করব, অ্যাকচুয়ালি এই আইনে পুঁজিপতিদের সওদা করা হয়েছে। তাদের মুনাফা লাভের জন্য এই ব্যবস্থা করা হয়েছে। কৃষকদের থেকে ১০ টাকায় সব্জী কিনে পুঁজিপতিরা ওই সব্জী একমাস কী দেড়মাস ধরে গোডাউনে রাখবে বা স্টোর করবে, সেটা একমাস বা দেড়মাস পরে সেই দশ টাকার মালটা ১০০ টাকায় কিনে খেতে হবে। এটাই হচ্ছে আইনের মূল কথা, এটাই অত্যবশকীয় আইন। আগামী দিনে এই আইন চালু হলে আমি কৃষক হিসাবে হাটেবাজারে আর ঝুড়ি করে বাঁধাকপি, ফুলকপি, ঝিঙ্গে, আলু, পটল আর বিক্রি করতে পারব না। এই আইন চালু হলে পুঁজিপতিরা কৃষকদের সমস্ত মাল কম দামে কিনে শহরে যে শপিংমলগুলি তৈরী হয়েছে এই শপিংমলগুলি পুঁজিপতিদের আন্ডারে চলে যাবে। সাধারণ মানুষকে হাটে বাজারে ঝুড়িতে মাল না কিনে পুঁজিপতিদের এই শপিং মলে আমাকে কাঁচের দরজা ঠেলে কাঁচের শো কেসে সাজানো আলু, ঝিঙ্গে, ফুলকপি, বাঁধাকপি, পটল, বেগুন সবকিছু কিনতে হবে। ১০ টাকার মালটা আমাকে ১০০ টাকায় কিনতে হবে অর্থাৎ শুধু সাধারণ লোকের সর্বনাশ নয়, এটা সর্বস্তরের মানুষ যাঁরা কৃষিপণ্য কিনে খান, তাঁদের আজকে সর্বনাশ ডেকে এনেছে এই আইন। আর চুক্তি চাষ হচ্ছে ভয়ঙ্কর ব্যবস্থা। আমাদের নীল বিদ্রোহের কথা মনে করিয়ে দিচ্ছে। স্যার, আমাদের বাপ ঠাকুর্দার মুখে শুনেছিলাম যে নীল আমাদের দেশে কিছু কাজে লাগত না। কিন্তু নীলকে বিদেশের বাজারে বিক্রি করে ইংরেজরা অনেক মুনাফা অর্জন করত। এই নীল চাষ আমাদের বাপ-ঠাকুর্দার কাছে অনীহার বিষয় ছিল। তার জন্য নীলকুঠিতে তুলে নিয়ে গিয়ে ইংরেজরা যাদের অনীহা দেখত তাদের চাবুক দিয়ে মেরে অত্যাচার করত। মা বোনেদের ইজ্জত পর্যন্ত দিতে হত। সেই নীলবিদ্রোহের দিগম্বর বিশ্বাসের মত নেতাদের কথা আজকে মনে করিয়ে দিচ্ছে। চুক্তি চাষের মধ্যে একবার আবদ্ধ হলে এই জমি কৃষক আর ফেরত পাবে না। জমি আমাদের মা। মাকে আমরা ভালোবাসি। তাই মাকে কোন দিন চুক্তিতে আবদ্ধ হতে দিতে চাইছি না। সেই জন্য সারা ভারত জুড়ে আজকে আন্দোলন শুরু হয়েছে। আজকে চুক্তি চাষের ব্যাপারে এই আইনের মধ্যে পরিষ্কারভাবে লেখা রয়েছে চুক্তি চাষে আবদ্ধ হলে যদি প্রাকৃতিক বিপর্যয়ে ফসল নষ্ট হয়ে যায়, তাহলে চুক্তির মাধ্যমে পুঁজিপতিরা কৃষককে টাকা দেবে না। এই টাকা না দিলে আমি এস.ডি.জে.এমে. যেতে পারব না। আমি জজ কোর্টে যেতে পারব না। আমার এই আইনে প্রভিশান রয়েছে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে আবেদন করতে হবে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যদি এই আবেদন বাতিল করে দেন, তাহলে আমাকে সরাসরি হাইকোর্টে যেতে হবে। হাইকোর্টে যদি আমি পুঁজিপতিদের আইনী লড়াইয়ের কাছে হেরে যাই, তাহলে আমাকে

সুপ্রিম কোর্টে যেতে হবে। আপনারা বলুন আমাদের এই ভারতবর্ষে যেখানে ৮৬% কৃষকের মধ্যে প্রায় ৭০%কৃষক হচ্ছে প্রান্তিক। কার ক্ষমতা রয়েছে হাইকোর্টে সুপ্রিম কোর্টে একজন দামী ল-ইয়ার দিয়ে আইনী লড়াই করবে? কার ক্ষমতা রয়েছে? আমি সিঙ্গুর আন্দোলন করতে গিয়ে দেখেছি যে টাটাদের মত পুঁজিপতিদের আইনী লড়াইয়ের কাছে আমাদের অসম লড়াই ছিল। সেদিন আমরা মনে করেছিলাম জমি আমরা আর ফেরত পাব না। কিন্তু তৎকালীন আন্দোলনের নেত্রী মমতা বন্দোপাধ্যায় বর্তমান রাজ্যের মুখ্যমন্ত্রী, তিনি যদি আমাদের পাশে না থাকতেন, কল্যান বন্দোপাধ্যায়ের মত আইনজীবি আমাদের পাশে না থাকতেন, মনু সিংভির মত আইনজীবি সুপ্রিম কোর্টে আমাদের সহযোগিতা না করতেন, সর্বোপরি আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় না থাকতেন সেই লড়াইয়ে, তাহলে আমরা সেই জমি ফেরত পেতাম না।

তাই এই আইন ভয়ঙ্কর পরিবেশ তৈরি করেছে। আজকে লড়াই শুরু হয়েছে স্যার। আমি নিজেও সিঙ্গুর শুধু নয়, সারা পশ্চিমবঙ্গের কৃষককে নিয়ে লড়াই করেছি। সেপ্টেম্বর মাসে এই বিল যখন নিয়ে আসে স্যার, তখন ধান কেটে নেবে, আমরা প্রতিবাদ করেছি। সারা বাংলায় প্রতিটি অঞ্চলে, প্রতিটি ব্লকে আমরা অবস্থান বিক্ষোভ করেছি। গান্ধী মূর্তির পাদদেশে সেপ্টেম্বর মাসের শেষের দিকে আমরা তিন দিন অবস্থান করেছি। রক্ত দিয়ে কৃষকরা লিখেছে স্যার যে, এই কালা আইন আমরা মানছি না, আমরা জমি চুক্তিতে আবদ্ধ হ'তে চাইছি না। আজকে জেনে রাখবেন, যে আন্দোলন শুরু হয়েছে - আজকে দিল্লির বুকে প্রায় দু'মাসের বেশি অবস্থান। প্রচন্ড শীত, বৃষ্টি হচ্ছে স্যার। তা সত্বেও সেখানে তারা বসে রয়েছে। তারা অনেক কষ্ট করেছে, ধৈর্য ধরেছে। প্রজাতন্ত্র দিবসে সুপ্রিম কোর্টের নির্দেশ ছিল প্যারেড় করার, ট্র্যাক্টর মিছিল করার। কিন্তু সেখানে পুলিশ দিয়ে পরিচালিত করা হ'ল। আন্দোলনকে ছোট করার জন্য বিচ্ছিন্নতাবাদী, খালিস্তানি - এইসব তকমা আজকে সাঁটিয়ে দেওয়া হচ্ছে। এটা একটা ভয়ঙ্কর পরিবেশ। আজকে জেনে রাখবেন, আমাদের মনে রয়েছে স্যার - এই বিধানসভায় তৎকালীন মুখ্যমন্ত্রী বলেছিলেন, আমরা ২৩০, কে আমাদের রুখবে ? বাধা দিতে গেলে মাথা গুঁড়িয়ে দেবো। আজকে সংখ্যার অহমিকায় আজকে জেনে রাখবেন, সিঙ্গুর, নন্দীগ্রাম আন্দোলনের পর ২০১১তে এমন ধাক্কা দিয়েছিল, আজও কোমর সোজা করে দাঁড়াতে পারে নি। আর এই আইনে আমরা বলে দিচ্ছি, মানুষ প্রতীক্ষা করছে - ভারতবর্ষের কৃষক আগামি দিন কেন্দ্রের বি.জে.পি. সরকারকে আবারও জোড়া লাথি মারবে, যে লাথির চোটে বি.জে.পি.-র কোমর ভেঙ্গে যাবে এবং নরেন্দ্র মোদীকে দিল্লী মসনদ থেকে চলে যেতে হবে। তাই এই প্রস্তাবকে সমর্থন করে সমস্ত বিধায়কদের অনুরোধ করবো, এই প্রস্তাবকে আপনারা সমর্থন করুন, কৃষকদের পাশে থাকুন। নমস্কার, ধন্যবাদ।

ডঃ সুজন চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, একটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের হাউসে আজকে চর্চা হচ্ছে। রেজলিউশন এনেছেন। এটা খুবই প্রয়োজনীয় ছিল। যদিও অনেকটা দেরি হয়ে গেছে বলে আমার ধারণা। ২০শে সেপ্টেম্বর রাজ্য সভায় এই বিল যখন

পাশ করানো হয় জোর করে, তারপর ২৪শে সেপ্টেম্বর আমরা যৌথভাবে সরকারকে চিঠি দিয়েছিলাম যে, আমাদের প্রতিশোধমূলকভাবে বন্দোবস্ত করার জন্য বিধানসভা ডাকা হোক। এই নিয়ে পর পর চার বার আমরা চিঠি দিয়েছি। তাতে সরকার গুরুত্ব দেননি। আজকে যখন কার্যতঃ গোটা দেশে আন্দোলনটা ছড়িয়ে পড়েছে, বিভিন্ন রাজ্যগুলো যখন তাদের ভূমিকা পালন করছে, তখন প্রায় শেষের দিকে এসে, যখন বিল স্থগিত রাখার কথা সরকার ঘোষণা করেছে, তখন আমরা এনেছি – খানিকটা দেরি হয়ে গেলো বলে আমার ধারণা। এটা আরো আগে করা উচিৎ ছিল। তবে বেটার লেট দ্যান নেভার। স্যার, এই আইনের বিরুদ্ধে দেশের কৃষক মোদীজীর চোখে চোখ রেখে যেভাবে ধৈর্যশীল, দৃঢ়, শান্তিপূর্ণ এবং অভূতপূর্ব আন্দোলন চালিয়ে যাচ্ছেন, তার প্রতি আমাদের অকুণ্ঠ সমর্থন জানানো উচিৎ সবার। আমি এই প্রসঙ্গে আপনাদের শুধু বলব, এই আন্দোলন করতে গিয়ে ইতিমধ্যে দেড়শোর মতন কৃষক মারা গেছেন। আপনি বিবেচনা করবেন, আমার মনে হয় তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আমাদের শোক জ্ঞাপন করা উচিৎ। আজকের এই অধিবেশনে সেটা খুব যথার্থ হবে বলেই আমার ধারণা। আপনি নিশ্চয়ই বিবেচনা করবেন। স্যার, এই আলোচনাটা যেহেতু আমরা গত ২৪শে সেপ্টেম্বর থেকে বলছি, সেই অনুযায়ী প্রস্তাবও করেছি, বলেওছি, সরকারের সঙ্গেও কথা বলেছি। কিন্তু দুর্ভাগ্য যে, আমাদের সেই প্রস্তাবটা কার্যতঃ গ্রহণ করা হ'ল না এই বলে যে, সরকার একটা প্রস্তাব দিয়েছে ইত্যাদি ইত্যাদি, অতএব দু'টো প্রস্তাব কী করে হয় হ্যাভিং দি সেম্ কন্টেন্ট, সেম্ স্পিরিট্।

[3:10 – 3:20 p.m.]

আমি এখানে উল্লেখ করবো স্যার, আপনার রুলিং-এ ১১.৭.২০১৯, ১১ই জুলাই ২০১৯ সাম্প্রদায়িকতা বিরোধী একটা resolution আমরাও দিয়েছিলাম, পার্থবাবুও দিয়েছিলেন, almost same spirit, নিশ্চয়ই কিছু কথাবার্তার ফারাক ছিল, এবং সেই কারণেই discussions-টা আপনার অর্ডারেই the discussion was held together এবং the composite motion was carried. আমি শুধু আপনাকে উল্লেখ করলাম যেহেতু বলছিলেন যে না এই রকম হয় না আমাদের হাউজে। ১১.৭.২০১৯-এর রেফারেন্স দিলাম। আমাদের প্রস্তাবটাকে সঙ্গে নিয়েই এটা করার সুযোগ ছিল এবং সেটা করাটাই সমীচীন ছিল বলে আমার ধারণা। স্যার, আমাদের দেশের শ্রম শক্তির 43.3% হচ্ছে কৃষিজীবী, বড়, ছোট সব মিলিয়ে। এই আন্দোলনটা শুধুমাত্র বড় কৃষকদের, মাঝারি কৃষকদের, ছোট কৃষকদের এই ভাবে চিহ্নিত না করে এটা সার্বিকভাবে কৃষকদের লড়াই, অধিকার রক্ষার লড়াই, সার্বিকভাবে আমি বোধ করি নিশ্চয়ই সবাই সহমত হবেন। মানুষের খাদ্য নিরাপত্তা রক্ষার লড়াই তার সঙ্গে এটা যুক্ত। এটা একটা বড় লড়াই, সেই ভাবেই দেখা উচিত। এটা ফিন্যান্স ক্যাপিটালের বিরুদ্ধে, কার্যত কর্পোরেট পুঁজির বিরুদ্ধে। আমাদের দেশের সমস্ত ধরনের কৃষকদের একটা ঐক্যবদ্ধ লড়াই। লড়াইয়ের নতুন dimension আমাদের সামনে এনে হাজির করছে, এই লড়াইকে সমর্থন করার কোন বিকল্প আমাদের কাছে থাকতে পারে না। একটু নতুন ধরনের কিন্তু এই লড়াইটা

খুব শক্তিশালী লড়াই এটা আমরা সবাই বুঝতে পারছি। স্যার, এই লড়াইটা হচ্ছে ordinance জারির সময় থেকে। অর্ডিন্যান্সটা জারি হলো জুন মাসে, যখন লকডাউন চলছে লক্ষ লক্ষ কৃষক তাতে যুক্ত। সেই আন্দোলন চলতে চলতে শীতের মধ্যে যে ভাবে তারা লড়াইতে আছে আমরা সবাই জানি, অভিভূত হতে হয়, সবাই ছবিগুলো দেখেছেন। তার পরে কৃষক প্যারেড, আমিতো মনে করি environmental criminal Bolsonaro-কে নেমন্তন্ন করে দিল্লিতে প্রজাতন্ত্র দিবস আমাদের মর্যাদা বাড়ায় না, কিন্তু এবারের প্রজাতন্ত্র দিবসে বস্তুতপক্ষে অতিথি ছিলেন আমাদের কৃষক প্যারেডের বন্ধুরা। তাঁদের মনোভাব ছিল তাঁরা রাজাতন্ত্র চান না, তাঁরা রানীতন্ত্র চান না, তাঁদের মূল কথা হচ্ছে প্রজাতন্ত্র ফিরিয়ে দাও। তাঁদের প্রতি আমাদের পূর্ণ সমর্থন থাকতেই হবে। এই আন্দোলন এতটা সফল বলেই শাসকদল হয়তো মারতে ভয় পেয়েছে দিল্লিতে। আমি দিল্লির কথা বলছি, সেই কারণেই বদনাম করার জন্য সব ধরনের ষড়যন্ত্র, প্রচেষ্টা আমার আগের বক্তারা বলেছেন, আমি তাতে যাচ্ছি না। এই ধরনের প্রচেষ্টার বিরুদ্ধেও আমাদের রুখে দাঁড়াতে হবে। বাংলার মানুষ ঐক্যবদ্ধভাবে সেই মনোভাব নিক সেটাই আমরা চাই। দিল্লিতে যে সরকারটা আছে স্যার একটা jingoistic সরকার। একটা communal, corporate শক্তিকে ঐক্যবদ্ধ করে কারা ক্ষমতায় দিল্লিতে ? ভয়ঙ্কর বিপজ্জনক একটা শক্তি উদার অর্থনীতির গাড্ডায় আমাদের দেশটাকে ফেলছে। দেশীয় কর্পোরেট তার পিছন পিছন multi-national companies তারা আমাদের সমস্ত ক্ষেত্রগুলোকে একের পর এক দখল করে নিতে চাইছে।

আমাদের শিল্প ক্ষেত্র কর্পোরেট দখল করতে চাইছে, আমাদের ব্যবসার ক্ষেত্র কর্পোরেট দখল করতে চাইছে, আমাদের খনিগুলো কর্পোরেট দখল করতে চাইছে। এই দখলদারি যখন চলছে তখন তাকে restrain করে কৃষিক্ষেত্র দখল করা। কৃষিক্ষেত্রকে দখল করার বিরুদ্ধে জমি, জমির ফসল, জমির চাষ, কৃষক তার লড়াই, সেই লড়াইটা আমাদের রক্ষা করতেই হবে। নচেৎ দেশী কর্পোরেটের হাত ধরে বিদেশী FDI আমাদের দেশে কৃষিক্ষেত্রে ঢুকবার মতো সুযোগ নেবে, তাকে আমাদের ঠেকানোটা জরুরী। কৃষিক্ষেত্রে এবং বিপণনে আমাদের যে regulationsগুলো ছিল, সেগুলো উড়িয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। আপনি এই আইনের দেখবেন sec 2(m) 2020 এই আইনটা FEMC regulated market কার্যত তাকে বাতিল করার প্রচেষ্টা, তা বাতিল করার ব্যবস্থা, প্রচেষ্টাই বা বলবো কেন ? বিনিয়ন্ত্রিত জোন যদি একবার হয়ে যায় funding sector তাহলে সর্বনাশ কিন্তু ভয়ঙ্কর। পেট্রল, ডিজেল যখন বিনিয়ন্ত্রিত অঞ্চল হয় তখন আমরা আপত্তি করেছিলাম, অনেকে বোঝেন নি - NDA গভর্নমেন্ট – তখন আমরা ভেবেছিলাম খুব ভালো হচ্ছে। সর্বনাশটা এখন আমরা টের পাচ্ছি। বিদ্যুৎ ক্ষেত্র কার্যত প্রায় বিনিয়ন্ত্রনের মতো বন্দোবস্ত করে আইন দিল্লি করতে চায়। সবাই তার বিরুদ্ধে রুখে দাঁড়াচ্ছে। আমি নিজেও সরকারের সঙ্গে কথা বলেছি, পরিষদীয় মন্ত্রী এখানে আছেন, আমি খুশি যে শেষ পর্যন্ত ওঁরাও আপত্তি করেছেন, আমরাতো করছি বটেই। ফলে বিনিয়ন্ত্রিত জোনের যে সর্বনাশ কিরকমভাবে হতে পারে কৃষিক্ষেত্রে যে ভাবে বন্দোবস্ত

করা হচ্ছে সেটা আমাদের খুব বিপদের মধ্যে ফেলবে। স্যার, কার স্বার্থে এটা হচ্ছে ? আমি বলবো দেশের এগ্রি বিজনেসে ঢুকতে চায় world corporate sector।

এখন আদানি-আম্বানির হাত ধরে পিছন পিছন কার্গিল, সে তো আসার জন্য তৈরি হয়ে বসে আছে, এই আইন কার্যত তার scope দিয়ে দিচ্ছে। ওরা কি চায়? আপনি আইন তিনটে দেখলেই পরিষ্কার হয়ে যাবে। ওরা কি চায়? World corporate sector চায় - এক, ওদের পছন্দমতন চাষ। যেখানে ওদের লাভ বেশি হবে। কৃষকের পছন্দে চাষ নয়। Which is essentially contract farming. ওরা কি চায়? খুশি মতন দাম। দামের এই যে control এটা চায় না। M.S.P., চায় না। M.S.P.কে বাতিল করার বন্দোবস্ত সেই মনোভাব থেকে। ওরা কি চায়? খুশি মত মজুত করতে চায়। আরও বেশি মুনাফা। Profit maximization-এর angle এবং সেই দিক থেকে অবশ্যই সেই মনোভাব থেকে অত্যাবশ্যকীয় পণ্য আইন করে আমাদের মজুত এবং কালোবাজারি এই যে আমাদের আইনগুলো ছিল সেই আইনগুলোকেও বাতিল করতে চায়। এতে বিপজ্জনক হয়ে যাবে আমাদের কৃষকেরা, উৎপাদন এবং ইত্যাদি পরনির্ভরশীলতা যেভাবে বাড়বে সেটা খুব বিপদ হবে। স্যার, কৃষকের, মানুষের এই সর্বনাশ আদানি-আম্বানিদের পৌস মাস তার মতন করেই দিল্লীর সরকার চলছে। এই মনোভাব থেকেই তিনটি ordinance ফলো করছে স্যার। Contract farming - চাষী, মজুরের বারোটা বাজিয়ে দাও। বিপণন - M.S.P. চাষীদের সর্বস্বান্ত করে দাও। অত্যাবশ্যকীয় পণ্য আইন, - খাদ্য নিরাপত্তার ভিতটাকে ভেঙে দাও। মজুতদারী, কালোবাজারি তার মতন করেই চলবে। স্যার, এই প্রচেষ্টাটা চলছে কিন্তু অনেক আগে থেকেই। আমি বলব এন.ডি.এ. সরকারের সময় থেকেই এই প্রচেষ্টাটা চলছে। এন.ডি.এ.-র সময় থেকেই এটা চলছে। This is not correct. এন.ডি.এ.-র সময় থেকে চলছে স্যার। সুখবিলাসদা আগেও বলেছেন আজকেও একটু reference -এ বলেছেন। আগের বক্তৃতার সময় categorically বলেছিলেন। ২০০০ সাল থেকেই এটা চেষ্টা হচ্ছে। তখন এন.ডি.এ. সরকার। অটল বিহারী বাজপেয়ী প্রধানমন্ত্রী। আমি বলছি না, অটল বিহারী বাজপেয়ীর সেই গভর্নমেন্টে তৃণমূলও ছিল। But N.D.A.-Government. স্যার, সেই তখন থেকে প্রচেষ্টা এবং সেই বিবেচনায় ২০০৩ সালের model আইন - A.T.M.C. Development and Regulation Model act 2003. সেটা ২০০৩-এর পর ইউ.পি.এ., এখানে পশ্চিম বাংলায় লেফ্ট ফ্রন্ট গভর্নমেন্ট, আমরা এখানে স্কোপ পাই নি। ২০১৪ তে নরেন্দ্র মোদি এসেছে দিল্লীতে - এন.ডি.এ. ২০১৪ তে তখন আগের গভর্নমেন্ট নেই। তৃণমূলের সরকার, ২০১৪ সালে আমরা যে আইনটা করেছি সেটাও কি বিপজ্জনক নয়? আমি পরে সে কথায় নির্দিষ্টভাবে আসবো। বি.জে.পি. দিল্লীতে আসার পর এখানে এই সরকার আমরা পাস করেছি প্রচুর আপত্তি স্বত্ত্বেও। ২০০৩ model actকে follow করতে করতেই মোদিজী আসার পর ২০১৭ তে আর একটা model act - Agriculture Produce and Life Stock Marketing Model Act. কেউ নেয় নি। ২০১৮ - A Agriculture Produce and Life Stock Contract Farming and Service Model Act. তাহলে এই পরপর Model

Act গুলো করে দিল্লী বলতে চাইল তোমরা রাজ্যগুলো এই অনুযায়ী আইন কর। রাজ্যগুলো সেই আইনগুলো করল না। Save and except বলব না, আরও দুই একটা রাজ্য করেছে তার মধ্যে আমাদের ২০১৪, পড়ে যায় বা পরে ২০১৭ তার মধ্যে পড়ে যায়। দুই একটা রাজ্য করেছে বেশিরভাগ রাজ্য করে নি। এমনকি বিজেপির সব রাজ্যও করে নি। এরপর যখন রাজ্যগুলো কেউ করল না তখন ২০২০ সালে যখন দেখল মানুষ একটু বিপদের মধ্যে আছে বেশি প্রতিবাদ করতে পারবে না অতএব জুন মাসে Ordinance. আপনি chronologically দেখুন। যারা chronologic-এর সঙ্গ দিতে চাই তাদের কাছে chronologic হাজির করুন। অতএব ২০২০-র জুন মাসে Ordinance. তাকে ফলো করে lock down-এর period-এর মধ্যেই প্রায় ২০২০-র সেপ্টেম্বরে গায়ের জোরে, জবরদস্তি, অগণতান্ত্রিক আমাদের সংসদীয় রীতিনীতিকে খুন করে ২০২০-র সেপ্টেম্বর মাসে এই তিনটি বিল পাস হয়ে গেল। আইন - কোন কোভিডের সময়? কেন এই তাড়াহুড়ো? কেন এই সেবাদাসত্ব? ২০২০ - মানুষ যখন বিপদে, মানুষের সর্বনাশ আদানি-আম্বানিদের পৌসমাস - অতএব ২০২০র সেপ্টেম্বরে শ্রম কোড আইন হয়েছে শ্রমিকের সর্বনাশ করার জন্য। কৃষি আইন হয়েছে কৃষকের সর্বনাশ করার জন্য এবং স্বাভাবিক কারণেই এর বিরুদ্ধে রুখে দাঁড়ানোর কোন বিকল্প আমাদের থাকে না। সময়ে নিবার্চন এই তাড়াহুড়ো তার থেকে বোঝা যায় আসলে যারা এই আইনটা দিল্লীতে করছেন তাদের লক্ষ্যটা কী এখান থেকেই বোঝা যায়। স্যার, আমার পরের পয়েন্টটা হচ্ছে, দেশ জুড়ে এই প্রতিবাদটা কিন্তু জুন মাস থেকে হচ্ছে Ordinance জারির পর থেকে। সেপ্টেম্বরে আমাদের এখানে প্রতিবাদ করার সুযোগ ছিল আমরা করি নি আমরা লেফ্ট করেছি, কিন্তু ইতিমধ্যে পাঞ্জাব, কেরালা, রাজস্থান, ছত্রিশগড়, দিল্লীসহ বিভিন্ন রাজ্য বিধানসভা ডেকে এই বিরোধিতামূলক বন্দোবস্ত তারা গ্রহণ করেছেন। আমরা চিঠি দিয়েছিলাম ২৪শে সেপ্টেম্বর। আমি এবং মান্নানসাহেব যৌথভাবে। তখনও পর্যন্ত কিন্তু কোন রাজ্য এর বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়নি আমরা তার আগের কথা বলছি।

[3:20 – 3:30 p.m.]

আপনারা কেন করলেন না আমি জানি না। তার পর স্যার, কেরালাতে ইতিমধ্যে এই সময়ে ১৫টা পণ্যের উপরে M.S.P. স্থির করেছে, এবং চালু করে দিয়েছে এটা প্রতিষেধমূলক। স্যার, ৮ই, পাঞ্জাব তিনটে নির্দিষ্ট বিল, আমার কাছে আছে সেই বিলের কপি, তিনটে নির্দিষ্ট বিল ওরা বলেছে স্পেশাল প্রভিশন ফর পাঞ্জাব বলে তিনটি নির্দিষ্ট বিল ওরা পাশ করিয়েছে। এবং এই চলতে চলতে ২৬শে নভেম্বর শ্রমিক সংগঠনগুলো সর্বভারতীয় ধর্মঘট করেছে এই পরিপ্রেক্ষিতে এর বিরোধিতায়। ৮ই ডিসেম্বর সংযুক্ত কৃষক মোর্চার নামে সর্বভারতীয় ধর্মঘট ডেকেছে এর বিরোধিতায়। আমি আগে একটা ক্রোনোলজি বলেছিলাম ওটা কী ভাবে এগোচ্ছে। এখন একটা ক্রোনোলজি বলছি কী ভাবে মানুষের বিরোধিতা সেটাও আসতে আসতে এগিয়েছে গোটা দেশ বিরোধিতা করেছে। ২৬শে জানুয়ারী - একটা অভূতপূর্ব, তাকে যতই কলুষিত করার চেষ্টা করা হোক না কেন এই আন্দোলনের পরিপ্রেক্ষিতে ২৪শে

সেপ্টেম্বর পিছতে পিছতে অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারী শেষ আমরা পাঁচ মাস সময় কেন নষ্ট করলাম, আমি জানি না। সরকার নিশ্চয়ই সেটা বলার সময় সে কথাটা বলবে। কিন্তু আমার এটা ভালো লাগছে না। স্যার, আমি এই প্রস্তাবকে এর মূল spiritটাকে সমর্থন করছি। কিন্তু that is partial এই কারণে যে, এর আর একটা অংশ আছে। যেটা আমি আমার amendmentএর মধ্যে নিয়ে এসেছি। আমি আশা করব, সেই amendmentগুলোকে গ্রহণ করুক সরকার। নাহলে এটা incomplete থেকে যাবে। আমরা completely সবাই মিলে তাহলে এর প্রতিবাদ করতে পারবো। যদি amendment গ্রহণ না করা হয়, তাহলে কার্যতঃ আমরা ঠিক দায়িত্ব পালন করছি না। তাহলে একে সমর্থন করাটা অসুবিধা হয়ে যাবে, পারবো না। কী কারণে প্রস্তাবে এটা বলতে পারলেন না? আমার খুব নির্দিষ্ট কথা স্যার, প্রস্তাবে এটা বলতে পারলেন না। আমি amendment দিয়েছি যে, রাজ্যের অধিকারের উপর হস্তক্ষেপ হচ্ছে। কে বাধা দিয়েছে? দিল্লি কিছু একটা করলেই, আমাদের মুখ্যমন্ত্রী তো সবসময় এটা বলেন দেখে নেবো, এই করবো, সেই করবো ইত্যাদি। এখানে কেন বললেন না ? এখানে এই বিলটা হল, on the issue of the 7th schedule রাজ্যের তালিকাভুক্ত কৃষি, খাদ্য এবং বাজার। স্যার, যেখানে রাজ্যের তালিকাভুক্ত বিষয় সেখানে দিল্লিআইন করছে, রাজ্যগুলোর মত নিয়েছে? না। রাজ্য বিধানসভার অনুমোদন নিয়েছে? না। তাহলে রাজ্যগুলোর মত নিল না, অনুমোদন নিল না, একটা ভিজে বেড়ালের মতো আমরা থাকছি কেন ? সেই ব্যাপারে আমাদের প্রতিবাদ নেই কেন? রেজলিউশানে আমরা সেই কথাটা উল্লেখ করতে পারলাম না কেন? কিসের ভয়? কেন চুপ? দ্বিচারিতা মনে হবে না? রেজলিউশানে অবশ্যই এই pointটা যুক্ত করা উচিত। আমি আমার amendment দিয়েছি। আশা করি সেটা গ্রহণ করবেন।

স্যার, আমি এই কথাটা বলতে পারলাম না যে, একটা চূড়ান্ত অগণতান্ত্রিকভাবে যেটা বলার সময় বলেছি আমি, যেটা মাননীয়া মুখ্যমন্ত্রীও বলেছেন, যে আমাদের ডিভিশানটা করা হল না। যারা প্রতিবাদ করছিল, তাদের বিরুদ্ধে শাস্তি দেওয়া হল। কিন্তু আমরা এই কথাটা আমরা রেজলিউশানে বললাম না কেন? এটা চূড়ান্ত অগণতান্ত্রিকভাবে কাজ হচ্ছে। সংসদীয় রীতিনীতিকে খুন করে হচ্ছে, প্রতিবাদের কণ্ঠকে আটকে দেওয়ার চেষ্টা করা হচ্ছে, গায়ের জোরে করা হচ্ছে। এইটা করতে পারলেন না রেজলিউশানে ? আমি amendment দিয়েছি। আশা করবো, সরকার মুখে যা বলছে, রেজলিউশানে সেটা গ্রহণ করবে। স্যার, কেন্দ্রীয় আইনটিকে বাতিলতো করাটাই হবে সঙ্গত, আমি তার সঙ্গে একমত। দেশজুড়ে কৃষককের দাবীও তাই। অন্য রাজ্য বিধানসভাগুলোর দাবীও তাই। আমরা নতুন কিছু বলছি না। আমরা এখন যেটা বলছি, এই রেজলিউশানে সব রাজ্যই তাই বলছে প্রায়। আমি যেগুলো বললাম, এই amendmentগুলো গ্রহণ করুন, তাহলে এটা perfect হবে তা নাহলে এটা perfect হবে না। স্যার, অসুবিধাটা কোথায় হচ্ছে ? আমি বলব, যে spiritএ এই বিধানসভায় ২০০৭ সালের ১৯শে ডিসেম্বর, 185 এসেছিল, পার্থবাবু এনেছিলেন। সেই spiritএর সঙ্গে ২০১৪ যায় না। সেই spiritএর সঙ্গে ২০২০ আমাদের আজকের প্রতিবাদটা

যায় না, ২০১৪ যায় না। তাহলে ২০১৪কে আমরা কি বলব ? কি বলেছিলেন ? আমি quote করছি আছে আমার কাছে। "দেশীয় একচেটিয়া পুঁজির হাত ধরে পেছনের রাস্তা দিয়ে প্রবেশ করবে বিদেশী বহুজাতিক কোম্পানি, তারাই বেচে খাবে" Yes. তা যদি সত্য হয়, তাহলে আমরা ২০১৪ কেন বাতিল করছি না ? ২০২০ আমরা বাতিল করবো, এটাও বাতিল করতে হবে। কী বলেছিলেন ? একমত হওয়ার একটাই শর্ত, দেশি এবং বিদেশি পুঁজিকে আপনারা প্রতিহত করুন। তৎকালীন সরকার যে বলেছিলেন গৌতমদেবরা সহমত হয়েছিলেন। তাহলে আমরা ২০২০ নিশ্চয় আপত্তি করবো। তাহলে আমাদের ২০১৪ আপত্তি করা উচিত। আমি ২০১৪কে ১৮০ ডিগ্রি ঘুরে গেলাম কেন ? ২০১৭এর আইনে আমরা ১৮০ ডিগ্রি ঘুরে গেলাম কেন ? Agricultural produce marketing regulation amendment act, 2014. এবং পরবর্তীকালে further amendment on 2017, আমার মনে হয় সেটা স্পষ্ট হওয়া উচিত। তা নাহলে তো প্রশ্ন থেকেই যাবে, আমার সেই কারণে সংশোধনী আছে, amendment আছে।

আমার এ্যামেন্ডমেন্ট আপনি হয়ত অফিসিয়ালি গ্রহণ করলেন কিনা জানিনা, কিন্তু আমার এ্যামেন্ডমেন্টটা থাকল। এবং আমি নির্দিষ্টভাবে এই কথাটা পরে বলছি আমি, কেন্দ্রীয় এই আইনের মূল যে জায়গাগুলোয় আপত্তি আমরা সহমত। ব্যক্তি, কোম্পানি, কর্পোরেট সেক্টর, সরাসরি কৃষিপণ্য কিনবে, হবে না, ক্ষতি হয়ে যাবে। মজুতদারী করবে- মানা যাবে না, ক্ষতি হয়ে যাবে। কালোবাজারী হবে - মানা যাবে না, ক্ষতি হয়ে যাবে। দুর্বল হবে, সবাই। এন.এস.পি.-র নিশ্চয়তা নেই, ২০২০সালের আইনে। স্বামীনাথন কমিশনের রেফারেন্স নেই, ২০২০সালের আইনে, আমরা অবশ্যই এর বিরোধিতা করছি। আমরা সারা দেশ জুড়ে এর বিরোধিতা করছি, জানেন সবাই, নতুন করে এসব বলার দরকার হয় না। ২০১৪ সালের আইনে একইভাবে, মাঠে ফসল কেনার অধিকার বেসরকারি সংস্থাকে দেওয়া হয়েছে। যে কোন ব্যক্তি, যে কোন কোম্পানি, সংস্থা, এজেন্সী, সরাসরি কৃষিপণ্য কিনতে পারবে। সেকশান টু, ক্লজ থ্রী, সি এ, সি বি, দেখে নিন। এই আইনেই, কমিশন এজেন্ট নিয়োগের অধিকার দেওয়া হয়েছে ক্রেতাকে, দেখে নিন। সেকশান টু, ক্লজ ফোর ডি, ছোট ছোট আইন, কেন্দ্রীয় আইনের মত, ই-ট্রেডিং, বিদেশে বসে সেখানকার সংস্থা পিছনের দরজা দিয়ে, অধিকার পাবে। সেকশান ফাইভ, ক্লজ ই সি, দেন, আমি ২০২০তে যা যা বলছি, তার অনেকটাই যদি এখানে থেকে থাকে, আমাকে তো এ্যালার্ট হতে হবে। এম.এস.পি., নিয়ে একটাও কথা নেই স্যার; এই আইনে একটাও কথা নেই স্যার। ইচ্ছা মতন তারা ফসল কিনতে পারবে। মানে কারোর কোন নিয়ন্ত্রণ থাকবে না। এম.এস.পি., বলতে পারলাম না। করে দিন, এই বছর। আমি জানিনা, কৃষি বিপণন দপ্তরের মাননীয় মন্ত্রী এখানে আছেন, এ বছর আমাদের এম.এস. পি., কত, ধানের কুইন্টাল ? মন্ত্রী মহাশয় বলুন, কত ? হয়ত জানা নেই। ১৮৮৮টাকা - ১৮৬৮ প্লাস ২০টাকা বোনাস। এবার বলুন, সবাই আমরা এম.এল.এ.রা আছি। গ্রামে থাকি। কোন কৃষক ১৮৮৮টাকাতে ধান বিক্রি করতে পেরেছে ? কোন কৃষক ? ১২০০, ১১৫০, ১৩০০এই দামে ধান বিক্রি করতে হয়েছে, কেন ? তাহলে আমরা সেটা কার্যকরী করবো না ? যদি

থাকে, আমি এগ্রি করবো। আমি উদাহরণ দিয়ে বলে যাচ্ছি, নাহলে আমি এগ্রি করবো না, এখানে বলে যাচ্ছি। এত সহজ সরল কথা বলবেন না। স্যার, কেরালায় আমি নির্দিষ্ট করে বলছি, এম.এস.পি. নিয়ে আবার নতুন করে আইন করেছে, ২৭৬০ টাকা, পার কুইন্টাল। ওরা পারলে আমরা কেন পারবো না স্যার ? আমাদের এই প্রবলেমটা এইসব নিয়ে এখানে একটা সমস্যা রয়েছে।

আমি বলছি, ২০১৪ সালের আইন, ডেফিনিশানগুলো স্পষ্ট আছে। সরকারি নিয়ন্ত্রণ শিথিল করে প্রাইভেট ইয়ার্ড, কৃষি বাজার, বৃহৎ কৃষি বাজার, কোথাও আইনে বলা আছে, হোয়াট ইজ দি ডেফিনিশান অফ কৃষক বাজার। হোয়াট ইজ ডিফারেন্স বিটুইন কৃষক বাজার এ্যান্ড বৃহৎ কৃষক বাজার-মন্ত্রী মহাশয় আছেন, আপনি কি জানেন ? আমি বলছি, নেই। এই ফাঁক দিয়ে আমরা দেখিয়ে দিয়েছি। ২০১৪ তে আমরা স্কোপ দিয়েছি। ওরা এটা ধরার জন্য বসে আছে, কোন সন্দেহ নেই। ২০১৪ এ্যালার্ট না হলে, আমাদের ভুল হয়ে যাবে বলে আমার মনে হয়। সেই কারণে বিদেশ থেকে কৃষিপণ্য, বিদেশ থেকে কৃষিপণ্য আমদানি বা রপ্তানি, আরো বলা আছে স্যার, সেকশান ফাইভ, ক্লজ ই.এ., ক্লজ ই.ডি. আমি শুধু এইভাবে বলছি, এখানে আইনের বই ধরে আমি বলতে পারি, আমি ২০২০ তে সেকশান টু.এ., রিড উইথ, সেকশান টু ফাইভ ই.সি. অফ ২০১৪, টু ডি ২০২০রিড উইথ টু টেন, এম.ডি. ২০১৪, টু সি বাই ওয়ান আপনি রিড করুন, উইথ টু ওয়ান এ অফ ২০১৪। টু ডি অফ ২০২০ আপনি রিড করুন, উইথ থ্রী সি ডি, টু ই অফ ২০২০। আচ্ছা আপনি মেলান, টু থ্রী সি এ। টু এইচ অফ ২০২০, আপনি তার সাথে মেলান টু থ্রী সি ডি। আমি কয়েকটা বললাম। আমার কথাটা হচ্ছে স্যার, একই জায়গা থেকে এসেছে। ২০০৩ থেকে ফলো করে ২০১৪, এবং২০১৪র বিলটা আমার কাছে আছে, আমি নিয়ে এসেছি। সেখানে বলা আছে, ২০০৩এর আইনের পরিপ্রেক্ষিতে, আইনে বলছে, আইন নয়, এটা মডেল আইন। তার পরিপ্রেক্ষিতে ২০১৪টা করা হল। বিলে দেখুন আপনি, তার উল্লেখ পর্যন্ত করা আছে। ২০০৩কে ফলো করে, ২০১৭, ২০১৮ মডেল এ্যাক্ট, তাকে ফলো করে ২০২০, অরিজিনালটা কোথা থেকে আসছে। ফলে, এটা আমাদের কিন্তু - আমি সরকারকে ঐ কারণেই বলছি, এটা আমাদের বিদ্বেষ নয়।

[3:30 – 3:40 p.m.]

কে কোন্ দিকে আছে সেটা কোনো বড় কথা নয়। কিন্তু ২০২০ তে যে স্পিরিট ছিল তাকে অপোজ করছি, এই স্পিরিট থেকেই ২০১৪-র তৎকালীন সময়ে এই বিধানসভায় চর্চা হয়েছিল, তারা আপত্তি করেছিল। কী আপত্তি ছিল স্যার। সিলেক্ট কমিটির রিপোর্টটা আমি নিয়ে এসেছি। কী বলা আছে স্যার, স্পষ্ট বলা আছে।

...(এইসময় লালবাতি জ্বলে ওঠে।)...

আমি বলছি সিলেক্ট কমিটি ২০১৪, শাসকদল ছাড়া সমস্ত রাজনৈতিক দল Note of decent দিয়েছিল। এবং বলেছিলেন, অত্যন্ত তাড়াহুড়ো। আমরা ২৭শে নভেম্বর শুরু করলাম, ৮ই ডিসেম্বরের মধ্যে ঢুকিয়ে ফেললাম। কেন – তখনই বলা হয়েছিল যে এটা সংশোধনী

দিয়ে হবে না, The entire spirit is to be corrected। আমরা গ্রহণ করিনি। কেন ? তখনই বলা হয়েছিল, private yard, বৃহৎ কৃষক, বৃহৎ কৃষক বাজার এর মানে কী। এর লাইসেন্স, এর Commission মানে কী। তখনই বলা হয়েছিল কর্পোরেট, M.N.C., FDI open হয়ে যাচ্ছে। তখনই বলা হয়েছিল কৃষক, কৃষকের স্বার্থ বিঘ্নিত হবে এটা নয়। ২০১৪ তে বলা হয় নি, ২০১৪ তে ভোট রয়েছে। ভোটে Opposition হেরে গেছে। রেজলিউশানের প্যারা টু, আপনি যে রেজলিউশান দিয়েছেন, অত্যন্ত তৎপরতার সাথে ২০২০ করেছে। আমি বলছি অত্যন্ত তৎপরতার সাথে ২০১৪ও করা হয়েছে। মিলিয়ে নিন। স্যার, প্যারা থ্রি, কি বলা হচ্ছে - নিয়ন্ত্রণাধীন বাজারগুলির বাইরেও কৃষিপণ্যের বাজার ইত্যদি ইত্যাদি। ২০১৪ নিয়ন্ত্রণাধীন বাজারের বাইরে private yard, কৃষি বাজার, বৃহৎ কৃষি বাজার। প্যারা সিক্স, ন্যুনতম সহায়ক মূল্য ২০২০, একটা স্বামীনাথন কমিশানকে রেফার করে বলতে পারলেন না ওখানেই যেমন ন্যূনতম সহায়ক মূল্য নেই বলে আপনি রেজলিউশানে আপত্তি করছেন এখানে ২০১৪ তে তো নেই। তাহলে ২০২০ যে যে কারণে আপনি রেজলিউশান - ২০০৭ তার সাথে ২০১৪ যাচ্ছে না, ২০২০ আমরা আপত্তি করছি, তাহলে ২০১৪ মেনে নেওয়া যায় না। এমনকি আজকে যে রেজলিউশান আছে সেই রেজলিউশানের clause by clause আমি দেখাব এটা মেনে নেওয়া যায় না। সেই কারণেই logical conclusion হচ্ছে ২০২০ বাতিলের দাবি আমাদের সবার। ২০১৪ এবং ২০১৭ তাকেও বাতিল করা হোক। ২০২০টা আমরা সহমত। এটাতে আমাদের সহমত হওয়ার বন্দোবস্ত করতে হবে। Sir, ওই লাইনটা আমি পড়ে দিই সেই অর্থে The West Bengal Agricultural Produce Marketing Regulation Act, 2014 and The West Bengal Agricultural Produce Marketing Act 2017 বাতিল করার জন্য রাজ্য সরকারের কাছে আমি আবেদন করে সবার অনুমতি নিয়ে আমি শেষ করছি। আমি আশা করছি সরকার যথাযথ গুরুত্ব দিয়ে এই বিলটা গ্রহণ করবেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৬৯ ধারায় আমরা যে তিনটি বিলের বাতিলের দাবিতে এই সভায় প্রস্তাব এনেছিলাম কৃষি বিলের, তার বিশদ আলোচনায় অংশ ইতিমধ্যেই নিয়েছেন স্বয়ং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, সুখবিলাস বর্মা, আশিস ব্যানার্জী, নর্মদা রায়, অসিত মিত্র, বেচারাম মান্না, আলি ইমরান রামজ এবং সুজন বাবু। যথারীতি নাম দিয়েও বি.জে.পি.-র প্রতিনিধি বিধায়ক এখানে সভায় উপস্থিত নেই। যেহেতু মুখ্যমন্ত্রী সরকারি দলের তরফে তার বক্তব্য পেশ করেছেন, সেক্ষেত্রে যে বিষয়গুলি নিয়ে তিনি বলেছেন, আমি তার পুনরাবৃত্তি করতে চাইছি না। কিন্তু সুজনবাবু যে কথাগুলো বলেছেন ১৪ এবং ১৭-র, নিঃসন্দেহে আমি বলব সরকারি প্রস্তাব এনে সরকারি প্রস্তাবের বিরোধিতা করা যায় না এই সংসদীয় জ্ঞানটুকু আমার আছে।

সেই কারণেই আমরা বলেছিলাম যে এটার সঙ্গে এটাকে যুক্ত না করে আপনারা অন্যরকম ভাবেও আনতে পারতেন।

...(এই সময় মাননীয় সদস্য ডঃ সুজন চক্রবর্তী কিছু বলবার জন্য উঠে দাঁড়ান।)...

না, না আপনাদের 185 দেওয়ার আগেই 169 হয়েছে। আমি কিন্তু আপনাকে বিরক্ত করি নি। আপনার একটা হ্যাবিট হয়ে গেছে, আপনার সময় কেউ যদি কথা বলে তখন আপনি বলবেন। আর আপনি সারাক্ষণ কথা বলে যাবেন অন্যের সময়। তখন বললে আপনার ভালো লাগবে না। এ জিনিসগুলো ঠিক না। এই অভ্যেসগুলো ঠিক না। আপনি যথেষ্ট সিনিয়র লিডার, বাধাদানটা বোধ হয় ঠিক না।

আমরা সেই কারণেই ১৪ এবং ১৭ আনতে পারি নি। আর একটি বিষয়, আমি দেখলাম কোনো কাগজে বেরোনো খবরগুলোকে একত্রিত করে, ডায়রি করে আপনি সুন্দর করে গুছিয়ে বললেন ১৪ এবং ১৭ নিয়ে। এখানে অনেকেরই মনে নেই। আপনি যে দল করেন সেই দলের অনেকেরই মনে নেই যে সিলেক্ট কমিটিতে আমিই পাঠিয়ে দিয়েছিলাম। অনেকেরই মনে নেই ডাঃ সূর্যকান্ত মিশ্র সরকারে থাকাকালীন ঐ ধরণের প্রস্তাব নিয়ে এসেছিলেন। এবং সেই প্রস্তাবকে আমরা বিরোধিতা করেছিলাম। আমাদের তৎকালীন বিধায়ক সৌগত রায় তাকেও বলা হয়েছিলো আপনি এটাকে সমর্থন করবেন। তখন হাসিম আব্দুল হালিম বেঁচে ছিলেন। ইতিহাস জানতে হবে। শুধু বললে হবে না। এবং এনিয়ে বহু পুস্তিকা আছে। আমি বিতর্কের মধ্যে যেতে চাই না। আমি, সহাবস্থানের মধ্যে, সকলকে নিয়ে চলবার যে কথা মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন তাকে পাথেয় করে নিয়েই এগোতে চাই। ঐ বিলগুলোতে যা বলা আছে, আর এই তিনটে বিল কিন্তু এক নয়। এর যে কৃষিপণ্য লেনদেন এবং বাণিজ্যিক উন্নয়ন অ্যাক্ট, এই বিলে আপনি লক্ষ্য করে দেখুন - কৃষকদের স্থানীয় মান্ডি বা বাজার থেকে বহু দূরে পণ্য উৎপাদনের অধিকার দেওয়া হয়েছে কিন্তু উৎপাদন শুরুর আগেই বহুজাতিক সংস্থার সাথে যে চুক্তি স্বাক্ষরিত হবে সেখানে তাদের উল্লিখিত দাম, তাদের যে দাম নির্ধারণ করা হবে, সেই নির্ধারিত দামে ফসল বিক্রি করতে হবে কৃষককে। এটা কোথাও আমরা গুলিয়ে ফেলছি দুটোর সঙ্গে। এই কারণেই আমাদের বিরোধিতা। আমরা বাজার করেছিলাম যাতে কৃষকরা তাদের উৎপন্ন জিনিস সেই বাজারে এসে বিক্রি করতে পারে। এখানে সেটাকে উঠিয়ে দেওয়া হলো। দিয়ে বললো যে, আমাদের দামে চুক্তি স্বাক্ষরিত করো এবং সেখানেই ফসল বিক্রি করতে হবে। আমাদের আপত্তি আর একটি কারণে, এই বিষয়টি সম্পূর্ণ রাজ্য তালিকায় অন্তর্ভুক্ত। রাজ্যকে না জানিয়ে, রাজ্যের অধিকারকে এই বিলটি কেড়ে নিয়েছে। এখানে আমাদের সঙ্গে আপনাদের কোনো আপত্তি নেই, আপনারা বলছেন তাই; অন্তত আপনি যা বলছেন তাই বুঝলাম, অর্থাৎ রাজ্য সরকারের যে অধিকার সেই অধিকারকে তারা কৃষক আইনে বাতিল করলেন। যদিও এটা সত্য যে যুগ্ম তালিকায় তারা এন্ট্রি করতে পারে না, রাজ্যকে বাদ দিয়ে নয়। রাজ্যের সঙ্গে আলোচনা করেই করতে হয় এবং কৃষিপণ্য বিপণন আইন, সেখানে আজকে এটা আইন হওয়ার ফলে ঝুঁকিপূর্ণ হয়ে গেলো। ঝুঁকিপূর্ণ হলো কেন? না তাঁরাই নিয়ন্ত্রণ করবেন বাজারগুলিকে।

[3:40 – 3:50 p.m.]

আর দ্বিতীয় জিনিস যেটা লক্ষ্যণীয় এই যে আমাদের কৃষকরা যে ফসল ফলায় প্রাকৃতিক দুর্যোগে - সে বন্যাই হোক বা খরাই হোক তাদের ফসল নষ্ট হলে আমাদের সরকার এগিয়ে আসে, আমরা তা রক্ষা করবার ব্যবস্থা করি, আমরা তাদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করি। আমরা তাদের বীজ দেওয়ার ব্যবস্থা করি, আমরা তাদের সার দেওয়ার ব্যবস্থা করি। কৃষকদের জীবন এবং জীবিকাকে রক্ষা করবার লক্ষ্যে সেই অধিকারকে তারা খর্ব করে দিয়েছে। সবচেয়ে বড় কথা যে কৃষিপণ্য উৎপাদন বা ফসলের গুণগত মান কে রক্ষা করবে, যে ফসল ফলায় সেই তো রক্ষা করবে ? সেই অধিকার থেকে তাদেরকে বঞ্চিত করা হয়েছে, অর্থাৎ গুণগত মান আমি যা ফলাব তার গুণগত মান আমার হাতে থাকবে। আমি তো মেশিন নই, আমি তো কৃষক, আমি তো খেটে খাই, আমার দুটো হাত দিয়ে কাজ করি, যন্ত্রপাতি আমাকে সাহায্য করে। সেই অধিকার থেকে আমরা বঞ্চিত। আমি জানি না, এর পরে ফুড কর্পোরেশানের আর কী কাজ থাকবে। ফুড কর্পোরেশানের কাজ থাকবে বলে আমার আর মনে হচ্ছে না। তারা তো উঠেই যাবে, তাই আমাদের বিরোধিতা। সামাজিক দায়িত্ব এটা আমাদের একটা কর্তব্য। সেই কর্তব্য থেকে আমাদের অগণতান্ত্রিকভাবে, অবৈধভাবে, বেআইনীভাবে আমাদের অধিকারকে খর্ব করা হচ্ছে। আর দ্বিতীয় দিক হচ্ছে যেটা ভাববার বিষয়, এই যে কৃষকদের ক্ষতি করবার তাদের উৎপন্ন দ্রব্য বাজারে না নিয়ে যাওয়া এবং অনেক বক্তা এক কথা বার বার বলেছেন, আমি সেই কথা বলব না - যে চুক্তি নীল চাষের মতন, তাঁরা বলে দেবেন - আমার জমি, আমি কৃষক, আমি ফসল ফলাই - কোন ফসল করব তারা বলে দেবে। এই চুক্তি কর আমার সঙ্গে। অভাবনীয় যে কোন গণতান্ত্রিক রাষ্ট্রে এই ধরনের ব্যবস্থাকে কখনই মেনে নেওয়া যায় না। আমরা কেন বলেছি, এটা খুব তারা তাড়াহুড়ো করে - আন্তর্জাতিক কর্পোরেট সংস্থার অঙ্গুলিহেলনে তারা অতিমারিতে - এই কথাটা বলতেই হবে, অমিট করবার কথা অনেকেই বলছেন। কিন্তু ঘটনা এই যে আপনি সুযোগ নিয়েছেন, যখন সাংসদরা সকলে উপস্থিত থাকতে পারবে না, তখন আপনি সেই সুযোগটা নিয়েছেন। সেই সুযোগ নিয়ে আপনি এই কৃষি বিলকে পাশ করিয়েছেন। সারা দেশ, সারা বিশ্ব যখন কোভিড মহামারিতে সঙ্কটাপন্ন আপনি সেই সঙ্কটের মধ্যে দিয়ে কৃষকদের রুটি রোজগারের, জীবন-জীবিকাকে সঙ্কটের মুখে নিয়ে গেছেন। এমনকি ডিভিশান পর্যন্ত দেননি, যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন। এই সব দিকগুলোকে বিচার করে আমি ভেবেছিলাম অনেক কিছু বলব, ভারতের বিভিন্ন ফসল উৎপাদনের কথা বলব। কিন্তু আমরা লক্ষ্য করে দেখেছি যে আপনারা প্রত্যেকেই এই তিনটি আইনের যারা উপস্থিত সদস্য এখানে আছেন, তাঁরা বিরোধিতা করেছেন।

অন্ততঃ বক্তব্যে আপনাদের বিরোধিতা ফুটে উঠেছে। যাঁরা আজকে সিংঘুতে ঠাণ্ডার মধ্যে রয়েছেন, তাঁদের প্রতি সমর্থন জানানোটা আমাদের নৈতিক কর্তব্য। এটা শুধু গণতান্ত্রিক কর্তব্য নয়, আমাদের নৈতিক কর্তব্য। মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়, জমি রক্ষার আন্দোলন করেছেন,

বহু ফসলি জমিকে রক্ষা করবার জন্য ২৬ দিনের অনশন করেছেন। এই আন্দোলনের প্রথমে আমাদের সাংসদরা দৌড়ে ছুটে গেছেন তাঁদের সঙ্গে সলিডারিটি দেখাবার জন্য। এটা নিছক শুধু একটা প্রস্তাব নয়। আপনারা অনেকেই বলেছেন বিধানসভায় বলুন, বিধানসভায় বলুন। আমরা রাস্তায় নেমে বলেছি, আমরা ধর্না দিচ্ছি, আমরা প্রতিবাদ করছি। আমাদের মুখ্যমন্ত্রী ফোনে তাদের সঙ্গে কথা বলছেন, অন্যদিকে বি.জে.পি.-র নেতৃত্বাধীন সরকার কৃষকদের রুজি রোজগারে আঘাত ঘটিয়ে তাদেরকে উগ্রবাদী সাজাবার চেষ্টা করছে। তাদের আন্দোলনের মধ্যে ভেতরে লোক ঢুকিয়ে দিয়ে আন্দোলনকে বিপথে চালিত করার চেষ্টা করছে। আমরা আছি, আমাদের বন্ধুরা দেওয়ালে লেখেন, বন্ধুর লড়াইটা জারি রেখো, আমি পড়ছিলাম। যাঁরা লেখেন তাঁরা এখন লড়াইটা জারি রাখেন নি। তাঁরা এখন ভাবেন পদ্মকে কী করে ফোটাতে হবে, তাই তা জারি রেখো। লড়াইটা করছেন, সংগ্রামটা করছেন মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যকে নিয়ে, সকলকে নিয়ে আমাদের ঐক্যবদ্ধ লড়াই করতে হবে। আমরা সেই লড়াইয়ে আমাদের সকল বন্ধুকে চাই। সেই লড়াইয়ে শুধু মুখে নয়, শুধু টেলিভিশনের পর্দায় নয় কিংবা খবরের কাগজে শিরোনাম হবে বলে নয়, আন্তরিকভাবে আমরা চাই, আমরা যেন সকলে পশ্চিমবঙ্গবাসী কৃষকদের পাশে দাঁড়িয়ে কৃষকদের লড়াইকে এগিয়ে নিয়ে যাই। প্রকৃত অর্থে আজও বলছি, আমরা তাদের আন্দোলনে আছি, ছিলাম, থাকব। যতই তুমি গুলি মারো, যতই তুমি ভয় দেখাও, যতই তুমি জেলে ভরার কথা বলো। আমি তাই আপনাদের কাছে আবেদন করব আসুন, যে তিনটি বিলের কথা, আইনের কথা উল্লেখ করেছেন, তা বাতিলের দাবি জানিয়ে এবং অনশনরত, অবস্থানরত যে যেখানে কৃষকভাইরা আছেন, তাঁদেরকে সমর্থন জানিয়ে, তাঁদের পাশে দাঁড়াবার অঙ্গীকার নিয়ে এই তিনটি বিলকে বাতিলের দাবী গ্রহণ করবার জন্য যে দাবী জানিয়েছি, তা গ্রহণ করুন।

Mr. Speaker: There are seven amendments to the Resolution jointly from Shri Abdul Mannan, Dr. Sujan Chakraborty and Shri Pradip Kumar Saha out of which the first six amendments are in order and I admit those.

The last amendment has two paragraphs. The first paragraph details in a different language a matter which is totally the same as in the original Resolution. According to Parliamentary norms, if an amendment is in substance the same as the original Resolution, it is out of order. The second paragraph seeks to widen the scope of the Resolution and proposes to raise an altogether new subject beyond the scope of the Resolution. As such according to Parliamentary norms it is also out of order. Therefore, amendment No.7 may be treated as out of order and I disallow it.

[3:50 – 4:00 p.m.]

Dr. Sujan Chakraborty : Hon’ble Speaker sir, I beg to move that in Para 1, in line 3, the words “এমন এক সময়ে” be omitted.(Amendment No.1)

I also beg to move that in Para 1, in lines 3 and 4, the words and figures “যখন কৃষিক্ষেত্র সহ দেশের সব ক্ষেত্রই কোভিড-১৯ অতিমারিজনিত কারণে এক ভয়ঙ্কর সংকট এবং সমস্যার সম্মুখীন” be omitted. (Amendment No.2)

I also beg to move also that in Para 2, in line 3, after the words “উভয় সভায়”, The following words be inserted : “অগণতান্ত্রিকভাবে এবং সংসদীয় রীতিনীতিকে ধ্বংস করে। ” (Amendment No. 3)

I beg to move also that after Para 2, the following new Para be inserted : “যেহেতু, কৃষি এবং বাজার বিষয়টি ভারতীয় সংবিধানের সপ্তম তফসিলে রাজ্য তালিকাভুক্ত, অথচ রাজ্য সমূহের সাথে কোনরূপ পরামর্শ অথবা রাজ্য বিধানসভাগুলির অনুমোদন ব্যতিরেকে, যেভাবে এই কৃষি আইনগুলি প্রণয়নের ব্যবস্থা করা হয়েছে যা নিঃসন্দেহে রাজ্যের অধিকারে হস্তক্ষেপ এবং কোনভাবেই তা যথার্থ নয়, ”.(Amendment No.4)

I beg to move also that in Para 5, in line 3, for the words “বন্ধ রাখতে বাধ্য হবে”, the following words be substituted : “এর ক্ষেত্রটি বাস্তবে বেসরকারী কর্পোরেট ক্ষেত্র দ্বারা প্রতিস্থাপিত হবে” .(Amendment No.5)

I beg to move also that in Para 6, in line 1, after the word “সহায়কমূল্যে “ the following words and figures be inserted : “যা স্বামীনাথন কমিশন কর্তৃক C2+50 শতাংশ হিসাবে প্রস্তাবিত রয়েছে”. (Amendment No. 6)

Dr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, অ্যামেন্ডমেন্টগুলোর দিকে লক্ষ রাখুন। প্রথম কথা, এই সময়ে কেন অমিটেড রাখছেন, আমি জানি না। এটা গ্রহণ করা যাবে না। দুই, যে সময়ে কোভিড চলছে সেই সময়ে আপনারা হুইপটাকে কেন তুলে নিতে বলছেন, সেটা আমি সমীচীন বলে মনে করছি না। তাই বলছেন – অতিমারিজনিত কারণে এক ভয়ঙ্কর সংকট এবং সমস্যার সম্মুখীন” be omitted. আপনারা বলছেন, এটাকে অমিট করে দিতে। আমি বলছি, এটা থাকবে। এটা অমিট হবে না। যেহেতু মাননীয়া মুখ্যমন্ত্রী নিজেও এটা জানিয়েছেন। এটা অ্যামেন্ডমেন্টের দরকার হলে – তিনি প্রথমেই বলেছিলেন স্বামীনাথন কমিশন নিয়ে।

Dr. Partha Chatterjee: আমি সিক্স-টা শুধু গ্রহণ করছি। এ ছাড়া বাদবাকিগুলো গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker: The question before the House is that the amendment no. 1 moved by Dr. Sujan Chakraborty to vote.

(The amendment no. 1 of Dr. Sujan Chakraborty was then put and a division was taken.)

(At this stage voting slips were distributed amongst Hon'ble Members)

[4:00 – 4:12 p.m.]

Mr. Speaker: Hon'ble Members, please go to your respective seats. Now the Result of Division is:

Ayes being: 27

Noes: 101

Noes have it. Noes have it.

The amendment is lost.

Now I put amendment nos. 2 to 5. to vote.

Mr. Sujan Chakraborty: Sir, should I read out the amendments?

Mr. Speaker: No, No. You need not read it because you have already read. These amendments have already been moved. Now I put to vote Amendment Nos. 2 to 5. As many as are of that opinion will please say AYE. As many as the contrary opinion will please say No. Noes have it. Noes have it. The amendments are lost.

Now I put to vote the amendment No. 6 moved by Dr. Sujan Chakraborty.

As many as are of that opinion will please say AYE. As many as the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it. The Amendment No. 6 is carried.

Mr. Speaker : Now, I put the Resolution of Dr. Partha Chatterjee that যেহেতু, অত্যাবশ্যক পণ্য (সংশোধনী) অধ্যাদেশ, ২০২০; কৃষক (ক্ষমতায়ন ও রক্ষা) মূল্য নিশ্চিতকরণ ও কৃষি পরিষেবা চুক্তি অধ্যাদেশ, ২০২০ এবং কৃষিপণ্য ব্যবসা ও বাণিজ্য (প্রসার ও উৎসাহদান) অধ্যাদেশ, ২০২০ এমন এক সময়ে ঘোষিত হয়েছিল যখন কৃষিক্ষেত্রসহ দেশের সব ক্ষেত্রই কোভিড-১৯ অতিমারিজনিত কারণে এক ভয়ঙ্কর সঙ্কট এবং সমস্যার সম্মুখীন;

যেহেতু, উক্ত তিনটি অধ্যাদেশের পরিবর্তে অত্যাবশ্যক পণ্য (সংশোধনী) বিধেয়ক, ২০২০; কৃষক (ক্ষমতায়ন ও রক্ষা) মূল্য নিশ্চিতকরণ ও কৃষি পরিষেবা চুক্তি বিধেয়ক, ২০২০ এবং কৃষিপণ্য ব্যবসা ও বাণিজ্য (প্রসারও উৎসাহদান) বিধেয়ক, ২০২০ অত্যন্ত তৎপরতার সাথে সংসদের উভয় সভায় গৃহীত হয়েছে এবং সেগুলি রাষ্ট্রপতির সম্মতিলাভ করেছে;

যেহেতু উক্ত তিনটি আইনের সম্মিলিত উদ্দেশ্যগুলি হল - বিভিন্ন রাজ্য কৃষি-পণ্য বাজারজাতকরণ কমিটি আইনের নিয়ন্ত্রণাধীন বাজারগুলির বাইরেও কৃষিপণ্যের বাধাহীনভাবে ব্যবসা, বৈদ্যুতিন পদ্ধতিতে ব্যবসা এবং নির্দিষ্ট কৃষিপণ্যের ই-বাণিজ্য; ক্রেতাদের সঙ্গে কৃষিপণ্যের মূল্য নির্ধারণসহ পূর্বনির্ধারিত চুক্তিতে কৃষকদের অংশগ্রহণের পরিকাঠামো গঠন; অত্যাবশ্যক পণ্যতালিকা থেকে শস্য, ডাল, আলু, ভোজ্য তৈলবীজ ও পেঁয়াজের মতো কৃষিপণ্যকে বাদ দেওয়া এবং যুদ্ধ, দুর্ভিক্ষ ও অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ইত্যাদি বিশেষ পরিস্থিতি ব্যাতিরেকে উক্ত পণ্যগুলির গুদামজাতকরণের সীমা রদ করা;

যেহেতু, বিধিবদ্ধ বিধানে উক্ত পরিবর্তনগুলি কৃষিপণ্য বাজারজাতকরণ কমিটির নিয়ন্ত্রণাধীন বাজারগুলি ছাড়া যে কোনো জায়গায় কৃষিপণ্য বিক্রয়ের ক্ষেত্রে বিশেষত মূল্য নির্ধারণ ও প্রদানের ক্ষেত্রে যা মূলত রাজ্য কৃষিপণ্য বাজারজাতকরণ কমিটি আইনের আওতায় গঠিত উক্ত কমিটির দ্বারা নিয়ন্ত্রণ করার সুযোগসুবিধা আছে, সেই ক্ষেত্রে এক চরম উদ্বেগের সৃষ্টি করেছে;

যেহেতু, এই তিনটি আইন মূলত বাণিজ্যিক সংস্থাগুলির অনুকূলে, কৃষক স্বার্থ বিরোধী এবং কৃষকদের স্বার্থ সুরক্ষা সুনিশ্চিতকরণের ক্ষেত্রে অসমর্থ; এই আইনগুলির ফলে এমন একটি পরিস্থিতি সৃষ্টি হবে যেখানে সরকার কৃষিপণ্য ক্রয় বন্ধ রাখতে বাধ্য হবে, খাদ্য বন্টন ব্যবস্থা ভেঙে পড়বে, খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হবে এবং বে-আইনিভাবে কৃষিপণ্যের গুদামজাতকরণ ও কালোবাজারি বৃদ্ধি পাবে;

যেহেতু এই আইনগুলিতে ন্যূনতম সহায়কমূল্যে যা স্বামীনাথন কমিশন কর্তৃক সিটু প্লাস ৫০ শতাংশ হিসাবে প্রস্তাবিত রয়েছে, কৃষিপণ্য বিক্রয় সুনিশ্চিতিকরণের ক্ষেত্রে বিধিবদ্ধ বিধান নেই যা কৃষকদের উদ্বেগের একটি প্রধান কারণ; এই ধরনের সংস্কারের ফলে বানিজ্যিক সংস্থাগুলি কৃষকদের স্বার্থ বিরোধী কাজে উৎসাহিত হবে, দর কষাকষির মাধ্যমে কৃষিপণ্যের আকর্ষণীয় দামে বিক্রয় করার ক্ষেত্রে কৃষকরা বঞ্চিত হবে এবং কৃষিপণ্য ক্রয়ের ক্ষেত্রে সরকারি ব্যবস্থা দুর্বল হয়ে পড়বে; এবং

যেহেতু, জনস্বার্থবিরোধী এই আইনগুলি প্রণয়ন করার বিরুদ্ধে সমগ্র দেশে তীব্র আন্দোলন শুরু হয়েছে এবং সাধারণ মানুষের উপর তার প্রভাব পড়েছে যার ফলে তাঁরা গভীর উদ্বেগের মধ্যে দিন কাটাচ্ছে; এই পরিস্থিতিতে এই সভা নীরব দর্শক হয়ে থাকতে পারে না, এই সভার তাঁদের এই সঙ্কট লাঘব করার একটা নৈতিক দায়িত্ব আছে।

সেই হেতু এই সভা সমগ্র দেশে আন্দোলনকারী সকল কৃষক, বিশেষ করে যে সকল কৃষক দেশের রাজধানী শহরের সীমানায় অবস্থান কর্মসূচি চালিয়ে যাচ্ছে তাঁদের প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছে এবং একই সাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দেশের সাধারণ নাগরিক ও কৃষকদের স্বার্থ সুরক্ষিত করার জন্য অবিলম্বে অত্যাবশ্যক পণ্য (সংশোধনী) আইন, ২০২০; কৃষক (ক্ষমতায়ন ও রক্ষা) মূল্য নিশ্চিতকরণ ও কৃষি পরিষেবা চুক্তি আইন, ২০২০ এবং কৃষিপণ্য ব্যবসা ও বাণিজ্য (প্রসার ও উৎসাহদান) আইন, ২০২০ বাতিলের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে, as amended, to vote.

As many as are of that opinion will please say “AYE”, as many as are of the contrary opinion please say “NO”. Ayes have it, Ayes have it.

The Resolution is adopted. The Resolution is adopted.

ADJOURNMENT

The House was then adjourned at 4.12 p.m. till 4.00 p.m on Friday, the 5th February, 2021 at the “Assembly House”, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 5th February, 2021 at 4:00 p.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 22 Ministers-in-Charge, 16 Ministers of State and 176 Members.

[4:00 – 4:10 p.m.]

Presentation of 65th Report of the Business Advisory Committee

Mr. Speaker : Hon'ble Members, I beg to present the 65th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the programme of Business from the 5th February to the 8th February, 2021 as follows:

05.02.2021, Friday (4.00 P.M.)	i)	Presentation of Annual Financial Statement of the Government of West Bengal for the year 2021-22	
	ii)	Laying of Medium-Term Fiscal Policy Statement and Fiscal Policy Strategy Statement	
	iii)	Presentation of Supplementary Estimates for the year 2020-2021	
06.02.2021, Saturday	i)	The West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021 (Introduction, Consideration & Passing)	..... 1 hour
	ii)	The West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2021 (Introduction, Consideration & Passing)	..... 1 hour
	iii)	General Discussion on Budget	..... 2 hours

FIRST SESSION

08.02.2021, Monday	i)	General Discussion on Budget	.... ½ hour
	ii)	Motion for Vote on Account	
	iii)	Discussion and Voting on Demands for Supplementary Grants for the year 2020-2021	..... 1 hour

SECOND SESSION

i)	The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2021 (Introduction, Consideration and Passing)	... ½ hour
ii)	The West Bengal Appropriation (No. 1) Bill, 2021 (Introduction, Consideration and Passing)	
iii)	The West Bengal Official Language (Amendment) Bill, 2021 (Introduction, Consideration and Passing)	... 1 hour

N.B. : There will be no Questions for Oral Answer, Mention Case and new Calling Attention on those days.

Now the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the Motion for acceptance.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্যোপদেষ্টা কমিটির ৬৫ তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think the Motion is adopted. The Motion is adopted.

GOVERNMENT BUSINESS

FINANCIAL

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 2021-2022

Mr. Speaker : Hon'ble Members, before presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 2021-2022, I would like to inform the House that by an Order of the Hon'ble Governor

of West Bengal dated the 2nd February, 2021, Hon'ble Chief Minister has been authorised to perform the duties relating to the presentation of Annual Financial Statement of the Government of West Bengal for the year 2021-2022 and Motion for Vote on Account and also the presentation of Supplementary Estimates for the year 2020-2021 and other matters pertaining thereto in the West Bengal Legislative Assembly on and from 5th February, 2021.

Now, I request the Hon'ble Chief Minister, Smt. Mamata Banerjee to present the Annual Financial Statement of the Government of West Bengal for the year 2021-2022.

..............(Noise)..........

... (এইসময় বি.জে.পি. দলের মাননীয় সদস্যরা ওয়েলে নেমে স্লোগান দিতে থাকেন এবং বিক্ষোভ দেখাতে থাকেন।) ...

Mr. Speaker : Hon'ble Members, please take your seats. Mr. Manoj Tigga, the leader of B.J.P., please go to your respective seat. This is a gross disorderly behaviour. I have to be very harsh to you. I do not want to take any harsh action. Please go to your respective seats. I do not understand this because the Hon'ble Governor has authorised the Hon'ble Chief Minister. You have heard that. আমি বুঝতে পারি না, আপনারা আইন জানবেন না। আইন শিখবেন না, আইন বুঝবেন না। অহেতুক চিৎকার চেঁচামেচি করছেন। আপনাদের কোনো অ্যাজেন্ডাই নেই এখানে। প্লিজ, আপনারা যান। Please, go to your seats or leave the House. Mr. Tigga, I request you to direct your Members to go to their respective seats. Mr. Tigga, আপনি ছিলেন আমাদের বি.এ. কমিটিতে, রাজ্যপালের কথা আপনি শুনেছেন। প্লিজ, গো টু ইয়োর রেসপেকটিভ সিটস। Otherwise I have to exercise my power under Rule 346. I have to be very harsh to you. প্লিজ, আমি একটা কথা আপনাদের বলছি, Mr. Bar, I tell you that I may name you. Please, go to your seat. Otherwise I have to take harsh action which I do not desire. The Hon'ble Governor has authorised. (গোলমাল).... ঠিক আছে। আইনত যা হয়েছে, হয়েছে। আপনি জায়গায় বসুন। জায়গায় গিয়ে বসে বলুন। Please, go to your seats. মিঃ টিগ্গা আপনি আপনার জায়গায় গিয়ে বসুন। Mr. Tigga, please, take him away. Mr. Tigga please take your Members from the well of the House. This is not fair. Please, Mr. Tigga, I have to take harsh action against him. Mr. Tigga I warn him.

.......(Noise)......

...(Noise)...

...(At this stage Hon'ble Members of B.J.P. along with Shri Dulal Chandra Bar walked out of the House)...

Mr. Speaker : Please, please. This is a gross disorder.

I am very sorry to say Hon'ble Members that this is the most untoward incident that has taken place. It was expected that being a member of the West Bengal Legislative Assembly, they would behave properly and they would maintain the respect and dignity of the House. I don't know any other cases– I don't know whether in Parliament when Hon'ble Prime Minister presented or said something there – whether any such incident had taken place. It's a very sorry state of affairs. I condemn the conduct of the members who went to the well and shouted slogans and wanted to disrupt the proceedings of the House.

Now, Hon'ble Chief Minister please.

......(গোলমাল)......

শ্রীমতী মমতা ব্যানার্জী : সরি স্পীকার স্যার, আপনাকে অনেকটা ধকল ফেস করতে হল, যেটা উচিত ছিল না। আমি অনেক বাজেট প্লেস করেছি হাউসে, জাস্ট বাজেট পড়বার আগে, আমি শুরু করেছিলাম প্রথমে, আবার আমার প্রথম থেকেই পড়তে হচ্ছে। আমি নিজে পাঁচটা রেলওয়ে বাজেট প্লেস করেছিলাম। অনেক জেনারেল বাজেট পার্লামেন্টে প্লেস করেছি এবং দেখেছি। বাজেটের সময় কেউ কোন দিন কোন কথা বলে না, because it is the customary of the Parliamentary system and the democratic system. কিন্তু আমি জানি না বি.জে.পি.'র এই মেম্বাররা কিছু পারে না, কিছু জানে না – বাজেটটা পর্যন্ত পড়তে দিচ্ছে না। আমি তো বলছি আপনারা আসুন, শুনুন, তর্ক করুন, বিতর্ক করুন, আলোচনায় অংশগ্রহণ করুন। তা না করে চারজন-পাঁচজন মিলে যদি এই অবস্থা হয় তাহলে বুঝতে পারছেন কি অবস্থা।

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

আপনার অনুমতি নিয়ে আমি এই মহান সদনে ২০২১-২২ অর্থবর্ষের অন্তর্বর্তী বার্ষিক আর্থিক বিবরণী ও প্রথম চার মাসের জন্য ব্যয় বরাদ্দ পেশ করছি।

১

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ এক বিশ্বব্যাপী অতিমারি ও অর্থনৈতিক মন্দার মধ্য দিয়ে চলেছে সমগ্র পৃথিবী, ধুঁকছে আমাদের দেশও। সেই সর্বনাশা সময়ের মধ্যে আবার আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ দেখেছে 'আমফান'-এর নিদারুণ প্রাকৃতিক বিপর্যয়, অর্থনীতির বিপুল ক্ষতি।

কেন্দ্রীয় সরকার এইসময়ে আমাদের দিকে কিছুটাও সাহায্যের হাত বাড়িয়ে দিলে হয়তো আমাদের এই ক্ষতে কিছুটা প্রলেপ পড়তে পারত, কিন্তু দিল্লির নির্দয় কৃপণতায় আমাদের জন্য কোনো সুরাহার দিশা মেলেনি। জীবাণু সর্বগ্রাসী, প্রকৃতি সংহারমুখী এবং ভারত সরকার কর্তব্যবিমুখ, এই অভূতপূর্ব প্রতিকূলতার মধ্যে দাঁড়িয়ে আমাদের যুঝতে হয়েছে গোটা বিগত বছরটা।

গৌরবের কথা, বাংলা তবুও ভেঙে পড়েনি, মুষড়ে পড়েনি। অতিমারি, আমফান ও কেন্দ্রীয় বঞ্চনার ত্রিমুখী চ্যালেঞ্জের বিরুদ্ধে দাঁড়িয়ে বাংলা অসমসাহসী লড়াই করেছে, অপরাজিত থেকেছে। একদিকে অতিমারি নিয়ন্ত্রিত করা হয়েছে, আমফানের ক্ষয়ক্ষতি আজ অনেকটা পূরণ করা সম্ভব হয়েছে এবং কেন্দ্রের বিমুখতাকে ছাপিয়ে জেগে উঠেছে বাংলার নির্ভয় যুদ্ধের বিজয়গাথা।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, দশ কোটি বঙ্গবাসীর ভাগ্যাকাশে আজ আমি সত্যিই দুর্যোগের ঘনঘটা দেখছি না— বরং নতুন সৌভাগ্যরবির উদয় দেখছি। পূর্ব ও দক্ষিণ-পূর্ব এশিয়ার নতুন ভরকেন্দ্র হিসেবে জেগে উঠেছে বাংলা। বাংলাই হয়ে উঠেছে নতুন আশার স্থল, নতুন ভরসার জোগানদার। বিশ্ব মানচিত্রে বাংলাই হয়ে উঠেছে নতুন গন্তব্য।

শিল্পে, বাণিজ্যে, উৎপাদনে, যোগাযোগে বাংলাই নতুন শক্তির উৎস হয়ে উঠেছে। দেওচা-পাঁচামির কয়লাখনি সমগ্র বিশ্বের দ্বিতীয় বৃহত্তম কয়লা ভাঁড়ার। অশোকনগরে তেল ও প্রাকৃতিক গ্যাসের যে অফুরান সন্ধান পাওয়া গিয়েছে, তাতে নতুন এক অর্থনৈতিক শক্তির বিপুল আশ্বাস মিলেছে। তাজপুরে রাজ্যের উদ্যোগে নির্মিত হতে চলেছে এক নতুন বন্দর, অর্থনীতির এক নতুন ঠিকানা। অন্ডালের রাজ্য সরকার-পোষিত বিমানবন্দর এবার হয়ে উঠতে চলেছে এক আন্তর্জাতিক বিমানবন্দর, যার জন্যও আমাদের সমর্থন ও সাহায্য থাকবে।

নিউ টাউনের সিলিকন ভ্যালিকে কেন্দ্র করে বিনিয়োগ আসছে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে। চর্মশিল্পে, ফাউন্ড্রি শিল্পে, হোসিয়ারি শিল্পে, হস্তশিল্পে এবং সামগ্রিকভাবে MSME ক্ষেত্রে বাংলা ইতিমধ্যেই প্রমাণিতভাবে বিশ্বের নজরকাড়া কেন্দ্র। এইসকল নবীন শক্তির আধারে বাংলা আজ পূর্ব এশিয়া তথা দক্ষিণ-পূর্ব এশিয়ার অর্থনৈতিক পুনরুজ্জীবনের কেন্দ্র হতে চলেছে। স্বামী বিবেকানন্দ বলেছিলেন – এবার কেন্দ্র ভারতবর্ষ। তাঁর অনুসরণে আমি আজ বলব – এবার কেন্দ্র বাংলা।

নিরাশার কথা নয়, আমি আজ আশার কথা বলব। বলব নূতন কল্যাণের কথা, নূতন পরিকাঠামোর কথা।

সব কথা অল্প সময়ে বলা যাবে না, আমি কয়েকটি ক্ষেত্রের উল্লেখ করছি।

বাংলা আজ দেশের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে শীর্ষস্থানে – যেমন ১০০ দিনের কাজে আমরা ১নং, ক্ষুদ্রশিল্পে আমরা ১নং, গ্রামে বাড়ি তৈরির ক্ষেত্রে আমরা ১নং, গ্রামে রাস্তা নির্মাণের ক্ষেত্রে

আমরা ১নং, সংখ্যালঘু বৃত্তি প্রদানের ক্ষেত্রে আমরা ১নং, দক্ষতা বৃদ্ধিতে (Skill Development) আমরা ১নং—বলে শেষ করা যাবে না।

শুধু তাই নয়, সারা দেশের বড়ো রাজ্যগুলির মধ্যে (২০১১-১২ থেকে ২০১৭-১৮ সময়কালে) দারিদ্র দূরীকরণেও আমরা ১নং স্থান অধিকার করেছি।

আপনারা জানেন, ১০০ দিনের কাজের প্রকল্পে এই বছরে ১.১ কোটি মানুষকে কাজ দিয়ে বাংলা আবার দেশের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। এর মাধ্যমে লক্ষ লক্ষ পরিযায়ী শ্রমিকদের কাজের সুযোগ করে দেওয়া হয়েছে।

বাংলা আবাস যোজনায়, গরিব মানুষদের জন্য ৯.২৩ লক্ষ নতুন পাকা বাড়ি তৈরি করে এবছর রাজ্য এক নতুন নজির সৃষ্টি করে দেশে প্রথম স্থান অর্জন করেছে।

বাংলা সড়ক নির্মাণের ক্ষেত্রে এবছরও ২০,০০০ কিমি রাস্তা নির্মাণ করে আমরা দেশে প্রথম স্থান অধিকার করেছি।

রাজ্যে ২০১১-র তুলনায় ২০২০ সালে সমস্ত ক্ষেত্রেই অভাবনীয় উন্নতি লক্ষ্য করা গেছে।

- রাজ্যের GDP ২.৭ গুণ বৃদ্ধি পেয়েছে,
- রাজ্যের রাজস্ব আদায় ২.৯ গুণ বৃদ্ধি পেয়েছে,
- State Plan Expenditure ৭.২ গুণ বৃদ্ধি পেয়েছে, .
- Social Sector-এ ব্যয় ৫.৬ গুণ বৃদ্ধি পেয়েছে,
- Agri & Allied Sector-এ ব্যয় ৬.১ গুণ বৃদ্ধি পেয়েছে,
- Physical Infrastructure-এ ব্যয় ৩.৯ গুণ বৃদ্ধি পেয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা রাজ্যের সার্বিক উন্নতি এবং মানুষের কল্যাণের জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি সাপেক্ষে অন্তর্বর্তী বাজেট বিবৃতির ২নং ও ৩ নং বিভাগ পড়া হল বলে ধরে নিচ্ছি। এখন আপনার অনুমতি নিয়ে আমি সরাসরি ৪ নং বিভাগ (৭৭ পাতা) থেকে পড়া শুরু করছি।

২০২১-২২ অর্থবর্ষে প্রধান প্রধান দপ্তরের জন্য প্রস্তাবিত ব্যয়বরাদ্দ

১. কৃষি বিভাগ

আমি, কৃষি বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭,১২৫ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২. কৃষিজ বিপণন বিভাগ

আমি, কৃষি বিপণন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩৯১.৯৩ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৩. খাদ্য ও সরবরাহ বিভাগ

আমি, খাদ্য ও সরবরাহ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৯,৬৯৩.১৭ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৪. খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগ

আমি, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২২০.৮৯ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৫. প্রাণীসম্পদ উন্নয়ন বিভাগ

আমি, প্রাণীসম্পদ উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,২২১.৪৩ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৬. মৎস্য বিভাগ

আমি, মৎস্য বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪২৬.৫৮ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৭. পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

আমি, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২৩,৯৮৩.২৭ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৮. সেচ ও জলপথ পরিবহণ বিভাগ

আমি, সেচ ও জলপথ পরিবহণ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩,৬৪৭.০৩ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৯. জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ

আমি, জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,৪৬৭.২৯ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

১০. সমবায় বিভাগ

আমি, সমবায় বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৫১৬.০৬ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

১১. বন বিভাগ

আমি, বন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৯০১.৫৮ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

১২. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ

আমি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১২,৫৬১.১৯ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

১৩. বিদ্যালয় শিক্ষা বিভাগ

আমি, বিদ্যালয় শিক্ষা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩৫,৩৩৩.৫৩ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

১৪. উচ্চশিক্ষা বিভাগ

আমি, উচ্চশিক্ষা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪,৮৯৩.০৫ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

১৫. কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগ

আমি, কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,২৮৪.৮০ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

১৬. যুবকল্যাণ ও ক্রীড়া বিভাগ

আমি, যুবকল্যাণ ও ক্রীড়া বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭২৭.৯৭ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

১৭. তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগ

আমি, তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৮০৪.৮৩ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

১৮. জনশিক্ষাপ্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ

আমি, জনশিক্ষাপ্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩৮১.৩৬ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

১৯. জনস্বাস্থ্য কারিগরি ও পানীয় জল (PHE) বিভাগ

আমি, জনস্বাস্থ্য কারিগরি ও পানীয় জল (PHE) বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩,৫৭৯.৫৭ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২০. পরিবহণ বিভাগ

আমি, পরিবহণ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,৭৩৭.০৫ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২১. পূর্ত বিভাগ

আমি, পূর্ত বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৬,৩৮১.৯৮ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২২. ভূমি ও ভূমিসংস্কার এবং শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগ

আমি, ভূমি ও ভূমিসংস্কার এবং শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,৪১৭.২৮ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২৩. বিদ্যুৎ বিভাগ

আমি, বিদ্যুৎ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২,৫৯৮.৬৬ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২৪. পৌর ও নগরোন্নয়ন বিভাগ

আমি, পৌর ও নগরোন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১২,৪৪৬.২২ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২৫. আবাসন বিভাগ

আমি, আবাসন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২৭০.৩১ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২৬. মহিলা ও শিশুবিকাশ এবং সমাজকল্যাণ বিভাগ

আমি, মহিলা ও শিশুবিকাশ এবং সমাজকল্যাণ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৬,০৪৬.৯৯ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২৭. সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

আমি, সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪,৬৪৪.১৭ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২৮. অনগ্রসর শ্রেণিকল্যাণ বিভাগ

আমি, অনগ্রসর শ্রেণিকল্যাণ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২,১৭১.৭৮ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২৯. উপজাতি উন্নয়ন বিভাগ

আমি, উপজাতি উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,০৬৮.৩৮ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৩০. শ্রম বিভাগ

আমি, শ্রম বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,০৯৩.১৬ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৩১. স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগ

আমি, স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭১২.৮৬ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৩২. উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ

আমি, উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭৭৬.৫১ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৩৩. সুন্দরবন বিষয়ক বিভাগ

আমি, সুন্দরবন বিষয়ক বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৫৭৩.৫৩ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৩৪. পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগ

আমি, পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৬৭২.২১ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৩৫. স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক বিভাগ

আমি, স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১১,৫২৩.৪৫ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৩৬. কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ

আমি, কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২৭৩.১৫ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৩৭. বিপর্যয় মোকাবিলা এবং অসামরিক প্রতিরক্ষা বিভাগ

আমি, বিপর্যয় মোকাবিলা এবং অসামরিক প্রতিরক্ষা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,৬০৫.৫০ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৩৮. অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগ

আমি, অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪৩৫,৩৩ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৩৯. সংশোধন প্রশাসন বিভাগ

আমি, সংশোধন প্রশাসন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩৩৭.৩৪ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৪০. ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্পোদ্যোগ ও বস্ত্র বিভাগ

আমি, ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্পোদ্যোগ ও বস্ত্র বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,১৪৪.৭৭ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৪১. শিল্প, বাণিজ্য ও শিল্পোদ্যোগ বিভাগ

আমি, শিল্প, বাণিজ্য ও শিল্পোদ্যোগ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,২৯১.৯১ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৪২. সরকারি উদ্যোগ ও শিল্পপুনর্গঠন বিভাগ

আমি, সরকারি উদ্যোগ ও শিল্পপুনর্গঠন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪৮.০৮ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৪৩. পর্যটন বিভাগ

আমি, পর্যটন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪৫৭.৩৮ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৪৪. তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগ

আমি, তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১৮৩.৫১ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৪৫. উপভোক্তা বিষয়ক বিভাগ

আমি, উপভোক্তা বিষয়ক বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১১৪.১৫ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৪৬. পরিবেশ বিভাগ।

আমি, পরিবেশ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৯৭.৪৬ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৪৭. অপ্রচলিত ও পুনর্নবীকরণ শক্তি উৎস বিভাগ

আমি, অ-প্রচলিত ও পুনর্নবীকরণ শক্তি উৎস বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭৩.৮২ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

৪৮. বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি বিভাগ

আমি, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭০.১১ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি।

২০২১-২২ রাজ্য বাজেটের বরাদ্দ এবং কয়েকটি গুরুত্বপূর্ণ বিভাগের বিবরণ ঃ

কৃষি ও গ্রামীণ অর্থনীতির গতিশীল পদক্ষেপ

৩.১ কৃষি

সম্প্রতি (২০মে, ২০২০) আমাদের রাজ্য এক ভয়াবহ সামুদ্রিক ঝড় ‘আমফান’-এর কবলে পড়ে। এর তীব্র ক্ষতিকর প্রভাব পড়েছে কৃষির উপর। কৃষিকার্যের পুনরুজ্জীবনের জন্য রাজ্যের ২৩,৩১,২৮৩ জন ক্ষতিগ্রস্ত কৃষককে ৩৬০.০৮ কোটি টাকা আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। বিশেষত দুই ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, হাওড়া, হুগলি, পূর্ব বর্ধমান ও নদিয়া জেলার কৃষকদের এই ক্ষতিপূরণ দেওয়া হয়েছে।

মাননীয়া মুখ্যমন্ত্রী বিগত ৩০শে জানুয়ারি, ২০১৯-এ কৃষক ভাইদের সুরক্ষার্থে ‘কৃষকবন্ধু’ (নিশ্চিত রোজগার) স্কিম চালু করেছেন। এরফলে কৃষিক্ষেত্রে স্থায়ী রোজগার খাতে ২০১৮-১৯ সাল থেকে এপর্যন্ত ২,৬৪৭.৮৯ কোটি টাকা সহায়তা দেওয়া হয়েছে। বিভাগ থেকে অ্যাকাউন্ট

পেয়ি চেক এবং DBT পদ্ধতিতে দেওয়ার ফলে ৩৮.৮১ লক্ষ কৃষক উপকৃত হয়েছেন ২০১৮-১৯-এর রবি মরশুমে। এছাড়াও ২০১৯-এর খারিফ মরশুমে এবং ২০১৯-২০-এর রবি মরশুমে ৪৪.২৬ লক্ষ জন ও ২০২০-র খারিফ মরশুমে ৪৬.৭৬ লক্ষ জন কৃষক উপকৃত হয়েছেন।

অন্যদিকে 'কৃষকবন্ধু' (মৃত্যুজনিত ক্ষতিপূরণ) খাতে এককালীন ২ লক্ষ টাকা ১৮ থেকে ৬০ বছর বয়স পর্যন্ত কৃষক ভাইদের মৃত্যুজনিত কারণে সহায়তা দেওয়া হয়েছে। ২০১৮-১৯-এর শুরুর সময় থেকে এপর্যন্ত ১৬,৫৬৩ জন মৃতের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। এরপর ২০২০-র ডিসেম্বর পর্যন্ত ৮,০১০টি ক্ষতিগ্রস্ত পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া সম্ভবপর হয়েছে।

'কৃষক বয়স্কভাতা' (FOAPS) স্কিমে ১,০০০ টাকা করে প্রায় ১ লক্ষ মানুষজনকে মাসিক পেনশন দেওয়া হচ্ছে।

বর্তমানে রাজ্যে ভুট্টা, ডাল ও তৈলবীজ উৎপাদনে বিপুল বৃদ্ধি লাভ করেছে। ২০১৬-১৭ সালের তুলনায় ২০১৮-১৯ সালে ভুট্টার উৎপাদন দ্বিগুণের অধিক হয়েছে। এবং তদ্রূপ ডাল ও তৈলবীজের উৎপাদন ১.৩ গুণের অধিক বৃদ্ধি পেয়েছে।

২০১২-১৩ সাল থেকে রাজ্য সরকার কৃষিক্ষেত্রে প্রযুক্তির উপর বিশেষ জোর দিচ্ছে। ২০১৯-২০ সালে বিদ্যুৎচালিত যন্ত্রপাতি প্রয়োগের সুবিধা পেতে ১৪,০৬৮ জন কৃষক বন্ধুকে ৯২.৯৩ কোটি টাকা ভর্তুকি বাবদ প্রদান করা হয়েছে। এছাড়াও রাজ্যব্যাপী ২৯৩টি কাস্টম হায়ারিং সেন্টার (CHC) তৈরি করা হয়েছে। অত্যাধুনিক কৃষি প্রযুক্তির সহায়তা, সচেতনতা, প্রশিক্ষণ ও প্রয়োগ ইত্যাদি কৃষক ভাইদের কাছে পৌঁছে দেওয়ার জন্য বর্ধমানে 'মাটিতীর্থ কৃষি কথা' নামে একটি প্রযুক্তি কর্মশালা তৈরি করা হয়েছে এবং এরজন্য ব্যয় বরাদ্দ হয়েছে ৬ কোটি টাকারও অধিক।

এই রাজ্যে ২০১৯-এর খারিফ মরশুম থেকে সম্পূর্ণ রাজ্য সরকারি অনুদানে 'বাংলা শস্যবিমা' (BSB) চালু হয়েছে। এই বিমার প্রিমিয়ামের পুরো ব্যয় সরকার বহন করবে, কেবল আলু ও আখের ক্ষেত্রে কৃষক ভাইদের কাছ থেকে সামান্য অর্থাৎ বিমা রাশির ৪.৮৫% প্রিমিয়াম নেওয়া হবে বাকিটা সরকার বহন করবে। ২০২০ সালে একটি প্রযুক্তি ভিত্তিক 'বাংলা শস্যবিমা' স্কিম চালু হয়েছে, এরফলে সরকার আরও দ্রুত নির্ভুলভাবে বিমার দাবি, মূল্য নির্ধারণ এবং প্রদান করতে সক্ষম হবে। ২০২০ খারিফ মরশুমে ৬৪ লক্ষ কৃষকের ২২.৫৫ লক্ষ হেক্টর জমি এই বিমার আওতায় এসেছে।

৩.২ কৃষিজ বিপণন

বিপণন পরিকাঠামোর উন্নয়নে রাজ্য দোকান, গুদাম, নিলাম হওয়া সেন্টার, প্রশাসনিক ভবন, গুদামজাত করার প্রয়াস সেই সঙ্গে পানীয় জল, স্যানিটেশন ইত্যাদি সবকিছুরই প্রসার ঘটানোর ব্যবস্থা করেছে। এরজন্য ২০১১ সালে যেখানে খরচ হয়েছিল ৯১.৫২ কোটি টাকা সেখানে ২০২০ সালে খরচ হয়েছে ১,৯৯৮.৮৯ কোটি টাকা।

২০১৪ সালে রাজ্য সরকার 'সুফল বাংলা' প্রকল্প চালু করেছে এবং বর্তমানে সমগ্র রাজ্যে ৬৩টি মোবাইল ভ্যান, ৩টি হাব এবং ৩৩১টি বিপণনকেন্দ্র গড়ে তোলা হয়েছে। 'সুফল বাংলা' কেন্দ্র থেকে প্রতিদিন ৭৫ থেকে ৮০ মেট্রিকটন শস্য মজুত করে সরাসরি কৃষকরা ১৮ লক্ষ টাকা থেকে ২০ লক্ষ টাকার ফসল বিক্রি করতে পারছে। এরফলে প্রতিদিন দুই থেকে আড়াই লক্ষ ক্রেতা উপকৃত হয়েছেন।

রাজ্যে সংযুক্তিকরণের মাধ্যমে জৈব চাষের প্রসার ঘটানোর জন্য 'পশ্চিমবঙ্গ রাজ্য কৃষি বিপণন পর্ষদ' রাজারহাটে স্টেট অফ দ্য আর্ট জৈব বিপণন বাজার নির্মাণ করেছে যার কাজ ২০২১-এর মধ্যে শেষ করতে চলেছে।

পেঁয়াজ ও আলুর বাজারদর নিয়ন্ত্রণের জন্য ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত ১৪৮টি বিক্রয়কেন্দ্রের মাধ্যমে ভর্তুকি দিয়ে পিঁয়াজ ও আলু বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছিল।

ফসল তোলার পরে তা যাতে নষ্ট না হয় সেই কথা মাথায় রেখে 'আমার ফসল আমার চাতাল' খাতে কৃষকদের ১৭,৯৭৫ টাকা করে সাহায্য দেওয়া হয়েছে যাতে তারা, ধান সেদ্ধ ও শুকনো, ঝাড়াই ইত্যাদির জন্য পরিকাঠামো নির্মাণের ব্যবস্থা করতে পারে। এছাড়াও ৫,০০০ টাকা করে দেওয়া হয়েছে যাতে ধান সংরক্ষণ করার বন্দোবস্ত করতে পারে। এরফলে প্রায় ৫৩,০০০ জন কৃষক সুফল পেয়েছেন।

'পশ্চিমবঙ্গ রাজ্য কৃষি বিপণন পর্ষদ' (WBSMB) অনলাইন ই-পারমিট দেওয়ার ব্যবস্থা করেছে যাতে রাজ্যে কৃষিজ দ্রব্য দ্রুত ও সহজে বিপণন করা যায়। এছাড়া অন-লাইন আবেদনপত্র জমা করার এবং ইউনিফায়েড লাইসেন্স প্রদান করাও শুরু হয়েছে।

রাজ্য ও জাতীয়স্তরে ই-নাম (e-NAM) বাণিজ্যিক পোর্টালের সাহায্যে কৃষিজদ্রব্য অন-লাইনে বিপণন করা শুরু হয়েছে। রাজ্যের ১৫টি জেলার ১৮টি বাজারকে ই-নামের সঙ্গে যুক্ত করা হয়েছে। এছাড়াও আরও ১৪টি বাজারকে যুক্ত করার কাজ চলছে।

বর্তমানে ৫৮৩টি বৈধপ্রাপ্ত হিমঘরের মধ্যে ৫১৫টি হিমঘর কাজ করছে। ফলে আলু ও অন্যান্য পণ্য মিলিয়ে ৭৫.৪৮ লক্ষ মেট্রিকটন দ্রব্য গুদামজাত হয়েছে।

৩.৩ খাদ্য সুরক্ষা : খাদ্য ও সরবরাহ

২০১৬-র জানুয়ারি থেকে 'খাদ্যসাথী' প্রকল্পে রাজ্যের প্রান্তিক আর্থিকভাবে পিছিয়ে পড়া মানুষদের খাদ্য সুরক্ষা দেওয়ার অভিপ্রায়ে পর্যাপ্ত পরিমাণে এবং বিশেষ সুবিধাযুক্ত দামে ভালমানের খাদ্যশস্য দেওয়া হচ্ছে। এই কাজ লক্ষ্যণীয়ভাবে সফল করতে ৫০০-রও বেশি সরবরাহকারী সংস্থা এবং ২০,০০০-এর বেশি ন্যায্যমূল্যের দোকান ব্যবহৃত হচ্ছে। সারা রাজ্যে ৯.৯৮ কোটি মানুষকে এই জনপ্রিয় 'খাদ্যসাথী'-র আওতায় নিয়ে এসে খাদ্য সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে।

Covid-19 তথা করোনা অতিমারির কারণে ২০২০-র মার্চ মাস থেকে দেশব্যাপী লকডাউনের ফলে ব্যবসা, চাকরি হারানো, বে-রোজগার, খাদ্য সামগ্রী বণ্টনের অসুবিধা ব্যাপকভাবে দেখা দেয়। মানুষের দুরবস্থা দূর করতে ২০২০-র এপ্রিল মাস থেকে AAY, PHH, SPHH এবং RKSY-I শ্রেণিভুক্ত সকল মানুষজনকে 'খাদ্যসাথী' প্রকল্পে সম্পূর্ণ বিনামূল্যে খাদ্যশস্য দেওয়া হচ্ছে। এছাড়াও ২০২০-র মে মাস থেকে RKSY-II শ্রেণিভুক্ত মানুষজনকেও বিনামূল্যে খাদ্যশস্য দেওয়া হচ্ছে। ২০২০-র মে মাস থেকে জুলাই মাস পর্যন্ত চরম দুঃসময়ে RKSY-II শ্রেণিভুক্ত মানুষজনকে পূর্বের ২ কিলোর পরিবর্তে মাসে মাথাপিছু ৫ কিলোগ্রাম খাদ্যশস্য দেওয়া হয়েছে।

লকডাউনের কারণে ডাক বিভাগ বন্ধ থাকায় ডিজিটাল রেশন কার্ড প্রেরণ করা অসুবিধা ছিল তাই সেইসব ক্ষেত্রে বিভিন্ন ব্লক অফিসও পৌরসভার মাধ্যমে ডিজিটাল রেশন কার্ড-এর পরিবর্তে 'ফুড কুপন' দেওয়া হয়েছে, যাতে তারা ডিজিটাল কার্ড না পাওয়া পর্যন্ত 'ফুড কুপন'-এর মাধ্যমে ন্যায্যমূল্যের দোকান থেকে খাদ্যশস্য পেতে পারেন। ৪.৮৫ লক্ষ খাদ্যসাথী স্পেশাল কুপন দেওয়া হয়েছে।

পরিযায়ী এবং স্থায়ী শ্রমিকদের জন্য রাজ্য সরকার ৪৫.৮৯ লক্ষ অস্থায়ী ফুড কুপনের ব্যবস্থা করেছে। এই কুপনের মাধ্যমে এই সমস্ত শ্রমিকদের জন্য রাজ্য সরকার ৪৫,৮৯৪ মেট্রিকটন চাল এবং ২,৬৫৫ মেট্রিকটন ছোলার ডাল সরবরাহ করেছে। যেখানে মাথাপিছু ১০ কিলো চাল এবং পরিবার পিছু ২ কিলো ছোলার ডাল এককালীন সাহায্য হিসাবে বিতরণ করা হয়েছে।

রাজ্যের যৌনকর্মী এবং রূপান্তরকামীদের খাদ্যসাথী স্পেশাল কুপন ও ডিজিটাল রেশন কার্ড দেওয়ার জন্য বিশেষ জোর দেওয়া হয়েছে।

সমস্ত সুবিধাভোগী ২০২১ সালের জুন মাস পর্যন্ত বিনামূল্যে খাদ্যশস্য পাবে। রাজ্য সরকার KMS ২০১৯-২০ সময়ের মধ্যে অর্থাৎ ২০১৯-এর ১ অক্টোবর থেকে ২০২০-র ৩০ সেপ্টেম্বর পর্যন্ত সময়সীমায় ১২.৪৩ লক্ষ ক্ষুদ্র ও মাঝারি কৃষকদের থেকে ৪৮.৫৮ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহ করেছে, যা এক যুগান্তকারী সফলতা। এই ধান সংগ্রহ করা হয়েছে ৩৪৯টি Government operated Centralised Procurement Centres (CPCs), ১,০৯৮টি সমবায় সমিতি, Food Producers Organisation এবং স্বনির্ভর গোষ্ঠীগুলির দ্বারা। কৃষকদের ধান বিক্রয়ের সুবিধার জন্য সরকার 'খাদ্যসাথী অন্নদাত্রী' নামে মোবাইল অ্যাপ চালু করেছে, যার দ্বারা ধান বিক্রয়ে ইচ্ছুক কৃষকেরা নথিভুক্ত হতে পারেন।

অতিরিক্ত চাল সংরক্ষণের জন্য যাতে অন্তত ৪ মাস চাল সংরক্ষিত থাকতে পারে, রাজ্য সরকার ১০ লক্ষ মেট্রিক টন সংরক্ষণ ক্ষমতাসম্পন্ন গুদামজাতকরণের ব্যবস্থা করেছে। যেখানে ২০১১ সালে সংরক্ষণ ক্ষমতা ছিল মাত্র ৬৩ হাজার মেট্রিক টন।

৩.৪ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন

বাগিচা ফসলের উৎপাদন ও জমির আয়তন বৃদ্ধিতে পশ্চিমবঙ্গ আজ রেকর্ড করেছে। ২০১১ সাল থেকে নিয়ে বর্তমান সময় পর্যন্ত ১৪,৮২,৬৯৬ হেক্টর জমিতে বিবিধ ফল, ফুল, মশলা ও বাগিচা ফসল উৎপন্ন হচ্ছে।

রাজ্যের পিঁয়াজ উৎপাদনকারীদের ১২৮টি স্বল্প মূল্যে পিঁয়াজ সংরক্ষণ পরিকাঠামো গড়ে তোলার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে যেখানে প্রতিটি সংরক্ষণ কেন্দ্রে ২৫ মেট্রিক টন পিঁয়াজ সংরক্ষণ করা যাবে।

৮৫,০০০ বর্গ মিটারের অধিক জমিতে আচ্ছাদিত কৃষিঘর এবং গ্রিন হাউস এ রাজ্যে নির্মাণ করা হয়েছে। ২০২০-২১ সাল থেকে এখানে বহুমূল্য ফুল, সব্জি উৎপাদন করা হচ্ছে এবং পানের বরোজ তৈরি হয়েছে। হুগলির চুঁচুড়াতে দ্রুতগতিতে 'সব্জি উৎকর্ষ কেন্দ্র' গড়ে তোলার কাজ চলছে। আশা করা যাচ্ছে শীঘ্রই এখান থেকে হাতে কলমে কৃষি সংক্রান্ত ট্রেনিং ও শিক্ষা সহায়তা দেওয়া যাবে এবং একই সঙ্গে উৎকৃষ্ট মানের বাগিচা ফলনের উপকরণ ও সব্জির চারা পাওয়া যাবে।

সুপার সাইক্লোন 'আমফান' কবলিত রাজ্যের ক্ষতিগ্রস্ত কৃষকদেরকে ১২৫ গ্রাম করে লাল শাকের বীজ দিয়ে তাৎক্ষণিক সহায়তা করা হয়েছে। সর্বমোট ৯,৩১,৮৪২টি বীজের মিনিকিট ক্ষতিগ্রস্ত জেলার কৃষকভাইদের মধ্যে বিতরণ করা হয়েছে। আমফান উপদ্রুত ৯টি জেলা যথা— দুই ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, হাওড়া, হুগলি, নদিয়া, বাঁকুড়া এবং মালদার পানচাষিদের বরোজ পুনরায় তৈরির জন্য ৮,১২৯ লক্ষ টাকা সহায়তা দেওয়া হয়েছে।

'সিমবিডিয়াম অর্কিড ইন্ডাসট্রিজ ইন দার্জিলিং হিলস' এবং 'সিমবিডিয়াম অর্কিড কাল্টিভেশন ফর এমপ্লয়মেন্ট জেনেরেশন অ্যামং রুরাল এডুকেটেড ইউথস্ অফ দার্জিলিং হিমালয়ান হিল রিজিয়ন' নামের রাজ্য প্রকল্প দুটির অধীনে দার্জিলিং ও কালিম্পং জেলার ১১৩ জন চাষিদের আর্থ-সামাজিক উন্নয়নের কাজ চলছে। উত্তরবঙ্গের জন্য 'কালটিভেশন অফ মেডিসিনাল প্লান্ট ফর এমপ্লয়মেন্ট জেনেরেশন অ্যান্ড লাইভলিহুড সিকিউরিটি অফ ফারমারস অফ দি হিল এরিয়া' প্রকল্প অনুমোদিত হয়েছে।

উত্তর ২৪ পরগনার দেগঙ্গা কিষাণমাণ্ডিতে 'স্টেট লেভেল হানি প্রসেসিং হাব' তৈরির কাজ শুরু হয়েছে। এর মাধ্যমে রাজ্যে মৌমাছি চাষের গতি ত্বরান্বিত হবে।

৩.৫ প্রাণীসম্পদ উন্নয়ন

'আমফান'-ঝড়ে ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলিতে ৩,৭৩৯টি বিশেষ প্রাণীস্বাস্থ্য শিবির গড়ে তোলা হয়েছে, যেখানে ১৪.৫৩ লক্ষ খামারপশু ও হাঁস-মুরগির চিকিৎসা করা হয়েছে। এছাড়াও ৫.১৩ লক্ষ খামারপশু ও হাঁস-মুরগিকে টীকা দেওয়া হয়েছে। ১৬,৭৮০ জন পালকদের তাদের খামারপশু ও হাঁস-মুরগির ক্ষয়ক্ষতির জন্য ১৪৯১.৮৪ লক্ষ টাকা ক্ষতিপূরণ বাবদ দেওয়া হয়েছে। আমফান

ঝড়ে ক্ষতিগ্রস্ত ৭টি জেলায় ৯৭ হাজার পালকদের মধ্যে ১১.১৯ লক্ষ হাঁস-মুরগির ছানা বিতরণ করা হয়েছে। এছাড়াও চলতি বছরে আরও ৬২ হাজার পালকদের মধ্যে ৬.০৭ লক্ষ হাঁস-মুরগির ছানা বিতরণ করা হবে। ২০২০-র ডিসেম্বর মাস পর্যন্ত ৭.৪২ লক্ষ হাঁস-মুরগির ছানা ১৪,৮৪১টি স্বনির্ভরগোষ্ঠীকে বিতরণ করা হয়েছে।

সরকার হাঁস-মুরগি পালনে উৎসাহ দিতে 'স্টেট ইনসেনটিভ স্কিম, ২০১৭'-র আওতায় কমার্শিয়াল লেয়ার পোল্ট্রি এবং পোল্ট্রি ব্রিডিং ফার্ম চালু করেছিল, যা চালু থাকার কথা ছিল ৩১.০৮.২০২০ পর্যন্ত। কিন্তু অতিমারি কোভিড পরিস্থিতির জন্য এই প্রকল্পটি আরও এক বছর বাড়ানো হয়েছে। ১৮৫.৬১ কোটি টাকা ব্যয়ে এই ধরনের ৪৭টি পোল্ট্রি ফার্মের অধীনে ২০.৮৬ লক্ষ লেয়ার পোল্ট্রি ফার্মের কাজ শেষ হয়েছে। যার ফলে বছরে অতিরিক্ত ৬১ কোটি ডিম উৎপাদিত হয়েছে। এছাড়াও ১৭০.৬০ কোটি টাকা ব্যয় নির্বাহ করে আরও ৪৫টি প্রকল্পের জন্য ১৮.৬৭ লক্ষ কমার্শিয়াল লেয়ার পোল্ট্রি ফার্ম-এর কাজ চলছে। এই প্রকল্পগুলির কাজ শেষ হলে বছরে অতিরিক্ত ১১৫.৪৩ কোটি ডিম উৎপাদন সম্ভব হবে। এরফলে অন্যান্য রাজ্যগুলি থেকে ডিম আমদানি করার প্রয়োজনীয়তা অনেক কমে যাবে।

রাজ্যের ১০.৫৩ লক্ষ পালকদের হাঁস-মুরগির ছানা বিতরণ করার ফলে বার্ষিক ডিম উৎপাদন ২০২০-২১ সালে প্রায় ৮ শতাংশ বৃদ্ধি পেয়ে হয়েছে ১,০৫০ কোটি, যেখানে ২০১৯-২০ সালে ডিম উৎপাদন হয়েছিল ৯৭৩.৫ কোটি।

চলতি বছরে ৪ হাজার মহিলা স্বনির্ভর গোষ্ঠীকে ৮৪ হাজার ছাগল বিতরণের কাজ হাতে নেওয়া হয়েছে।

প্রাণীস্বাস্থ্য সুরক্ষা বিষয়টি খুবই জরুরি, তাই ১.৩৯ কোটি খামারপশু ও পোল্ট্রিগুলিতে টীকাকরণের কাজ করা হয়েছে। প্রাণীসম্পদ উন্নয়নের ক্ষেত্রে গরু, মহিষ ইত্যাদি ৩০.০২ লক্ষ গবাদি পশুর কৃত্রিম প্রজনন ব্যবস্থা চালু করা হয়েছে এবং ১০.৬১ লক্ষ বাছুর কৃত্রিম প্রজনন ব্যবস্থায় জন্মলাভ করেছে।

কোভিড-১৯ তথা করোনা অতিমারির লকডাউন পরিস্থিতিতেও মূল্যবৃদ্ধি ব্যতিরেকেই মাংস ও মাংসজাত খাদ্যের সরবরাহ অক্ষুণ্ন রাখা সম্ভব হয়েছে, যেখানে বিগত বছরে ওই সময়কালের তুলনায় মাংস ও মাংসজাত খাদ্যের বিক্রয় বৃদ্ধি ঘটেছিল ১৮২.৬১ শতাংশ।

ব্রয়লার মুরগির চাহিদা নিরসনে হরিণঘাটা ও তৎসংলগ্ন অঞ্চলের খামারজীবীদের এবং ফঁসিদেওয়া মিট প্ল্যান্টে ব্রয়লার ইন্টিগ্রেশন প্রকল্পটি সফলভাবে রূপায়িত করা হয়েছে। যারফলে ৩৬২ সংখ্যক খামারজীবী উপকৃত হয়েছেন। এছাড়াও জলপাইগুড়ি এবং জোতিয়াকালির ব্রিডিং ফার্মে বার্ষিক ৩০ লক্ষ ব্রয়লার মুরগি উৎপাদনের কাজ চালু হয়েছে।

নদিয়া জেলার কল্যাণীতে এক লক্ষ হাঁস-মুরগি প্রতিপালনের ক্ষমতাসম্পন্ন কল্যাণী লেয়ার ফার্মে দৈনিক ৮৫ হাজার ডিম উৎপাদিত হচ্ছে, এছাড়াও নদিয়া জেলার হরিণঘাটায় Goat Meat

Plant-এ দৈনিক ১.২ মেট্রিক টন ছাগমাংস উৎপাদনের কাজ শুরু হয়েছে। এ ব্যতীত নদিয়া জেলার কল্যাণীতে ৫,০০০ সংখ্যক ক্ষমতাসম্পন্ন ডাক ব্রিডিং ফার্মে বার্ষিক ৫ লক্ষ হাঁস-মুরগির ছানা উৎপাদনের কাজ ইতিমধ্যেই চালু হয়ে গেছে।

২০২০-২১ বর্ষে নভেম্বর মাস পর্যন্ত গড় দুধ সংগ্রহ হত ২১৫.০৮২ TKgPD। ২০২০-২১ বর্ষে দুধের সংগ্রহ মূল্য ছাড়াও বিশেষ উৎসাহ দিতে রাজ্য সরকার প্রতি লিটার ৬ টাকা অতিরিক্ত উৎসাহভাতা হিসাবে ২১.০৩ কোটি টাকা বরাদ্দ করেছিল। যারমধ্যে দুধ সংগ্রহের জন্য মিল্ক প্রোডিউসার্স ইউনিয়নের মাধ্যমে ১৬.৪৫ কোটি টাকা জেলার ডেয়ারি সমবায় সমিতির কৃষকদের দেওয়া হয়েছে।

৩.৬ মৎস্য

২০২০-২১ বর্ষে ৩০.১২.২০২০ তারিখের মধ্যে রাজ্যে ১২.৯০ লক্ষ মেট্রিক টন মাছ এবং ২৪,৮৭৫ মিলিয়ন মাছের পোনা উৎপাদিত হয়েছে।

মাছের উৎপাদন বাড়াতে মৎস্য বিভাগ বিভিন্ন মৎস্য চাষের উপযোগী প্রকল্প নিয়েছে। 'জল ধরো জল ভরো' প্রকল্পের অধীনে ১৭.০১ কোটি টাকা ব্যয় করে ৪,২০২.৮৭ হেক্টরে ৩১,৫১৭টি জলাশয়ে মৎস্য চাষের ব্যবস্থা করেছে। এছাড়াও ২০.৯১ কোটি টাকা ব্যয়ে ৫৪৬৬.৬৬ হেক্টরে ৪১,০০০টি ছোটো ছোটো জলাশয়ে মৎস্য চাষের ব্যবস্থা নেওয়া হয়েছে। তদুপরি বড় আকারের মাছ উৎপাদন করতে ৪০ হেক্টরে ৪০টি বড়ো জলাশয়ে মৎস্য চাষ করা হচ্ছে, যার জন্য খরচ হয়েছে ১.৫৪ কোটি টাকা। ৩৪ হেক্টরের ১৭টি সরকারি জলাশয়ে ২.৭১ কোটি টাকা ব্যয় করে ময়না মডেল চালু করা হয়েছে। এছাড়াও ৪.১ কোটি টাকা ব্যয় করে ১৫৬.৬৬ হেক্টরে ১,১৭৫টি জলাশয়ে দেশি মাগুর, শিঙি মাছের চাষ করা হচ্ছে।

লোনা জলের মৎস্য চাষের ক্ষেত্রে একই প্রজাতির বাগদা চিংড়ি, বিভিন্ন প্রজাতির বাগদা চিংড়িসহ সামুদ্রিক নলাকার মৎস্য এবং 'Vennamei বাগদা' চাষের জন্য যথাক্রমে ১,০২০টি, ৮১০টি এবং ৭৮০টি জলাশয়ে মৎস্য চাষ করার কাজ চলছে। এক্ষেত্রে ব্যয় ধরা হয়েছে যথাক্রমে ২.০২ কোটি, ২.৬৯ কোটি এবং ২.৭৬ কোটি টাকা। আদিবাসী মৎস্যজীবীদের উন্নয়নের জন্য ৭৪৬টি 'দেশি মাগুর চাষ' এবং ৯৩২টি 'IMC Culture' (Indian Major Carp Culture) পদ্ধতিতে চাষ করার জন্য যথাক্রমে ১.৪৯ কোটি এবং ২.৩৬ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

এই বিভাগ Bio-floc এবং RAS নামে দুটি আধুনিক পদ্ধতিতে মৎস্য চাষের ব্যবস্থা গ্রহণ করেছে।

সামুদ্রিক ঝড় আমফানে ক্ষতিগ্রস্ত মৎস্যজীবীদের নৌকা, হাঁড়ি এবং ক্ষতিগ্রস্ত মাছ ধরার জাল-এর জন্য সরকার DBT-র মাধ্যমে ১৭ কোটির অধিক টাকা ক্ষতিপূরণ বাবদ ব্যয় করেছে।

মৎস্যজীবীদের সহজভাবে জীবিকার জন্য ১.৭০ কোটি টাকা ব্যয় করে ৭,৮৩৬টি ইনস্যুলেটেড বক্স-সহ সাইকেল বিতরণ করা হয়েছে। ৪৯০ জন উপজাতিভুক্ত মৎস্যজীবীকে

তাদের বাসপোযোগী বাড়ির জন্য বাড়িপ্রতি ১ লক্ষ টাকা করে দেওয়া হয়েছে। এরজন্য ৪.৯ কোটি টাকা খরচ হয়েছে। ওল্ড এজ পেনশন স্কিম-এর অধীনে ৮,৫০০ জন বৃদ্ধ মৎস্যজীবীকে পেনশন দেওয়া হত, যা বর্তমানে বৃদ্ধি পেয়ে ২০ হাজার হয়েছে।

চারটি উদ্ভাবনী স্কিমের প্রথমটি হল 'ফিস ফ্রাই টু ফিংগারলিং', যার দ্বারা এই বিভাগ প্রথম বছরে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে এগুলি বিক্রয়ের জন্য দেবে এবং স্বনির্ভরগোষ্ঠীগুলি এগুলির মাধ্যমে আর্থিকভাবে উপকৃত হবে। দ্বিতীয়টি হল 'স্বচ্ছ-জলাশয়ে দৈত্যাকৃতি চিংড়ি চাষ'। এক্ষেত্রে ADMI প্রকল্পের অধীনে দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরের বিস্তৃত ক্যানেলগুলিতে এই চাষ করা হবে। তৃতীয় স্কিমটি হল 'মিনি হ্যাচারিজস ফর ইন্ডিজেনাস ফিস স্পেসিস'। এখানে ছোটো ছোটো জলাশয়ে দেশীয় প্রজাতির মাছ চাষ করা হবে। চতুর্থটি হল 'মিনি ফিড মিলস'। এক্ষেত্রে মৎস্য বিভাগ স্বনির্ভর গোষ্ঠীগুলির সাহায্যে এই প্রকল্পটি বাস্তবায়নের পরিকল্পনা করেছে। ইতিমধ্যেই স্বনির্ভর গোষ্ঠীগুলিকে চিহ্নিতকরণ করা হয়েছে এবং তাদের প্রশিক্ষণ দিয়ে স্কিমটির বাস্তবায়নের কাজ প্রায় শেষ হয়ে এসেছে।

৩.৭ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন

গ্রামীণ কর্মসংস্থান এবং সামাজিক সুরক্ষার ক্ষেত্রে MGNREGA প্রকল্পে পশ্চিমবঙ্গ সমগ্র দেশের মধ্যে নিজেকে অন্যতম প্রধান অবদানকারী হিসাবে প্রতিষ্ঠিত করেছে। ২০২০-২১ অর্থবর্ষে ২০২০-র ডিসেম্বরের মধ্যে এই রাজ্য ৩২.৬৫ কোটি শ্রমদিবস তৈরি করেছে। চলতি অর্থবর্ষে ৭৩.১৮ লক্ষ পরিবারকে এবং ১.০৬ কোটি শ্রমিকের কাজের ব্যবস্থা করা হয়েছে যা এক সর্বকালীন রেকর্ড। এই অর্থবর্ষেই প্রায় ১০.৭৫ লক্ষ নতুন 'জব কার্ড' দেওয়া হয়েছে।

২০২০-২১ অর্থবর্ষে এখনও পর্যন্ত ১৫,৫৯৭টি জল সংরক্ষণ এবং জলসঞ্চয় পরিকাঠামো তৈরি করা হয়েছে। এছাড়াও ১,৫৮৭টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র গড়ে তোলার কাজ শেষ হয়েছে। ব্যক্তিগত সুবিধাভোগী স্কিমের ক্ষেত্রে ৯,৯৭,১১৩ সংখ্যক প্রাণীজ সম্পদ দিয়ে তাদের সম্পদের পরিমাণ বৃদ্ধি করা হয়েছে।

বাংলার 'আবাস যোজনা'য় চলতি আর্থিক বছরে ১০,২৬,১৯৬টি বাড়ি তৈরির অনুমোদন দেওয়া হয়েছে। ২০১৯-২০ অর্থবর্ষে সর্বোচ্চ সংখ্যায় বাড়ি তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে এবং ২০২০-২১ আর্থিক বছরে সবচেয়ে বেশি সংখ্যায় বাড়ি তৈরির অনুমোদন দেওয়া হয়েছে। 'গ্রামীণ আবাস যোজনা' স্কিমের অধীনে ৩১,৩০,৮২৪টি বাড়ির অনুমোদন দেওয়া হয়েছে।

বাংলার গ্রামীণ সড়ক যোজনায় ১৬,৫৬১.৬২ কোটি টাকার প্রকল্প ব্যয় ধরে ৩৫,৬১১.৪১ কিমি রাস্তা তৈরির অনুমোদন করা হয়েছে। বিগত বছরে (২০১৯-২০) ২,১৮০ কিমি রাস্তা নির্মিত হয়েছে, যা আবারও আর্থিক বরাদ্দের ক্ষেত্রে দেশের মধ্যে সর্বাধিক। সম্প্রতি, ২০২০-২১ বর্ষে আরও ৭৫০ কিমি নতুন রাস্তা নির্মাণ করা হয়েছে এবং আরও ১,৯০০ কিমি রাস্তা বিভিন্ন পর্যায়ে সমাপ্তির মুখে আছে। এবছরেই BGSY-র ফেজ-১-এর নির্মাণ কার্য শেষ হবে এবং ফেজ-২-এর

কাজও কিছু দিনের মধ্যেই শেষ হয়ে যাবে। ফেজ-২-এর ক্ষেত্রে ব্যয় বরাদ্দ হয়েছে ২,০৯৪.৯৪ কোটি টাকা। এমতাবস্থায় রাজ্য BGSY-৩-এর কাজ শুরু করার যোগ্যতা অর্জন করেছে।

'মিশন নির্মল বাংলা'-র অধীনে ২০১২-১৩ থেকে শুরু করে ২০২০-র ৩১ ডিসেম্বর পর্যন্ত মোট ৬৬,৩৪,৮৩৪টি বাড়িতে ঘরোয়া শৌচালয় তৈরির কাজ শেষ হয়েছে। এর ফলে এই রাজ্যের সমস্ত গ্রাম পঞ্চায়েত এখন উন্মুক্ত শৌচকর্ম মুক্ত (ODF) বলে চিহ্নিত হয়েছে। এছাড়াও ৩,৪৫২টি সর্বসাধারণের ব্যবহারের জন্য শৌচালয় তৈরি করা হয়েছে।

রাজ্য সরকার NSAP-র অধীনে সমস্ত পেনশন উপভোক্তাকে একই ছাতার তলায় নিয়ে আসার লক্ষ্যে ২০২০ সালে 'জয়বাংলা' প্রকল্প চালু করেছে। ১.৪.২০২০ তারিখে এই প্রকল্পের শুরু থেকে উপভোক্তাদের পেনশন সবার জন্য বাড়িয়ে মাসিক ১,০০০ টাকা করা হয়েছে। ২০২০-র ৩১ ডিসেম্বর পর্যন্ত মোট ২৩,১৬,০৫৮ জন উপভোক্তা এই সুবিধা পেয়েছেন। ২০২০-২১ অর্থবর্ষে রাজ্য বাজেটে ২০২০-র ডিসেম্বর পর্যন্ত ১,১৫১ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

৩,৩৪১ সংঘ, ৩৭,৩৫৩ উপসংঘ নিয়ে গঠিত ৮.৬৭ লক্ষ মহিলা স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে ৯০.৩১ লক্ষ সদস্যকে West Bengal State Rural Livelihood Mission (WBSRLM)-এর অধীনে একত্রিত করা হয়েছে। এছাড়া ৩,২৯৮ সংঘ West Bengal Co-operative Societies Act-এর নিবন্ধিত হয়েছে।

২০২০-র ডিসেম্বর পর্যন্ত WBSRLM পুনর্ব্যবহারযোগ্য তহবিল তৈরির জন্য ৩,২৭,৫৭১টি স্বনির্ভর গোষ্ঠীকে ৪৯১.৩৬ কোটি টাকা আর্থিক সহায়তা করেছে। এছাড়াও 'কমিউনিটি ইনভেস্টমেন্ট ফান্ড'-এর অধীনে ৩,২৬৭টি সংঘ ২,১৬,৩৩৬টি স্বনির্ভর গোষ্ঠীকে ২০২০-র ডিসেম্বর পর্যন্ত ১১২৫.৬৮ কোটি টাকা ঋণ হিসাবে দিয়েছে।

বিগত ২০১৯-২০ বর্ষে ৫,২৩,২৩৫টি স্বনির্ভর গোষ্ঠীকে ১১,৩৬৮.৯০ কোটি টাকা ঋণ হিসাবে দেওয়া হয়েছিল। এবছর এই অতিমারি পরিস্থিতির মধ্যেও ২০২০-র ডিসেম্বর পর্যন্ত ৪,৬৮,১২৯টি স্বনির্ভর গোষ্ঠীকে ৫,১৬৭.৯৫ কোটি টাকা ঋণ হিসাবে দেওয়া হয়েছে, যা পরিমাণের দিক থেকে দেশের মধ্যে সর্বোচ্চের নিরিখে চতুর্থ।

রাজ্য সরকারের বিভিন্ন বিভাগের সক্রিয় সহযোগিতা এবং সমন্বয়ে 'আনন্দধারা' প্রকল্পের কাজ ধারাবাহিকভাবে চলছে। বিদ্যালয় শিক্ষা বিভাগের সহযোগে ৩২,৪৪৪টি স্বনির্ভর গোষ্ঠী ২০১৯-২০ বর্ষে ৩৮৩.৬৪ কোটি টাকার ব্যবসা করেছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের সহযোগে ৪৮২টি স্বনির্ভর গোষ্ঠী সরকারি হাসপাতালগুলিতে রান্না করা খাবার সরবরাহ করেছে। এছাড়া ৯৮টি স্বনির্ভর গোষ্ঠী মহিলা ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের সহযোগে ICDS কেন্দ্রগুলিতে রান্না করা খাবার সরবরাহ করেছে।

কোভিড-১৯-এর অতিমারি পরিস্থিতিতে সংঘ এবং স্বনির্ভর গোষ্ঠীগুলি ২০২০-র ডিসেম্বর পর্যন্ত সময়ে ১,০৯,৪৩,৩৩০ সংখ্যক মুখাবরণ (Mask) এবং ১,০৫,৮১২.৫লিটার স্যানিটাইজার

প্রস্তুত করেছে। তারা সংঘের বাড়িগুলিতে নিভৃতবাসের (Quarantine Centre) ব্যবস্থা করেছে এবং নিভৃতবাসীদের খাদ্যদ্রব্য দিয়ে সহায়তা করেছে।

অনলাইন ব্যবস্থার মাধ্যমে সরকারি পরিসেবাগুলি জনগণের মধ্যে ছড়িয়ে দিতে তথ্য প্রযুক্তি ব্যবস্থার উন্নয়ন ঘটানোর জন্য ২০২০-২১ বর্ষে 'বাংলা সহায়তা কেন্দ্র' (BSK) গঠন করা হয়েছে। ২০২০-র ডিসেম্বর পর্যন্ত ৩,৪৩৮ সংখ্যক BSK গঠন করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ৩৮.৬৩ কোটি টাকা। এই BSKগুলির মাধ্যমে ২৩০ রকম সরকারি পরিসেবার ব্যবস্থা করা হয়েছে।

৩.৮ সেচ ও জলপথ পরিবহণ

সেচ ও জলপথ পরিবহণ বিভাগ রাজ্যের সেচ ব্যবস্থা ও বন্যা নিয়ন্ত্রণের জন্য বিশেষভাবে জোর দিয়েছে এবং ৯৩টিরও বেশি সেচ প্রকল্প গ্রহণ করেছে। এছাড়াও রাজ্যের বন্যাপ্রবণ অঞ্চলের মধ্যে ৪২ শতাংশ ক্ষেত্রে বন্যা নিয়ন্ত্রণ পরিকাঠামো গঠনে জোর দিয়েছে। এই বিপুল পরিকাঠামো, যার অনেকগুলিই ৫০-৬০ বছরের পুরানো, সেইসব পরিকাঠামোগুলির প্রকৃত রক্ষণাবেক্ষণ, উন্নয়ন এবং আধুনিকীকরণ করা এই বিভাগের প্রধান লক্ষ্য। রাজ্যের গুরুত্বপূর্ণ ড্যাম, ব্যারেজ এবং ব্রিজগুলির সুরক্ষা অডিট-এর কাজ শুরু হয়েছিল ২০১৭ সালে, যা এবছরেই শেষ হয়েছে। কিছু অঞ্চলে পুনর্বাসন ও সুরক্ষা অডিট-এর উল্লিখিত কাজগুলি ইতিমধ্যেই সমাপ্ত হয়েছে এবং বাকিগুলির কাজও চলছে। রাজ্য সরকারের নির্দেশিত দিশায় এগিয়ে এই বিভাগ নিরলস প্রয়াসে রাজ্যের বেশিরভাগ কৃষিজমিকে সেচের আওতায় নিয়ে এসেছে এবং ২০২০-২১ বর্ষে ২০২০-র ডিসেম্বর পর্যন্ত সময়কালে বন্যাপ্রবণ অঞ্চলগুলির মানুষজনের কল্যাণার্থে ১১৩টি প্রকল্পের কাজ শেষ করেছে। এছাড়াও কোভিড-১৯ অতিমারির ভয়ানক পরিস্থিতিতে কিছু সময় কাজ আটকে থাকা সত্ত্বেও আরও ৬১৯টি প্রকল্পের কাজ এগিয়ে চলছে।

২০২০-২১ বর্ষে সেচ-ব্যবস্থার মাধ্যমে ১,৩২,৭৪৫ একর জমিকে কৃষিযোগ্য করে গড়ে তোলা হচ্ছে। এজন্য ২৪টি মাঝারি ও ছোটো ছোটো সেচ প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। এছাড়াও কংসাবতী রিজার্ভার প্রকল্প, ময়ূরাক্ষী রিজার্ভার প্রকল্প এবং মেদিনীপুরের প্রধান ক্যানেল—এই তিনটি বড়ো সেচ প্রকল্পের পুনর্গঠনের কাজ আংশিক শেষ হয়েছে।

২০২০'র মে মাসের ২০ তারিখে প্রবল ঘূর্ণিঝড় 'আমফান' রাজ্যের উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরের উপকূলের ৩৭টি ব্লকে আছড়ে পড়ে। এই ঝড়ের ফলে ১৫৬ কিমি নদীপাড় ভাঙে এবং ৩৬টি পরিকাঠামো ভেঙে পড়ে। রাজ্য সরকার যুদ্ধকালীন তৎপরতায় ৯২টি ক্ষেত্রে নদীপাড় বাঁধানোসহ ভেঙে পড়া নির্মাণগুলি পুনঃসংস্কার করেছে।

২০২০-২১ বর্ষে ২৬০ কিমি বন্যাপ্রবণ ও ২৯১ কিমি নদীপাড় ক্ষয় রোধকারী নদীবাঁধগুলির উন্নয়ন করা হয়েছে। কলকাতা এবং সংলগ্ন অঞ্চলগুলিতে প্রায় ১০৫০ কিমি বিস্তৃত নিকাশি নালায় উন্নত নিকাশি ব্যবস্থা গ্রহণ এবং রক্ষণাবেক্ষণের ফলে জল জমে থাকার সমস্যা দূর হয়েছে এবং জমা জলে সৃষ্ট মরশুমি রোগের নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে।

ঘাটাল মাস্টার প্ল্যান ফ্লাড ম্যানেজমেন্ট স্কিম-এর জন্য ভারত সরকারের কোনো আর্থিক সহায়তা না পাওয়া সত্ত্বেও রাজ্য সরকারের নিজ-অর্থে ১৯ কিমি ব্যাপী নদীখাত পুনর্গঠন করার কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে। এছাড়াও পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় ১৪৭ কিমি ব্যাপী নদীখাতের মধ্যে ৮৪ কিমি পুনর্গঠন করার কাজ চলছে।

বিখ্যাত বিশেষজ্ঞদের সহযোগিতায় বৈজ্ঞানিক পদ্ধতিতে কাকদ্বীপ এবং সাগরদ্বীপের মধ্যবর্তী মুড়িগঙ্গা নদীতে ড্রেজিং করা হয়েছে। যার ফলে ২০২০'র গঙ্গাসাগর মেলার সময় নিরবচ্ছিন্নভাবে প্রতিদিন ১৯ ঘণ্টা ফেরি চলাচল সম্ভব হয়েছে।

বিশ্ব ব্যাংক এবং এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক-এর আর্থিক সাহায্যে 'ওয়েস্ট বেঙ্গল মেজর ইরিগেশন অ্যান্ড ফ্লাড ম্যানেজমেন্ট প্রোজেক্ট'-এর মাধ্যমে কয়েক দশকের পুরোনো DVC ক্যানেলগুলির সংস্কার করে দক্ষিণবঙ্গের ৫টি জেলায় সেচব্যবস্থার আধুনিকীকরণ করা হয়েছে। এছাড়াও এই প্রকল্পের মাধ্যমে নিম্ন দামোদর অঞ্চলে হাওড়া ও হুগলি জেলায় দীর্ঘদিন না হওয়া বন্যা নিয়ন্ত্রণ পরিকাঠামো ২০২০'র ফেব্রুয়ারি মাসের মধ্যেই গড়ে তোলা হয়েছে। এতে ব্যয় হয়েছে ৩০১৫ কোটি টাকা।

৩.৯ জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন

৬০,০০০ হেক্টর জমিকে সেচ ব্যবস্থার মধ্যে আনার জন্য বিভিন্ন ক্ষুদ্র সেচ প্রকল্প নেওয়া হয়েছে। ২০২০'র ডিসেম্বরের মধ্যে ১৭৪১টি ক্ষুদ্র সেচ ব্যবস্থার মাধ্যমে ৩১,৯৫২ হেক্টর জমি সেচের আওতায় আনা গেছে।

২০২০-২১ সালের ডিসেম্বরের মধ্যে 'জলধরো জলভরো' কর্মসূচির অধীনে ২০,০৭০টি জলাশয় ও সেচখাল সংস্কার ও তৈরির কাজ শেষ হয়েছে। এরমধ্যে জলসম্পদ বিভাগের উদ্যোগে ৩,৯৩২টি পুকুর এবং পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের সম্মিলিত প্রচেষ্টায় ১৬,১৩৮টি জলাশয়ের কাজ সমাপ্ত হয়েছে।

রাজ্যের পশ্চিমাঞ্চলের ৬টি জেলা যেমন— বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পশ্চিম বর্ধমান এগুলির পতিত জমিতে 'মাটির সৃষ্টি' নামে একটি উৎপাদনশীল কর্মসূচি নেওয়া হয়েছে। চলতি বছরে নিবিড় পরিকল্পনার মাধ্যমে ১৯৪২টি স্থানে মোট ১৩,০০০ একরের অধিক পতিত জমির উন্নয়ন করা হয়েছে। ১৫০০টি স্থানে প্রায় ৬৭৭৩ একর জমিতে ১০.৮ লক্ষের অধিক বিভিন্ন প্রজাতির চারাগাছ রোপণ করা হয়েছে।

হাপা, পিট, টিউবওয়েল ইত্যাদির মাধ্যমে ৬০০টি ক্ষুদ্র সেচ পরিকাঠামো গড়ে তোলা হয়েছে। ১৯৩ স্থানে অন্তর্বর্তী ফসল ফলানোর সুবিধার মাধ্যমে স্বনির্ভর গোষ্ঠীগুলি ২৭.৩৬ লক্ষ টাকা উপার্জন করে। ৩৭১টি জলাশয়ে মাছ চাষের ব্যবস্থা করা হয়েছে। ৩০.৫ লক্ষ কর্মদিবস তৈরিও সম্ভব হয়েছে।

রাজ্যের শুখা জেলা বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর সহ উত্তর ও দক্ষিণ ২৪ পরগনার নোনা অঞ্চলে এবং দার্জিলিং ও কালিম্পঙের মতো পাহাড়ি অঞ্চলে

'জলতীর্থ' কর্মসূচির মাধ্যমে সেচ ও বৃষ্টির জল ধরে রাখার কাজ হাতে নিয়ে সেচভুক্ত এলাকা বৃদ্ধির কাজ শুরু হয়েছে। এবছরে ২০২০ ডিসেম্বরের মধ্যে ৮৬টি স্কিমের মাধ্যমে ২,৭১৩ হেক্টর জমিকে সেচের আওতায় আনা হয়েছে। তাছাড়া 'জলতীর্থ'কর্মসূচিতে জল সংরক্ষণের মাধ্যমে পশ্চিম বর্ধমান জেলাতেও চাষের কাজে ব্যবহৃত হয়েছে।

NABARD-এর আর্থিক সহায়তায় RIDF-এর উদ্যোগে ৯৩৭টি ক্ষুদ্রসেচ প্রকল্পে চলতি অর্থবর্ষের ডিসেম্বর পর্যন্ত প্রায় ১৬,৯১৬ হেক্টর জমিকে সেচের আওতায় আনা হয়েছে।

ওয়েস্ট বেঙ্গল অ্যাকসিলারেটেড ডেভেলপমেন্ট অফ মাইনর ইরিগেশন প্রোজেক্ট (WBADMIP)-এর অধীনে আরও ৩৪৫টি সেচ প্রকল্পের কাজ চলতি অর্থবর্ষের ডিসেম্বরের মধ্যে শেষ হয়েছে। এরফলে ৩,১৫৫ হেক্টর জমি সেচভুক্ত হয়েছে এবং একই সঙ্গে উপকূলীয় নোনা অঞ্চলের জেলাগুলির ৭৮.৪ কিমি খাঁড়ি খনন করা হয়েছে।

২২১টি জলসংরক্ষণ সংস্থার (WUAs) অন্তর্গত ৫,০০৫টি উপভোক্তা পরিবারকে ক্ষুদ্রসেচের পরিচালনা, ব্যবস্থাপনা ও ব্যবহার সম্পর্কে সচেতন করতে ১,৩৮৬টি কর্মসূচির মাধ্যমে ২০,০৮১ জন ট্রেনিকে দক্ষ করে তোলা হয়েছে। এছাড়া আরও ৩০,৩৩৩টি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ৩৩,২৭৫ জন উপভোক্তা পরিবারকে কৃষি, উদ্যানপালন, মাছ চাষ ইত্যাদি সম্পর্কে আধুনিক প্রথার উৎপাদনমূলক পরামর্শ দেওয়া হয়েছে যাতে চাষীদের উৎপাদন এবং আয় বর্ধিত হয়।

অপ্রচলিত শক্তিকে কাজে লাগাতে ৪৯৮টি ক্ষুদ্রসেচ প্রকল্প শুরু করে ৬,৩৩১ হেক্টর জমিতে সম্পূর্ণ সৌরশক্তির সাহায্যে সেচ ব্যবস্থা গড়ে তোলা হয়েছে। ২০২০-২১ অর্থবর্ষের ডিসেম্বর পর্যন্ত ২৬টি সিঞ্চন সেচ পদ্ধতিকে কাজে লাগিয়ে ২২৭ হেক্টর জমিকে সেচভুক্ত করা হয়েছে, যার সমস্তটাই সৌরশক্তি চালিত।

৩.১০ সমবায়

অধিক কৃষক সদস্যকে Primary Agricultural Co-operative Societies (PACS)-এর আওতায় আনার প্রচেষ্টা স্বরূপ এই বিভাগ নতুন ১,৩৭,৭১৭ সংখ্যক কৃষকের নাম নথিভুক্ত করেছে। ১১.৪১ লক্ষ কৃষক সদস্যকে ৩১০৩.৫০ কোটি টাকা ব্যয় করে শস্য ঋণ দেওয়া হয়েছে।

৩০.১১.২০২০ পর্যন্ত সময়কালে মোট ১১,০৬,৩৩২ সংখ্যক 'রুপে কিষাণ কার্ড' বিতরণ করা হয়েছে। ৯২৫৪টি নতুন স্বনির্ভর গোষ্ঠী গঠন করা হয়েছে, ফলে স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা গুণিতক হারে বেড়ে ২,১৩,৬২৬-এ এসে দাঁড়িয়েছে।

৩৪,০৯৪টি স্বনির্ভর গোষ্ঠীর ২,৯৪,২৩১ জন সদস্যকে ঋণ সংযুক্তিকরণ (Credit Linked)করা হয়েছে। যার ফলে স্বনির্ভর গোষ্ঠীর সদস্যসংখ্যা গুণিতকহারে বেড়ে দাঁড়িয়েছে ১৪,২৫,৫১৯-এ। ২,৯৪,০২৬ জন স্বনির্ভর গোষ্ঠীর সদস্যকে ৫৭৭.৪৭ কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে। 'কর্মসাথী' প্রকল্পে ৬৫৬ জন সুবিধাপ্রাপককে ৯.৮২ কোটি টাকা দেওয়া হয়েছে।

রাজ্যের যে সব অঞ্চলে ব্যাংক পরিসেবার সুযোগ নেই, সেইসব অঞ্চলে আর্থিক পরিষেবা দেওয়ার জন্য ২৬৩১টি PACS-এর মাধ্যমে কাস্টমার সার্ভিস পয়েন্ট (CPS) গঠনের কাজ হাতে নেওয়া হয়েছে। ইতিমধ্যে ২২৩০টি PACS-এর মাধ্যমে ২০১.৭০ কোটি টাকার আর্থিক পরিষেবা দেওয়া হয়েছে।

কৃষি যন্ত্র প্রযুক্তি ব্যবহার করে রাজ্যে কৃষিজ উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন সমবায় সমিতিতে ‘ফার্ম মেশিনারি হাব’ (Custom Hiring Centre) গঠন করা হয়েছে। এভাবে ৩৭৯টি সমবায় সমিতিকে এই সহায়তা দেওয়া হয়েছে, যার জন্য খরচ হয়েছে ১০৮.৭০ কোটি টাকা।

২০১৯-২০ KMS বর্ষে রাজ্যের সমবায় সমিতিগুলি ১১.৪৬ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহ করেছে, যার মধ্যে BENFED ও CONFED ৬৪৬টি সমবায় সমিতির ২.০৭ লক্ষ কৃষক সদস্যদের কাছ থেকে ৫.৫৮ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহ করেছে।

RKVY-এর অধীনে বিভিন্ন সমবায় সমিতিগুলি ১৩.৬৯ কোটি টাকা ব্যয় করে ৯৬৫০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন ১০০টি গ্রামীণ শস্যাগার তৈরি করেছে। এছাড়াও বিগত অর্থবর্ষে RIDF / WIF-এর অধীনে ২০৮.৮৭ কোটি টাকা ব্যয় করে প্রতিটি ১০,০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন ২০টি শস্যাগার নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছিল। এই শস্যাগার নির্মাণের কাজ চলছে এবং আশা করা যাচ্ছে ২০২১-এর জুন মাসের মধ্যেই নির্মাণ কার্য শেষ হবে। তাছাড়া চলতি অর্থবর্ষে প্রতিটি ১০,০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন আরও ৩টি শস্যাগার নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে।

৩.১১ বন

পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের অর্থনৈতিক উন্নয়নে সামাজিক উৎপাদন তথা মানুষের জীবনযাত্রার মান উন্নত করার জন্য পরিবেশগত ভারসাম্য রক্ষা, বন সংরক্ষণ এবং প্রাকৃতিক বিভিন্নতা বজায় রাখার জন্য বিশেষভাবে গুরুত্ব দিয়েছে।

দক্ষিণ ২৪ পরগনা জেলার সুন্দরবন অঞ্চলে ২,৫০০ হেক্টর জায়গায় ৫ কোটি ম্যানগ্রোভ চারা গাছ বসানো হয়েছে, তারমধ্যে ৫০০ হেক্টর জমি বনাঞ্চলে এবং বাকি ২০০০ হেক্টর জমি বনাঞ্চলের বাইরে। ২০২০ সালের ডিসেম্বর পর্যন্ত ১ কোটি চারাগাছ বিতরণ করা হয়েছে। ২০২০-২১ বর্ষের হিসাব অনুযায়ী ৭২৯৯.৫ হেক্টর জমিতে বনসৃজন করা হয়েছে।

মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় ২০১৭ বর্ষে চালু হওয়া ‘সবুজশ্রী প্রকল্পে’র অধীনে ২০২০ সালের নভেম্বর মাস পর্যন্ত সময়কালে নবজাতকদের মায়েদের জন্য ৩৮,১১,২১৫টি চারাগাছ বিতরণ করা হয়েছে।

বন্য জন্তু, যথা হাতি, চিতা, বাঘ, গাউর ইত্যাদি বন্যপ্রাণীদের অনিষ্ট করার হাত থেকে মানব সম্পদ রক্ষা করার ব্যবস্থা নেওয়া হয়েছে। বনাঞ্চল সংলগ্ন গ্রামগুলির ফসল রক্ষা করার জন্য এবং মানব ও বন্যপ্রাণী সংঘর্ষ মোকাবিলা করার জন্য বিশেষ যান (AIRAWAT)

দেওয়া হয়েছে, প্রতিরোধী দল গঠন করা হয়েছে এবং সুবিধাজনক অঞ্চলগুলিতে ওয়াচটাওয়ার বসানো হয়েছে। বন্যপ্রাণীদের দ্বারা নষ্ট করা ফসলের ক্ষতিপূরণ হিসাবে রাজ্য সরকার ২০২০-২১ বর্ষে কৃষকদের ৫৯৬.৩০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিয়েছে।

বিশ্বের সবথেকে বড়ো সুন্দরবনের বদ্বীপ অঞ্চলে বাঘ সুমারির কাজ ২০২০-২১ বর্ষেই শুরু হয়েছে এবং আশা করা হচ্ছে ২০২১-এর ফেব্রুয়ারি মাসের মধ্যেই এই বাঘ সুমারির কাজ শেষ হবে। ২০১৯-২০ বর্ষে বাঘ সুমারির হিসাব অনুযায়ী সুন্দরবনে বাঘের সংখ্যা ছিল ৯৬টি। ২০২০-২১ বর্ষে বনাঞ্চলের বিভিন্ন জায়গায় ১০০০টিরও বেশি ক্যামেরা বসানো হয়েছে, যাতে করে ছবি এবং বাঘের পায়ের ছাপ দেখে বাঘের প্রকৃত সংখ্যা জানা যাবে।

সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের মধ্যে 'বাতাগুর বাসকা' নামক নদীতটবর্তী কুমিরের নোনাজলে প্রজনন এবং সংরক্ষণ প্রকল্পটি সফলভাবে রূপায়িত হয়েছে।

২০১৫-১৬ বর্ষে পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুরের মতো খরাপ্রবণ অঞ্চলে জলের যোগান দিতে 'জলতীর্থ' প্রকল্পটি শুরু করা হয়েছে। কংসাবতী, দামোদর, ময়ূরাক্ষী প্রভৃতি নদীতে চেক ডাম বসিয়ে জলের যোগান বাড়ানো হয়েছে এবং নদীর ভাঙন রোধ করা হয়েছে। ২০২০'র নভেম্বর মাস পর্যন্ত সময়কালে বনাঞ্চলে ২০১২ হেক্টর জমিতে ৯৯টি প্রকল্পের কাজ শেষ হয়েছে।

JICA-র অধীনে West Bengal Forest and Biodiversity Conservation Project (WBFBCP) পশ্চিমবঙ্গ বন ও জৈব বিভিন্নতা সংরক্ষণ প্রকল্পে ৪০টি কেন্দ্রীয় নার্সারিকে চারা বপন যন্ত্রপাতি দিয়ে সাহায্য করা হয়েছে, যারফলে ৭৯ লক্ষ চারা গাছ উৎপন্ন হয়েছে। বিগত দু'বছরে ১১,১৮০টি পরিবারকে ক্ষুদ্র ঋণ দেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গ বন উন্নয়ন কর্পোরেশন লিমিটেড (WBFDC) বনজ সম্পদ বিক্রয়ের ক্ষেত্রে ই-অকশন ব্যবস্থা চালু করেছে। ৮৭৭ ই-অকশনের মাধ্যমে ২৮৪৭৪ লট বনজ কাঠবিক্রয় করা হয়েছে, যার অর্থমূল্য ১৪৭.৪৫ কোটি টাকা। ২০২০-২১ বর্ষে WBFDC ২০ মেট্রিক টন মধু সংগ্রহ করেছে। বর্তমানে WBFDC ১৮টি পরিবেশ-বান্ধব পর্যটন কেন্দ্র চালু করেছে, যার ১২টি উত্তরবঙ্গে এবং ৬টি দক্ষিণবঙ্গে অবস্থিত।

সামাজিক পরিকাঠামো

৩.১২ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ

রাজ্য সরকার কোভিড-১৯ অতিমারিকে অত্যন্ত দক্ষ এবং সার্থকভাবে মোকাবিলা করেছে।

সরকার মাঝারি এবং গুরুতর অসুস্থ করোনা রোগীদের সুচিকিৎসার জন্য ১৩,৫৮৮টি অক্সিজেন সুবিধাসম্পন্ন শয্যা এবং ২,৫২৩টি CCU/HDU শয্যাসহ ১০২টি করোনা চিকিৎসার জন্য নির্দিষ্ট হাসপাতাল তৈরি করেছে। এছাড়াও ৫৭টি বেসরকারি হাসপাতালকে চিকিৎসার

জন্য নির্দিষ্ট করেছে। রাজ্যের প্রতিটি জেলাতেই কমপক্ষে একটি করে করোনা হাসপাতাল নির্দিষ্ট করা হয়েছে। সরকারের নির্দিষ্ট করা বেসরকারি হাসপাতালসহ সব সরকারি হাসপাতালেই করোনার চিকিৎসা সম্পূর্ণ বিনামূল্যে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

কম অসুস্থ করোনা রোগী এবং প্রয়োজনীয়দের ক্ষেত্রে নিভৃতবাসের জন্য মোট ১১,৫০৭টি শয্যার ২০০টি সেফ হোম নির্দিষ্ট করা হয়েছে। প্রত্যেক করোনা রোগীকে সরকারের 'কোভিড পেশেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম'-এর অনলাইন নজরদারিতে রাখার ব্যবস্থা করা হয়েছে।

রাজ্য সরকার ২০টি প্লাজমা ব্যাংক গঠন করেছে, যাতে করোনা রোগীদের প্রয়োজনে প্লাজমা দেওয়া সম্ভব হয়। রাজ্যের ২০টি সরকারি ব্লাড কম্পোনেন্ট সেপারেশন ইউনিট (BCSU)-এ কনভালসেন্ট প্লাজমা ব্যাংক (CCP) গঠন করা হয়েছে। যার দ্বারা মাঝারি করোনা রোগীদের চিকিৎসা করা হচ্ছে। এছাড়াও ৫টি অতিরিক্ত আঞ্চলিক ব্লাড ট্রান্সফিউশন সেন্টার (RBTC), ২৯টি BCSU এবং ৬টি ব্লাড ব্যাংক গঠনের প্রস্তাব পাওয়া গেছে।

রাজ্য সরকার ৫৫ শতাংশ RTPCR পরীক্ষাসহ প্রত্যেক দিনে ৩৫,০০০-৪০,০০০ করোনা পরীক্ষার ব্যবস্থা করেছে। বর্তমানে রাজ্যের সবকটি বড়ো জেলাতেই RTPCR পরীক্ষাগার রয়েছে। করোনা পরীক্ষার জন্য রাজ্যে বর্তমানে মোট ৯৯টি পরীক্ষাগার রয়েছে।

রাজ্যের সমস্ত অধিবাসীকে স্বাস্থ্যসাথী প্রকল্পের অধীনে আনা হয়েছে, তারা ১,৫৮৫টি নথিভুক্ত হাসপাতালে চিকিৎসার সুযোগ পাবেন। 'স্বাস্থ্যসাথী' কার্ড ১.৯৪ কোটি পরিবারকে প্রদান করা হয়েছে। **দুয়ারে সরকার**-এর সময় ৫০ লক্ষেরও বেশি স্বাস্থ্যকার্ড প্রদান করা হয়েছে।

বিভিন্ন জনস্বাস্থ্য প্রকল্পের অধীনে মা ও শিশুস্বাস্থ্য, ডেঙ্গু নিয়ন্ত্রণ, ম্যালেরিয়া, কুষ্ঠ, যক্ষা এবং কোভিড-১৯-এর মতো রোগীর চিকিৎসা ও সুব্যবস্থাপনার জন্য সফলভাবে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ডায়াবিটিস, হাইপারটেনশন এবং মুখ, স্তন ও সার্ভিকলের মতো কমন ক্যানসার-এর রোগ নির্ণয়ের জন্য ৩০ বছরের ঊর্ধ্বে সকল মানুষকে সুস্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে সুবিধা দেওয়া হচ্ছে।

বর্তমানে ৪১টি সুপার স্পেশালিটি হাসপাতাল (SSH) চালু রয়েছে, ২০২১-এর আগস্ট মাসের মধ্যে পশ্চিম মেদিনীপুরের বেলদাতে আরও একটি সুপার স্পেশালিটি হাসপাতাল (SSH) গড়ে তোলা হবে। অনলাইন OPD বুকিং, অনলাইন lab বুকিং, ই-প্রেসকিপশন, অনলাইন কেন্দ্রীয়ভাবে করোনা রোগীদের পরিচালন ব্যবস্থাপনা এবং ইন্টিগ্রেটেড কল স্টোর প্রতিষ্ঠা ব্যবস্থাপনার মাধ্যমে স্বাস্থ্যপরিষেবার উন্নতি ঘটানো সম্ভব হয়েছে।

নার্সিং-এ দক্ষতা উন্নয়নের জন্য দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। বসিরহাট জেলা হাসপাতাল, ঘাটাল মহকুমা হাসপাতাল, জঙ্গীপুর মহকুমা হাসপাতাল, সাগরদত্ত মেডিকেল কলেজ ও হাসপাতাল, উলুবেড়িয়া মহকুমা হাসপাতাল এবং ঝাড়গ্রাম জেলা হাসপাতালে ৬টি অতিরিক্ত নার্সিং-এর জন্য আবাসিক ভবন নির্মাণের ব্যবস্থা নেওয়া হয়েছে।

AYUSH প্রকল্পের অধীনে বেশ কিছু উন্নয়নমূলক কর্মসূচি নেওয়া হয়েছে। যেমন – আয়ুষ সুস্বাস্থ্য কেন্দ্র Health and Welfare Centre, মডেল আয়ুষ ওপিডি, পশ্চিম মেদিনীপুরে ৫০ শয্যাবিশিষ্ট ইন্টিগ্রেটেড আয়ুষ হাসপাতাল, পাতিপুকুরে UG এবং PG আয়ুর্বেদ ছাত্রীদের জন্য মহিলা আবাস গঠন ইত্যাদি। এছাড়াও বেলুড়ে যোগ ও ন্যাচারোপ্যাথী ডিগ্রি কলেজ গঠন করা হবে।

৩.১৩ বিদ্যালয় শিক্ষা

২০১১ সাল থেকে ছাত্রছাত্রী সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে ৭০০০ এরও বেশি নতুন বিদ্যালয় ভবন স্থাপন করা হয়েছে এবং ২,০২,০০০টি অতিরিক্ত ক্লাসরুম তৈরি করা হয়েছে। সেইসঙ্গে ৪০,৩৭২টি ছাত্রীদের শৌচাগার, ২৩,৭৫১টি ছাত্রদের শৌচাগার এবং ৭১৯১টি বিশেষ চাহিদাসম্পন্ন ছাত্রছাত্রীদের আলাদা শৌচাগার তৈরি করা হয়েছে। বিগত সাড়ে নয় বছরে রাজ্য সরকার ৮ কোটি ১২ লক্ষের বেশি ছাত্রছাত্রীকে স্কুল ইউনিফরম দেওয়ার ব্যবস্থা করেছে।

ইউনিফায়েড ডিস্ট্রিক্ট ইনফরমেশন সিস্টেম ফর এডুকেশন (U-DISE) এর তথ্য অনুযায়ী রাজ্যের প্রাথমিক, উচ্চ প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক সবস্তরেই স্কুলছুট শিক্ষার্থীর সংখ্যা বিশেষভাবে কমেছে। প্রাথমিক স্তরে স্কুলছুট ২০১১ সালে ৩.৪৫ শতাংশ থেকে কমে ২০১৯-২০তে -২.২০ শতাংশ হয়েছে, উচ্চ প্রাথমিক স্তরে সেই একইসময়ে ৫.৩ শতাংশ থেকে কমে ১.৩৫ শতাংশ, মাধ্যমিক স্তরে ১৭.৫০ শতাংশ থেকে কমে ৭.৩৪ শতাংশ এবং একইসময়ে উচ্চ মাধ্যমিক স্তরে ১৭.৪৮ শতাংশ থেকে কমে ৯.০০ শতাংশ হয়েছে।

রান্না করা মিড-ডে-মিল কর্মসূচিতে ১০০ শতাংশ সরকারি, সরকারি সাহায্যপ্রাপ্ত এবং সরকার পোষিত বিদ্যালয়ে এখন রান্না করা খাওয়ার পরিবেশিত হচ্ছে। চলতি বছরে ১১৩ লক্ষ ছাত্রছাত্রী এই তালিকায় এসেছে। এরজন্য এখনও পর্যন্ত ৭৫৯০টি খাবার জন্য 'ডাইনিং হল' বানানো হয়েছে।

সরকারি স্কুলের ক্ষেত্রে ১২১টি স্কুলে ইংরাজি মাধ্যমে পঠনপাঠন চালু করার অনুমোদন দেওয়া হয়েছে। ৩৮২টি স্কুলে লাইব্রেরি গ্রান্ট এবং ১৫১টি স্কুলে ল্যাবরেটরি গ্রান্ট দেওয়া হয়েছে। ৮২,২৫৩টি স্কুলে কম্পোজিট স্কুল গ্রান্ট দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে।

রাজ্যের সমস্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুলগুলিকে ICT @ School Programme-এর আওতায় আনার লক্ষ্য নিয়ে বর্তমানের ৫,৫৯১টি স্কুল ছাড়া আরও ৩,৭১৯টি স্কুলকে এর অধীনে আনা হচ্ছে।

দৃষ্টিহীন ও কম দৃষ্টি সম্পন্ন ছাত্রছাত্রীদের কথা ভেবে ১১,০০০-এর বেশি ব্রেইল-এ লেখা বই এবং বড়ো হরফের বই দেওয়া হয়েছে। বিদ্যালয় শিক্ষা বিভাগ বাংলার শিক্ষা নামে একটি নতুন ই-পোর্টাল চালু করেছে। এই উদ্যোগটি সাফল্যের সাথে কাজ করছে।

২০২০'র মার্চ থেকে কোভিড-১৯ মহামারীর প্রকোপে রাজ্যের স্কুলগুলিতে পঠন-পাঠন চালিয়ে যাওয়া সম্ভব ছিল না। এরফলে শিক্ষার জন্য অন্যান্য পদ্ধতির সাহায্য নেওয়া হয়েছে। এগুলি হল –'বাড়িতে বসে পড়া তৈরি' পদ্ধতিতে শিক্ষাদান, ই-লার্নিং, 'বাংলারশিক্ষা' নামে দুরদর্শনের মাধ্যমে ক্লাসরুম করা, ভিডিও কর্মসূচি, আদর্শ প্রশ্নপত্র দেওয়া এবং 'বাংলার শিক্ষা দুরভাষ' নামে টোল ফ্রি ফোনের মাধ্যমে পড়া বোঝানো।

রাজ্যের সরকারি ও সরকারপোষিত স্কুল ও মাদ্রাসার দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের ই-লার্নিং পদ্ধতিতে পড়াশোনার সুবিধা পৌঁছে দিতে প্রতিটি ছাত্রছাত্রীকে এককালীন ১০,০০০ টাকা করে দেওয়া হয়েছে যাতে তারা সেই টাকা দিয়ে ট্যাব বা স্মার্টফোন কিনে এই সুবিধা পেতে পারে।

২০২০-২১ সালে রাজ্যের ৬১,৪১৪ জন শিক্ষক-শিক্ষিকা অন-লাইন মাধ্যমে প্রশিক্ষণ লাভ করেছেন।

৩.১৪ উচ্চশিক্ষা

শিক্ষা পরিকাঠামো, মানবসম্পদ এবং উচ্চশিক্ষার মান উন্নত করার জন্য ক্রমাগত চেষ্টা চলছে। বিগত ৯ বছরে আমাদের রাজ্যে উচ্চশিক্ষার জন্য বাজেট পরিকল্পনা খাতে ব্যয় বরাদ্দ ২০১০-১১ সালের তুলনায় প্রায় ৬ গুণ বৃদ্ধি পেয়ে ১২০ কোটি টাকা থেকে ৭০০ কোটি টাকা হয়েছে ২০২০-২১ শিক্ষাবর্ষে। বাস্তবিকভাবে এই বৃদ্ধি আমাদের চোখে পড়বে যখন দেখব রাজ্যে মাত্র ১২টির জায়গায় ৪২টি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। এগুলির মধ্যে ২০টি রাজ্য সরকার পোষিত এবং ১১টি বেসরকারি পরিচালনায় পঠন-পাঠন শুরু করেছে। ৫টি নতুন শিক্ষাবর্ষ থেকে খুলবে। বাকি ৬টি রাজ্য পোষিত বিশ্ববিদ্যালয় চালু হতে চলেছে।

বিগত ৯ বছরে রাজ্যে ৫০টি নতুন কলেজ চালু হয়েছে। এরফলে উচ্চ শিক্ষায় এরাজ্যে এখন ২০১০-১১ সালের ১৩.২৪ লক্ষ শিক্ষার্থীর জায়গায় ২১.৬০ লক্ষ ছাত্রছাত্রী পড়াশোনার সুযোগ পাচ্ছে ২০১৯-২০ শিক্ষাবর্ষে।

২০১৯-২০ বর্ষে ১,৩৫,৫৮৯ জন দরিদ্র ছাত্রছাত্রী 'স্বামী বিবেকানন্দ মেরিট কাম মিনস্' ছাত্রবৃত্তি পেয়ে উচ্চশিক্ষা লাভ করেছে। উল্লেখ্য বিগত ২০১০-১১ সালে সংখ্যাটা ছিল মাত্র ৭,৪২৩ জন।

'চয়েসবেসড ক্রেডিট সিস্টেম' (CBCS) পদ্ধতিতে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে পঠন-পাঠন চালু করার ফলে ছাত্রছাত্রীদের নিজেদের পছন্দমতো বিষয়ে পড়াশুনো করতে পারার দরজা খুলে গেছে।

৩.১৫ কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন

২০১১ সালে সরকারি ও সরকার পোষিত পলিটেকনিক-এর সংখ্যা ছিল ৪০টি, যা আজ বেড়ে দাঁড়িয়েছে ৭৬টিতে। ২০১৯-২০ বর্ষে কাউন্সিল অনুমোদিত ৬টি নতুন স্বয়ম্ভর (Self Financed) পলিটেকনিক ডিপ্লোমা বিদ্যা বিষয়ক প্রতিষ্ঠান গড়ে উঠেছে। বর্তমানে দুটি

কেন্দ্রীয়ভাবে পোষিত প্রতিষ্ঠান ধরে মোট ১৮২টি প্রতিষ্ঠান চালু রয়েছে, যেখানে ২০১১ সালে রাজ্যে প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৬৫টি।

২০২০-২১ বর্ষে রাজ্যের পলিটেকনিকগুলিতে অনুমোদিত আসনসংখ্যা পার্শ্বীয় প্রবেশ প্রকল্পসহ এসে দাঁড়িয়েছে ৩৯,৮৩৫টিতে, যেখানে ২০১১ সালের আগে অনুমোদিত আসনসংখ্যা ছিল ১৭,১৮৫টি।

রাজ্যে পলিটেকনিক-এর ছাত্রছাত্রীদের ইংরাজি শিক্ষার উন্নয়ন এবং ইংরাজি ভাষায় কথোপকথন শেখানোর জন্য ব্রিটিশ কাউন্সিল-এর সহযোগিতায় 'Improving Teaching and Learning of English and Communication Skills in West Bengal Polytechnics' নামক এক প্রকল্প শুরু করা হয়েছে।

রাজ্য পরিকল্পনার খাতে মিরিক, আলিপুরদুয়ার, দাশনগরে এবং MSDP-র অধীনে উলুবেড়িয়াতে মোট ৪টি নতুন সরকারি পলিটেকনিক নির্মাণের কাজ চলছে।

অষ্টম শ্রেণি উত্তীর্ণ লেভেলে ৬ মাস ব্যাপী স্বল্পকালীন সময়ের বৃত্তিমূলক কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। ২০১৯-২০ শিক্ষাবর্ষে ১,১২,১৭৩ জন ছাত্রছাত্রীকে এই প্রশিক্ষণ-উত্তর শংসাপত্র দেওয়া হয়েছে। উচ্চ মাধ্যমিক স্তরের কারিগরি শিক্ষা প্রকল্পে ২০২০ বর্ষে ২৬,৪৪৪ জন ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়েছে।

রাজ্যের বিদ্যালয় শিক্ষা বিভাগের সহযোগিতায় বর্তমানে নবম থেকে দ্বাদশ শ্রেণির ১ লক্ষ ছাত্রছাত্রী CSS-VSE-র অধীনে ৬৭৬টি বিদ্যালয়ে কারিগরি শিক্ষা নিচ্ছে। ২০১৯-২০ শিক্ষাবর্ষে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ১৯,৭৪৫ জন ছাত্রছাত্রী এবং ২০২০ বর্ষে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ৪৯৪৮জন ছাত্রছাত্রী দক্ষতা শংসাপত্র পেয়েছে। 'উৎকর্ষ বাংলা' প্রকল্পে প্রতিবছর ৬ লক্ষ ছাত্রছাত্রীকে প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। সূচনাকাল থেকে এখনও পর্যন্ত ২০ লক্ষেরও অধিক ছাত্রছাত্রীকে এই প্রকল্পে প্রশিক্ষিত করা হয়েছে। পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট (PBSSD)-এর অধীনে ৯ লক্ষ ছাত্রছাত্রীকে স্বল্পকালীন সময়ের প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষিত করা হয়েছে।

এই প্রকল্পে সম্পূর্ণ সরকারি ব্যয়ে ১৮৯৩ জন প্রশিক্ষিত ট্রেনি সারা রাজ্যের ২৩টি জেলার ২৩০০টি কেন্দ্রে ৫০০টিরও বেশি কর্মসংস্থান সংক্রান্ত প্রশিক্ষণ নিচ্ছে।

DDU-GKY-এর অধীনে কেন্দ্র ও রাজ্য সরকারের যৌথ ব্যয়ে ৭০টি অনুমোদিত কেন্দ্রে ৬২টি প্রকল্প সংস্থা প্রশিক্ষণ চালাচ্ছে, যেখানে ২৩ রকম ক্ষেত্রে দক্ষতা প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এখনও পর্যন্ত ৩৪,৮৫৮ জন ছাত্রছাত্রী এই প্রশিক্ষণ নিয়েছে। ২০১৯-২০ বর্ষে এখানে মোট ১০,৭৫৬ জন ছাত্রছাত্রীকে নথিভুক্ত করা হয়েছে।

ITI টালিগঞ্জ এবং মহিলা ITI কলকাতার ২ জন শিক্ষককে তাদের অবদানের জন্য ভারত সরকারের DGT, MSDE সংস্থা 'কৌশলাচার্য' পুরস্কারে ভূষিত করেছে।

রাজ্যের বিভিন্ন ITI গুলিতে নতুন যুগের প্রযুক্তি, যেমন সৌর প্রযুক্তি, ইত্যাদি প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়া হবে।

হুগলি জেলার চন্দননগরে 'আলো হাব' নামে একটি ত্রিতল বাড়ি নির্মাণের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। সেখানে খুব শীঘ্রই চন্দননগরের বিখ্যাত আলোকসজ্জার প্রশিক্ষণ দেওয়া হবে।

এই অতিমারি পরিস্থিতিতে পড়াশুনা তথা প্রশিক্ষণ সম্পূর্ণ অনলাইন নির্ভর। প্রায় ৪ হাজারেরও বেশি স্টাডি মেটিরিয়াল কাউন্সিলের ওয়েব সাইডে আপলোড করা হয়েছে এবং ৯০ হাজারেরও বেশি ছাত্রছাত্রী সেটা পেয়েছে। সম্প্রতি বিভিন্ন ক্ষেত্রের ৬৯১টি ই-লার্নিং মেটিরিয়ালকে উন্নত করা হয়েছে, যারমধ্যে ৩৬১টি ELM ইউ-টিউব চ্যানেলে (WBDVET) আপলোড করা হয়েছে এবং বিভিন্ন বিভাগের ই-লার্নিং পোর্টালে ২৫১টি ELM আপলোড করা হয়েছে। এখনও পর্যন্ত প্রতিদিন ১,২৮,১৯৯ জন ছাত্রছাত্রী এতে অংশগ্রহণ করছে।

৩.১৬ ক্রীড়া ও যুবকল্যাণ

রাজ্য সরকার ক্রীড়া পরিকাঠামোর উন্নয়নে খেলাধুলা সংক্রান্ত প্রসার কাজে যেমন— তীরন্দাজী, ফুটবল, টেনিস, টেবিল টেনিস সহ স্টেডিয়ামের উন্নতি, সুইমিংপুল নির্মাণ, মাল্টিজিম তৈরি, ছোটো ইন্ডোর গেম, রিক্রিয়েশন কমপ্লেক্স, ময়দান নির্মাণ ইত্যাদি বিবিধ শিক্ষামূলক গঠনমূলক কর্মসূচি গ্রহণ করেছে। বিজ্ঞান ও সংস্কৃতির ক্ষেত্রে কিশোর প্রতিভাশালীদের সুযোগ দেওয়ার জন্য রাজ্যে, প্রতিবছরে স্টুডেন্ট ইয়ুথ সায়েন্স ফেয়ার এবং স্টুডেন্ট ইয়ুথ ফেস্টিভ্যাল-এর আয়োজন করা হয়েছে যাতে রাজ্যের সব প্রান্ত থেকে যোগদান করেছে।

সরকারি উদ্যোগে বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গন, নেতাজি ইন্ডোর স্টেডিয়াম, রবীন্দ্র সরোবর স্টেডিয়াম এবং কিশোরভারতী স্টেডিয়াম-এর উন্নয়নমূলক কর্মসূচি হাতে নেওয়া হয়েছে।

রাজ্যের যুবদের টেবিল টেনিস খেলার প্রতি আগ্রহ বাড়ানোর জন্য বেঙ্গল টেবিল টেনিস অ্যাকাডেমিকে কার্যকর করা হয়েছে। রাজ্যে খেলাধুলার সার্বিক উন্নয়নের জন্য বিভিন্ন ব্যক্তি এবং প্রতিষ্ঠানকে অনুদান প্রদান করা হয়েছে। 'খেলাশ্রী' স্কিমের অধীনে রাজ্যের বিভিন্ন ক্লাবকে বার্ষিক অনুদান দেওয়া শুরু হয়েছে। এছাড়াও কোচিং ক্যাম্প চালানো এবং খেলসম্মান আয়োজন করার জন্য অর্থসাহায্য করা হচ্ছে।

৩.১৭ তথ্য ও সংস্কৃতি বিষয়ক

রাজ্য সরকারের অর্থানুকূল্যে পরিচালিত লোক প্রসার প্রকল্পের (LPP) অধীনে এখনও পর্যন্ত ১.৯০ লক্ষেরও বেশি লোকশিল্পীর নাম নথিভুক্ত হয়েছে। লোকশিল্পীরা 'জয় বাংলা' পোর্টালের মাধ্যমে আর্থিক সুবিধা পাচ্ছেন।

সম্প্রতি রাজ্য সরকার ২৪.০৮.২০২০ তারিখে চালু 'জয় বাংলা' স্কিমের অধীনে দরিদ্র পুরোহিত এবং উপজাতিসহ বিভিন্ন সম্প্রদায়ের যেমন – খ্রিস্টান, জৈন, বৌদ্ধ, পার্সি ইত্যাদি

দরিদ্র যাজকদের মাসিক ১০০০ টাকা করে আর্থিক সহায়তা দিচ্ছে। এই স্কিমের অধীনে ১১,৪৮১ জন উপকৃত হয়েছেন।

'ওয়েস্ট বেঙ্গল পেনশন স্কিম ফর জার্নালিস্ট, ২০১৮'-এর অধীনে ৯৪ জন অবসরপ্রাপ্ত সংবাদিক মাসিক ২,৫০০ টাকা করে পেনশন পাচ্ছেন।

স্বীকৃত সাংবাদিক এবং তাদের নির্ভরশীল পরিবারের সদস্যদের জন্য ২০১৬ সালেই 'মাভৈঃ' নামে স্বাস্থ্যবীমা ও দুর্ঘটনাজনিত বীমার ব্যবস্থা করা হয়েছে। এখনও পর্যন্ত ৯৪০ জন স্বীকৃত সাংবাদিক ও তাদের পরিবারসহ মোট ১৮৮৯ জনের নাম নথিভুক্ত হয়েছে। এ পর্যন্ত ১৯৫ জন সাংবাদিক চিকিৎসা সংক্রান্ত সুবিধা পেয়েছেন।

রাজ্য সরকার স্বাস্থ্য সুবিধা প্রকল্পের অধীনে সিনেমা, টিভি প্রোগ্রামের সমস্ত শিল্পী ও কর্মচারীদের গ্রুপ হেল্থ ইনস্যুরেন্স-এর আওতায় নিয়ে এসেছে এবং তাদের পুরো প্রিমিয়াম-এর অর্থ দেওয়ার ব্যবস্থা করেছে। ৬ হাজারেরও বেশি প্রাথমিক সদস্যকে এতে সংযুক্ত করা হয়েছে। মোট উপকৃত ব্যক্তির সংখ্যা ৪৩ হাজার। ২০১৮-১৯ সালে সরকার এই স্কিমে বিমার সীমা ১.৫ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ঊর্ধ্বসীমা ৫ লক্ষ টাকা করেছে, যার থেকে সংকটপূর্ণ অসুখের চিকিৎসা ব্যয় বহন করা যায়। প্রাথমিক সদস্যদের দুর্ঘটনাজনিত চিকিৎসার ব্যয় বাবদ ১ লক্ষ টাকা বিমা কভারেজ দেওয়া হয়েছে।

লিটারারি ও কালচারাল পেনশন স্কিমের অধীনে এখনও পর্যন্ত ২২০ জন প্রখ্যাত যাত্রা শিল্পী এই সুবিধা পেয়েছেন। ৩০৯৬ জন যাত্রা শিল্পীকে যাত্রা শিল্পে তাদের অবদানের জন্য এককালীন আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

থিয়েটার শিল্পের ক্ষেত্রে ১২০০ থিয়েটার গ্রুপকে এবং ৮০০ থিয়েটার শিল্পীকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

চলতি ২০২০-২১ বছরে পশ্চিমবঙ্গ দলিত সাহিত্য অ্যাকাডেমি গঠন করা হয়েছে এবং পশ্চিমবঙ্গ হিন্দি অ্যাকাডেমি-কে পুনর্গঠন করা হয়েছে। ২০১১ থেকে ২০২০ সালের সময়সীমায় বাংলার প্রাচীন সাংস্কৃতিক ঐতিহ্যের পোষকতা ও সংরক্ষণের জন্য ১০টি অ্যাকাডেমি গঠন করা হয়েছে।

রাজ্য সরকার টালিগঞ্জে চলচ্চিত্র শতবর্ষ ভবন নির্মাণ করছে। যেখানে ফিল্ম-এর মজুতকরণ, সংরক্ষণ ও ডিজিটাইজেশন-এর জন্য ল্যাবরেটরি থাকছে। পূর্বের রাধা স্টুডিয়োকে পুনর্নির্মাণ করা হচ্ছে, যেখানে প্রতিনিয়ত চলচ্চিত্র দেখানো হবে।

রাজ্য সরকার ১৩৭ কোটি টাকা ব্যয় করে বারুইপুরে ওয়েস্ট বেঙ্গল টেলি অ্যাকাডেমি কমপ্লেক্স গঠন করছে। রাজ্যের টেলিভিশন শিল্পের সার্বিক উন্নয়নের ক্ষেত্রে এটি সরকারের এক উল্লেখযোগ্য পদক্ষেপ।

কোভিড সংক্রান্ত সতর্কতা অবলম্বন করে ২০২১-এর ৮-১৫ জানুয়ারি পর্যন্ত ২৬তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব (KIFF) সাড়ম্বরে অনুষ্ঠিত হল। এখানে ৪৫টি দেশের ৩৭টি নির্বাচিত বিদেশি ছায়াছবিসহ মোট ১৩২টি চলচ্চিত্র প্রদর্শিত হয়।

বাংলা সংগীতমেলা অনুষ্ঠানটি বাংলার ৪৫০০ জন শিল্পী, বাদ্যকার এবং অনুষ্ঠান পরিচালকদের নিয়ে ২০২০'র ২৩ থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে কলকাতার মোট ১০টি সংগীত মঞ্চে অনুষ্ঠিত হয়েছে। মোট ২২ জন বিশিষ্ট বাংলা সংগীত শিল্পী সরকার থেকে 'বিশেষ সংগীত মহাসম্মান', 'সংগীত মহাসম্মান'এবং 'সংগীত সম্মান'-এ ভূষিত হয়েছেন।

৩.১৮ জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা

রাজ্য সরকারের উদ্যোগে ২০২০ সালে ৪০ শতাংশ নম্বর পাওয়া নবম এবং নবমোর্দ্ধ বিশেষভাবে সক্ষম ছাত্রছাত্রীদের ছাত্রবৃত্তি দেওয়া হয়েছে। মোট ৪.১০ কোটি টাকা ২,৮২৬ জন বিশেষভাবে সক্ষম ছাত্রছাত্রীদের দেওয়া হয়েছে।

৫০টি এডুকেশনাল ওয়েলফেয়ার হোমের আবাসিকদের জন্য বিভাগীয় সহযোগিতায় ২০২০ সালে স্টেট লেভেল স্পোর্টস অ্যান্ড কালচারাল মিট আয়োজিত হয়েছিল। ৫২৪ জন ছেলে এবং ১৮৮ জন মেয়ে মিলিয়ে মোট ৭১২ জন এখানে যোগদান করতে পেরেছে।

রাজ্য সরকারের সহযোগিতায় ৩৭২ জন মাধ্যমিক পাশ করেছে। এরমধ্যে ২৪৪ জনই এডুকেশনাল ওয়েলফেয়ার হোমের ছাত্র এবং তাদের মধ্যে ১২৮ জন বিশেষভাবে সক্ষম। অন্যদিকে ১১২ জন উচ্চমাধ্যমিক পাশ করেছে। যারমধ্যে ৬৫ জন এডুকেশনাল ওয়েলফেয়ার হোম থেকে পড়াশুনো করেছে এবং ৪৭ জন বিশেষভাবে সক্ষম।

২০২০ সালে বীরভূমের সিউড়িতে ১০০ শয্যা বিশিষ্ট 'স্টেট ওয়েলফেয়ার হোম' নামে ছেলেদের একটি দোতলা হোস্টেল তৈরি হয়েছে।

২০২০'র ৮ সেপ্টেম্বরে সামাজিক সুরক্ষার বিশেষ কোভিড-১৯ অতিমারি সতর্কতাবিধি মেনে বিশ্বসাক্ষরতা দিবস উপস্থাপন করা হয়েছে।

ভূ-প্রাকৃতিক পরিকাঠামো

৩.১৯ জনস্বাস্থ্য কারিগরি ও পানীয় জল (PHE)

আগামী ৫ বছরের মধ্যে প্রতিটি ঘরে জল সরবরাহের লক্ষ্যে রাজ্য সরকার ২০২০ সালের জুলাই মাসে 'জলস্বপ্ন' প্রকল্পটি চালু করেছে।

JICA, JAPAN-সংস্থাটির আর্থিক সহায়তায় পুরুলিয়ায় ফেজ-১-এর জল সরবরাহ প্রকল্পের কাজ শুরু হয়েছে। এই কাজে ব্যয় ধরা হয়েছে ১,২৯৬.২৫ কোটি টাকা। এরফলে পুরুলিয়ার ৫টি ব্লকের ৬.৩২ লক্ষ অধিবাসী এবং পুরুলিয়া পৌর অঞ্চলের ১.৮৫ লক্ষ অধিবাসী উপকৃত হবেন।

ADB-র আর্থিক সহায়তায় ২,২৬৮.৫০ কোটি টাকা ব্যয়ে আরও ৩টি পানীয় জল প্রকল্পের কাজ চালু হতে চলেছে। PWSS-এর অধীনে বাঁকুড়া জেলার (ফেজ-২) ৪টি ব্লকে পানীয় জল প্রকল্প- যেখান থেকে ওই জেলার মেজিয়া, গঙ্গাজলঘাঁটি, ইঁদপুর এবং তালডাংরা ২-এর ১১.০৩ লক্ষ সাধারণ মানুষ উপকৃত হবেন। অন্যদিকে, হাড়োয়া-রাজারহাট ও ভাঙর-২ ব্লকের আর্সেনিক দূষিত অঞ্চলের ৫.২৬ লক্ষ মানুষের উপকারার্থে ভূতল PWSS জলপ্রকল্প এবং তৃতীয়টি হল নন্দকুমার, চণ্ডীপুর এবং নন্দীগ্রাম-১ ও ২নং ব্লকের নোনা প্রভাবিত অঞ্চলের ৭.৮২ লক্ষ মানুষের জল সমস্যা নিরসনে ভূতল PWSS-এর পানীয় জল প্রকল্প।

ত্রাণ ও উদ্ধারকার্যের অঙ্গ হিসেবে 'আমফান' ক্ষতিগ্রস্ত জায়গায় জনস্বাস্থ্য কারিগরি ও পানীয় জলবিভাগ (PHED) ১.৫১ কোটি প্যাকেটবন্দি পানীয় জলের পাউচ সরবরাহ করেছে। অন্যদিকে, ৪১,০০০ পানীয় জলের ট্যাঙ্কারের মাধ্যমে ৪.৮০ কোটি লিটার বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করেছে। দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুরের আমফান-এ ক্ষতিগ্রস্ত এলাকায় ৩,৮০০টি নতুন টিউবওয়েল বসানো হয়েছে।

বীরভূম জেলার তারাপীঠ মন্দির ও তৎসংলগ্ন অঞ্চলের নিকাশী ব্যবস্থার উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে। এছাড়াও PWSS-এর অধীনে গ্রামাঞ্চলে নলবাহিত পানীয় জল সরবরাহের জন্য OHR নির্মাণ ও অন্যান্য পরিকাঠামো গড়ে তোলার কাজ শুরু করা হয়েছে।

প্রত্যেক বছরের ন্যায় গঙ্গাসাগর মেলায় PHED অস্থায়ী থাকার ব্যবস্থা, শুদ্ধ পানীয় জল, অগ্নি নির্বাপন ব্যবস্থা, শৌচাগার, দূষিত জল এবং কঠিন বর্জ্য পদার্থের নিষ্কাশন-এর প্রয়োজনীয় ব্যবস্থা মেলা প্রাঙ্গণ এবং ৬টি ট্রানজিট কেন্দ্রে নিয়েছে।

৩.২০ পরিবহণ

লক ডাউনের সময় পরিবহণ বিভাগ অভিবাসী শ্রমিক ও কর্মচারীদের রাজ্যে ফিরে আসার বন্দোবস্ত করতে বিপুল পরিমাণে বাস রাস্তায় নামিয়েছিল। এছাড়াও পুলিশ, স্বাস্থ্যকর্মী, অত্যাবশ্যক পণ্য পরিষেবার জন্য রাজ্য পরিবহণ সংস্থাগুলি থেকে প্রচুর বাস নামানো হয়েছিল ওই সময়ে।

ডিসেম্বর ২০২০ পর্যন্ত WBTC-র অধীনে কুঁদঘাট, আড়িয়াদহ, বারুইপুর এবং টিকিয়াপাড়ার বাস টার্মিনাস ফেজ-২ এবং SBSTC-র অধীনে দীঘা ট্রেনিং সেন্টার, হলদিয়া ডিপোর ওয়ার্কশপ এবং বাঁকুড়া ও সিউড়ির ক্রিউ রেস্ট রুম তৈরির কাজ শেষ হয়েছে। এছাড়াও উত্তর দিনাজপুরের ইটাহার বাস টার্মিনাস, হাওড়ার গাদিয়াড়া এবং টিকিয়াপাড়া বাস টার্মিনাস, পশ্চিম মেদিনীপুরের ক্ষীরপাই বাস টার্মিনাস, বীরভূমের রামপুরহাট বাস টার্মিনাস এবং পূর্ব বর্ধমানের কাটোয়া বাস স্ট্যান্ডের পরিকাঠামো নির্মাণ শেষ হয়ে গেছে। অন্যান্য আরও ২০টি বাস ডিপো, বাস স্ট্যান্ড এবং একটি ট্রাক টার্মিনাস অত্যাধুনিকরূপে তৈরির কাজ শেষ হয়েছে।

জলপথ পরিবহনে রাজ্যের ফেরিঘাটগুলির উন্নয়ন ও আধুনিকীকরণের জন্য সুনির্দিষ্ট Standard Operating Procedure (SOP) মেনে বিভিন্ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে। ৪৮১টি ফেরিঘাট 'জলধারা' প্রকল্প-এর অধীনে ৫৪৪ জন জলসাথী নিয়োগ করা হয়েছে।

২০২০-২১ সালের ডিসেম্বর ২০২০ পর্যন্ত উত্তর ২৪ পরগনার ধামাখালি, সন্দেশখালি, তুষখালি ও দুলদুলি ফেরিঘাটগুলিকে WBTIDCL-এর অধীনে এনে নির্মাণ করা হয়েছে এবং WBTC একটি LCT ভেসেল নির্মাণ করেছে। এছাড়াও বজবজের নুঙ্গি জেটি এবং হাওড়ার সারেঙ্গা জেটি তৈরির কাজ শেষ করা হয়েছে। রাজ্যের আরও ১২টি জেটি ও ফেরিঘাট তৈরি ও আধুনিকীকরণ করা শুরু হয়েছে।

বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় পশ্চিমবঙ্গের জলপথ পরিবহণের প্রগতি ও উন্নয়নের জন্য গৃহীত প্রকল্পগুলির মধ্যে রাজ্যের খাতে ৪৫ মিলিয়ন ডলার অর্থাৎ ৩২৮ কোটি টাকা এবং বিশ্বব্যাঙ্কের খাতে ১০৫ মিলিয়ন ডলার অর্থাৎ ৭৭২ কোটি টাকা খরচ করে হুগলি নদীর জলপথের উন্নতি ঘটানোর চেষ্টা চলছে, এরফলে মাল চলাচল ও যাত্রীবহন সুবিধা লাভ করবে। ২৯টি আধুনিক জেটি, ৪০টি জায়গায় ইলেক্ট্রনিক স্মার্ট গেট তৈরি, ২২টির মতো উন্নত স্টিল ভেসেল চালানো হবে যাতে কলকাতা মহানগরের ফেরিঘাটের পরিবহণের ক্ষমতা উন্নত হবে।

সড়ক পরিবহণে পথনিরাপত্তা একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। ২০২০-২১ সালে ডিসেম্বর ২০২০ পর্যন্ত ২০.৩০ কোটি টাকা খরচ করে পুলিস এবং অন্যান্য নিরাপত্তা কর্মীদের মধ্যে অত্যাধুনিক উপকরণ যেমন— রেকার ভ্যান, উচ্চ বাতি স্তম্ভ, সিসি টিভি ক্যামেরা, ট্রাফিক সিগন্যালে এবং জন সচেতনতার কাজে ব্যবহার করা হয়েছে। অন্যদিকে নিরন্তর 'সেফ ড্রাইভ সেভ লাইফ' প্রচার চালিয়ে পথ দুর্ঘটনা ও তজ্জন্য আহত ও মৃত্যুর ঘটনা কমিয়ে আনা সম্ভব হয়েছে।

'গতিধারা' প্রকল্পের মাধ্যমে স্বরোজগারের কাজ যথারীতি চলছে। এই প্রকল্পে ২০২০-২১ সালের ডিসেম্বর ২০২০ পর্যন্ত ২,৪৭৩টি আবেদন অনুমোদিত হয়েছে।

৩.২১ পূর্ত (সড়ক পরিকাঠামো)

সড়ক পথে যোগাযোগের উন্নতি সাধনে চলতি অর্থবর্ষে পূর্ত বিভাগ ২০২০'র ডিসেম্বরের মধ্যে ১০ মিটার চওড়া দুই লেনের ১৪১ কিমি রাস্তাকে প্রশস্ত ও শক্তিশালী রূপে তৈরি করেছে। এছাড়াও যানবাহনের উপযোগী ৭ মিটার চওড়া দুই লেনের ১৮৩ কিমি রাস্তা প্রশস্ত এবং পোক্ত করা হয়েছে এবং ১৪০ কিমি রাস্তা ৫.৫০ মিটার প্রশস্ত করা হয়েছে। বিভিন্ন জেলাতে প্রায় ৬৭৪ কিমি রাস্তাও চওড়া ও শক্তিশালী করে বানানো হয়েছে।

পূর্ত বিভাগ নতুন করে মাঝেরহাট স্টেশন সংলগ্ন এবং ডায়মন্ড হারবার রোডে ৫.৮০ কিমি স্থানে 'জয়হিন্দ' (মাঝেরহাট) ব্রিজটি (ROB) খুব দ্রুত, মাত্র ১ বছর ১১ মাসে মোট ৩১১.৭৬ কোটি টাকা ব্যয় করে অত্যাধুনিক প্রযুক্তিতে তৈরি করেছে। বর্তমানে আগের ৬২৮

মিটার এবং ১৫৫ মেট্রিক টন বহন ক্ষমতার চেয়ে এই নতুন লম্বা ব্রিজটি ৬৩৬ মিটার ও ৩৮৫ মেট্রিক টন পর্যন্ত ভারবহন ক্ষমতা সহ্য করতে পারবে।

কোচবিহার জেলার তিস্তা নদীর উপর মেখলিগঞ্জ ও হলদিবাড়ি বরাবর মেখলিগঞ্জ সাব-ডিভিশন সদর সংযোগকারী জয়ী ব্রিজটির কাজও শেষ হয়ে গেছে। জলপাইগুড়ি জেলার ফুলবাড়ি গাজোলডোবা ক্যানাল রোড বরাবর গাজোলডোবা রেলব্রিজটি এবং হুগলি জেলার কামারকুণ্ডু রেলব্রিজটির কাজও শেষ হতে চলেছে। চেরি গঙ্গা নদীর উপর বেথুয়াডহরি ও অগ্রদ্বীপ ফেরিঘাট রোড গামী ৫ কিমি নদী ব্রিজটির কাজ শীঘ্রই শেষ হয়ে যাবে।

বর্তমান বছরে ডিসেম্বর পর্যন্ত পূর্ত বিভাগের আরও একটি প্রধান কাজ 'বৈতরণী' প্রকল্পের অধীনে শহরাঞ্চলে ৪টি অতিরিক্ত বৈদ্যুতিক চুল্লি ও গ্রামাঞ্চলে ৭৭টি শ্মশান নির্মাণ হয়েছে। এরফলে এই প্রকল্পে বৈদ্যুতিক চুল্লি ও নির্মিত শ্মশানের সংখ্যা হল যথাক্রমে ২০ এবং ৫৩২টি।

৩.২২ ভূমি ও ভূমিসংস্কার এবং শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন

রাজ্য সরকার কয়েক দশক ধরেই রাজ্যের ভূমিহীন অধিবাসী, বিশেষত কলোনির অধিবাসীদের এবং যারা সরকারি জমিতে বসবাস করছে তাদের বৈধ জমির কাগজ ছাড়াই তাদের সমস্যার সমাধানের জন্য নিরন্তর চেষ্টা করে চলেছে। এই বিভাগ মানবিকতার নিদর্শন স্বরূপ উদ্বাস্তু প্রতিষ্ঠান, কলোনির জমি, খাসমহল জমিগুলিকে যেখানে যে বসবাস করছে তাকে সেখানেই সেই অবস্থায় জমির ব্যবস্থা করে জমির পাট্টা বা ভোগস্বত্ব দলিল দেবার সিদ্ধান্ত নিয়েছে। এখনও পর্যন্ত ২৪৪টি উদ্বাস্তু কলোনির ক্ষেত্রে জমির মালিকানার নিয়মিতকরণের ব্যবস্থা নেওয়া হয়েছে এবং অন্যান্য সরকারি জমির ক্ষেত্রেও তদ্রূপব্যবস্থার নেওয়ার উদ্যোগ গৃহীত হয়েছে।

গত একবছরে ধাপে ধাপে ৩০,০০০ জমির পাট্টা এবং ভোগস্বত্ব প্রদান করা হয়েছে। বিস্তারিত সমীক্ষার মাধ্যমে আরো পরিবারকে শনাক্ত করে জমির দলিল বা পাট্টা দেওয়ার ব্যবস্থা করা হবে। এরফলে এই কলোনিগুলির পরিবার এবং তাদের পরবর্তী প্রজন্মের অনিশ্চয়তার অবসান হল।

গত অর্থবর্ষ থেকেই রাজ্য সরকার ease of doing business পদ্ধতির প্রচলন করে জমি সংক্রান্ত সমস্ত কাজ যেমন— মিউটেশন, জমির রেকর্ড রাখা, জমির চরিত্র নির্ধারণ ইত্যাদিকে সরলিকৃত, স্বয়ংক্রিয় করে পুরো ব্যবস্থাকে নির্দিষ্ট সময়ের মধ্যে আনতে চেষ্টা করেছে। একই সঙ্গে সরকার কৃষিভিত্তিক শিল্প, উৎপাদনমূলক শিল্প এবং ICT সহ সমস্ত সহযোগী শিল্পের জন্য পূর্বতন মিল বা কারখানার খালি জমিগুলিকে কাজে লাগিয়ে 'সেলামি' বিনিময়ে জমির দীর্ঘমেয়াদী লিজের ব্যবস্থা করতে উদ্যোগী হয়েছে।

কোভিড-১৯ মহামারীর আবহে জনসাধারণের সুবিধার জন্য বাংলা ১৪২৬ সালের প্রদেয় অনাদায়ী ভূমি রাজস্বের উপর ৬.২৫ শতাংশ সুদ মকুব করেছে যদি ৩০ জুন, ২০২১-এর মধ্যে বকেয়া প্রদান করা হয়।

রাজ্য সরকার বিগত কয়েক বছরে নাগরিক সুলভ পরিষেবার উল্লেখযোগ্য উন্নতি সাধন করেছে। ই-ভূচিত্র পদ্ধতিকে কাজে লাগিয়ে জমির বসবাসকারীর সমস্ত তথ্য সামনে আনা সহজ হয়েছে এবং এটি জনপ্রিয় মাধ্যম হিসাবে পরিগণিত হয়েছে।

৩.২৩ বিদ্যুৎ

বর্তমান অর্থবর্ষ ২০২০-২১-এ 'হাসির আলো' নামে একটি প্রকল্প চালু করা হয়। এই প্রকল্পে CESC এবং WBSEDCL-এর অন্তর্ভুক্ত উপভোক্তাগণকে মিটার রেট সহ বিনামূল্যে বিদ্যুৎ সরবরাহ করা হয়, যাদের মাসিক খরচ ২৫ ইউনিট/ত্রৈমাসিক খরচ ৭৫ ইউনিট পর্যন্ত এবং যাদের বিদ্যুৎ সংযোগের মোট ক্ষমতা ০.৩ কিলোওয়াট পর্যন্ত। গড়ে প্রতিমাসে ১৬.৫ লক্ষ (WBSEDCL-১৫ লক্ষ এবং CESC-১.৫ লক্ষ) উপভোক্তা এই সুবিধা পেয়েছেন। ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত অর্থবরাদ্দ হয়েছে ১০৮.১৮ কোটি টাকা এবং ৬.৫৫ কোটি টাকা যথাক্রমে WBSEDCL এবং CESC-এর অন্তর্গত উপভোক্তার জন্য।

রাজ্য সরকার ২০২০-২১ অর্থবর্ষে বিদ্যুৎবিভাগ ২,৩৮,৬৭৭টি নতুন বিদ্যুৎ সংযোগ দিয়েছে। রাজ্যের ৩৭,৯৬০টি গ্রামই বিদ্যুৎ পরিষেবার সঙ্গে যুক্ত হয়েছে। রাজ্যের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা সেই সঙ্গে সপ্তাহের ২৪ ঘণ্টা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ বজায় রাখতে চলতি অর্থবর্ষে বিভিন্ন প্রকল্পে ৮টি ৩৩/১১ কিলোভোল্ট ক্ষমতাসম্পন্ন সাব-স্টেশন চালু করা হয়েছে।

২০২০-২১ অর্থবর্ষে নিরন্তর বিদ্যুতের ব্যবস্থা করতে ১৩.৫ কিমি ভূগর্ভস্থ কেবল (১১ কিলোভোল্ট) পরিষেবার মাধ্যমে রুদ্রনগর ৩৩/১১ কিলোভোল্ট সাব-স্টেশন থেকে গঙ্গাসাগর মেলা প্রাঙ্গণ পর্যন্ত বিদ্যুৎ পৌঁছে দেওয়া গেছে।

১৩২/৩৩ কিলোভোল্ট ক্ষমতাসম্পন্ন ৩টি GIS সাব-স্টেশন থেকে পরিষেবা দেওয়ার কাজ শুরু হয়েছে। এগুলি হল—মালদার হরিশচন্দ্রপুর, পশ্চিম মেদিনীপুরের ডেবরা এবং মুর্শিদাবাদের সালার বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র। ওইসব জেলার ও তার পার্শ্ববর্তী অঞ্চলের উপভোক্তারা এখান থেকে পরিষেবা পাচ্ছেন।

কোভিড-১৯ মহামারির আবহে ২০শে মে ২০২০-তে উদ্ভুত ভয়ংকর সামুদ্রিক ঝড় আমফানের কবলে পরে WBSEDCL-এর বিদ্যুৎ পরিষেবা ব্যাপক ক্ষতির সম্মুখীন হয় এবং রেকর্ড সময়ের মধ্যে এই পরিষেবা পুনরায় চালু করা সম্ভব হয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন অঞ্চলের ১৪টি বিদ্যুৎ বিহীন গ্রাম এবং ৫৯টি আংশিক বিদ্যুৎ সেবিত গ্রামে পরিষেবা পৌঁছে দেওয়া গেছে। এরমধ্যে ৭,২৬৪টি বাড়িতে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে। কোচবিহার জেলার ১০০টির কম গৃহবাসীযুক্ত ৭৫টি গ্রামের ৭,৭০০টি গৃহে বিদ্যুৎ সংযোগ পৌঁছে দেওয়া হয়েছে।

'বিদ্যুৎ মানচিত্র' নামে নিজস্ব প্রযুক্তিতে GIS (Geographic Information System) মোবাইল অ্যাপ তৈরি করা হয়েছে। এর মাধ্যমে বিদ্যুৎ নেটওয়ার্ক সমীক্ষা করে সেই অনুযায়ী

প্রয়োজনীয় পরিষেবা সরঞ্জাম ও তৎসহ সংশ্লিষ্ট যাবতীয় তথ্যগুলি Google ম্যাপ ও অন্যান্য ডিজিটাল মানচিত্রে রাখার ব্যবস্থা করা হয়েছে।

উপযুক্ত রিঅ্যাকটিভ পাওয়ার ম্যানেজমেন্ট ব্যবস্থা প্রয়োগ করে বিদ্যুৎ সরবরাহের গতি আনা হয়েছে। WBSETCL-এর মাধ্যমে ৩৩ Capacitor Bank থেকে বিদ্যুৎ নিয়ে ৪০ MVAR Reactor-এর মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করার কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। সাগরদিঘি ৬৬০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ৫ নম্বর ইউনিট উৎপাদনের কাজ শুরু করে দিয়েছে।

সাগরদিঘির ৫ মেগাওয়াট ভাসমান সৌর বিদ্যুৎ প্রকল্পের কাজও শুরু হয়ে গেছে।

WBPDCL-কে কয়লা সরবরাহের জন্য ৭টি কয়লাখনি অঞ্চলকে যুক্ত করা হয়েছে। এগুলি হল—পাঁচওয়াড়া (উত্তর), বড়জোড়া (উত্তর), গঙ্গারামচক এবং গঙ্গারামচক-ভাদুলিয়া, তারা (পূর্ব ও পশ্চিম), কষ্টা ও দেউচা-পাচামি খনি অঞ্চল। এরমধ্যে পাঁচওয়াড়া (উত্তর), বড়জোড়া (উত্তর) ও বড়জোড়া গঙ্গারামচক-ভাদুলিয়া খনি অঞ্চলে ইতিমধ্যেই কয়লা উত্তোলন শুরু হয়ে গেছে।

৩.২৪ পৌর ও নগরোন্নয়ন

এই বিভাগ নগরাঞ্চলে কঠিন ও তরল বর্জ্য ব্যবস্থাপনার জন্য বিপুল উদ্যোগ হাতে নিয়েছে। এখনও পর্যন্ত ৭টি কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ও ৫টি তরল বর্জ্য ব্যবস্থাপনার জন্য বৃহৎ প্রকল্প অনুমোদিত হয়েছে। যার জন্য ৭৩৭ কোটি টাকা অনুমোদিত হয়েছে।

পরিবেশবান্ধব, স্থায়ী, শক্তি সঞ্চারক, তথ্যপ্রযুক্তি নির্ভর নিরাপদ নগর গড়ে তোলার জন্য ২০১৬-১৭ সালে 'গ্রিন সিটি মিশন সেল' কার্যকর হয়। এই কাজে এখনও পর্যন্ত ৩,৯৭৭টি স্কিম ছাড়পত্র পেয়েছে। কলকাতার নিকটে নিউটাউন এই গ্রিনস্মার্ট সিটি মিশনের অধীনে নির্বাচিত হয়েছে।

অন্যদিকে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মের দ্বিশতবর্ষ উপলক্ষ্যে বীরসিংহ উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছে যার লক্ষ্য হবে নগর ও উপনগরীর অধিকতর উন্নয়ন।

রাজ্যে ৫৫টি AMRUT নগর, ৪২টি জলসরবরাহ প্রকল্প, ৩টি নিকাশি ও বর্জ্য নির্গমন প্রকল্প, ৭টি ঝঞ্ঝাজনিত জলনিকাশি এবং ২টি দূষণমুক্ত নগর পরিবহণ প্রকল্প গড়ে তোলার কাজ হাতে নেওয়া হয়েছে। এছাড়াও এই কর্মসূচির অধীনে আরও ৪২২টি গ্রীনস্পেস ডেভেলপমেন্ট-এর প্রকল্প শুরু হতে চলেছে। এরমধ্যে ৭টি পানীয় জলপ্রকল্প, ১টি নিকাশি ও ১টি ঝঞ্ঝাজনিত জলনিকাশি প্রকল্প এবং ২টি দূষণমুক্ত পরিবহণ প্রকল্প যুক্ত রয়েছে এবং ৩৩৭টি এই ধরনের সবুজ এলাকা উন্নয়নের কাজ বর্তমানে শেষ হয়ে গেছে।

ইন্টিগ্রেটেড হাউজিং অ্যান্ড স্লাম ডেভেলপমেন্ট প্রোগ্রাম (IHSDP)-এর অধীনে ৪৯,৭০৫টি আবাস নির্মাণের কাজ শেষ হয়ে গেছে এবং আরও ২,২৪৫টি আবাস নির্মাণের কাজ চলছে।

বাংলা আবাস যোজনার অধীনে ১,৩১,৬৬৩টি আবাসগৃহ নির্মাণের কাজ শেষ হয়েছে এবং আরও ৬৭,৫৬৬টি গৃহ নির্মাণের কাজ চলছে। Urban Insfrastructure Development Scheme for Small and Medium Towns (UIDSSMT)-এর অন্তর্গত ৪০টি ULBs-এর

অধীনে ৪২টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এরমধ্যে ৩৭টির কাজ শুরু হয়ে গেছে এবং ৫টির কাজ দ্রুত এগিয়ে চলেছে।

৩,৫০,৬০০ জন মহিলা স্বনির্ভরগোষ্ঠীর সঙ্গে অথবা এককভাবে ব্যাঙ্ক ঋণের মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র উদ্যোগের দ্বারা স্বনির্ভর হয়েছেন। ১,১৬,৮৬৫ জন যুবক-যুবতী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ লাভ করে তারা হয় কর্মে নিযুক্ত হয়েছেন অথবা সুষ্ঠুভাবে স্বরোজগারমূলক কাজে নিযুক্ত হয়েছেন। এই বিভাগ গৃহহীন নাগরিকদের জন্য ৬৭টি আবাস (SUH) তৈরির কাজ হাতে নিয়েছে যারমধ্যে ৩৬টি আবাস চালু হয়ে গেছে। হকার সাপোর্ট স্কিম-২০২০'র অধীনে ১,৫০,০০০ জন উপভোক্তাকে ২,০০০ টাকা করে অর্থসাহায্য দেওয়া হয়েছে, যেটা রাজ্যপোষিত।

৪০টি ULBs কে উন্মুক্ত শৌচ মুক্ত (ODF) ঘোষণা করা হয়েছে। ২,৫৮,৩৮১টি গৃহ শৌচালয়, ১,৭১৬টি গোষ্ঠী শৌচালয় এবং ২১৫টি পথশৌচালয় তৈরি করা হয়েছে। এরফলে ১৫,৬৮,৫১৫ জন নাগরিক উপকৃত হয়েছেন। কঠিন বর্জ্য ব্যবস্থাপনায় বাড়ি-বাড়ি থেকে বর্জ্য সংগ্রহ করার কাজ ৯৫ শতাংশ ওয়ার্ডে নেওয়ার পরিকল্পনা গৃহীত হয়েছে, যারমধ্যে ২৫ শতাংশের কাজ চালু হয়ে গেছে।

নাগরিক স্বাস্থ্য রক্ষায় ভেক্টর বাহিত রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কর্মসূচির অন্তর্গত মা ও শিশুর স্বাস্থ্য সুরক্ষার ব্যবস্থা নেওয়া হয়েছে। এছাড়াও 'ডেঙ্গু বিজয় অভিযান' প্রকল্পে নগরোন্নয়ন দপ্তরের অধীনে সমস্ত ওয়ার্ডগুলিতে নিরন্তর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার কর্মসূচি নেওয়া হয়েছে। সমস্ত ULB-তে ২৮ রাউন্ড VCT কর্মসুচি এবং ৮ রাউন্ড বাড়ি-বাড়ি প্রচারমূলক কর্মসূচি সম্পন্ন হয়েছে।

জয়বাংলা পেনশন স্কিমের অধীনে মোট ৫,৬৩,২৬২ জন উপভোক্তাকে সরাসরি ব্যাঙ্ক অ্যাকাউন্টে DBT পদ্ধতিতে ২০২০'র জুনের থেকে পেনশন দেওয়ার কাজ শুরু হয়েছে।

৩.২৫ আবাসন

রাজ্য সরকার, চা-বাগানের স্থায়ী কর্মীদের জন্য পাকাবাড়ি তৈরি করে দেবার উদ্দেশ্যে 'চা-সুন্দরী' নামে একটি নতুন আবাসন স্কিম শুরু করেছে। এর ফলে যাদের পাকাবাড়ি নেই তারা এই সুযোগ পাবেন। প্রথম পর্যায়ে ৪,৬০০টি বাড়ি তৈরির কাজ হাতে নেওয়া হয়েছে।

সকল দরিদ্র মানুষের উদ্দেশ্যে, যাদের নিজের নামে বা পরিবারের কোনো সদস্যের নামে পাকা বসতবাড়ির বন্দোবস্ত নেই, তাদের কথা ভেবে এই বিভাগ 'স্নেহালয়' নামে, আবাসন স্কিম শুরু করেছে।

মধ্যআয় ও নিম্নআয়ের কর্মী ও তাদের পরিবারের জন্য 'নিজশ্রী' নামে আবাসন স্কিম চালু হয়েছে। এই ধরনের ৮টি নির্মাণ ক্ষেত্রে কাজ চলছে।

ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন জেলা হাসপাতাল ও সাব-ডিভিশনাল হাসপাতাল মিলিয়ে ১৩টি নৈশাবাস চালু হয়ে গেছে যেখানে রোগীর আত্মীয়-পরিজনরা রাত্রিবাসের সুবিধা পাচ্ছেন। এছাড়াও আরও সাতটির নির্মাণ কাজ দ্রুত চলছে।

রাজ সরকার রেসিডেন্সিয়াল হাউসিং এস্টেট (RHE) স্কিমের আওতায় সরকারি কর্মীদের জন্য সারা রাজ্যে ফ্ল্যাট তৈরির কাজ শুরু করেছে। বর্তমানে কলকাতায় ৩৫টি এবং রাজ্যের অন্যত্র ৮৮টি RHE স্কিমের কাজ চলছে। এর মধ্যে কলকাতায় ৩৯৫৭টি ফ্ল্যাট এবং অন্যান্য জেলায় ৯৭৫০টি ফ্ল্যাট তৈরি হয়েছে। ২০২০ সালে তিনটি RHE-র অধীনে ৩৪টি ফ্ল্যাট তৈরির কাজ শেষ হয়েছে। নবগঠিত জেলা ও মহকুমা সদরগুলির জন্য আরও ৮টি RHE-র কাজ হয়ে গেছে, এগুলি হল—(১)দক্ষিণ দিনাজপুরের RHE কর্ণজোড়ার ১২টি ফ্ল্যাট (২) ডায়মন্ড হারবার RHE-র ১৬টি টাইপ III ফ্ল্যাট (৩) বুনিয়াদপুরে ১২টি ফ্ল্যাট (৪) কালিম্পং-এ ৮টি ফ্ল্যাট (৫) ঝাড়গ্রামের বাছুরডোবায় ৭২টি ফ্ল্যাট (৬) পূর্ব মেদিনীপুরের নিমতৌড়িতে ৯৬টি ফ্ল্যাট (৭) পুরুলিয়ার রাঁচি রোডে ৩২টি ফ্ল্যাট এবং (৮) পূর্ব মেদিনীপুরের কাথিতে ৪৮টি ফ্ল্যাট।

'কর্মাঞ্জলি' নামে ১৪টি কর্মরত মহিলাদের হস্টেল বর্তমানে চালু আছে। তার মধ্যে থেকে দুটির নির্মাণ কাজ চলতি অর্থবর্ষে শেষ হয়েছে। দক্ষিণ ২৪ পরগনার সাগরে ৬০টি শয্যার মহিলা হোস্টেল, কাঁথিতে ৭০টি শয্যা বিশিষ্ট এবং মেদিনীপুরে ৪৮টি শয্যা বিশিষ্ট মহিলা হোস্টেল তৈরির কাজ দ্রুত গতিতে চলছে।

সাধারণ পথযাত্রী, বিশেষত মহিলাদের সুবিধার্থে ৭০টি 'পথসাথী' বর্তমানে চালু রয়েছে।

বর্তমানে রানিগঞ্জ কয়লাখনি অঞ্চল উন্নয়ন স্কিমের অধীনে, অগ্নিকাণ্ড ও অন্যান্য বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত মানুষের স্বার্থে খনি অঞ্চলের পাশেই বসবাসের জন্য ১০৬৭২টি ফ্ল্যাট তৈরির কাজ শুরু হয়েছে।

রাজ্য সরকার বিজয়নগর, অন্ডাল, দাশকেয়ারি জে.এল. ০২ এবং জে.এল. ০৩ নামক ৪টি অঞ্চলে দায়মুক্ত জমিতে ৯,৬৯৬টি ফ্ল্যাট নির্মাণের কাজ হাতে নিয়েছে। ৩১শে ডিসেম্বর ২০২০ পর্যন্ত ৩,৫৮৩টি ফ্ল্যাটের নির্মাণের কাজ শেষ হয়েছে। ৫৪৭২ ফ্ল্যাটের ইটের পরিকাঠামো শেষ হয়েছে। আশা করা হচ্ছে বাকি ফ্ল্যাটগুলির কাজ এই আর্থিক বছরের মধ্যে পর্যায়ক্রমে শেষ হয়ে যাবে।

রাজারহাটের নিউটাউনে 'আকাঙ্ক্ষা হাউজিং স্কিম' চালু হয়েছে। সেখানে বিভিন্ন ক্যাটেগরির ৫৭৬টি ফ্ল্যাট তৈরির কাজ শেষ হয়েছে। প্রকল্পটি সম্পূর্ণ হয়েছে এবং ফ্ল্যাট দখলের চিঠি শীঘ্রই ছাড়া হবে।

সামাজিক ক্ষমতায়ন

৩.২৬ মহিলা ও শিশুবিকাশ এবং সমাজকল্যাণ

কিশোরীদের ক্ষমতায়নের লক্ষ্যে রাজ্যের কন্যাশ্রী প্রকল্প শুরু হয়েছিল ২০১৩ সালে এবং এখনও পর্যন্ত ৬৭,৯৬,৯৬৬ জন কিশোরীকে এর আওতায় আনা হয়েছে। ১৩ থেকে ১৯ বছর বয়সি কিশোরীদের শিক্ষা ও ক্ষমতায়নের লক্ষ্যে এই প্রকল্পের মাধ্যমে নগদ টাকা দেওয়া হয়ে থাকে। কারিগরি শিক্ষা বিভাগের সহযোগিতায় 'স্বপ্ন ভোর' স্কিমের অধীনে ১৮ বছরের বেশি

বয়সের কন্যাশ্রী কিশোরীদের তাদের নিজ নিজ পছন্দ অনুযায়ী কারিগরি প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নের কর্মসূচি নেওয়া হয়েছে।

'রূপশ্রী' প্রকল্প শুরু হয়েছিল ২০১৮'র এপ্রিলে। সূচনাকাল থেকে এখনও পর্যন্ত প্রায় ৮,৪৯,১৩৮ জন কন্যাকে এই আর্থিক সুবিধা দেওয়া হয়েছে। রূপশ্রী প্রকল্পে অভাবী মহিলাদের প্রথমবার বিয়ের জন্য এককালীন ২৫,০০০ টাকা দেওয়া হয়।

অঙ্গনওয়াড়ি সার্ভিসেস স্কিমের মাধ্যমে শিশু পুষ্টির উন্নয়ন ঘটানো সম্ভব হয়েছে। কোভিড অতিমারি পরিস্থিতিতে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি ২০২০'র মার্চ মাসের মাঝামাঝি থেকে বন্ধ ছিল। তাই ওই সময়কালে সুবিধাপ্রাপক পরিবারগুলিকে শুকনো পুষ্টিকর রেশন সরবরাহ করা হয়েছে। এছাড়াও সারা রাজ্যে ৭৩.১৮ লক্ষ ৬ বছরের কম বয়সি শিশুদের এবং ১৫.৭৬ লক্ষ গর্ভবতী ও প্রসূতি মায়েদের প্রতিমাসে নিয়মিতভাবে সম্পূরক পুষ্টিকর খাদ্য দেওয়া হচ্ছে।

সারা রাজ্যে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির মাধ্যমে শিশুদের যত্ন নেওয়া ও শিশুশিক্ষার জন্য ৫৩,৮৯৪টি 'শিশুআলয়' কেন্দ্র গঠন করা হয়েছে। কোভিড-১৯-এর লকডাউন পরিস্থিতিতে দপ্তরের উদ্ভাবিত প্রাথমিক শিশুদের যত্ন ও শিক্ষাবিস্তার প্রকল্পের মাধ্যমে প্রতিমাসে ৩ থেকে ৬ বছর বয়সি ২২.২৮ লক্ষ শিশুদের যত্ন নেওয়া এবং প্রাক্-বিদ্যালয় শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। এই কর্মসূচির জন্য এই স্কিমটি ২০২০ সালে 'গোল্ড স্কচ স্মার্ট গভর্ন্যান্স অ্যাওয়ার্ড' পেয়েছে।

'ইন্টিগ্রেটেড চাইল্ড প্রোটেকশন স্কীম'-এর অধীনে বর্তমান বছরে ৩৮৯০ জন শিশুকে পুনরুদ্ধার করে তাদের বাড়িতে ফিরিয়ে দেওয়া হয়েছে, বিদেশ থেকে রাজ্যে পাচার হওয়া ৫১ জন শিশুকে এই আর্থিকবর্ষে তাদের স্বদেশে ফিরিয়ে দেওয়া সম্ভব হয়েছে। এছাড়াও ১২২টি শিশু অন্তঃদেশীয় এবং ১১ জন শিশু আন্তঃদেশীয় পরিবারে দত্তক হিসাবে স্থান পেয়েছে। ৭০০ জন শিশু প্রতিরোধী স্পনসরশিপ এবং ১৯৩ জন শিশু পুনর্বাসনের সুবিধা পেয়েছে। POCSO Act-এর অধীনে সহায়কদের চিহ্নিতকরণ ও প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য ২০২০ সালে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে।

এপ্রিল, ২০১৮-র সূচনাকাল থেকে এখনও পর্যন্ত ৪,০৮,৮৮১ জন বিশেষভাবে সক্ষম মানুষকে 'মানবিক পেনশন' প্রকল্পে জনপ্রতি প্রতিমাসে ১,০০০ টাকা করে পেনশন দেওয়া হচ্ছে। ১.৪.২০২০ তারিখ থেকে এই প্রকল্পের যোগ্যতা আরও শিথিল করা হয়েছে যাতে আরও বেশি সংখ্যক মানুষ এর সুবিধা পেতে পারে। পূর্বের ৫০ শতাংশ অক্ষমতার জায়গায় এখন ৪০ শতাংশ অক্ষমতাযুক্ত মানুষজন এই সুবিধা পাবেন। এই প্রকল্পটির আয়ের ঊর্ধ্বসীমা বাতিল করা হয়েছে।

একইভাবে 'ওল্ড এজ পেনশন'-এর অধীনে পূর্বে যেখানে ৮৩,৭৩৮ জন এই সুবিধা পেতেন, সেখানে এখন ৪,৪৯,৬৫৭ জন মানুষ এই সুবিধা পাচ্ছেন। অন্যদিকে 'উইডো পেনশন স্কিম' খাতে আগে যেখানে ৪৯,৬৮৭ জন এই সুবিধা পেতেন, সেখানে বর্তমানে ২,৬০,৫৬৪ জন

বিধবা মহিলা এই সুবিধা পাচ্ছেন। ২০২০'র এপ্রিল থেকে এই দুই পেনশন খাতেই দেয় ৭৫০ টাকার পরিবর্তে এখন উপভোক্তারা মাসিক ১,০০০ টাকা করে পেনশন পাচ্ছেন।

৩.২৭ সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা

মাদ্রাসা শিক্ষাব্যবস্থার আধুনিকীকরণের উদ্দেশ্যে এবং সময়োপযোগী শিক্ষণের জন্য ২টি দফায় ৩০০টি মাদ্রাসায় ৬০০ 'স্মার্ট ক্লাস রুম' এবং 'ই-বুক' চালু করা হয়েছে। ছাত্রছাত্রীদের কম্পিউটার শিক্ষায় দক্ষ এবং তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য ১১৫টি মাদ্রাসায় কম্পিউটার ল্যাবরেটরি গড়ে তোলা হয়েছে। সরকারি সাহায্যপ্রাপ্ত, MSK এবং SSK মাদ্রাসাগুলির সকল ছাত্রছাত্রীকে বিনামূল্যে বই বিতরণ করা হয়েছে। এছাড়াও সরকার পোষিত, MSK এবং SSK মাদ্রাসাগুলির প্রথম থেকে অষ্টম শ্রেণির সকল ছাত্রছাত্রীকে বিনামূল্যে স্কুল ড্রেস, স্কুল ব্যাগ ও জুতা দেওয়া হয়েছে।

২০১৯-২০ বর্ষে **'ঐক্যশ্রী'** বৃত্তি প্রকল্পটি শুরু করা হয়েছে। উদ্বোধনী বর্ষে ৩৭ লক্ষ ছাত্রছাত্রীকে ৬০০ কোটি টাকারও বেশি বৃত্তিমূলক অনুদান দেওয়া হয়েছে। চলতি বছরে (২০২০-২১) ৪২ লক্ষেরও বেশি ছাত্রছাত্রীকে এই বৃত্তি দেওয়ার আশা করা হচ্ছে।

স্বনিযুক্তির ক্ষেত্রে উৎসাহ দিতে ছোট উদ্যোগপতি ও স্বনির্ভর গোষ্ঠীগুলিকে শর্তসাপেক্ষ ক্ষুদ্র ঋণ দেওয়া হচ্ছে। এছাড়াও চলতি বছরে ৩২ হাজার এরকম সুবিধাভোগীকে সহজ ঋণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

সংখ্যালঘুকেন্দ্রিক অঞ্চলগুলির পরিকাঠামো উন্নয়নের বিভিন্ন প্রকল্প রূপায়ণের জন্য ১৯৪.৯৩ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

উর্দু অ্যাকাডেমি এবছর ৩০টি বই প্রকাশ করেছে। তারমধ্যে Diwan-e-Ghalib, Kamni, Salas-e-Ghassala ইত্যাদি দুর্লভ বই-এর পুনর্মুদ্রণ করা হয়েছে। এই প্রথম উর্দু অ্যাকাডেমি এক বছরে এতগুলি বই প্রকাশ করল।

সংখ্যালঘু ছাত্রছাত্রীদের শিক্ষা উন্নয়নে ৫২৭টি ছাত্রাবাস নির্মিত হচ্ছে। ইতিমধ্যেই ৪২৪টি ছাত্রাবাস চালু হয়ে গেছে। এছাড়াও এগুলির রক্ষণাবেক্ষণের জন্য ছাত্রপ্রতি বার্ষিক ১০ হাজার টাকা ব্যয় নির্বাহ করা হচ্ছে।

সংখ্যালঘু অধ্যুষিত অঞ্চলগুলিতে শিল্পী ও কৃষকদের উন্নতিকল্পে এবং সংখ্যালঘু যুব সমাজের স্বনিযুক্তি ও স্বনির্ভর গোষ্ঠীগুলির উন্নয়নে ৩১৫টি 'কর্মতীর্থ' (বিপণন হাব) গড়ে তোলা হচ্ছে। যারমধ্যে ১৯১টি কর্মতীর্থ চালু হয়ে গেছে এবং ৬৪টি 'কর্মতীর্থ' ২০২১ সালের মার্চের মধ্যেই চালু হয়ে যাবে। বাকি ৬০টি কর্মতীর্থের নির্মাণ বিভিন্ন পর্যায়ে রয়েছে।

এইগুলি ছাড়াও আলিয়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায় নির্মাণ, সংখ্যালঘু ভবন নির্মাণ, নিউটাউনে তৃতীয় হজ হাউজ নির্মাণ, কবরস্থানগুলির সীমানাপ্রাচীর নির্মাণ, ইংরাজি মাধ্যম মাদ্রাসা তৈরি ইত্যাদির কাজ হাতে নেওয়া হয়েছে। এছাড়াও সংখ্যালঘু সম্প্রদায়ের কারিগরি,

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, পরিকাঠামো উন্নয়নের জন্য প্রতিষ্ঠিত এন.জি.ও (NGO)গুলিকে আর্থিক সহায়তা, সহায়হীন মহিলাদের জন্য গৃহ নির্মাণ ইত্যাদি বিবিধ উন্নয়নমূলক প্রকল্প নেওয়া হয়েছে।

৩.২৮ অনগ্রসর শ্রেণি কল্যাণ

বাউরি সম্প্রদায়ভুক্ত ও বাগদি সম্প্রদায়ভুক্ত মানুষজনদের সার্বিক উন্নয়নের স্বার্থে বাউরি উন্নয়ন পর্ষদ ও বাগদি উন্নয়ন পর্ষদ নামে দুটি নতুন পর্ষদ গঠন করা হয়েছে।

এই বিভাগ থেকে চলতি অর্থবর্ষে ১৯,২৪,৫২৩টি জাতিশংসাপত্র প্রদান করা হয়েছে। এরমধ্যে 'দুয়ারে সরকার' উদ্যোগের মাধ্যমে ১৬,৯৩,৫৫৩টি শংসাপত্র দেওয়া হয়েছে।

চলতি বছরে, 'তপশিলি বন্ধু' নামে এক নতুন সামাজিক পেনশন চালু হয়েছে। এরফলে ৬০ বছর বা তার বেশি বয়সের তপশিলি জাতিভুক্ত মানুষজন মাসিক ১০০০ টাকা হারে পেনশন পাচ্ছেন। পেনশনের টাকা অগ্রিম হিসাবে তাদের হাতে পৌঁছে যাচ্ছে। ৯,৭৭,২৭৬ জন পেনশন প্রাপককে এই স্কিমের আওতায় এনে বর্তমান অর্থবর্ষে ৯৭৭.২৭৬ কোটি টাকা দেওয়ার কাজ সম্পন্ন হয়েছে।

২০১৪-১৫ অর্থবর্ষ থেকে রাজ্যের পঞ্চম থেকে অষ্টম শ্রেণির তপশিলি ছাত্র-ছাত্রীদের DBT পদ্ধতিতে 'শিক্ষাশ্রী' বৃত্তির মাধ্যমে ৮০০ টাকা সহায়তা দেওয়া হচ্ছে। শুরু থেকে নিয়ে এখনও পর্যন্ত মোট ৮,৯০,৮৪১ জন তপশিলি ছাত্রছাত্রীকে ৭১.৪৪ কোটি টাকা বৃত্তি প্রদান করা হয়েছে। এছাড়াও ৪,২৫,১৭৮ জন তপশিলি ছাত্রছাত্রী প্রিম্যাট্রিক (নবম-দশম শ্রেণি) এবং পোস্টম্যাট্রিক (একাদশ-Ph.D) ছাত্রবৃত্তির জন্য আবেদন করেছে এবং এবাবদ ১৫৭.৪৭ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে।

ওই একই সময়কালে ওবিসিভুক্ত প্রি এবং পোস্ট ম্যাট্রিক ছাত্রবৃত্তি খাতে ৪,১০,৮৬৫ জন ছাত্রছাত্রী বৃত্তির জন্য আবেদন করেছে এবং এবাবদ ৬৭.১৮ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে। এছাড়াও আরও ১৪,৬৪৩ জন ছাত্রছাত্রী মেধাবৃত্তি এবং হস্টেল গ্রান্ট আলাদা করে পাচ্ছেন।

এ রাজ্যের উত্তর ২৪ পরগনা ও জলপাইগুড়ি জেলায় দুটি 'ড. বি. আর. আম্বেদকর আবাসিক স্কুল' তৈরির কাজ শেষ হয়েছে। এখানে তপশিলিভুক্ত ছাত্রছাত্রীরা সকল সুবিধাযুক্ত উন্নত মানের শিক্ষা লাভ করবেন। বাইরে থেকে পড়তে আসা ছাত্রছাত্রীদের জন্য মালদা জেলায় আধুনিক সুবিধাযুক্ত একটি তপশিলি ছাত্রীদের হোস্টেল এবং ওবিসিভুক্ত ছাত্রছাত্রীদের জন্য একটি ছাত্র হোস্টেল ও একটি ছাত্রী হোস্টেল তৈরির কাজ শেষ হয়েছে।

২০১৫-১৬ সাল থেকে উচ্চ বিদ্যালয়ে পড়ার সুযোগ পাবার জন্য সরকারি, সরকারি সাহায্য প্রাপ্ত বিদ্যালয় ও মাদ্রাসার ছাত্রছাত্রীদের জন্য 'সবুজসাথী' প্রকল্পের মাধ্যমে সাইকেল দেওয়ার কাজ শুরু হয়েছে। বর্তমান অর্থবর্ষের ২০২০ শিক্ষাবর্ষে ১২ লক্ষ নবম শ্রেণির ছাত্রছাত্রী এই সাইকেল পাবে।

২০২০ সালে 'সবুজ সাথী অনলাইন ৩.০' World Summit on the Information Society Forum 2020 (WSIS) এর ICT পর্যায়ে Life-E-Government-এ বিজয়ী ঘোষিত হয়েছে।

৩.২৯ উপজাতি উন্নয়ন

পার্বত্য উপজাতি এবং জন-উপজাতি সম্প্রদায়ের সার্বিক উন্নয়ন এবং তাদের লোক সংস্কৃতির সংরক্ষণ ও প্রসারের জন্য সরকার বিশেষভাবে নজর দিয়ে ৬টি উন্নয়নমূলক এবং সংস্কৃতিক বোর্ড গঠন করেছে। গৃহ নির্মাণ, কমিউনিটি হল, যুব আবাস, পানীয়জল সরবরাহ, সংস্কৃতি উৎসব ইত্যাদি পরিকাঠামোগত উন্নয়নের জন্য ২০২০-২১ বর্ষে সরকার ২২.৫০ কোটি টাকা ব্যয় মঞ্জুর করেছে।

রাজ্য সরকারের কাছে পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত ১,৯৬,১৩৫ জন তপশিলি উপজাতি ছাত্রছাত্রীদের শিক্ষাশ্রী বৃত্তির জন্য আবেদনপত্র জমা পড়েছে। আশা করা হচ্ছে, ২০২০-২১ সালের মধ্যে ১৬.৩১ কোটি টাকা ব্যয় নির্বাহ করে ২.০৪ লক্ষের বেশি ছাত্রছাত্রীকে এর আওতাভুক্ত করা যাবে। নবম ও দশম শ্রেণির প্রি-ম্যাট্রিক বৃত্তির জন্য ২৯,০০৯ সংখ্যক তপশিলি উপজাতিভুক্ত ছাত্রছাত্রীরা ইতিমধ্যেই আবেদনপত্র জমা করেছে। এছাড়াও চলতি ২০২০-২১ বর্ষে ৭৩,৭০২ সংখ্যক তপশিলি উপজাতিভুক্ত ছাত্রছাত্রীদের কাছ থেকে পোস্ট-ম্যাট্রিক বৃত্তির জন্য আবেদনপত্র জমা পড়েছে।

উপজাতি উন্নয়ন বিভাগ ০১.০৪.২০২০ থেকে 'জয় জোহার ওল্ড এজ পেনশন স্কিম'-এর মাধ্যমে ষাটোর্ধ্ব দরিদ্র জন-উপজাতিভুক্ত মানুষদের মাথাপিছু মাসিক ১০০০ টাকার পেনশন চালু করেছে। এটি একটি সার্বজনীন প্রকল্প। ২০২০-২১ বর্ষে ২,৪৯,২০২ সংখ্যক উপভোক্তা এই প্রকল্পের আওতাভুক্ত হয়েছেন। এখনও পর্যন্ত এই প্রকল্পে সরকারের ২৫০ কোটি টাকা ব্যয় হয়েছে।

'কেন্দু লিভস কালেক্টরস সোশ্যাল সিকিউরিটি স্কিম ২০১৫'-এর মাধ্যমে কমবেশি ৩৫ হাজার কেন্দুপাতা সংগ্রহকারী জন-উপজাতিভুক্ত (ST) মানুষের নাম নথিভুক্ত করা হয়েছে। নথিভুক্ত ষাটোর্ধ্ব মানুষদের এককালীন ভাতা দেওয়া হচ্ছে। এছাড়াও নথিভুক্ত জন-উপজাতি (ST) মানুষদের জন্য দুর্ঘটনাজনিত মৃত্যু, আঘাতপ্রাপ্ত হওয়া, প্রসবকালীন সুবিধা, চিকিৎসা সংক্রান্ত সুবিধা দেওয়া হচ্ছে। মোট ৫৬১টি পরিবার এই সুবিধা পেয়েছেন।

১.১৬ কোটি টাকা ব্যয় করে ২৩২টি 'জাহের থান' (উপাসনা ক্ষেত্র)-এর সীমানা নির্মাণ করা হয়েছে। এছাড়াও ১০৩টি 'মাজি থান'-এর উন্নতিকল্পে ৫১.৫০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

WCD & SW বিভাগের সহায়তায় উপজাতি উন্নয়ন বিভাগ উপজাতি অধ্যুষিত অঞ্চলগুলিতে যেখানে কোনো পরিকাঠামো ছিল না, সেইসব অঞ্চলে ৪০৯টি ICDS কেন্দ্র গঠন করেছে।

রাজ্যে দরিদ্রজন-উপজাতি ছাত্রছাত্রীদের JEE (মেন), NEET, WBJEE ইত্যাদি পরীক্ষাগুলির প্রশিক্ষণের জন্য ৩৬টি প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়েছে। বছরে ১,৪৪০ জন ছাত্রছাত্রীকে এই প্রশিক্ষণ দেওয়া চলছে। IIT, মেডিকেল ও সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে এই প্রশিক্ষিত ছাত্রছাত্রীরা সুযোগ পাচ্ছে।

৩.৩০ শ্রমিক কল্যাণ

'বিনামূল্যে সামাজিক সুরক্ষা যোজনা' (BMSSY) প্রকল্পে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে যে উপভোক্তাদের প্রদেয় ২৫ টাকাও ছাড় দিয়ে তাদের প্রভিডেন্ট ফান্ডের অবদানের পুরো টাকাটাই এখন থেকে সরকার বহন করবে। ২০২০ সালের পয়লা এপ্রিল থেকে এই পুরো অর্থমূল্য মাসিক ৫৫ টাকা করে প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এরফলে BMSSY প্রকল্পে নিবন্ধিত অসংগঠিত শ্রমিকগণ এই প্রকল্পের পুরো সুবিধা পাবেন, কোনো টাকা খরচ না করেই। ২০২০-২১ অর্থবর্ষে ডিসেম্বর ২০২০ পর্যন্ত ৭,২৮,৬৩৯ জন শ্রমিক নাম নথিভুক্ত করিয়েছেন এবং ৬৩,৯৩৭ জন উপভোক্তা উপকৃত হয়েছেন।

২০২০'র ১০ই এপ্রিলে 'প্রচেষ্টা' নামে একটি নতুন প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পে কোভিড-১৯-এর কারণে কাজ হারানো অসংগঠিত শ্রমিকদের এককালীন ১০০০ টাকা আর্থিক সাহায্যের ব্যবস্থা করা হয়েছে। ১৫ই এপ্রিল, ২০২০ থেকে ১৫ই মে ২০২০ পর্যন্ত এই সুবিধা চালু ছিল। এই প্রকল্পে ২২.৩৫ কোটি টাকা ব্যয় করা হয়েছে এবং ২,২৩,৫০০ জন শ্রমিক উপকৃত হয়েছেন।

রাজ্যের এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে ৩৫ লক্ষ কর্মপ্রার্থী ও ৭৪২টি নিয়োগ সংস্থা নাম নথিভুক্ত করেছে। রাজ্য সরকারের এই উদ্যোগের ফলে কর্মপ্রার্থী ও নিয়োগ সংস্থাগুলি নিজেদের মধ্যে সমন্বয় রাখতে পেরেছে।

কর্মপ্রার্থীরা তাদের দক্ষতা উন্নয়নের দ্বারা যাতে নিজেকে কর্মসংস্থানের যোগ্য করে তুলতে পারে বা স্বীয় উদ্যোগের মাধ্যমে স্বনিযুক্ত হতে পারে, সেই উদ্দেশ্যে রাজ্য সরকার 'যুবশ্রী প্রকল্পে'র অধীনে ২০১৩ সাল থেকে এক লক্ষ কর্মপ্রার্থীকে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের সাহায্যে কাজের সন্ধান দিয়েছে। এই প্রকল্পে এক লক্ষ কর্মপ্রার্থীর প্রত্যেককে মাসিক ১,৫০০ টাকা করে ভাতা দেওয়া হয়েছে। এই প্রকল্পে এখনও পর্যন্ত মোট ১,৮১,৪৭৭ জন কর্মপ্রার্থী উপকৃত হয়েছেন।

এই রাজ্যে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত ই এস আই (ESI) হাসপাতালগুলিতে স্বাস্থ্যবিমার অধীন ব্যক্তির সংখ্যা বেড়ে হয়েছে ১৯,৫২,২৭০ জন। ২০২০-র ফেব্রুয়ারিতে মানিকতলা ই এস আই হাসপাতাল ৩০০-৫০০ শয্যা বিভাগে এবং শিয়ালদহ ই এস আই হাসপাতাল ১০০-৩০০ শয্যা বিভাগে ই এস আই নিগম' থেকে প্রথম পুরস্কার গ্রহণ করেছে।

৩.৩১ স্বনির্ভর গোষ্ঠী এবং স্বনিযুক্তি

পশ্চিমবঙ্গ স্বরোজগার সহায়ক প্রকল্প (WBSSP)-এর মাধ্যমে সুদের বোঝা কমানোর উদ্দেশ্যে সামান্য ২ শতাংশ সুদে স্বনির্ভর গোষ্ঠীর জন্য ঋণের ব্যবস্থা করা হয়েছে। ২০২০-২১

সালে ১,১৮,১৭৫ জনকে ১৯.৯৯ কোটি টাকা নোডাল ব্যাঙ্কের মাধ্যমে ঋণের বন্দোবস্ত করা হয়েছে।

'জাগো' কর্মসূচির মাধ্যমে প্রতি স্বনির্ভর গোষ্ঠী ৫,০০০ টাকা হারে ৮,৮২,৮২৭ জন মহিলাকে উৎসাহ অনুদান দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এরজন্য মোট ব্যয় হয়েছে ৪৪১.৪১ কোটি টাকা। এই আর্থিক সহায়তা দেওয়া হয়েছে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের যারা কোভিড-১৯ সচেতনতা, নিভৃতবাস, আমফান বিপর্যয় মোকাবিলা ইত্যাদি কাজে বিশেষ দক্ষতা দেখিয়েছে।

৪৯৭টি স্বনির্ভর গোষ্ঠী এবং ২৪৯টি কর্মহীন যুবক-যুবতী তাদের জীবনধারণোপযোগী ১৮৬ প্রকার ক্ষুদ্র ঋণ প্রকল্পের সুযোগ পাবে। এইগুলি MGNREGS, মৎস্য, প্রাণীসম্পদ, উদ্যানপালন, কৃষি ইত্যাদি ক্ষেত্রে কাজে লাগিয়ে উপার্জন করতে সক্ষম হবে। মোট ১২.৪১ কোটি টাকা অনুদান দেওয়া হবে যার মধ্যে ৩.৯৩ কোটি টাকা স্বনির্ভর গোষ্ঠী বিভাগ থেকে দেওয়া হয়েছে।

২.২৯ কোটি টাকা ব্যয় করে ৫টি ''কর্মতীর্থ' প্রকল্প চালানো হয়েছে। উত্তর ২৪ পরগনার দক্ষিণ চাতরা-তে ৪৭.৬৮ লক্ষ টাকা ব্যয়ে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে বিপণন পরিকাঠামোর সঙ্গে যুক্ত করতে একটি ট্রেনিং-কাম-মার্কেট সেন্টার গড়ে তোলা হয়েছে।

স্বনির্ভর গোষ্ঠীগুলিকে যুক্ত করে ৩৫টি জেলায় এবং উপজেলায় জেলা পর্যায়ের 'সবলা মেলা' এবং রাজ্যস্তরের 'সবলা মেলা' শুরু হয়েছে।

'সমাজসাথী' প্রকল্পে ১২টি স্বনির্ভর গোষ্ঠীর সদস্যকে দুর্ঘটনাজনিত বিপদ থেকে সুরক্ষা দিতে ২৩.৬ লক্ষ টাকার অধিক আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

ছোটো ছোটো দলে বিভক্ত করে ১৭২টি স্বনির্ভর গোষ্ঠী এবং কর্মহীন যুবসম্প্রদায়কে ট্রেনিংয়ের ব্যবস্থা করা হয়েছে।

৩.৩২ উত্তরবঙ্গ উন্নয়ন।

অতিমারির মতো এই ভয়ংকর পরিস্থিতির মধ্যেও রাজ্য সরকার উত্তরবঙ্গে বেশকিছু উল্লেখযোগ্য প্রকল্পের কাজ সম্পূর্ণ করেছে। এই উল্লেখযোগ্য প্রকল্পগুলি হল— ফালাকাটা স্টেডিয়াম গ্যালারি (ফেজ-১) নির্মাণ, শীতলকুচি, সিতাই, মালবাজার, আলিপুরদুয়ার ইত্যাদি গ্রামাঞ্চলে 'স্পোর্টস অডিটোরিয়াম' নির্মাণ প্রভৃতি। তদুপরি এইবিভাগ RIDF-XXIV-র অধীনে ২৫০টি অঞ্চলে সৌরবিদ্যুৎ চালিত সেচের ব্যবস্থা করেছে, যা ইতিমধ্যেই চালু হয়ে গেছে।

এছাড়াও রাজ্য সরকার ১৬টি কম্পোজিট সেতু, ৬টি শান বাঁধানো (Paver Block) প্রায় ২৫ কিমি রাস্তা নির্মাণ করেছে। এ ব্যতীত রাজ্য সরকার উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বিভিন্ন পরিকাঠামো গঠনের কাজ হাতে নিয়েছে।

ধুপগুড়ি ও ইসলামপুরের শ্মশানে ২টি বৈদ্যুতিক চুল্লি নির্মাণের কাজ শেষ হয়েছে। ডুয়ার্সের তরাই অঞ্চলে আদিবাসী ও গোর্খাদের জন্য কমিউনিটি হল নির্মিত হয়েছে। ময়নাগুড়ি, বেলাকোবা, দেওচরাইহাট এবং ধুপগুড়িতে মার্কেট কমপ্লেক্স তৈরি করা হয়েছে।

পর্যটন বিভাগের সঙ্গে যৌথভাবে কাজ করে লাটাগুড়িতে পরিবেশ-বান্ধব পর্যটন রিসর্ট-এর উন্নয়ন কার্য সম্পূর্ণ হয়েছে।

রাজ্য সরকারের আর একটি উল্লেখযোগ্য কাজ হল মালদা জেলায় ভূতনিচরে ফুলাহার সেতু নির্মাণ।

৩.৩৩ সুন্দরবন বিষয়ক

এই বিভাগের অধীনে সুন্দরবন অঞ্চলের পরিকাঠামোগত উন্নয়নকে রাজ্য সরকার সবচেয়ে বেশি গুরুত্ব দেয়। এর অংশ হিসাবে দক্ষিণ ২৪ পরগনার দুর্গানগর ফ্লাড সেন্টার রেলফুট ব্রিজের (নারায়ণপুর গ্রাম পঞ্চায়েত, কাকদ্বীপ থানা, ব্লক নামখানা) নিকটে বয়ে যাওয়া চুক্কুরি নদীর উপর RCC ব্রিজ নির্মাণের কাজ শেষ হয়েছে। এই প্রকল্পে ৩২২ কোটি টাকা ব্যয় হয়েছে।

২০২০-২১ সালে ৩২৪.৮২ কিমি রাস্তা নির্মাণের কাজ শেষ হয়েছে। এছাড়াও দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমা ব্লকের শ্রীধর নগর গ্রাম পঞ্চায়েতের কয়ালের বাজারের নিকটে কার্জন ক্রিক ১নং জেটি এবং দুর্গানগর ফ্লাড সেল্টার রেলফুট ব্রিজ তৈরির কাজও শেষ হয়ে গেছে। এছাড়া আরও ১৬টি ব্রিজ তৈরির কাজ দ্রুত এগিয়ে চলেছে।

আমফান ঝড়ে ক্ষয়ক্ষতির ফলে এই অঞ্চলের বিপর্যস্ত পরিকাঠামোগুলিও দ্রুত সারিয়ে, ফেলা হয়েছে। এই উদ্দেশ্যে ১৮৫.৫৯১ কিমি বিভিন্ন ধরনের রাস্তা তৈরি এবং তৎসহ অন্যান্য নির্মাণ কাজের জন্য ২৬৩টি স্কিম অনুমোদন করা হয়েছে। এর মধ্যে ৩১শে ডিসেম্বর ২০২০'র মধ্যে ২২৪টি স্কিমের আওতায় ১,৪৪,৪৪৫ কিমি রাস্তা তৈরির কাজও ইতিমধ্যেই শেষ হয়ে গেছে।

এই অর্থবর্ষেই ৯৫,৫০০ জন প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের কৃষি সংক্রান্ত পরামর্শ ও উপকরণ দিয়ে সাহায্য করা হয়েছে। ২৭,০৬০ জন ধীবর ও মাছচাষীকে জীবিকা নির্ভর মাছের পোনা ও খাদ্য দিয়ে সহায়তা করা হয়েছে। ৪১টি বিভিন্ন গোষ্ঠীসম্প্রদায়কে তাদের জীবিকা নির্ভর কাজের উপযুক্ত সহায়তা দিতে অর্থ সাহায্য করা হয়েছে।

৩.৩৪ পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক

পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের অধীনে ৭টি জেলার ১২,৫৫৮টি গ্রাম সহ ৭৪টি ব্লক এবং ৬৪৮টি গ্রাম পঞ্চায়েতকে একত্রিত করে মোট ২২.২৮ লক্ষ হেক্টর বিস্তৃত এলাকায় কাজ করে থাকে।

রাজ্য সরকার তপশিলি জাতি ও উপজাতি অধ্যুষিত ও অপেক্ষাকৃত পিছিয়ে পড়া রাজ্যের পশ্চিমাঞ্চলের মানুষজনের উন্নতি ও সামাজিক ক্ষমতায়নের স্বার্থে নানাবিধ পরিকাঠামোগত

কাজ শুরু করেছে। এরমধ্যে আছে জীবিকা নির্বাহমূলক প্রকল্প, জঙ্গলমহল অধিবাসীদের নিজস্ব সাংস্কৃতিক জঙ্গলমহল উৎসব ইত্যাদি।

রাজ্য সরকার এই অঞ্চলের অধিবাসীদের স্বার্থে গ্রামীণ পরিকাঠামো উন্নয়নে বিশেষ নজর দিয়েছে। অন্যান্য সংশ্লিষ্ট বিভাগ যথা কৃষি, জনস্বাস্থ্য ও কারিগরি এবং বন বিভাগের সাথে সমন্বয় সাধন করে জল সংরক্ষণ ও জীবিকা সংক্রান্ত প্রকল্পগুলি রূপায়ণের উপর গুরুত্ব আরোপ করেছে। এই কাজের নাম দেওয়া হয়েছে পশ্চিমাঞ্চল জলসম্পদ ও উন্নয়ন প্রকল্প। এছাড়া জঙ্গলমহলের ৫টি জেলার ৩৪টি ব্লকের জন্য 'জঙ্গলমহল অ্যাকশন প্যাকেজ' (JAP) চালু করা হয়েছে।

প্রশাসন

৩.৩৫ স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক

কোভিড-১৯-এর এই ভয়ংকর পরিস্থিতির মধ্যে রাজ্যের পুলিশ প্রশাসন শুধুমাত্র প্রথম সারির যোদ্ধা হিসেবেই কাজ করেনি, তার সঙ্গে রাজ্যের আইন-শৃঙ্খলা ও শাসন ব্যবস্থাকেও সচল রেখেছে। পুলিশ প্রশাসনসহ রাজ্য সরকারের অন্যান্য বিভাগগুলিও অক্লান্তভাবে কাজ করে এই অতিমারি পরিস্থিতিকে সফলভাবে মোকাবিলা করেছে। এই সময়ে ১৪,৯৩১ জন পুলিশ ব্যক্তিত্ব এবং তাদের সহযোগী করোনা রোগে আক্রান্ত হয়েছেন এবং তাদের মধ্যে ৭৫ জনের জীবনহানি হয়েছে। তথাপি পুলিশ প্রশাসন এই অদৃশ্য শত্রুর বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছে।

পুলিশ প্রশাসন পরিচালন ব্যবস্থাকে আরও কার্যকরী করার জন্য ২০২০-২১ বর্ষে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত সময়কালের মধ্যে আরও ১৫টি পুলিশ সাব-ডিভিশন গঠন করা হয়েছে। এগুলি হল— ইসলামপুর, রায়গঞ্জ, বারাসাত, বনগাঁ, জঙ্গিপুর, বসিরহাট, ঝাড়গ্রাম, মুর্শিদাবাদ এবং সুন্দরবন পুলিশ জেলা প্রভৃতি। শুধু তাই নয়, পুলিশ প্রশাসন পরিচালন ব্যবস্থা আরও সুবিন্যস্ত করার জন্য পাথরপ্রতিমা সার্কেল, নামখানা সার্কেল, সাগর সার্কেল, ভগবানগোলা সার্কেল এবং বেলডাঙা সার্কেল নামে ৫টি নতুন পুলিশ সার্কেল গঠন করা হয়েছে।

২০২০-২১ বর্ষে ২০২০-র ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে নতুন দুটি পুলিশ থানা গঠন করা হয়েছে। এরমধ্যে একটি খড়দহ পুলিশ থানাকে দু'ভাগ করে রহড়া পুলিশ থানা গঠন করা হয়েছে এবং দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবার পুলিশ জেলায় কালীতলা আসুতি পুলিশ থানা গঠন করা হয়েছে।

এছাড়াও তিনটি নতুন রাজ্য সশস্ত্র পুলিশ বাহিনী গঠন করা হয়েছে। এগুলি হল – কোচবিহার জেলা হেডকোয়ার্টার-এর অধীনে নারায়ণী বাহিনী, দার্জিলিং জেলার নকশালবাড়িতে গোর্খা বাহিনী এবং ঝাড়গ্রাম জেলায় জঙ্গলমহল বাহিনী। রাজ্য পুলিশের অধীনে আলাদাভাবে ট্রাফিক শাখা খোলার অনুমোদন দেওয়া হয়েছে।

২০২০ বর্ষে মোট ১,০৮৮ জন সাব-ইন্সপেক্টর এবং ২,৩০৯ জন কনস্টেবল নিয়োগ করা হয়েছে। একই সময়কালে প্রাক্তন KLO-র সক্রিয় কর্মী তথা যোগাযোগকারী, প্রাক্তন

মাওবাদী ও যোগাযোগকারী, মাও উগ্রপন্থীদের হাতে নিহত সাধারণ মানুষ তথা অপহৃত বা আহত মানুষজনদের পরিবারের মধ্য থেকে ৯১৭ জনকে নিয়ে মোট ১,২৭৫ জনকে হোমগার্ড স্বেচ্ছাসেবক হিসাবে নিয়োগ করা হয়েছে।

রাজ্যে আর্থিক কেলেঙ্কারীতে রত আর্থিক প্রতিষ্ঠান তথা কোম্পানিগুলির বিরুদ্ধে ৩২টি ক্ষেত্রে আইনি পদক্ষেপ করা হয়েছে। যারমধ্যে ৯টি ক্ষেত্রে চার্জসিট জমা হয়েছে। এক্ষেত্রে পর্যাপ্ত পরিমাণে সম্পত্তি বাজেয়াপ্ত ও সিজ করা হয়েছে এবং বাজেয়াপ্ত এই সম্পত্তি নিলাম করার প্রক্রিয়া চলছে। ৬৫৬ জন আমানতকারী তাদের টাকা ফেরত পেয়েছেন।

পরিবহণ ব্যবস্থা সচল রাখার জন্য কলকাতা পুলিশ 'স্মার্ট ভেরিয়েবল মেসেজ সাইন' ব্যবস্থা চালু করেছে। এর মাধ্যমে রাস্তা ব্যবহারকারী গাড়িগুলির প্রকৃত সময়ভিত্তিক তথ্য, ২৪ ঘণ্টা বাধাহীনভাবে চলাচলের ব্যবস্থা, পথ সুরক্ষা, গাড়ি দুর্ঘটনা কমানো এবং পরিবহণ সংক্রান্ত সংহতিনাশক অবস্থাগুলি দূর করা সম্ভব হচ্ছে। কড়া আইন এবং শহরে নৈশ পুলিশি নজরদারির ফলে পরিবহণ ক্ষেত্রে বড়ো দুর্ঘটনা কমানো সম্ভব হয়েছে। রাজ্য সরকার CID-তে 'সাইবার ফরেনসিক এবং ডিজিটাল এভিডেন্স এগজামিনার্স ল্যাবরেটরি' গঠনের অনুমোদন দিয়েছে।

গত বছরের মতো এবারেও রাস্তা সারানো, পানীয় জল সরবরাহ প্রকল্প, পার্বত্য অঞ্চলে ঝোড়া উন্নয়ন, নানাবিধ নির্মাণ ইত্যাদি বিভিন্ন উন্নয়নমূলক কাজ হাতে নেওয়া হয়েছে। রাজ্য সরকার ২০২০-২১ অর্থবর্ষে ১৭৫ কোটি টাকা ব্যয় অনুমোদন করে GTA-র মাধ্যমে এই উন্নয়নমূলক কাজগুলি করছে।

দ্রুত অনুসন্ধান ও মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য উত্তরবঙ্গের জলপাইগুড়িতে 'রিজিওনাল ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরি'কে আরও উন্নত করা হয়েছে। জলপাইগুড়ির রিজিওনাল ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরিতে টক্সিকোলজি ও সেরোলজি বিভাগ ইতিমধ্যেই চালু হয়ে গেছে। এছাড়া কলকাতায় অবস্থিত ব্যালিস্টিক ল্যাবরেটরি এবং ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরি-র নারকোটিক্স ল্যাবরেটরিকে আধুনিকীকরণ করা হয়েছে।

৩.৩৬ কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার

২০২০ অক্টোবরের মধ্যে ১১২ কোটি টাকা প্রকল্প ব্যয় ধরে পূর্ব মেদিনীপুরের নিমতৌড়িতে জেলাশাসক ও চারজন অতিরিক্ত জেলাশাসকের আবাসিক সহ একটি নতুন প্রশাসনিক ভবন তৈরির কাজ শেষ করা হয়েছে। ৭.৩৪ কোটি টাকা প্রকল্প ব্যয় ধরে মেদিনীপুর ডিভিশনের ডিভিশন কমিশনারের নতুন কার্যালয় ও আবাসন তৈরির কাজ শেষ হয়েছে।

ঝাড়গ্রামে প্রশাসনিক ভবন এবং আধিকারিকদের বাসস্থান তৈরির কাজও শেষ হয়েছে। এরজন্য খরচ হয়েছে ৬১ কোটি টাকা।

৪ কোটি টাকা প্রকল্প ব্যয় ধরে বীরভূমের সিউড়িতে WBCS (Exe) আধিকারিকদের জন্য একটি G+4 ভবন তৈরির কাজ শেষ হয়েছে।

জলপাইগুড়ির মালবাজারের SDO প্রশাসনিক ভবন তৈরির কাজও শেষ হয়েছে।

পুরুলিয়ার ঝালদা এবং মানবাজারে একটি G+2, SDO প্রশাসনিক ভবন এবং একটি G+1, SDO আবাসিক ভবন তৈরির কাজ শুরু হয়েছে।

কোভিড-১৯ মহামারীর আবহে কলকাতার ATI তে সরকারি আধিকারিকদের জন্য অনলাইন প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হচ্ছে। নিয়মিত বিষয়ের উপর প্রশিক্ষণ ছাড়া RTI Act, 2005 কোর্ট কেস, ডিসিপ্লিনারি প্রসিডিংস, স্কিল অ্যান্ড কনফ্লিক্ট রেজোলিউশন, পার্সোনালিটি ডেভেলপমেন্ট এবং ই-অফিস প্রভৃতি বিষয়ের উপর প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

একজন চেয়ারপার্সন সহ চারজন আধিকারিককে নিযুক্ত করে পশ্চিমবঙ্গ গ্রুপ-ডি রিক্রুটমেন্ট বোর্ড পুনর্গঠন করা হয়েছে।

৩.৩৭ বিপর্যয় মোকাবিলা এবং অসামরিক প্রতিরক্ষা

কোভিড-১৯ মহামারীর আবহে রাজ্য সরকার নিরন্তর সচেতনতা প্রচার এবং অন্যান্য প্রাকৃতিক বিপর্যয় সম্পর্কে সচেতনতা প্রচার করে গেছে। রাজ্যে ফিরে আসা পরিযায়ী শ্রমিকদের নিরাপদ আশ্রয়ের ব্যবস্থা করে এবং যার-যার নিজের জেলার বাড়িতে ফিরে যাওয়ার ব্যবস্থা করেছে এই বিভাগ। এই কাজে বিভাগীয় আধিকারিকগণ কড়া লকডাউনের মধ্যেও অক্লান্ত পরিশ্রম করে শ্রমিক, সাধারণ মানুষকে ত্রাণ ও সহায়তা দিয়েছে।

কোভিড-১৯ মহামারীর আবহে ৩,৮৫১ জন অসামরিক প্রতিরক্ষা সেচ্ছাসেবী রাজ্যের সর্বত্র সামাজিক দূরত্ববিধি প্রয়োগের জন্য কাজ করে গেছে। রাজ্য সরকার স্নেহের পরশ নামে একটি বিশেষ আর্থিক সহায়তা প্রকল্প চালু করেছে যার মাধ্যমে ভারতের বিভিন্ন প্রান্ত থেকে রাজ্যে ফিরে আসা পরিযায়ী শ্রমিকদের এককালীন অর্থ দেওয়া হয়েছে। এবাবদ মোট ৪৪ কোটি টাকার অধিক খরচ করা হয়েছে এবং ব্যাঙ্ক মারফত এই টাকা পেয়ে ৪,৪০,০২৯ জন পরিযায়ী শ্রমিক উপকৃত হয়েছেন।

২০শে মে ২০২০তে সাগরদ্বীপের নিকটবর্তী অঞ্চল দিয়ে রাজ্যে প্রবলঝড় ‘আমফান’ আছড়ে পড়ে। প্রবল ঝড় আমফান রাজ্যে আছড়ে পড়ার আগেই এই বিভাগের মাধ্যমে রাজ্য সরকারের বিপুল তত্ত্বাবধানে ১০.৭ লক্ষের অধিক মানুষকে বিপদ অধ্যুষিত অঞ্চল থেকে অন্যত্র নিরাপদ আশ্রয়ে নিয়ে যাওয়ার ব্যবস্থা করেছিল। যদিও এই ঝড়ের কবলে পড়ে ৯৯ জন মানুষ প্রাণ হারিয়েছেন এবং রাজ্যের ৬০ শতাংশ মানুষ প্রবল ক্ষতির মুখে পড়েছেন, তথাপি অনেক মানুষের জীবন রক্ষা পেয়েছে, সঠিক সময়ে সঠিক উদ্যোগের ফলে। রাজ্য সরকার আমফান ঝড়ের পরেই পুনঃস্থাপনের কাজ দ্রুততালে করেছিল। এই ঝড়ে প্রাণ হারানো ৯৯ জন মানুষের পরিবারকে ক্ষতিপূরণ বাবদ ২.৪৭ কোটি টাকা অনুদান দিয়েছে। এছাড়াও ঝড়ে যাদের বাড়িঘর নষ্ট হয়ে গেছে তাদের বাড়ি বানানো বা সারিয়ে তোলার জন্য ২১.৩৬ লক্ষ পরিবারকে মোট ১৯৫৪.৭৩ কোটি টাকা অর্থ সাহায্য করা হয়েছে। সেইসঙ্গে ক্ষতিগ্রস্ত মানুষদের সহায়তার জন্য

১৯.৪০ লক্ষ ত্রিপল, ৪.৪৮ লক্ষ শাড়ি, ৩.৩২ লক্ষ ধুতি, ১.৭৩ লক্ষ কম্বল এবং ২.১৮ লক্ষ বাচ্চাদের জামাকাপড় বিতরণ করা হয়েছে।

ব্যাপক উদ্ধার কাজে ৫৬টি মোটরচালিত নৌকা, ৩০টি অসামরিক প্রতিরক্ষায় ব্যবহৃত উদ্ধার যান নামানো হয় এবং ১১ জন অফিসার, ৭৮ জন অগ্রগামী স্বেচ্ছাসেবী দল এবং ১,৫৮০ জন প্রতিরক্ষা স্বেচ্ছাসেবক উদ্ধার কাজ পরিচালনা করে। এছাড়া ৭৮ জন নিযুক্ত থেকে দিনরাত এক করে কলকাতা ও তার আশপাশের জেলাগুলিতে উদ্ধার কাজ চালিয়ে গেছে। এই কাজে ৮৩১টি ক্ষেত্রে ১১.৭৯৫ কোটি টাকা সহায়তা বাবদ অর্থ বরাদ্দ করা হয়েছে।

২০২০-২১ বর্ষের জানুয়ারিতে গঙ্গাসাগর উপলক্ষে অসামরিক প্রতিরক্ষা বাহিনী প্রশংসনীয় কাজ করে গঙ্গাসাগর মেলার ব্যবস্থাপনায় সফলতা লাভ করেছে।

২০২০-২১ সালে অসামরিক প্রতিরক্ষা বিভাগ উদ্ধার কাজে ব্যবহার হয় এমন ৪৪টি কুইক রেসপন্স টিম, উদ্ধার যান, ৯৬টি স্পিড বোট সহ ৬৬,৫৩৪ জন প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক নিযুক্ত ছিল। এছাড়া ৫০টি সাধারণ নৌকা এবং ২৫টি বুলেট চেন করাত প্রভৃতি উদ্ধার সামগ্রী এই বছরে কেনা হয়েছে।

বর্ষার মরশুমে জুন থেকে অক্টোবর ২০২০ পর্যন্ত, এই বিভাগ কলকাতাসহ বিভিন্ন জেলাগুলিতে নিরন্তর কাজ করে গেছে। এই সময়ে বিভিন্ন উৎসবে এবং দুর্গাপূজার বিসর্জন প্রক্রিয়াকে এবং ছট পূজাকেও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সাহায্য করেছে।

বর্তমানে রাজ্যে ৪৪৬টি ফ্লাড সেল্টার এবং ২৬৮টি ত্রাণসামগ্রীর গুদাম আছে এছাড়া রাজ্যের উপকূলীয় জেলা যেমন— পূর্ব মেদিনীপুর ও দুই চব্বিশ পরগনার ত্রাণ কাজের জন্য ICZMP, NCRMP-II এবং PMNRF স্কিমের অধীনে ২২১টি মাল্টিপার্পাস সাইক্লোন শেল্টার তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে।

৩.৩৮ অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা

কোভিড-১৯ আবহে রাজ্য সরকার ৫,০০০-এর অধিকবার স্যানিটাইজেশনের ব্যবস্থা করে রাজ্যের সর্বত্র সরকারি অফিস, মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, রেল স্টেশন, স্থানীয় প্রশাসন, কোয়ারেন্টাইন কেন্দ্র, কমিউনিটি হল, কন্টেইন্টমেন্ট এলাকা, স্কুল, কলেজ, পূজা মণ্ডপ ইত্যাদি জায়গায় স্যানিটাইজেশনের কাজ করেছে।

মে ২০২০'র বিধ্বংসি 'আমফান' ঝড়ের পরে রাজ্য সরকারের দমকল বিভাগের অফিসার ও কর্মীরা ৩৯টি গ্রুপে ভাগ হয়ে টানা ১৫দিন দিনরাত যুদ্ধকালীন তৎপরতায় উদ্ধারকার্য পরিচালনা করেছে।

অন-লাইন সিস্টেমে এখন রাজ্যের দূরবর্তী অঞ্চলে ফায়ার লাইসেন্স, ফায়ার সেফটি অনুমোদন ও ছাড়পত্র সবই SSDG ব্যবস্থার পরিবর্তে এখন ই-ডিস্ট্রিক্ট-এর মাধ্যমে দেওয়া হচ্ছে এবং EODB-র মান্যতা অনুযায়ী 'শিল্পসাথী' প্রকল্পকেও এর সাথে যুক্ত করা হয়েছে।

সাঁইথিয়া, বজবজের পূজালি, গোয়ালপোখর, বক্সিরহাট, জয়গাঁও, ফুলবাড়ি, গঙ্গাসাগর, বেলডাঙ্গা এবং কাশিপুরের নতুন ভবন ইত্যাদি নতুন ৯টি দমকলকেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে এবং কাজ শুরু করেছে।

এছাড়াও আরও ৭টি নতুন দমকলকেন্দ্র এবং ২টি চালুকেন্দ্রে নতুন ভবন তৈরির কাজ চলছে।

অত্যাধুনিক অগ্নিনির্বাপণ উপকরণ যেমন চারটি রোবোটিক ফায়ার ফাইটার কেনা হয়েছে। এছাড়াও ১০০০টি NBC ক্যানিস্টার মাস্ক, ১০টি সম্পূর্ণ ফেব্রিকেটেড মিনি ওয়াটার টেন্ডার, ৫০,০০০ লুমেনসম্পন্ন ৫টি পোর্টেবেল হাই ক্যাপাসিটি ইমার্জেন্সি লাইটিং সিস্টেম, ২০টি হ্যামার ড্রিল, ১০টি লাউড হেইলার, ১০০টি রয়াল এনফিল্ড মোটরসাইকেল, ১০০টি ওয়াটার মিস্ট CAF ফায়ার এক্সটিংগুইসার HP মোটরসাইকেল মাউন্টেড ইত্যাদি কেনা হয়েছে।

৩.৩৯ সংশোধন প্রশাসন

প্রেসিডেন্সি সংশোধনাগারের অধিবাসীদের স্থানান্তরিত করার জন্য নিউ বারুইপুর কেন্দ্রীয় সংশোধনাগার ফেজ-২-এর নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। যাতে ১৭৭ কোটির অধিক টাকা খরচ করা হয়েছে।

পূর্ব মেদিনীপুরের নিমতৌড়িতে একটি নতুন জেলা সংশোধনাগার নির্মিত হচ্ছে, মালদার চাঁচলে একটি নতুন অতিরিক্ত সহায়ক সংশোধনাগার নির্মাণের কাজ শুরু হয়েছে। যার প্রকল্প ব্যয় ২৭ কোটি টাকারও বেশি।

বিভিন্ন কেন্দ্রীয় এবং জেলা সংশোধনাগারগুলিকে ভিডিয়ো নজরদারি সীমায় আনার জন্য CCTV বসানো হয়েছে।

কৃষ্ণনগর জেলা সংশোধনাগারে ১৫০ জন কারাবাসীর বসবাসযোগ্য একটি দ্বিতল বাড়ি এবং মেদিনীপুরে কেন্দ্রীয় সংশোধনাগারে একটি মহিলা ওয়ার্ডেন ব্যারাক নির্মাণের কাজ চলছে।

Covid-19-এর এই অতিমারি পরিস্থিতিতে পশ্চিমবঙ্গের সমস্ত সংশোধনাগারে সফলভাবে 'ই-প্রিজন স্যুট' রূপায়ণ করা হয়েছে।

'ই-প্রিজন স্যুট'-এর অধীনে ভিডিয়োকনফারেন্স-এর মাধ্যমে মাননীয় কোর্টে ই-কোর্ট মডিউলে' আসামিদের উপস্থাপন করার ব্যবস্থা করা হয়েছে।

সকল সংশোধনাগারগুলিতে 'ই-মুলাকাৎ' নামে অনলাইন সাক্ষাৎকারের ব্যবস্থা করা হয়েছে।

ছোটো, মাঝারি ও বৃহৎ শিল্প

৩.৪০ ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্পোদ্যোগ ও বস্ত্র

বিগত সাড়ে নয় বছরে রাজ্যের প্রায় ১.৩৬ কোটি মানুষ ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প ক্ষেত্রে নিযুক্ত হয়েছেন এবং এতে রাজ্যের শিল্প উৎপাদন এবং রপ্তানিতে বিপুলভাবে বৃদ্ধি হয়েছে।

আমাদের রাজ্যের প্রকাশিত রিপোর্ট অনুসারে বিগত ৯ বছরে MSMEs ১১ শতাংশ হারে CAGR হিসাবে বৃদ্ধি পেয়েছে।

সময়ানুসারী হস্তক্ষেপের ফলে রাজ্য সরকার বাংলার MSME & T শিল্পক্ষেত্রগুলিকে কোভিড-১৯ মহামারির কবল এবং তার ফলস্বরূপ লকডাউনের আর্থিক ক্ষতি থেকে রক্ষা করতে পেরেছে।

রাজ্য সরকার কর্মসাথী প্রকল্প' নামে ভর্তুকিপ্রাপ্ত একটি স্বনির্ভর স্কিম চালু করেছে। এরফলে রাজ্যের পরিযায়ী শ্রমিকসহ রাজ্যের লোকেদের জন্য কর্মসংস্থান ও অর্থোপার্জনের ব্যবস্থা সুনিশ্চিত হবে। এছাড়া রাজ্য সরকার রাজ্যের তাঁতশিল্পীদের 'ইন্টারেস্ট সাবভেনশন' স্কিমের মাধ্যমে ন্যূনতম ২ শতাংশ সুদে কার্যকরী মূলধন সৃষ্টির জন্য ঋণ নেওয়ার ব্যবস্থা চালু করেছে।

রাজ্যের MSME ক্ষেত্রে সরকার 'বাংলাশ্রী' নামে একটি স্কিম চালু করতে চলেছে। এর মাধ্যমে স্বনির্ভর গোষ্ঠী ও তাঁত শিল্পের বিভিন্ন শিল্পকর্মে উৎসাহ ভাতা চালু করে রাজ্যের সর্বত্র এই শিল্পের বিভিন্ন বিষয়ে নতুন উদ্যোগ, প্রচার ও প্রসার ঘটানোর কাজ হাতে নেওয়া হয়েছে।

'স্কিম অফ্ অ্যাপ্রুভড ইন্ডাস্ট্রিয়াল পার্ক' আরও কিছু অতিরিক্ত সুযোগসুবিধাসহ আরও পাঁচ বছরের জন্য বর্ধিত করা হয়েছে, ফলে ব্যক্তিগত উদ্যোগকে স্বাগত জানিয়ে রাজ্য সরকার বিভিন্ন উৎসাহ ভাতার মাধ্যমে তাদের নিজস্ব জমিতে বিভিন্ন ইন্ডাস্ট্রিয়াল পার্ক গড়ে ব্যবসার প্রসার লাভের ব্যবস্থা করছে।

রাজ্য সরকার সিঙ্গুরে কৃষিনির্ভর কাজের জন্য ১১ একর জমিতে 'অ্যাগ্রো ইন্ডাস্ট্রিয়াল' পার্ক স্থাপনের জন্য উদ্যোগী হয়েছে। মেদিনীপুরে, 'খাসজঙ্গল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট' তৈরি করা হয়েছে। রাজ্য সরকার গ্রামীণ শিল্প ও সংস্কৃতি কেন্দ্র স্থাপনের জন্য ইউনেস্কোর (UNESCO) সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে। এরফলে গ্রামীণ অঞ্চলে প্রায় ৫০,০০০ শিল্পী ও কুশীলবরা তাদের শিল্পকর্ম, কৃষ্টি, কলাকৌশল বাংলার চিরন্তনী ঐতিহ্যরূপে সংরক্ষণ ও সংবহন করতে পারবেন।

ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্পোদ্যোগ দপ্তরের উদ্যোগে বর্তমান কোভিড মহামারির সময়কালে বিভিন্ন সুরক্ষা সরঞ্জাম যেমন—ফেসমাস্ক, পিপিই-কিট, সুরক্ষাবর্ম, স্যানিটাইজার, ফেসশিল্ড ইত্যাদি কোভিড যোদ্ধাদের উদ্দেশ্যে তৈরি করে নজির সৃষ্টি করেছেন। বাংলার 'তন্তুজ' আজ পর্যন্ত ৩.৩ কোটি ত্রিস্তরীয় একবার ব্যবহার্য মাস্ক, ২৫ লক্ষ পিপিই কিট, ৩ লক্ষ এন-৯৫ মাস্ক, ৩.৫ লক্ষ ফেসশিল্ড, ৩ লক্ষ সুরক্ষা চশমা, ৪ লক্ষ একবার ব্যবহার্য বেডশিট এবং আশাকর্মীদের জন্য ০.৮লক্ষ র‍্যাপার তৈরি করেছে। অন্যদিকে WBSIDCL কোভিড মহামারিকে প্রতিহত করতে ৩.৫ লক্ষ লিটার হ্যান্ড স্যানিটাইজার বিভিন্ন বিভাগের জন্য তৈরি করেছে। 'তন্তুজ'র এই প্রয়াসের ফলে কোভিড মহামারির সংগ্রামের জন্য SKOCH গ্রুপ ২০২০তে 'তন্তুজ'কে সর্বোচ্চ প্লাটিনাম সম্মান প্রদান করেছে।

পশ্চিমবঙ্গ সরকার চর্মশিল্পকে আরও বৃহৎ আকারে অত্যাধুনিক প্রযুক্তির সহায়তায় মেগা লেদার ক্লাস্টার রূপে গড়ে তুলতে বিশেষ উদ্যোগ নিয়েছে। এর প্রথম পদক্ষেপ হিসাবে সামগ্রিক উন্নয়নের ধারাবাহিকতা হিসেবে পরিবেশ-বান্ধব পদ্ধতি গ্রহণ করা হয়েছে। রাজ্য সরকার ইতিমধ্যেই চারটি নতুন কমন এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (CETPS), কমন ফেসিলিটি সেন্টার (CFC), লেদার স্ক্যাপ বার্নারের আধুনিকীকরণ এবং আর্ট ডিজাইন সেন্টার গড়ে তুলেছে। ১৮৭টি নতুন ট্যানারির জন্য জমির বন্দোবস্ত করেছে।

৩.৪১ শিল্প, বাণিজ্য ও শিল্পোদ্যোগ

পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন কর্পোরেশন লিমিটেড (WBIDCL) ২০২০-২১ অর্থবর্ষে ১৩টি শিল্প প্রতিষ্ঠানের জন্য জমি বরাদ্দ করেছে। এতে প্রস্তাবিত বিনিয়োগ ধরা হয়েছে ৫৪৮.৩৫ কোটি টাকা এবং এরফলে ২,৯০৪ জনের কর্মনিযুক্তি হবে। WBIDC-এর মাধ্যমে মডিউল-বেসড ইন্ডাস্ট্রিয়াল পার্কে ৫টি ইন্ডাস্ট্রিয়াল ইউনিটকে জমি দেওয়া হয়েছে, যেখানে প্রস্তাবিত বিনিয়োগের পরিমাণ ১১.১২ কোটি টাকা এবং কর্মসংস্থান হবে ১,৩০১ জন মানুষের।

অঙ্কুরহাটির জেমস ও জুয়েলারি পার্কে ৩৩টি কোম্পানিকে ১.৬১ লক্ষ বর্গফুট জায়গা দেওয়া হয়েছে, যেখানে প্রস্তাবিত বিনিয়োগ ৯৪ কোটি টাকা এবং প্রস্তাবিত কর্মসংস্থান ১,৯৬০ জনের।

WBIDCL-এর মাধ্যমে ঋষি বঙ্কিম শিল্প উদ্যানে ৮টি শিল্প ইউনিটকে ১৯.০৫৮ একর জমি দেওয়া হয়েছে, যেখানে প্রস্তাবিত বিনিয়োগের পরিমাণ ১৬৫ কোটি টাকা এবং প্রস্তাবিত কর্মসংস্থান ৯০১ জনের। ওয়েস্ট বেঙ্গল ইলেকট্রনিক্স ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন (WBEIDC)-কে ইলেকট্রনিক্স ম্যানুফ্যাকচারিং ক্লাস্টারের (EMC) জন্য ৭০ একর জমি দেওয়া হয়েছে। এখানে কর্মসংস্থানের সম্ভাবনা ৫০০০ জনের এবং প্রস্তাবিত বিনিয়োগের পরিমাণ ২৫০ কোটি টাকা।

WBIDC-র উল্লেখযোগ্য কর্মসূচির মধ্যে ফেজ-১-এর 'সুধারস' এবং ফেজ-২-এর অন্তর্গত কান্দুয়ার উন্নয়নের পর হাওড়ার সাঁকরাইলে 'ফুড পার্ক ফেজ-৩'-এর উন্নয়ন ঘটানো হয়েছে।

হরিণঘাটা ইন্ডাস্ট্রিয়াল পার্কে ১০৭.৩৫ একর জমিতে Instakart Logistics Project গড়ে তোলা হচ্ছে, যেখানে প্রস্তাবিত বিনিয়োগের পরিমাণ ৯৯১ কোটি টাকা এবং প্রস্তাবিত কর্মসংস্থানের সম্ভাবনা ১৮,৩১০ জনের। ভারতের পূর্বাঞ্চলে সবচাইতে বড়ো 'গ্রিন লজিস্টিক পার্ক' গড়ে তুলবে Flipkart Group Company। তারজন্য ফেজ-১-এ ১৬ লক্ষ বর্গফুট এবং ফেজ-২-তে ১৯ লক্ষ বর্গফুট অর্থাৎ মোট ৩৫ লক্ষ বর্গফুট জায়গা দেওয়া হয়েছে।

WBIDC-এর কর্মসূচির মধ্যে বজবজের গারমেন্ট পার্কের ৯.৮৫ একর জমির মধ্যে ৭.৬ লক্ষ বর্গফুট জায়গার উন্নয়ন ঘটানো হয়েছে।

'অমৃতসর কলকাতা ইন্ডাস্ট্রিয়াল করিডোর' প্রকল্পের অধীনে ইন্ডাস্ট্রিয়াল ম্যানুফ্যাকচারিং ক্লাস্টার (IMC)-র উন্নয়ন ঘটাতে WBIDC-র হাতে থাকা জমির মধ্যে ২৪৮৩ একর জমিকে

নির্দিষ্ট করা হয়েছে। মাস্টার প্ল্যান প্রস্তুত করা হয়েছে এবং এই নির্দিষ্ট জায়গায় প্রকল্প উন্নয়নের জন্য WBIDC এবং NICDIT-র মধ্যে এক SPV গঠিত হয়েছে।

বিদ্যাসাগর ইন্ডাস্ট্রিয়াল পার্ক, পানাগড় ইন্ডাস্ট্রিয়াল পার্ক, বড়জোড়ায় প্ল্যাস্টো স্টিল পার্ক, হলদিয়া ইন্ডাস্ট্রিয়াল পার্ক ইত্যাদির সার্বিক পরিকাঠামো শক্তিশালী করা হয়েছে।

প্রস্তাবিত তাজপুর বন্দরের পরিকাঠামো উন্নয়নের জন্য যথোপযুক্ত সংস্থার নির্বাচনের জন্য West Bengal Maritime Board-এর দ্বারা Expression of Interest (EoI)-এর বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে ডিসেম্বর ২০২০-তে।

ব্যবসা সংক্রান্ত কাজকর্মের সুবিধার জন্য ‘শিল্পসাথী’ প্রকল্পের অধীনে একজানালা জরুরি পরিষেবা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। www.silpasathi.in ওয়েব সাইটে অনলাইন ব্যবস্থা গ্রহণ করে জমি বণ্টন, বাড়ির প্ল্যান অনুমোদনের ব্যবস্থা করা হয়েছে।

জলপাইগুড়ি জেলার রাণীনগর ইন্ডাস্ট্রিয়াল পার্কে এবং পশ্চিম মেদিনীপুর জেলার খড়গপুর ইন্ডাস্ট্রিয়াল পার্কে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। চলতি অর্থবর্ষে মোট ২১১০ একর জমির মধ্যে ৪৮৯টি ইন্ডাস্ট্রিয়াল ইউনিটকে ১৬২৩ একর জমিবণ্টন করেছে, যেখানে প্রস্তাবিতবিনিয়োগ ৩,৫১৯ কোটি টাকা এবং প্রস্তাবিত কর্মসংস্থান ৪৪,৫১২ জনের।

WBIIDC দক্ষিণ ২৪ পরগনার ফলতা ইন্ডাস্ট্রিয়াল পার্কের সেক্টর-৫-এ ১৭ কোটি টাকা ব্যয় করে ১০০ একর জমিতে পরিকাঠামো উন্নয়নের কাজ করছে।

ভারত সরকারের কয়লামন্ত্রক ২৯.৯.২০১৬ তারিখে পশ্চিম বর্ধমান জেলার গৌড়াণ্ডি এ.বি.সি. কয়লাখনিকে WBMDTCL-র হাতে তুলে দিয়েছে। এই কয়লাখনিতে ৬২ মিলিয়ন টন কয়লা মজুত রয়েছে। ২৭ বছর ধরে এখানে কয়লা উত্তোলন করা হবে। বছরে প্রায় ২.৫ মিলিয়ন টন কয়লা উত্তোলন করা যাবে।

মোকদামনগর এবং তেঁতুলবেড়িয়ায় চায়না ক্লে এবং ফায়ার ক্লে প্রকল্পের বাস্তবিক উন্নয়নের ব্যবস্থা করা হয়েছে।

Ease of Doing Business (EoDB)-র অধীনে ব্যবসায়িক সুবিধার জন্য রাজ্যের ইন্টিগ্রেটেড মিনারেল অ্যাডমিনিস্ট্রেশন সিস্টেম-এর মাধ্যমে মিনারেল প্রশাসনের জন্য অনলাইন ওয়েব পোর্টালের কাজ সমাপ্তির পথে।

কলকাতা এবং সন্নিহিত পাঁচটি জেলাতে রাজ্য সরকার যৌথ উদ্যোগে গ্যাস সরবরাহের জন্য গ্রেটার ক্যালকাটা গ্যাস সাপ্লাই কর্পোরেশন লিঃ এবং GAIL (India) লিঃ-এর সঙ্গে এক চুক্তি স্বাক্ষর করেছে। সেইসঙ্গে বেঙ্গল গ্যাস কোম্পানি লিমিটেড (BGCL) নামে একটি কোম্পানি গঠন করা হয়েছে, যার দ্বারা শীঘ্রই Compressed Natural Gas (CNG) সরবরাহ করা যাবে। এজন্য প্রাথমিকভাবে ২০১৯-২০ বর্ষে BGCL-কে ২৫ কোটি টাকা দেওয়া হয়েছিল। পরবর্তী পর্যায়ে ২০২০-২১ বর্ষে BGCL-কে আরও ৩৪.০৭ কোটি টাকা দেওয়া হবে।

৩.৪২ সরকারি উদ্যোগ সংস্থা ও শিল্প পুনর্গঠন

PE & IR বিভাগ শিল্প বিভাগের পুনরুজ্জীবন ও রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির পুনর্গঠনের উপর জোর দিয়েছে। সরস্বতী প্রেস এই বিভাগের একটি অন্যতম উল্লেখযোগ্য শিল্পোদ্যোগ।

সরস্বতী প্রেস লিমিটেড (SPL), ISO 9001: 2015 প্রাপ্ত কোম্পানি যা সমগ্র পূর্ব ভারতে সিকিউরিটি অ্যান্ড কনফিডেন্সিয়াল প্রিন্টিং-এর একটি অগ্রণী সংস্থা। এখান থেকেই হলোগ্রাম ও ডেইলি লটারি টিকিট তৈরি হয়, এছাড়াও স্কুলপাঠ্য বই ছাপানো হয়। ইন্ডিয়ান ব্যাঙ্ক অ্যাসোসিয়েশন তাদের সিকিউরিটি প্রিন্টিং ছাপানোর জন্য এই কোম্পানিকে মনোনীত করেছে। বর্তমানে কোম্পানির ৫টি ইউনিট থেকে ছাপা সংক্রান্ত কাজ হয়ে থাকে।

এর সম্পূরক সংস্থা ওয়েস্ট বেঙ্গল টেক্সট বুক কর্পোরেশন লিমিটেড (WBTBCL) প্রতি বছর ৬টি ভাষায় ৪০০ শিরোনামে প্রায় ১০ কোটি পাঠ্যপুস্তক এবং ৪ কোটি খাতা তৈরি করে। সারা রাজ্যের ২০০০-এর উপর কেন্দ্রে এই খাতা ও বই সরবরাহ করা হয়।

পরিষেবা

৩.৪৩ পর্যটন

রাজ্যের ঐতিহ্য ও সাংস্কৃতিক পর্যটনের উন্নতিসাধন করতে কলকাতা কানেক্ট ২০২০ নামে দুটি অত্যাধুনিক দোতলা বাস রাজ্য সচিবালয় থেকে গত অক্টোবর ২০২০-তে চালু করা হয়েছে। এই বাস যাত্রায় যে যে স্থানগুলি দেখানো হবে তা হল ভিক্টোরিয়া মেমোরিয়াল, ফোর্ট উইলিয়ম, সেন্ট জন্স চার্চ, ওল্ড কারেন্সি বিল্ডিং, ডালহৌসি স্কোয়ার, GPO, গ্রেট ইস্টার্ন হোটেল, ইডেন গার্ডেনস এবং প্রিন্সেপ ঘাট সহ অন্যান্য অঞ্চল।

WBTDCL দ্বারা আয়োজিত ১৪টি ট্যুরিস্ট লজে সাংস্কৃতিক অনুষ্ঠান সম্প্রতি করা হয়েছে যেখানে লোক প্রসার প্রকল্পের (LPP) লোকশিল্পীরা নানা ধরনে লোকশিল্প ও কৃষ্টি তুলে ধরে দর্শকদের আনন্দ দান করেছে। এরফলে স্থানীয় লোকশিল্পী ও সংস্কৃতি কর্মীদের উপার্জনের ব্যবস্থা করেছে।

২০২০-২১-এর ১৫ইনভেম্বর ২০২০ পর্যন্ত ৩৬ লক্ষ টাকার 'হোমস্টে'র অনুমোদন দেওয়া হয়েছে। বর্তমানে মোট নথিভুক্ত হোমস্টে কেন্দ্রের সংখ্যা ২৯৬টি।

রাজ্য সরকার দুর্গাপূজাকে জাতীয় ও আন্তর্জাতিক স্তরে পর্যটন তালিকার কেন্দ্রবিন্দুতে আনতে প্রয়াসী। দুর্গাপূজা ইন্ডিয়া টুডে গ্রুপ তাদের 'ইন্ডিয়া টুডে ট্যুরিজম সার্ভে অ্যান্ড অ্যাওয়ার্ড ২০২০'অধীনে ফেস্টিভ্যাল ডেস্টিনেশন হিসাবে সেরা পুরস্কার লাভ করেছে।

'আহরণ', রাজ্যের সর্বপ্রথম আতিথ্য ব্যবস্থাপনা কেন্দ্রে ৩য় শিক্ষাবর্ষ শুরু করেছে। শিক্ষার্থীর সংখ্যা ৬০ থেকে বাড়িয়ে ১৮০ করা হয়েছে।

৩.৪৪ তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন

২০২০-র ২৪ মার্চ দেশব্যাপী লকডাউন ঘোষণা হওয়ার পরপরই তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগ ২৫ মার্চ থেকেই ২৪x৭ ঘণ্টাব্যাপী কোভিড-১৯ হেল্পলাইন চালু করেছে এবং রাজ্যের ৮০টিরও বেশি IT/ITes কোম্পানিগুলিকে ব্যবসা চালু রাখার জন্য রাজ্য সরকারের আইন বিভাগের সঙ্গে যোগাযোগ রেখে ব্যবসায়িক পরামর্শ, সহযোগিতা ইত্যাদি দিচ্ছে।

DOIT & E 'কর্মভূমি' নামক প্রকল্পের মাধ্যমে ছাঁটাই হওয়া দক্ষ মানুষদের পুনর্বাসন দেওয়ার লক্ষ্যে রাজ্যের IT/ITeS গুলিতে সম্পূর্ণ বিনামূল্যে দক্ষতা উন্নয়নমূলক সার্টিফিকেট কোর্সে এদের নিয়োগ করছে, যাতে এরা সম্ভাব্য নিয়োগকর্তাদের সাথে যুক্ত হতে পারে। এখনও পর্যন্ত এই পোর্টালে ৪২,৯৫০টির মতো আবেদন উচ্চ পর্যায়ের দক্ষতাবিশিষ্ট AI-ML, ব্লক-চেন, সাইবার সুরক্ষা ইত্যাদি ক্ষেত্রে নথিভুক্তি চলছে এবং ৩৭০ জন নিয়োগকর্তা নথিভুক্ত হয়েছে। ৮,০০০-এরও বেশি আবেদনকারী নিয়োগপত্র পেয়েছে। 'অনলাইন ইভেন্ট ম্যানেজমেন্ট'-এর মাধ্যমে ৯টি ওয়ার্কশপ, ৫টিরও বেশি ওয়েব সেমিনার এবং বেশ কিছু সংখ্যক প্রশিক্ষণ ব্যবস্থা করা হয়েছে। যেখানে ৮,০০০ এরও বেশি উপস্থিতি লক্ষ্য করা গেছে।

DOIT & E 'সেলফ স্ক্যান' নামে একটি অ্যাপ-এর সূচনা করেছে, যেখানে ডিভাইসের মধ্যেই বিভিন্ন ধরনের ডাটা থাকবে। এখনও পর্যন্ত Google Play, IOS এবং Amazon Play-র মতো বিভিন্ন অ্যাপ স্টোরের মাধ্যমে ১.২ লক্ষেরও বেশি তথ্য ডাউনলোড করা হয়েছে।

সাইবার সুরক্ষা কেন্দ্র-র (Cs-CoE) ক্ষমতা বৃদ্ধি করা হয়েছে।

তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগ, ২০২০-র ডিসেম্বরে ভারত সরকারের 'বেস্ট সিকিউরিটি প্র্যাকটিসেস ইন গভর্নমেন্ট সেক্টর'(DSCI Excellence Award 2020) পুরস্কার অর্জন করেছে।

২০১০-১১ বর্ষে তথ্যপ্রযুক্তি সফ্‌টওয়্যার এবং তথ্যপ্রযুক্তি পরিষেবায় মোট রপ্তানি মূল্য ছিল ৮,৩৩৫ কোটি টাকা। ২০১৯-২০ বর্ষে এই রপ্তানি মূল্য ২২১ শতাংশ বেড়ে এসে দাঁড়িয়েছে ২৬,৮০০ কোটি টাকায়।

রিলায়েন্স কর্পোরেট আইটি পার্ক, টাটা কনসালটেন্সি সার্ভিসেস, ফাস্ট-সোর্স সল্যুশন লিঃ, ইন্ডো-জাপান হরোলজিকাল প্রাঃ লিঃ, বিক্রম সোলার, এয়ারটেল প্রভৃতি ২০টিরও বেশি প্রতিষ্ঠানকে ১০০ একর প্লট বেঙ্গল সিলিকন ভ্যালিতে বণ্টন করা হয়েছে। বেঙ্গল সিলিকন ভ্যালি আশা করছে যে আগামী ৫ বছরে এক্ষেত্রে ৪,০০০ কোটি টাকা বিনিয়োগ আসবে, যার দ্বারা তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে ৫০,০০০ কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হবে।

ওয়েবেল ফুজিসফ্‌ট ভারা সেন্টার অফ এক্সিলেন্স, ন্যাশকম 10K স্টার্টআপ, ওয়েবেল-বিসিসি অ্যান্ড আই টেক ইনকিউবেশন সেন্টার প্রভৃতি তথ্যপ্রযুক্তি সংস্থাগুলি প্রযুক্তিগত উন্নয়ন এবং নতুন স্টার্টআপদের জন্য প্রশিক্ষণ পরিকল্পনা এবং ইনকিউবেশন সহায়তা প্রদান করেছে।

৩.৪৫ উপভোক্তা বিষয়ক

বিভাগীয় উদ্যোগে ৩,৬০০টিরও বেশি উপভোক্তা সচেতনতার জন্য বিভিন্ন ক্যাম্প, সেমিনার, পথনাটক, ম্যাজিক শো, কথা বলা পুতুল প্রভৃতি প্রচার মাধ্যমের দ্বারা পরিচালনা করা হয়েছে। রাজ্যের আঞ্চলিক অফিসও সমস্ত প্রধান কার্যালয় থেকে এবং রাজ্য উপভোক্তা হেল্পলাইন-এর মাধ্যমে WBRTPS অ্যাক্ট ২০১৩ সম্বন্ধে সচেতনতা ও কনজুমার কাউন্সেলিং-এর কর্মসূচি কার্যকর করা হয়েছে। ৮৪০টি কনজিউমার ক্লাব গঠন করে রাজ্যের উপভোক্তা সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা করা হয়েছে।

২০২০-২১ সালের জানুয়ারি মাসে পার্কসার্কাস ময়দানে উপভোক্তা সচেতনতা বৃদ্ধির জন্য ক্রেতা সুরক্ষা মেলার আয়োজন করা হয়েছে। ২০২০-২১ সালে এই বিভাগের লিগাল মেট্রোলজি উইং ৮৪টি অভিযান চালিয়ে ৩১টিরমতো জিনিস বাজেয়াপ্ত করেছে। এরমধ্যে থেকে ২০৬৯টি অভিযোগের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে।

রাজ্যের পশ্চিম মেদিনীপুর, উত্তর দিনাজপুর এবং উত্তর ২৪ পরগনার রাজারহাটে জেলা অফিসসহ অন্যান্য অফিস লিগাল মেট্রোলজি ল্যাব ও বিভিন্ন উপভোক্তা ফোরামের একত্রীভূতকরণের জন্য এই জেলাগুলিতে ক্রেতা সুরক্ষা ভবন' নামে একটি করে ভবনের উদ্বোধন করা হয়েছে। এছাড়াও বাঁকুড়া, মুর্শিদাবাদেও এরূপ ভবন তৈরি হচ্ছে। মালদা, নদিয়া, দক্ষিণ দিনাজপুর,বীরভূম ও পুরুলিয়াতেও ভবন তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে।

এখনও পর্যন্ত রাজ্যের পশ্চিমবঙ্গ রাজ্য উপভোক্তা ভেজাল প্রতিরোধ কমিশন-এর ৫টি বেঞ্চ কাজ করছে। এরমধ্যে ৩টি কলকাতায় এবং ১টি শিলিগুড়িতে ও অন্যটি আসানসোলে খোলা হয়েছে।

চলতি অর্থবর্ষের (২০২০-২১) রাজ্য কমিশন ১,৮২,৫৫৩টি মামলার মধ্যে ১,৬৩,৫৮৪টি মামলার ফয়সালা করেছে।

পরিবেশবান্ধব আর্থিক প্রকল্পে সহায়তা

৩.৪৬ পরিবেশ

পরিবেশ বিভাগ রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ (WBPCB)-এর অধীনে প্রচণ্ড ঝড় 'আমফানে'র প্রভাবে কলকাতা শহরের উপড়ে পড়া গাছপালার ব্যাপক ক্ষয়ক্ষতি সামাল দিতে সবুজায়নের লক্ষ্যে প্রশংসনীয় প্রচেষ্টা নিয়েছে। বিভিন্ন জায়গায় প্রায় ১০,০০০ মতো চারাগাছ লাগানো হয়েছে। এছাড়াও স্যাটেলাইট শহর রাজারহাট নিউটাউনে ৪,০০০ হাজারের মতো চারাগাছ বসানোর কাজ শুরু হতে চলেছে।

দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ বিভিন্ন জায়গায় কাঠ ও কয়লার চুল্লি বা উনানের বদলে LPG স্টোভ প্রচলনের ব্যবস্থা করছে।কলকাতা ও হাওড়া অঞ্চলের রাস্তার পাশের খাবার প্রস্তুতকারী ব্যক্তিদের মধ্যে ও খাওয়ার জায়গাগুলোতেও LPG স্টোভ, উনানের বণ্টন করা হচ্ছে।

বিশ্বব্যাঙ্কের সহায়তায় ক্যাপাসিটি বিল্ডিং ফর ইন্ডাস্ট্রিয়াল পলিউশন ম্যানেজমেন্ট প্রকল্পের মাধ্যমে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ধাপায় জড়ো হওয়া বর্জ্য ব্যবস্থাপনার কাজ আরম্ভ করে এবং এই কাজ ২০২০-র মার্চে শেষ হয়।

যানবাহনের দূষণের ফলে সৃষ্ট বায়ুর দূষণ কমিয়ে আনার জন্য পর্ষদ ৪০টি ওয়াটার স্পিঙ্কলার গাড়ির ব্যবস্থা করেছে। এই গাড়ি থেকে জল ছিটিয়ে কলকাতা, হাওড়া, বিধাননগর, দক্ষিণ দমদম, ব্যারাকপুর এবং শিলিগুড়ি শহরের রাস্তার ধুলো নিবারণের কাজ চলছে। একইরকমভাবে ফায়ার টেন্ডার-এ স্পিঙ্কলার ব্যবস্থার মাধ্যমে ধাপা এবং প্রমোদনগর মিউনিসিপ্যাল-এ বর্জ প্রদাহের জন্য বায়ুদূষণ কমাতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গের ৭৯টি জায়গায় পরিবেশে নিয়মিত বায়ুদূষণ পরিমাপ করা হয়। রাজ্যের ১৩৭টি স্থানে ভূ-পৃষ্ঠের জলের গুণমান পরিমাপ করার কাজ চলছে।

'জল ধরো জল ভরো' কর্মসূচির অধীনে বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, বীরভূম ও ঝাড়গ্রাম জেলার ২৫টি স্কুলে বৃষ্টির জল সংরক্ষণের কাজ শুরু হয়েছে।

অপ্রচলিত শক্তির ব্যবহার বাড়ানোর জন্য রাজ্যের বিভিন্ন স্কুলে ২১১টি সৌরবিদ্যুৎ গ্রিড কানেকশন প্ল্যান্ট বসানোর ব্যবস্থা করা হয়েছে।

পশ্চিমবঙ্গ জীববৈচিত্র পর্ষদ (WBBB) রাজ্যের বিভিন্ন জেলার গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলাপরিষদে এবং আরবান সেক্টারে বায়োডায়ভারসিটি ম্যানেজমেন্ট কমিটি (BMCs) গঠনের কাজ শুরু করেছে।

৯০ শতাংশের অধিক বায়োডায়ভারসিটি কমিটিগুলি ২০২০'র নভেম্বরের মধ্যে ৩,৫৬৬টি PBR তৈরি করছে।

কোচবিহারের বাণেশ্বর শিবদিঘির ব্ল্যাক সফটশেল কচ্ছপ থাকা জলাশয়টি বায়ো ডায়ভারসিটি হেরিটেজ সাইট বলে ঘোষণা করা হয়েছে।

রাজ্য কোস্টালজোন ম্যানেজমেন্ট অথোরিটি, ইনস্টিটিউট অফ এনভায়রনমেন্ট স্টাডিজ, ওয়েটল্যান্ড ম্যানেজমেন্ট-এর যৌথ উদ্যোগে রাজ্যের উপকূলীয় অঞ্চলগুলির নিয়ন্ত্রণ, জমির ব্যবহার, জমির চরিত্র ইত্যাদি নিয়ে ম্যাপ তৈরি করেছে। গত জুলাই ২০২০-তে ভারত সরকারের MOEF & CC-এর দ্বারা উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনার পরিকল্পনা (CZMP) অনুমোদন লাভ করেছে। এরফলে IESWM পুর্বের ২০১৯-এর CRZ বিজ্ঞপ্তির থেকে বর্তমানের CZMP অনুযায়ী প্রয়োজনীয় উন্নয়নের কাজে হাত দিয়েছে। পূর্ব কলকাতার জলাজমিগুলির উন্নতির পরিকল্পনা ২০২১ থেকে ২০২৬ পর্যন্ত তৈরি করা হয়েছে।

রাজ্য সরকার চলতি অর্থবর্ষে সারা রাজ্যে ১২টির মতো বায়োডায়ভারসিটি পার্ক গড়ে তুলেছে।

৩.৪৭ অপ্রচলিত ও পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎস

এটি একটি নতুন প্রশাসনিক বিভাগ যেটা আগে Power & NES বিভাগের অধীনে ছিল।

WBREDA এর প্রধান কাজ হল সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে সৌরবিদ্যুৎ (Pv) উৎপাদনের গ্রিড বসিয়ে, বিদ্যুৎ তৈরি করা।

রাজ্যের ১৭০০টি স্কুলে PV সিস্টেমে গ্রিড বসিয়ে সৌরবিদ্যুৎ তৈরির কাজ শুরু হয়েছে।

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ (WBPCB) এবং পশ্চিমবঙ্গ প্রাকৃতিক শক্তি উন্নয়ন নিগম (WBGEDCL) এর যৌথ উদ্যোগে ১৪০টি স্কুলের ছাদে 5 KWP PV গ্রিড বসিয়ে সৌরবিদ্যুৎ তৈরির কাজ শুরু হয়েছে।

৩.৪৮ বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈবপ্রযুক্তি

রাজ্য সরকারের অধীনে ৫০০টির মতো বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈবপ্রযুক্তি সংক্রান্ত গবেষণা ও উন্নয়ন প্রকল্প বর্তমানে শুরু হয়েছে। এছাড়াও ২০২০ সালেই ৪৮টি প্রকল্প চালু হয়েছে। যাতে করে রাজ্যের বিভিন্ন সরকারপোষিত সংস্থায় সর্বব্যাপী বিজ্ঞানমূলক গবেষণা প্রসার লাভ করে। মূলত কৃষি, রসায়ন বিজ্ঞান, প্রাণী ও মৎস্য বিজ্ঞান, শারীর বিজ্ঞান, প্রকৃতি বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, পরিবেশ, ইঞ্জিনিয়ারিং ও প্রযুক্তি প্রভৃতি ক্ষেত্রে বিশেষ নজর দেওয়া হবে।

পদ্ধতিগত সরলীকরণের দ্বারা প্রকরণগত স্বচ্ছতা এবং উন্নত পরিচালন ব্যবস্থার জন্য ‘বিজ্ঞানসাথী’ অন-লাইন পোর্টাল চালু হয়েছে।

কলকাতা বায়োটেক পার্ক স্থাপন করে জৈবপ্রযুক্তি শিল্পের লগ্নি বাড়ানোর কাজ চলছে। এরফলে নতুন নতুন উদ্যোগগুলির উন্নয়ন, প্রসার, পরিকল্পনা, অর্থলগ্নি ও নতুন কর্মসংস্থানের সম্ভাবনা বৃদ্ধি পাবে। পাঁচ বছর ধরে চলা এই প্রকল্পগুলিতে মোট ৪৬.৪৩ কোটি টাকা লগ্নি হবে বলে মনে করা হচ্ছে।

জিও ইনফরমেটিক এবং রিমোট সেন্সিং-এর সাহায্যে গুরুত্বপূর্ণ সরকারি প্রকল্পগুলিতে স্থানীয় তথ্য সহায়তা দেওয়া শুরু হয়েছে। যেমন- (১) কৃষি বিভাগের মাধ্যমে উচ্চ ক্ষমতাসম্পন্ন উপগ্রহ তথ্যাদির সাহায্যে রাজ্যের অনাবাদী ধানী জমিকে চিহ্নিত (TRFA) করা (২) স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক বিভাগের অধীনে রাজ্যের থানা ও তার অধিক্ষেত্রগুলির তথ্যাদি জি আই এস ম্যাপিং-এর মাধ্যমে সংরক্ষণ করা (৩) রবি মরশুমে রাজ্যের চিনাবাদামের উৎপাদন এলাকা তথ্যভুক্ত করা (৪) রাজ্যের উপকূলীয় অঞ্চলের ম্যানগ্রোভ আঞ্চলিক গোষ্ঠী প্রবাহমানতা এবং সেখানকার জৈব প্রাকৃতিক চরিত্র নির্ধারণ এবং (৫) পার্বত্য হিমালয়ের প্রাকৃতিক পরিবেশ রক্ষার জাতীয় মিশন।

পেটেন্ট ইনফরমেশন সেন্টার (PIC) তৈরির মাধ্যমে পেটেন্ট তথ্য সংক্রান্ত ৪০টি নথিযাচাই এবং ২৯টি পেটেন্ট নথিভুক্ত করা হয়েছে। যার মধ্যে ৯টি কোভিড-১৯ সংক্রান্ত। উপরোক্ত নথিগুলির ৫টি আবার কপিরাইট প্রাপ্ত এবং ৩টি ট্রেডমার্কভুক্ত হয়েছে।

কল্যাণমূলক কর্মসূচি : নতুন দিশা

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাব :

(১) তপশিলি জাতি, আদিবাসী ও দুঃস্থ মানুষদের জন্য ১০০টি নতুন ইংরাজি মাধ্যম স্কুল

রাজ্যে নতুন করে সার্বিকভাবে শিক্ষার উন্নতির জন্য যে সমস্ত এলাকায় তপশিলি জাতি, আদিবাসী এবং দুঃস্থ গরীব মানুষের সংখ্যা বেশি সেইসব অঞ্চলে **আগামী ৩বছরের মধ্যে ১০০টি ইংরাজি মাধ্যম স্কুল শুরু করা হবে।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(২) অলচিকি ভাষার জন্য ৫০০টি নতুন স্কুল ও ১,৫০০ প্যারাটিচার নিয়োগ

আমাদের রাজ্যে অলচিকি ভাষাভাষী মানুষ অনেকে আছেন। **আগামী ৫ বছরে অলচিকি ভাষায় পঠন-পাঠনের জন্য আরও ৫০০টি নতুন স্কুল স্থাপন করা হবে এবং অলচিকি ভাষায় পড়ানোর জন্য ১,৫০০ প্যারাটিচার নিযুক্ত করা হবে।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ১০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(৩) নেপালি, হিন্দি, উর্দু, কামতাপুরী, কুরমালি ভাষার জন্য ১০০টি নতুন স্কুল

আমাদের রাজ্যবাসীর মধ্যে নেপালি, হিন্দি, উর্দু, কামতাপুরী, কুরমালি ভাষাভাষী জনগণের সংখ্যাও অনেক। আগামী ৫ বছরে আমরা ওই **সমস্ত ভাষার ১০০টি নতুন স্কুল স্থাপন করবো এবং ৩০০ প্যারাটিচার নিযুক্ত করা হবে।**

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(৪) চা বাগান এলাকায় সাদ্‌রী ভাষার জন্য ১০০টি নতুন স্কুল

চা বাগানে কর্মরত শ্রমিকদের একটি বড় অংশের ভাষা সাদ্‌রী (Sadri)। এই ভাষায় পড়াশোনা করার সুযোগ সৃষ্টির জন্য আমরা চা বাগান এলাকায় **আগামী ৫ বছরে ১০০টি সাদ্রী ভাষার বিদ্যালয় স্থাপন করবো। এই ভাষায় শিক্ষা দেওয়ার জন্য ৩০০ নতুন প্যারাটিচার নিযুক্ত করা হবে।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(৫) রাজবংশী ভাষার ২০০টি বিদ্যালয়কে সরকারি অনুমোদন

এখন আমাদের রাজ্যে প্রায় ২০০টি বিদ্যালয়ে রাজবংশী ভাষায় পড়াশোনা হচ্ছে। আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, **রাজ্য সরকার এই সমস্ত বিদ্যালয়কে অনুমোদন দেবে এবং আর্থিকভাবে সাহায্য করবে।**

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(৬) মাদ্রাসাকে সরকারি সাহায্য প্রদান

আমাদের রাজ্যে অনেক সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলেমেয়েরা বিভিন্ন মাদ্রাসায় পড়াশুনা করে। কিছু মাদ্রাসা আছে যা সরকারি অনুমোদিত কিন্তু আর্থিক সাহায্য পায় না (Government recognised un-aided)। **আমরা এইসব recognised unaided মাদ্রাসাগুলিকে আর্থিক সহায়তা প্রদান করবো।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(৭) তপশিলি জাতি ও উপজাতিদের জন্য ২০ লক্ষ গৃহ নির্মাণ

আমাদের সরকার ইতিমধ্যেই অনেক গৃহহীন তপশিলি জাতি ও আদিবাসীদের পাকা বাড়ি নির্মিত করেছে।

আগামী ৫ বছরে তপশিলি জাতি ও আদিবাসী জনগণের স্থায়ী বসবাসের জন্য আরও নতুন ২০ লক্ষ গৃহনির্মাণ করা হবে। যত মাটির বাড়ি আছে আগে সেগুলি পাকা এবং সংস্কার করা হবে।

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ১,৫০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(৮) কৃষকবন্ধুদের বর্ধিত আর্থিক সহায়তা – ৫,০০০ থেকে ৬,০০০ টাকা এবং ন্যূনতম ২,০০০ থেকে ৩,০০০ টাকা

কৃষকবন্ধু প্রকল্পে কৃষক এবং নথিভুক্ত ভাগচাষীদের বার্ষিক অনুদান বর্তমানের **একর পিছু ৫,০০০ টাকা থেকে বাড়িয়ে আগামী খরিফ মরশুমের জুন ২০২১ থেকে ৬,০০০ টাকা করা হবে।** এছাড়াও জমির পরিমাণ ব্যতিরেকে বাৎসরিক **ন্যূনতম অনুদান, কৃষক ও নথিভুক্ত ভাগচাষীদের ২,০০০ টাকা থেকে বাড়িয়ে ৩,০০০ টাকা করা হবে।**

আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানিয়েছি, যাতে কিষণ সম্মান নিধি যোজনার টাকা এই রাজ্যের সমস্ত কৃষককে শীঘ্রই বণ্টন করা হয় এবং এই প্রকল্পের আওতায় এই রাজ্যের সমস্ত বর্গাদার অর্থাৎ ভাগচাষীদেরকেও আনার ব্যবস্থা করা হয়।

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ৫০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(৯) ১০ লক্ষ নতুন স্বনির্ভর গোষ্ঠী গঠন ও ২৫ হাজার কোটি ঋণের ব্যবস্থা।

আমি আনন্দের সঙ্গে 'মাতৃবন্দনা' নামে একটি নতুন কর্মসূচি ঘোষণা করছি। এই কর্মসূচিতে আরও ১০ লক্ষ নতুন স্বনির্ভরগোষ্ঠী দুঃস্থ নারীদের নিয়ে গঠন করা হবে। এইসমস্ত গোষ্ঠীগুলিকে ব্যাঙ্ক থেকে— **মূলত কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি থেকে আগামী ৫ বছরে ২৫ হাজার কোটি টাকার ঋণ প্রদানের ব্যবস্থা করা হবে।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ১৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(১০) নির্মাণ ও পরিবহণ শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিকদেরকে আর্থিক সহায়তা প্রদান।

কোভিড-১৯ মহামারিতে আবাসন শিল্প ও পরিবহণ শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিকরা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। **এইরকম প্রায় ৪৫ লক্ষ শ্রমিকদের সহায়তার জন্য 'বিনামূল্যে সামাজিক সুরক্ষা যোজনা' প্রকল্পের মাধ্যমে এককালীন ১ হাজার টাকা করে দেওয়া হবে।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ৪৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(১১) উদ্বাস্তুদের পুনর্বাসন

গত দশবছরে আমাদের সরকার উদ্বাস্তুদের বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করেছে। টালিগঞ্জ এলাকা এবং কলকাতার আশেপাশে যে এলাকাগুলি বাদ পড়ে গেছে যেমন - যাদবপুর, মুকুন্দপুর, বেহালাসহ সারা কলকাতা ও সারা রাজ্যে উদ্বাস্তু অধ্যুষিত এলাকায় সার্ভের কাজ হাতে নেওয়া হয়েছে। জমির দলিলগুলি অধিবাসীদের হাতে তুলে দেওয়ার প্রক্রিয়া চলছে। প্রথম ধাপে ৩০ হাজারেরও বেশি দলিল / পাট্টা বিলি করা হয়েছে। **ধাপে ধাপে ১.৫ লক্ষ উদ্বাস্তুদের জমির দলিল দেওয়া হবে। একইসঙ্গে পরিকাঠামো উন্নয়নের জন্য রাস্তা, পার্ক, নিকাশি, আলো ইত্যাদির ব্যবস্থা করা হচ্ছে।**

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ১০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(১২) চা সুন্দরী প্রকল্প

আমাদের রাজ্যে ৩ লক্ষেরও বেশি স্থায়ী চা বাগান শ্রমিকদের মধ্যে একটি অংশের স্থায়ী পাকা বাড়ি নেই। আমাদের সরকার '**চা সুন্দরী**' প্রকল্প চালু করেছে। এরমধ্যেই ২০০ একরের উপর জমিতে এই কাজ আরম্ভ হয়েছে। ৪,৬০০ চা শ্রমিককে বাড়ি বণ্টনের চিঠি (Allotment letter) ইতিমধ্যেই দেওয়া হয়েছে।

আমরা চা বাগানগুলির কাছ থেকে দ্রুত জমির ব্যবস্থা করে আগামী ২ বছরের মধ্যেই এই প্রকল্পের কাজ শেষ করবো।

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ১৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(১৩) দেশনায়ক নেতাজী সুভাষচন্দ্র বসুর সম্মানে আজাদ-হিন্দ স্মারক নির্মাণ

এবছর আমাদের প্রিয় নেতাজী সুভাষচন্দ্র বসুর সম্মানে তার **১২৫**তম জন্মজয়ন্তী সূচনা রাজ্যব্যাপী পালিত হচ্ছে। নেতাজীর মতো দেশনায়কের স্মরণে তার যোগ্য কোনো স্মারক সরকারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গে আজ অবধি নির্মিত হয়নি। আমরা নেতাজীর **১২৫**তম জন্মবর্ষে তার প্রতি শ্রদ্ধার্ঘ্য হিসাবে রাজ্যের জনগণের পক্ষ থেকে নিউটাউনে **একটি আজাদ-হিন্দ স্মারক নির্মাণের প্রস্তাব রাখছি।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ১০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(১৪) প্রতিটি জেলায় জয়হিন্দ ভবন নির্মাণ

এছাড়া আমরা প্রতিটি জেলায় নেতাজীর 'জয়হিন্দ' ধ্বনিটিকে চিরস্মরণীয় করে রাখতে একটি করে **'জয়হিন্দ'** ভবন নির্মাণ করবো, যেখানে তরুণ প্রজন্ম নেতাজীর জীবনের অনুপ্রেরণায় নিজেদের গঠন করতে পারবে। এই ভবনগুলি শিক্ষা, ক্রীড়া, সংস্কৃতি ও বিভিন্ন সামাজিক কাজেও ব্যবহার করা যাবে।

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ১০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(১৫) কলকাতা পুলিশে 'নেতাজী ব্যাটালিয়ন' গঠন।

আপনারা জানেন যে কলকাতা এবং রাজ্য পুলিশে অনেক নতুন ব্যাটালিয়ন গঠন করা হয়েছে। আমি প্রস্তাব রাখছি, কলকাতা পুলিশের **একটি ব্যাটালিয়ন নেতাজীর স্মরণে 'নেতাজী ব্যাটালিয়ন' নামে গঠন করা হবে।**

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ১০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(১৬) নেতাজী রাজ্য যোজনা কমিশন

ভারতবর্ষে জাতীয় পরিকল্পনার কথা প্রথম বলেছিলেন নেতাজী সুভাষচন্দ্র বসু। আমাদের দুর্ভাগ্যের কথা বর্তমান কেন্দ্রীয় সরকার যোজনা কমিশন তুলে দিয়েছেন। আমরা এবিষয়ে নেতাজীর অবদানের কথা স্মরণে রেখে রাজ্যে **একটি যোজনা কমিশন গঠন করব। এই কমিশনের নাম হবে নেতাজী রাজ্য যোজনা কমিশন।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ৫ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(১৭) বিনামূল্যে রেশন ব্যবস্থার ধারাবাহিকতা।

কোভিড-১৯ মহামারির ফলে ক্ষতিগ্রস্ত মানুষের কথা মাথায় রেখে আমরা আগেই ২০২১-এর ৩০শে জুন অবধি বিনামূল্যে রেশন দেওয়ার ব্যবস্থা করেছি। **আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, এই বিনামুল্যের রেশন ব্যবস্থা জুন ২০২১-এর পরও চালু থাকবে।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ১,৫০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(১৮) 'মা' প্রকল্পের অধীনে কমন কিচেন (রান্নাকরা খাবার)

এছাড়াও অত্যন্ত দুঃস্থ মানুষ যেন দুবেলা খেতে পায়, সেজন্য **'মা' নামে একটি নতুন প্রকল্প গ্রহণ করা হবে যার মাধ্যমে বিভিন্ন জায়গায় সকলের জন্য স্বল্পমূল্যে কমন কিচেন (রান্নাকরা খাবার) চালু করা হবে।**

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ১০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(১৯) স্বাস্থ্যসাথী প্রকল্পের ধারাবাহিকতা

পশ্চিমবঙ্গই একমাত্র রাজ্য যেখানে **রাজ্যের ১০ কোটি মানুষকে 'স্বাস্থ্যসাথী' এবং সরকারের অন্যান্য বিভিন্ন স্বাস্থ্য সুরক্ষা প্রকল্পের মাধ্যমে স্বাস্থ্যসুরক্ষা প্রদান করা হয়েছে।** এই প্রকল্পের

একটি পরিবার প্রতি বছর ৫ লক্ষ টাকা অবধি চিকিৎসা বিনামূল্যে এবং নগদ জমা ছাড়া বিভিন্ন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানে পেতে পারে। **আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, এই প্রকল্প প্রতিবছর ধারাবাহিকভাবে চলবে এবং যারা পরে এই প্রকল্পে যোগ দিতে চান তারা যেকোনো সময়ে যোগ দিতে পারবেন। 'স্বাস্থ্যসাথী' কার্ড প্রতি ৩ বছর অন্তর রিনিউ করা যাবে।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ১,৫০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(২০) 'দুয়ারে সরকার'ও 'পাড়ায় সমাধান' বছরে ২বার

এই সরকার মানুষের কাছে বিভিন্ন পরিষেবা সুষ্ঠুভাবে পৌছনোর জন্য বিভিন্ন জেলায় প্রায় ৫০০-এর মতো প্রশাসনিক সভা করেছে। আরও বেশি করে পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে দুটি অভূতপূর্ব প্রকল্প অর্থাৎ **'দুয়ারে সরকার'** ও **'পাড়ায় সমাধান'** চালু করেছি যার সাফল্য সম্বন্ধে আপনারা সবাই অবগত আছেন। **এই দুটি অভূতপূর্ব প্রকল্প প্রতি বছর দুমাস ধরে হবে- প্রথমটি আগস্ট-সেপ্টেম্বর মাসে ও দ্বিতীয়টি ডিসেম্বর-জানুয়ারি মাসে।**

(২১) IAS ও IPS পরীক্ষার জন্য বিশেষ প্রশিক্ষণ কেন্দ্র

আমাদের রাজ্যের ছেলেমেয়েরা IAS, IPS-এ যাতে আরও সাফল্য পায় তার জন্য আমরা Administrative Training Institute (ATI)-এ একটি বিশেষ আবাসিক প্রশিক্ষণের ব্যবস্থা করছি। **এই প্রশিক্ষণে প্রতিবছর ১০০ জন ছেলেমেয়েকে নেওয়া হবে যাদের থাকা, খাওয়া ও পড়াশুনার খরচ সরকার বহন করবে। এছাড়াও এই সমস্ত ছাত্রছাত্রীদের মাসিক একটি স্টাইপেন্ড (Stipend) দেওয়া হবে।**

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ১০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(২২) প্রতি বছর অন্তর ১০ হাজার ছাত্রছাত্রীকে বিভিন্ন সরকারি দপ্তরে শিক্ষানবিশি

রাজ্যের যুবক-যুবতীদের চাকরির জন্য **'যুবশক্তি'** নামে একটি প্রকল্প চালু করা হবে। **এতে ১০,০০০ জন ছাত্র-ছাত্রীকে প্রতিবছর অন্তর নেওয়া হবে এবং তারা সরকারের বিভিন্ন দপ্তরে শিক্ষানবিশ (Internship) হিসাবে কাজ শেখার সুযোগ পাবেন। শিক্ষানবিশি শেষ হলে এদেরকে বিভিন্ন সরকারি কাজে অগ্রাধিকারের ভিত্তিতে চাকরির সুযোগ দেওয়া হবে।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ২০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(২৩) 'তরুণের স্বপ্ন' প্রকল্পে দ্বাদশ শ্রেণির ৯ লক্ষ ছাত্রছাত্রীকে ট্যাব (Tab) প্রদান

আপনারা জানেন যে, বর্তমান শিক্ষা ব্যবস্থা কম্পিউটার ও ইন্টারনেটের উপর অনেকটাই নির্ভরশীল। ইতিমধ্যেই ৯ লক্ষেরও বেশি ছাত্রছাত্রীকে ১০ হাজার টাকা হিসাবে সাহায্য দেওয়া হয়েছে স্মার্ট ফোন, ট্যাব ইত্যাদি কেনার জন্য। **আগামী অর্থবর্ষ থেকে প্রতিবছর দ্বাদশ শ্রেণির ৯ লক্ষ ছাত্রছাত্রীকে একটি করে ট্যাব (Tab) দেওয়া হবে। এই প্রকল্পের নাম আমরা দিয়েছি 'তরুণের স্বপ্ন'।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ৯০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(২৪) পার্শ্বশিক্ষকদের পারিশ্রমিক বৃদ্ধি ও অবসরকালীন ৩ লক্ষ টাকার আর্থিক সাহায্য

আমরা শিক্ষাক্ষেত্রে বর্তমানে পার্শ্বশিক্ষক, সহায়ক, শিক্ষাবন্ধু, চুক্তিবদ্ধ শিক্ষক, বিশেষ শিক্ষকদের গুরুত্বের কথা বিবেচনা করে ইতিমধ্যেই ২০১৮ সালে এঁদের পারিশ্রমিক (Remuneration) গড়ে ৪০ শতাংশের মতো বৃদ্ধি করেছি।

আগামী অর্থবর্ষ থেকে **এই বিশেষ দায়িত্বপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকারা প্রতি বছর ৩ শতাংশ হারে বর্ধিত পারিশ্রমিক পাবেন**। একইসঙ্গে তারা ৬০ বছর বয়স পার হওয়ার পর **৩ লক্ষ টাকা অবসরকালীন বার্ধক্য সহায়তা (Ex-gratia) হিসাবে এককালীন অর্থ পাবেন।**

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ১০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(২৫) ৬০ বছরের ঊর্ধ্বে সমস্ত মানুষকে এবং ১৮বছরের ঊর্ধ্বে সকল বিধবার পেনশন

জয়জোহর এবং **তপশিলি বন্ধু** প্রকল্পের মাধ্যমে সমস্ত বয়স্ক তপশিলি জাতিভুক্ত মানুষকে ও আদিবাসীকে পেনশন প্রদান করেছি। এছাড়া **মানবিক প্রকল্পের** মধ্যে সমস্ত বিশেষ চাহিদা সম্পন্ন মানুষকেও পেনশনের আওতায় এনেছি। বর্তমানে ৬০ লক্ষ বয়স্ক, বিধবা এবং বিশেষ চাহিদা সম্পন্ন মানুষকে আমরা পেনশন দিচ্ছি। এটি আমাদের দেশের মধ্যে একটি নজির। **আমরা বাংলার সমস্ত বয়স্ক (৬০ বছরের বেশি) এবং বিধবা (১৮ বছরের বেশি) মানুষজনকে পেনশনের আওতায় নিয়ে আসব।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ১,০০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(২৬) বিভিন্ন উপাসনাস্থলের পরিচালকদের বিশেষ ভাতা

আমরা সাংস্কৃতিক ঐতিহ্য ও পরম্পরা রক্ষায় বিভিন্ন জনগোষ্ঠীর উপাসনাস্থল রক্ষণাবেক্ষণ ও সুরক্ষার জন্য বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করেছি। এইসব সাংস্কৃতিক ঐতিহ্য ও পরম্পরার প্রসারে সাহায্যের জন্য আমরা সাধারণ পুরোহিত, তপশিলি এবং আদিবাসীসহ সকল পুরোহিতদের মাসিক ভাতা দেওয়া ইতিমধ্যেই শুরু করেছি। **এখন জাহেরথান ও মাঝিথানের দরিদ্র মাঝিদের আগামী বছর থেকে প্রতিমাসে ১ হাজার টাকা করে ভাতা দেওয়া হবে।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ১০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি। পরিকাঠামো উন্নয়নে নতুন প্রস্তাব

(২৭) পথশ্রী প্রকল্পের অধীনে ৪৬ হাজার কিলোমিটার নতুন গ্রামীণ রাস্তা

আপনারা জানেন যে, স্বাধীনতার পর থেকে ২০১১ সাল অবধি এরাজ্যে নতুন রাস্তা তৈরি হয়েছিল কেবলমাত্র ২৯,৭০৬ কি.মি.। ২০১১-এর পর থেকে আমাদের সরকার এইক'বছরের মধ্যেই ৮৯,৫৭৪ কিমি নতুন গ্রামীণ রাস্তা তৈরি করেছে। **আগামী ৫বছরের মধ্যে আমরা ৪৬,০০০ কিমি নতুন গ্রামীণ রাস্তা তৈরি করবে, এরমধ্যে আগামী বছরে 'পথশ্রী' প্রকল্পের মাধ্যমে ১০,০০০ কিমি নতুন গ্রামীণ রাস্তা তৈরি এবং সংস্কার হবে।**

আগামী পাঁচ বছরের মধ্যে আমরা সমস্ত গ্রামীণ রাস্তাকে স্টেট হাইওয়ের সঙ্গে সংযুক্ত করবো।

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ৫০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(২৮) সড়ক যোগাযোগ ঃ

রাজ্যের পরিকাঠামো উন্নয়নে বিশেষ জোর দেওয়ার জন্য আমি একগুচ্ছ নতুন পরিকল্পনার প্রস্তাব রাখছি। এই পরিকল্পনার উদ্দেশ্য হল আমাদের সমস্ত গ্রামীণ রাস্তাকে স্টেট হাইওয়ের সঙ্গে সংযুক্ত করা এবং শহরাঞ্চলের যাতায়াত ব্যবস্থা উন্নত করা।

- নন্দীগ্রামে হলদি নদীর উপর নন্দীগ্রাম ও হলদিয়ার মধ্যে একটি সংযোগকারী সেতু নির্মাণ করা হবে।
- কলকাতা থেকে বাসন্তি পর্যন্ত সড়কপথকে ৪ লেন-এ যুক্ত করা হবে
- প্রগতিময়দান **Fire Station** থেকে বানতলা অবধি এবং বানতলা থেকে ঘটকপুকুরের কাছে ঘোষপুর পর্যন্ত রাস্তা চওড়া করা হবে
- **B.T.** রোডের টালা থেকে ডানলপ পর্যন্ত এলাকা ৬ লেন বিশিষ্ট একটি ৫কিমির উড়াল পথ নির্মাণ করা হবে
- **NH 34** এর এয়ার পোর্ট গেট থেকে যশোর রোড এবং **VIP** রোড সংযুক্তিকরণের জন্য একটি উড়ালপথ তৈরি হবে
- উল্টোডাঙা ও বাঙুর এভিনিউ-এর মাঝে ৩কিমি একটি সংযোগকারী করিডোর তৈরি করা হবে
- কলকাতা বাসন্তি সড়কপথে **ME-117**-উপর ঘাটপুকুরের ৪ লেনের রাস্তাটি বারুইপুর হয়ে আমতলা পর্যন্ত রাস্তাটির উন্নয়নের কাজ হাতে নেওয়া হবে।
- কোচবিহার জেলার বক্সিরহাট-জোড়াই রোড-এর রায়ডাক-১ নদীর উপর একটি দুই লেনের ৯.৫০ কিলোমিটার দীর্ঘ ব্রীজ নির্মাণ করা হবে
- শিলিগুড়ি এবং দার্জিলিং ভায়া মিরিক সংযোগকারী পুরানো ব্রীজটির পরিবর্তে রাজ্য হাইওয়ে ১২ সংলগ্ন দুধিয়ার কাছে বালাসন নদীর উপর একটি ব্রীজ নির্মাণ করা হবে
- রাজ্য হাইওয়ে ১৬-র উপর চ্যাংরাবান্দা-জামালদহ-মাথাভাঙা-কোচবিহার রাস্তাটি ৭৫ কিলোমিটার বাড়ানো হবে
- জাতীয় সড়ক ৩১-এর কাছে বাতালবাড়ি থেকে ধানতলা পর্যন্ত ৬০ কিলোমিটার রাস্তাটিকে ২ লেনবিশিষ্ট চওড়া করা হবে
- রুবি-কালিকাপুর উড়ালপুল নির্মাণ করা হবে, যেখানে পথচারীদের জন্য স্কাই ওয়াকও থাকবে

- **সৈয়দ আমির আলি অ্যাভিনিউতে 'মা' উড়ালপুল থেকে গুরুসদয় দত্ত রোড পর্যন্ত একটি উড়ালপুল নির্মাণ করা হবে**
- **খিদিরপুরে ৭৫ বছরের পুরানো লোহার সেতুটির জায়গায় একটি নতুন সেতু নির্মাণ করা হবে**
- **সোনারপুর-বানতলা রোড থেকে সোনারপুর চক্রবেড়িয়া রোডের উপরে উড়ালপুল নির্মাণ করা হবে**
- **ই.এম. বাইপাস থেকে নিউটাউন পর্যন্ত উড়ালপথ নির্মিত হবে।**

এছাড়াও নিম্নলিখিত প্রকল্পগুলিতে ফিজিবিলিটি সার্ভে করানো হবে এবং যদি রিপোর্ট যথাযথ হয় তবে এই সমস্ত প্রকল্পগুলির কাজ হাতে নেওয়া হবে

- **জীবনানন্দ সেতু থেকে টিপু সুলতান মসজিদের কাছে দেশপ্রাণ শাসমল রোড মোড় পর্যন্ত প্রিন্স আনোয়ার শাহ রোড বরাবর একটি উড়ালপথ**
- **উল্টোডাঙা থেকে পোস্তা বাজার পর্যন্ত উড়ালপথ**
- **পাইকপাড়া থেকে শিয়ালদহ স্টেশন পর্যন্ত উড়ালপথ**
- **রাজা সুবোধ চন্দ্র মল্লিক রোড বরাবর গড়িয়া থেকে যাদবপুর পর্যন্ত উড়ালপথ**
- **পথচারীদের জন্য পার্কসাকাস কানেক্টরে একটি স্কাইওয়াক**
- **মাঝেরহাট থেকে টালিগঞ্জ, যাদবপুর-গড়িয়া পর্যন্ত উড়ালপথ।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ২,৪৭৫ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(২৯) ওয়েস্ট বেঙ্গল হাইওয়ে অ্যান্ড ব্রিজকর্পোরেশন (West Bengal Righway & Bridge Corporation) গঠন।

আমি প্রস্তাব রাখছি West Bengal Highway Corporation-টিকে পুনর্গঠিত করে West Bengal Highway & Bridge Corporation নামে নতুন কর্পোরেশন তৈরি করা হবে। রাস্তা তৈরি ছাড়াও যাদের দায়িত্ব থাকবে নতুন ব্রিজ/উড়ালপথ তৈরি এবং এগুলির রক্ষণাবেক্ষণের কাজ।

(৩০) সেচ ও জলপথ পরিবহণ

রাজ্যে **৩৭৩টি পুরানো** সেচ ও নিকাশি খালগুলির উপর **কাঠের সেতুর পরিবর্তে নতুন কংক্রিট সেতু** তৈরি করার পরিকল্পনা নেওয়া হবে।

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ১০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(৩১) পর্যটন শিল্পে বিশেষ আর্থিক সহায়তা ও সুদ মকুব

কোভিড-১৯ অতিমারিতে ভ্রমণ ও পর্যটন শিল্প বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। আপনারা জানেন যে, বিভিন্ন সংস্থা ও বহু মানুষ এই শিল্পের সঙ্গে যুক্ত। এইসব সংস্থাগুলির পাশে দাঁড়ানোর

জন্য রাজ্য সরকার একটি পর্যটন সহায়ক প্রকল্প শুরু করছে। এরফলে পর্যটনের সঙ্গে যুক্ত বিভিন্ন সংস্থা (রিসর্ট, হোটেল, হোম-স্টে, ভ্রমণ সহায়ক সংস্থা ইত্যাদি) এই প্রকল্পের আওতায় আসবে। **এই প্রকল্পে ৫০ হাজার থেকে ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ ব্যাঙ্কের মাধ্যমে দেওয়া হবে এবং সুদের ৫০ শতাংশ প্রথম বছরে রাজ্য সরকার বহন করবে।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ১০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি। এছাড়াও আমি জানাতে চাই যে পর্যটন ক্ষেত্রে 'ওয়েস্ট বেঙ্গল ইনসেনটিভ স্কিম-২০১৫' গত ৩১শে ডিসেম্বর, ২০২০-তে শেষ হয়েছে। আমি পর্যটন শিল্পে আরও উৎসাহ দিতে আগামী **৫ বছরের জন্য একটি নতুন ইনসেনটিভ স্কিম** ঘোষণা করছি যেটি আগামী অর্থবর্ষ থেকে শুরু হবে।

(৩২) পরিবহণ ক্ষেত্রে রোড ট্যাক্স মকুব।

কোভিড-১৯ মহামারির জন্য পরিবহনক্ষেত্র বিশাল ক্ষতির সম্মুখীন হয়েছে। এদের কিছুটা সহায়তা দেওয়ার জন্য আমরা দেরিতে পারমিট নবীকরণের জন্য, ফিটনেস সার্টিফিকেট এবং গাড়ির চালকদের লাইসেন্স নবীকরণে দেরি হলে যে ফাইন লাগে তাছাড় দেওয়ার ব্যবস্থা করেছি। আরও সাহায্যের হাত বাড়িয়ে দিতে, **আমি যাত্রী পরিবহণের সবরকম যানবাহনে রোড ট্যাক্স ১লা জানুয়ারি, ২০২১ থেকে ৩০শে জুন, ২০২১ অবধি (২টি কোয়ার্টার) মকুব করার কথা ঘোষণা করছি।**

(৩৩) আঞ্চলিক যোগাযোগ

আমাদের ধারাবাহিক প্রচেষ্টায় ২০১১ থেকে ২০২০ পর্যন্ত কলকাতায় বিমান যাত্রী সংখ্যা প্রায় ৬৬ % বেড়েছে, বাগডোগরায় বেড়েছে ৩৫০ % এবং অন্ডালে বেড়েছে ১,৪১২%। উড়ানের সংখ্যায় কলকাতায় বেড়েছে ১১০%, বাগডোগরা বেড়েছে ১৮৬ % ও অন্ডালে বেড়েছে ২০০ %। **আগামী দিনে আমরা আঞ্চলিক বিমান যোগাযোগের স্বার্থে এবং মানুষের যাতায়াতের সুবিধার্থে বালুরঘাট, মালদা এবং কুচবিহার বিমানবন্দর থেকে উড়ান চলাচলের ব্যবস্থা কার্যকরি করতে সাহায্য করবে।**

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(৩৪) শিল্পায়নে বিশেষ প্রকল্প

দ্রুত শিল্পায়নের লক্ষ্যে আমরা বিশেষ বিশেষ কর্মসূচি হাতে নিয়েছি,

তাজপুর বন্দর : পূর্ব ভারতে শিল্পোন্নয়ন, রপ্তানি এবং পরিবহণের স্বার্থে পুর্ব মেদিনীপুরের তাজপুরে একটি গভীর সমুদ্রবন্দর গড়ে তোলা হচ্ছে। এই প্রকল্পের পরিকাঠামো উন্নয়নকার্যে প্রায় ৭,০০০ কোটি টাকা খরচ হবে। **এর ফলে হাজার হাজার মানুষের কর্মসংস্থানের সুযোগ হবে।**

(৩৫) অশোকনগরে গ্যাস উত্তোলন

আপনারা জানেন যে উত্তর ২৪ পরগনার অশোকনগরে ONGC-র তেল ও প্রাকৃতিক গ্যাস উত্তোলনের একটি বিরাট প্রকল্প চালু হচ্ছে। এরফলে প্রাকৃতিক গ্যাসের উপর নির্ভরশীল বিভিন্ন

অনুসারী শিল্প এখানে গড়ে উঠবে। এরফলে প্রচুর কর্মসংস্থানের সুযোগ হবে এবং এই অঞ্চল বাংলার এমন একটি শিল্পনগরীতে পরিণত হবে যা অচিরেই বিশ্বের শিল্পমানচিত্রে স্থান করে নেবে।

(৩৬) দেউচা - পাচামি থেকে কয়লা উত্তোলন

আপনারা অবগত আছেন যে এ রাজ্যের বীরভূম জেলার দেউচা - পাচামিতে **১**টি বিরাট কয়লার মজুত ভাণ্ডার পাওয়া গেছে, এটি বিশ্বের দ্বিতীয় বৃহত্তম কোল ব্লক। এই প্রকল্প খুব শীঘ্রই চালু হবে। **প্রথম দুবছর শুধু সরকারি জমিতে কাজ হবে ও কোনো মানুষকে তাদের জমি থেকে উচ্ছেদ করা হবে না।**

এই প্রকল্পগুলিতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দক্ষ ও অদক্ষ হাজার হাজার শ্রমিক কাজের সুযোগ পাবেন। এরফলে শুধু বীরভূম জেলাই নয়, তার আশপাশের জেলা অর্থাৎ বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম ও পূর্ব বর্ধমান, হুগলি, মুর্শিদাবাদ এবং অন্যান্য জেলার অর্থনৈতিক উন্নয়নে গতি আসবে। **এরফলে প্রচুর কর্মসংস্থানের সৃষ্টি হবে। যেসব ক্ষেত্রে জমি অধিগ্রহণের প্রয়োজন হবে, সেখানে আলোচনার মাধ্যমে জমির দাম বাবদ বর্ধিত মূল্য ও তার সঙ্গে অতিরিক্ত আকর্ষণীয় মূল্য নির্ধারণ হবে, এছাড়া সরকারি চাকরির নিশ্চয়তা দেওয়া হবে।**

(৩৭) রঘুনাথপুর ঃ পুরুলিয়া শিল্পনগরী ঃ

একদিকে ডানকুনি থেকে বর্ধমান-দুর্গাপুরহয়ে আসানসোল পর্যন্ত, অন্যদিকে বড়জোড়া - বাঁকুড়া - পুরুলিয়ার রঘুনাথপুর পর্যন্ত বিশেষ শিল্প করিডোর তৈরি করা হচ্ছে। **এই করিডোর রাজ্যের প্রথম শিল্পনগরী পুরুলিয়া জেলার রঘুনাথপুরে WBIDC'র ২,৪৮৩ একর জমির উপর গড়ে তোলা হবে। এই শিল্পনগরীকে আমরা নাম দিয়েছি 'জঙ্গল সুন্দরী কর্মনগরী'।**

এই প্রকল্পটি গড়ে ওঠার ফলে প্রচুর কর্মসংস্থান সৃষ্টি হবে।

আমি, এই বাবদ আগামী অর্থবর্ষে ১০০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(৩৮) অন্ডাল বিমানবন্দর

কলকাতা বিমানবন্দরে বিগত দিনগুলিতে যেভাবে উড়ানের সংখ্যা বেড়েছে সেই কথা মাথায় রেখে আমাদের রাজ্যে দ্বিতীয় একটি বিমানবন্দর করা অত্যন্ত জরুরি। সেই উদ্দেশ্যকে মাথায় রেখে আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে **আগামী ২ বছরের মধ্যে অন্ডাল বিমান বন্দরটিকে আন্তর্জাতিক উড়ান চলাচলের উপযোগী করে গড়ে তোলা হবে**। এরফলে রাজ্যের পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে বিশাল বিনিয়োগ হবে এবং প্রচুর কর্মসংস্থানের সৃষ্টি হবে।

আমি, এরজন্য আগামী অর্থবর্ষে ১৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব করছি।

(৩৯) বেঙ্গল সিলিকন ভ্যালি ও ফিনান্সিয়াল হাব

নিউটাউনে **২০০ একরের** উপর জমিতে **বেঙ্গল সিলিকন ভ্যালি** প্রকল্পটি চালু হয়েছে। **২৪**টি আই.টি. (IT) কোম্পানিকে ৭৯ একর জমি দেওয়া হয়েছে, যেখানে প্রায় **১১,৩১৭** কোটি টাকা

বিনিয়োগ আসবে এবং এর মাধ্যমে বহু মানুষের কর্মসংস্থানের সৃষ্টি হবে। টাটা কনসালটেন্সি সার্ভিসেস (TCS), ফার্স্ট সোর্স সলিউশন লিঃ-এর মতো কর্পোরেটরা ইতিমধ্যেই কাজ শুরু করে দিয়েছে। এছাড়াও বিভিন্ন আই.টি, কোম্পানিগুলি যেমন— Infosys, Wipro ইত্যাদি, এদের রাজারহাটে, ফিনান্সিয়াল হাবে ও অন্যান্য জায়গায় ইতিমধ্যেই জমি দেওয়া হয়েছে। এছাড়াও নিউটাউনে Fintech hub তৈরি করেছি। **আমরা সিলিকন ভ্যালি ও ফিনান্সিয়াল হাবের ক্রমান্বয়ে প্রসার ঘটাব যাতে আরও নতুন নতুন বিনিয়োগ বাংলায় আসে।**

(৪০) শূন্যপদ পূরণ করার বিশেষ উদ্যোগ

২০১১ সালে আমরা যখন সরকারে আসি তখন রাজ্য সরকারের বিভিন্ন বিভাগসহ পুলিশ প্রশাসনে বহু শূন্যপদ খালি ছিল। আমরা সরকারে এসে গত ১০ বছরে ৪ লক্ষেরও বেশি শুন্যপদে নিয়োগ করেছি। বর্তমানে বিভিন্ন বিভাগে ৫০,০০০ এবং পুলিশে ৬০,২৯১ পদ খালি আছে। আমি প্রস্তাব রাখছি যে **আগামী তিন বছরে বিশেষ উদ্যোগ নিয়ে বিভিন্ন বিভাগে এবং পুলিশ প্রশাসনের এই শূন্যপদগুলিতে নিয়োগ পর্ব সম্পূর্ণ করবো।**

(৪১) কর্মসংস্থান

সমগ্র বিশ্বজোড়া অর্থনীতি এবং আমাদের দেশেও অর্থনীতির যে মন্দা চলছে তা এককথায় অভাবনীয়। এরই মধ্যে আমাদের রাজ্য অত্যন্ত সাফল্যের সঙ্গে নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে চলেছে। বিভিন্ন শিল্পায়নের প্রকল্পের ফলে যেমন-ONGC-র তেল এবং প্রাকৃতিক গ্যাস উত্তোলন, দেউচা-পাচামির কয়লা খনন এবং উত্তোলন, বিশেষ শিল্প করিডোর, সিলিকন ভ্যালিতে বিভিন্ন আই.টি এবং টেলিকম কোম্পানিগুলিতে কাজের সুযোগ, তাজপুর সমুদ্র বন্দরের জন্য, সিঙ্গুর অ্যাগ্রো ইন্ডাস্ট্রিয়াল পার্ক, হাসিমারা ইন্ডাস্ট্রিয়াল পার্ক এবং অন্যান্য ইন্ডাস্ট্রিয়াল এবং MSME পার্ক সহ পরিকাঠামো উন্নয়ন কার্যে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বহু মানুষের কর্মসংস্থানের সৃষ্টি হবে।

'মাটির সৃষ্টি' পশ্চিমাঞ্চলের অনুর্বর পতিত জমির উপর উদ্যানপালন, মৎস্য চাষ, প্রাণীসম্পদ বিকাশের মাধ্যমে কর্মসংস্থান তৈরির একটি অনন্য প্রকল্প। গত বছরে ১৩ হাজার একর জমির উপর প্রায় ১,৯৪২টি জায়গায় এই প্রকল্প গড়ে তোলা হয়েছিল। **আগামী বছরে আরও ১৪ হাজার একর জমির উপরে এই পরিকল্পনা করা হয়েছে যার ফলে প্রচুর কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে।**

বিগত ১০ বছরে ১০০ দিনের কাজে আমরা ৭.২৪ কোটি গ্রামের মানুষকে কাজ দিতে পেরেছি।

এবছরে ১০০ দিনের কাজে ১.১ কোটি গ্রামের মানুষকে কাজ দিয়ে সারা দেশের মধ্যে আমরা ১নং স্থান অর্জন করেছি। এটি একটি অনন্য নজির।

আমি আরও জানাচ্ছি যে গত ১০ বছরে আমাদের সরকার ১ কোটি ১২.৫ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি করেছে।

আপনারা শুনে খুশি হবেন, যে বিশাল শিল্পাঞ্চল এবং পরিকাঠামো গড়ে ওঠার কথা আমরা বলেছি, তার ফলে **আগামী ৫ বছরের মধ্যে সরকারি, আধা সরকারি ও বেসরকারি স্তরে এবং স্বনিযুক্তিমূলক কর্মসংস্থানকে ধরে ১.৫ কোটি নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা সম্ভব হবে।**

আমাদের এই সমস্ত প্রস্তাব বাস্তবায়িত করতে আগামী আর্থিবছরের বাজেটে ১২,০৩০ কোটি টাকার সংস্থান করা হয়েছে।

উপসংহার

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

এই কোভিড-১৯ অতিমারি, আমফানের বিপুল ক্ষয়ক্ষতি এবং কেন্দ্রের ক্রমাগত বঞ্চনা সত্ত্বেও, আমাদের সরকার সারা বাংলা জুড়ে বাংলার মানুষের সার্বিক উন্নতির লক্ষ্যে উন্নয়নের বিভিন্ন কাজ ধারাবাহিকভাবে চালিয়ে এসেছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতিক্রমে আগামী ২০২১-২২ অর্থবর্ষের জন্য আমি ২,৯৯,৬৮৮ কোটি (নেট) টাকা বাজেট বরাদ্দের প্রস্তাব রাখছি।

উপসংহারে বলি, যে নেতাজীর নামে আমরা স্মারকস্তম্ভ করবো, ‘তরুণের স্বপ্ন’কর্মসূচি করবো, যাঁর নামে নামাঙ্কিত হবে আমাদের নতুন রাজ্য যোজনা কমিশন, তাঁর এক অমর বাণীই আজ আমার পাথেয়। দেশবাসীর উদ্দেশে তিনি বলেছিলেন -‘‘তোমরা আমাকে রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেবো।’’ সেই চিরস্মরণীয় বার্তার দীনাতিদীন অনুসরণে আমার রাজ্যবাসীকে বলবো - আপনারা আমাকে বিশ্বাস দিন, আমি আপনাদের সেবা দেবো- নিঃশর্ত, একান্ত, কায়মনোবাক্যে সেবা।কবিগুরুর কথায় বলি, হে বঙ্গলক্ষ্মী, আমার মাথা নত করে দাও হে তোমার চরণধুলার তলে ...।

আরো আলো আরো আলো
এই নয়নে, প্রভু ঢালো।
সুরে সুরে বাঁশি পুরে।
তুমি আরো আরো আরো দাও তান।
আরো বেদনা আরো বেদনা।
প্রভু দাও মোরে আরো চেতনা।
দ্বার ছুটায়ে বাধা টুটায়ে
মোরে কর ত্রাণ মোরে কর ত্রাণ।

আর্থিক বিবরণী, ২০২১-২০২২

পশ্চিমবঙ্গের বার্ষিক আর্থিক বিবরণী, ২০২১-২০২২

(কোটি টাকার হিসাবে)

	প্রকৃত, ২০১৯-২০২০	বাজেট, ২০২০-২০২১	সংশোধিত, ২০২০-২০২১	বাজেট, ২০২১-২০২২
আদায়				
১। প্রারম্ভিক তহবিল	(-)৫.৪৫	(-)২.০০	(-)২০.০৮	(-)৩.০০
২। রাজস্ব আদায়	১৪২৯১৪.২১	১৭৯৩৯৮.০০	১৪৪৯৪১.৩০	১৯৪০৩৪.৮৮
৩। মূলধনখাতে আদায়	০.০০	০.০০	০.০০	০.০০
৪। ঋণখাতে আদায়				
(১) সরকারি ঋণ	৭৫৬৯৮.৬৯	৭৯৪৬৫.০০	৯৩৬৭৮.৫২	৯৯২৮১.৯২
(২) ঋণ	৬৬.৬৭	৫০৭.০০	১৬৫.৬১	১৩৯.৩১
৫। আপন্ন তহবিল ও গণ হিসাব থেকে আদায়	৬৬১৫৬০.২৩	৭৫৫৫৬৭.৭৩	৬৭৬৩৩৬.০৫	৭৩০৫২৪.৫৫
মোট	**৮৮০২৩৪.৩৫**	**১০১৪৯৩৫.৭৩**	**৯১৫১০১.৪০**	**১০২৩৯৭৭.৬৬**
ব্যয়				
৬। রাজস্বখাতে ব্যয়	১৬২৫৭৫.১২	১৭৯৩৯৮.০০	১৭৯২৮৬.৩২	২০৬০০৮.৪৩
৭। মূলধনখাতে ব্যয়	১৫৯৭০.৫২	৩১০৪৭.০০	১৪৫১৮.১১	৩১১৭৯.৭৮
৮। ঋণখাতে ব্যয়				
(১) সরকারি ঋণ	৪০৪১৩.০২	৪৪২৮৯.০০	৪৮৩২৭.৪৫	৬১০৪২.৬৪
(২) ঋণ	১২৬৬.৩০	৯৪৩.০০	৩৬৫২.৪৯	১৪৫৬.৯৬
৯। আপন্ন তহবিল ও গণ হিসাব থেকে ব্যয়	৬৬০০২৯.৪৭	৭৫৯২৬৬.৭৩	৬৬৯৩২০.০৩	৭২৪২৯৪.৮৫
১০। সমাপ্তি তহবিল	(-)২০.০৮	(-)৮০০	(-)৩.০০	(-)৫.০০
মোট	**৮৮০২৩৪.৩৫**	**১০১৪৯৩৫.৭৩**	**৯১৫১০১.৪০**	**১০২৩৯৭৭.৬৬**

(কোটি টাকার হিসাবে)

		প্রকৃত, ২০১৯-২০২০	বাজেট, ২০২০-২০২১	সংশোধিত, ২০২০-২০২১	বাজেট, ২০২১-২০২২
নীট ফল					
উদ্বৃত্ত (+) ঘাটতি (-)					
(ক)	রাজস্বখাতে	(-)১৯৬৬০.৯১	০.০০	(-)৩৪৩৪৫.০২	(-)১১৯৭৩.৫৫
(খ)	রাজস্বখাতের বাইরে	১৯৬৪৬.২৮	(-)৬.০০	৩৪৩৬২.১০	১১৯৭১.৫৫
(গ)	প্রারম্ভিক তহবিল বাদে নীট	(-)১৪.৬৩	(-)৬.০০	১৭.০৮	(-)২.০০
(ঘ)	প্রারম্ভিক তহবিল সহ নীট	(-)২০.০৮	(-)৮.০০	(-)৩.০০	(-)৫.০০
(ঙ)	নতুন প্রকল্প বাবদ ব্যয়/ অতিরিক্ত বরাদ্দ। অতিরিক্ত মহার্ঘভাতা				
	(১) রাজস্বখাতে	...	...	...	...
	(২) রাজস্বখাতের বাইরে	...	...	...	...
(চ)	পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী প্রাপ্য হইতে সংস্থান	...	...	...	...
(ছ)	রাজস্ব কর খাতে অতিরিক্ত সম্পদ সংগ্রহ	...	...	...	...
(জ)	কর মকুবের জন্য ঘাটতি	...	...	...	(-)৪৫.০০
(ঝ)	রাজস্বখাতে নীট ঘাটতি	(-)১৯৬৬০.৯১	০.০০	(-)৩৪৩৪৫.০২	(-)১২০১৮.৫৫
(ঞ)	নীট উদ্বৃত্ত/ঘাটতি	(-)২০.০৮	(-)৮,০০	(-)৩.০০	(-)৫০,০০

[4:50 – 5:00 p.m.]

Mr. Speaker : Thank you Hon'ble Chief Minister, Smt. Mamata Banerjee, for presenting the Budget before the House.

LAYING OF FISCAL POLICY STATEMENT

Medium-Term Fiscal Policy Statement and Fiscal Policy Strategy Statement of the Government of West Bengal

Smt. Mamata Banerjee : Sir, I beg to lay Medium-Term Fiscal Policy Statement and Fiscal Policy Strategy Statement of the Government of West Bengal.

Presentation of the Supplementary Estimates of the Government of West Bengal for the year 2020-2021

Smt. Mamata Banerjee : Sir, I beg to present the Supplementary Estimates of the Government of West Bengal for the year 2020-2021.

Mr. Speaker : Under Rule 212 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly 12.00 noon on Saturday, the 6th February, 2021 has been appointed as the latest time and date for receipt of notices of Motions for reduction of Supplementary Grants of Government of West Bengal for the year 2020-2021 by this Secretariat.

While giving notices of Motions for reduction of Demands, Members should mention specific grievances as briefly as possible and avoid lengthy statements.

Printed forms of notices of Cut Motions will be available from this Secretariat.

I once again thank the Hon'ble Chief Minister for presenting the Budget for the year 2021-2022 and I would expect that this will certainly benefit the people of West Bengal.

Adjournment

The House was then adjourned at 5-01 p.m. till 11-00 a.m., Saturday the 6th February, 2021 at the Assembly House, Kolkata - 700 001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Saturday, the 6th February, 2021 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 10 Ministers-in-Charge, 12 Ministers of State and 135 Members.

[11:00 – 11:10 a.m.]

OBITUARY REFERENCE

Mr. Speaker : Hon'ble Members, before taking up the business of the day, I rise to perform a melancholic duty to refer to the sad demise of Shri Nure Alam Chowdhury, former Minister, Government of West Bengal and former Acting Chief Justice of the High Court in Calcutta, who breathed his last on 31st January, 2021 in Kolkata following severe cardiac arrest. He was 78.

Born on 5th March, 1943 at Margram in Birbhum, Shri Nure Alam Chowdhury was educated at Rampurhut High School, Vidyasagar College, City College and University of Calcutta. As a brilliant student, he obtained his Barrister at Law Degree from Lincoln's Inn, London in United Kingdom. A man of outstanding personality, he earned an enviable reputation in his legal profession.

A strict disciplinarian, Shri Nure Alam Chowdhury served as Acting Chief Justice at High Court in Calcutta. He served also as the Chairman of the Appellate Authority for Industrial and Financial Reconstruction, Ministry of Finance, Government of India.

A man of sheer character, Shri Nure Alam Chowdhury was associated with the All India Trinamool Congress Party and played a key role in organizing the Party's activities successfully. Besides politics, he was associated with many social and philanthropic activities in his locality. He was instrumental in fostering solidarity and communal harmony amongst the common mass in

the State. For his simple lifestyle and amiable behavior he endeared himself very much to his close associates and party colleagues apart from people of all communities in the State.

An outspoken man, Shri Nure Alam Chowdhury was elected to the West Bengal Legislative Assembly in 2011 from Murarai, Birbhum Assembly constituency, as a candidate of All India Trinamul Congress. He held the portfolio of Minister-in charge, Department of Animal Resources Development, Government of West Bengal, during 2011 to 2016.

At the end sad demise of Shri Nure Alam Chowdhury, the State has lost an able administrator, a true protector, a true protector of Law and an ardent social worker.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage all the Hon'ble members stood in their seats and observed two minutes' silence as a mark of respect of the deceased)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

LAYING OF REPORT

Second Report of the Committee of Privileges (2018-2019, 2019-2020 and 2020-2021)

The Chairman (Shri Samir Chakraborty): Hon'ble Speaker, Sir, I beg to lay the Second Report of the Committee of Privileges (2018-2019, 2019-2020 and 2020-2021), West Bengal Legislative Assembly, presented to the Speaker on the 5th February, 2021.

LAYING OF REPORTS & ACCOUNTS

The Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Highway Development Corporation Limited for the year 2017-2018

Shri Subrata Mukherjee : Hon'ble Speaker, Sir, with your kind permission, I beg to lay the Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Highway Development Corporation Limited for the year 2017-2018.

The Audit Report on the Accounts of the West Bengal Scheduled Castes & Scheduled Tribes Development and Finance Corporation for the period from 01.04.2017 to 14.11.2017

Smt. Chandrima Bhattacharjee : Hon'ble Speaker, Sir, with your kind permission, I beg to lay the Audit Report on the Accounts of the West Bengal Scheduled Castes & Scheduled Tribes Development and Finance Corporation for the period from 01.04.2017 to 14.11.2017.

The Audit Report on the Accounts of the West Bengal Backward Classes Development and Finance Corporation for the period from 01.04.2017 to 14.11.2017

Smt. Chandrima Bhattacharjee : Hon'ble Speaker, Sir, with your kind permission, I beg to lay the Audit Report on the Accounts of the West Bengal Backward Classes Development and Finance Corporation for the period from 01.04.2017 to 14.11.2017.

The 45th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2018-2019

Shri Swapan Debnath : Hon'ble Speaker, Sir, I beg to lay the 45th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2018-2019.

LEGISLATION

The West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to introduce the West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021.

(Secretary read the title of the Bill.)

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021, be taken into consideration.

[11:10 – 11:20 a.m.]

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র মাননীয় Parliamentary affairs minister যে Goods and Service Tax (Amendment Bill) বিল মুভ করলেন সে সম্পর্কে বলার খুব একটা নেই, কেন না মাননীয় অর্থমন্ত্রী লিখেছেন যে, বিলটা আনা হয়েছে goods and service tax council যে recommendations-গুলো দিয়েছেন সেই recommendation-গুলোর বেসিসে। ভালো হতো যদি কাউন্সিল কি recommendations দিয়েছে সেটা আমাদের কাছে প্লেস্ করা হতো, একটা কপি যদি দেওয়া হতো সুবিধা হতো যে, হ্যাঁ, কাউন্সিল কি রিপোর্টটা দিয়েছে এবং তার বেসিসে আপনারা এখানে কি করলেন। কিন্তু আমাদের অতীত অভিজ্ঞতা বলে এই সরকারের সেই অভ্যাস নেই। আমরা দেখেছি হায়ার এডুকেশান বিলে একই ব্যাপারে seven member committee কি না কি রেকমেন্ডেশান্স করেছিলেন প্রাইভেট বিশ্ববিদ্যালয় করার জন্য। আমরা সিলেক্ট কমিটিতে মাথা কুটে মরেছি এই রিপোর্টটা দিন আমরা দেখি, কিন্তু আমরা পাই নি। যে কোন কারণেই হোক না কেন স্টেট গভর্নমেন্ট বোধ হয় মনে করেছে যে রিপোর্টটা প্লেস করলে সেটা মোটেই সুখের হবে না, তাই প্লেস করা হয় নি। আর একটার ক্ষেত্রে একই জিনিস ঘটেছে। আজকে এটার ক্ষেত্রেও আমি একই জিনিস দেখতে পাচ্ছি। অবশ্য যিনি মুভ করলেন মাননীয় পার্থ চ্যাটার্জী তাঁর কিছু করার নেই, এটা করার ছিল মেনলী ফিন্যান্স মিনিষ্টারের। তিনি এখানে নেই এবং তিনি এখন অসুস্থ এবং অসুস্থতার মধ্যেও যে তিনি এই কাজগুলো করছেন তার Responsibility তিনি পালন করে যাচ্ছেন। যাই হোক এখনতো কিছু করার নেই, জাস্ট আমি যা বললাম যে বিশেষ কিছুই বলার নেই। সেই কাউন্সিল যা বলেছেন সেগুলো এই amendment bill-টাতে তুলে ধরা হয়েছে। প্রথমত ডেফিনিশানে চেঞ্জ, এবং ডেফিনিশানে চেঞ্জটা আমরা দেখতে পাচ্ছি যে, ইতিমধ্যে আমাদের ভারতবর্ষে ইউনিয়ন টেরিটোরি, স্টেট্স ইত্যাদি পরিবর্তন ঘটেছে। ইতিমধ্যে Ladakh একটা Union territory হয়েছে, সুতরাং লিস্টের মধ্যে লাদাখের নাম এবং অন্যান্যগুলো আনতে হবে, তাই পুরো ডেফিনিশানটার মধ্যে ওগুলো এসে গেছে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী তিনি এখানে উল্লেখই করেছেন যে চেঞ্জটা তুলে ধরা হয়েছে। Goods and Service Tax Council রেকমেন্ডেশানস্ দিয়েছেন চেঞ্জের জন্য এবং সেই amendment এখানে দাবী করা হয়েছে mainly to provide relief and to remove major inconveniences caused to the tax payers specially small and medium enterprises. যদি তাই হয়ে থাকে এবং এই যে এখানে ওখানে just White washing করে দিয়ে আমরা যে পরিবর্তনগুলো নিয়ে আসছি, সেই পরিবর্তনের মাধ্যমে

যদি সত্যিই রিলিফ দেওয়া যায় particularly small and medium enterprises-কে এবং যে অসুবিধাগুলো inconveniences and incongruences, inconsistencies যেগুলো রয়েছে, সেগুলোকে যদি দূর করা যায় তাহলে অবশ্যই এটা আমরা ওয়েলকাম করবো এবং অবশ্যই বলবো GST Council যেখানে এতো রাজ্যের Hon-ble Finance Minister-রা রয়েছেন যাঁরা GST আইন করেছেন, যারা GST execute করছেন, যাঁরা অপারেট করছেন, সেই সমস্ত এক্সপার্ট রয়েছেন, সেই সমস্ত higher level officer-রা রয়েছেন, ...

তাঁরা মিলে এই recommendationগুলো করেছেন। কাজেই যদি না সেগুলো দেখতে পাই তাহলে প্রশ্ন তোলা আমার পক্ষে সম্ভব নয়, কারোর পক্ষেই সম্ভব নয়। সে প্রশ্ন আমরা তুলতেও যাচ্ছি না। যেটা বললাম Just এখানে ওখানে change করা এবং change-এর মাধ্যমে একটাই বলা হয়েছে যে, tax payersদের যত অসুবিধা আছে তা দূর করা হবে এবং tax payersদেরকে বিশেষ করে small and medium enterpriseকে relief দেওয়া হবে। এর চাইতে welcome recommendations, welcome changes হতে পারে না। আমি তাই এই নিয়ে বিশেষ কড়া কথা বলতে চাইও না আর বলার নেইও। আসলে Goods and Services Tax - আপনারাও জানেন এবং আমরাও জানি তড়িঘড়ি করে তাড়াহুড়ো করে যে ভাবে করা হল সেটা একেবারে পুরোপুরি pomp and grandeurসহ, সেটা দেখানোর জন্য Parliament-এ মধ্যরাত্রে এই Tax-এর Bill যে ভাবে চালু করানো হল সমস্যাটা সেখানেই রয়ে গেছে। আপনারা recommend করেছিলেন, চেয়েছিলেন, কংগ্রেসের তরফ থেকে এবং Left Front-এর তরফ থেকে আমরা চেয়েছিলাম সমস্ত বিষয়গুলো ভালোভাবে আলোচনা করা হোক, কেননা একটা নতুন জিনিস হতে যাচ্ছে। Claim করা হয়েছিল one nation one tax. One nation one tax এই ধরনের claim যদি করতে হয় তাহলে পুরো বিষয়টাকে ভালোভাবে দেখা দরকার। সেই ভালোভাবে দেখার ব্যাপারটা আমাদের BJP government করেন নি, কেননা ওদের তো সব শুধু দেখানো। আরো নতুন নতুন concept কি করে ঢোকানো যায় সেটিই হচ্ছে তাদের main উদ্দেশ্য। সাধারণ মানুষ, সাধারণ tax payers দের কি হল না হল সেটাতে তাদের কিছু যায় আসে না। সুতরাং এই কারণে তাঁরা যখন পুরোপুরি GST introduce করলেন তখন বলা যেতে পারে তাঁরা particularly steam roller চালিয়ে দিলেন। এই steam roller চালানোর পরে যে কঠিন অবস্থা হল তা সামাল দেওয়ার জন্য Council কে ব্যবস্থা নিতে হচ্ছে। আরও একটা ঘটনা ঘটেছে নিশ্চয়ই স্যার, আপনারা লক্ষ্য করেছেন যে, কেন্দ্রীয় সরকার আজকে চিৎকার করছে, কান্নাকাটি করছে। আমি বলি, 'স্বখাত সলিলে ডুবে মরি শ্যামা'। সেই 'স্বখাত সলিলটা' কি? এই Tax সাত তাড়াতাড়ি introduce করার জন্য কেন্দ্রীয় সরকার বললেন আমরা compensation দেব কিছু কিছু State কে। Compensation at the rate of 14 per cent - not a matter of joke. At the rate of 14 percent compensation মানে তাঁরা ধরে নিলেন ঐ সময় যে tax চালু ছিল সেটা commercial tax হোক, entertainment tax হোক বা transport-এ motor vehicles tax বিভিন্ন tax মিলে তো হয়েছে এটা; সেই ট্যাক্সগুলো ধরে নিয়েছেন তাঁরা কমপক্ষে

14 per cent-এর growth থাকবে। কিন্তু আমার Finance department-এ দীর্ঘ দিন কাজ করার অভিজ্ঞতার ফলে জানি এবং দেখেছি এই 14 percent growth খুব কম State-এ হয়। আমাদের State-এ তো overall 14 per cent growth সেই সময় হত না। এখনও 14 per cent growth হয় না। গত বছরও দেখেছি, তার আগের বছরও দেখেছি। Just GSTটাকে চালু করবার জন্য central government বলে দিল আমরা 14 per cent compensation দেব। আজকে কি অবস্থা? আজকে তাদেরকে চিৎকার চেঁচামেচি করতে হচ্ছে। আজকে সমস্ত স্টেট চিৎকার চেঁচামেচি করছে যে, তোমাদের যে compensation দেওয়ার কথা ছিল সেই compensation তোমরা এখন দিতে পারছ না। এই compensation দিতে পারছনা বলেই বহু relaxation তাদেরকে দিতে হচ্ছে।

এর পরেই আমাদের এসে যাবে Fiscal Responsibility and Budget Management Bill. সেখানে আমরা দেখব কি প্যাঁচেই না পড়েছে Government of India.

[11:20 – 11:30 a.m.]

এবং সেই প্যাঁচে পড়ে, সেই প্যাঁচ থেকে বেরিয়ে আসার জন্য Government of India এখন নানা ধরনের relaxation দিয়ে পুরো countryটাকে একেবারে শেষ করতে চলেছে। আজকে GDP-র growth যদি আমি দেখি আজকে আমাদের অন্যান্য indicator growth এর যেসব financial and economic indicator রয়েছে, সেগুলো যদি আমরা দেখি তাহলে আমরা দেখবো আমরা কোথায় তলানিতে চলে যাচ্ছি। আজকে একমাত্র ভরসা - যেটা ভারতবর্ষে একমাত্র ভরসা silver lining সেটা হচ্ছে কৃষি, কেননা, পাঞ্জাব, হরিয়াণা, তামিলনাড়ু, রাজস্থান, পশ্চিমবঙ্গ সব জায়গায় কৃষকরা একেবারে জানপ্রাণ দিয়ে খেটে মরছে আমাদের মাঠে। এবং জানপ্রাণ দিয়ে খেটে তারা productionটাকে চালিয়ে যাচ্ছে এবং আমরা যে pandemic দেখলাম, সেই pandemicএর মধ্যেও কিন্তু কৃষির productionটা বেড়েছে, কমে নি। এবং এই কৃষির production বাড়ার ফলে, যাঁরা আমাদের জন্য ভাত জোগাড় করেন, তাঁদের অক্লান্ত পরিশ্রমের ফলে, আজকে দেশটা তবু বেঁচে আছে। আর সেই কৃষকদের আমরা কীভাবে treat করছি ? সেই কৃষকদের আমরা treat করছি - আমাদের মাননীয় প্রধানমন্ত্রী treat করছেন কীভাবে সেটা আমরা দেখতেই পাচ্ছি। মজা হচ্ছে, এই তিনটি কৃষি Bill সেগুলোর মধ্যে যে deficiency রয়েছে, সেগুলোর মধ্যে যে short-comings রয়েছে, আপনাদের যদি মনে থাকে Associationগুলোর সঙ্গে Agriculture Ministry-র যে প্রথম মিটিং হয়েছিল, তাতেই তারা স্বীকার করেছিল, Yes, there are some provisions which are against the interest of the farmers. Against the interest of the farmers যদি provisions থাকে তাহলে best course ছিল যে, farmers যা চাইছেন তাই করা, সেগুলোকে repeal করা। আরো মজা সরকার বললেন, যে আইনগুলো দেড় বছর suspended রাখবো। আরে, দেড় বছর suspended মানে কি ? আপনারা স্বীকার করছেন, There are controversies, there are inconsistencies

এবং there are provisions which are against the interest of the farmers. কিন্তু তা সত্ত্বেও তাঁরা এই Farmers Bill, Farmers Act যেটা তড়িঘড়ি করে তাড়াহুড়ো করে এক রবিবারের দিনই Parliament চালিয়ে এই আইনগুলো পাশ করেছেন - আইনগুলোকে Actএ পরিণত করেছেন। সেগুলো তারা repeal করতে প্রস্তুত নন। আজকে কৃষকদের জন্য কি বিশাল কাঁটাতারের বেড়া লাগাচ্ছেন। অথচ লাদাখে কি অবস্থা, সেখানে আর চায়নাদের জন্য কাঁটাতার কেন কোনো তারই লাগাতে পারছেন না। কোনো ব্যবস্থাই করতে পারছেন না। আসলে এই কথাগুলো automatically আসে যখন আমরা দেখি যে, একটা সরকার কীভাবে দেশটাকে একেবারে শেষের দিকে নিয়ে যাচ্ছে। প্রচন্ড রকমের সর্বনাশের দিকে নিয়ে যাচ্ছে। আজকে তারই একটা নমুনা হচ্ছে এই GST। যে recommendationগুলো এসেছে আমাদের Council থেকে, তার ফলে বিভিন্ন relaxations - কোথাও composition করে নিয়ে তার কিছু সুবিধা নেওয়া হবে, কোথাও Commissioner, Joint Commissioner কোথায়, কি কাজ করবে সেগুলো করতে হচ্ছে । কিন্তু এই কাজগুলো ভেবেচিন্তে খুব ঠান্ডা মাথায়, তাঁরা করতে পারতেন। এগুলো কিছু করেন নি। কি আর করা যাবে - আমাদের দুর্ভাগ্য । এবং তার জন্যই অকারণ সময় নষ্ট করে, আমাদেরকে এই হাউসে আমাদের অনেককিছু গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করতে পারতাম, এটা আমি বলছি না এটা গুরুত্বপূর্ণ নয়, কিন্তু এটাকে গুরুত্বপূর্ণ বানানো হয়েছে তৈরি করা হয়েছে, যার কোনো justification ছিল না। কাজেই এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার। ধন্যবাদ।

Shri Idris Ali : I thank the Hon'ble Speaker to allow me to speak on the Bill No.3 of 2021 "The West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021 and I am grateful to my Chief Minister, Smt. Mamata Banerjee, for giving me this opportunity.

Supporting this Bill, I want to say that due to the pandemic and cyclone 'Amphan' which destroyed West Bengal, the State is already in acute financial stress. Under the leadership of Mamata Banerjee, Hon'ble Chief Minister, Government of West Bengal, her struggle and effort to control the Covid-19 in the State and thereafter the easing process of the lock down restrictions has made a major effect in the economic development of the State. The revenue is increasing as the economic activities are growing in the State as per her systematic plan.

Yes, we had no other choice except for borrowing option offered by the Centre to meet the shortfall in goods and services tax compensation, and facing acute resource constraints and consequent shortfall on their investment

expenditure further has asked the Centre to borrow the remaining shortfall arising out from the acute financial stress on the state's finances due to the Covid-19 pandemic and the 'Amphan' cyclone. But very slowly the GST collection of the State is getting stabilised because companies in the State have started making deferred payments.

'The West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021' is an amendment of certain clauses of the West Bengal Goods and Services Tax Act, 2017, to give relief to specially small and medium enterprises by removing major inconveniences of the taxpayers.

The Central Government has not informed about the compensation to states accruing on account of loss of revenue arising due to GST compensation from 2017 till now. Amendment in the Bill of the Section 140 of the existing Act, with effect from 1st July, 2017 is one of the best support to transitional arrangements for claiming benefit of unavailed input tax credit under the existing law wherein over lakhs of small and medium enterprises will get financial benefits.

When the GST compensation requirements of states are increasing at faster rates than the compensation cess collections, this Bill proposes to empower the jurisdictional tax authorities to extend the time period provided to file an application for revocation of cancellation of registration under GST and will help a great relief from heavy penalty.

Apart from the main help of the Bill is that on Act it will empower the Government to notify, re-categorise of services and supplies in respect of which tax invoice will issue and also to empower the state to make rules to provide for the form and manner in which a certificate of tax deduction at source shall be issued.

Our Hon'ble Chief Minister, Mamata Banerjee has severally asked the centre about the manner in which the states would be compensated if the debts collections are not sufficient to provide GST compensation to States, the Central Government have no suggestions therein.

During April-December 2020, the State Government has received only Rs.27,944 crore as tax evolution against Rs.37,905 crore due, a 26% shortfall.

Considering the present economic constraints and severe financial strain of the businessman, particularly of the small and medium enterprises, the State with its own power on the recommendations of the local council by notification can extend the time period to give great support to them for retrospective effect by inserting of the Section 168A, in view of "force majeure", means any case of calamity caused by nature or war or epidemic and thus spread of pandemic Covid-19.

This Bill is to harmonise the conditions for eligibility for opting to pay tax under composition scheme and to provide for voluntarily cancellation of GST registration under Sub-Section (3) of Section 25 of the existing said Act.

The Covid-19 pandemic is a global shock 'like no other', involving several disruptions to both supply and demand in an interconnected world economy. On the supply side, infections reduce labour supply and productivity, while lockdowns, business closures, post pandemic situation need to invest more in capital sector projects to boost the economy and keeping in view of the people of the state, this Bill has an amendment the time limit provided for removal of difficulties from existing three years to five years with effect from the date of commencement of the Act.

Furthermore, regarding transfer of business assets, in Schedule-ll in paragraph 4, is replaced and omitted with effect from 1st July, 2017 will be one of the highest relief for a business house facing financial hardship.

Finally supporting the Bill, ...

[11:30 – 11:40 a.m.]

অনারেব্‌ল স্পীকার স্যার, আমি শেষে একটা কথা বলতে চাই, গতকাল আমাদের একটা ঐতিহাসিক বাজেট পেশ করেছেন আমাদের অনারেব্‌ল চিফ মিনিস্টার মমতা ব্যানার্জী। আজকেও আমাদের অনারেব্‌ল এডুকেশান মিনিস্টার ডঃ পার্থ চ্যাটার্জী এই যে অ্যামেন্ডমেন্ট বিল পেশ করলেন আমি মনে করি এটাও একটা ছোট ইতিহাস হয়ে থাকবে।

শ্রী প্রদীপ কুমার সাহা : স্যার, বিল নং ৩, ২০২১ — দ্য ওয়েস্ট বেঙ্গল গুডস্‌ অ্যান্ড সার্ভিসেস্‌ ট্যাক্স (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২১, রাজ্য সরকার এই জি.এস.টি. বিলের ওপরে একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন। উদ্দেশ্যটা একটু আগে ইদ্রিশবাবু ব্যাখ্যা করেছেন খুব সুন্দরভাবে। আসলে রাজ্যটা তো আমাদের খাদের কিনারে চলে গেছে। ধার করতে করতে ধারালো অর্থমন্ত্রী

এমন একটা জায়গায় আমাদের রাজ্যটাকে নিয়ে গেছেন আমরা তো এত দিন ধরে শুধু বলতাম, আমাদের রাজ্যের ১ লক্ষ ৯৩ হাজার কোটি টাকা মাথার ওপরে ধার রেখে গেছে, কি করে চলব। কালকে যে ঐতিহাসিক বাজেট দিয়েছেন সেখানে পুঞ্জীভূত ধারের পরিমাণ হচ্ছে ৫,২৫,৮৬৭.৭৯ কোটি টাকা। কী অবস্থা হয়েছে এই সরকারের তা বুঝতেই পারছেন। জি.এস.টি. আদায় হচ্ছে বছরে ৩২,৯৮১.৯৮ কোটি টাকা। আসলে এই বিলটার তো মূল উদ্দেশ্য ওইটাই। কোথা থেকে কিছু নিয়ে আসতে পারব সেটাই তো লক্ষ্য।

এই যে, দেখুন না, দেখুন না। এই যে বলছেন, “in section 10, in sub-section (2), in clauses (b), (c) and (d), after the words “of goods”, the words “or services” shall be inserted” উদ্দেশ্যটা কী? এতক্ষণ ধরে কী সুন্দর বললেন ইদ্রিশ বাবু, বা আমাদের সুখবিলাস বাবুও বলতে গিয়ে বললেন যে আমাদের ছোটো ছোটো ব্যবসায়ীদের আমরা, আহা, উপকার করার জন্য। আমি বুঝে উঠতে পারলাম না। রাজ্য সরকার জি.এস.টি. কমাতে - চাপানো এইসব পারেন? জি.এস.টি. কাউন্সিলে সুপারিশ করতে পারেন। আজকে এইটা ব্যবস্থা করার মধ্যে দিয়ে উনি যেটা করেছেন সেটা হচ্ছে, আমাদের রাজ্যের যে পরিযায়ী শ্রমিকরা, স্যার, জানেন এটা, লেবার এ রাজ্য থেকে আর এক রাজ্যে যায়। লোক পাঠায়। এবার যাঁরা লেবার পাঠাচ্ছেন, তাঁদের ওপরেও জি.এস.টি. টা বসলো। এটাই হলো এই ব্যবহার চাবিকাঠি। এই যে বলেছেন, “or services”, এইখানটাই হচ্ছে, যারা লেবার পাঠায় তার ওপরেও নতুন করে এই ব্যবস্থাটা চাপানোর কাজ করলো আমাদের রাজ্য সরকার। এর পর, যাই হোক, এখন বললেন,আমাদের আর কী করার আছে। এতো জি.এস.টি. কাউন্সিলের ব্যাপার। তাহলে, জি.এস.টি. কাউন্সিলকে তো আপনি বলতে পারতেন যে আমাদের রাজ্যের ছোটো ব্যবসায়ীদের স্বার্থে কী কী ক্ষতি হচ্ছে। আমি জানি না, তার কিছু সুপারিশ করেছেন কিনা। এখানে এত সুন্দরভাবে বলছেন, তাদের রক্ষা করবো। তার পর এখানে দেখছি আমরা বলা আছে,যে— ঐ যে, ইন সেকশান ৩০, সাবসেকশান সেখানে বলা আছে এত দিন পর্যন্ত আর.সি. - এর ক্ষেত্রে একটা 30 Days পর্যন্ত হচ্ছে ,তারা একটা সুযোগ পেতো। যে ৩০ দিন, তাকে আবার নতুন করে যদি সে, সার্টিফিকেটের কোনো কিছু অসুবিধে ছিলো, সুবিধা দিতো এবং সেটা ছিলো সিনিয়ার জয়েন্ট কমিশনারের হাতে। স্যার, আমাকে দু একজন যাঁরা এইরকম কাজকর্মের সাথে যুক্ত আছেন তাঁরা বার বার বলছেন, যে এটা সাফিসিয়েন্ট টাইম নয়। রাজ্য সরকার ৩০ দিন করছেন আরও, তাদের মত হচ্ছে এটা আরও 60 ডেজ না করলে তাদের এই সমস্ত কাজ কারবার করতে গিয়ে দারুণভাবে অসুবিধে হচ্ছে। এবং রাজ্য সরকারও নাকি তার ফলে জি.এস.টি. আদায়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমি বলছি, এটা, এই টাইমটা যদি একটু বাড়ানো যায়। 60 Days করা যায়, বোধ হয় এটা আরও একটু ভাল হবে বলে মনে হচ্ছে, ঐ বিষয়টা। এর পর এই বিলে, যেটা প্রভিশান থাকা দরকার ছিলো বলে আমি মনে করি, তা হচ্ছে— প্রত্যেক ব্যবসায়ী যে রিটার্ন দাখিল করেন, দেখবেন তার কোনো সংশোধনের সুযোগ জি.এস.টি. কাউন্সিল দেয় নি। আমি জানি না, আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে জি.এস.টি, কাউন্সিলে এটার সংশোধনের যে সুযোগ থাকার দরকার তার

জন্য কোনো কথাবার্তা বলা হয়েছে কিনা কারণ, এটা যারা করে, ধরুন মানুষই করে, যন্ত্র তো করে না। তাহলে ভুল থাকতে পারে। এই ভুলভ্রান্তি দূর করার জন্য আমার মনে হয় জি.এস.টি. কাউন্সিলে রাজ্য সরকারের পক্ষ থেকে অ্যাপিল করা উচিত যে, এই রকম ভুলভ্রান্তি আবার দূর করার জন্য তাদের সুযোগ দেওয়ার দরকার। এখন এ বিষয়ে তো আলোচনা চলছে। আমি, খুব বিস্তারিত আর না গিয়ে কয়েকটি কথা একটু তুলতে চাই। ধরুন, আজকে আমাদের দেশে কেন্দ্রীয় সরকারের কল্যাণে আমরা দেখলাম পেট্রোল সেঞ্চুরি করতে চলেছে। কেউ কেউ আবার মজা করে বলছে, যে এই তো মানে যাক— আমাদের ভাগ্য ভাল পেট্রোল এখনো ১০০ টাকা হয় নি। এ কথা বলছেন। আমরা লক্ষ্য করেছি, আমাদের দেশের সরকার সবকিছুতে জি.এস.টি. চাপাচ্ছেন কয়েকটি বিষয় ছাড়া। আমরা দাবী করছি, কেন, এইরকম পেট্রোলজাত দ্রব্যতে জি.এস.টি. চাপবে না। আজকে দেখেছেন আপনারা, কেন্দ্রীয় সরকার যে ট্যাক্সটা নিচ্ছে ,কত ? ৩১ টাকার ওপরে তার ট্যাক্স। আর রাজ্য সরকারের কত? ১৬ টাকা কত পয়সা এইরকম আছে বোধ হয়। আমাদের বক্তব্য হচ্ছে, এটাতে যদি জি.এস.টি. চাপে তাহলে রাজ্য সরকারেরও লাভ হবে। তাহলে রাজ্য সরকার পেট্রোল ডিজেলের ওপর জি.এস.টি. চাপাবার জন্য কেন আবেদন করবে না। তাতে জিনিসপত্রের দামটা আরও কমতো। গোটা পৃথিবী জুড়ে এইরকম কথা চালু আছে ভারতের মতো কমপ্লিকেটেড জি.এস.টি. কোথাও চালু নেই।

[11:40 – 11:50 a.m.]

যার বিভিন্ন ধাপ এবং এই রকম আছে। বিভিন্ন দেশে পেট্রোলজাত দ্রব্যের উপর জি.এস.টি. চালু আছে, আমাদের দেশের কেন্দ্রীয় সরকার যেটা রাখে নি, সেটা আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে করা উচিত। ভাবতে পারেন এম.এল.এ. ল্যাভ যেটা আমরা বি.ই.ইউ.পি. স্কিম বলি— ক'টাকা আছে ? ৬০ লক্ষ টাকা একটা বি.ই.ইউ.পি. স্কিম। তার উপরে জি.এস.টি. বসবে, কাজটা কমপ্লিট করা যায়। তাহলে কেন রাজ্য সরকার এই বিষয়টার উপরে ভাববে না। আমাদের দেশে কেন্দ্রীয় সরকার মাস্ক, স্যানিটাইজেশানের উপরে জি.এস.টি. বসাচ্ছে। আজকে এই রকম একটা সময়ের উপরে দাঁড়িয়ে মাস্কের উপর, স্যানিটাইজেশানের উপরে জি.এস.টি. থাকা উচিত? তাহলে কেন আমাদের রাজ্য থেকে এই প্রস্তাব পাঠাব না, যে মাস্কের উপর স্যানিটাইজেশানের উপরে, ঔষধের উপর জি.এস.টি. থাকা যাবে না, এখানে শূন্য জি.এস.টি. করতে হবে। সর্বোপরি এই কথা বলতে চাই, যে আমাদের রাজ্যটা তো— একটু আগে বলছিলাম যে দেউলিয়া হয়ে গেছে, দেনার দায় দায়ে শেষ জায়গায় নিয়ে চলে গেছেন। যাই হোক এখন এই জি.এস.টি.-ফি.এস.টি. এইসব নিয়ে বাঁচতে পারবেন কিনা জানি না, যাই হোক ২১শে তো আর বাঁচানো যাবে না, যার যা আছে শেষ কাজ করুন, ধন্যবাদ।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, 'দি ওয়েস্ট বেঙ্গল গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২১ প্রসঙ্গ সুখবিলাসবাবু, ইদ্রিশবাবু এবং প্রদীপবাবু তাঁরা বক্তব্য পেশ করেছেন। এটা মাননীয় অর্থমন্ত্রীর আনীত এই প্রস্তাব, যা তাঁর বিধানসভায় শারীরিক

কারণে অনুপস্থিতির জন্য পরিষদীয় মন্ত্রী হিসাবে আমার ঘাড়ে পড়ছে, সুতরাং আমার মন্ত্রীসভার তরফ থেকে সবার তরফ থেকে এই প্রসঙ্গে তিন জনের বক্তব্যের পর আমি কতগুলো প্রসঙ্গ আপনাদেরকে জানাতে চাই। প্রদীপবাবু বিশেষ করে যে আশঙ্কা এবং ক্ষোভ প্রকাশ করেছেন যে পরিযায়ী শ্রমিকদের সম্পর্কে এই ধারণটা ঠিক নয়। বরং compensation act-এ লেবারদের কোন ক্ষতি হবে না, অথচ অন্যদের যারা এই ব্যবস্থার সঙ্গে যুক্ত তাঁরা লাভবান হবেন। সুতরাং পরিযায়ী শ্রমিক নিয়ে মিছিলের মতন করে সব জায়গায় পরিযায়ী শ্রমিক, সব জায়গায় সরকারের ব্যর্থতা না খুঁজে এই বিলটির প্রভুতশীলতা আপনাদের দেখা দরকার। আর যেটা ৩০ দিনের কথা বলছেন, সেক্ষেত্রে দেখুন ৯০ দিনের পর্যন্ত ব্যবস্থা আছে। সেখানে আপনার সংখ্যাটা অমূলক, অবাস্তবোচিত। কেন আমাদের এই বিল আনতে হল ? আমাদের দেশে পণ্য পরিষেবা কর চালু করার উদ্দেশ্যে ১০১ সংবিধান ধারাকে সংশোধীত করা হয় এবং এর জন্য প্রয়োজনীয় রীতি কেন্দ্র ও রাজ্য উভয়ের সহযোগিতায় গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স কাউন্সিল গঠন করা হয়। মূল বিষয়টার উপর সুখবিলাসবাবু বলেছেন, আমাদের এই অ্যামেন্ডমেন্টটা আনতে হয়েছে, তার মূল কারণটাই জি.এস.টি. কাউন্সিলের নেওয়া যে সিদ্ধান্ত আমাদের রাজ্যের মধ্যে জিনিসপত্র পরিষেবা কেনাবেচার উপর ১লা জুলাই, ২০১৭ থেকে ওয়েস্ট বেঙ্গল গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স, ২০১৭ এবং সেন্ট্রাল গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স, ২০১৭ বলবৎ করবার প্রয়োজন অনুসারে এই আইন দুটিতে বেশ কিছু পরিবর্তন ইতিমধ্যেই করা হয়েছে । বিগত ৮ই ডিসেম্বর ২০১৯ -এ ৩৮ তম জি.এস.টি. কাউন্সিলের এই আইনে কিছু পরিবর্তনের প্রয়োজন অনুভূত হয়েছে, এবং সেই অনুসারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আমরা সবাই জানি কোভিডের এই উদ্ভূত পরিস্থিতির কারণে আরও বেশ কিছু ব্যবস্থার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকার এই সংক্রান্ত সেন্ট্রাল জি.এস.টি. আইনে ইতিমধ্যেই পরিবর্তন এনেছেন। কেন্দ্রীয় ফিনান্স অ্যাক্ট, ২০২০ এবং পরবর্তী সময় সেপ্টেম্বর ২০২০-তে taxation and other laws, Relaxation and Amendment of Certain Provision of the Act, 2020 -র মাধ্যমে পরিবর্তন করেছে। এরপর দেশের অনেক রাজ্যেই কিন্তু জি.এস.টি. আইনে একই রকম পরিবর্তন করা হয়েছে। এই পরিপ্রেক্ষিতে আমাদের রাজ্যে জি.এস.টি. আইনটিতেও অর্থাৎ West Bengal Goods and Services Tax, 2017 অনুরূপ পরিবর্তন করবার প্রয়োজন হয়, তাই বিধানসভায় এই West Bangal Goods and Services Tax Bill, 2020 আনা হয়েছে। অনেকে এই পরিবর্তন নিয়ে বক্তব্য পেশ করেছেন। সুখবিলাসবাবু একটু আগেই বললেন। আমাদের অন্যতম কারণ হচ্ছে করদাতাদের জি.এস.টি. return জমা, অনুরূপ ক্ষেত্রে নিয়মে simplification বা সরলীকরণ করা হয়েছে এবং সুবিধা প্রদান করা হয়েছে । এই কর ব্যবস্থার মধ্যে কিছু অসঙ্গতি ছিল যা দূর করা, যাতে বস্তুত ছোট এবং মাঝারি ব্যবসায়ীদের সুবিধা হয় অর্থাৎ লক্ষ্য হচ্ছে ছোট ও মাঝারি ব্যবসায়ীর সঙ্গে যুক্ত ব্যবসায়ীদের সুবিধা দেওয়া এবং এই ব্যবস্থার সরলীকরণ করা এবং সুবিধা প্রদান করা। এ ছাড়া আরও একটি জিনিস আমাদের এই ব্যবস্থার মধ্যে আছে। যাতে কর ফাঁকি ব্যবস্থার বিরুদ্ধেও কিছু কিছু ব্যবস্থার কথা এই বিলে সংশোধিত প্রস্তাব আকারে আনা হয়েছে। সুতরাং আমি আশা

করব রাজ্যের সার্বিক উন্নয়নে রাজ্যের ক্ষুদ্র ব্যবসায়ীদের স্বার্থে, মাঝারি ব্যবসায়ীদের স্বার্থে এবং সেন্ট্রাল জি.এস.টি. কাউন্সিলের সিদ্ধান্ত অনুসারে আমাদের এই পরিবর্তনগুলো বিধানসভায় আনা উচিত, যাতে তা কার্যকরী করা যায়। আমি সকলকে অনুরোধ করব একে সমর্থন জানাবার জন্য।

Mr. Speaker : The Question before the House is that the West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021 be taken into consideration.

As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 2

Mr. Speaker : There is no amendment to Clause 2.

The Question before the House is Clause 2 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : The question before the House is that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021 as settled in the Assembly, be passed.

Mr. Speaker : Now the question before the House is that the West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021 as Settled in the Assembly, be Passed.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

The West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021 is Passed.
The West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021 is Passed.

[11:50 a.m. – 12:00 Noon]

The West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2021

Dr. Partha Chatterjee : Hon-ble Speaker Sir, I beg to introduce the West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2021.

(Secretary then read the title of the Bill)

Dr. Partha Chatterjee : Hon-ble Speaker, Sir, I beg to move that the West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2021 be taken into consideration.

Dr. Sukhbilas Barma : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পার্লামেন্টারি অ্যাফেয়ার্স মিনিস্টার একটু আগে, যে বিলটা এখানে মুভ করলেন সেই বিল নিয়ে কয়েকটি কথা। ঠিক একই রিঅ্যাকশান যে, এটাতেও আমাদের বলার তেমন কিছু নেই কেননা, সেই একই অবস্থা! সেন্ট্রাল গভর্নমেন্ট এবং স্টেট গভর্নমেন্ট মিলে যে অবস্থার সৃষ্টি করেছে সারা দেশে— সেন্ট্রাল গভর্নমেন্ট সারা দেশে এবং স্টেট গভর্নমেন্ট আমাদের পশ্চিমবঙ্গে, সেই অবস্থার consequences এবং সেই consequences এসে যাচ্ছে আমাদের Fiscal Responsibility and Budget Management Amendment Bill-এ। Fiscal Responsibility and Budget Management Act-টা চালু হয়েছে আমাদের সারা দেশে কিসের জন্য ? To impose discipline on the respective state governments by the state government, on the Central Government by the Central Government যে, একটা fiscal discipline আমরা মেনে চলবো। 7th, 8th Finance Commission, বিশেষ করে এটার ওপরে গুরুত্ব দিয়েছিলেন 9th Finance Commission, এটাকে আরও বেশি করে গুরুত্ব দিয়েছিলেন। লাগাম ছাড়া হয়ে যাচ্ছে, expenditure— লাগাম ছাড়া হয়ে যাচ্ছে লোন নেওয়ার ব্যাপারটা বিভিন্ন state গভর্নমেন্টে। সুতরাং, Finance Commission থেকে বলা হয়েছিল যে, এই আইনটা pass করা হোক এবং এইটা প্রত্যেক রাজ্য সরকার মেনে চলুক। আমরা জানি যে, প্রথম দিকে আমাদের রাজ্য সরকার এটাকে মানেন নি। In fact সমস্ত state government এই আইন চালু করেছিলেন

except West Bengal and Sikkim এবং এর জন্য West Bengal suffer-ও করেছে। এর আগে আমি অনেকবার বলেছি, প্রায় আড়াই হাজার, তিন হাজার কোটি টাকা West Bengal Government loose করেছে in terms of loan repayment, in terms of loan-টাকে re-shielding করা— এই সব নিয়ে হয়েছে। যাই হোক, ২০১০ সালে তৎকালীন Left Front Government এটা বুঝতে পেরে এই Fiscal Responsibility and Budget Management আইনটা পাশ করেছিলেন। কr ছিল তাতে, স্যার? তাতে ছিল অনেকগুলো ইস্যু। তাতে ছিল কতগুলো self-imposed discipline যেটাকে আমরা আগে বললাম। সেই self-imposed discipline-গুলো হচ্ছে যে, আমাদের revenue deficit এতো হবে, আমাদের fiscal deficit এতো হবে, আমরা আস্তে আস্তে এগুলোকে iron out করে দেব যাতে আমরা খুব ভালো অবস্থার মধ্যে যাই। Fiscal responsibility আমাদের থাকবে এবং সেই responsibility will be reflected through our budget management. এই জন্য Bill-টার নাম হয়েছে, আইনটার নাম হয়েছে Fiscal Responsibility and Budget Management. তাতে ছিল, বিশেষ করে গুরুত্ব দেওয়া হয়েছিল debt stock-এর ওপরে। debt stock মানে outstanding liabilities.

লোনের যে outstanding liability, যেটা নিয়ে এখন আমরা প্রায়ই চিৎকার-চেঁচামেচি করি, আপনারা শোনেন না, এক কান দিয়ে শুনে অন্য কান দিয়ে বের করে দেন। কী অবস্থা outstanding liability-র এই রাজ্যে সেটাই বলা হয়েছে। Dead stock, maximum dead stock as percentum of Gross Domestic Product, GSDP-র percentum হিসাবে ২০১০-১১তে হবে 40.6, ২০১১-১২তে হবে 39.1, ২০১২-১৩তে হবে 37.7, ২০১৩-১৪তে হবে 35.9, ২০১৪-১৫তে হবে 34.3. এমনি করে আস্তে আস্তে কমবে। এই যে discipline আমাদের ওপর তার মাধ্যমে এটা কমবে। তার পরে বলা হচ্ছে, revenue deficit-টা কোন জায়গায় নামাতে হবে। বলা হয়েছে ২০১০-১১তে হবে 3.6, ২০১১-১২তে হবে 1.6, নেমে যাবে। ২০১২-১৩তে 1.1, ২০১৩-১৪তে 0.5. ২০১৪-১৫তে iron out হয়ে গিয়ে জিরো হবে। স্বভাবতঃই এর ইফেক্ট পড়বে fiscal deficit-এর ওপর। Fiscal deficit কত হবে? Fiscal deficit-কে আমরা '১৪-'১৫তে ৩ পার্সেন্টের দিকে নিয়ে আসবো ; 3%-এ আনতে হবে আমাদের। '১০ '১১তে 3.5, '১১-'১২তে 3.5, '১২-'১৩তে 3.5, '১৩-'১৪তে 3, '১৪-'১৫তে 3. অর্থাৎ, '১৩-'১৪র মধ্যেই বিভিন্ন Finance Commission যে কথাগুলো বলেছিলেন, যে এটাকে 3%-এ নিয়ে আসতে হবে। সেই 3%-এ নিয়ে আসার জন্য এই রেসপন্সিবিলিটি, Fiscal Responsibility and Budget Management বিলটাকে আনা হয়েছিল যে আমরা নিজেরাই এই কাজটি করবো। কী করে করবো সেটাও আমাদের Section 5 measures for fiscal transparency-তে বলা আছে। বলা আছে এর জন্য একটা Public Expenditure Review Committee করতে হবে। State Government নিজেই কমিট করবে। কিন্তু আজ পর্যন্ত তেমন কমিটি আমি জানি না আছে কিনা। আমি তো শুনি নি কখনও। এই Public Expenditure Review Committee-তে মাননীয় চিফ মিনিস্টার, মাননীয় ফিন্যান্স মিনিস্টার

এবং আমাদের Opposition Leader— এই তিনজনের থাকার কথা। আমি কোনদিন শুনি নি এই ধরনের Review Committee-র meeting হয়েছে। আমি কোনদিন শুনিনি, হয়তো ভুল করেছি, হয়তো মিস করেছি, আমি কোনদিন শুনি নি এই ধরনের মিটিং এই এই ডিসিশান হয়েছে। কোনদিন শুনি নি, আমি জানি না। এটা নিশ্চয়ই মাননীয় মন্ত্রী বলতে পারবেন। যদি ভুল হয়ে থাকে নিশ্চয়ই বলবেন, হ্যাঁ এটা হয়েছে, এবং এর নিট ফল কী হয়েছে তা যদি বলেন ভালো হবে। এই যে Public Expenditure Review Committee করা হয়েছে। এর প্রধান কারণই হচ্ছে যে self-discipline State Government নিজের ওপর করলো সেই self-discipline-টা implement করার জন্য কী কী ব্যবস্থা এখানে নেওয়া হয়েছে। এবং তাতে Opposition Leader কে involve করা হয়েছে তিনিও যাতে তাঁর বক্তব্য রাখতে পারেন, অর্থাৎ হাউজে যেভাবে চলে Opposition and Government, দু'পক্ষই একসঙ্গে মিলে ভালো কিছু করা যায়। কিন্তু এক্ষেত্রে পশ্চিমবঙ্গে এটা হয়েছে বলে আমি কোনদিন শুনি নি, কোন proceedings-এর কথাও আমি জানি না। যদি হয়ে থাকে মাননীয় মন্ত্রীকে বলতে বলবো এবং তার একটা দুটো মিটিং-এর proceedings যদি পাওয়া যায় তাহলে আমরা একটু সমৃদ্ধ হব যে হ্যাঁ এই জিনিসটা হয়েছে। স্যার, আজকে যে main পরিপ্রেক্ষিতটা আমি বললাম, আজকে যে মেন কাজ সেটা হল, আমি এর আগে যে G.S.T. বিলে আলোচনা করার সময় বলেছিলাম, hints দিয়েছিলাম এবং এখন বলা যেতে পারে এখন আমি তারই hints নিয়ে চলছি। আজকের main কাজ হল আমাদের loan নেওয়ার ক্ষমতাটাকে আমরা 3 % থেকে 5% করেছি। এর আগে বলেছিলাম 3 %-এ আমরা disciplinটা রাখবো।

[12:00 Noon – 12:10 p.m.]

আমাদের revenue deficit এর ক্ষেত্রেও fudging করে বার বার করে দেখানো হয়েছে। আমি বাজেট আলোচনার সময় সেটা বলবো যে কি অবস্থাটা হয়েছে। অ্যাকচুয়াল অবস্থাটা কী আর এখানে বাজেট পেশ করার সময় কী দেখানো হয় সেগুলো বলবো। কিন্তু সে যাই হোক না কেন false figure হোক actual figure হোক এটা ঠিক যে আমরা থ্রি পার্সেন্ট দেখিয়ে যাচ্ছি। এখন সেন্ট্রাল গভর্নমেন্টের থেকে এই যে impose করা হয়েছে discipline এবং এটাকে মনিটর করে সেন্ট্রাল গভর্নমেন্ট। সেন্ট্রাল গভর্ণমেন্ট মনিটর করার সময় দেখে যে আমরা থ্রি পার্সেন্টের লিমিট ক্রস করলাম কিনা? আর এবারে সেন্ট্রাল গভর্নমেন্ট নিজস্ব অপারগতার জন্য তারা জি.এস.টি.র যে compensation দেওয়ার কথা সেটা দিতে পারছে না। জি.এস.টি.র কালেকশানে যে শেয়ারটা গভর্ণমেন্ট অব ওয়েস্ট বেঙ্গলের পাওয়ার কথা সেই শেয়ার তারা দিতে পারছে না। এবং আরো যে অবস্থার সৃষ্টি হয়েছে এই সারা দেশে pandemic নিয়ে, এই pandemic এটা অবশ্যই natural phenomena, কিন্তু সেই natural phenomena-কে আমরা কতভাবে খারাপের দিকে নিয়ে গিয়েছি, বাজে ম্যানেজমেন্টের মাধ্যমে করেছি সেটা আমরা অনেক সময়ই আলোচনা করেছি, দরকার হলে পরে আলোচনা করবো। কিন্তু সেই pandemic-এ জড়িত এবং গভর্নমেন্ট অব ইন্ডিয়ার জি.এস.টি.র শেয়ার দেওয়া, জি.এস.টি.র

compensation দেওয়া ইত্যাদি সব কারণে তাদের failure টাকে তারা স্বীকার করে নিচ্ছেন। এবং failure টাকে স্বীকার করে নিয়ে তাঁরা বলছেন তোমরা অলরেডি ঋণে জর্জরিত হয়ে আছো, তোমরা ইচ্ছা করলে আরো ঋণ নিতে পার। একদিন তোমাদের ঋণ নেওয়ার ব্যাপারে আমরা কতকগুলো বাধ্যবাধকতা রেখেছিলাম, সেই বাধ্যবাধকতা আমরা relax করছি। কী relax করছি? সেই বাধ্যবাধকতা relax করে এখন এই যে থ্রি পার্সেন্ট জি.এস.ডি.পি.-র মধ্যে যে লোন অ্যামাউন্টটাকে রাখার কথা সেই লোনের অ্যামাউন্টটাকে 5 পার্সেন্ট করা হল। সেন্ট্রাল গভর্নমেন্টের এই অনুমতি পেয়ে স্বভাবতই স্টেট গভর্নমেন্ট ধেই ধেই করে নাচত। এর চাইতে তো ভাল সুযোগ নেই। যা ইচ্ছে তাই করে যাও। শেষ করে দাও পশ্চিমবঙ্গের অর্থনীতিকে কেননা এর পরে আসবে কি আসবে না তার তো কোন ঠিক নেই। সামনে ইলেকশান, সুতরাং সেই ইলেকশানে ফিরে আসবে কি আসবে না, যদিও অবস্থা দেখে বোঝা যায় আসা খুব ক্ষীণ। কাজেই সেই অবস্থার মধ্যে .....(গোলমাল).....আপনিও স্টাডি করেন, আমিও স্টাডি করি, ছেড়ে দিন.... সেই ক্ষীণ হোক বা দুর্বল হোক বা খুবই ভাল ধরে নিলাম। খুবই ভাল ধরে নিয়েও যদি আসা যায় লোন চালিয়ে যাও, তার reflection কিন্তু আমরা ওই বাজেট আলোচনার সময় আমি আসব। তার reflection হয়েছে বাজেটে, যা ইচ্ছে তাই কর। এই যে আনন্দের খবর এটাকে থ্রি পার্সেন্ট থেকে ফাইভ পার্সেন্ট করা যায় সেই relaxation এর permission পেয়ে স্টেট গভর্নমেন্ট স্বভাবতই Fiscal Responsibility & Budget Management (Amendment) Bill, 2021 এনেছেন। এই স্টেট গভর্নমেন্টের limit to the outstanding loan সেটাকে বাড়ানো, dead stock টাকে বাড়ানোর যে লিমিট সেটা থ্রি পার্সেন্ট থেকে ফাইভ পার্সেন্ট করার জন্য এই বিল আনা হয়েছে। কাজেই এর বেশি কিছু বলার আর নেই, আমি এইটুকু কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

শ্রী গৌরীশঙ্কর দত্ত : মাননীয় স্পীকার স্যার, The West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill,2021. তার সমর্থনে কয়েকটি কথা বলছি। বিলটির মূল প্রতিপাদ্য হচ্ছে সরকার এই মুহূর্তে অতিমারী পরিস্থিতি, দেশের অর্থনৈতিক মন্দা, দুনিয়া জুড়ে যে অর্থনৈতিক সংঙ্কট তার মধ্যে এই আপৎকালীন পরিস্থিতিতে রাজ্য সরকার তার যে ...limit ঋণ নেওয়ার তার থেকে ২% বাড়াতে পারবে, ৫% পর্যন্ত করতে পারবে। এই FRBM Act যখন তৈরি হয় তার মূল বিষয়টা ছিল, তার প্রতিপাদ্য ছিল prudent fiscal management and fiscal stability by progressive elimination of revenue deficit. তিন, reduction of fiscal deficit. তিন, prudent debt management. আমরা যদি দেখি প্রথম জায়গাটাতে যেটার লক্ষ্যে এটা করা হচ্ছে G.S.D.P.-র fiscal deficit তাকে ৫% ২০-২১ সালে করার লক্ষ। এটা যখন করা হয়েছিল, যখন আইনটি চালু হয়েছিল তখন বামফ্রন্ট সরকারের বিদায়ের সময় G.S.D.P.-র মধ্যে fiscal deficit - এর পার্সেন্টেজ শেয়ার ছিল ৪.২৪% অর্থাৎ যেটা নিয়ে এনারা চমকে চমকে উঠছেন সেই ৫% চেয়ে ১% -র বোধহয় কম— ৪.২৪% সেটাকে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার ২০১৯-২০-তে ২.৯৪% নামিয়ে

এনেছিল অর্থাৎ বিলের যে প্রাথমিক লক্ষ্য সেই জায়গাটাতে কিন্তু একটা সাফল্য সূচিত হয়েছিল। এবার যদি আমরা পরপর দেখি progressive elimination of revenue deficit . যদি এই কথা বলা যায় fiscal deficit - এর মধ্যে revenue deficit - এর যে শতাংশ ছিল, যে অংশ ছিল বুদ্ধদেববাবুর চলে যাওয়ার সময় ২০১০-১১ সালে revenue deficit, fiscal deficit - এর শতাংশ অনুযায়ী ছিল ৮৮.৪৩% সেটাকে আমাদের সরকার ২০১৯-২০-তে নামিয়ে আনতে পেরেছিলেন ৫৩.৩৮%। এবার আমাদের টোটাল যে নিজস্ব আয়, total revenue receipt তার মধ্যে revenue deficit এর percentage ছিল ২০১০-১১ সালে ছিল ৩৬.৫৫%, সেটাকে নামিয়ে আনা সম্ভব হয়েছিল ১৩.৭৬%। G.S.D.P.-র মধ্যে revenue deficit এর অংশ ছিল ২০১০-১১ সালে ৩.৭৫%, সেটাকে নামানো গিয়েছিল ১.৫৭% অর্থাৎ একটা জায়গায় কিন্তু বার বার প্রমাণিত হচ্ছে আইনটির যে মূল লক্ষ্য progressive elimination of revenue deficit সেটা করতে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার অত্যন্ত ইতিবাচকভাবে সক্ষম হয়েছিল। এবার যদি আমরা দেখি debt management এর কথা - চার্বাকের দর্শন অনুযায়ী ঋণং কৃত্যা, ঘৃতং পিবেৎ হয় নি।

[12:10 – 12:20 p.m.]

একটা জায়গায় দেখা যাক, যাঁরা বলছিলেন, যে কারণে এই আইনের উৎপত্তি সেদিন হয়েছিল, সুখবিলাসবাবু তাঁর বক্তব্য বলেছেন, উনি প্রাজ্ঞ মানুষ, একটা জায়গায় স্বীকারও করে ফেলেছিলেন যে সরকারকে বাধ্য হয়ে ২০১০ এর দিকে এই আইনটা আনতে হয়েছিল। কেন? ২০১০-১১ তে বাংলার টোটাল GSDP এর মধ্যে বামফ্রন্ট সরকারের ঋণের পরিমাণ ছিল ৪০.৬৫ শতাংশ যেটাকে আমাদের সরকার নামিয়ে আনতে পেরেছিল ৩৪.৫৭%। আবার একই সাথে আমরা আমাদের আয় যেটা বাড়াতে পেরেছি স্টেটের ওন ট্যাক্স রেভিনিউ ২০১০-১১ তে বামফ্রন্ট সরকারের শেষ বছরে ২১ হাজার ১২৮কোটি ৭৪ লক্ষ টাকা ছিল। সেটা তিনগুণ বৃদ্ধি পেয়ে ২০১৯-২০ তে দাঁড়িয়েছে ৬০ হাজার ৬৬৯ কোটি ৩৭ লক্ষে। আমাদের ক্যাপিটাল, মূলধনী ব্যয় বৃদ্ধি পেয়েছে, ২০১০-১১ তে ছিল ২৬৩৩ কোটি ৪৮ লক্ষ টাকা। সেটা সাতগুণ প্রায় বেড়ে ২০১৯-২০ তে দাঁড়িয়েছে ১৭ হাজার ২৩৬ কোটি ৮৩ লক্ষ টাকা। টোটাল এক্সপেন্ডিচারের মধ্যে ক্যাপিটাল এক্সপেন্ডিচার, মূলধনী খাতে ব্যয় আমাদের বেড়েছে। ২০১০-১১ তে ছিল ৩.৬১ শতাংশ, টোটাল এক্সপেন্ডিচারের মধ্যে ক্যাপিটাল এক্সপেন্ডিচারের শতাংশ সেটা বেড়েছে ২০১৯-২০ তে ১২.৫০%। কৃষি এবং তার সমস্ত সহায়ক যে সেক্টর তাতে ২০১০-১১ তে খরচ হয়েছিল ৩০২৯ কোটি ৩৯ লক্ষ টাকা। সেটা ৬ গুণ বৃদ্ধি পেয়ে ২০১৯-২০ তে দাঁড়িয়েছে ১৮৬০৩ কোটি টাকা। বৃদ্ধি হয়েছে প্রায় ছয়গুণ। রাস্তাঘাট ইত্যাদি ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচারে ব্যয়বরাদ্দ বৃদ্ধি হয়েছে। ২০১০-১১ তে ছিল ১৭৫৮ কোটি ৯২ লক্ষ টাকা। প্রায় চারগুণ বেড়ে ৬৮০৩ কোটি টাকা হয়েছে ২০১৯-২০ তে। সোস্যাল সার্ভিসে আমাদের এক্সপেন্ডিচার হয়েছে, ২০১০-১১ তে ৬৮৪৫ কোটি ৬১ লক্ষ টাকা খরচ হয়েছিল ২০১০-১১ তে। সেটা আজকে ছয়গুণ বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে

৩৮৪৯০ কোটি টাকা অর্থাৎ যে মূল উদ্দেশ্যে FRBM তৈরি হয়েছিল, যে বুদ্ধির সাথে, বিবেচনার সাথে ব্যয় নিয়ন্ত্রণ এবং আয় বৃদ্ধি, ঋণের উপর একটি সাবধানমূলক প্রয়োজনীয় নিয়ন্ত্রণ, সবগুলি কি রাখা যায় নি ! আমরা তিন-চারটি শর্তের দিকে যাই, অর্থনীতির যেটা বুনিয়াদী শর্ত, যেটাকে বলা হচ্ছে Prudent Management, Prudent Management কীভাবে? জি.ডি.পি. বৃদ্ধি তখনই সদর্থক হয় যখন গড় আয়ু, সাক্ষরতা বৃদ্ধি হয়, শিশুদের অপুষ্টি এবং প্রসূতি মৃত্যু হয়, কম হয়। বাংলায় কি ঘটেনি বিগত নয় বছরে এই জিনিস? সরকার তার আয়, তার ব্যয়, তার ঋণ সমস্ত কিছু পরিচালনা করে, নিয়ন্ত্রণ করে একটি মাত্র দিকে তাকিয়ে নাগরিক এবং অধিবাসীদের কল্যাণসাধনে। সেই কল্যাণসাধনের বেসিক জিনিসটার দিকে পশ্চিমবঙ্গ সরকার ধাপে ধাপে ধাপে ধাপে সাফল্যের খতিয়ান তৈরি করতে পেরেছে কারণ আয় যদি আমার বৃদ্ধি হয়, নাগরিকদের তাহলে আর্থিক অবস্থা শুধু ভাল হয় না, সরকারের রাজস্বও বাড়ে, আমাদের রাজস্ব বেড়েছে। সেই বাড়তি অর্থে সরকার বিভিন্ন সামাজিক দায়িত্ব পালন করতে পারে এবং অত্যাবশ্যক জনপরিষেবাকে অক্ষুণ্ন রাখা যায়।

আমরা কি রাখতে পারিনি ? পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে সমস্ত নাগরিকের কাছে মৌলিক স্বাস্থ্য পরিচর্যার সুযোগ আজকে পৌছে দেওয়া গিয়েছে। এই যে সরকারী স্বাস্থ্য ব্যবস্থা তার পাশাপাশি সহায়ক বা অতিরিক্ত পরিষেবার জন্য যে বেসরকারী উদ্যোগ কাজ করছে এবং তাতে স্বাস্থ্যসাথীর মাধ্যমে - এ ক্ষেত্রেও সরকার নাগরিকদের এই পরিষেবা পেতে ক্ষমতায়ন করেছেন, স্বক্ষমতা দিচ্ছেন। আমাদের বেঁচে থাকার জন্য স্বাস্থ্য দরকার।বড়ো হওয়ার জন্য দরকার শিক্ষার। মার্কেট ইকোনমির যিনি প্রধান পুরোহিত ,প্রথম প্রবক্তা অ্যাডাম স্মীথ ২০০ বছর আগে বলেছিলেন রাষ্ট্রীয় কোষাগারের একটা সামান্য অংশ ব্যয় করে সরকার প্রায় সমস্ত জনসাধারণকে মৌলিক শিক্ষা গ্রহণে উৎসাহিত করতে পারে। এমন কি এদের পক্ষে এটা আবশ্যিক করে তুলতে পারে। আমরা যদি আমাদের রাজ্যের শিক্ষার চেহারাটা দেখি প্রথম ড্রপ আউট কমছে কি না। একটা দেশ তার শিক্ষা ক্ষেত্রে সে এগোতে পারছে কি না তার ফার্স্ট ইনডিকেটর হচ্ছে পড়াশুনা করতে করতে এনরোলমেন্টের জায়গা থেকে আমার স্কুলছুট, আমার ড্রপ আউট কমছে কি না। প্রাথমিকে ২০১০-১১ সালে সাধারণ গরীব মানুষের সরকার ছিল না কি - শিক্ষা আনে চেতনা আর চেতনা আনে বিপ্লব যাঁরা বলতেন তাঁদের সময় প্রাথমিকে স্কুলছুট ছিল ৩.৪৫%। সেটা আজকে নেমে ২.২০% এসেছে। উচ্চ প্রাথমিক তখন ছিল ৫.৩ % আর আজকে নেমে এসেছে ১.৩৫%। মাধ্যমিক তখন ছিল ১৭.৫০% আর আজকে ৭.৩৪%। উচ্চমাধ্যমিক তখন ছিল ১৭.৪৮% আর আজকে ৯%। উচ্চ শিক্ষার সুযোগ কীভাবে বৃদ্ধি হয়েছে ? ২০১০-১১ সালে ১৩.২৪ লক্ষ ছিল ছাত্র এনরোল আর আজকে ২০১৯-২০ সালে এটা বেড়ে হয়েছে ২১.৬০ লক্ষ। আমাদের এবার দরকার খাবার। ২০১৬ সালের জানুয়ারী থেকে খাদ্যসাথী। প্রান্তিক এবং আর্থিকভাবে পশ্চাৎপদ মানুষকে খাদ্য সুরক্ষা দেওয়া শুরু করেছিল এর মধ্যে দিয়ে। আজকে প্রায় ২০ হাজার বেশি ন্যায্যমূল্যের দোকান থেকে এটা দেওয়া হচ্ছিল। ৯ কোটি ৯৮ লক্ষ মানুষকে এর আওতায় আনা হয়েছে। কোভিড -১৯ এর পর বাস্তবে প্রায় সমস্ত অধিবাসীবৃন্দকে বিনামূল্যে খাদ্য সুরক্ষার

আওতায় আনা গিয়েছে। বস্তুত গণবণ্টন ব্যবস্থা দরিদ্র মানুষকে জোগায় অত্যন্ত জরুরি সহায়তা। কোথায়ও কোন ত্রুটি থাকলেও এর কোন বিকল্প পৃথিবীতে আজও আবিষ্কৃত হয় নি। কর্মসংস্থান বা ক্ষমতায়ন -সম্পদ সৃষ্টি ও কর্মসংস্থানের মেলবন্ধনে কাজের সৃষ্টি হয়েছিল, একটা উদাহরণ NREGA। এতে এই বছরে আমরা ১.১ কোটি লোককে সহায়তা দিতে পেরেছি এবং কাজের ক্ষেত্রেও এক নম্বর। শেষ করছি শেষ কথা বলে। কিশোরীদের, মেয়েদের ক্ষমতায়নের জন্য যে কন্যাশ্রী প্রকল্প ২০১৩ সালে শুরু হওয়া এই প্রকল্পের আওতায় এখনও পর্যন্ত এসেছে ৬৭ লক্ষ ৯৬ হাজার ৯৬৬ জন কিশোরী। সুতরাং ঋণ করেই হোক, রাজস্ব বাড়িয়েই হোক , ডেফিসিট ইকোনমির মধ্য দিয়েই হোক মানুষের কল্যাণে অর্থনীতির যে জিনিস প্রয়োজন এই সরকার সেটা করেছে। তাই এই সংশোধন এর ক্ষেত্রে আরও একটি জরুরি পদক্ষেপ, একে সমর্থন জানাচ্ছি।

[12:20 – 12:30 p.m.]

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ঈশ্বরে বিশ্বাস করি না। তবু এই ষোড়শ বিধানসভায় আমি জানি না সম্ভবত এই বিধানসভায় এটাই আমরা শেষ বক্তৃতা হতে পারে। সেই বক্তৃতার শুরুতে আমি বিষ্ণুমাতার বদলে গৌরীমাতা এবং শঙ্কর দেবতার কাছে প্রার্থনা করব আমাদের বর্তমান সরকারের উপর আমাদের এই মাতা এবং দেবতার আশীর্বাদ ঝড়ে পড়ুক। ভাঁড়ে যখন মা ভবানী এসে গেছে, যখন ডি.এ. কেউ চাইলে পরে - এই প্রতিশ্রুতি ২০১০ সালে দেওয়ার পরেও - বামফ্রন্টের সরকার বছরে দু'বার ডি.এ. বাড়ায়, আমায় সরকার গড়তে দিন কেন্দ্রীয় হারে আপনাদের বেতন দেব - এই প্রতিশ্রুতিটা দেওয়ার পরে এখন যখন ডি.এ. চাইলে বলতে হয়, ডি.এ. চেয়ে ঘেউ - ঘেউ করবেন না এবং যখন সবকিছুই পি.পি.ই. মডেলে পাঠানোর ব্যবস্থাপনা পাকা হয়ে যায়, তখন ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ ছাড়া তো কোন উপায় থাকে না স্যার। আমার খালি একটাই অনুরোধ, কিংবা বলতে পারেন নিবেদন - আর তো মাত্র ৩ মাস, আগামী নির্বাচনে জিতে যে বামফ্রন্ট জোট সরকারে আসবে, তাদেরকে তাদের প্রথম অধিবেশনে বাতিল করবার জন্য একটা বিল আপনারা উপহার দিয়ে যাচ্ছেন কেন ? এই যে বাতিল করবার জন্য একটা বিল আপনারা উপহার দিয়ে যাচ্ছেন, এটার কি খুব প্রয়োজন ছিল স্যার ? ২০১০ -এ উদ্দেশ্য ছিল রেসপন্সিবিলিটি গভর্নমেন্ট তার নিজের উপরে আরোপ করবে। এখন ঠিকই গভর্নমেন্ট নিজের উপরে রেসপন্সিবিলিটি আরোপ করবে এটা ইরেসপন্সিব্‌ল্ গভর্ণমেন্টের কাছ থেকে প্রত্যাশিত না এবং ইরেসপন্সিব্‌ল্ গভর্নমেন্ট গতকাল কার্যত আগামী ১০ বছরে কি কি করবেন তার একটি তালিকা প্রস্তুতও করেছেন । আমি শুধু মনে করিয়ে দেব ২০১১ -র বিধানসভা নির্বাচনের আগে ২০১০-এ রেলমন্ত্রী হিসাবে শেষ রেল বাজেট পেশ করে মাননীয়া মুখ্যমন্ত্রী পশ্চিম বাংলার বিধানসভা নির্বাচন লড়তে এসেছিলেন ৩৫টা কারখানার শিলান্যাস করে যার একটাও আজ পর্যন্ত হয় নি। সে দিনের মত গতকালের অজস্র কথাকে আজকে গৌরীমাতা এবং শঙ্কর বাবা যতই চেষ্টা করুন না কেন সত্য বলে প্রমাণ করবার

........(গোলমাল).......

এখন এটা ঠিক যে গত বছরটা প্যানডেমিকের বছর ছিল। এটাও ঠিক জি.এস.টি.-র যে কালেকশান হবার কথা ছিল সেই কালেকশান হয় নি।

ফলে জি.এস.টি.র ডিস্ট্রিবিউশানে যে ভাগ রাজ্যের পাওয়া উচিত ছিল, সেই ভাগ পায় নি। ফলে আর্থিক দিক থেকে সমস্যায় আছে রাজ্য, এই কথা বলতে বিন্দুমাত্র দ্বিধা নেই। আমরা তো প্রস্তাব দিয়েছিলাম সুজন চক্রবর্তী, আব্দুল মান্নান - চলুন দিল্লির সরকারের কাছে। রাজ্যের যে পাওনা, সেই পাওনা কীভাবে আদায় করা যায় তার জন্য একসাথে চলুন। গ্রহণ করেন নি, যান নি। সেদিন গ্রহণ করেন নি। আজকে ঘুরপথে টাকা আদায়ের চেষ্টা করছেন। স্টেট ডোমেস্টিক প্রোডাক্টের উপরে সর্বোচ্চ তিন শতাংশ ঋণ করার অধিকার ছিল। পাঁচ শতাংশ বাড়াচ্ছেন। আচ্ছা এখন লোন কত? গতকালের আর্থিক সমীক্ষায় ৪ লক্ষ ৮১ হাজার ৩৯৮ কোটি ৮৪ লক্ষ টাকা। ২০১১ সালে কত ছিল? যখন সরকার চলে যায়, গতকালের আর্থিক সমীক্ষায় ১ লক্ষ ৮৫ হাজার ৬০৭ কোটি ৪৭ লক্ষ টাকা। গতকালের আর্থিক সমীক্ষায় বাড়ল কত? ২ লক্ষ ৯৫ হাজার ৭৩৮ কোটি ৩৭ লক্ষ অর্থাৎ ১৫৯ শতাংশ। গত বছর কি বলেছিলেন বাজেটে? ৪৮ হাজার ৭৩৪ কোটি টাকা ধার নেবেন। এ বছর কি করলেন? ধার নিয়েছেন ৫৬ হাজার কোটি যা বলেছিলেন তার চেয়ে বেশি। মেনে নিলাম প্যান্ডেমিকের জন্য বাধ্য হয়েছেন। এবারে নেবেন কত? গতবারে তো প্যান্ডেমিকের জন্য বাধ্য হয়েছেন। নেওয়ার অধিকার পাবেন না সে কথা ঠিক, কিন্তু নেবেন কত? ৬৩ হাজার ৬৩৭ কোটি টাকা। এত টাকা ধার নেওয়ার কোনো প্রয়োজন হয় না। এই যে বিলটা এনেছেন প্রকৃত অর্থে এই বিলটা একটাই পার্পাস সার্ভ করছে। সেটা হচ্ছে ইতিমধ্যেই এই রাজ্যটাকে ঋণের জালে আবদ্ধ করে দেওয়ার পরে আরো বেশি ঋণের জালে গোটা রাজ্যটাকে পরিবেষ্টিত করে দেওয়ার কাজ করবার জন্য - স্যার এত বাধা কেন দেয় বলুন তো! জবাব দিতে পারবে না বলে? (গণ্ডগোল) ফলে সেই সমস্যার মধ্যে গোটা রাজ্যটাকে ঋণ দিয়ে পরিবেষ্টিত করে দেওয়ার জন্য এই বিলটা আনা হয়েছে। একটু আগে গৌরীশঙ্কর বাবু অনেক তথ্য দিচ্ছিলেন। একটা তথ্য কেন গোপন করলেন আমি জানি না। ধারাবাহিকভাবে মাধ্যমিক পরীক্ষার্থী কমছে। ধারাবাহিকভাবে উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী কমছে। তার মানে কি ধারাবাহিকভাবে আমাদের জনসংখ্যার বৃদ্ধির হার কমছে। তাহলে ওটার মধ্যে কিছু যুক্তি খুঁজে পাওয়া যাবে? উনি বলেছেন তখন ড্রপআউট ছিল এত শতাংশ, এখন ড্রপআউট হয়েছে এত শতাংশ। কোথা থেকে এই তথ্য পেয়েছেন আমার জানা নেই। ড্রপআউটের তথ্য আমরাও রাখি। যেদিন জ্যোতি বসু মুখ্যমন্ত্রী হন সেদিন আমাদের রাজ্যে ৫-৯ বছরের ছেলে-মেয়ে ১০০ জনের ১৬ জন স্কুলে যেত, ৮৪ জন স্কুলে যেত না। যেদিন বুদ্ধদেব ভট্টাচার্য মুখ্যমন্ত্রীত্ব ছেড়ে চলে গেলেন সেদিন আমাদের রাজ্যের ১০০ জনের ৯৬ জন ৫-৯ বছরের ছেলে-মেয়ে স্কুলে যেত। চার জন তখনও যেত না, আমরা আজও স্বীকার করি। আজকে আমাদের রাজ্যে ৫-৯ বছরের ছেলে-মেয়েদের ৯২ জন স্কুলে যায়, ৮ জন স্কুলে যায় না। এইটা হচ্ছে মা-মাটি-মানুষের সরকারের কৃতিত্ব। আর উনি ড্রপ আউটের মিথ্যে তথ্য কোথা থেকে হাজির করলেন জানি না। সহজ অঙ্কটা প্রমাণ করে দিচ্ছে স্যার সমস্ত খবরের কাগজ মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ছাপে, উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ছাপে।

[12:30 – 12:40 p.m.]

এই সংখ্যাটাই তো স্যার ধারাবাহিকভাবে গত সাত, আট বছর ধরে ধারাবাহিকভাবে কমছে।

.......(নয়েজ).......

মিঃ স্পীকার : তন্ময়বাবু, আপনি আপনার সাবজেক্টের উপরে বলুন।

.......(নয়েজ).......

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : আমি হাত জোড় করে বলছি ট্রেজারি বেঞ্চকে আপনি নিয়ন্ত্রণ করুন। মাননীয় মন্ত্রীরা বাধা দিলে আমি একটি কথাও বলব না। এই যে বিলটা আনা হয়েছে, এই বিলটার উদ্দেশ্যটা কী ? ধরুন, রাজ্য বিপদের মধ্যে আছে, অর্থনৈতিক দিক থেকে খারাপ অবস্থায় আছে, আমরা প্রত্যেকেই মেনে নিয়েছি। কিন্তু আমরা প্রস্তাব দিয়েছিলাম টাকা আদায় করবার জন্য দিল্লীর কাছে চলুন। আমাদেরই প্রস্তাব ছিল। সমস্যায় পড়লে মানুষ দুটো কাজ করে। এক, সমস্যাকে প্রতিরোধ করার, প্রতিহত করার রাস্তা খোঁজে। দুই, সমস্যার কাছে সারেন্ডার করে। আমাদের সরকার দ্বিতীয়টা বেছে নিয়েছেন । সমস্যার কাছে সারেন্ডার করে ঋণের পরিমাণ বাড়ালেন। এমনিতেই রাজ্য ভয়ঙ্কর ঋণগ্রস্থ। সেই রাজ্যটাকে আরও ঋণের দিকে ঠেলে নিয়ে গেলেন। আমরা কিন্তু সমস্যাটাকে প্রতিহত করবার বিকল্প পথ খুঁজতে পারতাম স্যার। বিকল্প পথ খোঁজা যেত না এমন নয়।

.......(নয়েজ).......

মিঃ স্পীকার : আপনি আপনার কথা বলুন। আপনি পরিশীলিত ভাষায় সমালোচনা করুন না। আমি তো নিয়েছি। আপনারা পরিশীলিত ভাষাটা ব্যবহার করুন।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : আমি পরিশীলিত ভাষায় বলছি সম্মানীয়া মুখ্যমন্ত্রীর ছবি সহ টেলিভিশানে বিজ্ঞাপনের জন্য রাজ্য সরকার যে অর্থ ব্যয় করেছে, সেই অর্থ ব্যয়ে আমরা যদি নিয়ন্ত্রণ আনতে পারতাম তাহলে আমাদের ধারের পরিমাণ কমাতে পারতাম। ডি.এ. দেওয়ার পরিমাণ বাড়াতে পারতাম। তিন শতাংশ বৃদ্ধির প্রয়োজন হত না, আরও বেশি বৃদ্ধি করতে পারতাম। আমাদের কনট্রাকচুয়াল কর্মীদের স্থায়ী করতে পারতাম। আমাদের স্কুলকে এখনও বন্ধ রেখেছি। লক ডাউনের পরে প্রথম খুলেছি মদের দোকান রাজ্য সরকার সবচেয়ে বেশি আয় করবে বলে। আর স্কুল কলেজ এখনও বন্ধ রেখেছি সরকারের ব্যয় হবে বলে। সেগুলি চালু করতে পারতাম। সব কনট্রাকচুয়াল টিচারদের বেতন দিতে পারতাম। সব ক্ষেত্রেই বৃদ্ধি করতে পারতাম। কিন্তু তা করা হয় নি। তাই এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

.......(গোলমাল).......

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, দ্য ওয়েস্ট বেঙ্গল ফিসক্যাল রেসপন্সিবিলিটি অ্যান্ড বাজেট ম্যানেজমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২১ এর উপরে সুখবিলাস বাবু, গৌরীশঙ্করবাবু এবং তন্ময়বাবু বক্তব্য রেখেছেন। আমি ধৈর্য্য ধরে সব কিছু শুনছিলাম। অর্থমন্ত্রীর আনীত এই বিল তাঁর অসুস্থতাজনিত কারণে আমার দায়িত্ব বর্তায়। সেই দায়িত্ব পালনে আমি এই বিলটি সংশোধনী আনার প্রস্তাব রেখেছি। বিভিন্ন বিষয় নিয়ে সবাই আলোচনা করছেন। তন্ময়বাবু বোধ হয় রাইট টু এডুকেশন অ্যাক্টের নিয়মগুলি বোধ হয় এখনও ঠিকমত মুখস্থ হয় নি। এত ঘনঘন টেলিভিশনে গিয়ে অন্য কথা শুনে শুনে আর বলে বলে পড়াশুনাটাই বন্ধ করেছেন। কেন এটা কমছে তার কারণ সবিস্তারে বলা আছে এবং স্কুলের ড্রপআউটের সংখ্যা কমছে। তুলনামূলকভাবে জাতীয় স্তরে ড্রপআউটের যে পার্সেন্টেজ, তার বহুতলের বহু নীচে আমাদের। আমাদের লক্ষ্য হচ্ছে সম্পূর্ণভাবেই স্কুলছুটদের কমানো। সেই কারণে স্কুলের সংখ্যা বেড়েছে। আকর্ষণীয় করা হয়েছে এবং পঠনপাঠনের মধ্যে বাস্তবোচিত আধুনিক শিক্ষার ব্যবস্থাও করা হয়েছে। এটা খোঁজ নিলেই জানতে পারবেন, আমি জানি না উনি হঠাৎ এই বিলে এটাকে এনে রাজনৈতিক মঞ্চের একটা বক্তৃতা দিয়ে গেলেন।

[12:40 – 12:50 p.m.]

যে ক'টি কথা উনি বলেছেন, সেটার উত্তর দিতেই হবে মাননীয় অধ্যক্ষ মহোদয়। সবই ওনাদের হাত থেকে নেওয়া। ওনারা করে যান নি, ওনারা নিয়ে গেছেন, ওনারা বিধানসভার গেটে ওঠানোর অভ্যাস করিয়ে গেছেন। নিয়ে যাওয়ার পরে দায়িত্ব। পালন করেন নি। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর মানবিক মুখ নিয়ে সমস্ত ধরনের - কি শিক্ষক, কি পার্শ্ব শিক্ষক সবটাই সাধ্যমতন বাড়িয়েছেন এবং সেই বাড়ানোর জন্য ধন্যবাদ তো দূরের কথা, সমালোচনাই যাদের লক্ষ্য সব সময়, তাঁরা সমালোচনা করেই যাবেন। আমাদের এই ব্যাখ্যা দেওয়ার সময় বলা হচ্ছিল যে, আমাদের আর্থিক চেহারাটা কীভাবে - যে প্রতিশ্রুতি দিই, সেই প্রতিশ্রুতির মতন হয়তো হচ্ছে না। যা সাফল্যের দাবী করি, সেই সাফল্যের দাবীর মত হয়তো হচ্ছে না। আমাদের মোট ঋণের পরিমাণ জি.এস.ডি.পি. শতকরা হারে ২০১১-১২তে যেটা ৩৯.৯৯% ছিলো, আবার বলছি, মোট ঋণের পরিমাণ জি.এস.ডি.পি. শতকরা হারে ২০১১-১২তে যেটা ৩৯.৯৯% ছিলো, সেটা ২০২০-২২শে কমে গিয়ে হয়েছে ৩৪.৮১ শতাংশ। এটা লক্ষ্যমাত্রার সামান্য বেশি। কিন্তু এটার কারণও তো দেখতে হবে। কারণটা - কেন্দ্রীয় সরকারের কাছে যেটা তন্ময়বাবু ছুঁয়ে গেলেন, কিন্তু দাবী আকারে শেষ করে দিয়ে আক্রমণের মূল লক্ষ্যটা আমাদের - কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্য সরকারের অনাদায়ী টাকার পরিমাণ অনেক বেশি। যে প্রাপ্য টাকা রাজ্য সরকারের, রাজ্যবাসীর, সেই প্রাপ্য টাকা থেকে আমরা বঞ্চিত হয়েছি বারে বারে। বলা হয়েছে, চিঠি লেখা হয়েছে, অর্থমন্ত্রী নিজে গেছেন, মুখ্যমন্ত্রী বার বার বলেছেন, যে সমস্ত ভিডিও কনফারেন্সগুলো হয়, এমনকি প্রধানমন্ত্রীকেও বলা হয়েছে। ফিসক্যাল ডেফিসিট - জি.এস.ডি.পি.-র, ৩ শতাংশে রাখতে হবে। আচ্ছা কে বারণ করেছিল এফ.আর.বি.এম.টা চালু

করতে? আমি তখন ঐ দিকে আপনার মতনই বসতাম। অনেকবার বলেছিলাম অসীমবাবুকে এফ.আর.বি.এম.টা কি হ'ল, বলুন। আজকে সুখবিলাসবাবু বললেন, কয়েক হাজার কোটি টাকা লস্ করেছেন। এখন একই সঙ্গে হয়ে গেছেন, যুক্তফ্রন্টের মধ্যে জোটফ্রন্ট। এখন উনিই বলছেন, এত টাকা লস্ করেছি। তার দায়-দায়িত্ব আমাদের ঘাড়েই এসে যায়। সেই সময় সেটা করা হয় নি। আগামী বছরের যেটা ১১-১২ বাজেটে ২.৯৪ আছে, চলতি আর্থিক বছরে যেটা ২০-২১-এ স্বাভাবিকভাবে এটা ৩.৮৬ আছে, এটা বলেছেন। ৫% কেন বাড়াতে হচ্ছে ? আচ্ছা এর পরে কি প্রাকৃতিক দুর্যোগ, অতি মহামারী, সার্বিক উন্নয়ন, জনকল্যাণমুখী প্রকল্পগুলোকে বাঁচিয়ে রাখা বা নতুন করে দেওয়া ....

এই যে সমস্ত সামাজিক দায়িত্ব পালনের জন্য যে অর্থের দরকার, সেই কারণে শুধু আমরা বলি নি, এটা কেন্দ্রীয় সরকারই বলেছেন যে G.S.D.P. তারাতো টাকা দিতে পারছে না, তাদের কাছে টাকা চাইলেও তারা টাকা দিতে পারছে না। তারাতে টাকা আমাদের দিচ্ছেই না, তাহলে কি আমরা আমাদের সামাজিক কাজকর্ম বন্ধ রাখবো ? আপনি যেমন একদিকে বলেছেন ভাতা বৃদ্ধি হচ্ছে, বেতন বৃদ্ধি হয় নি, তেমনি ভাবে এটাওতো সঠিক যে কোন শিক্ষকের এক দিনের জন্যও মাইনে বন্ধ হয় নি। কারোর এক দিনের জন্য মাইনে বন্ধ হয় নি। আপনি বললেন স্কুল খুলছে না অর্থের কারণে। এটা কি করে বললেন আমি জানি না। কেন না অর্থততা ব্যয়ই হচ্ছে, অর্থের কারণে বন্ধ নয়, তার থেকে বলতে পারতেন স্বাস্থ্যের কারণে বন্ধ। স্বাস্থ্যের ব্যাপারটা আপনার মাথার মধ্যে নেই। যেটার জন্য অতি মহামারিতে বাচ্ছাদেরকে বাঁচানো, অভিভাবকদের দুশ্চিন্তা থেকে মুক্তি, শিক্ষকদের সচেতন করে দেখা, অথচ পঠনপাঠনকে সচল করে রাখা এই ছিল লক্ষ্য। কিন্তু কোন শিক্ষকের মাইনে এক দিনের জন্যও বন্ধ হয় নি - ভালো ভালো চটুল কথা বলা যায়, কিন্তু বাস্তবতা স্বীকার করার মতো মেরুদণ্ড থাকা দরকার যেটা আপনাদের আছে বলে আমার মনে হয় - সেই কারণেই আমাদের এই 5% বৃদ্ধির প্রস্তাবটা আমরা এনেছি। এই আর্থিক বছরে এই পার্সেন্টেজটা G.S.D.P.-র 5% পর্যন্ত ঋণ গ্রহণের ক্ষমতা নেওয়া এই কারণেই, আপনি যেমন ২ লক্ষর কাছাকাছি টাকার ঋণের বোঝার কথা বলেছেন, সঙ্গে সঙ্গে আপনি ওটা বলেন নি সুদের বোঝা কত ? শুধু লোনের বোঝাটা বললেন, লোনটা করে চলে গেলেন, সুদের বোঝাওতো আছে। সেই বাড়তি সুদের বোঝা নিয়ে এবং দু-দুটি চ্যালেঞ্জ প্রাকৃতিক দুর্যোগ এবং অতি মহামারি সঙ্গে উন্নয়নের কথা বাস্তবোচিত ভাবে কোনটাই বন্ধ হয় নি বরঞ্চ বেড়েছে। তপসিলিদের জন্য বেড়েছে, আদিবাসীদের জন্য বেড়েছে, অর্থনৈতিক কারণে পিছিয়ে পড়া মানুষদের জন্য বেড়েছে, স্বাস্থ্য পরিষেবা সকলকে পৌঁছে দেওয়ার জন্য বেড়েছে, পেনশন বৃদ্ধি হয়েছে, এই যে সামাজিক মুখগুলো যেগুলো অলরেডি আছে, যেগুলো প্রতিশ্রুতি নয়, বাস্তবায়নের জন্য অর্থের দরকার এবং কেন্দ্রীয় সরকারেরও পাওনা অর্থগুলি আমাদের রাজ্যকে দিয়ে দেওয়া দরকার। কিন্তু আমি একটা কথা আপনাদের বলি আর্থিক শৃঙ্খলাটা রক্ষা করাটায় আমরা কিন্তু দৃঢ় সঙ্কল্প- no mercy। Financial discipline must be there, এবং আমরা সেই Financial discipline-টা রক্ষা করবার জন্য প্রতিজ্ঞাবদ্ধ।

আমাদের যেটা প্রয়োজন, সেই প্রয়োজনটুকুকে, যা সামাজিক নিরাপত্তাকে, যা উন্নয়নকে, স্কুলকে, স্বাস্থ্যকে, যা প্রবীণদের, কৃষকদের, যা শ্রমিকদের, ছাত্রজীবনের কর্মসংস্থানের লক্ষ্যে যে অর্থের প্রয়োজন, সেই অর্থের প্রয়োজনকে মীট করবার জন্য G.S.D.P. 3% কে 5% করবার এই প্রস্তাব, এই সংশোধনীগুলো আমরা এনেছি। এবং নিশ্চয়ই খুব জোর গলায় বলা যায় এটার প্রয়োজনীয়তা এই কারণে .....

[12:50 – 1:30 p.m. (Including Recess)]

কেন্দ্রীয় সরকার তার দায়িত্ব যে টাকা দেওয়া যে, অনাদায়ী টাকা তা রাজ্যকে দিয়ে দেওয়া তা মানছে না। দেখা যাচ্ছে কেন্দ্রীয় প্রকল্পগুলোতে অর্থের পরিমাণ কমিয়ে দিচ্ছে। কি শিক্ষাখাতে বলুন - আপনারা যদি কেন্দ্রীয় বাজেট দেখেন তাহলে দেখবেন সমগ্র সামাজিক বিষয়গুলোতে তাদের দাবীর বরাদ্দ কমে গেছে। এই অবস্থায় দাঁড়িয়ে আমরা মনে করি চতুরতা দিয়ে কথা নয় বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়েই আমাদের এই অনুমোদন দেওয়া উচিত যাতে আমাদের জন্য যারা চিৎকার করছেন তাদেরকে রক্ষা করার নিরাপত্তা দেওয়া যায়, তাদের সংখ্যা বৃদ্ধি যাতে না হয়, উন্নয়ন যাতে সম্ভব হয় এবং বাজেটে প্রস্তাবিত যে সমস্ত কথাগুলো বলা হয়েছে তার প্রকৃত রূপায়ণ সম্ভব হয়। আসুন, আমরা সকলে মিলে এর অনুমোদন দিই।

Mr. Speaker : Now the question before the House is that the West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, be taken into consideration.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

CLAUSE 2

Mr. Speaker : There is no amendment to Clause 2. So I put to vote clause 2 do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

Now I put to vote Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Dr. Partha Chatterjee : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, as settled the Assembly, be passed.

Mr. Speaker : Now the question before the House is that the West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, as settled in the Assembly, be passed.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

The West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2021 is passed. The West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2021 is passed.

মিঃ স্পীকার : আমি একটা বিষয় ঘোষণা করছি যেহেতু এটাই আমাদের বাজেটের শেষ অধিবেশন তাই আগামী সোমবার রিসেস্ পিরিয়ডে প্রত্যেক অধিবেশন শেষে আমাদের একটা গ্রুপ ফটোগ্রাফ হয়। আগামী সোমবার রিসেসে্ আমাদের একটা গ্রুপ ফটোগ্রাফ নেওয়া হবে। সবাইকে অনুরোধ করব আপনারা আমাদের লবির বাইরে গেটের সামনে যাবেন। হাউসের সমস্ত সদস্যদের আমি অনুরোধ করব এই ফটোগ্রাফির সময় আপনারা উপস্থিত থাকবেন। ধন্যবাদ।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1:30 – 1:40 p.m.]

After Recess

Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 66th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Revised Programme of Business for the 8th February, 2021 as follows :

8.2.2021, Monday: **FIRST SESSION**

(ii) General Discussion on Budget

(iv) Motion for Vote on Account ...1/2 hour

(v) Discussion and Voting on Demands For Supplementary Grants for the Year 2020-2021 ..... 1 hour

SECOND SESSION

(iv) The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2021 **(Introduction, Consideration & Passing)** ...11/2 hours

(v) The West Bengal Appropriation (No. 1) Bill, 2021 **(Introduction, Consideration & Passing)**

These Bills should be passed separately, but the discussion should be held Jointly.

(vi) The West Bengal Official Language (Amendment) Bill, 2021 **(Introduction, Consideration & Passing)** ...1/2 hour

(vii) The Jhargram University (Amendment) Bill, 2021 **(Introduction, Consideration & Passing)** ...1/2 hour

There will be no Question for oral Answer, Mention Case and no Calling attention on that day.

MOTION

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্যোপদেষ্টা কমিটির ৬৬তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think the Motion is adopted.

General Discussion on Budget

শ্রী কমলেশ চ্যাটার্জী : Hon'ble Speaker Sir, ধন্যবাদ, আজকে যে বাজেট ২০২১-২২ অর্থবর্ষে, ২০২১-২২ অর্থবর্ষের বাজেটের আর মাত্র কয়েক মাস বাকি আছে। মাত্র কয়েক মাস বাকির মধ্যে আমরা কী দেখলাম যে, গোটা বছরের বাজেট উনি পেশ করেছেন মাননীয় অর্থমন্ত্রী

তাঁর economist-দের দিয়ে বাজেট তৈরি করেছেন। বাজেটটা আমাদের সম্মানীয়া মুখ্যমন্ত্রী, উনি প্লেস করেছেন। এই বাজেট— এটা বাজেট নাকি সরকারের সামনের দিনে ভোট বৈতরণী পাস করার, ভোটে পাস করার জন্য একটা ইস্তাহার সেটাই আমরা বুঝতে পারলাম না। এই বাজেটটা দেখে আমার মনে হয়েছে একটা প্রবাদের কথা, Morning shows the day অর্থাৎ সকালটা দেখে বোঝা যায় দিনটা কেমন যাবে। তাই এই বাজেটটা দেখে মনে হচ্ছে যে, এটা ভোটে পাস করার জন্য ভোটে জেতার জন্য মানুষকে বোকা বানানোর জন্য একটা বাজেট তৈরি করা হয়েছে। বাজেটের জন্য উনি ২ কোটি ৯৯ লক্ষ ৬৮৮ কোটি টাকা বরাদ্দ করেছেন। উনি বলতে চেয়েছেন সমস্ত জায়গায়, সমস্ত খাতে উনি টাকা বরাদ্দ করেছেন। কিন্তু বাজেট বলতে আমরা কী বুঝি বাজেট বলতে বুঝি যে, আপনি গোটা বছর কত টাকা ইনকাম করলেন এবং সেই ইনকামের উপরে কত টাকা ব্যয় করলেন। যদি আপনি ধার করেন তাহলে আপনার সেই বাজেট ঠিক হল না। আর যদি আপনি যে পরিমাণ টাকা ইনকাম করবেন তার থেকে বাজেট করতে পারেন, ব্যয় কম হয় তাহলে আপনার বাজেটটা হবে সম্পূর্ণ বাজেট। কিন্তু এখানে আমরা দেখেছিলাম যে, আগের সরকার আপনারা বলতেন দু'লক্ষ কোটি টাকা ঋণ করে দিয়ে গেছে। এখন সেই ঋণের পরিমাণ পাঁচ লক্ষ কোটি টাকা পর্যন্ত ছাড়িয়ে গিয়েছে। তাই এই বাজেটকে সমর্থন করার কোনো জায়গা নেই। এই বাজেটে উনি যেটা বলতে চেয়েছেন যে, সমস্ত জায়গায় বাজেটগুলোকে নিয়ে আলোচনা করেছেন। বাজেটের মধ্যে আমরা প্রথমে দেখি, কৃষিতে উনি বলতে চাইছেন যে, আপনার কৃষিকার্যের পুনরুজ্জীবনের জন্য ২৩ লক্ষ ৩১ হাজার ২৮৩ জন ক্ষতিগ্রস্থ কৃষককে ৩০৭.০৮ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করেছেন।

সংখ্যাটা আপনি দিয়েছেন, কিন্তু কাদের কাদের নাম আছে যদি প্রকাশ করেন সামনের দিনে তাহলে আমাদের কিন্তু ভাল লাগবে। আপনি বলেছেন, কৃষকদের বয়স্ক ভাতা ১হাজার টাকা করেছেন, ১হাজার টাকায় বয়স্ক ভাতায় কিছু হয় না, এদের অন্ততঃ ৫ হাজার টাকা করলে আমার মনে হয় ভাল হত। আজকে কৃষকরা আত্মহত্যা করছে পশ্চিম বাংলার বিভিন্ন জায়গায়, এটা আপনারা দেখেছেন। আলুর দাম থাকে না, আলুকে রাস্তায় ফেলে দেওয়া হয়, কৃষক আত্মহত্যা করে, ধানের দাম পায় না; এখন কিষাণ মান্ডিগুলো যারা ধান ক্রয় করছে, সেখানে কৃষকরা ধান বিক্রি করতে পারছে না। এক শ্রেণির ফোরে এবং দালালরাজ-এর মাধ্যমে ধান বিক্রি করা হচ্ছে। এর জন্য কিন্তু আপনার বাজেটে কোন নির্দিষ্ট মতামত নেই। আমরা বলতে চাইছি, কৃষিকে আরো এগিয়ে নিয়ে যেতে হবে, উন্নতমানের বীজের ব্যবস্থা করতে হবে, তার সম্পর্কে আপনার বাজেটে কিন্তু কিছু বলা নেই। আপনার বলা উচিত ছিল, আমরা প্রত্যেক চাষীকে ঘরে ঘরে ট্রাক্টর দেবো, উন্নতভাবে আপনারা চাষ করুন। লাঙল-এর মাধ্যমে চাষ হয়না এখন, সব জায়গায় ট্রাক্টরের মাধ্যমে চাষ হয়। আপনার এটা দেখা উচিত ছিল। কৃষিক্ষেত্রে যে বিদ্যুৎ এর প্রয়োজন হয়, সেই বিদ্যুৎ ফ্রীভাবে দেওয়ার কথা ছিল। কৃষকদের চাষের জন্য কোথায় বিদ্যুৎ ফ্রীভাবে দেবেন, কিন্তু তা তো হয় নি ; আপনার বিদ্যুৎ এর বিল ৭টাকা ইউনিট। কোথায় বেশি করে রিলিফ দেবে তা নয়, একমাত্র পশ্চিমবাংলায় এত বেশি

বিদ্যুৎ এর বিল, এটা ভারতবর্ষের কোথাও হয় না, এটা আমরা পশ্চিম বাংলাতেই দেখতে পাই। আমরা দেখতে পেয়েছিলাম, অসময়ে যখন মানুষের কোন ইনকাম ছিল না, রোজগার ছিল না, সেই সময় সব দল বলেছিল যে এই সময়ে অন্ততঃ বিদ্যুৎ এর বিল মুকুব করা হোক। সেটাও কিন্তু আপনি করেন নি। তাহলে আজকে কীভাবে উন্নয়ন করবেন? কংগ্রেস-এর আমলে যে সমস্ত আর.এল.আই. ছিল, নদী থেকে জল তুলে নিয়ে এসে চাষ করা হোত, আজকে সেই সমস্ত আর.এল.আই.গুলো বন্ধ হয়ে পড়ে আছে। আমি বহুবার কৃষিমন্ত্রীকে বলেছিলাম, পুরাতন আর.এল.আই. গুলো ঠিক করে, রিভার বাঁধ থেকে জল তুলে নিয়ে এসে খরার মরশুমে চাষ করা হোক, আজ পর্য্যন্ত হয় নি। আমাদের মুর্শিদাবাদ জেলা, পিছিয়ে পড়া জেলা, এখানে অনেক নদী আছে, এই নদীগুলোতে যদি ১০০ দিনের কাজে মাটি কাটার কাজ করা যায় - তাহলে জলকে এক জায়গায় ধরে রেখে গ্রীষ্মকালে চাষ করা যেত - তার কিন্তু কোন প্রজেক্ট নেই। নামেই বলা হয়, এই প্রজেক্ট, ঐ প্রজেক্ট, কাজের বেলায় কিছুই দেখা যায় না। কৃষিক্ষেত্রে আমরা অন্ততঃ পিছিয়ে গিয়েছি, কৃষক আমাদের অন্নদাতা, কৃষক যদি বেঁচে না থাকে, সামনের দিনে কিন্তু কেউ বাঁচবে না। তাই কৃষিতে আরো জোর দেওয়া আপনার উচিত ছিল। সেটায় কিন্তু আপনারা কৃষকদের জন্য কিছুই করেন নি। ১ হাজার টাকা কৃষক ভাতা, ১ হাজার টাকায় কোন বয়স্ক লোকেদের কৃষক ভাতায় কিছুই হয় না। এক হাজার টাকা বিদ্যুৎ এরই বিল লাগে। আপনি বলেছেন, মাত্র ১৪,৮৪৬জনকে ২০১৯-২০সালেতে কৃষি যন্ত্রাংশ দিয়েছেন, সেই ১৪হাজার লোকের সম্বন্ধে কোন রকম— যে সংখ্যাটা দিয়েছেন তার ব্যাপারে বলছি -- কিন্তু কিছু বলা নেই। আমাদের বক্তব্য হচ্ছে যে প্রত্যেক জেলায়, যেমন কৃষি মান্ডি তৈরি হয়েছে, তেমনি আলু, ফুল থেকে শুরু করে অন্যান্য জিনিস প্রত্যেকটি ব্লকে ব্লকে যাতে সেই সমস্ত কাঁচামালগুলো সংরক্ষণ করা যায়, তার ব্যবস্থা কিন্তু এখানে বাজেটে আসা উচিত ছিল, সেটা কিন্তু আসে নাই। এই জন্য আমাদের বক্তব্য, একটা কথা বলতে চাইছি, আমার ভরতপুর বিধানসভায় এখানে বাবলা বলে একটা নদী আছে, এবং এখানে একটা নালা আছে, বসন্ত বলে একটা নালা আছে, বাবলা নদীকে কেটে ও বসন্ত নালাকে যদি সংস্কার করা হয়, তাহলে ভরতপুর, টাঙপুর, টানা এই সমস্ত গ্রামের মানুষগুলো কিন্তু জল পাবে, খরার মরশুমে চাষ হবে। কেন বলছি, বলুন তো। আমরা দেখলাম কী, গোটা কলকাতাকে নিয়ে কালকে মাননীয় মুখ্যমন্ত্রী বলছিলেন, গোটা কলকাতাকে তিনি উড়ালপুল দিয়ে ঘিরে দেবেন। সমস্ত কলকাতাকে উড়ালপুল দিয়ে ঘিরে দেওয়া হবে, কলকাতাকে লন্ডন বানাবেন বলেছিলেন পারেন নি। এখন বলছেন, কলকাতাকে তিনি উড়ালপুল দিয়ে ঘিরে দেবেন, কিন্তু আমরা তো জেলার ছেলে, আমাদের জেলায়ও তো দু-চারটে উড়ালপুল পাওয়া দরকার ছিল। উড়ালপুল কোথাও আমাদের জেলা পায় না।

[1:40 – 1:50 p.m.]

উড়ালপুল আমাদের জেলায় কোথাও পায় নি। আমরা বলতে চাইছি, যে সমস্ত নদীগুলোতে ব্রিজ করার কথা ছিল লোহারঘাটে, আমাদের নেতারা, এখানকার মন্ত্রীরা যখন আমাদের

বিধানসভায় যায় তখন লোহারঘাটে ব্রিজ করা হবে প্রতিশ্রুতি দেয়, আবার খেয়াঘাটে ব্রিজ করা হবে প্রতিশ্রুতি দেয়, বাজেটে কিন্তু এইজন্য কোনোরকম অর্থ ধরা হয় না। এই কথাটাই শুধু বলতে চাইছি। এখানে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী একটু আগে ছিলেন, এখন তাঁকে আমি দেখতে পাচ্ছি না। তিনি আমাকে বলেছিলেন, তোমার ভরতপুর ব্লকে একটা গার্লস্ স্কুল করব, সেই কথা এই বাজেটে বলা হয় নি, তার জন্য কোনো টাকা ধরা হয় নি। আমি দেখতে পাচ্ছি না মাননীয় পৌরমন্ত্রীকে, তিনি একটু আগে এখানে ছিলেন। তিনি যখনই আমার বিধানসভায় যান, তিনি বলেন, সালারকে পৌরসভা করব। কিন্তু দুঃখের বিষয়, সেই সালারকে পৌরসভা করার জন্য কোনো টাকা পয়সা এই বাজেটে ধরা হয় নি। তাহলে এক ধরনের কথা ওনারা বলেন, আর এক ধরনের কাজ ওনারা করেন। সেই জন্য এই বাজেটে এই বিষয়গুলো অন্তর্ভুক্ত করার খুবই দরকার ছিল। আমরা শুধু বলতে চাইছি, স্বাস্থ্য ও শিক্ষার ব্যাপারে। স্বাস্থ্য ব্যবস্থার নামে আজকে কী অবস্থা - সেটা আমরা দেখতে পাচ্ছি। স্বাস্থ্যসাথী কার্ড আপনারা আগেও করেছেন। নার্সিং হোমে গেলে বলে, এখানে টাকা ভরা নেই, কাজ হবে না। আজকে বলছেন - ১০ কোটি মানুষকে আমি স্বাস্থ্যসাথী কার্ড করে দিয়েছি, দেড় হাজার কোটি টাকা তাতে বরাদ্দ করছি। এই দেড় হাজার কোটি টাকা বরাদ্দ করে ১০ কোটি মানুষকে আপনি কী পরিষেবা দেবেন - আপনার ভোটও শেষ, আপনার স্বাস্থ্যসাথী কার্ডও শেষ। আপনারা ভোটের জন্য এই স্বাস্থ্যসাথী কার্ডটা করে দিয়ে যাচ্ছেন। একটা কথা বলি, আমাদের যে হাসপাতালগুলো আছে সেগুলোর কী অবস্থা হবে। সেগুলো আপনারা বন্ধ করে দেবেন? হাসপাতালগুলোতে ডাক্তার নেই, সেখানে কোনো চিকিৎসা নেই, হাসপাতালে একটা ডেলিভারি পেশেন্ট নিয়ে গেলে সেখানে ডেলিভারি হয় না, ডেলিভারি করানোর জন্য তাকে নার্সিং হোমে ভর্তি করতে হয়। আপনারা ডাক্তার নিয়ে আসুন, কোনো ডাক্তার নেই। হাসপাতালে গেলে বলা হয়, রেফার টু মহকুমা হাসপাতাল, মহকুমা হাসপাতাল থেকে সদর হাসপাতাল, সদর হাসপাতাল থেকে কলকাতা মেডিক্যাল কলেজ। সিট নেই, রাস্তায় কুকুর, ছাগলের মত মেডিকেল কলেজের সিঁড়িতে, রাস্তাতে পড়ে থাকে, আর আপনারা আজকে স্বাস্থ্যের কথা বলছেন। স্বাস্থ্য কিন্তু আপনাদের নেই। স্বাস্থ্য ব্যবস্থা আপনারা পুরো ভেঙে দিয়েছেন। এটা আপনারা দেখুন স্বাস্থ্য ব্যবস্থা আপনাদের পুরো ভেঙে পড়েছে। আজকে স্বাস্থ্যসাথী কার্ড কোথায় হচ্ছে। স্বাস্থ্যসাথীর কার্ডের নামে আপনারা ভোটের ইলেকশান করছেন, করুন। আপনারা বলেছিলেন, ৯৯% কাজ শেষ হয়ে গেছে। আজ কেন দুয়ারে সরকার, কেন দুয়ারে সরকার, কেন রাস্তায় সরকার। রক্ষক তার কোনো কাজ করেন নি বলে আজ আপনাদের দরজায় দরজায় যেতে হচ্ছে। এটা আপনারা ভুলে যাবেন না। জানি আপনাদের গায়ে লাগছে। গায়ে লাগারই কথা কারণ আপনারা শাসক দল, আপনারা বিরোধীদের মুখ চেয়ে মুখে লিকো প্লাস্টার ঠেকিয়ে আছেন। আপনাদের কাজ আপনারা করেন। একটা কথা মনে রাখবেন, যদি বিরোধী না থাকে, শাসকের আয়নার নাম হচ্ছে বিরোধী। শাসক যদি তার আয়নাকে দেখতে চায় তার নাম হচ্ছে বিরোধী। বিরোধী কণ্ঠস্বর যদি কেউ বন্ধ করে দেন তাহলে সামনের দিনের ভবিষ্যৎ বড় খারাপ দিন আপনাদের জন্য এগিয়ে আসছে। এটা আপনারা মনে রাখবেন। আজকে

আমরা কী দেখছি। আপনারা বলছেন স্কুল শিক্ষা। আজ এস.এস.সি. বন্ধ, আপনি কন্যাশ্রী, রূপশ্রী, যুবশ্রী, সব শ্রী লাগিয়েছেন, সাইকেল দিয়েছেন। বলুন তো, একটা ছেলে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, কলেজে অনার্স গ্র্যাজুয়েট পড়ে, পি.এইচ.ডি. পাশ করার পরে ডোমের চাকরির জন্য রাস্তায় দাঁড়ায়। তাহলে বলুন, ওই ছেলেটা বিয়ে করার পরে তার বৌকে কী খাওয়াবে। টোটো চালাবে ? টোটোশ্রী দেবেন আপনি ? বেকারদের চাকরি কোথায় গেলো ? আজ বেকার যুবকরা চাকরি পাচ্ছে না কেন ? আপনারা বেকার যুবকদের চাকরির সংস্থানের জন্য কী করেছেন ? আজকে পুলিশকে ব্যবহার করছেন। আজকে সিভিক পুলিশের ৯ হাজার টাকা বেতন। সিভিক পুলিশকে রাস্তায় দাঁড়িয়ে কী করতে শিখিয়েছেন। রাস্তায় মোটর সাইকেল নিয়ে গিয়ে তারা সঙ্গে সঙ্গে টাকা তুলছে। এটাই আপনাদের কাজ। কেন পুলিশদের ডি-এ.টা তো বাড়িয়ে দিতে পারতেন। তাহলে তারা টাকা পয়সা কম তুলত। পুলিশের ডি.এ.টা দিতে পারতেন। পুলিশকে তার হোম পোস্টিং করতে পারতেন। কিন্তু তা আপনারা করলেন না। আপনারা কী করলেন - পার্শ্ব শিক্ষকদের কালকে পুলিশ খুব মারছিল। পার্শ্ব শিক্ষকদের আপনারা পার্মানেন্ট করে দিন। পার্মানেন্ট করুন। আপনারা তো বলেছেন, আমরা করব। এখন আপনারা করব না বলছেন। তাহলে পার্শ্ব শিক্ষকরা কোথায় যাবে। আই.সি.ডি.এসে.র কর্মচারীদের আপনারা কী বললেন। চাল, ডাল, ছোলা বাচ্চাদের খাওয়ানোর জন্য। কিন্তু সেগুলো কেউ দেয় না, বাড়িতে ভরে রাখে। কোথায় যায় আপনারা সবাই জানেন। আমরাও জানি। সেইজন্য বলছিলাম, আই.সি.ডি.এসে. আপনি আরো বেতন বাড়িয়ে দিন।

আরও বেতন বাড়ান কারণ আপনাদের ঋণ ৫ লক্ষ কোটি টাকা ছাড়িয়ে গিয়েছে। আরও নয় ৫ লক্ষ ছাড়িয়ে যাবে। স্যার, আমাকে দু মিনিট সময় দিন। যাইহোক, আমাদের খাদ্য সুরক্ষা আর ১০০ দিনের কাজ। খাদ্য সুরক্ষার আইন এনেছিলো কেন্দ্রের কংগ্রেস পরিচালিত ইউ.পি.এ. সরকার। তার জন্য খাদ্য সুরক্ষা আইন তৈরি হয়েছে। ১০০ দিনের কাজও কেন্দ্রের কংগ্রেস পরিচালিত ইউ.পি.এ. সরকার নিয়ে এসেছে। আজ ১০০ দিনের কাজে নতুন ১০ লক্ষ জব কার্ড দিয়েছেন। জব কার্ডগুলো কী হয়? জব কার্ডগুলো পঞ্চায়েতের মেম্বার - প্রধানরা সেই জব কার্ডগুলো নিয়ে নিয়ে, তাদের অ্যাকাউন্টে ৫০০ -১০০০ টাকা ভরে দিয়ে - লক্ষ লক্ষ টাকা চুরি হয়, ১০০ দিনের কাজে চুরি হচ্ছে। এটা আপনারা দেখুন। আর আপনাদের কী বলবো? আপনাদের কিছু বলার নেই। ১০০ দিনের কাজ - চলতি আর্থিক বছরে আপনারা যা টাকা ধরেছেন, পি.এম.জি.এস.ওয়াই. - এর রাস্তা, আমাদের ভরতপুর ব্লকে পি.এম.জি.এস.ওয়াই.-এ, অনেক রাস্তা মাতলা, থেকে গীত গ্রাম থেকে, সাহাপুর থেকে সালিনদা - পি.এম.জি.এস.ওয়াই.-এর রাস্তা হয় নি। নেট ওয়ার্ক টু নেট ওয়ার্ক ফলো করতে হবে। আসলে কী জানেন, শেষ কথা বলবো, মাননীয় স্পীকার স্যার, আমি শেষ করবো, ভরতপুর থেকে গীত গ্রাম ১১ কিলোমিটার রাস্তা, মানুষ হাঁটতে পারে না, ডেলিভারি পেশেন্টদের রাস্তায় বাচ্চা হয়ে যায়। অ্যাম্বুল্যান্স যায় না, সেটা পর্যন্ত আজকে হয় নি। সুতরাং স্যার, আমি আপনাকে আর একটা কথা বলে শেষ করবো। স্যার, আমি বলতে চাইছি, যে এই বাজেটে উচিত ছিলো ; কলকাতায় ১১ জন

এম.এল.এ., ৯ জন মন্ত্রী - গোটা মুর্শিদাবাদ জেলায় একটাও মন্ত্রী হয়নি। একটা বিড়ি বাঁধার দপ্তরে একজন মন্ত্রী দিয়েছেন। একজন ভাল মন্ত্রী মুর্শিদাবাদ জেলাকে দেওয়া উচিত ছিলো। যার মাধ্যমে বাজেটে টাকা অন্তর্ভুক্ত হতো। মুর্শিদাবাদ জেলাকে একদম বঞ্চনা করা হয়েছে। টোটাল গ্রামগঞ্জকে একদম বঞ্চনা করা হয়েছে। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।।

মিঃ স্পীকার : মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায় একটা অ্যানাউন্স করতে চাইছেন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : কমলেশবাবু, আপনাকে জানাচ্ছি-আজকেই সকালবেলা ভার্চুয়াল্যি 132/33 KV সাবস্টেশানের কাজ শুরু করে দিয়ে এলাম। ৩১ কোটি টাকা খরচা হবে, আজকেই করে এসেছি। আপনি এতগুলো 'না' বললেন, কিছুই হয় নি। ১৩৩ কে.ভি. - এর মানে বলে দিই - তার আন্ডারে ৬ টা - 33 or 11 K V আরও ৬ টা সাবস্টেশান হবে তার আন্ডারে।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, গতকালকে এই সদনে ভোট অন অ্যাকাউন্ট পেশ হয়েছে, মুখ্যমন্ত্রী সেটা পড়েছেন। যদিও গত বছরের বাজেটের চাইতে, ১ বছরের বাজেটের চাইতে এ বছরের ৩ মাসের ভোট অন অ্যাকাউন্টটা সাইজে অনেক বড়, বপুটা অনেক বেশি। ৯৭ পৃষ্ঠা। এত জটিলতা আছে, আমি জানি না মাননীয় অর্থ মন্ত্রী হয়তো বাজেটটা পড়তে চাইলেন না, বা কী কারণ। মোদ্দা কথা জটিলতা যথেষ্ট। স্যার, এটা ভোট অন অ্যাকাউন্ট - এটা ৩ মাসের। এটা নতুন প্রকল্প ঘোষণার জন্য নয়। নতুন প্রকল্প ঘোষণা হয় বাজেটে। এটা যে সেটা নয়, নিশ্চয়ই আমরা সবাই তা জানি, এবং অর্থের কোনো সংস্থান নেই, তার কোনো স্পষ্টতা নেই অথচ একের পর এক নতুন প্রকল্প এখানে ঘোষণা হয়েছে। যেটা দেখে অনেক সময় মনে হয়েছে, কল্পতরু নয়, এটা বোধ হয় প্রকল্পতরু একটা ভোট অন অ্যাকাউন্ট। হয়তো ভোট বলে, ভোটের সামনে, সেই কারণেই করা হয়েছে বলে মনে হচ্ছে। এবং রাস্তা, উড়ালপুল এই - সেই সবই এখানে বলা হয়েছে। এখন এমনি কিছু না, পোস্তার উড়ালপুলটা ১০ বছরে কিন্তু আজও পর্যন্ত করা গেলো না। অথচ এখানে পারলে প্রায় ৩ মাসের ভোট অন অ্যাকাউন্টে ৫ - ৭টা উড়ালপুল গড়ে দিই, এটা ৫০ টা করলেও আমার আপত্তি নেই, আপত্তি নেই। কিন্তু এখন পোস্তাটা কি অবস্থায় দাঁড়ালো সেটা তো একটু বলতে হয়। ১০ বছরে কি দাঁড়ালো? ফলে মিলছে না, মিলছে না। আমি স্পষ্টতই বলতে চাইবো, বাজেট বইয়ের পাতা ধরে ধরে যদি আমরা দেখি, ১ এবং ২ নম্বর পাতায় - কতগুলো প্রকল্প বড়। দেওচা পাচামী প্রকল্পের কথা এখানে বলা হয়েছে। ২০১৯ সালের বোধ হয় ফেব্রুয়ারী মাসে বা তার আগে পিছু হতে পারে, মুখ্যমন্ত্রী দিল্লিতে গিয়েছিলেন প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানোর জন্য, যাতে প্রধানমন্ত্রী উদ্বোধন করেন। ২০১৯ পেরিয়ে ২ বছর হয়ে গেলো। এই ২ বছরের মধ্যে কিন্তু নাড়া-চাড়া হচ্ছিল না। এখন ভোটের ঠিক মুখে আবার সেই দেওচা পাচামীর কথা মনে পড়লো। প্রধানমন্ত্রীর উদ্বোধনের কী হলো স্যার? সবাই জানেন। এখানেও বলেছেন, বাইরেও বলেছেন। অ্যানাউন্সড্ হয়েছে, হোক। কিন্তু কী গল্পটা দাঁড়াচ্ছে বুঝতে পারছি না। অন্ডাল - ভাল তো। যদিও বাম আমলের। তখন অনেকের অনেক আপত্তি ছিলো।

[1:50 – 2:00 p.m.]

এখন দেখছি অন্ডালটাকে এখন showcase করার মত একটা attempt নেওয়া হচ্ছে। Leather complex তখন এত আপত্তি ছিল, এখন পারলে গোটাই showcase। যখন বামফ্রন্ট করতে চায় বা করার ব্যবস্থা করে তখন কিন্তু আপত্তি ছিল প্রবল। তাজপুরে বন্দর, ওটা তো সাগরে বন্দর এটাই তো decision ছিল। তার পর ২০১৬র নিবার্চনে আগে তাজপুর আসল, ২০১৬র পর পাঁচ বছর শুনিনি, আবার ২০২১ নিবার্চনের আগে তাজপুরের কথাটা আসছে। এ বোধোদয় না বিলম্বিত না প্রতিশ্রুতিব্যাপ্তি না কি একটা হিসাব করা এটা বুঝে উঠতে পারছি বলে আমার মনে হয় না। আমি এইগুলোর পক্ষপাতি এইগুলো হোক, এইগুলো হতে হবে। অশোকনগরে তো হতে হবে। অশোকনগরে প্রকল্পটা তো তেল উত্তোলন, যা anticipate করা হচ্ছে দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা, নদীয়া, সুন্দরবনের তলায় oil reservoir। এটা গত ৪০ বছরের লড়াই চলছে দিল্লীর সঙ্গে। এই করতে করতে এখন দেখছি পেট্রোলিয়াম মন্ত্রী এসেছিলেন অশোকনগরে ল্যান্ড করেছিলেন, কিছু একটা হবে বলে এখন মনে হচ্ছে। মুখ্যমন্ত্রী খুব খুশি। আমি আপনাকে জ্ঞাতার্থে জানাই স্যার, আমি প্রশাসনকে একাধিকবার চিঠি দিয়েছি, জানতে চেয়েছি যে অশোকনগরে কি হচ্ছে ? জমি কি লাগবে, অ্যারেঞ্জমেন্ট কি হচ্ছে ? তার কিন্তু খবরা-খবর কিছু পাই নি। সরকারের কেউ দেখা করে কথা বলার মত আগ্রহও প্রকাশ করে নি। কালকে দেখলাম ওটা একটা বিশাল ব্যাপার, রাজ্য সরকার বলছেন, এর আগে পেট্রোলিয়াম মন্ত্রী বলছেন, আমি আন্দাজ করেছিলাম কিন্তু ওটা জানতাম না। এবারে ancillaries হবে, এটা খুব খুশির ব্যাপার, আমরা শুধু খুশির অপেক্ষায়। শুধু একটু মনে করিয়ে দেব সিঙ্গুরের ancillariesটা আমাদের সম্পদ হতে পারত, সেটাকে liability করে ধ্বংস করার দায় যাদের তারা তা সত্ত্বেও অশোকনগর করার কথা ভাবছেন আগেরটা কি মনে করিয়ে দেখবেন, তাহলে কেন তখন ancillaries আমরা এত আপত্তি করছিলাম, আর এখন অশোকনগরে হঠাৎ করে এত আগ্রহ কেন? আমি আগ্রহের পক্ষে। স্যার, Page 3, G.D.P. বৃদ্ধি 2.7 times, 2.7 গুণ। ওই পাতাতেই বলা আছে, State Plan Expenditure কত বাড়ল স্যার ? State Plan Expenditure বাড়ল ৭.২ গুণ। Social sectorএ ব্যয় বৃদ্ধি ৫.৬ গুণ। Agri and allied sector, ব্যয় বৃদ্ধি ৬.১ গুণ। Physical infrastructure তার ব্যয় বৃদ্ধি ৩.৯ গুণ। আমি trigonometry চাইছি না, আমি geometryও চাইছি না, simple mathematics অঙ্কে বলুন state plan expenditure সাত কি সাড়ে সাত গুণ যদি হয়, social sector সাড়ে পাঁচ ছয় গুণ হয়, overall বৃদ্ধি তা সত্ত্বেও 2.7 গুণ থাকে তাহলে কমল কোথায় ? overall টা 2.7। এইগুলো নেই, তাহলে কমলটা কি ? অমূলক থেকে গেল, jugglery না paradox. হয়তো অর্থমন্ত্রীর সেটা বোঝানোর উপায় নেই বলেই অর্থমন্ত্রী আর দায়িত্ব নিলেন না, অর্থমন্ত্রীর উপরে। তিনি আমাকে বোঝাতে শুরু করলেন, কালকে ছিলেন। আমি এই ভাবে কথাটা বলব বেশ কয়েকটা জিনিস খুব গুরুত্বপূর্ণ আমি আগেও একাধিকবারও বলেছি, Social Audit Dept. আমাদের প্রাক্তন কার্যকরী মন্ত্রী তুলে দিল। আমি চিঠিও দিয়েছি কয়েক জনকে। যা District Social Audit Officer করতে

করতে তলায় V.R.P.কে, বরং ভুল করে দেওয়া হচ্ছে না, আমরা কি চাইছি অডিট'টা না হোক যেখানে V.R.P.কে পাঠিয়ে দিলাম দেখাশোনার কাজকর্ম করতে হবে। Vector control এটা তো audit এর কাজ নয়, অডিট তো mandatory, According to F.R.B.M. ১০০ দিনের কাজ নয় MGNREGA। অতএব সেখান থেকে সরে গেলাম। V.R.P. রা গত ৪৮ মাস মাইনে পাই নি, ৪৮ মাস ধরে মাইনে পাই নি। আমি সবাইকে বলছি, বলার পরে আজকে এখানে বলছি, empanelled college teacher সহ সরকারের বিভিন্ন দপ্তরের কার্যত পরীক্ষা দিয়ে panel হয়ে পুরো বসে আছে, ইনক্লুডিং, GR.D, সাত হাজার নেওয়ার কথা ছিল। নেওয়া হয় নি, পরীক্ষায় panelএ যাদের নাম আছে তাদের নেওয়া হয় নি। কি হচ্ছে আমি জানি না, আমি বনের কথায় পড়ে আসব ওটা মুখ্যমন্ত্রী ধরে ফেলেছেন বলে মনে হচ্ছে। বাকিগুলো কেন ধরতে পারছেন না, আমি জানি না। স্যার, para-teacher তাঁরা কতজন আক্রান্ত হয়েছেন, vocational teacher মন্ত্রী মহাশয় এখানে আছেন - করুণ অবস্থা। S.S.K., M.S.K. সহ। সর্বশিক্ষায় যারা কর্মী আমি আজকে একটু আগে মাননীয় মন্ত্রীকে বলেছিলাম অল্প, বেশি না - কিন্তু যুক্তিতে মিলছে না। শিক্ষাবন্ধু, N.C.L.P., মাদ্রাসার টিচার্স কি হচ্ছে ? computer teacher কি হচ্ছে ? স্যার, water facilitator এবং P.H.E.র কর্মী, P.H.E. না পঞ্চায়েতের কর্মী - এটা পঞ্চায়েত দেখবে না পিএইচই দেখবে ultimately আমার মনে হচ্ছে, এটা দেখার কেউ নেই।

স্যার কলেজ কর্মচারী কন্ট্রাক্টচুয়াল যারা, মন্ত্রী মহাশয় জানেন, অনেক দিন ধরে তাঁরা অবস্থানে বসে আছেন শীতের মধ্যে, সরকারের দিক থেকে একজনও কেউ কথা বলার নেই, কেন ? প্রাইমারী, সেকেন্ডারী, মাস্টারমশাই, সরকারী কর্মচারী তাঁদের অনেক রকমের বঞ্চনা আছে, তা সত্ত্বেও। সাধারণ মানুষের, যুবকের ওদের বটে। গৃহশিক্ষকরা অসহায় অবস্থার মধ্যে রয়েছে, শিক্ষিত যুবক। সিভিক পুলিশ, সিভিক পুলিশের চেয়ে ভিলেজ পুলিশের মাইনে কম। সবাই জানেন কিনা জানি না। অথচ সিভিক পুলিশদের কন্ট্রোল করার কথা ভিলেজ পুলিশদের। ভিলেজ পুলিশ পার টিপে এক জন, সিভিক পুলিশ তার চাইতে বেশি। এরা ওদের কাজকর্ম দেখাশোনা করে। ওরা তবু যাও বা পায়, খুবই কম। ওরা তার চেয়েও কম পায়। এদের কিন্তু কোন appoinment letter, VSI, PS - এগুলো আজ পর্যন্ত হল না। আমি এই নিয়ে বারবার বলেছি। আমি আরও একবার মনে করিয়ে দিচ্ছি, যদি জবাবের সময় অন্ততঃ সদর্থক কোন বক্তব্য পাওয়া যায়। স্যার এই দফায় যে পাঁচটি বাজেট হল - 2016, 2017, 2018, 2019, 2020, আমরা কতকগুলো নির্দিষ্ট প্রস্তাব দিয়েছিলাম। অনেকগুলো প্রস্তাব কোন না কোন সময় ঘুরিয়ে পেঁচিয়ে সরকারকে হয়ত গ্রহণ করতে হচ্ছে। আমরা তখনই বলেছিলাম উঁচু ক্লাসের ছেলেরা, যাদের জরুরী হবে, তাদের ল্যাপটপ দেওয়া হোক, ২০১৬ -তে বলেছিলাম। তখন মনে পড়ল না, ১৭ তে মনে পড়ল না, ১৮ তে মনে পড়ল না, এখন ভোট সামনে, ভোট বড় বালাই। তাহলে শিক্ষার জন্য করছি না ভোটের জন্য করছি। দাঁড়াও, আমি তোমার পক্ষে, প্রস্তাবটা আমিও দিয়েছিলাম। নির্দিষ্টভাবে এখানে প্রস্তাব দিয়েছিলাম তোমায়। পশ্চিম বাংলা এবং গোটা দেশে বয়স্ক মানুষ ভয়ংঙ্কর বিপদের মধ্যে আছে। ইট ইজ এ জেনুইন কনসার্ণ, তাদের জন্য আমরা কি ব্যবস্থা করব, কি ব্যবস্থা করতে

পারি। স্পেশ্যাল অ্যারেঞ্জমেন্ট, স্যার কন্ট্রাক্টচুয়ালস্ যাঁরা আছেন, গ্রুপ-ডি কন্ট্রাকচুয়াল সরকারী, তার চাইতে কম সরকারের থেকে বেতন আর কারোর কি পাওয়া উচিত? 3999' Circular No. Finace (Audit) 2019, সেটা কন্ট্রাক্টচুয়ালদের জন্য, এটা কেন আমরা কার্যকরী করব না ? গ্রুপ ডি-র চাইতে গ্রুপ-সি একটু ওপরে। মাস্টারমশাইরা গ্রুপ-ডি র চাইতে একটু ওপরে, মিনিমাম। সম কাজে সমবেতন ইত্যাদি। সেটা না হয় পরে হল। আমি অনেকবার বলেছি। পরিযায়ী শ্রমিক, তখন পরিযায়ী শ্রমিকদের গল্পটা আসে নি কেন, তখন লকডাউনটা হয় নি। তারা কোথায়, যাচ্ছে কোথায়, খাচ্ছে কোথায়, তাদের সরকারী একটা বন্দোবস্ত, তারা খুব বিপদে পড়ে যাচ্ছে, যেমন বাইরের দেশে গেলে মিশন থাকে। তাহলে বাইরের রাজ্যে যেহেতু আমাদের লাখো লাখো লোক, একটা কোন মিশন ব্যবস্থায় আমরা তাদের দেখভাল করব কিনা, এটা তখন আমরা অনেকবার বলছিলাম। ইকোনমিক্যালি উইকার সেকশান, ই.ডব্ল.এস., মন্ত্রী মহাশয় আমার সঙ্গে সহমত হবেন, অনেকবার বলেছি এবং আমি খুশী যে শেষে গত বছর ই.ডব্লু.এস. সার্টিফিকেট ডিসিশানটা গভর্নমেন্ট করল ২০১৯ -এর পর। তাদের এনগেজমেন্টের জন্য যে সংরক্ষণ অথবা পরীক্ষার জন্য, পড়াশোনার জন্য যে সংরক্ষণ, তার সার্কুলারটা বোরোতে দু' বছর লেগে গেল। এখনও বেরোচ্ছে না। স্যার, ওরা কিন্তু এক এক জায়গায় এক এক রকম। ওরা না ঘরকা, না ঘাটকা, এই রকম একটা অবস্থার মধ্যে পড়ে রয়েছে। কে দেখবে এটা? স্যার, ডব্লু.বি.এইচ.এস.-এই হেল্থ স্কিম কলেজের মাস্টারমশাইরা যদি তার সুযোগ পান, তাহলে স্কুলের মাস্টাররা সহ অন্যরা কেন পাবেন না ? প্রাইভেট মাস্টাররা কেন পাবেন না? লজিকে আসুন, একটা লজিক থাকতে হবে। হঠাৎ আমার মনে হল একটা করলাম, তার পর আবার মনে হল এটা করলাম না, এটা হতে পারে না। মন্ত্রী মহাশয় এখানে আছেন, শোভনদা, আমি এর আগেও বলেছিলাম, উনি বলেছিলেন পরে উত্তর দেবেন, কিন্তু আর দেন নি। বিদ্যুৎ পর্ষদ হোক বা সি.ই.এস.সি. হোক, এর ডব্ল্ দাম, হচ্ছেটা কি এটা ? বিদ্যুতের যে খরচ ২০১১ সালে কোন একটা পরিবারে ছিল, সবাই খোঁজ করে দেখুন এখন সেটা ডব্ল্ হয়ে গেছে। তাহলে কি বন্দোবস্ত আমরা করব ? সেই বন্দোবস্ত তো আমাদের করতে হবে। ...(নয়েজ)...নিবাচিত প্রতিনিধিদের সম্পদ বৃদ্ধি - বেচারাম তোমার কথা বলছি না, নির্বাচিত প্রতিনিধিদের সম্পদ বৃদ্ধি, এম.এল.এ., এম.পি., থেকে গ্রাম পঞ্চায়েত, কোন হিসাবপত্র কি করা হবে? নাকি বে-আইনী সম্পদে ভরপুর এটাই হবে নির্বাচিত প্রতিনিধিদের সব চাইতে বড় ক্রেডিবিলিটি। অনেকবার বলেছি, একবার নয়, একাধিকবার বলেছি। তার কোন বন্দোবস্ত কিন্তু আজ পর্যন্ত করা হয় নি। আমি সেই কারণে বলছি, অনেকগুলো এই রকম কথা আছে এগুলো গুরুত্ব দিতে পারলে ভালো হত বলে অন্ততঃ আমার নিজের ধারণা। আমি বাজেটের বইতেই থাকব, আমি বাইরে যাব না। অন্য কোন কিছুর মধ্যে যাবার দরকার নেই। বাজেটের বইতে আপনি আসুন। পেজ - থ্রি, সড়ক নির্মাণের জন্য বিশ হাজার কিঃমিঃ এ বছর রাস্তা।

[2:00 – 2:10 p.m.]

পেজ ২০তে আসুন, ২০২০-২১ বর্ষে গ্রামীণ সড়ক যোজনায় ৭৫০ কিলোমিটার, প্লাস হবে ১৯০০ কিলোমিটার।

পেজ 41 এ আসুন-পি.ডব্লু.ডি। ১৪১ + ১৮৩ + ১৪০ মোট ৪৬৪ কিলোমিটার রাস্তা বিভিন্ন ধরনের হয়েছে বলে বলা হয়েছে। আর বিভিন্ন জেলাতে ৬৭৪। বাকিগুলো জেলার বাইরে অন্য রাজ্যে কিনা আমি জানি না। বিভিন্ন জেলায় একটা আর বাকিগুলো আলাদা করে বলা আছে। সব যোগ করলে দাঁড়ায় ৩৮০০ কিলোমিটার। পেজ ৩, ২০,০০০ কিলোমিটার রাস্তা হয়ে গেছে। What is paradox? আমি জানি না, অর্থমন্ত্রী সেই সব কারণেই অ্যাভয়েড করলেন কিনা। গুল-গাপ্পার তো একটা সীমা থাকা উচিত। গুল-গাপ্পার একটা সীমা থাকা উচিত। মাত্রাতিরিক্ত হয়ে গেলে ভালো লাগে না।

পেজ 27, 28-বন। অনেক কথা আসলো, কিন্তু বনসহায়ক নিয়োগে দুর্নীতি, সেইটাতে মাননীয়া মুখ্যমন্ত্রীর অভিযোগ সেইটা পর্যন্ত এখানে বলা গেল না। ওটা তো মুখ্যমন্ত্রীর অভিযোগ, অন্য কারও অভিযোগ নয়।

স্যার, পেজ 35, ক্লাবের টাকা-পয়সার কথাটা উল্লেখই হলো না? অথচ আরামবাগের পুলিশ - সবাই জানেন, একেবারে ভিডিও ভাইরাল হয়েছিল, ব্যাচারামও জানেন - সেখানে ক্লাবকে টাকা দিয়েছে এই প্যানড্যামিকের প্রিয়োর্ডের মধ্যে, তারও কোনও উল্লেখ নেই? তা নিয়ে হৈ-চৈ হয়ে গেল, গ্রেপ্তার হয়ে গেল। ফলে এগুলো কি হচ্ছে, কোনটা কে কি করছেন, বোঝা যাচ্ছে না।

পেজ 78 তে তপশিলি জাতি ও আদিবাসী ইত্যাদির ২০ লক্ষ স্থায়ী বাড়ি হবে পাঁচ বছরে। অ্যাভারেজ চার লক্ষ। বরাদ্দ কত হয়েছে? ১৫০০ কোটি। ১৫০০ কোটি ডিভাইডেড বাই চার লক্ষ, কি দাঁড়াচ্ছে? সাড়ে সাঁইত্রিশ হাজার টাকায় স্থায়ী বাড়ি হবে তপশিলি অথবা আদিবাসীদের? এটা কিসের অঙ্ক? কাকে বোঝানো হচ্ছে? কেন এই সব অঙ্ক দেওয়া হচ্ছে? কে এই সব অঙ্ক বানাচ্ছে? আমি জানি না, এই অঙ্ক কি অর্থমন্ত্রী বানাচ্ছেন, মুখ্যমন্ত্রী বানাচ্ছেন, নাকি ভিন্ রাজ্যের কোনো পরামর্শদাতা তাঁর পরামর্শে আমরা এই সব উল্টোপাল্টা কাজ করে ফেলছি। ভয়ঙ্কর বিপজ্জনক হতে পারে কিনা, আমি দেখবার জন্যই এই কথাগুলো বলছি।

পেজ ৮০, ৮১। আমি খুব খুশি- 'নেতাজী ব্যাটালিয়ন'। ক'দিন আগে যে বলা হলো, ব্যাটালিয়ান হবে ৩টে তাতে তো নেতাজী ব্যাটালিয়ান ছিল না। নারায়ণী সেনা ব্যাটালিয়ান - আরও যেন কি কি সব বলা হয়েছিল। তখন মনে পড়ে নি? ভিক্টোরিয়ার কারণে, প্রধানমন্ত্রীর চাপে? প্রধানমন্ত্রী আমাদের শেষমেস 'নেতাজী' মনে করিয়ে দিচ্ছেন? আরে আগে মনে করতে পারলাম না? 'জয়হিন্দ' তো ভালো, আমি তো 'জয়হিন্দে'র পক্ষে, জয়বাংলা না। নেতাজীর অনুষ্ঠানের সঙ্গে 'জয়হিন্দ' যায়, ওটার সঙ্গে জয় বাংলা যায় না। এখানে 'জয়হিন্দ' বলেছেন, এখানে আমি আপত্তি করছি না। কিন্তু 'নেতাজী' এতো দিন ধরে মনে পড়লো না কেন, স্যার? এই বার নেতাজী কমিশন হবে, রাজ্য যোজনা কমিশন - ৮১ পৃষ্ঠা। নেতাজী কমিশন যখন হবে রাজ্য তাহলে রাজ্যের পরিকল্পনা পর্ষদ কি গত আড়াই বছর ধরে সভা করেছে? জেলা পরিকল্পনা কমিটিগুলো তারা কি গঠিত হয়েছে, তারা কি কাজ করছে, তারা কি বসছে? পরিকল্পনা তো তুলে দিয়েছে, স্যার। নেতাজীর যে মূল স্পীরিট সেই স্পীরিট তো আমরা তুলে দিয়েছি।

নতুন গ্রামীণ রাস্তা, পেজ নম্বর - ৮৫। এ বছর হবে ১০ হাজার কিলোমিটার। ব্যয়বরাদ্দ ৫০০ কোটি টাকা। আবার আপনি ৫০০ কোটি ডিভাইডেড বাই ১০ হাজার করুন, স্যার। পাঁচ লক্ষ টাকা পার কিলোমিটার রাস্তা। মাটির রাস্তা, নাকি খুয়ার রাস্তা, নাকি ভ্যাটস্-এর রাস্তা? পার কিলোমিটার রাস্তা পাঁচ লক্ষ টাকায় কোন রাস্তা হয়? কোন এম.এল.এ.বলতে পারবেন, কে এই সব হিসাব করছেন? আমি সেই কারণেই বলছি যে, গুল-গাপ্পাটা বড্ড বেশি হয়ে গেলে একটু মুশকিল হয়ে যাবে।

শূন্যপদ, তথ্য ভুল - ৯০ পাতা। স্যার, ৯১ পাতায় একটা তথ্য দেওয়া আছে। ১০ বছরে ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার চাকরিতে নিয়োগ হয়েছে। গত বছরের বাজেট বইটা খুলুন, স্যার। তার আগে প্রত্যেকটা বাজেটে যত যত নিয়োগ হয়েছে যোগ করুন। যোগ করলে গত বছর পর্যন্ত ফিগারটা আমি হাউসেই বলেছিলাম, ১ কোটি ৩০ লক্ষ। তাহলে সাড়ে সতের লক্ষ কি উড়ে গেল? গতবার পর্যন্ত যেটা ছিল ১ কোটি ৩০, সেইটা এবারে হয়ে গেল ১ কোটি ১২। আর সেটা হবে কত? সেটা হবে নাকি এবার ১ কোটি ৩০। এবার নাকি ১ কোটি ৩০ না, এবার বোধ হয় ১ কোটি ৫০ বলেছে। এবার বোধ হয় ১ কোটি ৫০, কিছু একটা বলেছে। আচ্ছা বেশ। গত বারের বুথের হিসাবে ছিল ১৬৭। এবারে নেমে গেল বুথের ১৪৩। কোনো এম.এল.এ. তাঁর এলাকার কোনো বুথে ১৪৩ জন কোন এমএল? এই দিক আর ওই দিক, ১৪৩ জনের নামের তালিকাটা কি আপনাকেই জমা দিতে পারবে, স্যার? আমার দরকার নেই। ভুল হয়ে যাচ্ছে স্যার।

স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে বনমন্ত্রী একটা কী কাজ করলো, অমুক, তমুক, ইত্যাদি, ইত্যাদি - সব বে-আইনী হয়েছে। বনমন্ত্রী কদিন আগে পর্যন্ত মাননীয়া মুখ্যমন্ত্রীর কনফিডেন্সে ছিলেন। বনমন্ত্রী বলছেন 'সে কী, তালিকা তো করেছে কালীঘাট। লিস্ট তো এসেছে নবান্ন থেকে', কাগজে, সবাই দেখেছেন, on camera. তাহলে হয় মাননীয়া মুখ্যমন্ত্রী ঠিক বলছেন না হলে বনমন্ত্রী ঠিক বলছেন। হয় M.L.A. কালনা ঠিক বলছেন না হলে M.L.A. কালনাকে যে চাপিয়ে দিচ্ছে এক মন্ত্রী সে ঠিক বলছে। এটা কী হচ্ছে বলুন তো স্যার। গ্রুপ-ডি যারা, পছন্দসই M.L.A., তাদের কাছ থেকে নামের যে তালিকা নেওয়া হয়েছিল তাদের অ্যাপয়েন্টমেন্ট-টা কী হয়েছে ? সেটাও কী ফেয়ার হয়েছে? এই যে এত কাণ্ডকারখানা চলছে স্যার এটা কে দেখবে? সরকারের কোন দপ্তর দেখলে পারবে না। নিরপেক্ষ কোন দপ্তর কী দেখবে? ফাঁক আছে? আপনি অর্ডার দিন যে নিরপেক্ষ কোন বন্দোবস্ত করে এই রিপোর্ট আগামী এক মাসের মধ্যে জমা পড়ুক। এবং শুধু বন দপ্তর বললে হবে না, S.S.C.-র কী হল? টেটের কী হল ? বহুবার বহু অভিযোগ এই হাউজে চর্চিত হয়েছে এগুলো সমস্ত ভালো করে দেখা হোক স্যার। সরকার ১৩টা কমিশন করেছে বা হয়তো আরো বেশি হবে। কিন্তু রিপোর্টগুলো কোথায়? কোথায় রিপোর্ট? তাহলে এই যে আমরা মাঝে-মধ্যে বলি এটা হয়েছিল, ওটা হয়েছিল, কৈ-মাছ ঢুকে গিয়েছিলো, অমুক হয়েছিল - কোথায়? সরকার কমিশন করেছে কমিশনের রিপোর্ট দেয় নি। চিট ফান্ডের কমিশন করেছে শ্যামল সেন তার রিপোর্ট দেন নি। তাহলে সরকার যে কথাগুলো বলছে সেই কথাগুলো রাখার সুযোগ সরকারের নেই বলেই আমি আপনাকে এই কথা বলছি। আপনি ভালো করে দেখুন স্যার।

আমার শেষ কথা হবে, বাজেটে কার্যত বঞ্চনার ছবি স্পষ্ট। আমার লাস্ট কথাটা হচ্ছে স্যার, দয়া করে একটা রুলিং পরে দেবেন। এটা বাজেট নয়, এটা নির্বাচনি ইস্তেহার। এটা বিধানসভায় না পড়লেও হতো। এটা কালীঘাটে বসে পড়ে দিলেও একই জিনিস হতো। এটা বাজেট না, এটা নির্বাচনি ইস্তেহার। আমি এই নির্বাচনি ইস্তেহারকে সমর্থন করছি না। এটা প্রত্যাহার করা উচিত। সেই কারণে হয়তো মাননীয় অর্থমন্ত্রী সাহস পান নি এখানে আসার। কেউ পরামর্শ দিয়েছেন, আর মাননীয়া মুখ্যমন্ত্রী পড়ে গেছেন। এই বাজেট বাতিল করা হোক এই দাবি নিয়ে আমি আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

Shri Snehasish Chakraborty : মাননীয় স্পীকার স্যার, গতকাল এই পবিত্র সদনে আমাদের বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী ২০২১-২২ আর্থিক বছরের যে বিবরণী পেশ করেছেন এবং সঙ্গে সঙ্গে প্রথম তিন মাসের যে ব্যয়বরাদ্দের প্রস্তাব রেখেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

মাননীয় সূজনবাবু চলে গেলেন। তাঁর কথার কিছু জবাব আমি দেবার চেষ্টা করতাম। যাই হোক আমি সদনে সেগুলো বলবো।

স্যার, আমি ছোটবেলায় নিরোদ সি চৌধুরীর 'আত্মঘাতী বাঙালী' পড়েছিলাম। তখন ভালো ভাবে বুঝতে পারি নি। কিন্তু আজকে 'আত্মঘাতী সি.পি.এম.'-কে বুঝি স্যার যারা 'এখন রাম পরে বাম' এই তত্ত্ব আঁকড়ে রয়েছে। স্যার, এটা বললে অত্যুক্তি হবেনা যে COVID 19 অতিমারিতে সারা বিশ্বের সাথে ভারতবর্ষ এবং পশ্চিমবঙ্গও আক্রান্ত হয়েছে। দীর্ঘদিন লকডাউন করে ব্যবসা-বাণিজ্য, অফিস-আদালত-সহ বিভিন্ন প্রতিষ্ঠান বন্ধ রাখতে হয়েছে, মানুষকে গৃহবন্দী রাখতে হয়েছে যাতে সংক্রমণ না ছড়ায়। ২০১৬ সালের 'নোট বন্দী'র ধাক্কা সামলাতে সামলাতে এই যে করোনা অতিমারীর অভিশাপ তা ভারতবর্ষের অর্থনীতিকে নিঃস্ব করেছে স্যার। তাই দেশের সামগ্রিক জি.ডি.পি. কমতে কমতে মাইনাস 23.9%-এ নেমে গিয়েছিল প্রথম ছ'মাসে। এ বছরের শেষে সেটা মাইনাস 7.8এর ওপরে উঠবে না এটা অর্থনীতিবিদরা বলছেন। কিন্তু কয়েকদিন আগে কেন্দ্রীয় সরকারের যে বাজেট পেশ হল সেই বাজেটে আমরা এই অন্ধকার থেকে, এই অমানিশা থেকে বেরিয়ে কোন আলোকবর্তিকার দিকে এগোতে পারবো কিনা তার কোন দিশা ছিল না। কিন্তু বাংলার বাজেট, গতকালের বাজেট এখান থেকে বেরিয়ে আসার, ঘুরে দাঁড়ানোর বাজেট বলে পরিগণিত হয়েছে, এবং বাংলা আবার পথ দেখাবে এটা আমরা দৃঢ়ভাবে বলতে পারি। বাজেট যে জনমুখী হয়েছে, মানুষের জন্য হয়েছে এটা তো সুজনবাবুর কথাতেই আমরা বুঝতে পারছি, বিরোধীদের কথাতে বুঝতে পারছি। তা না হলে তারা এটাকে ইস্তেহারের সঙ্গে তুলনা করতেন না।

[2:10 – 2:20 p.m.]

নির্বাচনী ইস্তাহারে তো মানুষের জন্য কথা বলা থাকে প্রতিটা দলে। এই বাজেটে মানুষের জন্য কথা বলা আছে এবং জনমুখী বাজেটই - এটা ওনারা প্রমাণ করেছেন। আমরা প্রমাণ করবো সেই কাজগুলোকে করবো কেমন করে? আমরা কীভাবে করবো? দেখুন এই কোভিড মহামারী

গেল, সেই কোভিড মহামারীতে সব ব্যবসা বাণিজ্য সব কিছু নষ্ট হয়েছে অর্থাৎ অর্থনৈতিক চাকা অন্তত শ্লথভাবে ঘুরেছে। এর থেকে বেরোবে কেমন করে? এর থেকে বেরনোর একটাই উপায় আছে মানুষের যে ক্রয় ক্ষমতা, যে পার্চেজিং পাওয়ার সেটাকে বৃদ্ধি করা যেটা কেন্দ্রীয় সরকারের বাজেটের মধ্যে ছিল না। অর্থাৎ মানুষের হাতে অর্থ তুলে দিতে হবে। তাতে চাহিদা তৈরি হবে। তাঁরা কেনাকাটা করবেন, ব্যবসা বাণিজ্য বাড়বে, শিল্প বাড়বে। শিল্প ব্যবসা বাণিজ্য বাড়া মানে আভ্যন্তরীণ যে উৎপাদন জি.এস.ডি.পি. সেটা বাড়তে থাকবে। সেটা যত বাড়বে আমাদের নিজস্ব কর সংগ্রহের পরিমাণও বাড়বে। আবার সেটা আমরা ডেভেলপমেন্টে খরচা করবো। একটা চক্রাকারে অর্থনীতি এগোতে থাকবে। আমি দুভাবে চেষ্টা করেছি। বামফ্রন্টের লাস্ট বছরের তুলনায় আমরা ক্যাপিটাল এক্সপেন্ডিচার মূলধনী ব্যয় সেটা ১৪ গুণ বৃদ্ধি করেছি ৩১ হাজার কোটি টাকা আজকে। সেদিন ছিল দুহাজার দুশো ছাব্বিশ কোটি টাকা মাত্র। Keynesian Multiplier formula অনুযায়ী সমাজকে পাঁচ গুণ ডিভিডেন্ট দেবে এই ক্যাপিটাল এক্সপেন্ডিচার রাস্তাঘাট, ব্রীজ, উড়ালপুল, গৃহ নির্মাণ কত স্থায়ী সম্পদ তৈরি করার কথা বলা আছে। পাশাপাশি আমরা কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, কমিউনিটি ডেভেলপমেন্ট, সামাজিক সুরক্ষা প্রকল্পের মধ্য দিয়ে মানুষের কাছে অর্থ পৌঁছে দেওয়ার চেষ্টা করেছি। আজকে প্রতিটি ৬০ বছর বয়সের উপরে মানুষ এক হাজার টাকা করে পেনশন পাবেন। কোন দিন ভাবতে পেরেছেন আপনারা? আজকে বিধবা মা মানেই সে ভাতা পাবে। আজকে যারা টুয়েলভে পড়বে তারা দশ হাজার টাকা করে স্মার্ট ফোন কিনতে পারবে। আজকে ৪৫ লক্ষ নির্মাণকর্মী এক হাজার টাকা করে এককালীন ভাতা পাবেন। কত সুযোগ-সুবিধা দেওয়া আছে, সবটাই বাজেটের বইতে লেখা আছে। আমি একটা কথা বলবো, ছোটবেলায় দেখতাম- দশ কোটি মানুষকে বিনা পয়সায় রেশনের চাল দিচ্ছি, খাদ্য দিচ্ছি সেটা আমরা বয়ে নিয়ে যাব বছরের পর বছর। স্বাস্থ্যসাথী কার্ড দেওয়া হচ্ছে প্রতিটি পরিবারে। আপনারা আঁতকে উঠছেন, আমাদের ব্লক স্তর থেকে একেবারে স্টেট জেনারেল হাসপাতাল, সুপার স্পেশালিটি হাসপাতাল, পি.জি, মেডিক্যাল কলেজ সমস্ত সরকারী উদ্যোগে চিকিৎসা ব্যবস্থা চলছে। স্বাস্থ্যসাথী কার্ড এর পরিপূরক হিসাবে কাজ করবে, প্রয়োজনটাকে মেটাবে। আমরা প্রতিটি পরিবারকে স্বাস্থ্যসাথী কার্ড দিয়েছি অর্থাৎ একটা পরিবারকেও আজকে আর চিকিৎসার জন্য অনিশ্চয়তার মধ্যে থাকতে হবে না। আমরা করেছি স্যার। ছোটবেলায় দেখতাম সি.পি.এম. পার্টির তখন বিরাট অবস্থা। সি.পি.এমে.র কর্মীরা দেওয়ালে দেওয়ালে লিখত সুজনবাবুদের ভাল লাগবে কথাটা শুনে - সকলের জন্য খাদ্য চাই, সকলের জন্য শিক্ষা চাই, সকলের জন্য চিকিৎসা চাই। তখন ছোটবেলায় ভাবতাম এত বিপুল জনসংখ্যার দেশ, এত দারিদ্র, এটা কি করে সম্ভব? সি.পি.এম. সেটা সম্ভব করতে পারে নি। মমতা বন্দ্যোপাধ্যায় সেটা বাংলার মাটিতে সম্ভব করে দেখিয়ে দিয়েছেন। আপনাদের স্বপ্নটা আজকে বাস্তবে রূপায়িত হয়েছে। তাই অনেকে আমাকে জিজ্ঞেস করে আপনাদের লড়াই কিসের জন্য? কাদের বিরুদ্ধে? বি.জে.পি.র বিরুদ্ধে শুধু? আমি বলি - না। আমাদের লড়াই শুধু বি.জে.পি.র বিরুদ্ধে নয়, আমাদের লড়াই শুধু সি.পি.এম.-কংগ্রেস, বি.জে.পি.র মত কোন রাজনৈতিক দলের বিরুদ্ধে নয়। আমাদের

লড়াই মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে দরিদ্রতার বিরুদ্ধে, অশিক্ষার বিরুদ্ধে, চিকিৎসাহীনতার বিরুদ্ধে। আমরা সেই লক্ষ্যেই এগোচ্ছি। সেই লক্ষ্যেই আমরা পৌঁছাবো। আজকে জি.এস.ডি.পি. কত গুণ বেড়ে গেছে 2.7। আমি অবাক হয়ে গেলাম সুজনবাবু কিসের সাথে তুলনা করলেন? 2.7 গুণ বেড়েছে জি.এস.ডি.পি.। উনি এখান থেকে উদাহরণ দিলেন বললেন স্টেট প্ল্যান 7.2 গুণ বেড়েছে, স্যোশাল সেক্টর 5.6 গুণ বেড়েছে। স্টেট প্ল্যান এক্সপেন্ডিচারের কথা বলা আছে। আপনাদের সময় এগুলোতে যে এক্সপেন্ডিচার ছিল সেই এক্সপেন্ডিচার কত গুণ বেড়েছে এটা বলা আছে। এর সাথে জি.এস.ডি.পি.র সম্পর্কটা কোথায়? আপনি এটা ভুল বলছেন। আপনি বললেন যে আমরা কুড়ি লক্ষ বাড়ি তৈরি করবো। কুড়ি লক্ষ বাড়ি তৈরি করবো এখন ধরা আছে দেড় হাজার কোটি টাকা। আপনি একটা সহজে অঙ্ক করে দিলেন চার লক্ষ।

আচ্ছা এটা এখানে লেখা আছে নাকি ? আমরা ৫ বছরে ২০ লক্ষ করবো, তার মানে প্রতি বছর ৪ লক্ষ করবো এটা লেখা আছে না কি ? আমাদের এটা ভিশান, আমাদের এটা লক্ষ্য আগামী পাঁচ বছরে একটি কাঁচা বাড়ি থাকবে না, মাটির বাড়ি থাকবে না। আমরা সব বাড়ি পাকা করে দেবো। মাথার উপর একটা শক্তপোক্ত আচ্ছাদন করে দেবো। দেড় হাজার কোটি টাকা ধরা আছে। আড়াই হাজার কোটি টাকা ধরা আছে বিভিন্ন রাস্তাঘাট, উড়ালপুল এগুলোতে। একটা উড়ালপুল করতে কত বছর লাগে ? এক বছরে হয় নাকি ? ৫,৭,১০ বছর লেগে যেতে পারে। সেখানে অর্থ ধরা আছে। এটা ভাগ করে কখনও হতে পারে না। এই বাজেটের মধ্যে আমরা এটাই দেখাতে চেয়েছি এই সরকার সকলের জন্য। এই সরকার বাংলার ১০ কোটি মানুষের খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা, শিক্ষা – প্রাইমারি নিডস্ সেগুলো পৌঁছে দেওয়ার চেষ্টা করছে। সঙ্গে সঙ্গে নগরোন্নয়ন দপ্তরের মাধ্যমে নাগরিক পরিষেবা, নাগরিক মানুষের জীবনযাত্রার মানকে উন্নত করার জন্য পরিকাঠামোবৃদ্ধি করার চেষ্টা করছে। আজকে তো লোডশেডিং হয় না। বামফ্রন্টের সময় কি ভয়ানকভাবে লোডশেডিং ছিল মানুষের দৈনন্দিন জীবনে। আজকে কিন্তু সেটা আর দেখা যায় না। আমরা করেছি, আজকে রাস্তাঘাট যেখানে যাবেন ঝাঁ চকচকে রাস্তা ১০ বছরে নির্মাণ করতে পেরেছি। আপনারা তো করতে পারেন নি সেগুলো। আজকে ঋণের কথা বলেন। বলে রাখি সুজনবাবু আমরা যে ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা নিয়ে যাত্রা শুরু করেছিলাম। আমরা ঠিক সময়মত সুদ আসলে সম্পূর্ণ শোধ করে দিয়েছি। কিন্তু আমাদের তো লোন বেড়েছে। একটা সরকার কি ইচ্ছামত লোন নিতে পারে না কি ? না নিতে পারে না, তার একটা বাধ্যবাধকতা আছে। আগে আভ্যন্তরীণ উৎপাদনের জি.এস.ডি.পি.-র ৩% লোন ছিল, আমরা সেটা বৃদ্ধি করার কথা বলেছি। সেন্ট্রাল গভর্নমেন্ট হয়তো সেটা বৃদ্ধি করার দিকে যাবে। আমাদের আভ্যন্তরীণ উৎপাদন তো অনেক বেড়েছে। সেই অনুযায়ী আমাদের লোন নিয়েছি। অভ্যন্তরীণ উৎপাদন জি.এস.ডি.পি.-র তুলনায় লোনের যে পার্সেন্টেজ আপনাদের সময় যেটা ছিল ৪০.৬৫% সেটা এখন কমে গেছে ৩৪.৫৭% - আমরা ৬% কমাতে পেরেছি। আমাদের যে আর্থিক শৃঙ্খলা রাজ্যের সেই আর্থিক শৃঙ্খলার মধ্যে আমরা রাজ্যের অর্থনীতিটাকে নিয়ে আসতে পেরেছি। যেটা আপনারা কখনই পারেন নি। আজকে জি.এস.ডি.পি.-র তুলনায় রাজকোষ

ঘাটতি যেটা আপনাদের সময় ৪.২৪% ছিল সেটা এখন কমে দাঁড়িয়েছে ২.৯৪%। আমরা ৩%র মধ্যে বেঁধে রাখতে পেরেছি। রাজকোষ ঘাটতি আপনাদের সময় ছিল ৩.৭৫% ছিল লাস্ট বছরে। আমরা সেটা এখন ১.৫৭% নামাতে পেরেছি। এটা ২% নিচে মানে সন্তোষজনক। আমরা এটা করতে পেরেছি।

সবথেকে বড় ব্যাপার হল আজকে এই বাজেটের মধ্যে দিয়ে যেটা দেখতে পাচ্ছি সেটা হল একেবারে দরিদ্র, বিভিন্ন জনগোষ্ঠী, পিছিয়ে পড়া জনগোষ্ঠী - সেই জনগোষ্ঠীর দিকে কোনদিন কোন সরকার নজর দেয় নি। আমাদের দেশ যখন স্বাধীন হয় ১৯৪৭ সালের ১৫ ই আগস্ট তার ঠিক ১৪ দিনের মাথায় আমাদের সংবিধান তৈরির ড্রাফ্টিং কমিটি তৈরি হয়েছিল। সেই ড্রাফ্টিং কমিটিতে বিখ্যাত সব মানুষ ছিলেন। গোপালেশ্বর আইয়ার, টি.টি. কৃষ্ণমাচারি, কেমুন্সী, এম.মাধবন, কৃষ্ণস্বামী আইয়ার - বিখ্যাত মানুষরা ছিলেন, কিন্তু তার চেয়ারম্যান কাকে করা হল - বি.আর.আম্বেদকর। কে ছিলেন বি.আর. আম্বেদকর? একজন পিছিয়ে পড়া, মাহার জাতির মানুষ। অচ্ছুৎ - এমন কি বি.আর. আম্বেদকর যখন স্কুলে যেতেন তখন স্কুলের ঘরে তার ক্লাস করতে দেওয়া হত না। বারান্দায় তাঁকে পড়াশুনা করতে হয়েছে। এই রকম একটা পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মানুষ ভারতবর্ষের সংবিধান রচনার মাথার উপরে বসানোর মধ্যে দিয়ে সেদিনই বলে দেওয়া হয়েছিল ভারতবর্ষের ভাবনা কি হবে, দর্শন কি হবে। অর্থাৎ শ্রেণি শত্রুতা নয়, শ্রেণি সমন্বয়ের মধ্যে দিয়ে, পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে উপরে তুলে এনে তার মধ্যে দিয়ে আমরা সমতার জায়গায় পৌঁছাই। কিন্তু কি হল ৭০ বছরে ? শুধু এস.সি.,এস.টি.-দের জন্য নির্বাচনে সংরক্ষণ, আর চাকরিতে সংরক্ষণ। আপনারা কি করেছিলেন ৩৪ বছরে ? আমরা কি করি নি তাদের জন্য ? আজকে বাজেটের মধ্যে আমার খুবই ভাল লাগছে আমরা শুধুমাত্র এস.সি.,এস. টি.-দের প্রতিটি ৬০ বছরের উপর মানুষের জন্য ভাতা করে দিয়েছি। শুধু তাই নয়, এস.সি.,এস. টি. পরিবারদের মাটির বাড়ি আগামী দিনে থাকবে না। এটা আমাদের লক্ষ্য, এটা আমাদের ভিশআন। এই বাজেটের মধ্যে কোনটা ৫ বছর, কোনটা ৩ বছর - এইভাবে তৈরি করা হয়েছে।

[2:20 – 2:30 p.m.]

এক বছরের মধ্যে আমি টাকা জোগাড় করলাম, খরচা করে ফেললাম, এটা কখনও একটা বাজেটকে শক্তিশালী বাজেট বলা যায় না। অনেক কিছু আমাদের ভবিষ্যতের দিকে তাকিয়ে খরচ করতে হয়। সেই দিশাগুলি এই বাজেটের মধ্যে একেবারে নিহিত রয়েছে। এই যে এস.সি., এস.টি. তাদের পাকা বাড়ী, তাদের বার্ধক্য ভাতা বা তাদের এলাকাগুলিতে পঞ্চায়েতের মাধ্যমে রাস্তা-ঘাট তৈরি করা, সেগুলি তো চলছে। সুজনবাবু বললেন কুড়ি হাজার কিলোমিটার রাস্তা, এটা কোথা থেকে এল, এখানে তো যোগ করলে ৩৮ হয়। সুজনবাবু, আপনি গ্রামেগঞ্জে যান? হয়তো যান না, চেহারাটা পুরোটা বদলে গেছে। গ্রামে আপনাদের সেই পায়ে হাঁটা, কাদার রাস্তা আজকে আর নেই। গ্রামের মধ্য দিয়ে অলি-গলি সমস্ত ঢালাই হয়ে গেছে তৃণমূল সরকারের আমলে পঞ্চায়েতের মাধ্যমে। আমরা তো করেছি গ্রামীণ রাস্তা, সেগুলো যোগ করলে কুড়ি হাজার

তো হবেই। গ্রামের মধ্যে সেই রাস্তাগুলো তো হয়েছে। আমি যে কথা বলছিলাম, এই হাউস থেকেই আমাকে হায়দ্রাবাদে একটা রুরাল ডেভেলপমেন্টের সেমিনারে পাঠিয়েছিলেন মাননীয় স্পীকার সাহেব। আমি হায়দ্রাবাদে গিয়েছিলাম, সেখানে আমি দেখলাম, যেটা জোর দেওয়া হল, সেটা কি ? সেটা হচ্ছে এডুকেশান, অর্থাৎ যে কোন কমিউনিটি, যেখানে আর্থিক ডেভেলপমেন্ট বেশি, আমরা পরীক্ষা করলেই দেখব সেখানে এডুকেশান বেশি ছিল, সেটা যে জনগোষ্ঠীর মধ্যেই হোক। আর্থিক দিক থেকে যখনই সে বড়, দেখা যাবে সে এডুকেশানের দিক থেকেও বড় ছিল, অর্থাৎ শিক্ষাটা হচ্ছে সবথেকে গুরুত্বপূর্ণ বিষয়, এটা যদি দেওয়া যায় তাহলে স্বাবলম্বী হয়ে ওঠে। কিন্তু তফশিলী জাতি, আদিবাসীভুক্ত মানুষদের জন্য একশোটা নতুন ইংরাজী স্কুল তৈরি হবে, ভাল লাগছে। আজকে অলচিকি ভাষার জন্য পাঁচশো নতুন স্কুল, পাঁচ বছরে, এখানে ধরা হয়েছে একশো কোটি টাকা, ভাববেন না একশো কোটি টাকায় অতগুলো স্কুল, এটা পাঁচ বছরের জন্য আমরা করব। আর নেপালী, উর্দু, হিন্দী, কামতাপুরী, কুরমালি ভাষার জন্য একশোটি নতুন স্কুল, চা বাগান এলাকার সাদ্রী ভাষার জন্য একশোটি নতুন স্কুল, রাজবংশী ভাষার জন্য দু'শোটি বিশ্ববিদ্যালয় কখনও আপনারা ভাবতে পারেন নি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী উন্নয়নের যে বৃত্ত রচনা করেছেন, কাউকে কিন্তু তিনি বাদ দেন নি। সব শ্রেণির, সব ধর্মের, সব জাতির, সমস্ত জনগোষ্ঠীর মানুষকে নিয়েই আজকে বাংলার এই উন্নয়ন। তাই এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার কথা শেষ করলাম।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারপ্রাপ্ত অর্থ দপ্তরের মাননীয় মন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট বিবৃতি ২০২১-২২ সালের, ৫ই ফেব্রুয়ারী পেশ করার কথা ছিল, তাঁর শারীরিক অসুস্থতার কারণে বাংলার উন্নয়নের কান্ডারী আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী এই পবিত্র সদনে বাংলার সর্বস্তরের সব ধর্মের মানুষের জন্য যে জনমুখী বাজেট পেশ করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানাই। গতকাল যে বাজেট বাংলার মানুষের জন্য ঘোষণা হয়েছে, তার ফলশ্রুতিতে আজকেই অনুভব করা যাচ্ছে যে আগামী নির্বাচনে কংগ্রেস- সি.পি.এম. জোট এবং ভারতীয় জনতা পার্টির সর্বভারতীয় সভাপতি নাড্ডা সাহেব গ্রামে গ্রামে ঘুরে গরীব মানুষদের কাছ থেকে চাল সংগ্রহ করে খিচুড়ী ভোগ করছেন। ভারতীয় জনতা পার্টির সদস্যরা ভাবছেন তাঁরা ক্ষমতায় এসে গেছেন। কৃষকদের যে আন্দোলন, ভারত সরকার যে প্রতিষ্ঠা করেছেন, তার বিরুদ্ধে লড়াইকে বাংলার সর্বস্তরের মানুষ বিগত ১১ সাল, বিগত ১৬ সাল, আগামী ২১ সালেও বাংলার সব ধর্মের মানুষের আর্শীবাদ, দোয়া, শুভেচ্ছায় ....

তৃতীয় বারের জন্য বাংলার উন্নয়নের কান্ডারী প্রিয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার গঠন হবে এটা নিশ্চিত। সেই জন্যই আমার মনে হয় দীর্ঘ ৩৪-৩৫ বছরে বামফ্রন্ট সরকারের শাসন ব্যবস্থায় এই রকম জনমুখী বাজেট আমি ১০ বছর বিরোধী দলের সদস্য ছিলাম, কিন্তু দেখি নি। তাই সুজনবাবু আমার মনে হয় খুব ভাল ভাল কথা বলে এখান থেকে বিদায় নিলেন। আমার মনে হয় আগামী নির্বাচনে তাদের বিদায়ের ইতিকথা এখানেই শেষ হয়ে যাচ্ছে, এটা নিশ্চিত। আমরা ১০ বছরে বাংলায় গ্রামীণ এলাকায় স্বাধীনতার পর থেকে

মানুষের যে দুঃখ, দুর্দশা, তাদের যে কষ্ট, তাঁদের যে গ্লানি তারা নিশ্চিতভাবে ১০০% আজকে বাংলার বিভিন্ন স্তরে, বিভিন্ন ধর্মের মানুষের কাছে আমরা পৌঁছে দিতে পেরেছি। আজকে স্বাস্থ্য, শিক্ষা, কৃষিক্ষেত্রে সার্বিক উন্নয়নের ক্ষেত্রে বাংলার মানুষ নতুন দিশা দেখতে পেয়েছে। এখানে আমাদের শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী আছেন। শিক্ষার ক্ষেত্রে আমাদের বিদ্যাসাগর মহাশয়, মদনমোহন তর্কালঙ্কার মহাশয় যাঁরা নারী শিক্ষার প্রবর্তক, আজকে নারী শিক্ষাকে এবং সার্বিক শিক্ষার ক্ষেত্রে যে উন্নয়নের বাতাবরণ তৈরি করেছেন তা নদীয়া জেলা দিয়েই প্রমাণ করা যায়। বাংলার মা-মাটি-মানুষের সরকার, বাংলার প্রিয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বাংলার মানুষকে যা বলেন তা বাস্তবরূপে করেন। তাই আজ কন্যাশ্রী বিশ্ববন্দিত। আজকে কন্যাশ্রী ইউনিভার্সিটিটাও আমাদের নদীয়া জেলায় চৈতন্য মহাপ্রভুর পবিত্র মাটিতে তিনি ঘোষণা করেছেন, এবং এই বছরের জানুয়ারি মাসেই আমাদের শিক্ষামন্ত্রীর শিক্ষা দপ্তর অ্যাডমিশান শুরু করে তা চালু করেছেন। এটাই হচ্ছে মা মাটি-মানুষের সরকারের প্রধান লক্ষ্য ও কর্তব্য। নদীয়া জেলায় কৃষ্ণনগরে একটি সরকারী মহাবিদ্যালয় ছিল। আমাদের জেলাতে ১৩ সালে ঘোষণা হয়েছিল, ১৫ সালে চারটি সরকারী মহাবিদ্যালয় পেয়েছি। সংস্কৃত ইউনিভার্সিটি নবদ্বীপে তৈরি হয়েছে। আজকে কল্যাণীর জাগুলিতে টেকনোলজি ইউনিভার্সিটি তৈরি হয়েছে। সেই কারণে স্বাস্থ্য, শিক্ষাক্ষেত্রে, কৃষিক্ষেত্রে আজকে কৃষক বন্ধু থেকে শুরু করে বাংলায় কয়েক হাজার কৃষক যারা মৃত্যুজনিত কারণে পরলোক গমন করেছেন তাদের ক্ষেত্রেও বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে ২ লক্ষ টাকা করে সহায়তা করা হয়েছে। আমি বেশি কথা বলতে চাই না। ৩৪ বছর শাসন ব্যবস্থায় যাঁরা বামফ্রন্ট, সরকারের নেতৃত্বে ছিলেন আমাদের প্রয়াত মুখ্যমন্ত্রী কমরেড জ্যোতি বসু, কমরেড বুদ্ধদেব ভট্টাচার্য্য। বাংলার মানুষের কাছে গতকালের যে শেষ অন্তর্বর্তী বাজেট ঘোষণা করেছেন বাংলার সার্বিক উন্নয়নের ক্ষেত্রে আমি ১০ বছর ছিলাম, কিন্তু আমি তা দেখিনি। আজকে তাই লেজ গুটিয়ে যারা জোট করেছে কংগ্রেস, সি.পি.আই.এম তাদের দূরবীন দিয়ে বাংলায় দেখতে হচ্ছে এবং ভারতীয় জনতা পার্টিকে অত্যন্ত চ্যালেঞ্জের সুরেই বলতে চাই এই বাজেট বক্তৃতার ভিতরে যে কৃষক সমাজ ভারতবর্ষের যে আন্দোলন শুরু করেছে আগামী দিনে লোকসভা বলুন, আগামী দিনে বিধানসভা বলুন তাতে পরিষ্কার ছবি বাংলা সহ ভারতবর্ষের মানুষ অনুভব করতে পেরেছে।

[2:30 – 2:40 p.m.]

এই ভারতবর্ষের একমাত্র প্রতিবাদী কণ্ঠ শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় যিনি নোটবন্দীর সময়ে ভারতবর্ষের মানুষের পাশে দাঁড়িয়েছিলেন, কৃষক আন্দোলনের পাশে পশ্চিম বাংলার মা মাটি মানুষের সরকার দাঁড়িয়েছে, আমাদের লোকসভার সম্মানীয় সদস্য - সদস্যাবৃন্দ, রাজ্যসভার সদস্য - সদস্যাবৃন্দ দাঁড়িয়ে বলেছে যে - কৃষকভাই, যতক্ষণ না এই কালা আইন তুলে না নেবে, আমরা বাংলার সর্বস্তরের মানুষ তোমাদের পাশে আছি। তাই অত্যন্ত গর্বের সাথে বলতে পারি যে, আগামি বিধানসভা নির্বাচনে যে জনমুখী বাজেট দেখে ওরা স্তম্ভিত হয়ে গিয়েছে, তাতে ওদের পালানো ছাড়া কোন পথ নেই। আমি বাংলার গ্রাম চাকদা থেকে নির্বাচিত

প্রতিনিধি, আমার পিছিয়ে পরা ব্লক নাকাশিপাড়া, সেই ব্লকে এই ১০ বছরে আমাদের জনপ্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমার বিধানসভা নদীয়া জেলা সহ সারা পশ্চিম বাংলার পাহাড় থেকে সাগর, সাগর থেকে জঙ্গলমহল সহ আমরা যারা দক্ষিণবঙ্গ জেলায় বাস করি, সেখানকার সার্বিক উন্নয়নের কথা ওরা সারা রাত পড়লেও শেষ হবে না। তাই আজকে তাঁরা গুটি - গুটি পায়ে কোনরকমে মুখ ঢেকে বক্তৃতা দিয়ে, বাজেটে অন্য কথা না বলে যাঁরা শুধুই সমালোচনা করে গেলেন, সেখানে তৃণমূল কংগ্রেস বিগত দিনেও আমরা যখন বিরোধী দলে ছিলাম, আমাদের নেতৃত্বরা গঠনমূলক সমালোচনা করেছে। আমরা এই ১০ বছরে বিরোধীদের কোন গঠনমূলক সমালোচনা শুনতে পাই নি, তাই দৃঢ় চিত্তে বলতে চাই, যে তৃতীয় বারের জন্য বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে জনমুখী বাজেট সর্বক্ষেত্রে সমস্ত ধর্মের মানুষের কাছে সম্প্রীতিকে বজায় রেখে আমরা গণতন্ত্র, ধর্মনিরপেক্ষ, শান্তি এবং উন্নয়নকে সঙ্গে রেখে আগামিদিনে সেই শপথ আজকের এই পবিত্র সদন থেকে নিচ্ছি। নিশ্চিত জেনে রাখুন যত প্রলোভন দেখাক ভারতীয় জনতা পার্টি এবং কংগ্রেস, সি.পি.এম জোট - আবার আর একটা লেজুড় জুটেছে সংখ্যালঘু মানুষদের কাছে বিগত দিনে বিহারের নির্বাচনে অর্থের বিনিময়ে তারা তাদের সংখ্যালঘু মানুষদেরকে কিনবার চেষ্টা করেছে ভারতীয় জনতা পার্টিকে বলতে চাই, বাংলাতে এই জিনিস করা যাবে না। বাংলার যা কৃষ্টি, বাংলার সংস্কৃতি, বাংলার উন্নয়ন, বাংলার প্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমরা ১০ বছর চালিয়েছি, আগামি নির্বাচনেও সংখ্যাগরিষ্ঠতায় তৃতীয় বারের জন্য মা মাটি মানুষের সরকার গঠিত হবে। তাই এই জনমুখী বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় স্পীকার স্যার, এই পবিত্র সদনে মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী ৫ই ফেব্রুয়ারী, ২০২১ এবং ২২ অর্থবর্ষের যে বাজেট পেশ করেছেন তা বিগত বছরের মতনই জনদরদি বাজেট। বাংলার খেটে খাওয়া মানুষের বাজেট, আর্থ-সামাজিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষের বাজেট, রাজ্যের কর্মসংস্থানের বাজেট, মহিলাদের আর্থিক উন্নয়নের বাজেট। তফশিলী জাতি উপজাতিদের উন্নয়নের বাজেট, সংখ্যালঘু মানুষের উন্নয়নের বাজেট, কৃষক বন্ধুদের সহায়ক বাজেট, উদ্বাস্তুদের পুনর্বাসন সহায়ক বাজেট, চা শ্রমিকদের বাজেট, রাস্তাঘাট পরিকাঠামো আরও উন্নয়নের বাজেট, শিক্ষার পরিকাঠামো আরও উন্নয়নের বাজেট, সেচ ও জলপথ পরিবহণ পরিকাঠামোর আরও উন্নয়নের বাজেট, আমি এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলব। মাননীয় স্পীকার স্যার এ বারের বাজেটে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বেশ কয়েকটি জনমুখী প্রকল্প উপহার দিয়েছেন। বিনামূল্যে রেশন ব্যবস্থা চালু রাখার সময়সীমা আরও বাড়িয়েছেন, যা ৩০শে জুনের পরেও চালু থাকবে করোনায় ক্ষতিগ্রস্ত মানুষদের কথা ভেবে ১৫০০ কোটি টাকা এ বছরে বাজেটে প্রস্তাব এনেছেন। 'মা' প্রকল্পের অধীনে রান্না করা খাবার অত্যন্ত দুঃস্থ মানুষদের যাতে খুব কম দু'বেলা খেতে পায় তার জন্য এই বারের বাজেটে ১০০ কোটি টাকার প্রস্তাব রাখা হয়েছে। তার জন্য এইবারের বাজেটে ১০০ কোটি টাকা প্রস্তাব রাখা হয়েছে। বাংলার সব মানুষের জন্য স্বাস্থ্যসাথী প্রকল্পের ধারাবাহিকতা বজায় রাখার জন্য এ

বারের বাজেটে ১৫০০ কোটি টাকার প্রস্তাব রাখা হয়েছে। কৃষক বন্ধু প্রকল্পে আর্থিক সহায়তা ৫ হাজার টাকা থেকে বাড়িয়ে ৬ হাজার টাকা করা হয়েছে এবং ন্যূনতম ২০০০ টাকা থেকে বাড়িয়ে ৩০০০ টাকা করা হয়েছে। মাতৃবন্দনা কর্মসুচিতে আরো নতুন ১০ লক্ষ স্বনির্ভর গোষ্ঠী সমাজের দুঃস্থ নারীদের নিয়ে গঠন করা হবে ও তাদের স্বনির্ভর হওয়ার জন্য ২৫০০০ কোটি টাকা ঋণের ব্যবস্থা করা হয়েছে। পার্শ্ব শিক্ষকদের জন্য ধন্যবাদ জানাচ্ছি মাননীয় শিক্ষা মন্ত্রীকে। পার্শ্ব শিক্ষকদের জন্য বছরে তিন শতাংশ করে বেতন বৃদ্ধি এবং অবসরের সময় এককালীন তিন লক্ষ টাকার ব্যবস্থা করা হয়েছে। ৬০ বছর পেরোলে গরীব দুঃস্থরা পেনশান পাবেন। ১৮ বছরের বেশি বিধবা হয়েছেন যাঁরা, তাঁরা বিধবা ভাতা পাবেন, সারা দেশে যা নজিরবিহীন। প্রতি বছর ৯ লক্ষ দ্বাদশ শ্রেণির পড়ুয়া ট্যাব পাবেন। এর জন্য আমাদের শিক্ষামন্ত্রীকে অনেক অনেক ধন্যবাদ। তফশিলি জাতি-উপজাতির জন্য ২০,০০০ পাকা বাড়ি নির্মান করা হবে। তিন বছর অন্তর ১০ হাজার ছাত্র-ছাত্রীকে সরকারী দপ্তরে শিক্ষানবিশ এবং পরে চাকরি পাবে। দেড় লক্ষ উদ্বাস্তুকে জমির দলিল দেওয়া হবে। চা-সুন্দরী প্রকল্পের আওতায় তিন লক্ষ চা শ্রমিকের পাকা বাড়ি করে দেওয়ার প্রস্তাব রাখা হয়েছে। রাজ্যের বিভিন্ন ভাষাভাষিদের জন্য ৮০০ টি নতুন স্কুল তৈরি করা হবে। বাংলাকে আরও গতিময় করতে ও যাতায়াতের পথকে আরও মসৃণ করতে কলকাতা সহ পার্শ্ববর্তী জেলা গুলিতে অসংখ্য উড়ালপুল ও পথ, এছাড়াও পথশ্রী প্রকল্পের অধীনে ৪৬ হাজার কমি নতুন গ্রামীন রাস্তা তৈরি হবে। অর্থনীতিতে এর প্রভাব অপরিসীম। আর্থিক সাহায্য না পাওয়ায় সরকারি অনুমোদন প্রাপ্ত মাদ্রাসাগুলিকে আর্থিক সাহায্য করা হবে। দরিদ্র মাঝিদের মাসিক এক হাজার টাকা ভাতার ব্যবস্থা করা হবে। বিভিন্ন উপাসনা স্থানের জন্য বিশেষ ভাতারও ব্যবস্থা করা হবে। বাজেটের প্রতিটি লাইনের মধ্যে আমাদের জনদরদি মুখ্যমন্ত্রীর মানবিক মুখ ধরা পড়েছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী গত নয় বছরের মতো এবারও বুঝিয়ে দিলেন যতই সংসারে অনটন থাকুক না কেন জনগনের উপর কোনো বোঝা চাপাবেন না। (এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন ২০২১-২২ সালে, এই বাজেটটি তাঁরই লেখা। কিন্তু তিনি অসুস্থ বলে মাননীয় মুখ্যমন্ত্রী গতকাল এই সভায় এই বাজেট পেশ করেছেন। আমি অন্য কোনো কথা বলার আগে মাননীয় অর্থমন্ত্রীর আরোগ্য কামনা করছি। তিনি সুস্থ হয়ে উঠুন। স্যার, যে বাজেট পেশ করা হয়েছে, এই নিয়ে আমাদের পক্ষ থেকে কেউ কেউ বক্তব্য রেখেছেন।

[2:40 – 2:50 p.m.]

শাসকদলের পক্ষ থেকেও বক্তব্য রেখেছেন। আমি আপনার মাধ্যমে সভার সামনে একটা কথা পেশ করতে চাই। সেটা হল যে বাজেট পেশ করার সময়ে, সব সময়েই অ্যাকর্ডিং টু মার্ক হবে সেটা সময় হয় না। সামান্যতম পার্থক্য থাকতেই পারে। কখনো কখনো তা হয়েছে। কয়েকদিন আগে দিল্লীর সরকার যে বাজেট পেশ করেছেন সেই ক্ষেত্রে নিশ্চয়ই সারা বাংলার মানুষ, সারা ভারতবর্ষের মানুষ প্রতারিত হয়েছেন এবং এর দায়দায়িত্ব নিশ্চয়ই সকলের স্কন্ধে

আবার নতুন বোঝা বাড়াবে। স্যার, আমি সবার আগে যেটা বলতে চাই, সেটা হচ্ছে যে আমরা কোন জায়গায় দায়িত্ব নিয়ে এটা করছি।মাননীয় মুখ্যমন্ত্রী গতকাল দায়িত্ব নিয়ে বাজেট পেশ করার সময়ে একটা বৃহৎ অংশ তিনি বললেন যে 'এটাকে পাঠ করছি না, আমি পরের অংশে যাচ্ছি'। আমি খুব উৎসুক ছিলাম যে কোন জায়গাটা বাদ যাচ্ছে। আমি দেখলাম প্রথম দু তিনটি পাতা বাদ দিলে বাকি যে অংশটা বাদ গেল সেটা হচ্ছে আমরা কি করেছি এই অংশটা পড়ে দেখানোর প্রয়োজন তিনি মনে করেন নি। কেন তিনি এটা করলেন আমি এটা বুঝতে পারলাম না এবং একই সঙ্গে তিনি পরবর্তী অংশটা পড়লেন যে আমরা কি করব আগামী দিনে।আমাদের প্রত্যেকেরই একটা আশংঙ্কা ছিল।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : নিয়ম হচ্ছে প্রথম অংশ পড়ে এবং শেষ অংশ পড়ে যদি উনি বলেন মাঝের অংশটা আমি পড়ছি না তাহলে ধরে নেওয়া হয় যে সেটা সম্পূর্ণভাবে পড়া হল। সেটা আমরা ধরে নিই যে পড়া হল। কাজেই উনি পড়েন নি এটা ঠিক নয়।

শ্রী অসিত মিত্র : আমি বলেছি যে উনি বলেছেন এই প্রসঙ্গটা উল্লেখ করছি না। এটা বাজেটে লেখা হয়েছে। আমি অস্বীকার করছি না তো। এটা বাজেটে লেখা হয়েছে। আমি বলছি মাননীয় মন্ত্রীমহাশয়, আমি আপনাকে আবার বলছি যে এটা আইনের কথা বলে আমি আপনাকে বলছি না। আমি আপনাদের বলছি যে এই অংশটা পড়া হল না কি কারণে ? আমি আপনাদের কথা মেনে নিলাম যে ঠিক আছে। এই নিয়ে আমি আলোচনা করতে চাইছি না। আমি মেনে নিলাম যে এটা পড়া হয়েছে।স্যার, এই বাজেটটা যদি আমরা এই মুহূর্তে দেখি তাহলে দেখব কোন জায়গায়, কিসের জন্য এই বাজেট পেশ করা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী জানাচ্ছেন যে, যে আগামী বছর ধার বেড়ে হবে ৫লক্ষ ২৫হাজার ৩৬৭কোটি টাকা। এটা বাড়বে।

এটা বাড়বে এবং এই মুহুর্তে রাজ্যে মোট ঋণের পরিমাণ এখনও পর্যন্ত হচ্ছে ৪ লক্ষ ৮১ হাজার ৩৯৮ কোটি ৮৪ লক্ষ টাকা। অর্থ দপ্তর জানাচ্ছে ২০১০-১১ সালে রাজ্যের ঋণ ছিল ১লক্ষ ৮৫হাজার ৬০৭কোটি৪৭লক্ষ টাকা অর্থাৎ ১০ বছরে রাজ্যের ঋণ বেড়েছে এবং আমাদের রাজ্যে ঋণের পরিমাণ যখন বেড়েছে,তখন সেই অনুযায়ী আমাদের অগ্রগতিটা কোথায় সেটাও দেখতে হবে। আমরা এত টাকা খরচ করলাম কেন? কিসের জন্য খরচ করেছি তার উত্তর তাঁরা বিভিন্ন জায়গায় দিয়েছেন। মাননীয় মন্ত্রী আগামীকাল যখন বলবেন তখন এর উত্তর দেবেন যে কেন এত কোটি টাকা ধার করতে হল। স্যার, আপনার কাছে আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আমরা পশ্চিম বাংলার মানুষ যে জায়গায় আছি আমরা চেষ্টা করব যে আমাদের সংস্কৃতি, আমাদের সমাজকে একটা জায়গায় এগিয়ে নিয়ে যেতে। স্যার, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে। ২০২১-২২ সালে ভোট অন অ্যাকাউন্ট বাজেট পেশ করতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন চলতি বছরে মদ বিক্রি থেকে, যদিও বলি অর্থমন্ত্রী লিখেছেন এটা এবং মুখ্যমন্ত্রী পড়েছেন, এই ভোট অন অ্যাকাউন্ট বাজেট করতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন চলতি বছরে মদ বিক্রি থেকে এই বাবদ আয় হয়েছে ১১ হাজার ৪৫৮কোটি ৪০লক্ষ টাকা। আর অর্থ দপ্তর জানাচ্ছে যে ২০১০-১১ সালে

এই বাবদ আয় ছিল ১ হাজার ৮১২কোটি টাকা। ৩৪ বছরে ১হাজার ৮১২ কোটি টাকা। আর এই দশ বছরে আমরা যেটা রোজগার করেছি ১১ হাজার ৪৫৮কোটি ৪৪ লক্ষ টাকা। আমার বক্তব্য বামফ্রন্টের হয়ে কথা বলা নয়,আমার বক্তব্য হচ্ছে এক একটা জায়গায় যে হারে মদের দোকান বেড়েছে, যে হারে সমস্ত সমাজ কলুষিত হচ্ছে, সমাজকে আমরা কোন জায়গায় নিয়ে যাচ্ছি এবং এর আগেও আমরা এই বিষয়ে বিধানসভায় আলোচনা করেছি বিরোধীপক্ষের বেঞ্চ থেকে যে এটা বন্ধ করা হোক। এটা কিন্তু বন্ধ করা হয় নি। এটা যে জায়গায় ছিল, সেই জায়গাতেই আছে এবং এই অবস্থা চলছে। আমি আপনাদের কাছে বলছি এই ভাবেই আমরা এগোনর চেষ্টা করছি। রাজ্য সরকার চলতি বছরে বাজার থেকে ঋণ নিয়েছেন ৫৬হাজার কোটি টাকা এখনও পর্যন্ত। বাজেটের সময় বলেছিলেন এই ঋণ নেবেন ৪৮হাজার ৭৩৪কোটি টাকা। এর আগে বলা হয়েছিল ৪৮হাজার ৭৩৪কোটি টাকা ঋণ নেব। কিন্তু দেখা গেল সেটা কম নেওয়া তো দুরের কথা ৫৬ হাজার কোটি টাকা ঋণ নিয়েছেন। অর্থাৎ এক বছর আগের বাজেটে যা বলেছেন তার থেকে বেশি ঋণ নেওয়া হয়েছে। রাজ্যে আমি কৃষি দপ্তরের কথা বলছি। আমি অন্য কোন দপ্তরে যাব না। রাজ্যে তৃণমূল সরকার বলুন, বর্তমান সরকার বলুন যাই বলুন,মা মাটি মানুষের সরকার বলুন,রাজ্য সরকার বলুন, রাজ্য সরকার বলেছেন কৃষকদরদি, এটা যে কেউ বলবেন কৃষক দরদি সরকার। এই সরকার এখনও দাবি করে যে, আমরা কৃষকদের জন্য সমস্ত কিছু করছি। কিন্তু বাস্তবটা অন্যরূপ হয়েছে।

[2:50 – 3:00 p.m.]

এই সরকার এখন এমনই দাবি করে যে আমরা এই কৃষকদের জন্য সমস্ত কিছু করছি। কিন্তু বাস্তবটা অন্য রকম হয়েছে। বাস্তবটা কি হয়েছে ? বছর শেষে সরকার জানাচ্ছে যে গতবারে অ্যালটমেন্ট ছিল ১ হাজার ৬০৫ কোটি ২২ লক্ষ টাকা। আর বছর শেষে সরকার জানাচ্ছে খরচ হয়েছে ৫৮৫ কোটি ৫১ লক্ষ টাকা। মাননীয় মন্ত্রীমহোদয়, মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়া - তাঁরা কি এর উত্তরটা দিয়ে বলবেন যে, এত কম টাকা খরচ হ'ল কেন ? টাকা থাকতেও আমাদের এত টাকা খরচ করতে হ'ল কেন ? তার অর্থ কি এই যে, কৃষিতে আর আমাদের ব্যয় বহন করার প্রয়োজন ছিল না ? আমরা কৃষিতে এমন একটা জায়গায় এসে গেছি যে সেই টাকাটা এক্সেস হয়েছে ? আমরা এই কথা আপনাদের কাছে জানতে চাই।

কৃষকবন্ধু প্রকল্প - এই প্রকল্পে মুখ্যমন্ত্রী দাবী করেছিলেন রাজ্যে ৭২ লক্ষ কৃষক সুবিধা পাবে। গতকাল, শুক্রবার সরকারের জানানো সর্বোচ্চ ৪৬ লক্ষ ৭৬ হাজার জনকে টাকা দেওয়া হয়েছে। অর্থাৎ বাড়তি টাকা যেটা দেওয়ার কথা ছিল, সেটা তাদের দেওয়া হয় নি।

সংখ্যালঘু ছাত্র - সংখ্যালঘু ছাত্রদের সমস্ত ভাতা একত্রিত করে ঐক্যশ্রী প্রকল্প বলে একটা প্রকল্প সরকার চালু করেছিল। এর নাম দেওয়া হয়েছিল ঐক্যশ্রী প্রকল্প। ২০১৯-২০ সালে আবেদনকারীর সংখ্যা ছিল ৪২ লক্ষ। আর এখনো পর্যন্ত - গতকাল বা তার আগে পর্যন্ত কতজন উপকৃত হয়েছে ? ৩৭ লক্ষ। ৫ লক্ষ আবেদনকারী কিন্তু এই ঐক্যশ্রীর সুযোগ পেলেন না।

পরিযায়ী শ্রমিক – সব থেকে বড় কথা যেটা, আমফানের ক্ষেত্রে, করোনার ক্ষেত্রে— আমফানটা না হয় আমাদের এখানে হয়েছে, পরিযায়ী শ্রমিকদের প্রত্যেককে ১ হাজার টাকা করে দেওয়ার জন্য মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন স্নেহের পরশ প্রকল্পে। তিনি জানিয়েছেন প্রকল্পে ৪৪ কোটি টাকা দিয়েছেন। পেয়েছেন ৪ লক্ষ ৪০ হাজার ২৯ জন। আর কতজন পরিযায়ী শ্রমিক বিভিন্ন ট্রেনে— শুধু ট্রেনে যাঁরা এসেছেন, তাঁদের সংখ্যা হচ্ছে ১৩ লক্ষ ৮৫ হাজার অর্থাৎ ১৩ লক্ষ ৮৫ হাজার মানুষ যেখানে ফিরেছেন, তাদের মধ্যে দেওয়া হয়েছে ৪ লক্ষ। স্যার, আমি আমার কথা শেষ করবো। আমি একটা কথা শুধু আপনার কাছে বলছি। মাননীয় পরিষদীয় মন্ত্রীকে আপনার মাধ্যমে আমি শুধু এইটুকুই বলব যে, হেল্থের কথা বলতে গিয়ে আপনারা সবসময়ই বলছেন যে আমরা স্বাস্থ্যসাথী করছি, খুবই ভালো। কিন্তু একটা কথা আপনারা জেনে রেখে দিন স্বাস্থ্যসাথী করতে গিয়ে আপনারা যে সুযোগ বের করছেন, তাহলে যখন আপনারা সুপার স্পেশালিটি হসপিটাল করছেন, অন্যান্য জায়গায় যাচ্ছেন, তারা সেখান থেকে বিচার পাচ্ছে না, তারা বলছে আপনারা ওখানে যান, আবার নার্সিংহোমগুলোও পাচ্ছে না। আর সব শেষে স্যার আমি যে কথা বলি, সেটা হচ্ছে ....

স্যার, সব শেষে আমি যে কথা বলি সেটা হচ্ছে। আমাদের একটা ব্রীজ, কুলিয়া ব্রীজ। মাননীয়া মুখ্যমন্ত্রী ওখানে গিয়ে বলেছিলেন এই কুলিয়া ব্রীজ তৈরি হবে। কিন্তু ওই ব্রীজটি এখনও তৈরি হয়নি। এই কথা বলে আমার কথা শেষ করছি।

শ্রীমতী ফিরদৌসী বেগম : সত্যমেব ব্রতং যস্য দীনেষু, সর্বদা কামোক্রোধৌ বশে যস্য, তেন লোকত্রয়ং জীতেম্— এটা চাণক্য শ্লোক থেকে নেওয়া, যার অর্থ হচ্ছে সত্যই যার ব্রত, দীন দরিদ্রের প্রতি যিনি সর্বদা দয়ালু, কাম এবং ক্রোধ যাঁর বশীভূত, তিনিই ত্রিভুবন জয় করেছেন। স্যার, আজকে আপনার সামনেই আমরা এই বাজেট নিয়ে কিছু আলোচনা করছি, ৫ই ফেব্রুয়ারী, ২০২১, বাংলার মানবিক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি যে বাজেট পেশ করেছেন সেটা জনমুখী বাজেট। সেই বাজেটে বাংলার সকল মানুষের ভালো হবে, এখানে বিধানসভার যাঁরা আছেন সবারই কথা ভেবে তিনি কিন্তু এই বাজেট পেশ করেছেন। এই বাজেটে মাননীয় অধ্যক্ষর অনুমতি সাপেক্ষে ২০২০-২১ অর্থবর্ষের জন্য ২ লক্ষ ৯৯ হাজার ৬৮৮ কোটি টাকার অর্থ বরাদ্দের ব্যবস্থা রাখা হয়েছে। স্যার, সবাইকে আমার ২০২১ নতুন বছরের শুভেচ্ছা, অভিনন্দন জানাই, প্রণাম জানাই। এই বাজেটে চিন্তা-ভাবনার যে উন্মেষ ঘটেছে তা এককথায় অনবদ্য। জ্ঞান এবং বিবেক জাগরণের জন্য আমাদের ভাষা জানা দরকার, তার জন্য ৫০টা স্কুল তৈরি হচ্ছে, দেড় হাজার প্যারা টীচার নেওয়া হচ্ছে, অবশ্যই সেটা হচ্ছে অলচিকি ভাষার জন্য। ১০০ স্কুল নির্মিত হবে, থাকবে নেপালী, হিন্দী, উর্দু, কুরমালি এবং কামতাপুরী। বাংলার মাননীয় মুখ্যমন্ত্রী ওঁনার তত্ত্বাবধানে যে সৃষ্টির জোয়ার এসেছে তাতে পশ্চিমবঙ্গবাসী হিসাবে আমি গর্বিত। আমরা বাংলায় বলি আমি করি, আর ইংরাজীতে বলি I do এবং কামতাপুরী ভাষায় বলি মুই করং। সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের এলাকায় যদি শিক্ষার প্রসারে আরও বেশি বেশি করে সুযোগ পাই তো আমি করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা এলাকায় শিক্ষা প্রসারে সুযোগ পেলে আমি

করবো। ইংরাজীতে I will do, কামতাপুরীতে হবে মুই কোরিম। সকালে চা খেয়েই আমরা নিজেদের কাজে পদার্পণ করি, সেই চা বাগান এলাকার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী যা কিছু ভেবেছেন তার জন্য আমরা গর্বিত। সাদ্‌রী ভাষা এক অপূর্ব ভাষা। সকলের উদ্দেশ্যে আমি বলি— তোয়েন কাইসান আহস ? মানে তুমি কেমন আছো ? How are you ? এর জন্য যে ৫০ কোটি টাকা অর্থ বরাদ্দ হয়েছে, তা এক কথায় অনবদ্য। রাজবংশী ভাষায় ২০০টি বিদ্যালয়কে সরকারী অনুমোদন দেওয়ার জন্য আমরা কৃতজ্ঞ।

মাদ্রাসাকে সরকারী সাহায্য প্রদানের জন্য আমরা গর্বিত। পশ্চিমবঙ্গে তিন ধরনের মাদ্রাসার মধ্যে একটি হলো অনুমোদনপ্রাপ্ত, কিন্তু সরকারী অনুদানে বঞ্চিত। মাননীয়া মুখ্যমন্ত্রী যে মাদ্রাসাকে নিয়ে চিন্তাভাবনা করেছেন তাতে সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলেমেয়েরা উপকৃত হবে বৈকি। ISLAM কথার অর্থ I shall love all mankind— সুতরাং সবাইকে ভালোবাসার কথার বার্তা এই মাদ্রাসা শিক্ষার মধ্যেও পাওয়া যায়। তপশিলি জাতি ও উপজাতিদের জন্য ২০ লক্ষ গৃহ নির্মাণের জন্যে আমরা সত্যিই ধন্য। কৃষকবন্ধু প্রকল্পে কৃষক এবং নথিভুক্ত ভাগচাষীদের জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী আলাদা করে ভেবেছেন তার জন্য কৃতজ্ঞ, কেননা পশ্চিমবঙ্গের বাইরে কৃষক অসন্তোষ নিয়ে আন্তজাতিক প্রতিক্রিয়ায় দেশের সম্মান নষ্ট হচ্ছে। তা কেউ একবারও ভাবছেন না। বাংলার মুখ্যমন্ত্রী তিনি শুধুমাত্র ভাবেননি। তাদের জন্য আলাদা করে বরাদ্দের হারে বৃদ্ধি ঘটিয়েছেন, তাও বাজেটে প্রতিফলিত। মাতৃবন্দনা— নামে যে কর্মসূচী ঘোষণা করলেন, তার জন্য আমি কৃতজ্ঞ, কেননা এই মায়েরাই নিজের জীবন দিয়ে সন্তানদের আমৃত্যু ঋণী করে রেখে যান। স্বনির্ভর গোষ্ঠীর দুঃস্থ নারীদের নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর চিন্তনকে আবার কুর্নিশ জানাই এবং তিনি যা বরাদ্দ করেছেন তাতে আমরা আপ্লুত।

[3:00 – 3:10 p.m.]

'মা' প্রকল্প নামে যে কমন কিচেনের ব্যবস্থা রাখা হয়েছে যেখানে দুঃস্থ মানুষের ভাবনা, এটা একমাত্র মমতাময়ী মা ছাড়া আর কেই বা করতে পারে? দুয়ারে সরকার থেকে পাড়ায় সমাধান - এ এক কথায় অভিনব প্রয়াস। সারা বিশ্বে যে এই রকম প্রকল্প আছে যেখানে সরকার সাধারণ মানুষের পাশে থাকবে, তা এককথায় অনবদ্য। যুবশক্তির মাধ্যমে বিভিন্ন দপ্তরে শিক্ষানবিশ হওয়ার সুযোগ রাজ্যের যুবক-যুবতীদের তাও আমাদের একটা প্রেরণা জোগায়। 'তরুণের স্বপ্ন' - আমাদের ৯ লক্ষ ছাত্র-ছাত্রীকে ট্যাব এবং শূন্যপদের ভাবনা পূরণ এবং 'মাটির সৃষ্টি' যেহেতু আমাদের পশ্চিমাঞ্চল অর্থাৎ বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলাতে কর্মসংস্থানের বৃদ্ধি আমাদের বাংলাবাসীকে আরো গর্বিত করেছে। পরিশেষে স্যার, আর একটা কথাই বলব—

'জীবন দিচ্ছে, প্রাণ দিচ্ছে, দিচ্ছে আত্মাহুতি

তাতেও কি জাগবে না মোদের সামান্য অনুভূতি?

মুখ্যমন্ত্রীর কাজের হিসাবে এগিয়ে রাখছি মোদের।

বিরোধীরা শুধু হিসেব নিয়ে যাও ভাবতে হবে না তোমাদের।

অনুপ্রেরণা ও কাজের মেলে

সাহায্য পাচ্ছে দুঃস্থ মেয়ে ও ছেলে,

এর পরেও কি বলা চলে?

পাইনি আমি কিছু!

মুখ্যমন্ত্রী দিচ্ছেন নানা উপহার।

সকলে পাচ্ছে রঞ্জিত হার ...(নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ার ফলে মাননীয়া সদস্যার মাইক অফ হয়ে যায়)।

Dr. Rohit Sharma: Thank you, Sir.

Sir, the Interim Financial Statement of Finance Minister read out by our Hon'ble Chief Minister yesterday. To this, I have some observations to make - that Sir, in page No.9, serial no, 35 - Home & Hill Affairs Department has been allocated Rs. 11,523.45 crore Sir, G.T.A. considers their home the Hill Affairs Department. In this Financial Statement, there is no quantum of the allotment for G.T.A. Sir, the Budget provided in 2019-20 and 2020-21 for G.T.A. was restricted to Rs.175 crore only. This is too meagre to compensate the development works which have been taken up by G.T.A. Sir, at present G.T.A. administration has used plan outstanding liabilities occurred due to non-receipt of total earmarked fund during 2014-15, 2015-16, 2016-17 and 2017-18 which is around Rs.291.65 crores against which the Government has sanctioned only Rs.50 crore; hence Rs.241.65 crore are still to be received by G.T.A.. Sir, there is an unprecedented pandemic and G.T.A., has also worked with much effort to contend COVID 19. Sir, G.T.A. has set up a screening centre and establishment of a quarantine centre and one construction of COVID hospital in Tribeni following all the health guidelines. Sir, for maintaining all these, G.T.A. had already incurred around Rs.22.88 crore from its Plan Budget of 2020-21. Sir, in the Interim Financial Statement it has been mentioned that 100 new schools will be opened up in Nepali, Hindi, Urdu, Kamtapuri and Kurmi languages. Sir, this is a welcome step. Sir, we, the people from hills, congratulate the Hon'ble Chief Minister for her work.

Sir, today I have to make one observation here that people from the Hills they have been demanding enclosing of Nepali as optional subject in W.B.C.S. examination. I have raised this issue, time and again, from the first tenure of my Assembly. And Sir, it has also been mentioned that a special training centre for I.A.S. and I.P.S. shall be made. I would like to request to the Hon'ble Chief Minister and the Finance Minister to earmark some seats for G.T.A. students also. Thank you very much.

শ্রী শ্যামল মন্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, গতকাল ৫ই ফেব্রুয়ারী, ২০২১ অর্থ দপ্তরের তৈরি ডঃ অমিত মিত্রের বাজেট পেশ করেছেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়। ২০২১-২২ অর্থবর্ষে এই পবিত্র সদনে তিনি দু'লক্ষ ৯৯ হাজার ৬৮৮ কোটি টাকার বাজেট বরাদ্দের প্রস্তাব রেখেছেন। আমি এই প্রস্তাবকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য পেশ করছি। কিন্তু একটা কথা কি যারা বড় বড় লম্বা-চওড়া কিছু ভাষণ দিয়ে গেল - সুজনবাবু কোথায় গেল, অসিতবাবু কোথায় গেল, আমি তো দেখতে পাচ্ছি না। কিছু তো উত্তর দেওয়ার প্রয়োজন আমাদের আছে। সেটা তো শোনারও দরকার ছিল। আমরা তো সকাল থেকেই শুনছি। তাঁরা শুধু বলে চলে যাবে, আর আমরা এখানে বক্তৃতা করবো এটা তো হয় না। তাদের তো থাকতে হবে। গতকাল এই যে বাজেট বইটা দেখতে পাচ্ছেন, এই বইটা আমি সম্পূর্ণ পড়েছি, রাত বারোটা ধরে। এটা পরিষ্কার করে বলতে গেলে আমার এক ঘণ্টা সময় লাগবে। কিন্তু আমার একঘণ্টা সময় নেই— মাত্র সাত মিনিট সময় আছে। সাত মিনিটেই আমাকে বলতে হবে মাননীয় চেয়ারম্যান স্যার। আমি বলতে চাই যে, জনস্বার্থে যে বাজেট মাননীয় মুখ্যমন্ত্রী পেশ করেছেন - ঘোষণা করেছেন, এটা কর্মসংস্থানমুখী বাজেট। আমি এই বাজেটে যা উল্লেখ আছে এই পুস্তকে যা উল্লেখ আছে তার সারাংশ আমি যদি বলি কবির ভাষায়, "বাংলা দেখায় পথের আলো, বাংলা দেখায় স্বপ্ন। বাংলা মানেই নতুন প্রভাত, বাংলা চাঁদের আলো।" কোথায় গেল বিরোধীরা ? সমস্ত উত্তরগুলো এই কবিতার মধ্যে আছে, এই ভাষার মধ্যে আছে। আমি পরিষ্কার করে বলতে চাই যে, "বাংলা তাই দিচ্ছে সাড়া, বাংলা ভারতের গর্ব। তাইতো বাংলা বিশ্ববাংলা, ভারতবর্ষের শ্রেষ্ঠ বাংলা।" পশ্চিম বাংলার নবরূপকার— ভারতবর্ষের শ্রেষ্ঠ মুখ্যমন্ত্রী অনেক আশা স্বপ্ন নিয়ে এই পবিত্র সদনে তিনি তাঁর বক্তব্য পেশ করেছেন এই বাজেট তৈরি করেছেন। প্রত্যেকটা কোনায় কোনায় প্রত্যেকটা জায়গায় সার্বিকভাবে উন্নয়নমুখী কর্মযজ্ঞ মানুষের আর্থসামাজিক সমস্ত কিছুর দিক থেকে উজ্জ্বল দৃষ্টান্ত এই বাজেট বইয়েতে তিনি রেখেছেন। পশ্চিম বাংলা ছাড়া ২৯টা রাজ্য আছে কোন রাজ্যে এতো সুন্দর বাজেট আছে একটা উদাহরণ দেখান। দেখান আপনারা। ...(নয়েজ)... একটা কথা বলতে চাই, স্যার, হাত হাতুড়ী কাস্তে তারা'দের দলরা গোপনে পদ্মফুলের সঙ্গে পদ্মফুল ঘাড়ে করে গোপনে ক্ষমতায় আসার চক্রান্ত করছে। এদের সাহস কি ? সুজনবাবুদের সাহস কি ? R.N.D.C.-এর প্রাক্তন চেয়ারম্যান স্যার বামফ্রন্ট আমলে ওনাদের করতে বলেছিল Rural Network Development

Corporation-এর Chairman গ্রামীণ বিদ্যুতে উনি কি করতেন। সেখানে দেখতেন যে, দক্ষিণপন্থী তৃণমূল বা কংগ্রেস যেখানে থাকতো সেই মৌজাকে বাদ দিয়ে তিনি পাস দিয়ে ঘুরিয়ে ঘুরিয়ে ম্যাপ করে সেখানে বিদ্যুতায়ণ করতেন। তার পরে লিখে দিতেন পুরো মৌজায় বিদ্যুৎ পৌঁছে গেছে। একি কান্ড !

[3:10 – 3:20 p.m.]

একটা কথা উনি বলে গেছেন, স্যার আমি বলছি, ফ্রম দি রেকর্ড, দরকার হলে, প্রয়োজন হলে, জমা দেবো। সম্প্রতি বর্তমান পত্রিকায় যেটা উল্লেখ হয়েছিল, ফাস্ট পেজে প্রকাশিত হয়েছিল, সারদার কথা উনি বলেছেন, উনি যে ৯ কোটি টাকা সারদা থেকে নিয়েছেন, তাহলে বর্তমান পত্রিকার বিরুদ্ধে উনি কেস করছেন না কেন, মামলা করছেন না কেন ? মামলা করতে হবে। *** নাহলে আমরা ছাড়বো না, পরিষ্কার করে বলতে চাই। আজকে যারা পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রীর উন্নয়নের এই কর্মযজ্ঞকে সামনে রেখে, যারা রাতের অন্ধকারে বি.জে.পি.-র সঙ্গে এই কংগ্রেস এবং সি.পি.এম.-এর নেতারা মিলে, নব্য বি.জে.পি. ও আর.এস.এস. আমাদের মুখ্যমন্ত্রীকে বিপদে ফেলার চেষ্টা করছে, সেই সমস্ত ব্যক্তিদের উদ্ধার করতে হবে। তাদের সব পাওয়া হয়ে গেছে। বিশ্বাসঘাতক বেইমানের দল, মীজাফরের দল তারা আমাদের এই রাজ্যটাকে কলঙ্কিত করবার জন্যে সাম্প্রদায়িক শক্তি বি.জে.পি.-র হাতকে শক্ত করছে। পরিষ্কার করে বলতে চাই, দুয়ারে সরকার, পাড়ায় সমাধান, আমরা করেছি। পরিষ্কার বলতে চাই, কৃষি, শিল্প, সেচ, স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে পশ্চিম বাংলা সারা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। আজকে সি.পি.এম. এর কমরেডরা স্বাস্থ্যসাথীতে উপকার পাচ্ছেন না ? ৫ লক্ষ টাকার স্বাস্থ্যসাথীতে উপকার পাচ্ছেন না ? প্রতিদিন পত্রিকাতে দেখা যাচ্ছে। স্বাস্থ্যসাথী কার্ডে সি.পি.এম.-এর কমরেডরা উপকার পাচ্ছে, পরিষেবা পাচ্ছে। সর্ব লোক পাচ্ছে। তাহলে এই যে ৫৮টি প্রকল্প, এটি কি মিথ্যে কথা ? বাংলার ১০কোটি মানুষ তার সাক্ষী আছে। আগামী নির্বাচনে এই সমস্ত চক্রান্তকারী, বি.জে.পি., সি.পি.এম. কংগ্রেস এদেরকে বুঝিয়ে দেবে যে তৃণমূল কংগ্রেস আবার ২০০-র বেশি আসন নিয়ে পশ্চিম বাংলার মাটিতে মমতা ব্যানার্জীর নেতৃত্বে একটা সরকার তৈরি করবে, নতুন দিশা দেখাবে বলে আমি বিশ্বাস করি। ১২৫তম নেতাজীর জন্মদিন আমরা পালন করছি দেশনায়ক দিবস হিসাবে। তিনি ভারতবর্ষের শ্রেষ্ঠ বিপ্লবী। নেতাজী সুভাষচন্দ্র বসু তাঁকে আমরা স্মরণ করি, তাঁর বৈপ্লবিক কার্যকলাপ। সারা ভারতবর্ষে ও পৃথিবীতে তার যে কাহিনী যা ইংরেজ শক্তিকে সাতসমুদ্র তেরো নদী পেরিয়ে ঐ লন্ডন ও ব্রিটেনে পৌঁছায় সুভাষ চন্দ্র বসুর নাম। তাঁর নামাঙ্কিত রাজ্য যোজনা কমিশন হবে, তার স্মারকস্তম্ভ হবে। দেশবাসীকে তিনি বলছেন, গিভ মি ব্লাড,আই শ্যাল গিভ ইউ ফ্রীডম। দেশবাসী আমাকে রক্তদান করো, আমি তোমাদের স্বাধীনতা দেবো। সেই স্বাধীনতা আমরা পেয়েছি। এবং শুধু তাই নয়, তিনি জাগ্রত যৌবনের প্রতীক, ছাত্রদের উন্নয়নের প্রতীক, স্বপ্নের প্রতীক; উপনিষদে বলছে, ছাত্রাণাং অধ্যয়নং

*** অধ্যক্ষ মহাশয়ের আদেশক্রমে বাতিল হল।

তপ, ছাত্রজীবনে একমাত্র তপস্যা হচ্ছে লেখাপড়া করা। এতদূর শিক্ষা এবং সংবিধানে যেন প্রত্যেকের হয়। দেশপ্রেমিকদের, মহাপুরুষদের প্রত্যেকটা বাড়ীতে সংবিধানে প্রত্যেকটা ধারায় মা মাটি মানুষ সরকারের মুখ্যমন্ত্রী, ভারতবর্ষের শ্রেষ্ঠতম মুখ্যমন্ত্রী, ভারতবর্ষের প্রতিবাদী কণ্ঠ, ভারতবর্ষের মহান নেত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় প্রত্যেকটি কোণায় কোণায় আজকে তিনি প্রতিটি লাইন মেনে চলেছেন। এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি হাউসকে বলব, সমস্ত কাট মোশানের বিরোধিতা করে, এই জনমুখী বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

.......(নয়েজ).......

মিঃ স্পীকার: যেটা অপ্রাসঙ্গিক, যিনি আমাদের এখানকার সদস্য নন, আমি সেইগুলো বাদ দিয়ে দেবো।

.......(গোলমাল).......

মিঃ স্পীকার : *** সম্পর্কে যে লাইনটা আছে সেটা বাদ যাবে, সেটা এক্সপাঞ্জ হবে।

.......(গোলমাল).......

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে শ্রদ্ধা জানিয়ে অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্রের ২০২১-২২ বর্ষে যে বাজেট বিবৃতি গতকাল এই পবিত্র সদনে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পাঠ করেছেন এটাকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য উপস্থাপন করছি। স্যার, একটা কথা বলতে চাই, যাঁরা আজকে এখানে দাঁড়িয়ে, যাঁরা সি.পি.এম. ছিলেন, সুজনবাবুরা তাঁদের বক্তব্য রেখেছেন, অসিতবাবুরা কংগ্রেসের পক্ষ থেকে বক্তব্য রেখেছেন। যদিও জানি, কংগ্রেস এবং সি.পি.এম. একটা যাত্রায় পৃথক পথ না নিয়ে একই যাত্রায় সামিল হয়েছেন। সেদিন যাঁরা সি.পি.এমে.র বিরুদ্ধে আন্দোলন তৈরি করেছিলেন, বক্তব্য উত্থাপন করেছিলেন, সেদিন যারা ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণের বোঝা, বর্তমান মা-মাটি-মানুষের সরকার চলে এসেছে ২০১১ সালে, তখন যাঁরা এটার বিরুদ্ধে বক্তব্য তুলে ধরেছিলেন সেই কংগ্রেস আজ সি.পি.এমে.র সঙ্গে একই সাথে হাত মিলিয়ে কাজকর্ম করার জন্য চেষ্টা করছেন। ফলে তাদের গতিপ্রকৃতি, তাদের চিন্তাভাবনার কথা না এসে আমি একটা কথা বলতে চাই যে বর্তমান প্রেক্ষাপটের ভিত্তিতে মাননীয়া মুখ্যমন্ত্রী এই বাজেটটাকে উপস্থাপন করেছেন, এটাকে দেখতে হবে যে একটা করোনা ভাইরাস, কোভিড ১৯, প্রাকৃতিক দুর্যোগ আমফান, আমফানের ছয়মাস আগে আরো একটি দুর্যোগ সংঘটিত হয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের একেবারে বিমাতৃসুলভ আচরণ-এর মধ্য দিয়ে মমতা ব্যানার্জীকে চিন্তাভাবনা করে বাংলার আর্থ-সামাজিক অবস্থাকে পরিপূর্ণতার পথে নিয়ে গিয়ে, গরীব দুঃস্থ মানুষের কথা চিন্তা করে, যেভাবে নিপুণ প্রেরণার মধ্য দিয়ে মাননীয় অর্থমন্ত্রী দায়িত্ব নিয়ে এ বছরের বাজেটটাকে

*** অধ্যক্ষ মহাশয়ের আদেশক্রমে বাতিল হল।

পেশ করেছেন তিন মাসের জন্য, এর থেকে জনদরদি বাজেট আর কোনো দিন হতে পারে বলে আমাদের ধারণা নেই। বিবেককে যদি প্রশ্ন করে থাকেন, এখানে তর্কের খাতিরে যাঁরা তর্ক করছেন, বাইরে গিয়ে যদি বিবেককে প্রশ্ন করে দেখেন তাহলে মমতা ব্যানার্জীর এই উন্নয়নমুখী প্রকল্প, উন্নয়নমূলক চিন্তাভাবনাকে বিরোধিতা করার কোনো জায়গা আছে বলে আমরা মানে করি না। একটা সূচককে দেখে অর্থনৈতিক বুনিয়াদের অবস্থানটা কি সেটা তাদের অর্থনীতির সূচকের ভিত্তিতে তার মূল্যায়ন হয়ে থাকে। স্যার, একটা কথা আজকে আপনার কাছে বলছি, বাংলাদেশের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে একশো দিনের কাজের ক্ষেত্রে, এম.এস.এস.ই.-র ক্ষেত্রে, গ্রামে বাড়ি তৈরির ক্ষেত্রে, রাস্তা নির্মাণের ক্ষেত্রে, ঐক্যশ্রীর ক্ষেত্রে এবং সেল্ফ-ডেভেলপমেন্টের ক্ষেত্রে ভারত সেরা সম্মান পেয়েছে। এর বাইরে আরো কত কিছু আছে। কৃষিকর্মনে আমরা সম্মানে ভূষিত হয়েছি। কন্যাশ্রীতে আমরা বিশ্বসেরা সম্মান পেয়েছি। যতগুলো দপ্তর আছে প্রত্যেকটি দপ্তরে বাংলা ভারতবর্ষের কাছ থেকে সম্মানের স্বর্ণশিখরে পৌঁচেছে। এটা আমাদের কথা নয়, ভারত সরকারের সমীক্ষা। ভারত সরকার মমতা ব্যানার্জীর বিরুদ্ধে নানা কথা বললেও এখান থেকে ডেকে নিয়ে গিয়ে এক নম্বরের শিরোপা দিচ্ছে। এর দ্বারাই প্রমাণিত হয়ে যায় মুখ্যমন্ত্রী যে পদক্ষেপ, যে কাজগুলো তিনি করেছেন সেটা জনদরদি মানুষের জন্য অর্থনৈতিক দিক থেকে যথেষ্ট গুরুত্বপূর্ণ। এটা তার পরিসংখ্যানের মধ্য দিয়ে অতি সহজে প্রমাণিত হয়ে থাকে।

[3:20 – 3:30 p.m.]

আমরা দেখছি ২০১১ সালের তুলনায় ২০২০ সালে আমরা এখানে দেখতে পাচ্ছি ৮ টি অর্থনৈতিক সূচক জি.ডি.পি. - র ২.৭ গুণ বৃদ্ধি পেয়েছে। রাজ্যের রাজস্ব আদায় ২.৯, স্টেট প্ল্যান এক্সপেনডিচার ৭.২, সোস্যাল সেক্টরে ৫.৬ গুণ, এগ্রি অ্যান্ড অ্যালায়েড সেক্টরে ৬.৮ গুণ বৃদ্ধি পেয়েছে। ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচারে প্রায় ৩.৯ গুণ বৃদ্ধি পেয়েছে, এর মধ্য দিয়ে যেটা প্রমাণিত হয় যে বাংলা কীভাবে কাজ করছে, তার প্রমাণিত সত্য আছে। কেবলমাত্র সুজন বাবুরা যে বক্তব্য তুলে ধরলেন তার ঐতিহাসিক কোনো গুরুত্ব আছে বলে আমরা মনে করি না। এবং যে টাকার হিসেবের কথা বলছেন গড়ের তুলনা, এটা বুঝতে হবে, এটা ৫ বছরের পরিকল্পনা। অতএব, ১ বছরে যে টাকার অ্যামেন্ডমেন্ট করা হয়েছে, যত দিন যাবে, তত বেশি উন্নয়ন সংগঠিত হবে, এবং তার জন্য যেরকম টাকার দরকার হবে, সেগুলোর ব্যবস্থা করা হবে। ফলে বর্তমান যেটা— টাকাটাকে, অঙ্কটাকে ধরে এই ভাবে হিসেব নিকেষ করাটা বোধ হয় সঠিক হবে বলে আমি মনে করি না। আমরা দেখতে পাচ্ছি যে, এইবারের বাজেটের সবচেয়ে উল্লেখযোগ্য যে বিষয়গুলো, যেটা অভাবনীয়। বাংলায় কেন, কোনো রাজ্যের কোন মুখ্যমন্ত্রী এটা করতে পারেন না। কেন্দ্রের সরকারে থেকে যাঁরা বাজেট পেশ করেছেন, তাঁরা সাধারণ মানুষের কাছে মুখ দেখাবার মতো বোধ হয়, কোনোরকম কাজকর্ম করতে পেরেছেন বলে আমরা মনে করতে পারি না। ফলে আমরা আজকে যেটা দেখতে পাচ্ছি বাজেটে বহুমুখী যে ঘোষণা— জনমুখী যে ঘোষণা, সেখানে আমরা দেখতে পাচ্ছি যে আজকে যুব শক্তিদের ৩ বছর অন্তর ১০ হাজার

ছাত্রছাত্রীকে, কোন সরকার আছে বন্ধু? কে আছে? এত দরদি - কোন মুখ্যমন্ত্রী আছে? আজকে এই যে, বেশ কিছু ইয়ং ছেলেদের তাদের প্রশিক্ষিত করে ১০ বছরের জন্য তাদেরকে নিয়ে আসা হলো, ট্রেনিং দেওয়া হলো। যা দেওয়ার পরে, তাদের শিক্ষার ক্ষেত্রে - তাদের চাকরীর ক্ষেত্রে বিশেষ ব্যবস্থা করে দেওয়া হয়েছে। এখানে সেটা প্রতিফলিত হয়েছে। আমরা আজকে অবাক হবো না, আপনারা এখানে যাঁরা বিধায়ক আছেন, আমরা যেখানে যাচ্ছি আমরা জানি - আজকে ৬০ বছরের উর্দ্ধে যাঁরা বয়স্ক ব্যক্তিত্ব থেকে গেছেন বৃদ্ধ, যাঁরা বিধবা তাঁরা যে সামান্য আর্থিক সাহায্যের জন্য আমাদের কাছে আপনাদের কাছে প্রত্যেকের কাছে হাত নেড়ে বলছেন, আমাদের কোন সাহায্য দেওয়া হয়; মাননীয়া মুখ্যমন্ত্রী, মানবিক মুখ্যমন্ত্রী - আজকে যদি পশ্চিমবঙ্গে সমস্ত সম্প্রদায়ের ৬০ বছরের উদ্ধের মানুষদের জন্য যদি মাসিক ১ হাজার টাকা করে যদি বৃত্তি দান করে থাকেন, সেই ঘোষণার যদি এই বাজেটে উল্লেখ করে থাকেন তিনি কি কোনো অন্যায় কাজ করেছেন? বিধবাদের জন্য যে ব্যবস্থা গ্রহণ করেছেন এটা কি কোনো অন্যায় কাজ করা হয়েছে? আমরা তো শুনি, জন দরদি সরকার, এই করা দরকার ঐ করা দরকার, মুখে বড় বড় কথা বলে লাভ নেই। এগুলোকে মমতা ব্যানার্জী করেছেন, একটা অভিনবত্ব করেছেন। আর্থিক অসঙ্গতির মধ্যে দিয়ে, কেন্দ্রীয় বঞ্চনার মধ্যে দিয়ে এটাকে অভিনবত্ব বলে আমরা মনে করি। পেনশন স্কিম - এটা একটা গুরুত্বপূর্ণ জায়গা। যে পার্শ্ব শিক্ষকদের কথা আজকে বলছেন, যারা আজকে ১৮ সালে - তাদের বেতনের থেকে ৪০ শতাংশ বেতন বৃদ্ধি করা হয়েছে। এ বারেও আবার নতুন করে ৩ শতাংশ হারে তাদের বেতন বৃদ্ধির কথা ঘোষণা করা হয়েছে এবং এককালীন যখন তারা রিটায়ার হয়ে যাবে ৩ লক্ষ টাকা করে পাবে। এটা আজকে এক জায়গায়, আজকে শিক্ষা ক্ষেত্রে - প্রাথমিক শিক্ষা হতে পারে, উচ্চ শিক্ষায় হতে পারে সব জায়গাতে। শিক্ষায় - যেভাবে তার উন্নয়ন সংগঠিত হয়েছে বাচ্চা ছেলেদের পোশাক-পরিচ্ছদ থেকে, মিড-ডে মিল থেকে আরম্ভ করে সমস্ত জায়গায় উন্নয়নমূলক কাজ আজকে শিক্ষা দপ্তরের মধ্যে দিয়ে করা হয়েছে, তার মধ্যে দিয়েও কিন্তু আজকে এগিয়ে যাওয়ার জন্য চেষ্টা করছে। আমরা সেই কারণের জন্য - বলি, এখানে কলেজ ছিলো কত, আজকে ১২ -টা ইউনিভার্সিটি থেকে ৪২ টা ইউনিভার্সিটি হয়ে গেলো। শিক্ষার ক্ষেত্রেও আজকে উল্লেখযোগ্য একটা অবদান এই সরকারের পক্ষ থেকে বিশেষভাবে সম্পন্ন করা হয়েছে। আজকে গৃহনির্মাণ তপশিলী জাতির জন্য ২০ লক্ষ। হাঁ নিশ্চয়, আজকে তপশিলী জাতির জন্য যে কাঁচা ঘরগুলোকে পাকা ঘর করবার জন্য যে সিদ্ধান্ত নিয়েছে, সেই সিদ্ধান্তকে স্বাগত জানাচ্ছি। কৃষক বন্ধুদের ৪ হাজার টাকা থেকে ৫ হাজার টাকার অনুমোদন দেওয়া হয়েছে। ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার যারা আজকে কৃষকদের প্রতি অবিচার করছে, যেখানে আজকে কয়েকশো মানুষ, আজকে ঠান্ডায় মৃত্যুবরণ করে ওখানে কৃষকদের সঙ্গে একবার বসবার সুযোগ পায় নি, আর এখানে এসে কৃষকদের বাড়িতে অন্নভোগ করবার চেষ্টা করেছে দরদি মুখ্যমন্ত্রী আজকে কৃষকদের কথা চিন্তা ভাবনা করে তাদের জন্য যে যে ব্যবস্থাগুলো গ্রহণ করেছে তার মধ্যে অন্যতম কৃষক বন্ধু। আজকে খাজনাগুলোকে মুকুব করে দেওয়া হয় কৃষক বন্ধু প্রকল্পের মধ্যে দিয়ে। আজকে বছরে দুটো টার্মে চাষ করার জন্য যেটা ৫

হাজার ছিলো, সেটা ৬ হাজার হয়েছে, এছাড়া আজকে নিম্নবর্তী যারা ২ হাজার টাকা পেতো তারা পাবে ৩ হাজার টাকা। এবার, আপনারা হয়তো জানেন কৃষক বন্ধু প্রকল্পে কোনো কৃষক যদি মারা যান, এককালীন ২ লক্ষ করে টাকা সহায়তা দেওয়া হয়েছে। বন্ধু আজকে বামফ্রন্ট সরকার, কোন মানুষের জন্য আপনারা কোনরকম কোনো সুযোগ দিয়ে গেছেন? মমতা ব্যানার্জী আজকে সেই জায়গায় নতুন করে মানুষের স্বার্থে, কৃষকের স্বার্থে আজকে যেভাবে উন্নয়ন করা দরকার তারা আজকে সেটা করে দেখাতে পেরেছেন।

পরিবহন শ্রমিকদের জন্য প্রায় ৪৫ লক্ষ সামাজিক সুরক্ষা প্রকল্পের মধ্যে দিয়ে এককালীন এক হাজার টাকা দেওয়ার চেষ্টা করেছেন। দুয়ারের সরকার এটা একটা অনন্য ইতিহাস তৈরি করেছেন বাংলার বুকে। এটার জন্য অন্যান্য রাজ্যকে আজকে মুখ্যমন্ত্রীর কাছে শরণাপন্ন হতে হচ্ছে। দুয়ারের সরকারের মধ্যে দিয়ে সরকারী আধিকারিকদের পৌঁছে দিয়ে গরিব মানুষের স্বাস্থ্য সুরক্ষার জন্য প্রত্যেকটি দপ্তর কাজ করছে যেগুলো পিছিয়ে পড়েছে তাকে তুলে আনার জন্য আজকে বিশেষভাবে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই বাজেটে তার প্রতিফলন সংগঠিত হয়েছে। মা প্রকল্পের মধ্যে দিয়ে আজকে সেখানে দেখা যাচ্ছে যে কোন জায়গায় কম মূল্যে সেখানে রান্না-বান্নার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। সব চেয়ে অনাবদ্ধ স্বাস্থ্যসাথী - যারা আজকে সমালোচনা করছেন, করুন আপনারা সমালোচনা, আপনারা বুকে হাত দিয়ে বলতে পারবেন - মাননীয় দিলীপবাবুরা। যখন আপনারা দায়িত্ব পালন করেছেন, যখন আজকে ভারতবর্ষের স্বাস্থ্য বিধির সম্পর্কে বলার চেষ্টা করা হচ্ছে, আমাদের এখানকার যে স্বাস্থ্যসাথী আছে তার সমালোচনা করছেন। তিনি কি করেছেন তাঁর পরিবারের তাঁর ভাই, তাঁর স্ত্রী থেকে আরম্ভ করে তাঁর মা যাঁরা এই বিশেষ স্বাস্থ্যসাথী প্রকল্পে লাইনে দাঁড়িয়ে থেকে সেখান থেকে পাঁচ লক্ষ টাকার সুযোগ নিচ্ছেন। আপনারা বলতে পারবেন, এর বিরুদ্ধে কথা বলার অধিকার আছে, এই কথা আপনারা কোন দিন বলতে পারবেন না। যে এটা কোন মতে হতে পারে। অতএব আজকে অনবদ্ধ ইতিহাস তৈরি করেছেন মমতা ব্যানার্জী এই স্বাস্থ্যসাথী কার্ডের মধ্যে দিয়ে। আজকে স্বাস্থ্যসাথী কার্ড হতে হতে - আজকে অসুস্থ হয়ে যাওয়ার পরে কোথায় কলকাতায় যাবে সঙ্গে সঙ্গে তার কাছে স্বাস্থ্যসাথী কার্ডটা পৌঁছে দিয়ে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। কোথাও কোথাও সামান্য সমস্যা হতে পারে, সেটা সমাধানের জন্য জায়গা আছে। কিন্তু তাই বলে এই প্রকল্পে কোন রকম দূরে সরিয়ে দেওয়ার কোন কিছু আছে বলে আমরা মনে করি না। আমরা মনে করি আজকে রাজ্য সরকার এই যে উন্নয়ন সংগঠিত করছে, এই নিয়েও আজকে বিভিন্ন প্রশ্ন আসছে - টাকা কোথায় ? এটা তো ঘটনা, মা-মাটি মানুষের সরকার, যে প্রকল্প তৈরি করেছে, যে কোটি কোটি টাকার ব্যয়ের কথা উপস্থাপন করেছে - সেটা তাদের নিজস্ব যে উদ্যোগ - এই দশ বছর ধরে মানুষের সঙ্গে কাজ করতে করতে যে ভাবে করে মানুষের সামাজিক সত্ত্বা তুলে দেওয়ার ফলে যে উন্নয়নটাকে সংগঠিত করার দরকার সেটা পেরেছি বলেই - আজকে এই ভাবে করে দায়িত্ব নিয়ে আজকে এত বড় বড় কাজকর্ম করার চেষ্টা করা হচ্ছে। আমাদের কি দরকার, আমাদের হয়তো পয়সা দরকার, উন্নয়নটাকে সংগঠিত করার দরকার আছে। সেই সংগঠিত

করতে গেলে - আজকে আপনাদের মনে করি গ্রামীণ রাস্তার ক্ষেত্রে, কৃষি খুব ভাল সাপোর্ট দিচ্ছে, ১০০ দিনের কাজে বাংলা প্রথম হয়েছে এবং তারা মজুরিও পাচ্ছে।

আজকে কৃষির ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন এসেছে। আমফানের সময় যে বিরাট ক্ষতি হয়ে গেছে। এই আমফানের সময় কোন দরদি মুখ্যমন্ত্রী যে ভাবে করে বাড়ি বাড়ি গিয়ে বিভিন্নভাবে মানুষের কাছে সাহায্যের ডালিটিকে পোঁছে দিতে পেরেছে। ফলে প্রত্যেকটির ক্ষেত্রে নেতাজীর জন্মজয়ন্তী পালনের মধ্যে দিয়ে আজকে কেন্দ্রীয় সরকার যে অভাবনীয় অসংলগ্ন অসভ্যতার একটা নজির তৈরি করতে পেরেছে। আর মমতা ব্যানার্জী সেই নেতাজী সুভাষ চন্দ্রকে তাকে সম্মানীত করবার জন্য তিনি আজকে বিভিন্ন ভাবে ব্যবস্থা গ্রহণ করতে পেরেছেন। আমরা তাই মনে করি যে রাজ্য সরকারের নিজস্ব কর এবং কর বহির্ভুত বাবদ এটা আছে যেমন - এটা আয়ের উৎস। কেন্দ্রীয় করের অংশ হিসাবে প্রাপ্ত অর্থ এবং কেন্দ্রীয় সরকারের অনুদান - এই তিনটের উপর বেস করে আমরা এগিয়ে যেতে পারি। তাই কেন্দ্রীয় করের অংশ এবং সরকারের নিজস্ব কর, এটা আমাদের নিজস্ব সম্বল। এর মাধ্যম দিয়ে আজকে আমরা অনেক বেশি অর্থ উপার্জ্জন করতে পেরেছি বলে আজকে এত বড় বড় পদক্ষেপ আমরা নিতে সক্ষম হয়েছি। ......(এই সময় লাল বাতি জ্বলে ওঠে).....ফলে আমরা মনে করি, এই বাজেট দিশাহীন নয়, মানুষের কাছে নতুন দিশা, নতুন দিগন্তের সূচনা করবে এই প্রকল্পের মধ্যে দিয়ে। যারা এর বিরোধীতা করবেন, তাঁরা কোথায় যাবেন। মানুষের দরবারে যেতে আপনাদের হিম্মত থাকে আপনি বাইরে গিয়ে, মমতা ব্যানার্জী এই দরদি মুখ্যমন্ত্রী যে প্রকল্পগুলো করেছেন আপনি বাইরে গিয়ে সমালোচনা করতে পারবেন ? ......(এই সময় মাইক বন্ধ হয়ে যায়).....

শ্রী তন্ময় ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যথাবিহিত সম্মানপ্রদর্শনপূর্বক আমি এই কথাটা দিয়ে শুরু করতে চাই, যে আমাদের বহু কালের চালু প্রবাদ - চোরের মায়ের বড় গলা। আমার বন্ধু শ্যামল মন্ডল তার সত্যতা আজকে এখানে প্রতিষ্ঠিত করেছেন। আমি খুব আহত হয়েছি, সম্ভবত গোটা হাউস আহত হয়েছে।

[3:30 – 3:44 p.m.]

আমার মনে আছে যেদিন আমি ডায়মন্ডহারবার কলেজ সম্পর্কে একটি ভুল তথ্য দিয়েছিলাম, সেই দিনই আমার দলনেতা ডঃ সুজন চক্রবর্তী এই হাউসে দাঁড়িয়েই বলেছিলেন যে ওর ইনফর্মেশানটা ভুল ভাবে... হয়েছে। সুতরাং আমার ভুলটাকে আমার দলনেতা ঠিক করে দেন, কিন্তু শ্যামল মন্ডলের ভুলটাকে কেউ ঠিক করলেন না, আপনি এক্সপাঞ্চ করেছেন বলে আপনাকে ধন্যবাদ দিই। স্যার, ২০১৬-১৭ সালে যে বাজেট পেশ হয়েছিল ভোট অন্ অ্যাকাউন্টস, তার মাপ ছিল ১৯ পাতা। ২০১৭-১৮ ৫১ পাতা, ১০১৮-১৯ ৫১ পাতা, ২০১৯-২০ ৭৯ পাতা, ২০২০-২১ ৯৫ পাতা ভোট অন্ অ্যাকাউন্টস। একবার এই ভোট অন্ অ্যাকাউন্টসে ১ কোটি ৩৮ লক্ষ চাকরি হয়েছে বক্তৃতায় বলা ছিল, বাজেটে সেটাকে কমিয়ে ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার কর্মসংস্থান সৃষ্টি হয়েছে বলা হয়েছে। আমি এর সঙ্গে যোগ করতে চাই, দুর্নীতির কারণে

আপার প্রাইমারীর প্যানেল বাতিল না হলে হাই কোর্ট কর্তৃক এই সংখ্যাটা আরও বাড়ত। অসংখ্য দুর্নীতি এবং অস্বচ্ছতার কারণে পুলিশ কনস্টেবল্ নিয়োগ স্থগিত যদি হাই কোর্ট না করত এই সংখ্যাটা আরও বাড়ত। সরকারের দুর্নীতি এবং অস্বচ্ছতার জন্য ফুড সাব ইন্সপেক্টর নিয়োগে হাই কোর্ট স্থগিতাদেশ না দিত, এই সংখ্যাটা আরও বাড়ত। অসংখ্য দুর্নীতির কারণে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন মজদুর নিয়োগে হাই কোর্ট স্থগিতাদেশ না দিলে এই ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজারের সংখ্যাটা আরও বাড়ত কিন্তু না বেড়ে যেটা হয়েছে, আমাদের রাজ্যের মোট বুথ ৭৮ হাজার ৭৯৯। তার মানে বুথ পিছু ১৪৩ জনের কাজ হয়েছে। ১৪৩ জন বুথ পিছু কাজ যদি পেয়ে থাকেন, তাহলে রাজ্যে কোন সমস্যা হওয়ার কথা নয়, এবং রাজ্যে কোন সমস্যা নেই। সুতরাং যেখানে কোন সমস্যা নেই, সেখানে দুয়ারে সরকার আর পাড়ার সমাধান প্রকল্পে অর্থ বরাদ্দেরও কোন প্রয়োজন নেই। আমার আবেদন এই দুটো প্রকল্প বাজেট পাশ করার সময় উইথড্র করে দেবেন কারণ সমস্যা নেই যখন সমাধান করতে টাকা খরচ করবেন কেন ? চার মাসের ভোট অন অ্যাকাউন্টে পাঁচ বছরে দেড় কোটি কাজের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। লোকসভায় দেওয়া তথ্য জানাচ্ছে যে, ১৩ লক্ষ ৮৫ হাজার পরিযায়ী শ্রমিক ট্রেনে করে ফিরেছেন। অন্য ভাবে ফেরা বললে ১৫ লক্ষ ফিরেছেন। দেশের মধ্যে দ্বিতীয়, প্রথম ইউ.পি.। প্রশ্ন হচ্ছে, এত যে প্রতিশ্রুতি, এই প্রতিশ্রুতি আমরা ২০১০ সালে ২৪ শে ফেব্রুয়ারী রেল বাজেটে পেয়েছিলাম দিল্লী সরকারের কাছ থেকে। তৎকালীন রেলমন্ত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী এই রাজ্যের ৩৫ টা কারখানার প্রতিশ্রুতি দিয়েছিলেন। সবগুলো বলতে অনেক সময় লাগবে। ডানকুনি প্রজেক্টের যখন শিলান্যাস হয়, তখন আজকের অর্থমন্ত্রী মাননীয় অমিত মিত্র সেই প্রজেক্টের শিলান্যাসের সময় ছিলেন। পরের দিনে কাগজ খুললে দেখা যাবে সেই প্রজেক্টের শিলান্যাস অনুষ্ঠানে বর্তমান অর্থমন্ত্রী, তখন অর্থমন্ত্রী হন নি, তিনি ঘোষণা করছেন এই ডানকুনি থেকেই হবে 'বাংলার নব জাগরণ'। সেই ৩৫ টা শিল্পের ভেতর কাঁচরাপাড়ায় শিল্পের জন্য অধিগৃহীত জায়গায় সেখানে আর.এস.এস. -এর ক্যাম্প চলছে প্রত্যেকদিন। সরকার একটু খবর নিন। আপনার এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক তথ্য দিচ্ছে ৩১ শে ডিসেম্বর, ২০১৯ -এ ৩৪ লক্ষ ৫ হাজার ৫৯২ জনের নাম নথিভুক্ত আছে, এই বইতে আপনারা লিখেছেন। সরকার বলেছেন, বর্তমানে ৩৫ লাখ, তার মানে ১ লক্ষ বেড়েছে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে। আর চাকরি পেয়েছে বুথ পিছু ১৪৩ জন, এই আশ্চর্য্য ম্যাজিকটা কী করে সম্ভব সেটা স্যার আমি জানি না। এই যে রেজিস্টার্ড কার্ড, সেই কার্ড হয়েছে বলে উল্লেখ করেছেন, তাতে রেজিস্ট্রিকৃত কত জন এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের কাজ পেয়েছেন বলেন নি। যে বাম সরকার নিয়ে এত অভিযোগ, ন্যাসকাম স্যাম্পেল সার্ভে, তাদের যে লেটেস্ট রিপোর্ট বেরিয়েছে, তাতে ২০০৪-২০১১ গোটা দেশে ম্যানুফাকচারিং সেক্টরে ৫৮ লক্ষ ৭০ হাজার মানুষ কাজ পেয়েছেন বলে এন.এস.এস. ও বলছে। তার ভেতরে সবচাইতে বেশি পশ্চিম বাংলায় ২৪ লাখ, দ্বিতীয় গুজরাটে ১৪ লাখ ৯০ হাজার, তৃতীয় তামিলনাড়ুতে ৬ লাখ ৩০ হাজার, বাকীগুলোর মধ্যে গেলাম না।

অ্যানুয়াল জব গ্রোথ। ২০০৫ থেকে ২০১২, এটাও ন্যাশনাল স্যাম্প্ল্ সার্ভের রিপোর্ট। সেই রিপোর্ট বলছে, ওয়েস্ট বেঙ্গলে হয়েছে 1.8 % হারে বছরে গড়ে এবং 'সেটা গোটা দেশের মধ্যে

সর্বোচ্চ। যদি সিঙ্গুরের কারখানা হতো তাহলে এটা কোথায় যেত সেই আলোচনায় আমি যাচ্ছি না। কিন্তু যেখানে চারশো একর জমি চাওয়া হয়েছিল সেই সিঙ্গুরে সর্ষে বীজ ফেলবার পরে সর্ষের তেল কতটা হয়েছে তা না জেনেই আমি বলছি বর্তমানে ঘোষণা হয়েছে এগারো একর জমিতে এগ্রো-ইন্ডাস্ট্রি পার্ক করে খেলনা গাড়ির কারখানা হবে। সব চাইতে বড়ো অটোমোবাইল কারখানাটা যেখানে তৈরি হতে পারত সেইখানে খেলনা গাড়ির কারখানা তৈরি হবে।

ক'বার এস.এস.সি. হয়েছে, স্যার, এই সরকারের আমলে? দু'বার। বাম আমলে রেগুলার হতো। ক'বার টেট হয়েছে এই সরকারের আমলে? একবার। বাম আমলে রেগুলার হতো। ২০১০-১১ সালের হিসাবে একটা বুথ দেখান যে বুথে শিক্ষিত মেধাবি একজন ছাত্র বা ছাত্রী টেট বা এস.এস.সি.-র চাকরি পাইনি, এমন একটা বুথ সরকার পক্ষের কোনো একজন বিধায়ক আমাদের দেখিয়ে দিক আর আমরা সরকার পক্ষের কাছ থেকে এমন একটা বুথ দেখতে চাই, যে বুথে এই রিপোর্টে যা বলা আছে সেই অনুযায়ী ১৪৩জন কাজ পেয়েছে। এই দু'টো সত্যকে পাশাপাশি না আনলে যে মিথ্যাচার এই বাজেটে করা হয়েছে, যে অসত্যতার আশ্রয় এখানে দেওয়া হয়েছে এবং গোটা বাজেটটাকে কার্যতঃ ২০২১ সালের আসন্ন নির্বাচনের জন্য একটি নিবার্চনী জনসভার বক্তৃতায় পরিণত করা হয়েছে গতকাল এই পবিত্র বিধানসভায়, তার বিরোধিতা করা ছাড়া আমার কাছে কোনো বিকল্প নেই। আমি তার তীব্র বিরোধিতা করছি। ছত্রে ছত্রে মিথ্যায় তার প্রত্যাখ্যাত হোক, এই আমার আবেদন।

Shri Sk. Sahonawez : মাননীয় স্পীকার স্যর, আপনার মাধ্যমে গতকাল মাননীয়া মুখ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, ২ লক্ষ ৯৯ হাজার ৬৬৮ কোটি টাকার এবং সেই বাজেটকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি বক্তব্য রাখছি। বিগত দিনে দশ বছরের যে বাজেটগুলো ছিল সেই বাজেটের ফল হিসাবে বাংলায় বিভিন্ন বিষয়ে আমরা প্রথম হয়েছি। একশো দিনের কাজে আমরা প্রথম হয়েছি। ক্ষুদ্র শিল্পে আমরা প্রথম হয়েছি। গ্রামে বাড়ি তৈরির ক্ষেত্রে আমরা প্রথম হয়েছি। সংখ্যালঘুদের ঋণ দেওয়ার ক্ষেত্রে আমরা প্রথম হয়েছি। স্কীল ডেভেলপমেন্টে আমরা প্রথম হয়েছি। দারিদ্রদূরীকরণে আমরা প্রথম হয়েছি। শুধু তাই নয়, বিগত ২০১১ সালে যে বাজেট ছিল সেই তুলনায় আমরা দেখিয়ে দিয়েছি, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী দেখিয়ে দিয়েছেন অর্থমন্ত্রীর পেশ করা বাজেটে যে, আমাদের জি.ডি.পি. কত বেড়েছে, রাজস্ব আদায় কত বেড়েছে, স্টেট প্ল্যান এক্সপেন্ডিচার কত বেড়েছে, স্যোসাল সেক্টরে কত গুণ বৃদ্ধি পেয়েছে, এগ্রো এগ্রিকালচার এবং অ্যালায় সেক্টরে কত বৃদ্ধি হয়েছে। তার সত্ত্বেও বিরোধীরা সবসময় সমালোচনা করেন। পালিয়ে গেলেন আমাদের সুজনদা এবং এখনই বক্তব্য রাখছিলেন আমাদের তন্ময়বাবু। শুধু মিথ্যার ফুলঝুরি নয় দেখছেন। তার কারণ বাজেটটা দেখে গতকালই বিভিন্ন মিডিয়ায় আমাদের আলোচনা হয়েছে। সেখানে বলা হয়েছে মমতা ব্যানার্জী কল্পতরু বাজেট তৈরি করেছেন। এমন বাজেট তৈরি করেছেন যেটা সমস্ত মানুষের, সমস্ত শ্রেণির, সমস্ত সম্প্রদায়ের জন্য তিনি তৈরি করেছেন। সবাই বলছেন। আর ওঁরা বলছেন, অবাক হয়ে যাচ্ছেন যে, ভোট সামনে, এমন সুন্দর বাজেট হলে পাগল হওয়ারই কথা। সেই মত করেই সমস্ত জিনিসগুলো মিথ্যা। কেন বেশি

পাতার বাজেট হলো? কেন বিভিন্ন জিনিস ধরা হলো? এই জিনিসগুলো বলা হচ্ছে। আমরা তো ইতিমধ্যেই তপশিলি জাতির উন্নয়নে আমরা কন্যাশ্রীতে, রূপশ্রীতে হিট্ করেইছি। আমাদের সরকার তো বিশ্বে সমাদৃত হয়েছে। এইবার যে জিনিসগুলো নিয়ে আসা হয়েছে সবার জন্য পেনশান এবং তপশিলি জাতি এবং আদিবাসীদের জন্য স্কুল। তাদের জন্য ইংরেজি মিডিয়াম স্কুল। অলচিকি ভাষায় ছাত্র-ছাত্রীদের জন্য স্কুল এবং জঙ্গলমহলের মানুষদের জন্য উন্নয়ন। আমাদের পাহাড়ে সেখানে সারদি জাতির ছাত্র-ছাত্রীদের জন্য সারদি ভাষায় স্কুল। এই শিক্ষা ব্যবস্থায় বাংলার যে উন্নতি হয়েছে, ওনারা বলতেন শিক্ষায় চেতনা বাড়ায়, চেতনায় বিপ্লব ঘটায়। ওনারা জানেন। ওনারা বলবেন না, স্বীকার করবেন না। কতগুলো স্কুল যে স্কুলগুলো ইউনিভার্সিটির মধ্যে বিল্ডিং তৈরি হয়েছে, কতগুলো স্কুলে কত ক্লাসরুম তৈরি হয়েছে, ওনারা জানেন না।

সারা ভারতবর্ষে যেখানে এই COVID-19 পরিস্থিতিতে ওরা বেতন ঠিক মত দিতে পারেনা সেখানে বাংলার সমস্ত শিক্ষকরা ঠিক মত বেতন পান। তাঁদের জন্য সমস্ত রকম চিন্তা-ভাবনা করা হয়। পার্শ্বশিক্ষকদের প্রতি ওঁরা দরদ দেখাচ্ছেন? পার্শ্বশিক্ষকদের বেতন ২০১৮ সালে ৪০ শতাংশ বৃদ্ধি করে দিয়েছেন বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী। আবার এই বাজেটে প্রতি বছর তাদের ৩ শতাংশ করে বাড়াবার অঙ্গীকার তিনি দিয়েছেন। এই বাজেটে তিনি আবার নতুন করে নানা রকম প্রোগ্রাম নিয়েছেন।

চা-সুন্দরী প্রকল্পে, যেখানে চা-বাগান নিয়ে দিল্লী বার বার রাজনীতি করে কিন্তু কোনদিন কোন কিছু করে নি, কোন চা-বাগান খোলে নি সেখানে এই সরকার, বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী ৪৬ হাজার জনকে বাড়ির অ্যালটমেন্ট অর্ডার দিয়েছেন। সেখানে নতুন করে বাড়ি তৈরি হবে।

কংগ্রেসের আমল থেকে থেকে নিয়ে বামফ্রন্টের ৩৫ বছর নেতাজী সুভাষচন্দ্র বোসকে কোন সরকার সম্মান দেয়নি। তিনি ভারতবর্ষে যোজনা কমিশন থেকে আরম্ভ করে স্বাধীনতার জন্য লড়াই করেছিলেন। তার জন্য বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী স্মারক নির্মাণ করবেন। "জয়হিন্দ ভবন" থেকে আরম্ভ করে নানা রকম প্রোগ্রাম তিনি রেখেছেন।

COVID-19 অতিমারীর সময় তিনি সারা বাংলার মানুষকে রেশনে চাল দিয়েছেন। এক কেজি চাল তৈরি করতে ৩১ টাকা লাগে। সেই চাল বিনামূল্যে তিনি দিয়েছেন এবং প্রতিশ্রুতি দিয়েছেন এটা জুন মাস পর্যন্ত চালাবেন। আবার তিনি প্রতিশ্রুতি দিয়েছেন বাজেটে টাকাও রেখেছেন যতদিন সম্ভব হবে, সরকার পারবে গরীব মানুষের জন্য এই ভাবে ফ্রি-তে চাল দিয়ে যাবে যাতে গরীব মানুষরা ফ্যান-ভাত খেয়ে বেঁচে থাকতে পারে।

আপনারা জানেন না সারা বাংলায় কী আলোড়ন পড়ে গেছে। প্রতি বছর আমরা নানা অসুবিধায় পড়তাম। ৪০ বছর হলে কোন মেয়ে, স্বামী পরিত্যাক্ত বা বিধবা মেয়েরা কোন সুযোগ-সুবিধা পেত না। তাদের জন্য নতুন করে ভাবা হয়েছে। ১৮ বছরের বিধবা হলেই সে সুযোগ পাবে। সমস্ত শ্রেণির মানুষ ভাতা পাবে ৬০ বছর বয়স হলেই। এর ফলে সারা বাংলার মানুষ

উপকৃত হবে। ইতিমধ্যে আমরা "জয় জওয়ান" এবং "তপশিলি-বন্ধু" স্কিমে ১৫ লক্ষ লোককে ভাতা দিয়েছি।

গ্রাম-বাংলায় আজকে রাস্তা-ঘাটের উন্নতি হয়েছে। "পথসাথী" থেকে আরম্ভ করে ৪৬ হাজার কিলোমিটার রাস্তা করার প্রতিশ্রুতি পাঁচ বছরে দেওয়া হয়েছে। আগামী বছরে ১০ হাজার কিলোমিটার তৈরি হবে। যেখানে '১১ সাল অবধি বামফ্রন্ট জোট সরকার এবং কংগ্রেস সব মিলে ২৯ হাজার কিলোমিটার রাস্তা তৈরি করেছিল সেখানে আমাদের সরকার এই ১০ বছরে ৭৯ হাজার কিলোমিটার রাস্তা তৈরি করেছে।

সরকার প্রতিশ্রুতি দিয়েছে শূন্যপদ সমস্ত পূরণ করা হবে এবং বাংলায় ১০০ দিনের কাজ থেকে আরম্ভ করে সমস্ত কিছুর ক্ষেত্রে উন্নয়ন করা হবে। আর, যাঁরা এখানে মিথ্যা কথা বলছেন গ্রাম-বাংলায় গিয়ে একটাও কথা বলতে পারবেন না। এক-দু'মাস বাদেই দেখবেন এখানে যাঁরা আজকে মিথ্যার ফুলঝুরি দিয়ে গেলেন তাঁরা কেউ বিধানসভায় আসতে পারবেন না।

বি.জে.পি. সাম্প্রদায়িক দল তারা বিভাজন করে, উন্নয়ন করে না, তাদের মদত দেয়। বাংলার মানুষ বুঝে গেছে এতটুকু প্রশ্রয় দেবে না। তাই এই সুন্দর বাজেটকে সম্পূর্ণ ভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 3.44 p.m. till 11 a.m. on Monday, 08th February, 2020 at "Assembly House", Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 8th February, 2021 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 22 Ministers-in-Charge, 16 Ministers of State and 197 Members.

[11:00 – 11:10 a.m.]

FIRST SESSION

Presentation of the 8th, 9th, 10th and the 11th Reports of the Committee on Public Accounts (2018-2019, 2019-2020 and 2020-2021)

The Chairman : Hon'ble Speaker, Sir, I beg to present

(a) The 8th Report of the Committee on Public Accounts (2018-2019, 2019-2020 and 2020-2021) on Audit Para No. 7.5.13 of the Report of the Comptroller and Auditor General of India (Revenue Sector) for the year 2011-2012 relating to the Department of Industry, Commerce and Enterprises, Government of West Bengal;

(b) The 9th Report of the Committee on Public Accounts (2018-2019, 2019-2020 and 2020-2021) on Audit Para No. 6.5.2 of the Report of the Comptroller and Auditor General of India (Revenue Receipts) for the year 2009-2010 relating to the Department of Land and Land Reforms and Refugee Relief & Rehabilitation, Government of West Bengal;

(c) The 10th Report of the Committee on Public Accounts (2018-2019, 2019-2020 and 2020-2021) on Audit Para Nos. 1.3.1.2, 1.3.4, 1.4, 1.6.1, 1.6.4 and 1.7.1 of Report of the Comptroller and Auditor General of India (State Finances) for the year 2015-2016 relating to the Department of Finance, Government of West Bengal; and

(d) The 11th Report of the Committee on Public Accounts (2018-2019, 2019-2020 and 2020-2021) on Excess Expenditure incurred over

Voted Grants and Charged Appropriation during the period from 2012-2013 to 2013-2014.

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ স্যার। পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্রের বাজেট গত ৫ ই ফেব্রুয়ারী মাননীয়া মুখ্যমন্ত্রী পড়েছেন। তার বিরোধিতা করে কয়েকটি জায়গাতে বলার চেষ্টা করছি। প্রতিবছর বাজেটের সঙ্গে প্রকাশিত হয় আর্থিক সমীক্ষা। গত একটি বছরে সরকারী দপ্তরে কি কি কাজ হল তার মোটা দাগে পর্যালোচনায় আর্থিক সমীক্ষা। বামফ্রন্ট সরকারের সময় আর্থিক সমীক্ষা অনলাইনে পাওয়া যেত। অর্থ দপ্তরের ওয়েবসাইটে ঢুকে যে কেউ দেখতে পারত। তৃণমূল শাসনে গত ১০ বছরে কোন একটি বছরেরও আর্থিক সমীক্ষা অনলাইনে পাওয়া যাবে? তথ্য গোপনের উদ্যোগ ফাঁকি ধরা পড়ে যাবে তার ভয়ে। দুহাজার দশ এগারো অর্থ বছরে বাজেট বিভাগ জানাচ্ছে সরকারের শেষ বছরে রাজ্যের ঋণ এক লক্ষ পঁচাশি হাজার ৬৬০ কোটি ৪৭ লক্ষ টাকা। দশ বছরে ধার বেড়েছে ২ লক্ষ ৯৫ হাজার ৭৩৮ কোটি ৩৭ লক্ষ টাকা। মানে ১৫৯ পার্সেন্ট বেশি, দ্বিগুণেরও বেশি হয়েছে। অর্থমন্ত্রী বাজেটে জানাচ্ছেন আগামী বছরে রাজ্যের আরো ঋণ বাড়বে। বেড়ে দাঁড়াবে ৫ লক্ষ ২৫ হাজার ৮৬৭ কোটি ৮০ লক্ষ টাকা। এটা বাজেটের হিসাব আরো বাড়তেই পারে। এখন বাজেটের মোট ঋণ দাঁড়িয়েছে চার লক্ষ ৮১ হাজার ৩৯৮ কোটি ৮৪ লক্ষ টাকা। মানে সরকারে আসবে না জেনে রাজ্যটাকে শ্মশানে পরিণত করা হয়েছে। এটাই হয়তো আমার মনে হয়েছে ভেবে নিয়েছেন, যাবার আগে শেষ বাজেট। বাজেটে বলা হয়েছে দশ বছরে চার লক্ষের বেশি শূন্যপদে নিয়োগ হয়েছে। ২ লক্ষের বেশি শূন্যপদ এখনও পড়ে আছে, সরকারী দপ্তরে নিয়োগ নেই অথচ মুখ্যমন্ত্রী বলছেন চার লক্ষ শূন্যপদ পূরণের কথা। স্কুল শিক্ষাতে রাজ্যের প্রায় এক লক্ষ শিক্ষকপদ দশ বছর ধরে ফাঁকা পড়ে আছে, নিয়োগ নেই।

প্রাইমারিতে শূন্যপদ ২৫ হাজারের বেশি। পঞ্চম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ৭০ হাজারের উপর ফাঁকা পদ পড়ে আছে। ২০১৬ সালের নির্বাচনের আগে রাজ্যের গ্রুপ-ডি পদে ৬০ হাজার নিয়োগের প্রতিশ্রুতি দিয়েছিলেন। সরকারী দপ্তরে ৫০ হাজার পদ ও পুলিশে ৬০ হাজার ২৯১ টি। তিন বছরে নিয়োগের কথা বলেছিলেন। ২০১৭ সালে ৬০ হাজারের মধ্যে ৬ হাজার গ্রুপ-ডি কর্মী নেওয়ার জন্য বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। ২৭ লক্ষ আবেদন জমা দিয়েছিলেন নিয়োগের জন্য এবং ২০১৭ সালে ২০ মে ২৪ লক্ষ প্রার্থী পরীক্ষায় বসেন। এর পর ১৯ হাজার ৪০০ জনের প্যানেল তৈরি করে বোর্ড। তার মধ্যে ৫৪২২ জনের নিয়োগ সম্পূর্ণ করে। একটা বড় অংশকে ওয়েটিং লিস্টে রেখে দেওয়া হয়। প্যানেলভুক্তরা এখন বার বার আন্দোলন করছেন। বাজেট বই পড়তে পড়তে সুকুমার রায়ের কবিতা মনে এল " গ্রীষ্মকালে গান জুড়েছেন ভীষ্মলোচন শর্মা। 'সেই গানে কি কি হয়েছে কবিতায় লেখা আছে। অন্ডাল বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দর

করার কথা বলা হয়েছে। কিন্তু আমরা জানতে চাইছি, আন্তর্জাতিক বিমানবন্দরের অনুমোদন কে দেবে ? রাজ্য সরকার না কেন্দ্র না ডি.জি.সি.এল.। রাজ্য সরকার ডি.জি.সি.এল.-এর নিকট কি আবেদন করেছেন ? ইমিগ্রেশানের ব্যবস্থা করা হয়েছে কি ? আন্তর্জাতিক বিমান ওঠানামা করতে গেলে ন্যূনতম কত মিটার রানওয়ে লাগে। অন্ডালে কত মিটার রানওয়ে আছে জানেন ? শুনুন তাহলে, অন্ডালে ২৭৫০ মিটার রানওয়ে আছে। ন্যূনতম ৩২০০ মিটার রানওয়ের প্রয়োজন। ট্যাক্সি বে-র পরিকল্পনা আছে কি ? আন্তর্জাতিক বিমানবন্দর গড়ে তুলতে ন্যূনতম জমি ১৫০০ একর চাই, কিন্তু অন্ডালে আছে ৬৫০ একর। এর আশেপাশে কোন জমি নেই। একদিকে গ্রাম, ডি.ভি.সি. আর অন্যদিকে আছে কোলিয়ারি যার মাটির নিচটা ফাঁকা। তাহলে আন্তর্জাতিক বিমানবন্দর হবে কি করে ? আন্তর্জাতিক বিমানবন্দরের জন্য নূন্যতম ১ হাজার কোটি টাকার দরকার। এখানে মাত্র ১৫০ কোটি টাকা ধরা হয়েছে বাজেটে। সংখ্যালঘু বিষয়ে বলি, ২০১০ সালে বামফ্রন্ট সরকার রঙ্গনাথ কমিশনের মান্যতা দিয়ে অনগ্রসর ভিত্তিতে ১০% সংরক্ষণ করেছিল, কিন্তু তৃণমূল সরকার আসার পর A এবং B ক্যাটাগরিকে একেবারে সংখ্যালঘুর সাথে মিলিয়ে দেওয়া হয়েছে। মাদ্রাসা সহ বহু শিক্ষক নূতন বেতন কমিশনের কোন সুবিধা পাচ্ছে না। ৬১৪টি মাদ্রাসার অর্ধেকের বেশি শিক্ষক পদ খালি আছে। মুখ্যমন্ত্রী ১০ হাজার মাদ্রাসার স্বীকতি দেওয়ার কথা বলেছিলেন, কিন্তু এই ১০ বছরে ৩০০ মাদ্রাসার স্বীকৃতি দিয়েছেন। শিক্ষকদের আর্থিক দায়ভার গ্রহণ করেন নি, যার ফলে এই মাদ্রাসাগুলোর শিক্ষকরা কোন বেতন পাচ্ছেন না। সবথেকে দুঃখের বিষয় যেখানে অন্যান্য স্কুলে ছাত্রছাত্রীরা মিড-ডে মিলের সুবিধা পায়, এই মাদ্রাসাগুলোর ছাত্রছাত্রীরা সেই সুযোগ পাচ্ছে না।

সংখ্যালঘু ছাত্রদের সব ভাতাগুলোকে এক জায়গায় এনে 'ঐকশ্রী' নামে একটি প্রকল্প চালু করেছেন এই সরকার। গত বছর বাজেটে জানানো হয়েছিল ২০১৯-২০-তে ৪২ লক্ষ ছাত্রছাত্রীর আবেদন জমা পড়েছে, কিন্তু আমরা এখন বাজেট বইতে দেখছি, ৩৭ লক্ষকে 'ঐকশ্রী 'দেওয়া হয়েছে, অর্থাৎ ৫ লক্ষ আবেদন করেও পান নি। তাহলে আপনারা সংখ্যালঘুর সম্বন্ধে এত কথা বলছেন কি করে ? ভাঙড়ে মুখ্যমন্ত্রী গিয়ে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেখানে মুসলিমদের জন্য হাসপাতাল হবে। ২০১২ সালে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে ৫৬টি মার্কেটিং হাবের কথা বলা হয়েছিল। সেখানে বলা হয়েছিল প্রত্যেকটি মার্কেটিং হাবে ১ হাজার করে সংখ্যালঘু ছেলেমেয়েরা কাজ পাবে। তার মানে হচ্ছে ৫৬টি হাবে ৫৬ হাজার সংখ্যালঘু ভাইবোনেরা কাজ পাবে। সেই বছরে সাঁকরাইলে জরি হাবের শিলান্যাস করা হয়, কিন্তু বাস্তবে প্রতিশ্রুতি প্রতিশ্রুতি থেকে যায়। ২০১৭-১৮ আর্থিক বছরের সমীক্ষায় ৫১ নম্বর পার্তায় একটা সারণী দেওয়া হয়েছিল। সেখানে ৫.১ লেখা হয়েছিল, রাজ্য সরকার কতগুলি বিশ্ববিদ্যালয়, কলেজ, পলিটেকনিক কলেজ করেছে তার হিসাব দেওয়া হয়েছিল। ২০১৬-১৭ পর্যন্ত ১২৩৫টি কলেজ আছে। ২০১৫-১৬ -তে ছিল ১১০৮ টি। গত ৫/২/২১ তারিখের বাজেট সমীক্ষায় ৬৬টি পাতায় একটি সারণী দেওয়া হয়েছে, শিরোনামে ২০১১ সালের মে মাস থেকে উচ্চশিক্ষা দপ্তরের অবদান। সেখানে জানানো হয়েছে, ৫০৮টি কলেজ, তার মধ্যে সরকারী ৫৮টি কলেজ এবং ৪৫০টি সরকার পোষিত

কলেজ। ইঞ্জিনিয়ারিং কলেজ ৫৪টি এবং তার মধ্যে ৮টি সরকারী এবং ৪৬ টি বেসরকারী। মোট কলেজের সংখ্যা হল ৫৮২টি।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

[11:10 – 11:20 a.m.]

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, আমি এই বাজেটকে বাজেট বলতে পারছি না, তৃণমূলের ম্যানিফেস্টো বলেই বলছি। তিন মাস সরকারের আয়ু, আপনার সরকারের আয়ু তিন মাস। আর আপনি এক থেকে তিন-পাঁচ বছরের পরিকল্পনা করেছেন, এতো পঞ্চবার্ষিকী পরিকল্পনা করেছেন। অন্য দিনের বাজেটগুলো সব আমার কাছে আছে, আমি একটা একটা করে দেখাতে পারি। বাজেটের এই চেহারা! এই সদনের, আমি এখানের মাননীয় সিদ্ধার্থ রায় থেকে আরম্ভ করে, মাননীয় জ্যোতি বসু, আব্দুস সাত্তার –ওনাদের সকলের ডিবেট শুনেছি। তাঁরা ধৈর্য ধরে শুনেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেন আপনারা সমালোচনা করবেন আমার, অসুবিধা নেই। কিন্তু সমালোচনা করলেই উনি আমার উপর তেলেবেগুনে জ্বলে যান। বলেন ঝগড়া কর কেন আমার সঙ্গে। এটা অবৈধ, ইউ আর বিটিং ইওর ওন ড্রাম, সো, ইওর ফিনান্স মিনিস্টার ওয়াজ অ্যাবসেন্ট। উনি জানেন এটা অনৈতিক, এটা করা যায় না। অন্য বাজেটে এই রকম মহাভারত হয় নি কোন দিনও। আপনি লিখেছেন ? আপনি শিল্প সম্মেলন করেছেন ক-টা ? লগ্নি বলেছিলেন ১৩ লক্ষ কোটি টাকা আসবে। ক-টা শিল্প এখানে হয়েছে জবাব দেবেন। লন্ডন গেছেন, জার্মানি গেছেন। লন্ডনে একশো জন লোক নিয়ে গেছেন। তাদের মধ্যে কেউ কেউ হয়তো জেলেও আছে আমার মনে হয়। আপনাকে বলি মার্সিডিজ বেঞ্চ আনবেন বলেছিলেন আপনার ফাইনান্স মিনিস্টার। একটা চায়ের দোকানের বেঞ্চও আনতে পারেন নি। একটা চায়ের দোকানের বেঞ্চিও জোটেনি আপনার সরকারেরও। ২১শে জুলাই কমিশান বসিয়েছিলেন। Where is the Report ? দশ বছরে কোথায় আপনার ? ২১শে জুলাইয়ের মঞ্চে আপনি বলেছিলেন কমিশান করে সেই কমিশানে যার বিচার হওয়া উচিত তাকে আপনি মন্ত্রীসভার মন্ত্রী করেছেন, রাজ্যসভার M.P. করেছেন। আপনি ২১ শে জুলাইয়ের মঞ্চকে, শহীদের মঞ্চকে দলত্যাগীদের নিয়ে কংগ্রেস, সি.পি.এম. সব দল ভাঙ্গিয়ে আপনি সেই মঞ্চকে ব্যবহার করেছেন, করে শহীদদের অপমান করেছেন।

.............(গোলমাল)...........

মিঃ স্পীকার : আপনি বাজেটের উপর বলুন। প্লিজ, বাজেটের উপর বলুন।

শ্রী মনোজ চক্রবর্তী : আমি বাজেটের উপরেই বলছি। উড়ালপুল দিয়ে কলকাতা ঘিরবেন! ১২টি উড়ালপুল করবেন। পোস্তার ভেঙ্গে যাওয়া উড়ালপুলটি আপনি আজও সারাতে পারেন নি, লোক মারা গেল। আপনি কার সঙ্গে এই তঞ্চকতা করছেন ? কার সঙ্গে, আপনি বলুন। কোথায় আপনার শ্যামল সেন কমিশনের রিপোর্ট ? আপনাকে বলতে হবে

এখানে। আমি আট মিনিট বলব আর আপনি আশি মিনিট বলবেন, পরিষ্কারভাবে বলে দিলাম আমি শুনব না।

............(গোলমাল)......

মিঃ স্পীকার : আপনি রেসট্রেন করুন আপনার ল্যাঙ্গুয়েজ, প্লিজ রেসট্রেন ইওর ল্যাঙ্গুয়েজ।

শ্রী মনোজ চক্রবর্তী : ২১ শে জুলাই গুলি চালিয়েছিল যে, তাকে আপনি মন্ত্রী করেছেন। আপনি পঞ্চায়েত ভোট করতে দেন নি। আড়াই বছর ধরে মিউনিসিপ্যালিটির নির্বাচন হয় নি। আপনি শুভেন্দুকে দিয়ে সেদিন দখল করিয়েছিলেন। আর আজকে আপনি নিজে বুঝতে পারছেন কত ধানে কত চাল।

সমালোচনা সহ্য করতে হবে আপনাকে। আপনি বলেছেন— 'আরও আলো, আরও আলো, এই নয়নে প্রভু ঢালো।' প্রভু তো অনেক ঢেলেছেন। প্রভু ঢেলেছেন অনেক। আপনাকে কংগ্রেস এম.পি. করেছে, কংগ্রেস মন্ত্রী করেছে, কংগ্রেসের মন্ত্রী হয়েছেন, বি.জে.পি.-র মন্ত্রী হয়েছেন, কংগ্রেসের সহযোগিতায় মুখ্যমন্ত্রী হয়েছেন। আর কত আলো দেবেন ভগবান আপনাকে ? আপনার আলো দিতে দিতে ভগবানের ব্যাটারীই ফুরিয়ে যাবে। 'এই নয়নে প্রভু ঢালো। সুরে সুরে বাঁশি পূরে, তুমি আরো আরো আরো দাও তান। দ্বার ছুটায়ে বাধা টুটায়ে' – আগামি দিনে আপনার সরকারকে মানুষ প্রাণ দেবে না।

.... গোলমাল) ....

মিঃ স্পিকার : আপনি বাজেটের উপরে বলুন।

শ্রী মনোজ চক্রবর্তী : আর মাত্র ৩ মাস। আর আপনি ঐ বাজেট বক্তৃতায় যা বলেছেন, তাতে মানুষকে ভুল বুঝিয়েছেন। আমি প্রতিবাদ করছি এটা করার জন্য। মানুষের সঙ্গে বেইমানী করা হয়েছে। এটা অন্যায়।

.......গোলমাল......

তাই বাজেটের নামে এই বঞ্চনা সহ্য করব না আমরা কেউ। আপনাকে তাই বলি, এই বাজেটের নামে আপনি যে কথা বলেছেন - পৌরসভায় আড়াই বছর নির্বাচন করেন নি, মন্ত্রীকে এখনও কর্পোরেশনে বসিয়ে রেখেছেন। এটা গণতন্ত্র ? এটা গণতন্ত্র ? আপনি আপনার পার্টির লোককে ওখানে বসিয়ে রেখেছেন। এটা গণতন্ত্র ? আড়াই বছর ধরে ক্যালকাটা কর্পোরেশনে নিবার্চন করেন নি। পঞ্চায়েত ভোটে লুঠ করলেন, আবার সেখানে চুরি-চামারি। ....

.... (গোলমাল) ....

আজকে আমি আপনার বন্ধুলোক— আপনাকে বলি, আপনার কে অ্যাডভাইজার আমি জানি না, আগে মুসলিমরা বিপদে পড়লে বলত যে - এলাহি ভরসা, হিন্দুরা বিপদে পড়লে বলে

ভগবানই ভরসা। আর আপনার নিজের উপর এখন ভরসা নেই। লোকে বলে পি.কে. আয়া পি.কে - ই ভরসা, আপনার প্রশান্ত কিশোর এখন ভরসা। আপনার প্রশান্ত কিশোর ভরসা। ......

......(গোলমাল)......

দল ভাঙ্গিয়ে আপনি করছেন। এখন বুঝতে পারছেন বি.জে.পি, কতটা আপনার ক্ষতি করছে। তাই এটা বাজেট নয়, এটা মানুষের সঙ্গে তঞ্চকতা, মানুষের সঙ্গে জালিয়াতি। আমি মানছি না এই বাজেটকে। এবারের বাজেট তাই .....

(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সমস্ত সদস্য ও সদস্যাবৃন্দ, যাঁরা অংশ নিয়েছেন, আমি তাঁদের সকলকেই ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি। বাজেট সম্বন্ধে যাঁরা বলেছেন এবং বাজেট বহির্ভূত সম্বন্ধেও অনেক রাজনৈতিক চর্চা এখানে হয়েছে। এমনকি কেউ কেউ এটাকে ভোটের ইস্তাহার বলে কটাক্ষও করেছেন। যদি সত্যিই ভোটের ইস্তাহার হয়, তাহলে আপনাদের কোন আপত্তি আছে ? মানুষের কাজের জন্য কোন চতুরতার প্রয়োজন হয় না। আর যে স্কিমগুলো ডিক্লেয়ার করা হয়েছে, তার প্রত্যেকটার টাকা রাখা হয়েছে এবং কেউ যদি কোয়েশ্চেন করেন – দু'-একজন করেছেন – টাকাটা আসবে কোথা থেকে ? টাকাটা আছে। ১২ হাজার কোটি টাকার উপরে রাখা হয়েছিল সোসাল স্কিমের জন্য এবং সেই টাকাটা সঞ্চিত আছে এবং আছে বলেই স্কিম ওয়াইজে টাকার সংস্থান রাখা হয়েছে। আমি আপনাদের আবার বলি, কেউ - কেউ বলছেন আপনারা আর কিছুদিন আছেন। আমরা কিছুদিন নই, আমরা এবারেও ২১ শে এমন জয়লাভ করব যে বুঝতে পারবেন যারা এই কথাগুলো বলছেন জোট না, ঘোঁট না, ভোট – সেদিন বুঝতে পারবেন। এখন এটা বুঝতে পারবেন না।

[11:20 – 11:30 a.m.]

এখন এটা বুঝতে পারবেন না। আমি কাউকে কাউকে বলতে শুনছিলাম বাজেটে বলতে গিয়ে যে, শুধুমাত্র কলকাতার ফ্লাইওভার বলা হচ্ছে। জেলায় কেন ফ্লাইওভার হয় নি। কলকাতার উড়ালপুল, জেলার ব্রিজ কোথায়? শুধু কলকাতার উন্নয়ন! ২০১১ সালের পর থেকে আজও অবধি বিভিন্ন জেলায় ১৮৩ টি ব্রিজ তৈরি হয়েছে। আরও ৬৯টি ব্রিজের কাজ বিভিন্ন জেলাতে চলছে। যাঁরা বলছেন আমি তাঁদের অনুরোধ করব একবার কুচবিহারে গিয়ে হলদিবাড়ি থেকে মেখলিগঞ্জ পর্যন্ত জয়ী ব্রিজটা দেখে আসতে, গাজলডোবায় গিয়ে ব্রিজটা দেখে আসতে, বারুইপুর পদ্মপুকুরের ব্রিজটা দেখে আসতে। এই ধরনের ভসরাঘাট ব্রিজ থেকে শুরু করে জঙ্গলমহল, জঙ্গলকন্যা সেতু থেকে শুরু করে সবগুলো গিয়ে দেখে আসুন চোখে। আর চোখে দেখে কথা বলুন। চোখে না দেখে মুখে উল্টোপাল্টা না বলাটা উচিত। আর শুধুমাত্র আপনারা যেখানে হিসেব দিচ্ছেন একটা পি.ডব্লিউ.ডি. টা ধরে রাস্তার হিসেব দিয়েছেন। ভাই, রাস্তা তো ইরিগেশানেরও আছে, জেলাপরিষদেরও আছে, পঞ্চায়েত সমিতির আছে, পি.ডব্লিউ.ডি.-র আছে। There are

so many agencies, যারা রাস্তা তৈরি করে। কাজেই আমাদের হিসেবটা আমরা স্টিক করছি। এছাড়াও রাজ্য পূর্তদপ্তর রেল লাইনের উপর দিয়ে ১৪টা স্থানে ব্রিজ করেছে। ব্যারাকপুর, বারুইপুর, ডানকুনি, দুর্গাপুর, বনগাঁ, মিরাপুর, খড়গপুর, ঝাড়গ্রাম, নৈহাটি, আলিপুরদুয়ার, সলসলাবাড়ি, বর্ধমান, উলুবেড়িয়া, জয়হিন্দ, গাজলডোবা –এগুলো হয়ে গিয়েছে অলরেডি। মেদিনীপুরে ভসরাঘাটে সুবর্ণরেখা নদীর উপর ১৭০ কোটি টাকা ব্যয়ে জঙ্গলমহল ব্রিজের কাজ সম্পন্ন হয়েছে। উত্তর ২৪ পরগণার ভি.আই.পি. রোডের উপর কেষ্টপুর থেকে জোড়া মন্দির পর্যন্ত ১.৯ কিলোমিটার দৈর্ঘ্যের উড়ালপুল ৩১৩.৬৫ কোটি টাকায় নির্মিত হয়েছে। কোচবিহার জেলায় ৪২৯.৮৬ কোটি টাকা ব্যয়ে তিস্তা নদীর উপর জয়ী ব্রিজ হয়েছে। একটার পর একটা তৈরি হয়েছে। সুতরাং যা তৈরি হয়েছে সেই হিসেব অনুযায়ী বলা হয়েছে। স্যার, আমি কোনো কন্ট্রোভার্সির মধ্যে যেতে চাই না এই কারণে। তার কারণ কেউ কেউ নিশ্চয়ই বলেছেন ভোটের ইস্তাহার। আমি তার উত্তর দিয়েছি। কেউ কেউ বলেছেন ঋণে ডুবে – তাদের আমি শুধু বলি জি.ডি.পি. অনুযায়ী এফ.আর.বি.এম. সিস্টেম আমরাই চালু করি। এফ.আর.বি.এম. সিস্টেম চালু করার পর জি.ডি.পি. অনুযায়ী একটা গ্রোথ রেট ডিসকাশান হয়। এবং এখানে আমরা তিন পার্সেন্টের মধ্যে আছি। যেটা আমার মনে হয় আজকে প্রত্যেকে good governance বলে, e-governance বলে এবং আমাদের ফাইনান্স ডিপার্টমেন্টকে সমস্ত অ্যাওয়ার্ড, স্কচ অ্যাওয়ার্ড থেকে শুরু করে all awards মিলেছে। তার কারণ আমাদের এক্সপেন্ডিচার গ্রোথ এবং আমাদের ফাইনানসিয়াল গ্রোথের জন্য। I am happy to announce যে 14th Commission যাঁরা এসেছিলেন আমরা খুব ভালোভাবে তাঁদের বুঝিয়েছিলাম। এবং আমি খুশি যে, এম.কে. সিং আজকে এখানে নেই, এটা একটা অটোনমাস অর্গ্যানাইজেশান। তারা খুশি হয়ে বেঙ্গলের পারফরমেন্সের উপরে demography ব্যাপারটা টোটাল দেখে নিয়ে একমাত্র বাংলাকে তারা ৪০, ০০০ কোটি টাকা আগামী চার বছরের জন্য অ্যাপ্রুভ করেছে। এবং তার মধ্যে এই বছরই আমরা ১৭, ০০০ কোটি টাকা পাব। বুঝতে পারছেন টাকাটা আদায় করতে হয় একটু বুদ্ধি খরচ করে। স্যার, আমি আজকে কতগুলো প্রোগ্রাম আবার নতুন করে বলতে চাই, যেটা আমরা অ্যানাউন্স করব। বিকেলবেলায় এগুলো উদ্বোধন হবে। এটা নয় যে নির্বাচনী ইস্তাহার, নির্বাচনের পরে হবে। আজকেই হবে এটা। এখানে ১৯টি শিল্প প্রকল্পের সুচনা বা উদ্বোধন হবে। সম্ভাব্য মোট বিনিয়োগের পরিমাণ হবে ৭২, ২০০ কোটি টাকা। এবং এই প্রকল্পগুলি রূপায়ণে আরো ৩ লক্ষ ২৯ হাজার ৫০০ মানুষের কর্মসংস্থান হবে। কলকাতা লেদার কমপ্লেক্সে একটা common effluent plant, যার মূল্য ১০২ কোটি টাকা। এখানে ১৮০টির বেশি ট্যানারি গড়ে উঠবে। এই যে সংখ্যালঘু চাকরি বলছিলেন, শুধু ট্যানারিটা গিয়ে ঘুরে আসুন। দেখবেন যে কত ছেলে-মেয়েরা চাকরি করে। না জেনে শুধু, বলে দিল, লিখে দিল, পড়ে গেলেন এটা কিন্তু ঠিক নয়। উত্তর ২৪ পরগণা জেলার হাবড়ায় ও.এন.জে.সি. টা ছেড়ে দিন, মেগা পাওয়ারলুম ক্লাস্টার যার সম্ভাব্য বিনিয়োগের পরিমাণ ৪০০ কোটি টাকা। এখানেও ১৫, ০০০ নতুন চাকরির সুযোগ ঘটবে। ৭ কোটি টাকা ব্যয়ে হাওড়ার উদয়নারায়ণপুরে তাঁতের হাট, এখানেও প্রায় ১০, ০০০ তাঁতি

উপকৃত হবে। কোচবিহার ভাওয়াইয়া শিল্পের জন্য কমন ফেসিলিটি সেন্টার, দেড় হাজার শিল্পী উপকৃত হবে। কোচবিহারে মেখলার ড্রেস তৈরির জন্য ৩ কোটি টাকা ব্যয়ে কমন প্রোডাকশান সেন্টার, পূর্ব বর্ধমানে বাতাসা-কদমা তৈরির জন্য কমন প্রোডাকশান সেন্টার।

মালদার মধুঘাটে সিড পার্ক, যার সম্ভাব্য বিনিয়োগের পরিমাণ প্রায় দুশো কোটি টাকা। শিলিগুড়ির ফুলবাড়িতে ইন্ডাস্ট্রিয়াল পার্ক যার বিনিয়োগের পরিমাণ হবে ২৫০কোটি টাকা, কোচবিহার মেখলিগঞ্জে মেগা ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড লজিস্টিক পার্ক যার বিনিয়োগের পরিমাণ হবে ৪হাজার কোটি টাকা। পুরুলিয়ার রঘুনাথপুরে ইন্ডাস্ট্রিয়াল কাউন্সিল যার সম্ভাব্য বিনিয়োগের পরিমাণ হল, যেটার নাম সেদিন আমি বাজেটে বলছিলাম, জঙ্গলমহল শিল্পনগরী ৬৪হাজার কোটি টাকা। দক্ষিণ ২৪পরগণার ফলতায় ফার্মাসিউটিক্যাল পার্ক যার সম্ভাব্য বিনিয়োগের পরিমাণ ১হাজার ৩০০ কোটি টাকা। দক্ষিণ ২৪পরগণার বজবজে একটি ইন্ডাস্ট্রিয়াল পার্ক যার সম্ভাব্য বিনিয়োগের পরিমাণ ২০০০ কোটি টাকা। বাঁকুড়ার বড়জোরায় একটি ইন্ডাস্ট্রিয়াল পার্ক যার সম্ভাব্য বিনিয়োগের পরিমাণ ১৫০কোটি টাকা। পশ্চিম মেদিনীপুরে একটি টয় পার্ক যার বিনিয়োগের পরিমাণ ১০০ কোটি টাকা। হাওড়ার জগদীশপুর হোসিয়ারি পার্কে একটি স্পিনিং মিল যার বিনিয়োগের পরিমাণ ১৫০কোটি টাকা। দক্ষিণ দিনাজপুরে বালুরঘাটে ইন্ডাস্ট্রিয়াল পার্ক– প্রায় ৫০ কোটি টাকা। হাওড়ার উলসানিতে টেক্সস্টাইল পার্ক– সেখানে ৫০০কোটি, হাওড়ার উলসানিতে আল আমিন ইন্ডাস্ট্রিয়াল পার্ক ৪০০কোটি টাকা। জলপাইগুড়ির বিননাগুড়িতে শিল্পাঙ্গন পার্ক যার সম্ভাব্য বিনিয়োগের পরিমাণ হল ৪০০ কোটি টাকা। আমি আগে যেটা বাজেটে বলেছিলাম, দেখুন স্যার তার সঙ্গে সঙ্গতি রেখে বলতে চাই আজকে যে প্রোজেক্টগুলোর উদ্বোধন হচ্ছে এবং যেটা আমি অলরেডি অ্যানাউন্স করে গেলাম এটা ৭২হাজার ২শো কোটি টাকা। এই প্রকল্পগুলি রূপায়ণে প্রায় ৩লক্ষ ২৯হাজার ৫শো মানুষের কর্মসংস্থান হবে। আমি এখনও মনে করি স্যার, অনেকে ভাবেন যে শুধুমাত্র বলে যাই, আর যেহেতু আমি বিরোধী দলে আছি। সুতরাং আমার কাজ শুধু বলে যাওয়া। হ্যাঁ, বন্ধু আমি রেলমন্ত্রী ছিলাম। অস্বীকার করতে পারবেন– এখন যত মেট্রো হচ্ছে সারা কলকাতা জুড়ে অস্বীকার করতে পারেন ? দীঘা তমলুকটাও আমি করে গিয়েছিলাম। বরকতদা অ্যানাউন্স করে গিয়েছিলেন কিন্তু তারপর সেটা হয়নি। আমি ৯মাসে কমপ্লিট করে দিয়েছিলাম। হাওড়ার মুন্সীরহাট, বড়গাছিয়া মুন্সীরহাট, সুন্দরবন যেটা নামখানা কাকদ্বীপ থেকে শুরু করে, তারকেশ্বর – বিষ্ণুপুর – তারকেশ্বর একটার পর একটা যোগীগোপা–ময়নাগুড়ি প্রত্যেকটা। মেট্রো রেল একেবারে দমদম দক্ষিণেশ্বর থেকে নোয়াপাড়া, নোয়াপাড়া থেকে দমদম, দমদম থেকে গড়িয়া, টালিগঞ্জ থেকে গড়িয়া এইগুলো সমস্ত আমি আমার সময়ে ঢেলে দিয়েছিলাম। তারাতলা থেকে জোকা। আগামী দিন দেখবেন কলকাতা এবং তার অ্যাডজাসেন্ট এরিয়াতে ট্রান্সপোর্ট প্রব্লেম থাকবে না। কংগ্রেস ভালবেসে আমায় টাকাটা দেয় নি। আমার দল সাপোর্ট করেছিল, মন্ত্রিসভা হয়েছিল তাই টাকাটা দিয়েছিল। এমনি দেয় নি এটা মাথায় রাখবেন। আজকে প্রণবদা বেঁচে নেই। তিনি দীর্ঘদিন অর্থমন্ত্রী ছিলেন। তাঁর সঙ্গে আমার কথা কাটাকাটি হয়েছিল। আজকে তিনি বেঁচে নেই, তিনি মহান হয়ে গেছেন।

আমি সেই কথাগুলো উল্লেখ করতে চাই না। প্রণবদা আমাকে ভালবাসতেন, আমিও তাঁকে শ্রদ্ধা করতাম। স্যার, আমি মাননীয় সদস্যদের বলতে পারি যে দুয়ারে সরকার কেন হল? হল এই কারণে মানুষ কাজ করতে করতেই শেখে। আমি আজকে একটা কাজ করলাম বলে কি সারা জীবন কাজ করব না ? প্রতি দিন নতুন দিশা দেখানোটাই তো আমাদের কাজ। প্রতিদিন নতুনত্ব তৈরি করাটাই তো আমাদের কাজ। কর্মবিমুখতা কখনো কোন কাজ হতে পারে না। কর্মসৃষ্টি করাটাই কাজ। কর্ম অনুপ্রেরণা, কর্ম উন্মাদনা এবং সেই জন্য আমি সি.এম . গ্রিভ্যান্স সেলে দেখেছি যে এত লোকের অভিযোগ এসেছে এবং সি.এম. গ্রিভ্যান্স সেল আপনারা জানেন এক নম্বর প্রাইজ পেয়েছে স্কচ অ্যাওয়ার্ডে, তার কারণ আমরা ৯০% জনগণের সমস্যা সমাধান করেছি এবং তখনই আমার মাথায় এসেছিল যে লোকে যখন বলছে তখন কিছু সমস্যা থাকতেই পারে, তাদের একটা বলবার জায়গা হতে পারে। সেই জন্য দুয়ারে সরকারের আইডিয়াটা। আমি নিজে ৫শো টা রিভিউ মিটিং জেলায় করেছি। তারই ফলশ্রুতি হিসাবে যাতে দুয়ারে দুয়ারে আমরা সরকার নিয়ে যেতে পারি, মানুষের যে নিজস্ব প্রব্লেম আছে যারা জেলায় যেতে পারে না, দূরে যেতে পারে না, শহরে যেতে পারে না, সব কিছু জানে না, কিন্তু তারও একটা সমস্যা আছে। সব কাজ গভর্ণমেন্ট করতে পারে এটা আমি বিশ্বাস করি না। কিন্তু চেষ্টা করে দেখতে ক্ষতি কি ? তাই দুয়ারে সরকার এবং পাড়ায় পাড়ায় সমাধান। আমি খুশী যে দুয়ারে সরকারে আজ প্রায় ৭৭ থেকে ৮০% মানুষ যারা এসেছিল গ্রিভ্যান্স সেলে সেগুলোকে সল্ভ করতে পেরেছি।

[11:30 – 11:40 a.m.]

স্যার একটা দুয়ারে সরকার ক্যাম্প থেকে ১৫ লক্ষ এস.সি. এস.টি. ও.বি.সি. এবং ট্রাইবালদের কাস্ট সার্টিফিকেট ইস্যু করা হয়েছে। দুয়ারে সরকার থেকে ওটা প্রায় ১৮ লক্ষ বা তার বেশী হয়ে গেছে আজ। আমাদের প্রায় ১৫ লক্ষ ওল্ডেজ পেনশনের জন্য বিধবা ভাতার জন্য অ্যাপ্লাই করেছিল থ্রু দুয়ারে সরকার। ১৫ লক্ষই আমরা করে দিয়েছি। যেমন ধরুন, মানবিক– ফিজিক্যালি্য চ্যালেঞ্জড্ তাদের থেকে ৪ লক্ষ এসেছিল, ৪ লক্ষই আমরা করে দিয়েছি। তার মানে যেই হোক, আপনার ঘরের হোক, আমার ঘরের হোক মানুষটা তো পেয়েছে। মানুষটাকে তো নেওয়ার সময় জিজ্ঞাসা করা হয় নি ‘তুমি সি.পি.এম. কর, না তুমি কংগ্রেস কর, না তুমি বি.জে.পি. কর, না তুমি কোন পার্টি কর’। মানুষের কাজ হয়েছে, মানুষের জন্য হয়েছে। তাই আমি বলব স্যার, আমার যা বলার আমি বাজেটে অলরেডি বলেছি। আর নতুন করে কিছু বলার অপেক্ষা আছে বলে আমি মনে করি না। স্যার, আর একটা কথা বলি– নরেন্দ্র মোদীদের প্রতি দিনের একটা মিথ্যা কথা বলার অভ্যাস হয়ে গেছে। প্রতি দিন বাড়িয়ে বলছে বাংলার কৃষককে দিচ্ছে না। আমরা তো ৫০০০টাকাটা ৬০০০টাকা বাড়িয়েছি। উপরন্তু দেখুন স্যার, আমাদের সব লেটার আছে। আপনারা যে কেউ পড়তে চাইলে দেখতে পারেন, পড়তে পারেন। এবং আমি বারবার করে বলেছি যে, ‘তোমাদের ডেটাটা আমাদের কাছে পাঠাও। তার কারণ আমাদের ডেটা ওরা দেবে না। ওরা ওদের যেটা দিচ্ছে সেটা দু একর জমি। আমরা এক কাঠা জমি থাকলেও দিই। কিন্তু ওদের কি ওরা ক্ষেতমজদুর ভাগচাষীদেরও দিচ্ছে না। দু একর জমি

থাকবে এবং তার একটা ডেটা ওরা নিজেরা আলাদা পোর্টাল করেছে। আমাদের স্টেটের পোর্টাল নয়। এবং চাষীরা সেখানে অলরেডি রেজিস্টার্ড করেছে, ২২লক্ষ সামথিং চাষী। আমরা বলেছি ওদের দিয়ে দাও। বলছে–তোমরা এবার ভেরিফাই কর। ঠিক আছে, তার মধ্যেও আমরা প্রায় দু তিনদিন আগে দিয়েছে আমাদের ৬লক্ষ কেস, তার মধ্যে আমরা প্রায় আড়াই লক্ষ ভেরিফাই করেও দিয়ে দিয়েছি। আর কি করতে পারি স্যার! আমরা আমাদের কাজ করেছি। আমরা বলছি যাদের যাদের ভেরিফাই করে করা হয়ে গেছে, তাদের দিয়ে দাও। তুমি তো ডেটাটা এতদিন আমাকে দাও নি। তুমি ডেটা যখনই আমাকে দিতে শুরু করেছ, আমি ভেরিফাই করতে শুরু করেছি। আমি ভেরিফাই ডেইলি এক লক্ষ করে করে দেব। তুমি দিয়ে দাও টাকাটা কৃষকদের, তোমার যেটা দেওয়ার। তা তো সবাই পাবে না। আমি চাই এরমধ্যে ভাগচাষীদেরও দেওয়া হোক, ক্ষেতমজুরদেরও দেওয়া হোক। এটা নিশ্চয় আমাদের একটা রিকোয়েস্ট থাকবে। আমি আপনাদের কাছে এটুকু বলি যে, সার্বিকভাবে আমরা আমূল পরিবর্তন এনেছি সামাজিক ক্ষেত্রে, কৃষি, শিল্প পরিকাঠামোয় এবং এবারের বাজেট ভাষণে আমি আগেই উল্লেখ করেছি যে আমাদের ২ লক্ষ ৯৯ হাজার ৬৮৮ কোটি টাকার বাজেট প্রস্তাব রেখেছি যা ২০১৯-২০র তুলনায় ১৭.২১% বেশী এবং এই সাফল্যকে আমরা আরও এগিয়ে নিয়ে যাব এবং আমি সত্যি কৃতজ্ঞ অমিত মিত্রের কাছে, তিনি এত শরীর খারাপ সত্ত্বেও বাজেটটা করে দিয়েছেন। তিনি হয়ত আজকে আসতে পারেন নি বা বাজেটটা পেশ করতে পারেন নি তার কারণ তাঁর একটা অক্সিজেনের প্রবলেম হচ্ছে কারণ তাঁর লাঙসের প্রবলেম আছে দীর্ঘদিন ধরে এবং সেই জন্য আমি হাউসকে অনুরোধ করব স্পিকার স্যার, আপনার অনুমতি নিয়ে যে এত ভালো বাজেট–মা মাটি মানুষের বাজেট এবং এই সামাজিক সংস্কার সারা পৃথিবীতে এই বাজেট একটা মডেল হয়ে থাকবে। আমি এটুকু বলে আমি আপনাদের মা মাটি মানুষকে ধন্যবাদ জানিয়ে, সমস্ত সদস্য সদস্যাবৃন্দকে ধন্যবাদ জানিয়ে অনুরোধ করব যে, বাজেটকে আপনার অনুমতি নিয়ে পাশ করবার জন্য। ধন্যবাদ।

MOTION FOR VOTE ON ACCOUNT

Mr. Speaker : Now I call upon Hon'ble Chief Minister, Smt. Mamata Banerjee to move the Motion for Vote on Account.

Smt. MAMATA BANERJEE : On the recomendation of the Governor, I beg to move—

that a sum not exceeding Rs. 69452,08,74,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes during the year ending on the 31st day of March, 2022, namely—

Demand No.	Major Head		Sum not exceeding
1	2		3
			Rs.
1	2011—State Legislatures	..	21,47,50,000
	2059—Public Works	..	92,87,000
	4059—Capital Outlay on Public Works	..	7,00,00,000
3	2013—Council of Ministers	..	14,91,60,000
4	2401—Crop Husbandry	..	14,23,67,000
	2408—Food, Storage and Warehousing	..	6,88,17,000
	2435—Other Agricultural Programmes	..	15,68,96,000
	3451—Secretariat—Economic Services	..	1,00,76,000
	4401—Capital Outlay on Crop Husbandry	..	32,98,34,000
	4408—Capital Outlay on Food, Storage and Warehousing	..	18,000
	4435—Capital Outlay on Other Agricultural Programmes	..	59,84,67,000
5	2235—Social Security and Welfare	..	125,33,34,000
	2236—Nutrition	..	3,32,000
	2401—Crop Husbandry	..	1950,38,99,000
	2402—Soil and Water Conservation	..	31,70,76,000
	2415—Agricultural Research and Education	..	81,88,09,000
	2551—Hill Areas	..	1,70,00,000
	2851—Village and Small Industries	..	43,63,75,000
	3451—Secretariat-Economic Services	..	3,86,83,000
	4401—Capital Outlay on Crop Husbandry	..	118,83,34,000
	4415—Capital Outlay on Agricultural Research and Education	..	17,58,67,000
	4851—Capital Outlay on Village and Small Industries	..	3,34,000

1	2		3
			Rs.
6	2235—Social Security and Welfare	..	1,34,000
	2401—Crop Husbandry	..	11,66,67,000
	2403—Animal Husbandry	..	281,88,52,000
	2404—Dairy Development	..	50,09,70,000
	2415—Agricultural Research and Education	..	12,40,000
	2515—Other Rural Development Programmes	..	9,88,000
	2551—Hill Areas	..	1,66,67,000
	3451—Secretariat-Economic Services	..	2,06,64,000
	4403—Capital Outlay on Animal Husbandry	..	43,12,82,000
	4404—Capital Outlay on Dairy Development	..	16,40,52,000
7	2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities	..	5,66,08,91,000
	2251—Secretariat-Social Services	..	2,17,31,000
	4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities	..	16,63,74,000
	6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities	..	138,34,34,000
8	2216—Housing	..	3,38,000
	2250—Other Social Services	..	67,000
	2401—Crop Husbandry	..	13,34,74,000

1	2		3
			Rs.
8	2404—Dairy Development	..	2,07,000
	2425—Co-operation	..	126,67,34,000
	2515—Other Rural Development Programmes	..	5,72,73,000
	3451—Secretariat-Economic Services	..	2,20,73,000
	4425—Capital Outlay on Co-operation	..	23,02,34,000
	6425—Loans for Co-operation	..	6,67,000
10	2052—Secretariat-General Services	..	2,09,58,000
	3456—Civil Supplies	..	25,40,00,000
	3475—Other General Economic Services	..	7,15,04,000
	4059—Capital Outlay on Public Works	..	3,07,00,000
	5475—Capital Outlay on Other General Economic Services	..	33,34,000
11	2235—Social Security and Welfare	..	3,78,00,000
	2401–Crop Husbandry	..	33,44,000
	2551—Hill Areas	..	16,67,000
	2851—Village and Small Industries	..	212,43,49,000
	3451—Secretariat-Economic Services	..	3,57,02,000
	4851—Capital Outlay on Village and Small Industries	..	150,48,67,000
	6851—Loans for Village and Small Industries	..	79,67,000
	6860—Loans for Consumer Industries	..	32,90,00,000
14	2202—General Education	..	48,02,43,000
	2205—Art and Culture	..	59,71,49,000
	2235—Social Security and Welfare	..	11,04,56,000

1	2		3
			Rs.
14	2251—Secretariat-Social Services	..	1,52,24,000
	2515—Other Rural Development Programmes	..	3,35,08,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture	..	2,86,29,000
	4235—Capital Outlay on Social Security and Welfare	..	66,67,000
15	2202—General Education	..	11701,10,70,000
	2204—Sports and Youth Services	..	4,75,32,000
	2251—Secretariat-Social Services	..	3,65,43,000
	2551—Hill Areas	..	1,66,67,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture	..	67,33,34,000
16	2215—Water Supply and Sanitation	..	2,45,00,000
	2251—Secretariat-Social Services	..	1,91,50,000
	3425—Other Scientific Research	..	12,17,000
	3435—Ecology & Environment	..	26,16,67,000
	4059—Capital Outlay on Public Works	..	1,83,34,000
18	2014—Administration of Justice	..	2,70,67,000
	2020—Collection of Taxes on Income and Expenditure	..	2,15,83,000
	2029—Land Revenue	..	20,81,000
	2030—Stamps and Registration	..	61,47,36,000
	2035—Collection of Other Taxes on Property and Capital Transactions	..	24,75,000
	2039—State Excise	..	51,07,53,000
	2040—Taxes on Sales, Trades, etc.	..	26,17,82,000

1	2		3
			Rs.
18	2043—Collection Charges under State Goods and Services Tax	..	71,19,21,000
	2045—Other Taxes and Duties on Commodities and Services	..	77,86,000
	2047—Other Fiscal Services	..	2,70,52,000
	2052—Secretariat-General Services	..	61,09,84,000
	2054—Treasury and Accounts Administration	..	58,26,68,000
	2058—Stationery and Printing	..	12,12,000
	2070—Other Administrative Services	..	1,24,53,000
	2071—Pensions and Other Retirement Benefits	..	7092,03,14,000
	2075—Miscellaneous General Services	..	76,93,97,000
	2235—Social Security and Welfare	..	4022,13,42,000
	2250—Other Social Services	..	4,22,76,000
	3454—Census, Surveys and Statistics	..	1,72,000
	3475—Other General Economic Services	..	3,18,000
	4059—Capital Outlay on Public Works	..	5,00,67,000
	4070—Capital Outlay on Other Administrative Services	..	7,33,000
	4885—Other Capital Outlay on Industries and Minerals	..	1,66,67,000
	5465—Investment in General Financial and Trading Institutions	..	9,33,34,000
	7610—Loans to Government Servants, etc.	..	1,26,02,000
19	2052—Secretariat-General Services	..	1,04,38,000
	2059—Public Works	..	3,42,000
	2070—Other Administrative Services	..	101,76,64,000

[8th February, 2021]

1	2		3
			Rs.
19	4059—Capital Outlay on Public Works	..	41,66,67,000
	4070—Capital Outlay on Other Administrative Services	..	60,07,000
20	2235—Social Security and Welfare	..	8,40,00,000
	2401—Crop Husbandry	..	1,70,00,000
	2405—Fisheries	..	108,64,12,000
	2415—Agricultural Research and Education	..	2,72,83,000
	2515—Other Rural Development Programmes	..	5,92,31,000
	2551—Hill Areas	..	33,34,000
	3451—Secretariat - Economic Services	..	2,57,08,000
	4401—Capital Outlay on Crop Husbandry	..	1,96,67,000
	4405—Capital Outlay on Fisheries	..	22,78,34,000
	6405—Loans for Fisheries	..	3,71,67,000
21	2052—Secretariat-General Services	..	9,24,08,000
	2235—Social Security and Welfare	..	3060,38,27,000
	2408—Food, Storage and Warehousing	..	78,30,27,000
	3456—Civil Supplies	..	34,30,95,000
	4408—Capital Outlay on Food, Storage and Warehousing	..	48,74,67,000
22	2401—Crop Husbandry	..	50,10,53,000
	2408—Food, Storage and Warehousing	..	40,58,000
	2551—Hill Areas	..	11,21,96,000
	2852—Industries	..	3,33,34,000
	3451—Secretariat-Economic Services	..	1,90,17,000
	4401—Capital Outlay on Crop Husbandry	..	6,66,67,000

1	2		3
			Rs.
23	2401—Crop Husbandry	..	1,66,67,000
	2402—Soil and Water Conservation	..	3,55,39,000
	2406—Forestry and Wild Life	..	249,18,62,000
	2415—Agricultural Research and Education	..	95,20,000
	2551—Hill Areas	..	41,18,000
	3451—Secretariat-Economic Services	..	1,75,35,000
	4402—Capital Outlay on Soil and Water Conservation	..	14,23,000
	4406—Capital Outlay on Forestry and Wild Life	..	44,19,84,000
	4702—Capital Outlay on Minor Irrigation	..	6,66,67,000
24	2051—Public Service Commission	..	1,25,54,000
	2210—Medical and Public Health	..	3261,47,91,000
	2211—Family Welfare	..	394,68,71,000
	2235—Social Security and Welfare	..	3,50,00,000
	2236—Nutrition	..	2,40,000
	2250—Other Social Services	..	1,32,000
	2251—Secretariat—Social Services	..	6,27,13,000
	2515—Other Rural Development Programmes	..	1,50,54,000
	2551—Hill Areas	..	57,000
	4210—Capital Outlay on Medical and Public Health	..	524,83,24,000
	6210—Loans for Medical and Public Health	..	16,67,000

1	2		3
			Rs.
25	2052—Secretariat-General Services	..	3,27,51,000
	2059—Public Works	..	209,47,69,000
	2205—Art and Culture	..	10,31,000
	2216—Housing	..	7,29,69,000
	2250—Other Social Services	..	1,86,67,000
	3054—Roads and Bridges	..	424,46,66,000
	3451—Secretariat-Economic Services	..	1,94,87,000
	4059—Capital Outlay on Public Works	..	51,93,00,000
	5054—Capital Outlay on Roads and Bridges	..	1750,41,04,000
	7075—Loans for Other Transport Services	..	5,00,00,000
28	2216—Housing	..	71,43,86,000
	2251—Secretariat—Social Services	..	2,62,05,000
	2852—Industries	..	3,61,88,000
	4210—Capital Outlay on Medical and Public Health	..	3,33,34,000
	4216—Capital Outlay on Housing	..	9,03,34,000
30	2059—Public Works	..	6,72,000
	2202—General Education	..	67,80,000
	2205—Art and Culture	..	157,33,10,000
	2220—Information and Publicity	..	59,86,07,000
	2235—Social Security and Welfare	..	13,33,00,000
	2250—Other Social Services	..	62,12,000
	2251—Secretariat-Social Services	..	3,89,40,000
	4059—Capital Outlay on Public Works	..	6,83,34,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture	..	11,66,67,000

1	2		3
			Rs.
30	4220—Capital Outlay on Information and Publicity	..	11,33,34,000
	6220—Loans for Information and Publicity	..	66,67,000
	6875—Loans for Other Industries	..	2,25,00,000
31	2251—Secretariat-Social Services	..	61,17,08,000
32	2250—Other Social Services	..	4,56,67,000
	2700—Major Irrigation	..	102,11,62,000
	2701—Medium Irrigation	..	23,86,12,000
	2711—Flood Control and Drainage	..	150,73,12,000
	3451—Secretariat-Economic Services	..	2,92,40,000
	4700—Capital Outlay on Major Irrigation	..	427,77,00,000
	4701—Capital Outlay on Major and Medium Irrigation	..	31,35,34,000
	4711—Capital Outlay on Flood Control Projects	..	472,22,34,000
33	2052—Secretariat-General Services	..	1,53,80,000
	2056—Jails	..	96,31,44,000
	2058—Stationery and Printing	..	1,18,60,000
	2059—Public Works	..	20,000
	2235—Social Security and Welfare	..	1,00,000
	4059—Capital Outlay on Public Works	..	9,23,34,000
	4070—Capital Outlay on Other Administrative Services	..	2,00,00,000
	4216—Capital Outlay on Housing	..	2,16,67,000
34	2014—Administration of Justice	..	221,54,46,000
	2029—Land Revenue	..	80,23,000

1	2		3
			Rs.
34	2052—Secretariat-General Services	..	3,22,40,000
	2059—Public Works	..	8,33,34,000
	2070—Other Administrative Services	..	2,03,70,000
	2216—Housing	..	1,16,67,000
	2235—Social Security and Welfare	..	3,77,80,000
	4059—Capital Outlay on Public Works	..	38,16,67,000
	4070—Capital Outlay on Other Administrative Services	..	6,67,000
	4216—Capital Outlay on Housing	..	9,66,67,000
35	2014—Administration of Justice	..	62,05,000
	2210–Medical and Public Health	..	74,34,78,000
	2230—Labour and Employment	..	52,53,56,000
	2235—Social Security and Welfare	..	225,17,90,000
	2251—Secretariat-Social Services	..	3,70,88,000
	4250—Capital Outlay on Other Social Services	..	8,00,00,000
37	2014—Administration of Justice	..	1,10,02,000
	2052—Secretariat-General Services	..	3,44,99,000
	2070—Other Administrative Services	..	56,91,000
	3454—Census, Surveys and Statistics	..	41,39,000
38	2052—Secretariat-General Services	..	35,39,000
	2204—Sports & Youth Services	..	1,66,67,000
	2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities	..	606,91,26,000
	2235—Social Security and Welfare	..	190,53,04,000

1	2	3
		Rs.
38	2250—Other Social Services ..	1,67,04,000
	2251—Secretariat Social Services ..	2,08,90,000
	2515—Other Rural Development Programmes ..	33,33,34,000
	4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities ..	444,16,67,000
	4235—Capital Outlay on Social Security and Welfare ..	210,00,00,000
	4250—Capital Outlay on Other Social Services ..	18,00,00,000
	6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities ..	40,00,00,000
40	2015—Elections ..	6,80,00,000
	2217—Urban Development ..	6,43,000
	2235—Social Security and Welfare ..	1329,16,54,000
	2501—Special Programmes for Rural Development ..	214,66,84,000
	2505—Rural Employment ..	2496,63,07,000
	2515—Other Rural Development Programmes ..	3365,35,85,000
	2575—Other Special Areas Programmes ..	38,06,03,000
	3451—Secretariat-Economic Services ..	5,27,40,000
	3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions ..	2,03,15,000
	4059—Capital Outlay on Public Works ..	67,000
	4515—Capital Outlay on Other Rural Development Programmes ..	535,36,67,000

1	2		3
			Rs.
41	2052—Secretariat-General Services	..	1,23,98,000
	2070—Other Administrative Services	..	5,31,00,000
42	2051—Public Service Commission	..	31,25,000
	2052—Secretariat-General Services	..	12,91,17,000
	2059—Public Works	..	3,62,000
	2070—Other Administrative Services	..	12,53,45,000
	2216—Housing	..	3,66,000
	2251—Secretariat Social Services	..	31,33,44,000
	4059—Capital Outlay on Public Works	..	27,33,34,000
	4216—Capital Outlay on Housing	..	6,55,00,000
43	2045—Other Taxes and Duties on Commodities and Services	..	1,37,51,000
	2575—Other Special Areas Programmes	..	20,47,000
	2801—Power	..	266,33,34,000
	2810—Non-conventional Sources of Energy	..	3,33,34,000
	3451—Secretariat-Economic Services	..	1,93,83,000
	4801—Capital Outlay on Power Projects	..	389,03,67,000
	4810—Capital Outlay on Non-Conventional Sources of Energy	..	190,66,67,000
45	2059—Public Works	..	2,69,01,000
	2215—Water Supply and Sanitation	..	323,60,35,000
	2250—Other Social Services	..	18,46,67,000
	2251—Secretariat Social Services	..	1,31,28,000
	2551—Hill Areas	..	34,000
	4059—Capital Outlay on Public Works	..	3,33,34,000
	4215—Capital Outlay on Water Supply & Sanitation	..	844,11,34,000

1	2		3
			Rs.
49	2059—Public Works	..	23,67,000
	2204—Sports and Youth Services	..	187,25,87,000
	2251—Secretariat Social Services	..	5,16,27,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture	..	50,00,00,000
50	2575—Other Special Areas Programmes	..	39,17,72,000
	4575—Capital Outlay on Other Special Areas Programme	..	152,00,00,000
51	2203—Technical Education	..	268,37,37,000
	2230—Labour and Employment	..	56,62,39,000
	2251—Secretariat-Social Services	..	1,65,65,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture	..	77,94,67,000
	4250—Capital Outlay on Other Social Services	..	23,66,67,000
52	2250—Other Social Services	..	1,67,11,000
	3451—Secretariat-Economic Services	..	1,84,91,000
	3452—Tourism	..	61,60,58,000
	5452—Capital Outlay on Tourism	..	90,00,00,000
	7452—Loans for Tourism	..	66,67,000
53	2041—Taxes on Vehicles	..	19,55,17,000
	2070—Other Administrative Services	..	18,26,18,000
	2235—Social Security and Welfare	..	3,17,28,000
	2250—Other Social Services	..	1,35,53,000
	2251—Secretariat-Social Services	..	3,66,84,000
	3051—Ports and Lighthouses	..	47,01,000

1	2	3
		Rs.
53	3053—Civil Aviation ..	62,23,000
	3055—Road Transport ..	266,98,54,000
	3056—Inland Water Transport ..	2,79,77,000
	5053—Capital Outlay on Civil Aviation ..	8,34,000
	5055—Capital Outlay on Road Transport ..	87,97,80,000
	5056—Capital Outlay on Inland Water Transport ..	143,66,67,000
	5075—Capital Outlay on Other Transport Services ..	1,67,00,000
	7055—Loans for Road Transport ..	73,33,34,000
	7056—Loans for Inland Water Transport ..	10,40,00,000
55	2401—Crop Husbandry ..	3,60,000
	2402—Soil and Water Conservation ..	1,000
	2415—Agricultural Research and Education ..	19,52,000
	2551—Hill Areas ..	1,00,00,000
	2702—Minor Irrigation ..	171,04,86,000
	2705—Command Area Development ..	22,000
	3451—Secretariat Economic Services ..	1,64,27,000
	4401—Capital Outlay on Crop Husbandry ..	9,37,94,000
	4702—Capital Outlay on Minor Irrigation ..	304,87,67,000
	4705—Capital Outlay on Command Area Development ..	99,85,000
58	2052—Secretariat-General Services ..	1,33,95,000
	2575—Other Special Areas Programmes ..	2,51,43,000
	4575—Capital Outlay on Other Special Areas Programme ..	220,21,67,000

1	2	3
		Rs.
	2052—Secretariat-General Services ..	1,36,55,000
	2204—Sports and Youth Services ..	103,59,12,000
	2235—Social Security and Welfare ..	8,66,67,000
	2435—Other Agricultural Programmes ..	111,66,67,000
	2515—Other Rural Development Programmes ..	66,67,000
	4435—Capital Outlay on Other Agricultural Programmes ..	11,66,67,000
61	2052—Secretariat-General Services ..	2,57,66,000
62	2052—Secretariat-General Services ..	4,60,49,000
	2575—Other Special Areas Programmes ..	19,33,12,000
As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 24

There is one cut motion to Demand No. 24.

Now the question before the House is the cut motion moved by Shri Manoj Chakraborty.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it, Noes have it.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 1941,17,37,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads : “2210- Medical and Public Health and 4210- Capital Outlay on Medical and Public Health” during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the same opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 25

There are two cut motions to Demand No. 25.

Now the question before the House is the cut motions moved by Shri Sujit Chakraborty and Shri Manoj Chakraborty.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it, Noes have it.

Now the question before the House are the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 214,01,19,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads : “3054- Roads and Bridges and 7075- Loans for Other Transport Services” during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 28

There are two cut motions to Demand No. 28.

Now the question before the House is the cut motions moved by Smt. Jahanara Khan and Shri Manoj Chakraborty.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it, noes have it.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 32,73,50,000 be granted for expenditure under Demand No. 28, Major Heads : " 2216- Housing and 4216- Capital Outlay on Housing" during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, ayes have it.

Demand No. 30

There is no cut motion to Demand No. 30.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 12,10,00,000 be granted for expenditure under Demand No. 30, Major Head: "2235- Social Security and Welfare" during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 32

There is no cut motion to Demand No. 32.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 3,00,00,000 be granted for expenditure under Demand No. 32, Major Head: "4700- Capital Outlay on Major Irrigation" during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 38

There are two cut motions to Demand No. 38.

Now the question before the House is the cut motions moved by Shri Runu Dutta and Shri Sujit Chakraborty.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it, noes have it.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 92,58,59,000 be granted for the expenditure under Demand No. 38, Major Heads : “2225- Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities and 4225- Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities” during the current financial year. .

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 40

There are two cut motions to Demand No. 40.

Now the question before the House is the cut motions moved by Dr. Sujan Chakraborty.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please No.

Noes have it, Noes have it.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 4536,34,59,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : “2235- Social Security and Welfare, 2401- Crop Husbandry, 2501- Special Programmes for Rural Development, 2505- Rural Employment, 2515- Other Rural Development Programmes and 6575- Loans for Other Areas Programmes” during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 43

There is one cut motion to Demand No. 43.

Now the question before the House is the cut motion moved by Dr. Sujan Chakraborty.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it, Noes have it.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 689,42,53,000 be granted for expenditure under Demand No. 43, Major Heads : "2575- Other Special Areas Programmes, 2801- Power, 3451- Secretariat- Economy Services, 4801- Capital Outlay on Power Projects and 4810- Capital Outlay on Non Conventional Sources of Energy" during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 52

There is one cut motion to Demand No. 52.

Now the question before the House is the cut motion moved by Shri Pradip Kumar Saha.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it, Noes have it.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 2,00,00,000 be granted for expenditure under Demand No. 52, Major Head: “3452- Tourism” during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 53

There is one cut motion to Demand No. 53.

Now the question before the House is the cut motion moved by Shri Pradip Kumar Saha.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it, Noes have it.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 294,51,82,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : “2041- Taxes on Vehicles, 2235- Social Security and Welfare, 2250- Other Social Services and 3055- Road Transport during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, ayes have it.

Demand No. 55

There is no cut motion to Demand No. 55.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 5,71,64,000 be granted for expenditure under Demand No. 55, Major Head: “4702- Capital Outlay on Minor Irrigation” during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 58

There is no cut motion to Demand No. 58.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 95,33,000 be granted for expenditure under Demand No. 58, Major Head: "2575- Other Special Areas Programmes" during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 59

There is no cut motion to Demand No. 59.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 63,27,000 be granted for expenditure under Demand No. 59, Major Heads : "2052- Secretariat- General Services and 2515- Other Rural Development Programmes during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 65

There is no cut motion to Demand No. 65.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 120,00,00,000 be granted for expenditure under Demand No. 65, Major Head: "6225- Loans for Welfare of Scheduled Casts, Scheduled Tribes, Other Backward Classes and Minorities" during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, ayes have it.

Demand No. 68

There is one cut motion to Demand No. 68.

Now the question before the House is the cut motion moved by Shri Asit Mitra.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it, noes have it.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 285,09,85,000 be granted for expenditure under Demand No. 68, Major Heads : "2015- Elections, 2051 Public Service Commission and 2055- Police" during the current financial

year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 72

There is no cut motion to Demand No. 72.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 2124,50,51,000 be granted for expenditure under Demand No. 72, Major Head: "2217- Urban Development" during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No 73

There is no cut motion to Demand No. 73.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 2540,65,54,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : "2052- Secretariat-General Services, 2059- Public Works, 2235- Social Security and Welfare and 2245 Relief on Account of Natural Calamities" during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 74

There is no cut motion to Demand No. 74.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 1745,95,29,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads : "2235- Social Security and Welfare, 2236- Nutrition and 6235- Loans for Social Security and Welfare" during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 78

There is no cut motion to Demand No. 78.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs. 5,00,000 be granted for expenditure under Demand No. 78, Major Head: "4810- Capital Outlay on Non Conventional Sources of Energy" during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Demand No. 79

There is one cut motion to Demand No. 79.

Now the question before the House is the cut motion moved by Shri Asit Mitra.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it, Noes have it.

Now the question before the House is the motion moved by Smt. Mamata Banerjee that a sum of Rs.11,86,78,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads : "2852- Industries and 6857- Loans for Chemical and Pharmaceutical Industries" during the current financial year.

As many as are of the same opinion, please say Ayes.

As many as are of the contrary opinion, please say No.

Ayes have it, Ayes have it.

Mr. Speaker : Now, photo-session. আজকে এই অধিবেশনের শেষ দিনে আমরা একটা ফটো শেসানের আয়োজন করেছি। এখানে সমস্ত পরিষদীয় দলের সদস্যদের কাছে অনুরোধ করছি। এই ফটো শেসানে আপনারা উপস্থিত হবেন। ফটো শেসানের পরে আবার আমরা ১.৩০ টায় মিলিত হল।

Adjournment

At this stage the House was adjourned till 1.30 p.m.

[1:30 p.m – 1:40 p.m.]

After Recess

Report to the House under Rule 241B(2)

Mr. Speaker : Hon'ble Members, in terms of provisions contained in sub-rule (2) of rule 241 B of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I am to report that Shri Rajib Banerjee who was elected to the West Bengal Legislative Assembly from 184-Domjur Assembly Constituency, tendered his resignation from the Membership of

this Assembly and his resignation has been accepted with effect from 29th January, 2021.

Consideration of the Second Report of the Committee of Privileges (2018-19, 2019-20 and 2020-21), West Bengal Legislative Assembly

Mr. Speaker : Now, I call upon the Chairman of the Committee of Privileges to move the motion for consideration of the Second Report of the Committee of Privileges (2018-19, 2019-20 and 2020-21), West Bengal Legislative Assembly.

Shri Samir Chakrabarty : Sir, with your kind permission, I beg to move that the Second Report of the Committee of Privileges (2018-19, 2019-20 and 2020-21), West Bengal Legislative Assembly, as laid before the House on the 6th February, 2021, be taken into consideration.

Mr. Speaker : Now, the question before the House is that the motion moved by Hon'ble Member of the Committee of Privileges.

As many as are of that opinion will please say "AYE", as many as are of the contrary opinion will please say "No". Ayes have it, Ayes have it. The motion is adopted, the Motion is adopted.

Now, I again call upon the Chairman of the Committee of Privileges to move the motion that the recommendation as contained in the Second Report of the Committee of Privileges (2018-19, 2019-20 and 2020-21), West Bengal Legislative Assembly, be agreed to by the House.

Shri Samir Chakrabarty : Sir, I beg to move that the recommendation as contained in the Second Report of the Committee of Privileges (2018-19, 2019-20 and 2020-21), West Bengal Legislative Assembly, be agreed to by the House.

Mr. Speaker : Now, the question before the House is that the motion moved by the Hon'ble Member of the Committee of Privileges.

As many as are of that opinion will please say "AYE", as many as are of the contrary opinion will please say "No". Ayes have it, Ayes have it. The motion is adopted, the Motion is adopted.

আমাদের রিপোর্টে রাখা আছে দেখে নেবেন।

LEGISLATION

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2021 & The West Bengal Appropriation (No. 1) Bill, 2021

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker Sir, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2021.

(Secretary then read the title of the Bill.)

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker Sir, I beg to introduce the West Bengal Appropriation (No. 1) Bill, 2021.

(Secretary then read the title of the Bill.)

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2021, be taken into consideration.

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 1) Bill, 2021, be taken into consideration.

Mr. Speaker : Since the above introduced two Bills are almost similar in nature, discussion and consideration Motion will be taken up together.

ড. সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পার্লামেন্টারী অ্যাফেয়ার্স মিনিস্টার এইমাত্র যে দু'টো বিল মুভ করলেন ফর কন্সিডারেশান – একটা ভোট অন অ্যাকাউন্ট, আর একটা টোটাল অ্যাপ্রোপ্রিয়েশান বিল তা নিয়ে কিছু কথা বলছি। আপনি স্যার ঠিকই করেছেন যে, দু'টোই রিলেটেড বিল, সুতরাং আলাদা আলাদা না করে একই বক্তব্য রাখার কথা সবেতেই, তাই দুটোকে একসঙ্গে করে দিয়েছেন, তাতে আলোচনার সুবিধা হবে। আমি প্রথমেই জানাচ্ছি —স্যার বলতে গিয়ে প্রথমেই আমাকেই বলতে হয় যে, গোড়া ধরে মারো টান বাজেট হবে খান খান। আর বাজেটের গোড়াটা কি ? আপনারা জানেন যে বাজেটের গোড়াটা হচ্ছে আগায় গিয়ে অর্থাৎ বাজেট স্পিচের শেষ পৃষ্ঠা যেটা, সেটাই হচ্ছে বাজেটের গোড়া। সেখান থেকেই পুরো ব্যাপারটাকে বোঝা যায়। বাজেট স্পিচের শেষ পৃষ্ঠা নিয়ে গত ফেব্রুয়ারীতে বাজেট ডিসকাশানে মাননীয় অর্থমন্ত্রী বেশ বিদ্রুপ সহকারে আমাকে বলেছিলেন—যে আপনি তো এথনোমিউজিকোলজির উপরে ডক্টরেট, ইকনমিক্সে ডক্টরেট নন, কাজেই ব্যাপারটা বুঝতে পারেন নি। স্যার পরে অবশ্য আমি তার উত্তর দিয়েছিলাম যে, যে বিষয়গুলো বোঝার কথা সেগুলো আমি ঠিকই বুঝেছি কারণ ফরচুনেটলি I had been in a position to work in this department for long long years. তাছাড়া আমি আই.এ.এস. সিভিল সার্ভিসে বিলং

করতাম। এটা আমি বলেছিলাম। তখন আমি বলেছিলাম কতকগুলো কথা — আমি স্যার আপনাদের সবার কাছে নিবেদন রাখব, আমি বলেছিলাম প্রধানতঃ একটি জিনিসের উপর। আমি সেদিন বলেছিলাম যে, বাজেট ২০২০-'২১ এ রেভিনিউ ডেফিসিট আপনি জিরো ধরেছেন।

[1:40 – 1:50 p.m.]

গত কয়েক বছরের ট্রেন্ড অনুসারে সেই রেভিনিউ ডেফিসিট কমপক্ষে মাইনাস ১১-১২ হাজার কোটি হবে। স্যার, সেই রেভিনিউ ডেফিসিট এখন কোথায় আছে স্যার? রিভাইজ্ডে হয়েছে সেই রেভিনিউ ডেফিসিট মাইনাস ৩৪,৩৪৫ কোটি। এর মধ্যে হয়তো প্যান্ডেমিকের এফেক্ট আছে। কিন্তু এটা যে বিশাল অঙ্কের মাইনাস হবে সেটা অমি তখনও বলেছিলাম, কিন্তু তিনি সেটা স্বীকার করেন নি। এর থেকে বোঝা যাচ্ছে গরিবের কথা বাসি হলে সত্যি হয়। বাজেট ২০২১-২২এ একইভাবে রেভিনিউ ডেফিসিট ১১,৯৭৩ কোটি। সুতরাং আমি সিয়োর এটা ২০ হাজারের নীচে হবে না। এই হাউসে আমার বোধ হয় আজকে শেষ দিন। কিন্তু খেয়াল তো রাখব, লক্ষ রাখব যে এটা ২০,০০০ এর নীচে হবে না, আমি একেবারে এই বিষয়ে ওভার সিয়োর। আমাদের রাজবংশীতে একটা কথা আছে। এখানে রাজবংশী নিয়ে অনেক কথা হয় তো। কথাটা হল "কইনার মাও ঢাকনাই, আপনে আপনে বাখনাই।" যখন মেয়ে দেখাতে নিয়ে যায় তখন দোষত্রুটি ঢেকে রাখে। কন্যার মা ঢাকনাই, আপনি আসবে বাকনাই, এই আছে সেই আছে, আমার মেয়ে কি না পারে, রান্না করতে পারে, এই পারে, ওই পারে, সুন্দর করে সাজতে পারে, তোমরা কি চাও? এই বাজেট বইটায়, মাননীয় অর্থমন্ত্রী যিনি আজকে আসতে পারেন নি, আমি জানি না ফেস্ করতে পারবেন না বলেই বোধ হয় আসেন নি। ভালোই হয়েছে ওনার অসুস্থ শরীরে আরো প্রেসারটা বেড়ে যেত। সেটা আমরা অবশ্যই চাইব না। উনি আপনে আপনে বাখনাই, যা কিছু আছে সব বলেছেন। স্যার, আপনি আগের বছরের বইয়ের লাস্ট পৃষ্ঠাটা যদি দেখেন তাহলে দেখবেন এক্সপেন্ডিচার ফর নিউ প্রোগ্রামস্ - এর জন্য অ্যাডিশানাল আউটলে। দীর্ঘদিন এই বাজেটগুলো পড়েছি। ফলে জানি এখানে কি কি আছে। এ ছাড়াও গত বছরের বাজেটে দেখবেন ৫ হাজার কত কোটি টাকা বোধ হয় ধরা হয়েছিল অ্যাডিশানাল প্রোগ্রামস, নিউ প্রোগ্রামস এর জন্য। আমি তখন বলেছিলাম এই টাকাটা কোথা থেকে আসবে? যেখানে আপনার কোনো টাকা পয়সা নেই, অভাব সবকিছুর, কোথা থেকে আসবে এই টাকা? ন্যাচারল্যি মাছ দিয়ে শাক ঢাকা, শাক দিয়ে মাছ ঢাকা ইত্যাদি অনেক কিছু করে চেষ্টা করেছিলেন জাস্টিফাই করার জন্য। স্যার, দেখুন এবারে এখানে nil, অথচ অ্যাডিশানাল প্রোগ্রামস ১০৪ পৃষ্ঠা থেকে আরম্ভ করে ১২২ পৃষ্ঠা দেখবেন একেবারে ভর্তি অ্যাডিশানাল প্রোগ্রামস। এবং 'বাখনাই' আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী একটু আগে করে গিয়েছেন। কি বিশাল বিশাল সব প্রোগ্রামস! কি কি হবে, কি কি হবে না — অসংখ্য প্রোগ্রামস তিনি রেখেছেন। স্যার, এখানে কিন্তু তার রিফ্লেকশান নেই। কেন রিফ্লেকশান নেই? তার কারণ এখানে অঙ্কগুলো লিখতে গেলে শেষের অঙ্ক আর ঠিক থাকছে না। শেষের সেদিন যে ভয়ঙ্কর, সেই ভয়ঙ্কর দিনকে ফেস করার মতো guts মাননীয় অর্থ মন্ত্রীর ছিল না। তাই তাকে আবোল তাবোল বলতে হয়েছে। তিনি ডক্টরেট ইকোনমিক্সে

না কি তিনি ডক্টরেট মিথ্যাচারে, স্যার মিথ্যাচার বাদ দিলাম, তাহলে যদি বলি অসত্যাচার, অসত্যাচারে এখন সেইটাই হচ্ছে চিন্তার কথা, সেটাই হচ্ছে বোঝার কথা।

এখানে এইভাবে জাস্ট ঢেকে ঢুকে এবং আরও দেখুন স্যার, "Revenue Account" মাইনাস ৩৪ হাজার ৩৪৫ রিভাইসজ্ড সেটাকে পুষিয়ে নিয়েছিলেন এই "Outside Revenue Account"-এ 34, 362 রিভাইস্ডে। এই Outside Revenue Account একটা ফিকটিশাস থিং। This is a fictitious thing. আউটসাইড রেভিনিউ অ্যাকাউন্টটা উনি কোথায় পেলেন। সব ধরে ধরে নিয়ে করে দিয়েছেন। একইভাবে আগামী বছরের জন্য যে ১১ হাজার ৯৭৩কোটি টাকা মাইনাস সেটাকে মেলানোর জন্য ১১ হাজার ৯৭১ কোটি টাকা প্লাস ধরে নিয়েছেন এবং আমি আগে যেটা বললাম যে এই পুরো ব্যাপারগুলোতে জাস্ট কোনরকম করে গোঁজামিল দেওয়া হয়েছে। তাকে কি ডঃ গোঁজামিল বলব ? তাতে অবশ্য আপত্তি আছে কিনা জানি না। সেই গোঁজামিল দিয়ে এটাকে মিলিয়ে দেওয়ার চেষ্টা করেছেন। কেন স্যার, কি দরকার ছিল ? কি দরকার ছিল স্যার ? এটা তো ভোট অন অ্যাকাউন্ট বাজেট। অতীতেও ভোট অন অ্যাকাউন্ট বাজেট দেখেছেন। কখন করা হয় তোট অন অ্যাকাউন্ট ? যখন পুরো বাজেট ডিসকাশন করা যাচ্ছে না, সব কিছু কন্সিডারেশানের মধ্যে আনা যাচ্ছে না,অথচ ১লা এপ্রিল থেকে খরচ করতেই হবে, ১লা এপ্রিল থেকে একটি পয়সাও খরচ করার অধিকার নেই সরকারের উইদাউট দি অ্যাপ্রুভাল অব দি হাউস, তাই হাউসের অ্যাপ্রুভাল নেওয়ার জন্য চার মাসের মোটামুটি একটা খরচ হবে সেটার অ্যাপ্রুভাল নেওয়া। তাই মোটামুটি একটা হিসাব দিয়ে চার মাসের জন্য যে টাকা নেওয়ার কথা — এখানে কত টাকা আছে ? চার মাসের জন্য ৬৯ হাজার কোটি টাকা নেওয়ার কথা। সেটা করলেই হত। এত কিছু নিয়ে আসার তো কোন দরকার ছিল না। স্যার, গত বছর আপনার কাছে অনেক অ্যাপীল রেখেছিলাম। আমার বাড়ি প্রোগ্রাম নিয়ে যে অসত্যাচার তিন, তিন বছর থেকে মাননীয় অর্থমন্ত্রী করে এসেছেন তার জন্য আমি যে প্রিভিলেজ মুভ করেছিলাম সেই প্রিভিলেজটা অ্যাকসেপ্ট করা হোক। আপনি করেন নি।

মিঃ স্পীকার : আমি অর্ডার দিয়ে দিয়েছি। আপনার প্রিভিলেজের রুলিং আমি দিয়ে দিয়েছি। You cannot discuss or criticize the Ruling of the Speaker. I have already passed the order.

ডঃ সুখবিলাস বর্মা : আমি তো স্টেটমেন্ট দিচ্ছি। আমি ক্রিটিসাইজ করছি না। আমি বলছি যে সেটা হল যে, সেই প্রিভিলেজ আপনি যে কোন কারণেই হোক অ্যাকসেপ্ট না করার ফলে আগের বার বলেছিলাম আমি আবারও বলছি *** এবং আমি মনে করি ....

মিঃ স্পীকার : You cannot put any aspersion on that— *** দিস পোর্শন উইল নট গো।

ডঃ সুখবিলাস বর্মা : আপনি যদি মনে করেন আপনি বাদ দিন স্যার।

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মিঃ স্পীকার : আমি মনে করার কি আছে। আমি রুলিং দিয়েছি। আমার ডিউটি আইনতঃ যার যা প্রাপ্য সেটা আমাকে দেয়।

ডঃ সুখবিলাস বর্মা : আচ্ছা ঠিক আছে স্যার, এবারেও উনি বলেছেন আন্ডার বাংলা আবাস যোজনা In the current financial year 10 lakh 26 thousand number of houses have been completed. For the financial year 2019-20 West Bengal has completed highest number of houses. আগের বার দেখিয়েছি একটা পয়সা নেই। এগুলো কি স্যার? এক পয়সা বাজেট প্রভিশান নেই। গত বছর দেখিয়েছিলাম। এবারেও এই পঞ্চায়েত ডিপার্টমেন্টে একটা পয়সা নেই। নট এ সিঙ্গল্ ফারদিং এর জন্য বাজেট প্রভিশান। আর বলছেন কি ১০ লক্ষ ২৬ হাজার বাড়ি তৈরি হয়ে গেছে। শুধু তাই নয়, আমার বাড়ি প্রোগ্রামে এই একইভাবে আর্বাণ ডেভলপমেন্ট এবং মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টেও, কি বলছে স্যার? বাজেট প্রভিশানটা কত ? ৫০ লক্ষ। ইয়ার্কি না ফাজলামি! ৫০ লক্ষ বাজেট প্রভিশান আর তাতে বলছে কত? অসংখ্য বাড়ি হয়ে গেছে।

[1:50 – 2:00 p.m.]

স্যার, এরই কানেকশানে বলতে চাই আগামী দিনের প্রোগ্রামে অর্থাৎ নতুন প্রোগ্রামে যেটা আছে, সাত নাম্বার."Construction of 20 lakh houses for Scheduled Castes and Scheduled Tribes" ...আবার সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইব নিয়ে কথা বলতে হয়। বললেই আপনারা ক্ষেপে যান। আরে এই লোকটা এইসব কথা বলছে কেন? এমনিতে ভদ্রলোক। অথচ সিডিউল্ড কাস্ট নিয়ে এত কথা বলার কি আছে তার? ২০ লক্ষ বাড়ি হবে সিডিউল্ড কাস্ট সিডিউল্ড ট্রাইবের। এবং তা আপনারা প্রচার করে বেড়াচ্ছেন। উত্তরবঙ্গে রাজবংশী মানুষগুলিকে, এখানে মতুয়াদেরকে সেখানে সিডিউল্ড কাস্ট সিডিউল্ড ট্রাইব নিয়ে, তার পরে পাহাড়ে এবং ডুয়ার্সে এই ট্রাইবদের নিয়ে কি হচ্ছে স্যার দেখুন। তার পরে কিছু বললেই মুশকিল হয়ে যায়। স্যার, গত বছরে আমি বলেছিলাম অনেক শ্রী হয়ে গেছে। তবে এবারে 'শ্রী' বাদ দিয়ে তিনি সুন্দরী নিয়ে এসেছেন। কি, না চা সুন্দরী। চা সুন্দরী স্কিমে এখন কি বলছেন—"Work has already started on 200 acres of land. Allotment letters have already been handed over to 4600 tea garden workers." আর তার পরের সেনটেন্স কি? ভেরি ক্লিয়ার। We shall complete the project in next 2 years after arranging for vacant land in the Tea gardens. অ্যারেঞ্জ করতে হবে এখনও। এটা আমি লিখি নি, আপনাদের লেখাই আমি পড়ছি। আপনাদের মন্ত্রী লিখেছেন। আর সেখানে আপনারা অ্যালটমেন্ট লেটার্স দিচ্ছেন। এখানে বলা আছে। অ্যালটমেন্ট লেটার্স হ্যাভ অলরেডি বিন গিভ্ন্। তার মানে অ্যালটমেন্ট লেটার যেটা আপনারা 'আমার বাড়ি'র ক্ষেত্রে করেছিলেন নজরুল মঞ্চে। অ্যালটমেন্ট লেটার্স দিয়েছিলেন। আর তারপরে দেখিয়ে দিলাম আমি ১৯ লক্ষ বাড়ি। তিন বছরে একটাও হয় নি। সেই অ্যালটমেন্ট লেটার, সেম অ্যালটমেন্ট লেটার

-এর কারবার আপনারা করছেন। স্যার, সেই সেম অ্যালটমেন্ট লেটার আপনারা করছেন 'দুয়ারে সরকার'। দুয়ারে সরকার মানে কি? দুয়ারে সরকারের মানে হচ্ছে এখানে কি করছেন আপনারা—ঢেড়া পিটিয়ে, মাইক বাজিয়ে, কোটি কোটি টাকা খরচ করে পাব্লিসিটি দিয়ে সেই দুয়ারে সরকারে আপনারা যেতে বলছেন। আর দিচ্ছেন কি, একখানা করে চিঠি দিচ্ছেন। তুমি ওমুক সময়ে এই সার্টিফিকেট পাবে। ওখানে কেউ সিডিউল্ড কাস্ট সার্টিফিকেট পাচ্ছে? দেওয়ার ক্ষমতা আছে? নেই। আরে কজন পাচ্ছে? দেওয়ার ক্ষমতা নেই। ওখানে স্বাস্থ্যসাথীর বেনিফিট দিচ্ছেন? ওখানে ডাক্তার এসে দেখছে? কাজেই দুয়ারে সরকারে এক্সপোজড় হয়ে গেছে এই সরকারটা। দুয়ারে সরকার এক্সপোজড় করেছে। এতদিন ধরে আপনারা কিছু করেন নি। কিছু না করার জন্য আপনাকে এখন দুয়ারে সরকার করতে হচ্ছে।

কিছু না করার জন্য এখন আপনাকে দুয়ারে সরকার করতে হচ্ছে। দুয়ারে সরকার মানেতো হচ্ছে পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি। দুয়ারে সরকার কেন করতে হয়েছে ? করতে হয়েছে এই জন্য যে পঞ্চায়েতের জন্য, মিউনিসিপ্যালিটির জন্য স্টেট ফিন্যান্স কমিশনে যে টাকা ছিল, যে টাকাটা পঞ্চায়েতকে দেওয়ার কথা সেটা দেননি। আপনারা State Finanace Commission থেকে জেলা পরিষদের বাজেটের মধ্যে এনেছেন ৫ কোটি, মানে রিভাইজ্ড ৫ কোটি টাকা। তার মানে ২০৩ কোটির মধ্যে ছেড়েছেন ৫ কোটি টাকা। এটা আমাদের অঙ্ক নয়, আপনাদের অঙ্ক। কাজেই পঞ্চায়েতকে পুরোপুরি একেবারে শেষ করে দিয়েছেন, মিউনিসিপ্যালিটিকে শেষ করে দিয়েছেন। পঞ্চায়েত এবং মিউনিসিপ্যালিটিগুলোকে দখল করে নিয়েছেন টাকার জোরে, ভয় দেখিয়ে, যেভাবেই হোক না কেন। যেখানে কোথাও তৃণমূলের কাউন্সিলার ছিল না সেই মিউনিসিপ্যালিটিকে নিয়েছেন, যেখানে দুজন কাউন্সিলার ছিল তাকেও নিয়েছেন, শুরু করি কুচবিহার থেকে, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার থেকে, রায়গঞ্জ কোনটা নয় ? পঞ্চায়েতগুলো সব নিয়েছেন, কিন্তু আমাদের আপত্তি ছিল না তাদের সঙ্গে কাজ করার। তাদের আপনারা কাজ করতে দেন নি, তাদের কাজ করতে না দিয়ে একেবারে পুরোপুরি বসিয়ে রেখেছেন, কাজ করিয়েছেন বি.ডি.ও., এস.ডি.ও., ডি.এম., পুরোপুরি গণতন্ত্রটাকে শেষ করে দিয়েছেন। কাজেই এখন দুয়ারে সরকার ছাড়া কি আছে, এটা আপনাদের করতেই হবে। The government has been totally exposed. The government has been totally exposed. আপনারা ফেল করেছেন, ফেল করার জন্য তাই বাধ্য হয়ে এখন ওই ধরনের একটা ধাপ্পাবাজিতে যেতে হচ্ছে। স্যার, এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী জ্যোতির্ময় কর : শ্রদ্ধেয় স্পীকার স্যার, Bill No.7 of 2020-21, The West Bengal Appropriation (No.1) Bill, 2021, এবং Bill No.8 of 2020-21, The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2021। স্যার, সুখবিলাসবাবু প্রবীণ লোক, অভিজ্ঞতা আছে, কিন্তু তিনি প্রথমেই একটু হতাশা জ্ঞাপন করেছেন ভাষণের মাধ্যমে, কারণ এটাই তাঁর শেষ ভাষণ। শেষ যার তাঁকে আর কি বলবো স্যার। এটা Appropriation Bill, মানে এর অর্থ হচ্ছে যেটা post-budget discussion, not budget discussion। এবং

দুটো বিল কেন ? আমরা খানিকক্ষণ আগে over the expenditure যা হয়, আমরা over the expenditure যে খরচা হয়েছে সেটাকে আমরা স্যাংশান করেছি, এবং এটা খরচ হয়ে গেছে ধরে নিয়ে তা সত্ত্বেও আমাদের খরচা করার অথোরিটিটা দিতে হচ্ছে, though it is spent তা সত্ত্বেও যেহেতু এটা বিধানসভার স্যাংশান ছিল না, অনুমতি ছিল না। সেই জন্য over the budget যে expenditure সেটাকেও আমরা Appropriation Bill-এর আন্ডারে এনে আমরা তাকে খরচা করার অনুমতি দিচ্ছি, সেই জন্য bill (a)। Bill (2) কি ? এই বারে আমরা যেটা Vote on Account করেছি, যে টাকা এই বিধানসভায় সেট্‌ল্ হয়েছে এবং বাজেট অনুমোদিত হয়েছে সেটা respective departmentকে খরচা করার অনুমতি দেওয়া। স্যার, উনি ওনার কথায় বললেন, আমি সংস্কৃত ভাষায় একটা কথা বলি চাণক্যর একটা শ্লোক আছে "পুস্তকস্থা তু যা বিদ্যা পরহস্তগতং ধনয়্, কার্যকালে সমুৎপন্নে ন সা বিদ্যা তদ্ধধনম।" বিত্তমন্ত্রীর কাছে টাকা থাকলেও respective department-এর মন্ত্রীরা টাকা খরচা করার অধিকার পেলেন না, তাহলে সেই বাজেট পাশের কোন মানে হয় না। সেই জন্য Appropriation Bill-এ approbate করতে হয় as settled in the House, as sanctioned by the House, সেই টাকাটা আপনাকে খরচের অনুমতি দেওয়া। সুখবিলাসবাবু একটা উদাহরণ দিতে পারেন নি যে, গত বিধানসভায় বাজেটে স্যাংশান হয়েছিল, অথচ খরচা হয় নি not a single তার একটা উদাহরণ আপনি দেন নি।

[2:00 – 2:10 p.m.]

অন্যভাবে নেবেন না, অন্যভাবে নেবেন না। না, গত বিধানসভা, আজকে বাজেটটা বললেন, '২১-'২২ নয়। যেটা অ্যাপ্রোপ্রিয়েশান করা হয়েছিল গত বারে অথচ কথা দিয়েছিলেন সেটা রাখা হয় নি এমন একটাও উদাহরণ দেন নি সুজনবাবু। দেন নি সেটাই বলছি, দুর্ভাগ্যের ব্যাপার। এটা দুর্ভাগ্যের ব্যাপার। উনি যদি বলতেন এটা করবেন বলেছিলেন, এটা বাজেটে ধরা ছিল এটা করেন নি তাহলে স্যার, হত কিন্তু তিনি সেই লাইনেই গেলেন না। আসলে সুজনবাবু বলি শুনুন যুগ পাল্টাচ্ছে, দিন পাল্টাচ্ছে। এক কালে আপনারা বললেন যে সরকার স্বজন-পোষণ করছে, দল দেখে দিচ্ছে, পঞ্চায়েতগুলো নিরপেক্ষতা রাখতে পারছে না, সরকার নিরপেক্ষতা রাখতে পারছে না। মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন yes, game opens. Let us go to the people. আপনারা যখন সরকারে ছিলেন formal school-এর জায়গায় informal school করেছিলেন। Informal school — I.C.D.S. informal school, মুক্ত বিশ্ববিদ্যালয় এগুলো চালু হয়েছে। আলাদা নয়, আলাদা নয় concept is the same আলাদা কিছু নয় মগজ একটাই যে, বিদ্যার্থী যদি বিদ্যালয় না আসে ঘুঁটে পোড়াতে চলে যায় তাহলে বিদ্যালয়কে বিদ্যার্থীর কাছে নিয়ে যাও। তিনটে টায়ার ধরুন — একটা সরকার, একটা পঞ্চায়েত, পঞ্চায়েতের আবার থ্রি টায়ার। সেখানে যদি মানুষ না আসে তাহলে সরকার যাচ্ছে মানুষের কাছে। সরকার যাচ্ছে মানুষের কাছে এটা বোঝা নেই। People - এর কাছে government যাচ্ছে। People কে government-এর কাছে আসতে হচ্ছে না। That is the concept. স্যার, ১ কোটি ৮০

লক্ষ রেজিষ্ট্রেশান হয়েছে। হাজার হাজার মানুষ line দিয়ে আসছে। ঐটাই ওদের গাত্র জ্বালা। ঐটাই ওদের আজকে দেহের উত্তাপকে, মস্তিষ্কের উত্তাপকে বাড়িয়ে দিয়েছে যে, মানুষ কেন আসবে। মানুষ কেন আসবে। আবার পাড়ায় সমাধান স্যার, আরো মাইক্রো। সে যদি তাতেও না আসে officer তুমি পাড়ায় যাও–এ কথা আপনারা বলতে পারেন নি। কোন সরকার বলতে পারে নি। এটা মমতা ব্যানার্জীর হিম্মত যে, সরকারকে পাঠিয়েছেন মানুষের কাছে। তাই স্যার, এদের অন্তর জ্বালা ধরেছে যে, মানুষ কেন সম্পৃক্ত হবে, মানুষ কেন line দেবে, মানুষ কেন আজকে স্বাস্থ্যসাথী প্রকল্পের সুবিধা নেবে। এগুলো হচ্ছে সরকারের অভিমুখ, গতিমুখ। Pro-people, pro-man, pro-citizens এবং এইটাই আমরা গণতন্ত্রে একটা সরকারকে বলি না of the people, for the people, by the people. এইটাই হচ্ছে একটা গভর্ণমেন্টের for the people-এর কাজ। ওঁরা বললেন appropriation bill-এ কোন জায়গায় টাকা নিয়ে যাওয়া হচ্ছে। স্যার, একটার পর একটা দেখুন, এবং আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন ওদের যখন S.C., S.T.-এর সাইকেল দিচ্ছে General caste-এর উপরে সেখানে একটা committee আছে consolidated পঞ্চায়েতের টাকা আছে, শিক্ষা দপ্তরের টাকা আছে, S.C., S.T.-র টাকা আছে, অর্থ দপ্তর স্পেশাল টাকা দেয় সেই ফান্ড থেকে দেয়। ওরা বলতে পারে নি যে এই পার্সেন্টেজ অফ টাকা এই S.C., S.T. পেয়েছে। স্যার, আজকে যে সমস্ত স্পেশাল দেওয়া হয়েছে — I propose to allocate Rs. 50 crore for the next financial year. Opening of 100 new schools for Sadri language in Tea gardens. টি-গার্ডেনে যদি স্কুল খোলা হয় এদের আপত্তি কেন স্যার? টি-গার্ডেনে যদি স্কুল খোলা হয় আপত্তি কেন স্যার? আজকে দেখুন Opening of 100 new English Medium schools for Scheduled Cast and Scheduled Tribes. এদের আপত্তি কিসের? Scheduled Cast and Scheduled Tribes-দের জন্য যদি 100 English Medium schools খোলা হয় এত অভিনব উদ্যোগ। প্রথমেই তো বামপন্থীদের হাত চাপড়ানো উচিত ছিল। না, ওনার কথা আমি বাদ দিলাম কেন উনি না আছেন কেন্দ্রে না আছেন রাজ্যে। আপনি বলুন opening of 500 new school and engagement of 1500 para teachers in Alchiki language. অলচিকি ল্যাঙ্গুয়েজের জন্য যদি স্কুল খোলা হয় এবং যদি দেড় হাজার শিক্ষক নিয়োগ করা হয় টাকা দেবেন কি দেবেন না? Yes or no বলুন। টাকা দেবেন কি দেবেন না?

Next, I propose to allocate Rs. 100 crore for the next financial year for opening of 100 new schools for Nepali, Hindi, Urdu and Kamtapuri. আমাদের তো বহু ভাষা আছে স্যার। এরা এত দিন পর্যন্ত বঞ্চিত ছিল এদের রাজত্বে। আজকে মুখ্যমন্ত্রী টাকা দেবেন। দেবেন কি দেবেন না স্পষ্ট করে বলুন। এখানে শিক্ষামন্ত্রী বসে আছেন — ধন্যবাদ দিই। ক্ল্যাসিক্যাল সংস্কৃত ল্যাঙ্গুয়েজকে এঁরা স্তব্ধ করে দিয়েছিলেন, কণ্ঠ রোধ করে দিয়েছিলেন। মাননীয় শিক্ষামন্ত্রী টোলে শুধু টাকা দিচ্ছেন শুধু নয়, ওদের পরীক্ষারও বন্দোবস্ত করে দিয়েছেন। তাও এ বছর পরীক্ষা হয় নি, আজকে টোলে পরীক্ষা হচ্ছে। সুতরাং এগুলো হবে কি হবে না? সামাজিক বৈষম্য যদি দূর করতে হয়, সব শ্রেণীর মানুষকে আজকে আমাদের মূল স্রোতের সঙ্গে,

শিক্ষা ব্যবস্থার সঙ্গে, খাদ্যের সঙ্গে, স্বাস্থ্যের সঙ্গে সংযুক্ত করতে হবে। এই জন্যই এই বাজেট এবং এই জন্যই এই টাকা বরাদ্দ করা হচ্ছে। স্যার, আপনি বলুন যে, I propose to allocate Rs. 50 crore for the next fiancial year; Government approval of 200 schools of Rajbanshi. ওনার তো আনন্দ হওয়ার কথা যে ২০০ রাজবংশী স্কুল। উনি এটা বললেন না ? না বললে আগামিতে বলবেন, মানুষকে বলবেন, অসিতদা মানুষকে বলবেন, এরা বলেছিল, বলে নি। কিন্তু আপনি অ্যাডমিট করুন যে, দি আউট লুক অফ দি বাজেট, the proposal of the Budget is very good — সেটা আপনি বললেন না তো ! সেটা বলবেন না কেন ? না হলে বলবেন, স্যার Again I say that the grant of Government to Madrasah সমস্ত ধর্মের মানুষ, সমস্ত বর্ণের মানুষের জন্য আজকে এই বাজেটে যে টাকা বরাদ্দকৃত হয়েছে, তার মূলে আজকে ডিপার্টমেন্টকে খরচা করতে হচ্ছে। স্যার, আপনি বলুন তো, I propose to allocate Rs. 50 crore for construction of 20 lakh houses for the Schedule Castes and Schedule Tribes. এটা করতে দেবেন কি দেবেন না ? কোনটা ভুল, কোনটা এদের মাথা ব্যাথার বিষয়? একটা কমিটি করে দিয়ে জল ঘোলা করে, ঘোলা জল খেয়ে চলে গেলেন। আজকে মাথা খারাপ করবে। আজকে তাই আপনাদের কাছে বলছি, স্যার, in this financial year, 5000 to 6000 and minimum from 2000 to 3000 of farmers — এই যে ফার্মার ফার্মার বলে কেন্দ্রীয় সরকার এতো চিৎকার করছে, কেন্দ্রের যদি আপনি স্কিম দেখেন স্যার, সেটা ফার্মারকে এক্সক্লুসানের জন্য, ফার্মারকে এক্সপ্যানশন করার জন্য — অথচ আমাদের স্কিম ইনক্লুসানের জন্য। সমস্ত ফার্মার এই বেনিফিটটা পাবেন, মিনিমাম অ্যাসিসটন্স টু ফার্মার্স এবং বর্গাদার, পাট্টাদার সবাই এই কৃষক ভাত পাবেন। The question is very clear. বাজেটে যে প্রপোজালগুলো আছে এবং যার জন্য টাকা দেওয়া হচ্ছে, সেটা মানবেন কি মানবেন না ? এর মাঝামাঝি কিছু নেই, পাশাপাশি কিছু নেই। পাশ কাটিয়ে বেরিয়ে যাওয়ার মত কিছু নেই। বলুন স্যার, formation of 10 lakh of Self-Help Group and arrangement of loan of 25000 crore মহিলাদের স্বাবলম্বন, মহিলাদের ক্ষমতায়ন এবং মহিলাদের আর্থ সামাজিক উন্নতির জন্য এই যে ২৫ হাজার কোটি টাকা বরাদ্দ — এটা মানবেন কি মানবেন না ? পাশ কাটিয়ে যাচ্ছেন কেন ? straight way, point ধরে ধরে বলুন যে, এই যে টাকাটা দেওয়া হচ্ছে, এই টাকাটা বরাদ্দ করা ঠিক হয় নি। এটা তো টাকার বরাদ্দ। এই টাকার বরাদ্দকৃত অর্থ জাষ্টিফায়েড্ অর নট্ জাষ্টিফায়েড্। আমাদের তার মধ্যেই থাকতে হবে। স্যার, ডিউ টু কোভিড ১৯ pandemic the labourers in the construction and transport industry — এদের সময়ও তো সামাজিক ছিল। কিন্তু তাতে কন্ট্রিবিউশান করতে হ'ত, তার থেকে পেনশানে, তার থেকে ক্রপ্ ইনস্যুরেন্সে, তার থেকে লাইফ ইনস্যুরেন্সে মাননীয়া মুখ্যমন্ত্রীর মা-মাটি-মানুষের সরকার — চাষীকে কিছু দিতে হয় না, ফার্মার্সকে কিছু দিতে হয় না — সরকার সব টাকাই দিয়ে দেয়। স্যার, ঠিক তেমনিভাবেই আজকে অসংগঠিত শ্রমিকের ক্ষেত্রে যে কন্ট্রিবিউশান ছিল, সেই কন্ট্রিবিউশানটা তুলে দিয়ে সরকার ১০০% টাকা দেয়। এটা ভালো কি মন্দ?

[2:10 – 2:20 p.m.]

এটা ভালো কি মন্দ ? That is right or wrong ? এর মাঝামাঝি কিছু নাই স্যার। I propose to allocate 450 crore for the next financial year. Sir, rehabilitation of refugees খুব মাতামাতি না, Refugee-1এর ব্যাপারে Home Minister, Central Government - এর বলে যাবে আর কাজের কাজ কিছু করবে না। কিন্তু আমাদের সরকার, মা-মাটি-মানুষের সরকার মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার rehabilitation of refugees এর জন্য জমি বরাদ্দ করেছেন, রেশন কার্ড দিয়েছেন, নাগরিকত্ব দেবেন বলেছেন — CA লাগু করবেন না বলেছেন। এতগুলো সামাজিক এবং অর্থনৈতিক guarantee - এর বন্দোবস্ত করেছেন স্যার। আপনি বলুন স্যার, এতে বিরোধীদের আপত্তি করার কি আছে। সুতরাং, তার পরেও আছে আজাদ হিন্দ ফৌজ, নেতাজী সুভাষ চন্দ্র বোস যাঁর জন্য আমাদের অহংকার। নেতাজীর নামে আজকে আজাদ হিন্দ ফৌজের নামে মনুমেন্ট হবে, আজাদ হিন্দ ফৌজের নামে নিউ টাউনে to construct Azad Hind Monument, স্যার, এটা উচিৎ কি উচিৎ নয় বলুন। সুতরাং ...(নয়েজ)... নানা সেটা বলছেন না, পাশ কাটিয়ে যাচ্ছেন কেন ? Point wise বলে যেতে হবে। Formation of Netaji Battalion in Kolkata Police. কলকাতার পুলিশের ব্যাটেলিয়ানকে যদি নেতাজীর ব্যাটেলিয়ান নামে বলা হয় আপত্তির কিছু আছে ? আপত্তি আছে ? হ্যাঁ কি না বলুন না ? ...(নয়েজ)... না, এটা বাজেট নয়। এটা বাজেট নয়। এটা post-budget। স্যার, এদের অনেকগুলো প্রশ্ন করতে মাথা গরম হয়ে গেছে স্যার। আমি আর এই ব্যাপারে বলব না, সবাইকে ধন্যবাদ দিয়ে আমার কথা শেষ করছি স্যার।

ডঃ সুজন চক্রবর্তী : জ্যোতির্ময় বাবু খুব ভালো বলেন, আমি খুব rapt attention দিয়ে কথাগুলো শুনি, আমি জানি না, বাজেটে বলার জন্য ওনার নাম লিস্টে বোধ হয় ছিল না। কিন্তু বক্তৃতাটা উনি এখানে ভালোই দিয়েছেন। কিন্তু এটা appropriation আলোচনা, বাজেট নয়। সেইটা, একটু যদি ওনাকে — নির্মলবাবুও তুমি এটা fail করেছ, তুমি এটা কেন বুঝিয়ে দিচ্ছো না ঠিকমতো করে, একজন চিফ হুইপেরতো কিছু কাজ আছে। স্যার, আমি অন্য বেশি কথার মধ্যে যাবো না। Appropriate তো করতেই হবে। বাজেটটাও পাশ করা হয়েছে। চার মাসের কাজের suction-ও দেওয়া হচ্ছে। আপনি কি কোথা থেকে কি বলছেন আমি বুঝতে পারলাম না। কোনো গণ্ডগোল হয়েছে। স্যার, আমি যে কথাটা বলব, ...(নয়েজ)... আমি বলি নি তো, বলি নি তো। বলি নি। আপনি কথায় কথায় সুজনবাবু উত্তর দিন — আমি আপনাকে উত্তর দেব কেন ? আমি মাননীয় স্পীকার মহাশয়কে উত্তর দেব। ...(নয়েজ)... স্যার, আমি যেটা বলছি, বাজেটটা আমরা পাশ করেছি, আমি শুধু যেটা বুঝতে পারি নি, আমরা কি বাজেটের বইটাকে পাশ করলাম, নাকি আজকে যে additional budget-টা প্লেস্ড হল, additional budget মানে ১৯টা প্রকল্পে ৭২,০০০ কোটি টাকার একটা additional budget যেখানে কর্মসংস্থানের involvement আছে ৩ লক্ষ ২৯ হাজার। তাহলে ওই figure-গুলো সব change হয়ে যায়। আমরা কি বাজেটের বইটা পাশ করছি আগে, নাকি additional budget-টা প্লেস্ড হচ্ছে, আমার ধারণা আপনি নিশ্চয়ই

এটা clarify করবেন। তা নাহলে মুখ্যমন্ত্রীর কথারতো গুরুত্ব অনেক বেশি। ওটা ঠিক মুখ্যমন্ত্রী বলেইছেন যে, ভোটের আগে ইস্তেহারই হবে। ভোটের আগে ইস্তেহার হবে না ? আমার তাতে কোনো আপত্তি নেই। উনি ইস্তেহার করলে করবেন। কিন্তু ইস্তেহার প্রকাশের জন্য যোগ্য জায়গা বিধানসভা না। সেটার জন্য যোগ্য জায়গা কালীঘাট। আমার এই কথাটাতো থাকবেই। মুখ্যমন্ত্রী স্বীকার করে নিয়েছেন বোঝা গেল স্যার। এমনিতে যদি দেখেন স্যার, whole ব্যাপারটাতে যেটা খুব missing কয়েকটা জিনিস আছে। Social Audit-টা missing, Social Audit-টা দারুণভাবে গুরুত্বপূর্ণ এবং এখন আইনের অংশ। Social Audit structure-টাকে ভেঙ্গে দেয় — আপনারা কি Social Audit থেকে সরে যেতে চাইছেন ? সেটা কিন্তু একটা বিশৃঙ্খলা তৈরি করবে, আর্থিক বিশৃঙ্খলা। আমি ওই কারণে আর একবার বললাম, Social Audit from top to V.R.P.s এই entire structure-টাকে যেভাবে ভেঙ্গে দেওয়া হয়েছে, এটা আমাদের দুর্নীতির সুযোগ অনেক বাড়িয়ে দেবে। স্যার, অনেকগুলো কমিশান আমাদের সরকার ঘোষণা করেছেন গঠন করেছেন, এবং সেই কমিশানগুলোর জন্য আমার হিসেব অনুযায়ী অনেকবার জিজ্ঞাসা করেছি, উত্তর পাইনি। প্রায় ৬০ কোটি টাকা সরকারের তহবিল থেকে খরচ হয়েছে। এবার ৬০টা ৬০ না ৫৮ আমি বলতে পারবো না। কিন্তু তার রিপোর্টগুলো কোথায় স্যার ? ওটাতো property of the House.

তাহলে আমাদের শ্যামল সেন কমিশানের রিপোর্ট কোথায় ? তাহলে আমাদের মরিচ ঝাঁপি কমিশানের রিপোর্ট কোথায়? সাঁইবাড়ী কমিশানের রিপোর্ট কোথায় ? এমন কি ২১শে জুলাই-এর কমিশান, এত যে বলি আমরা, সেই রিপোর্ট কোথায় ? তাহলে সরকার খরচ করে ট্যাক্স-এর টাকায় রিপোর্ট বানাল, কমিশান বলল, সেটা কি আপনার কাছে জমা পড়েছে, হাউসে তো এখনও পর্যন্ত আসেনি স্যার। এটা তো হাউসের কাছে ৬ মাসের মধ্যে আসাটা, ম্যান্ডেটারি। তাহলে কি আসলে আমরা কিছু কথা বলব, এবং যেটা সত্য নয়, সেটা নিয়ে আমরা তদন্ত করে, টাকা খরচ করব, কাউকে কিছু পাইয়ে দেওয়ার জন্য, কিন্তু রিপোর্টটা আমরা বিধানসভায় পেশ করবো না। এটা ভয়ঙ্কর বিপজ্জনক একটা নজির হিসাবে থেকে যাচ্ছে। স্যার, লোনের ক্ষেত্রে রিপিট করবো না, অনেকবার বলেছি, ১ লক্ষ ৮৫ হাজার বাড়তে বাড়তে এখন ৫ লক্ষতে এসে দাঁড়িয়েছে। পুরনো রি-পেমেন্ট–এর জন্য যেমন খরচ করতে হচ্ছে — যখন বলা হচ্ছে — গত বছরের বাজেটে আমি বলেছিলাম, ৮০হাজার কোটি টাকার সংস্থান রাখা হয়েছিল, ৪৫হাজার কোটি রি-পেমেন্ট–এর জন্য। আমার প্রশ্ন ছিল, বাকি ৩৫ কেন ? উত্তর পাই নি। হিসাব করে দেখা যাচ্ছে, এ বছরের হিসাবে তাই, গতবারে হিসাব করেছিলাম, করে যা দেখেছিলাম হিসেবের ডিটেল্স নিলে দেখা যাচ্ছে ২৩ হাজার কোটি টাকা রি-পেমেন্ট হল গত বছর। তার মধ্যে ২০১১-র আগের নেওয়া বিলের রি-পেমেন্ট এর পরিমাণ ছিল ৪৫০ কোটি, হুইচ কামস আউট টু পারর্সেন্ট অফ দি হোল রি-পেমেন্ট, অর্থমন্ত্রী কিন্তু কোন উত্তর দেন নি। এ বছরের চেহারা একই রকম রয়েছে। তাহলে আমরা কি অযথা লোককে বিভ্রান্ত করার জন্য চেষ্টা করছি। স্যার, বাজেটের মূল স্ট্রেন্থটা কোথায়? বাজেটের মূল স্ট্রেন্থটা হচ্ছে রেভিনিউ জেনারেশান এবং রেভিনিউ জেনারেশান হোল

বাজেটে কতটা আমাদের স্টেটে রেভিনিউ আমরা জেনারেট করতে পেরেছি। হোল বাজেটে আপনি দেখবেন, ২০১০-১১-তে হোল বাজেটে স্টেট-এর রেভিনিউ ট্যাক্স আর নন-ট্যাক্স বোথ মিলিয়ে, এইটা ছিল প্রায় ফিফটি পার্সেন্ট। সেটা নামতে নামতে ৪০, ৪২ করতে করতে গত বছরে এসে দাঁড়িয়েছে, এ বছরে থার্টি থ্রি পার্সেন্ট। তাহলে হোল বাজেটে যদি ৩৩পার্সেন্ট হয়, স্টেট-এর ওন রেভিনিউ, তাহলে সেটা কিন্তু কখনো গুড ইকনমিকসের রিফ্লেকশান নয়, সেটা হতে পারে না। তার মধ্যে স্যার, মদ বিক্রির জন্য যে রেভিনিউ, সেই রেভিনিউটা বেড়েছে ২০১০-১১-তে ৭গুণ, ইলেকট্রিসিটি ৬গুণ, দুটোই মানুষের পক্ষে বিপজ্জনক। তাই মানুষের পক্ষে বিপজ্জনক ইনকাম, সেই ইনকাম করে আমরা ৫০ থেকে ৩২-এ নেমে এসেছি, এইটা আসলে ইন্ডিকেট করছে, ভয়ঙ্কর বিপদটা আমাদের কিভাবে রাজ্যে বাড়ছে কারণ লোন, এই সেই ইত্যাদি ইত্যাদি আমরা কিন্তু বিপদ-এর মধ্যে পড়ছি। স্যার, ইট ইজ অ্যান আনইজি ইভেন্ট, নন ট্যাক্স রেভিনিউ, সেইটা কি এইভাবে বাড়ছে – না বাড়ছে না। নন ট্যাক্স রেভিনিউ বাড়ে নাকি, বালিতে, কয়লায়, পাথরে এখানে ওখানে সেটা তো বাড়ছে না। তাহলে নন-ট্যাক্স রেভিনিউটা কি অন্য কোথাও চলে যাচ্ছে, ডাইভার্টেড হয়ে যাচ্ছে। যেখানে আসার কথা স্টেট এক্সচেকারে, সেটা কি স্টেট এক্সচেকারের চাইতে বাইরে বাড়তি কোথাও চলে যাচ্ছে হুইচ কামস্ অ্যাবাউট এ বিগ পোর্শান অফ দুর্নীতি। ফলে এই কোয়েশ্চেনগুলো থাকবে এবং এই প্রশ্নগুলোর উত্তর আমাদের ভবিষ্যতে পেতে হবে। স্টেট-এর অ্যাজ এ হোল, স্টেট-এর ইন্টারেস্টে। স্যার, গত কয়েকটি বছর ধরেই আমরা খুব সুনির্দিষ্ট পজিটিভ প্রস্তাব দিয়েছিলাম। আমি জানি না সেগুলোর রিফ্লেকশান আমাদের বন্ধুরাও বলার সময় বলেন না, বাজেটেও খুব একটা দেখি না, হোয়াই স্যার ইয়োর অল কলেজেস অ্যান্ড ইউনিভার্সিটিজ দাঁড়াচ্ছে না — আমরা বলেছিলাম কলেজ ছাত্রদেরকে ল্যাপটপ সেটাকে একটু এদিক ওদিক করে একটা করে বন্দোবস্ত করা হোক। ওল্ড এজ প্রব্লেমটা বেঙ্গলে ভয়ঙ্করভাবে বাড়ছে। সবাই কাজকর্মর জন্য বাইরে চলে যাচ্ছে। গরিব হোক, মাঝারি হোক আর উচ্চ অংশের মানুষ হোক। তাহলে ওল্ড এজ প্রব্লেম অ্যাজ এ স্পেশাল প্ল্যানিং, স্পেশাল প্যাকেজ, গত দুই-তিন বছর ধরে কথাটা হচ্ছে। এই ব্যাপারে সরকারের দিক থেকে কোন নজর আসছে না। গত বছরে আমি নির্দিষ্ট করে বলেছিলাম তখন প্যান্ডেমিক হয় নি, পরিযায়ী শ্রমিক এদের সংখ্যা, তত্ত্ব, কোথায় আছে, তাদের সেখানকার আইডেন্টিটি কার্ড, বাইরের রাজ্যে বাংলার মানুষ খুব বিপদে পড়ে, তার মধ্যে যদি নামটা হয় বাংলা ভাষী মানেই বাংলাদেশী, তার মধ্যে নামটা যদি মুসলমান হয়ে থাকে, তাতে যদি কেউ বোঝে, ব্যাস সোহায় সোহাগা। বি.জে.পি.র রাজত্ব, এরা হচ্ছে দাঙ্গাবাজ, ভয়ঙ্কর বিপদে ফেলছে মানুষকে। কোথায় যাবে। আমরা গত বছরে বলেছিলাম যে তাদের সরকারি পরিচয়পত্র দেওয়া এবং সেখানে তাদের দেখভাল করা ইন এ মিশান মুড। এগোচ্ছে না। ওয়েস্ট বেঙ্গল হেল্থ স্কিম, স্যার, অল ওয়ার্ক পেইড বাই পে কমিশান। এখানে কলেজের মাস্টারমশাইরা আছেন, কিন্তু স্কুলের প্রাইমারীর মাস্টারমশাইরা নেই। অসঙ্গতি। এই রকম অনেকগুলো, কন্ট্রাক্টচুয়াল্ এবং অস্থায়ী।

[2:20 – 2:30 p.m.]

এইরকম অনেকগুলো কন্ট্রাক্টচুয়ালস্ এবং অস্থায়ী। ফিনান্স ডিপার্টমেন্ট (অডিট) তাদের সার্কুলার নং 3998 dated 15th July, 2009 — সেটা কেন extended হচ্ছে না সবার জন্য। সার্কুলার হয়ে রয়েছে, কেউ পাচ্ছে, কেউ পাচ্ছে না। কাউকে হ্যাঁ বলা হচ্ছে, কাউকে না বলা হচ্ছে। কোয়েশ্চেনটা আমার একার নয়, আমাদের সবার। এক্সটেন্ড করার কথা অনেকবার বলেছি। এখনো পর্যন্ত এগোয় নি। সকালে মুখ্যমন্ত্রী বলছিলেন, আমি তখন বলেছিলাম ওনাকে, ইকোনমিক্যাল্যি উইকার সেকশান নন রিজার্ভদের, তাহলে ইকোনমিক্যাল্যি উইকার সেকশান অনেকবার আলাপ-আলোচনা করার পর আপনি জানেন শেষ পর্যন্ত সরকার একটা সার্টিফিকেট দেওয়ার বন্দোবস্ত করেছে গত বছর। কিন্তু সংরক্ষণের প্রভিশান কি রাখা হচ্ছে? এবছরও রাখা হয় নি। সম্প্রতি পরীক্ষা হবে বলে যে অ্যানাউন্সমেনট গভর্ণমেন্ট করেছে ভোটের ঠিক আগে আগে সেখানেও তো রাখা হয় নি। তাহলে EWS - এর সংরক্ষণ এটাকে আমরা বাদ দিতে চাইছি ? তাহলে বলছি এক, করছি আর এক। স্যার, কোয়েশ্চেন হচ্ছে তো land bank। সরকার আর তো নেই। সরকার অধিগ্রহণ করবে না। সরকার কিনলে কিনবে। খুব নির্দিষ্ট প্রস্তাব ছিল। কমিটি হয়েছে, কমিটি দেখভাল করেছে, তাহলে long land in chit fund যেটা গভর্ণমেন্ট অথবা কোর্ট মারফত অ্যাকুইজিশান হবে, মানে কেনা হবে, সেখানে তো প্রচুর জমি সরকার ইন্ডাস্ট্রি করার জন্য নিতে পারত। আমরা মুখে বলেছি, এখানে লিখে বলেছি, রাজ্যের ইন্টারেস্টেই বলেছি, কাজের কাজ কিন্তু হচ্ছে না। স্যার, মুখ্যমন্ত্রী এবারের বাজেটেও বলেছেন, উদ্বাস্তু তাদের জমি দেওয়ার কথাটা বলা হয়েছে। আগেও বলা হয়েছে। এই ফিগারটা ভুল, ভিন্ন কথা। কিন্তু আমরা তখনও বলেছিলাম, জমিটা আমার থাকলে তবে তো আমি পাট্টা দেব। আমার যে জমি নয়, সে জমি আমি পাট্টা দেব বলে বলে দিলাম। চিঠি দিয়ে দিলাম। এবারে চিঠিচাপাটি এসে গেল। কোর্ট-কাছারি হয়ে গেল। ইতিমধ্যে সেই যোগ্যতা পড়ে গেছে। আমাদের তখনও প্রস্তাব ছিল, আজও আমরা বলছি, উত্তর দেওয়ার সময় যদি বলতে পারেন খুব ভালো হয়। তাহলে যে যে জমিতে বসে আছে তাদের দখলি অধিকার ...(নয়েজ)...দখলি রেকর্ডটা হোক। পাট্টা দেওয়ার নাম করে আমরা কিন্তু একটা বাজার গরম করছি, লাভের লাভ হচ্ছে না। একটা lumpen economy develop করে যাচ্ছে, কাজের কাজ কিছু হচ্ছে না। এটা আপনাদের খেয়াল রাখার জন্য আমি বললাম। ইনভেস্টমেন্ট আমাদের ১৪ লক্ষ কোটি টাকা, এইসমস্ত শিল্প সম্মেলনগুলো থেকে কতটা কার্যকরী হল। What is the figure ? কতটা কার্যকরী হল? কাজেই প্রশ্ন, ১ কোটি ৩০ লক্ষ গত বছর বাজেট পর্যন্ত হিসেব, নেমে হয়ে গেল ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার। How funs ! তার সঙ্গে এখন আবার যোগ হল ৩ লক্ষ ২৩। তাহলে ফিগারটাকে কারেক্ট করতে বলুন। ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার প্লাস ৩ লক্ষ ২৯ হাজার যোগ করবেন, নাকি মুখ্যমন্ত্রীর কথাটা বাতিল করবেন, দেখুন, দুটো তো একসঙ্গে চলতে পারে না। স্যার, আমি কোনো বাড়তি কথার মধ্যে যাব না, আমি শুধু বলব, ভিলেজ পুলিশ, সিভিক পুলিশ, আমাদের অনেক দিনের কথা আছে আমাদের কথা নির্দিষ্ট। তাদেরও

একটা কিছু বন্দোবস্ত করা উচিত। কিন্তু এই টেম্পোরারি হোম গার্ড এটা থানায় থানায় হচ্ছে, এটার প্রভিশানিং কোথায়। বিপজ্জনক হচ্ছে, ভোট সামনে। তার জন্য কোনো বাড়তি পরিকল্পনা নয় তো। পুলিশের ডাটা বেস, ৬ তারিখে বাজেট শেষ হয়েছে, ৬ তারিখে পুলিশের সার্কুলার হয়েছে। কি ব্যাপার — এই সমস্ত ডাটা বেস করতে হবে, mobilization - এর জন্য। ডাটা বেস করতে হবে নাম চাই, থানা চাই, বোঝা গেল ব্যাঙ্কের অ্যাকাউন্ট চাই, টাকা দেওয়া হল, কোন্ বিধানসভার ভোটার, কোন্ পার্ট নম্বরের ভোটার, সিরিয়াল নম্বর কি, এই ডাটা সংগৃহীত হচ্ছে কার জন্য, কিসের জন্য। লক্ষণটা খারাপ, আমি আপনার কাছে উল্লেখ করে রাখলাম, লক্ষণটা খারাপ। ভোট সেটা খুবই গণতান্ত্রিক, গুরুত্বপূর্ণ। তাকে pollute করার মত মনোভাব আমাদের যেন কারোর না থাকে। সমাজ জীবন কলুষিত হয়ে যাচ্ছে। প্রধানমন্ত্রী এসে একের পর এক বক্তৃতা দিচ্ছেন। গতকাল যা বলেছেন, ভয় পেয়ে গেছেন, প্রধানমন্ত্রী ভয় পেয়ে গেছেন। জোট কেন — এই প্রশ্ন প্রধানমন্ত্রীকে করতে হচ্ছে। বুঝতে পারছেন, শুধু রাজ্য নয়, ওরা পর্যন্ত ঘাবড়ে যাচ্ছে। আমি বলছি, হারের কাঁপন ধরাবো আমরা, যারা বাংলার সর্বনাশ করতে চায় তাদের হারের কাঁপন ধরাতে হবে এটাই আমাদের কাজ। সেটাই আমরা করব। কিন্তু আমরা কি শক্ত মাটির ওপরে দাঁড়িয়ে আছি স্যার, নির্বাচিত সদস্যরা। নির্বাচিত সদস্য বেহিসেবি সম্পদ, নির্বাচিত সদস্য বিপজ্জনক জীবনধারণ, নির্বাচিত সদস্য মান মর্যাদা থাকছে না, নির্বাচিত সদস্য দলবদলের বিপজ্জনক খেলা।

নির্বাচিত সদস্যের রাস্তার ঠেকের মতো অশালীন কলুষিততার, নির্বাচিত সদস্য — তুইতোকারি করে কথা বলা, বংশ পরিচয় তুলে কথা বলা, হেঁকে হুমকি দেওয়া। নির্বাচিত সদস্য তাদের কাণ্ডকারখানা দেখে মনে হচ্ছে যে সিরিয়ালগুলো হার মেনে যায়। আমাদের নির্বাচিত সদস্যদের কাণ্ডকারখানায়, আমরা রবীন্দ্রনাথ, নজরুল থেকে সরে আসছি। এ জিনিস মেনে নেওয়া যায় না। এই বিপদ থেকে আমাদের বাংলাকে বার করতে হবে।

মিঃ স্পিকার: আপনি বলেছেন যেটা — ঐ যে মুখ্য অর্থমন্ত্রী, আর অর্থ মুখ্যমন্ত্রী ওটা আমি একটু দেখে নেবো, ঠিক আছে। আমি দেখে নেবো। দেখে যদি আমার মনে হয় সেরকম আমি অর্ডার দেবো।

শ্রী সমীর চক্রবর্তী: ধন্যবাদ স্পিকার সাহেব। আমি সর্বপ্রথমেই আপনার কাছে কৃতজ্ঞতা জানাই, অ্যাপ্রোপ্রিয়েশান বিলের ওপরে আমাকে বলার সুযোগ করে দেওয়ার জন্য। মনোজ আমার পুরোনো বন্ধু, রাজনৈতিক সাথী, তুমি থাকলে আমি খুশি হবো। বিল নাম্বার সেভেন অফ্ ২০২০-২০২১, দ্য ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান (নং ১) বিল, ২০২০-২০২১। এবং বিল নাম্বার এইট অফ্ ২০২০-২০২১, অফ্ দ্য ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান ভোট অন অ্যাকাউন্ট বিল, ২০২০-২০২১। দুটো বিলকেই এক সঙ্গে নিয়ে আসা হচ্ছে অর্থাৎ মঞ্জুরিকৃত অর্থ বরাদ্দ করা হলো। আমি এই বিলকে সম্পূর্ণ সমর্থন জানাই। সুজনবাবুর বক্তব্য শুনতে শুনতে আমি ঠিক বুঝতে পারছিলাম না যে এটা বাজেটের ওপর, অ্যাপ্রোপ্রিয়েশান বিলের ওপরে বক্তব্য রাখা হচ্ছে না রাজনৈতিক জনসভা হচ্ছে। আমি বুঝতে পারছিলাম না। যেমন একটা কথা

উনি বললেন, কি - মুখ্য অর্থমন্ত্রী না অর্থ মুখ্যমন্ত্রী। আমি সুজন বাবুকে একটু স্মরণ করিয়ে দিই, এই হাউসের সদস্যদের মধ্যে বোধ হয় একমাত্র সুব্রত মুখার্জী, তখন আমি ১৯৮৩ সালের কথা বলবো, তিনি মেম্বার অফ অ্যাসেম্বলী ছিলেন আমার যতদূর মনে পড়ছে। মান্নান সাহেবও ছিলেন, মান্নান সাহেব বেরিয়ে গেলেন। আরামবাগ কেন্দ্র থেকে ৮২ সালে জিতেছিলেন। তাতে অশোক মিত্রর হয়ে বাজেট পেশ করেছিলেন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু। আমার প্রশ্ন তিনি কি, অর্থ মুখ্যমন্ত্রী না মুখ্য অর্থমন্ত্রী - জবাবটা দিন তো। আমি এই প্রসঙ্গে ঢুকতে চাই নি। যেহেতু আপনি এই প্রসঙ্গটা তুলে গেলেন, আমি বলতে বাধ্য হলাম, উত্তরটা আপনাকে দিতে। এই বিলের ওপরে বক্তব্য রাখতে গিয়ে প্রথম বক্তা ছিলেন, ডঃ সুখবিলাম বর্মা। অর্থনৈতিক পণ্ডিত মানুষ। আমি বুঝলাম না, সুখবিলাসবাবু একটা কবিতার মধ্যে দিয়ে তাঁর বক্তব্য শুরু করলেন। তিনি বললেন, সত্যজিত রায়ের একটা সিনেমার - একটা ছড়াকে একটু ঘুরিয়ে পেঁচিয়ে তিনি বললেন - দড়ি ধরে মারো টান, বাজেট হবে খান খান। সুখবিলাস বাবু নেই, সুখবিলাসবাবুকে নিয়ে সমস্যা হচ্ছে যে তিনি তাঁর বক্তব্যটা রাখেন, তার পরেই হাউস ছেড়ে চলে যান। অন্যদের বক্তব্য শোনার ধৈর্য তাঁর নেই। আমি শুধু সুখবিলাস বাবুকে বলি, সুখবিলাস বাবুর হতাশা ভাঙতে চাই, মমতা ব্যানার্জীর নেতৃত্বে বিশ্ববাংলা গড়তে চাই। এটা কিন্তু প্রথমেই আমার বক্তব্য, যে কথাটা সুজনবাবু তাঁর বক্তব্যের মধ্যে নিয়ে এলেন। আমি বাজেট থেকে সরবো না স্যার। তার মধ্যে তিনি ঐ ঋণ নেওয়া-টেওয়া কী সব বলছিলেন। সুজনবাবু আপনাকে আমি একটু স্মরণ করিয়ে দিই বা এই সদনের সদস্যদের, ১৯৭৭ সালের ২১ শে জুন, আমি তারিখ ধরে বলছি স্যার। ১৯৭৭ সালের ২১ শে জুন সিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বাধীন কংগ্রেস সরকার যেদিন বাংলা থেকে চলে যাচ্ছে এবং জ্যোতি বসুর নেতৃত্বাধীন প্রথম বামফ্রন্ট সরকার বাংলায় ক্ষমতায় এলো। ১৯৪৭ থেকে ১৯৭৭ সালে, ২১ শে জুন অবধি পশ্চিম বাংলার দেনাটা কত ছিলো ? ১ হাজার ২৫৭ কোটি টাকা।

[2:30 – 2:40 p.m.]

আমি আবার রিপিট করছি ১২৫৭ কোটি টাকা দেনা ছিল। আপনারা সেটা ৩৪ বছরে নিয়ে গিয়ে ফেললেন ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা। তাহলে কাদের বিরুদ্ধে বক্তব্য রাখছেন হাউসে দাঁড়িয়ে, এই জবাবটা দিন। এবং দুই বছর আগে মাননীয়া মুখ্যমন্ত্রী এই বাজেট অধিবেশনে দাঁড়িয়ে একটা অতি সুন্দর কথা বলেছিলেন, আজকে আমার সেই কথাটা মনে পড়ছে, মৃত্যুর ফাঁদ এবং ঋণের ফাঁদ। ঋণের ফাঁদই, মৃত্যুর ফাঁদ। Debt trap equals to, death trap. ঋণের ফাঁদ কিন্তু মৃত্যুর ফাঁদের দিকে নিয়ে যায়। এটা কিন্তু মাথায় রাখতে হবে এবং আপনার এই বাড়তি টাকাটা সারা ভারতবর্ষের F.R.B.M., Fiscal Responsibility of Budget Management-এর ধারাটাকে উপেক্ষা করে কেন্দ্রীয় সরকারকে black mail করে। টাকাটা এনেছিলেন। কেন জানেন, তখন কংগ্রেস সরকার মনমোহন সিংহের নেতৃত্বাধীন কংগ্রেস সরকার আপনাদের দয়ার সরকারটা চালাচ্ছিলেন। কংগ্রেস ১৪৫ ছিল, আর আপনারা ৬২টি আসনে লোকসভায় ছিলেন, আপনাদের সমর্থনে কংগ্রেস সরকারটা চলছিল। ২০০৪ সাল

থেকে ২০০৮ সাল সুজনবাবু আপনি তখন নিজে লোকসভার সদস্য। সুতরাং তথ্যের বিকৃতি করবেন না, বিধানসভায় দাঁড়িয়ে। সরকারকে ব্লাকমেল করে F.R.B.M. লাগু না করে পশ্চিম বাংলার অর্থনৈতিক ব্যবস্থাকে আগামী দিনের জন্য যারা বিপর্যস্ত করে গেছেন, তারা হচ্ছেন আপনারা। আজকে কাদের বিরুদ্ধে আপনারা গলা ফাটাচ্ছেন। আপনারা দায়ী, পশ্চিম বাংলার আগামী প্রজন্ম আপনাদের ক্ষমা করবে না। তার কারণ মমতা বন্দ্যোপাধ্যায়ের ১০ বছরে বাজেটে যদি দেখেন অর্থনৈতিক দিকটা তাহলে আজকে সকালবেলা মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে বলে গেলেন, ২০১০-১১ সালে আপনাদের revenue income কত ছিল ? ২১ হাজার কোটি টাকা। আর আজকে কত? ৭৫ হাজার কোটি টাকা। Almost ৪ গুণ বেড়েছে, almost four times increased, তাহলে মানুষের ব্যবসা-বাণিজ্য যদি না বেড়ে থাকে, মানুষের মধ্যে যদি টাকার আদান-প্রদান ক্রয় ক্ষমতা-বিক্রয় ক্ষমতা না বেড়ে থাকে তাহলে কোথা থেকে টাকা জেনারেট করছি, সেটা তো বুঝতে হবে। এক দিকে মমতা বন্দ্যোপাধ্যায়ের অর্থনীতি, ডঃ অমিত মিত্রের হাত ধরে এবং এই সরকারের অর্থনীতি মানুষের দৈনন্দিন জীবনযাত্রার মানকে বাড়িয়েছে। যে কথাটা ডঃ সুখবিলাশ বর্মা বলে গেলেন, যে গত বছরই উনি predict করেছিলেন, যে বহু টাকা ঘাটতি হবে। হাঁ, তখন তো আমফান আসেনি, সেটা Finance Minister জানবেন কী করে। তখনও corona আসেনি, February মাসে বাজেট হয়েছে, March মাসের পরের ঘটনা এইগুলো, তারা জানবেন কী করে। সুজনবাবু আপনি এত কথা বলে গেলেন, একটা কথা বললেন না, যে আপনাদের অর্থনীতির যাদুকর ডঃ অসীম দাশগুপ্ত ১২ বছরে ঘাটতি শূন্য বাজেট, zero deficit budget, যেটা কিন্তু পরবর্তীকালে nobel পুরস্কার প্রাপ্ত ডঃ অর্মত্য সেন বলেছিলেন economics zero deficit budget বলেই কিছু হয় না। বাংলার অর্থনীতিকে সারা জীবনের জন্য আপনারা বিধ্বস্ত করেছেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সেই অর্থনীতিকে নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় ঘুরে দাঁড় করাতে চাইছেন। বাস্তবটা স্বীকার করুন। মেনে নিন, কীসের আপনাদের এত আপত্তি। কোন point-এ আপত্তি, তার কারণ আপনারা - আমি বলে দিচ্ছি আপনাকে, আপনারা ২০১১ সাল অবধি এই রাজ্যে নতুন রাস্তা হয়েছিল কেবলমাত্র ২৯, ৭০৬ কিলোমিটার। আর মমতা বন্দ্যোপাধ্যায়ের রাজত্বে দশ বছরে তৃণমূল, মা-মাটি-মানুষের সরকারে সেটা বেড়ে, সেটা নতুন করে রাস্তা হয়েছে ৮৯, ৫৭৪ কিলোমিটার। সবই তো ভুল, সবই তো ভুল তার কারণ, সেটা তো আপনারা অসীম দাশগুপ্ত বলেছেন। তাহলে বলুন ঘাটতি শূন্য বাজেটটা ঠিক ছিল না, ভুল ছিল। তাহলে বলুন কেন্দ্রীয় কংগ্রেস সরকারকে ব্ল্যাকমেল করে F.R.B.M. নাম এখানে লাগু না করে হাজার হাজার কোটি টাকা বেআইনিভাবে ঋণ নিয়ে, বাংলার মানুষের ঘাড়ে ঋণের বোঝা চাপিয়ে দিয়ে চলে গেছেন, আগামী প্রজন্ম যে ব্যয়ভার নিয়ে চলেছে। বলুন সেটা ভুল না ঠিক আপনার ভিউতে। বলুন যদি হিম্মত থাকে। একটাও statement আজ পর্যন্ত ঘাটতি শূন্য বাজেট ভুল বলুন, zero deficit budget ভুল ছিল। অর্থনীতির প্রভাবটা একদিনে পড়ে না। এটারতো সুদূরপ্রসারি long term effect আছে। এত বক্তৃতা দিলে হবে না, তার কারণ অর্থনীতির প্রভাব পড়তে সময় লাগে। আজকে পশ্চিম

বাংলাকে শুধুই ঋণই কত টাকা দিতে হয়। এই উত্তরটা দিন তো। সুদ, সুদ ঋণের উপরে, কত টাকা দিতে হয় বছরে।

তার কারণ যে ডিপোজিটগুলো আপনারা নিয়েছেন, যে টাকাটা লোন করেছেন every 10 years, সেটা maximum পড়ে, সেই মূলটা শোধ দিতে হয়। প্রত্যেক বছর তার উপর সুদ তো আছেই। রাজ্য সরকারকে কত টাকা দিতে হয়, জবাবটা দেবেন ? শুধু আপনাদের পাপের বোঝা, আপনাদের ভুল ইকোনমিক পলিসি, আজকে মাননীয়া মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে যখন বাংলা ঘুরে দাঁড়াচ্ছে, যখন বিশ্ব বাংলার দিকে বাংলা এগিয়ে যাচ্ছে, তখন কাদের বিরুদ্ধে আস্ফালন, কোন রাজনৈতিক আস্ফালন? তার কারণ এই প্রশ্ন তো উঠবেই। কেরালায় কংগ্রেসের সঙ্গে লড়াই করবেন আর পশ্চিম বাংলায় জগাই মাধাই এক হবে, এটা তো হতে পারে না। এটা কি হতে পারে ? উত্তর দিন না। নীতি এবং আদর্শ থেকে সম্পূর্ণ বিচ্যুত আপনারা। সুতরাং বাংলার মানুষ আগামী দিনে আপনাদের জবাব দেবে। এই অধিবেশনের বা এই পাঁচ বছরের টার্ম, সিক্সটিন্থ অ্যাসেম্বলীর এটাই বোধ হয় আমার শেষ বক্তব্য। আগামী দিনে আপনারা সবাই ভালো থাকবেন, সুস্থ থাকবেন, আমি সেই কামনা করি। প্রত্যেককে ধন্যবাদ জানাই। গত পাঁচ বছরে আমার ব্যবহারে কেউ যদি কোথাও আঘাত পেয়ে থাকেন, আমি তার জন্য মার্জনা চাইছি। সবাই ভালো থাকবেন। আপনাদের আগামী দিন সুন্দরময় হয়ে উঠুক এই কামনা করে সুজনবাবুদের কাছে অনুরোধ করি রাজনৈতিক লাইনটা ঠিক করুন। নইলে আগামী বার কিন্তু গোষ্ঠ পালের মূর্তির নীচে দাঁড়িয়ে আপনাদের বক্তব্য রাখতে হবে, বিধানসভার সদনে আর আসতে হবে না। নমস্কার।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারের বাজেট আলোচনায় চাণক্য বড় বেশি বার উচ্চারিত হয়েছে। চাণক্য অত বেশি বার উচ্চারিত হওয়ার কারণ আমি জানি না। তবে ইতিহাস পড়ে এইটুকু জানি যে চাণক্য চন্দ্রগুপ্ত মৌর্যের রাজত্বে অর্থমন্ত্রী ছিলেন এবং মৌর্য বংশ কিন্তু ভারতবর্ষে বেশি দিন রাজত্ব করতে পারে নি। যাঁরা এত বেশি চাণক্য উচ্চারণ করলেন, তাঁরা কি জেনেই করলেন যে রাজত্বকাল শেষ হয়ে আসছে। প্রশ্নটা তোলা রইল এই কারণেই যে, 'কাব্য শোভায়াঃ কতারধর্মমুনাস্তু জ্যেতিশয়ে একঃ বস্তু লঙ্কারঃ '। 'যার অর্থ হচ্ছে গুণহীন কাব্যে কোনো সৌন্দর্য নেই। জ্যোতির্ময়বাবু বা সমীরবাবু গুণহীন কাব্য যতই উল্লেখ করুন না কেন, আসলে একটা অলঙ্কার বিহীন বাজেটের যে শ্রীহীনতা, সেটা তার মধ্য দিয়ে পূরণ হতে পারে না। স্বাভাবিকভাবেই এটা পোস্ট বাজেট আলোচনা, এক্সটেনশান অফ বাজেট ডিসকাশান। এ প্রশ্নটাকে এড়িয়ে গিয়েই আমি বলতে চাই যে, সবটা মিলিয়ে তথ্যগুলো ডঃ সুজন চক্রবর্তী উপস্থিত করেছেন। ইংরাজী সিনেমা আমরা অনেকে দেখেছি স্যার। আগেকার দিনে বেশির ভাগ ইংরাজী সিনেমায় একটা কমন দৃশ্য থাকত। অপরাধী গির্জায় গিয়ে কনফেশান বক্সের সামনে তার অপরাধ কবুল করছেন এবং পাদ্রী সাহেব নীরবে সেটা শুনছেন। আপনি যদি আজকের বাংলার মানুষের দিকে তাকান, তাহলে বাংলার মানুষকে অনেকটা সেই পাদ্রী সাহেবের মত মনে হবে, কারণ টেলিভিশান খুললেই পাদ্রী সাহেব অপরাধ কবুলের বার্তা পাচ্ছেন, যদিও ভাববাচ্যে।

কেউ বলছেন পঞ্চায়েতে গণতন্ত্র হত্যার জন্য আমি দায়ী, কেউ বলছেন ভাগাড় কাণ্ডের প্রশাসনিক ব্যর্থতার দায় আমার, কেউ বলছেন টেট, এস.এস.সি.-র অব্যবস্থার জন্যই আমরাই দায়ী। কেউ বলছেন বাঙালীর বাহুবলীর অসভ্যতার অত্যাচারের কালচার আমরাই আমদানি করেছি। এখন পাল্টে গেছি নতুন দলে গিয়ে। আমি স্যার প্রথমেই যেটা প্রার্থনা করছি বিধানসভার আজকে শেষ অধিবেশনে, মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন নন্দীগ্রামে তিনি দাঁড়াবেন, আমি কায়মনোবাক্যে মাননীয়া মুখ্যমন্ত্রী নন্দীগ্রাম থেকে ভোটে জিতুন, এটা প্রার্থনা করছি। প্রার্থনা করছি এই জন্য যে এটা একটা বিশ্বাসঘাতকতার জবাব হবে। এই যে বিশ্বাসঘাতকতা, এই বিশ্বাসঘাতকতার জবাব যদি মাননীয়া মুখ্যমন্ত্রী দিতে পারেন, আমি খুশি হব। কিন্তু শাসক দলের কি হিম্মত আছে নবগ্রাম কেন্দ্রে যিনি বিশ্বাসঘাতকতা করেছেন তার পরাজয় চাইবার, বাঁকুড়া কেন্দ্রে যিনি বিশ্বাসঘাতকতা করেছেন তাঁর পরাজয় চাইবার।

[2:40 – 3:50 p.m.]

শাসক দলের কি হিম্মত আছে, বাম-কংগ্রেসের যে বিধায়কদের ফুঁসলিয়ে, প্রলোভন দিয়ে, মিথ্যা মামলা দিয়ে বিশ্বাসঘাতকার রাস্তায় যেতে বাধ্য করেছেন তাঁদের বিরুদ্ধে যাঁরা প্রার্থী হবেন তাঁদের জয় চাইবার। যেমন, আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর জয় চাইছি। যদি এই হিম্মত শাসকদল দেখাতে পারে তখনই একমাত্র 'বিশ্বাসঘাতক' শব্দটার যে উচ্চারণ মাননীয়া মুখ্যমন্ত্রী করেছেন সেই উচ্চারণকে হাততালি দিয়ে সমর্থন জানানো যাবে। তার আগে তা জানানো যাবে না, স্যার। মাননীয়া মুখ্যমন্ত্রী কিছুক্ষণ আগে বলেছেন, ১১৯৬ লক্ষ কোটি চাল - আমাদের তো এখন পাঁচ রকমের রেশনকার্ড - তিন রকম ভারত সরকার, দু'রকম রাজ্য সরকার। তার ভেতরে R.K.S.Y.-1 টা দু'টাকা আর R.K.S.Y.-2 টা তের টাকা। বাকি তিন রকম কেন্দ্রীয় সরকার। খাদ্যদপ্তর বলেছিল এই তিন রকমে ৬ কোটি ১ লক্ষ কার্ড আছে। খাদ্যদপ্তর বলেছিল, খাদ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে বলেছিলেন সেটা যদি খাদ্যদপ্তর কেন্দ্রীয় রেশনকার্ড বলে তাহলে সেই চালটা কেন্দ্রীয় সরকার দেয়, রাজ্য সরকার দেয় না। তাহলে সেই চালটা দেওয়ার কৃতিত্ব রাজ্য সরকার কীভাবে দাবি করতে পারে এবং তার জন্য অর্থ বরাদ্দ কীভাবে হ'তে পারে - এইটা আমি বুঝতে পারি নি। স্যার, এটা ঠিক মাননীয় প্রধানমন্ত্রী তিনি মানে বাঙ্গালি জাতির কাছে তো লজ্জার কারণ হয়েছেন, মাননীয়া মুখ্যমন্ত্রীও উল্লেখ করেছেন, বিবেকানন্দকে ঠাকুর বলেছেন। ডহরবাবুকে কে খুঁজেছিলেন, স্যার? ডহরবাবুকে যিনি খুঁজেছিলেন তিনি কি গর্বের হয়েছিলেন, স্যার?

স্যার, এই বাজেটের মধ্যে লেখা আছে অলচিকি ভাষা। একটু আগে জ্যোতির্ময়বাবু বলেছেন, অলচিকি ল্যাঙ্গুয়েজ। অলচিকি কোনো ভাষা না, ল্যাঙ্গুয়েজ না, অলচিকি হরফ - সাঁওতালি ভাষা। সাঁওতালি ভাষার হরফকে বলে অলচিকি। আর অ্যালফাবেট-কে যদি ইংরাজি ভাষা বলেন, তাহলে বড়ো মুশকিল হয়ে যায়, স্যার। তাহলে এই বাজেট বইতে যে অলচিকি ভাষা লেখা আছে, সেটা ভুল এবং একটু আগে যে বলা হ'ল অলচিকি ল্যাঙ্গুয়েজ, সেটাও ভুল। সেই অলচিকি

ভাষার উন্নয়নের জন্য অর্থ ব্যয়, সেটাও ভুল। সাঁওতালি ভাষার উন্নয়নের জন্য অর্থ ব্যয় করার যদি প্রস্তাব থাকে, সেটাকে সমর্থন করবো, কোনো বিরোধিতা করবো না।

স্যার, বনসহায়ক নিয়োগে দুর্নীতির অভিযোগ এসেছে। মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে উল্লেখ করেছেন এবং এখানে এই যা এক্সপেন্ডিচার দেওয়া আছে তাতে বনসহায়ক কত নিয়োগ করেছি থেকে শুরু করে বাকি যা যা নিয়োগ করেছি সব কৃতিত্ব দাবি করা হয়েছে। এই বার স্যার, যে দুর্নিয়োগে এতো দুর্নীতির অভিযোগ মাননীয়া মুখ্যমন্ত্রী করেছেন সেই নিয়োগের সময় যিনি বনদপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি বলেছেন, কেঁচো খুড়তে কেউটে বেরবে। কেউটে বেরবে, না অজগর বেরবে আমি জানি না। কিন্তু কথাটা হচ্ছে যে, বনসহায়কের বিজ্ঞাপনটা যখন হয়েছিল তখন সেই বিজ্ঞাপনে লেখা ছিল, মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এত গুলো বনসহায়ক নিয়োগ হবে। তাহলে স্যার, দুর্নীতিটা কি অনুপ্রেরণাবিহীন ছিল? আমার জিজ্ঞাসা রইলো, স্যার।

আমি আগেরবার বলেছি, এস.সি.-এস.টি.। সেখান থেকে সাইকেলের ফান্ড, মাননীয়া মুখ্যমন্ত্রী জবাব দিয়েছেন যে, অনেকগুলো দপ্তর থেকে মিলে একটা কমিটি হয়েছে, শিক্ষা দপ্তরও ফান্ড দেয় ইত্যাদি ইত্যাদি। এখন এই যে বাজেটের বিভিন্ন দপ্তরের যা এক্সপেন্ডিচার দেখা যাচ্ছে তাতে শিক্ষা দপ্তরের এক্সপেন্ডিচারে তো দেখা যাচ্ছে না যে, সাইকেল কেনা হয়েছে ঐ দপ্তরের টাকা থেকে। শিক্ষা দপ্তরের যে টাকা খরচ হয়েছে সেখানে দেখতে পাচ্ছি না সাইকেল কেনার জন্য টাকা খরচ হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন, শিক্ষা দপ্তর থেকেও টাকা দেয়, সাইকেল কেনার জন্য - এই দু'টো একসঙ্গে কী করে মেলে, আমি বুঝতে পারলাম না।

স্যার, এই যে, রেভিনিউ ডেফিসিটের কথা সমীরবাবু এতক্ষণ বললেন, হ্যাঁ ঠিক। অসীম দাসগুপ্ত জিরো ডেফিসিটি করতেন। এটাও ঠিক, সমীরবাবু কারেক্টলি বলেছেন, ডঃ অর্মত্য সেন এটা মেনশান করেছিলেন। স্যার, এই সমালোচনাটা যদি ঠিক হয়, যদি এই সরকার তার থেকে শিক্ষা নেয় তাহলে সমীরবাবু এটা তো বললেন না যে, এই সরকারের শেষ পাঁচটা বাজেট 'জিরো' ডেফিসিটের কেন। এই সরকারের শেষ পাঁচটা বাজেট কেন 'জিরো' ডেফিসিটের বাজেট হ'লো, এর জবাবটা না দিয়ে সমীরবাবু যদি চিৎকার করে যান তাহলে সেই চিৎকারটা অলঙ্কারবিহীন কাব্য শোভা হবে, স্যার। ওতে কোনো এই কুৎসিৎ সরকারটার সৌন্দর্য প্রকাশ পাবে না। পেতে পারে না, ধন্যবাদ।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের যে দুটি বিলের ওপরে মাননীয় সদস্যরা আলোচনা করলেন, West Bengal Appropriation (Vote on Account) Bill, 2021 এবং West Bengal Appropriation (No.1) Bill, 2021, তার পূর্ণ সমর্থনে বলছি। মাননীয় অর্থমন্ত্রীর অনুপস্থিতিতে এই বিল দুটি উত্থাপন করেছি। সুজনবাবু, তন্ময়বাবু, সুখবিলাস বর্মা, জ্যোতির্ময় কর এবং সমীর চক্রবর্তী মহাশয়-গণ বক্তব্য রেখেছেন।

আমি কতগুলো কথা আপনাদের জানাচ্ছি। সুখবিলাসবাবু - এই হায়ার করা প্লেয়ার নিয়ে কতদিন চালাবেন? খালি বলতে আসেন, শুনতে আসেন না। তিনি দু'তিনটে প্রশ্ন তুলেছেন।

অন্যান্য মাননীয় সদস্যগণের অবগতির জন্য তার উত্তর দেওয়া প্রয়োজন। রেভিনিউ এষ্টিমেটস্ এবং রেভিনিউ ডিপোজিট ৩৪ হাজার ৩৪৫ কোটি টাকা দেখানো আছে। এত বেশি রেভিনিউ ডেফিসিট হওয়ার কারণ উনি খুঁজে পেলেন না। ৯ নম্বর পাব্লিকেশনের ৩ নম্বর পৃষ্ঠায় দেওয়া আছে। এটা তো সকলেই জানেন যে এবার কোভিড এবং আমফান পরিস্থিতি, কেন্দ্রীয় করের প্রাপ্য অংশ যেটা ন্যায্য, অনাদায়ী, ভীষণভাবে কমে গেছে ; তাঁরা দেন নি। তেমনি আবার এই সঙ্কটের মুহূর্তে আমাদের রাজ্যের নিজস্ব সংগ্রহের পরিমাণও বেশ খানিকটা কমেছে। উনি আবার আরেকটা প্রশ্ন তুলেছিলেন, আউটসাইড রেভিনিউ অ্যাকাউন্ট নিয়ে। বাজেট বক্তৃতার বইয়ের শেষ পাতায় দেওয়া আছে। ওনার মত বিজ্ঞ ব্যক্তি, প্রাজ্ঞ ব্যক্তির বোঝা উচিত ছিল যে এটা ক্যাপিটাল এক্সপেন্ডিচার, ঋণ এবং পাব্লিক অ্যাকাউন্টের মিলিত অর্থ। তার পর উনি আরেকটা প্রশ্ন তুলেছিলেন এবং বিতর্কের সৃষ্টি করেছিলেন কিছুক্ষণ। সেটা হচ্ছে চা-সুন্দরীতে প্রথম ধাপে ৪,৬০০ জন চা-শ্রমিকের জন্য অ্যালটমেন্ট লেটার দেওয়া হয়েছে। অ্যালটমেন্ট নিয়ে ওনার অনেক ক্ষোভ দেখলাম। উনি উত্তরবঙ্গের লোক হয়ে, জলপাইগুড়ি অংশের লোক হয়েও এটা বলেছেন। চা সুন্দরীদের, চা-শিল্পের সঙ্গে যুক্ত, 'বাজে চা-শ্রমিক' বলে, 'চা-শ্রমিক' বলে, তাদের বাড়ির যে অ্যালটমেন্ট দেওয়া হয়েছে, তার নির্মাণ কাজও শুরু হয়ে গেছে, ৪ হাজার ৬০০ জনের। সাপ্লিমেন্টারী এষ্টিমেটসে এ বাবদ ১৬ কোটি ৫৬ লক্ষ টাকা ধরা হয়েছে। আগামী বছরেও কিন্তু এ বাবদ ১৫০ কোটি টাকা ধরা আছে। আপনারা বলছেন, শুধু অ্যালটমেন্ট হয়, কিন্তু তার বাস্তবায়ণ হয়না।

[2:50 – 3:00 p.m.]

এটা বোধ হয় সঠিক মন্তব্য নয়, বাস্তবের সঙ্গে সেটার কোন মিল নেই। সুখবিলাসবাবু থাকলে জেনে খুশী হতে পারতেন, তাঁর তোলা প্রশ্নগুলোর বাস্তবতাটা অনেকটাই বাস্তবের সঙ্গে মিল নেই। এবার আসা যাক উনি খুব দুঃখ পেয়েছেন- উনি প্রশ্ন তুলেছেন যে দুয়ারে কি যেন? দুয়ারে কী যেন? এটা একটা হ্যাবিট। ভুলটুল বলার সময় মাকে মেয়ে বলেন, মেয়েকে মা বলেন এরকম তো হয়। ওনারও তাই হয়েছে। 'দুয়ারে সরকার' উনি জানেন, তার কাজটাও জানেন, জেনেও তিনি প্রশ্ন তুলেছেন সরকার দুয়ারে কেন? এবং সেখানে প্রচুর- কয়েক শো কোটি টাকা খরচ করে আমরা ঢাক-ঢোল পেটাচ্ছি দুয়ারে সরকারের জন্য। আমি আপনাদের কাছে বিনীত চিত্তে জানাতে চাই 'দুয়ারে সরকারে' এখনও পর্যন্ত খরচ হয়েছে ৩৩ কোটি ২৬ লক্ষ টাকা। কয়েক শো কোটি টাকা খরচা করে আমরা অর্থ অপচয় করছি এটা ভাবার কোন কারণ নেই। বরঞ্চ স্বল্প ব্যয়ে মানুষের কাছে পৌঁছবার লক্ষ্যে আমরা কাজ করছি। 'পাড়ায় পাড়ায় সমাধান' এখনও পর্যন্ত খরচ হয়েছে ২৭৫.৬০ কোটি টাকা। সুতরাং সুখবিলাসবাবুর কাছে যে তথ্য পৌঁছেছে বা যে তথ্যের উপর ভিত্তি করে আপনি কথাগুলো বলেছেন তা সর্বৈব বাস্তবতার সঙ্গে মিল নেই। এবার আসি 'দুয়ারে সরকারে'- আপনারা বলেছেন কী হচ্ছে 'দুয়ারে সরকারে'? কিছুই তো হচ্ছে না। ৮ই ফেব্রুয়ারী পর্যন্ত ২০২১ এর 'দুয়ারে সরকারে' ক্যাম্প হয়েছে ৩২ হাজার ৮০৯। এই ক্যাম্পগুলিতে যাঁরা এসেছেন, ভাবুন ঢাক-ঢোল এত কম পেটানো

হয়েছে তাতেই এসেছেন দু কোটি ৭৪ লক্ষ ৫৮ হাজার ৫৭৯ জন। উনি বললেন সার্ভিস কিছু পাওয়া যায় না। একটা চিরকুট দেয়, আর চলে যায়। আমার তো অভিজ্ঞতা অন্য। উনি কোথায় গিয়ে দেখলেন আমি জানি না। আমি তো দেখলাম চিরকুট পেলে ফটো তুলতে লোক আসে, প্রবীণ হলে বাড়িতে গিয়ে ফটো তুলে দিচ্ছে 'স্বাস্থ্যসাথীর', এ সার্ভিস তো কোন দিন কোন সরকারকে দিতে দেখি নি। সেখানে সার্ভিস পেয়েছে বিভিন্নভাবে এক কোটি ৫৪ লক্ষ ১১ হাজার ৮৩৬ জন। উনি পেলেন না কী করে এই তথ্যগুলো? নাহলে একটা কপি আপনি আমার থেকে নিয়ে নিন, ভাল করে মুখস্থ করে আবার প্রচারে যখন যাবেন বা কোথাও যখন বক্তৃতা দিতে যাবেন তখন সঠিক তথ্য পেশ করবেন। আমার নিজের মনে হয়েছে আমরা যারা এই বিল দুটোতে অংশ নিলাম অনেকটা জায়গাজুড়ে রাজনৈতিক বক্তব্য পেশ করলাম। যার যেটা মনে আসে। তন্ময়বাবু টি.ভি.র ঢঙে কথা বললেন। সুজনবাবু বি.জে.পি. কিছু বললে তার পরেই সেই কণ্ঠস্বরে একইরকমভাবে কণ্ঠ মিলিয়ে একই অভিযোগ করলেন। যে প্রশ্নগুলো জ্যোর্তিময়বাবু তুলেছেন তাঁরা অন্তরে অন্তরে জানেন যে এর কোন উত্তর দেওয়া যাবে না। দিতে গেলে মানুষের সামনে ফেস করা যাবে না। তাই দেন নি এড়িয়ে গিয়েছেন। সুজনবাবুর একটা প্রশ্ন ছিল রাজ্যের নিজস্ব কর আদায়- এই সম্পর্কে। আমি সভার অবগতির জন্য জানাই ২০১০-১১ তে ছিল ২১ হাজার ১২৮.৭৪ কোটি। ২০২০-২১ এর বাজেটে সেটা ৭৫ হাজার ৪১৬ কোটি।

অর্থাৎ প্রায় ৪ গুণ বৃদ্ধি পেয়েছে। আমার পার্সেন্টেজ দেখতে গেলে - আমার অসীম দাশগুপ্তের মোটা বই আছে। অনুমিত হল, অনুমিত হল, অনুমিত হল। এত অনুমিত হয়েছে। বছরে বছরে কর্মসংস্থান অনুমিত হল। এটা অনুমিত হল। যোগ করলে দেখা যাবে কিছুই অনুমিত হয় নি। কোনটাই হয় নি। যে কাজ করে তার দুর্বলতা থাকতে পারে কিন্তু তাকে কাজ করে যেতেই হয়। এখানে সবটাই হয়তো ঠিক নেই। আরো ভাল হওয়া উচিত। আরো ভাল হওয়ার লক্ষ্যে আমাদের কাজ করা উচিত এবং আপনাদেরও ভাল কাজে সহযোগিতা করা উচিত। এই গ্রহণযোগ্যতা যদি হয় এই ভাল কাজের তাহলে বাংলা নিশ্চয় বিশ্ববাংলায় পরিণত হবে। এই যে আপনি বলছেন পার্সেন্টেজ দেখেছেন, পিলার দেখলেন - আমি তো আপনাকে বলছি এই কর ব্যবস্থার সরলীকরণের ফলে এবং স্বচ্ছ্বতা আসার ফলে এই ব্যবস্থার উন্নতিসাধন হয়েছে। যেটা আগে ছিল না, করা সম্ভব হয় নি - নানা কারণ থাকতে পারে। একা জানি অন্যরা জানবে না, এটাও থাকতে পারে। একা জ্ঞানী অন্যরা জ্ঞান পাবে না, এটাও হতে পারে। কিন্তু সরকার স্বচ্ছতার সাথে আপনাদের সামনে তুলে ধরেছি। যাঁরা নানা ধরনের প্রশ্ন করেন নানা কারণে শিক্ষক, নিয়ে। আপনাদেরও অনুরোধ আমাদের কাছে আছে। একেবারে যে নেই, তা নয়। সকলের অনুরোধ আমার কাছে ধরা আছে, সময় মত যদি চান দেখিয়ে দেবো। শিক্ষকরা নিয়োগ হচ্ছে, তাদের মাইনে বৃদ্ধি হচ্ছে। সুজনবাবু, আব্দুল মান্নান দুজনে মিলে - জোড়া চিঠি - চিঠি এক জোড়া নেতা। আমরা চেষ্টা করেছি সাধ্যমত সব কিছু করার। প্যারাটিচারদের যাঁরা নিয়ে গিয়েছিলেন, তাঁরা দেখেন নি। দেখার সুযোগ পান নি। আমরা যতটুকু সুযোগ পেয়েছি তাদের জন্য রিজার্ভেশান রেখেছি। তার পর তিন বছর অন্তর ৫% বাড়ার কথা ছিল, সেটা

প্রতি বছর ৩% করা হয়েছে। অন রিটায়ারমেন্ট বেনিফিট ১ লক্ষ ছিল সেটা ৩ লক্ষ করা হয়েছে এবং পর্যায়ক্রমে টেট পরীক্ষার মাধ্যমে যে রিজার্ভেশান আছে তার মাধ্যমে তাদেরকে নেওয়া হবে। অকারণে শীতে শুয়ে থেকে লেপ এনে যাঁরা করছেন, তাঁদের প্রতি আমি বহুবার সহনুভূতি দেখিয়েছি। বহুবার আপনাদের কথা শুনে তাদের সাথে কথা বলেছি। ওটা তো এখন রাজনৈতিক মঞ্চ হয়ে দাঁড়িয়েছে। যাঁরা বলছেন বাড়িয়ে দেবো, তারা তো কমিয়ে দিচ্ছে সমগ্র শিক্ষা ক্ষেত্রে। শিক্ষা খাতে টাকা কমে গেল। উচ্চশিক্ষায় টাকা কমে গেল। অন্যদিকে মাইক নিয়ে দাঁড়িয়ে বলছেন, আমরা এটা সব করে দেবো। যারা করবার হয় তারা অপেক্ষা করে না, করে দেয়। মমতা বন্দ্যোপাধ্যায় কথা দিয়েছিলেন, তাদের ব্যবস্থা করেছেন। অতিথি শিক্ষকদের কলেজ বিভিন্নভাবে নিয়োগ করেছিল। কলেজ শিক্ষকদের দুটি গেট তৈরি করে দিয়েছি। কাউকে তো বসিয়ে দিইনি। তাদেরও বেতন বৃদ্ধি হয়েছে। যাদের কোয়ালিফিকেশান থাকবে পরীক্ষার মাধ্যম দিয়ে নিয়মিত কলেজ শিক্ষক করা হবে। সব জায়গাতে কিছু না কিছু সামাজিক দৃষ্টিকোণ থেকে মমতা বন্দ্যোপাধ্যায় ব্যবস্থা করে দিয়েছেন। আমি মনে করি এই অনাদায়ী অর্থ, যে টাকা কেন্দ্রের কাছে পাবো সেই অর্থ অবিলম্বে তারা যেন দেন। বাংলা কোন দল ক্ষমতায় আছে সেটা বড় কথা নয়, জনতারই ক্ষমতা। সেই জনতাকে বঞ্চিত করবেন না। এই দুটো বিল আপনারা সবাইমিলে সমর্থন করবেন, এই আশায়, সবাইকে ধন্যবাদ জানাচ্ছি এই শেষ অধিবেশনে।

[3:00 – 3:10 p.m.]

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2021

Mr. Speaker : Now, the question before the House is that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2021 be taken into consideration.

As many as are of that opinion will please say “AYE”, as many as are of the contrary opinion will please say “No”. Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

Clauses 2 & 3

Mr. Speaker : There is no amendment to Clauses 2 & 3. So, I put Clauses 2 & 3 do stand part of the Bill to vote..

As many as are of that opinion will please say “AYE”, As many as are of the contrary opinion will please say “No”. Ayes have it, Ayes have it.

Schedule of the Bill

Mr. Speaker : Now, I put to vote the Schedule do stand part of the Bill.

As many as are of that opinion will please say “AYE”, As many as are of the contrary opinion will please say “No”. Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : Now, I put to vote Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say “AYE”, as many as are of the contrary opinion will please say “No”. Ayes have it, Ayes have it.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2021, as settled in the Assembly be passed.

Mr. Speaker : Now, the question before the House is that the Bill as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say “AYE”, as many as are of the contrary opinion will please say “No”. Ayes have it, Ayes have it. The Bill is passed, the Bill is passed.

The West Bengal Appropriation (No. 1) Bill, 2021

Mr. Speaker: Now, the question before the House that the West Bengal Appropriation (No.1) Bill, 2021 be taken into consideration.

As many as are of that opinion will piease say “AYE”, as many as are of the contrary opinion will please say “No”. Ayes have it, Ayes have it. The motion is passed. The motion is passed.

The motion is passed The motion is passed.

Clauses 2 & 3

Mr. Speaker: There is no amendment to Clauses 2 & 3. So, I put Clauses 2 & 3 do stand part of the Bill to vote.

As many as are of that opinion will please say “AYE”, as many as are of the contrary opinion will please say “No”. Ayes have it, Ayes have it.

Schedule of the Bill

Mr. Speaker: Now, I put to vote the Schedule do stand part of the Bill.

As many as are of that opinion will please say "AYE", as many as are of the contrary opinion will please say "No". Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : Now, I put to voie Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say "AYE", as many as are of the contrary opinion will please say "No". Ayes have it, Ayes have it.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Appropriation (No.1) Bill, 2021 as settled in the Assembly be passed.

Mr. Speaker: Now the question before the House is that the Bill as settled in the Assembly be passed.

As many as are of that opinion will piease say "AYE", as many as are of the contrary opinion will please say "No". Ayes have it, Ayes have it. The Bill is passed, the Bill is passed.

The West Bengal Official Language (Amendment) Bill, 2021

Dr. Partha Chatterjee : Sir, I beg to introduce the West Bengal Official Language (Amendment) Bill, 2021.

... (Secretary then read the Title of the Bill)...

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Official Language (Amendment) Bill, 2021, be taken into consideration.

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২১, তিনি যে বিলটি পেশ করেছেন, আমি তার উপরে খুব অল্প কিছু কথা বলছি।

এতো অল্প সময়ে স্যার আধ ঘণ্টা আধ ঘণ্টা করে দুটো বিল আছে - একটা The West Bengal Official Language (Amendment) Bill, 2021, আর একটা The Jhargram University (Amendment) Bill, 2021. এই দুটো বিল আছে। আমি সবার আগে যেটা বলতে চাই, আপনি যে কথা বলেছেন এই ল্যাঙ্গুয়েজ বিলে ঠিকই আছে। আমি যে কথা বলতে চাই এই হাউসে, এই ৫ বছরের মধ্যে একদম শেষে আগের যে বিল সেটি আমি মাননীয় পার্থবাবুর কাছে পেশ করছি। আমি বলছি যে, এখানে একটি ল্যাঙ্গুয়েজ বিল পাস করানো

হচ্ছে, যেটা Kurmali Speaking Bill অথবা তাকে বলা হচ্ছে Kurmali speaking people of Telegu Speaking Bill। স্যার আমি আপনাকে বলতে চাইছি সবার আগে যে, আমরা তো অনেক বিল পাস করালাম এই বিধানসভায়। আমরা কী কী বিল পাস করিয়েছি ? বেঙ্গলি ল্যাঙ্গুয়েজের বাইরে আমরা অনেকগুলো বিল পাস করিয়েছি। মাননীয় পার্থবাবু নিজে এই বিলগুলোকে পাস করিয়েছেন। তিনি কথাও বলেছেন। আমি বলতে চাইছি, কী কী বিল মাননীয় মন্ত্রী উল্লেখ করেছেন, কোন্ কোন্ বিলগুলো আমরা বর্তমানে পশ্চিম বাংলায় অথবা এই বাংলায় আমরা চালু করতে পেরেছি। তার মধ্যে প্রথমে বলেছে বেঙ্গলী ল্যাঙ্গুয়েজ, নেপালী ল্যাঙ্গুয়েজ, উর্দু ল্যাঙ্গুয়েজ, হিন্দি ল্যাঙ্গুয়েজ, সাঁওতালী ল্যাঙ্গুয়েজ, উড়িয়া ল্যাঙ্গুয়েজ, পাঞ্জাবী ল্যাঙ্গুয়েজ এবং কামতাপুরী ল্যাঙ্গুয়েজ, তার সঙ্গে আবার লিখেছেন রাজবংশী ল্যাঙ্গুয়েজ। আমি প্রথমেই বলব মাননীয় মন্ত্রীর কাছে যে, একটা ভুল হয়েছে। সেই ভুলটা স্যার আমি আপনার মাধ্যমে সভাকে জানাতে চাই। সেটা হল এই যে, কামতাপুরী ল্যাঙ্গুয়েজ - এই কামতাপুরী ল্যাঙ্গুয়েজ বলে কোন ল্যাঙ্গুয়েজ নেই, আমি যতটুকু জেনেছি এটা রাজবংশী ল্যাঙ্গুয়েজ। এটা কিন্তু উল্লেখ করা হয়েছে কামতাপুরী ল্যাঙ্গুয়েজ এবং রাজবংশী ল্যাঙ্গুয়েজ। যাই হোক আমার যেটা প্রশ্ন আপনার কাছে সেটা হল যে, এটা ঠিক আপনি বলেছেন যে, যেখানে ১০% পপুলেশান থাকবে সেখানে সেই ভাষাকে – সেটা ব্লক হতে পারে, টাউনশীপ হতে পারে বা সেটা অন্য কোন জায়গায় হতে পারে, সেখানে তাদের এই ভাষাটাকে স্বীকৃতি দেওয়া হবে এবং তাঁরা সেই স্বীকৃতি গ্রহণ করে তাঁদের নিজেদের ভাষা তাঁরা ব্যবহার করতে পারবেন, তাঁরা পড়াশুনা করতে পারবেন এবং তাঁরা বলতে পারবেন। আমি স্যার মাননীয় মন্ত্রী মহাশয়কে এই সভায় বলছি যে, আপনি কি দয়া করে বলবেন -এই যে এতোগুলি ল্যাঙ্গুয়েজের কথা আপনি বলেছেন, বাংলার কথা ছেড়ে দিন, অন্যান্য - উড়িয়া, উর্দু - ইত্যাদি ইত্যাদি এইসব ল্যাঙ্গুয়েজগুলো - এই ল্যাঙ্গুয়েজগুলো আপনাদের এই বিল পাস করার পর - আজকে আর একটা পাস করছেন ঠিক আছে। তেলেগু - আমরা জানি কোথায় কোথায় তেলেগু আছে, এটা খড়গপুরে হতে পারে, নর্থ হাওড়ায় হতে পারে, আরও অন্যান্য জায়গায় হতে পারে, আমাদের কলকাতার একটা বড় পোর্শানে হতে পারে - এইরকম জায়গা আছে। তাতে আপনি একটা বিরাট পার্সেন্টেজেই বলেছেন। যেখানে প্রায় এক লক্ষ - দেড় লক্ষের উপরে তাঁরা এখানে বসবাস করছেন। আমি শুধু জানতে চাইছি, এর আগে যেগুলো পাস করলেন - বাংলা, ইংরেজী এইসব বাদ দিয়ে, সেগুলোতে আপনারা কি খোঁজ নিয়ে দেখেছেন কতগুলো ইউজ হচ্ছে সেখানে এটা দেওয়ার পর। কাজেই লেখাপড়ার ক্ষেত্রে, তাদের যোগাযোগের ক্ষেত্রে অথবা অন্য কোন বিষয়ে তাঁরা কতগুলো মানুষ, কতগুলো ছাত্র-ছাত্রী তাঁরা এটা যোগাযোগ করতে পেরেছেন। আমার নিজের ধারণা, এই জায়গাটা সবথেকে আমার মনে হয় আমরা এগুলোকে অনুমোদন দিয়েছি যে এগুলো একটা ভাষা, এটা হয়ত তাদের মধ্যে উৎসাহ জাগিয়েছে কিন্তু তাদের মধ্যে তাদের যোগাযোগের যে ব্যবস্থাটা, সেই ব্যবস্থাটা নেই। সেটা তৈরি করা হয় নি, এবং কতগুলো লোক তা ব্যবহার করছে। এটাও তৈরি করা হয় নি।

[3:10 – 3:20 p.m.]

এই জায়গাটা অনুসন্ধান করে আপনারা দেখুন। তাই আমি আপনাকে বলব আবার আর একটা ভাষা তেলেগু ভাষা, আমি নিশ্চয়ই সমর্থন করব তেলেগু ভাষাকে। তামিল আছে এবং সেখানে আরো অন্যান্য ভাষা আছে, তেলেগু ভাষা তার সঙ্গে আছে, আপনি তাকে স্বীকৃতি দিচ্ছেন ভালো কথা। কিন্তু এটাও কি মৃত্যুর মুখে পতিত হবে? এটার ব্যবহারটাও কি ক্রমশ কমে যাবে? তারা বাড়িতে হয়তো কথা বার্তা বলবে, কিন্তু কোন জায়গায় কোন স্কুলে পড়ছে এবং তারা কীভাবে ব্যবহার করছে বা পোস্ট অফিসে বলুন বা যে কোনো জায়গাতে বলুন, সেটা জানতে পারছে কি না শুধুমাত্র ওই ল্যাঙ্গুয়েজে, এটা আমি নিশ্চয়ই আপনার কাছ থেকে জানতে পারব। স্যার, দ্বিতীয় কথা যেটা সেটা হল এই আমাদের আরো একটি ল্যাঙ্গুয়েজ আছে সেই ল্যাঙ্গুয়েজের নাম হচ্ছে বরো, আমাদের প্রাক্তন একজন বিধায়ক তিনি এটা মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলেন, এই বরো ল্যাঙ্গুয়েজ, যেটা আসামে ব্যবহার হয়, যেটা দার্জিলিং-এ ও অনেক জায়গায় ব্যবহার হয়, আলিপুরদুয়ারে সবথেকে বেশি ব্যবহার হয়। আলিপুরদুয়ারে দেড় থেকে দুই লক্ষের মতো এরা বসবাস করে। মাননীয় মুখ্যমন্ত্রীকে উনি একটা চিঠি দিয়েছেন, এই চিঠিটা আমি আপনাকে দিয়ে দেব আমার বক্তব্যের পরেও। আমি আপনাদের বলছি এই ভাষাটাকে আপনাদের অ্যাকসেপ্ট করা উচিত। এই ল্যাঙ্গুয়েজটা নিয়ে অনেকবার আন্দোলন হয়েছে। এই ল্যাঙ্গুয়েজটা নিয়ে তাঁরা অনেকে আপনাদের কাছে এসেছিলেন। কিন্তু পর্যন্ত এই ল্যাঙ্গুয়েজটা এখনও পর্যন্ত গ্রহণ করা হয় নি। আমি আপনাকে আর একটা কথা বলতে চাই এতগুলো যে ভাষা আমরা ব্যবহার করছি, এতগুলো ভাষা ব্যবহার করার পরেও আমাদের বাংলা ভাষা, এই বাংলা ভাষা অথবা অন্য ভাষা তার সঙ্গে যেগুলো আছে, সেগুলোকে সময় মতো তারা ব্যবহার করছে না, বা আমরা ব্যবহার করতে পারছি না, অথবা তাদের নিয়ে এসে শিক্ষিত করতে পারছি কি না এটা আমাদের জেনে রাখা দরকার। স্যার, In section 4 of the principal Act, for the words, figure and letter “or section 3C”, the words, figures and letters “or section 3C or section 3D” shall be substituted. এটা আপনি একটু ক্লিয়ার করবেন। আমি আপনাদের কাছে এই কথা বলছি। আমি আর বেশি কথা বলব না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রদীপ সরকার : মাননীয় অধ্যক্ষ স্যার, এই ঐতিহাসিক বিধানসভায় সমস্ত সদস্য এবং সদস্যবৃন্দকে আমার পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। আজ এক ঐতিহাসিক সংবেদনশীল দিন। স্যার, আপনি জানেন আমাদের পশ্চিমবঙ্গের মানচিত্রে পশ্চিম মেদিনীপুরে খড়্গপুর শহর রেল নগরী। এই রেল নগরীতে বিভিন্ন ভাষাভাষীর মানুষ থাকে। তার মধ্যে তেলেগু সম্প্রদায়ের মানুষ ৩০ পার্সেন্টের বেশি থাকে। তেলেগু ভাষা একটা প্রাচীন ভাষা। সেই ভাষার বহু মানুষ বিভিন্ন সময় জুট মিল এবং খড়্গপুরে রেলওয়ে ওয়ার্কশপে কাজ করতে এসে ১০০ও বেশি বছর তারা পশ্চিমবঙ্গে বসবাস করছে। কিন্তু আমাদের দুর্ভাগ্য যে স্বাধীনতার পর এই ভাষা এতদিন স্বীকৃতি পায় নি। আজকে পশ্চিমবঙ্গে ৪ লক্ষের বেশি তেলেগু সম্প্রদায়ের মানুষ থাকে। তার

মধ্যে খড়্গপুর শহরেই ১ লক্ষের বেশি তেলেগু সম্প্রদায়ের মানুষ বসবাস করে। স্বাধীনতার পর দীর্ঘদিন ধরে তাদের ভাষা সরকারি স্বীকৃতি পায় নি। আজকের দিনটা সত্যি গুরুত্বপূর্ণ দিন। মা-মাটি-মানুষের সরকারের ঐতিহাসিক সিদ্ধান্ত, মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রেরণায় এই ভাষা সরকারি স্বীকৃতি পেল।

আমি অভিনন্দন জানাচ্ছি এই সরকারকে। মাননীয়া মুখ্যমন্ত্রী আমি অভিনন্দন জানাচ্ছি। আগামী ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক ভাষা দিবসের প্রাক্কালে এই স্বীকৃতি একটা যুগান্তকারী সিদ্ধান্ত বলে আমি মনে করি। খড়্গপুর থেকে শুরু করে টিটাগড় থেকে শুরু করে সারা বাংলায়– সাঁতরাগাছি, হাওড়া, কলকাতা, রিষড়া সমস্ত জায়গায় বহু তেলেগু মানুষ বসবাস করে। আজকে সরকারের এই সিদ্ধান্ত, সরকারের এই স্বীকৃতি তাদের আগামী দিনে সরকারি শিক্ষা, সংস্কৃতিতে যুগান্তকারী পর্যায়ে নিয়ে যাবে। তাই আমি আবার মা মাটি মানুষের সরকারের সিদ্ধান্তকে ধন্যবাদ ও অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

ডাঃ শশী পাঁজা : স্যার, আজকে ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ বিল — এর যে অ্যামেন্ডমেন্ট তাতে তেলেগু ল্যাঙ্গুয়েজকে এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। সেই প্রসঙ্গে আমি দু একটি কথা বলতে চাই। আমি এই পবিত্র বিধানসভায় তেলেগু ভাষায় দু একটি কথা বলতে চাই। আমরা সকলেই খুব আনন্দিত, সেই কথাটাই আমি তেলেগুতে বলছি। (এই সময়ে মাননীয়া মন্ত্রী ডঃ শশী পাঁজা তেলেগু ভাষাতে বলেন।) আমি বলছিলাম যে আমরা প্রত্যেকে খুব খুশী যাঁরা পশ্চিম বাংলায় থাকেন, তেলেগু ভাষাতে কথা বলেন, আজকে তাঁদের ভাষাকে অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ হিসাবে স্বীকৃতি দেওয়া হল। যাঁরা তেলেগু ভাষাতে কথা বলেন, আজকে এই রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে তাঁদের একটা ভূমিকা আছে। বহু বছর তাঁরা এই রাজ্যে আছেন এবং এটা সুন্দরভাবে একটা হারমনি রক্ষা করে চলেছে। তাঁরা সব ভাষার মানুষের সঙ্গে থাকেন। যেদিন মাননীয়া মুখ্যমন্ত্রী ক্যাবিনেটের সিদ্ধান্তের পরে প্রেসের সামনে ঘোষণা করলেন যে তেলেগু ভাষাকে অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ হিসাবে এই রাজ্যে মান্যতা দেওয়া হবে সেদিন অন্ধ্রপ্রদেশ এবং তেলেঙ্গানা প্রেস ধন্যবাদ জানিয়েছে, এবং সংবাদ মাধ্যমে খবরের মাধ্যমে এই সংবাদ প্রচারিত হয় এবং তাঁরা ধন্যবাদ জানান। আনন্দ প্রকাশ করেন। তেলেগু ভাষা যে অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ হল ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ হল তার মধ্যে চতুর্থতম। অন্ধ্রপ্রদেশ, তেলেঙ্গানা, পুদুচেরি এবং তার পরে পশ্চিম বাংলা। এই যে তেলেগু ভাষাকে অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ করা হল তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। এটা বহুদিনের চাহিদা ছিল, বিশেষ করে খড়্গপুর যেখানে অনেক তেলেগুভাষী মানুষ বাস করেন। আজকের দিনে তাঁদের সেই চাহিদা পূর্ণ হল। এখন তেলেগু ভাষাতে থানায় লিখিত অভিযোগ করা যাবে। পিটিশান এইগুলো করা যাবে।

[3:20 – 3:30 p.m.]

ধন্যবাদ প্রদীপ সরকার মহাশয়কেও, এম.এল.এ. যিনি দৃষ্টি আকর্ষণ করেছেন, এবং দিদিকে এটা বলেছেন এবং খড়্গপুরে তেলেগু স্টেটের মতো একটা ছোট জায়গা আছে। স্যার,

আমিও একটু হেজিটেট করি, আমার কলিগস্‌রা বললেন যে, তোমাকে তেলেগুতে বলতে হবে। সুতরাং একটু চেষ্টা করলাম। ধন্যবাদ।

মিঃ স্পিকার : আমি বলছি আমাদের অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ কিন্তু তেলেগু নয়। উনি তেলেগুতে বললেন, আমাদের এখানে তেলেগু রিপোর্টার নেই। ওরা যেভাবে রেকর্ড করেছেন, আপনি একটু অ্যাসিস্ট করবেন যাতে ওরা ওটাকে ট্রান্সলেট করে নিতে পারে। তা নাহলে আমাদের অসুবিধা হবে। ধন্যবাদ আপনাকে। আপনি এই সাবজেক্টে বলেছেন।

শ্রীমতী রমা বিশ্বাস : মাননীয় স্পিকার স্যার, যখন এখানে আলোচনা হচ্ছে অফিসিয়াল ল্যাঙ্গুয়েজের ব্যাপারে সেই অফিসিয়াল ল্যাঙ্গুয়েজকে যখন যে ভাষায় মানুষ কথা বলেন তিনি নিশ্চয় খুব উৎসাহিত হবেন, এবং এটাও ঠিক যে আমাদের মনের ভাব যে ভাষায় আমরা প্রকাশ করি সেটা যদি মাতৃভাষা হয়, তাহলে নিশ্চয় খুব বেশী আবেগ তৈরি হয়। বাংলা ভাষা নিয়ে বামফ্রন্ট সরকারের অনেক সমালোচনা হয়েছে। কিন্তু সত্যি সত্যি সবারই মাতৃভাষা তার কাছে আবেগের। এখন আজকে যে অফিসিয়াল ল্যাঙ্গুয়েজের বিল এসেছে এবং সরকার পক্ষ সেটা প্রস্তাব করেছেন এবং আরও তার পক্ষে বলেছেন। আমার কথাটা ঠিক পক্ষে বলা হবে না, কিন্তু বিপক্ষেও বলা হবে না। কথাটা হচ্ছে যে ১৯৬১ সালে আমাদের ল্যাঙ্গুয়েজ অ্যাক্ট তাকে বারবার সংশোধন করে এই বিলগুলি আনা হয়েছে। কিন্তু কতগুলি বিষয় লক্ষ্য করা খুবই উচিত, মনে করুন ২০১২ সালের মে মাসে একটা বিল আনা হল, তাতে বলা হল অফিসিয়াল ল্যাঙ্গুয়েজের সঙ্গে নেপালী ভাষাকে যুক্ত করতে হবে। এমনিতেই নেপালী ভাষা আছে। আমরা জানি যে ল্যাঙ্গুয়েজ অ্যাক্টে ইংরাজী এবং বাংলা ভাষা এবং সেই ভাষার সঙ্গে দার্জিলিং জেলায় নেপালী ভাষা ব্যবহার করা হবে, এটা আমাদের অফিসিয়াল যে ল্যাঙ্গুয়েজ অ্যাক্টে তাতে ছিল। সংবিধানের অষ্টম তফশিলিতে ২২টি ভাষা স্বীকৃত। ভারতে ৯৭%মানুষই এই ২২ টি ভাষা ব্যবহার করেন। ২০১১ সালের জনগণনায় দেখা গেছে যে ১৯হাজার ৫০০ কথ্য ভাষা চালু আছে। এর মধ্যে ১৩০০অন্য ভাষা, মানে আমার বাংলা ভাষা হচ্ছে কথ্য ভাষা, কিন্তু আমি অন্য ভাষা ব্যবহার করি। এই রকম ১৩০০ ভাষা আছে। ফলে মাতৃভাষায় যে সকলে কথা বলে এ রকমও নয়। সেন্সাস কমিশনের রিপোর্ট অনুসারে ১২১টি মোট ভাষা। তার মধ্যে ২২টি ভাষা স্বীকৃত। ৯৯টি ভাষার অষ্টম তফশিলে স্বীকৃতি নেই এটা আমরা সবাই জানি। এই সময়ে দাঁড়িয়ে যে বিলগুলি আনা হচ্ছে, সেই বিলগুলি ২০১২ সালে এপ্রিলে আনা হল, মে তে আনা হল, ২০১৩সালের জানুয়ারীতে আনা হল। তার পরে ২০১৮সালে আনা হয়েছে। তার পরে আবার আজ আনা হয়েছে। কিন্তু একটা জিনিস যেটা দেখার সেটা হচ্ছে যে ভাষার সঙ্গে এক একটা ভাষা যেভাবে যুক্ত করা হচ্ছে সেগুলি একটু খেয়াল করা দরকার। যেমন ২০১৮ সালে যদি আমরা দেখি তাতে দেখা হচ্ছে "Urdu speaking people the wards, the Urdu speaking people or Kamtapuri speaking people or Rajbansi speaking people or Kurmali speaking people shall be substituted." এবার সেখানে যোগ করে বলা হচ্ছে যে "Kurmali speaking people or Telegu speaking people shall

be substituted.” এখন এই যে ভাষায় শব্দগুলি আসছে, যখন অফিসিয়াল ভাষা তৈরি হয়, সেই ভাষার সংশোধনী করার সঙ্গে সঙ্গে তার বর্ণমালা তৈরি করার দরকার। সাঁওতালী ভাষা অলচিকির যে বর্ণমালা, সেই বর্ণমালা ১০০ বছর ধরে তৈরি হচ্ছে। কিন্তু এখনও পর্যন্ত সাঁওতালী ভাষায় যদি বলা যায় যে তার বিজ্ঞান, ভূগোল, ইতিহাস, সাহিত্য, অঙ্ক, সংস্কৃতি কোন জায়গায় অনুবাদ হয় নি। অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ মানে পরীক্ষার ভাষা ফলে সেই পরীক্ষার ভাষাকে এমন জায়গায় নিয়ে যাওয়া দরকার, যাতে তার সমস্ত দিক পরিবেশন করার জন্য উন্নত হওয়া দরকার। ২০১২ সাল থেকে যে সমস্ত ভাষাকে আমরা অফিসিয়াল ল্যাঙ্গুয়েজে পরিণত করলাম, যখনই সরকার পক্ষ থেকে স্যার যখন এর উত্তরে বলবেন যে, এটা আমরা করলাম, তখন তার সঙ্গে এটা যুক্ত হওয়া উচিৎ যে, যে ভাষাগুলো এই পর্যন্ত করা হয়েছে, তা সত্যি সত্যি অঙ্ক, বিজ্ঞান, ভূগোল, ইতিহাস, তার সাহিত্য, তার সংস্কৃতি — সমস্ত কিছু ট্রান্সলেট্ করা হয়েছে কিনা সব ভাষা অনুসারে, বর্ণমালা অনুসারে। আমাদের যেটা মূল বিষয়, নিরক্ষরতা। মূলতঃ নিরক্ষরতা বৃদ্ধি করে মাতৃভাষা যখন চালু না থাকে, তখন নিরক্ষরতার একটা সূত্র তৈরি হয়। বামফ্রন্ট সরকার নিরক্ষরতার মূলে যে ঘা-টা দিয়েছিল, তাতে স্বীকৃত নিরক্ষরতা মুক্ত হয়েছিল অনেকটাই। সেই বিষয়ে এখন যেটা বলা দরকার যে, স্বীকৃত মাতৃভাষাতে আমাদের এখনো পর্যন্ত নিরক্ষরতা আছে। এই স্বীকৃত মাতৃ ভাষাতে যদি এত নিরক্ষর, তাহলে এই নিরক্ষরতা দূর করার জন্য অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ যখন আমরা করছি, তখনই সেই আলোচনার বিষয়টা থেকেই যায়। আমাদের মাননীয় পার্থবাবু বলার সময় বলেছেন যে, ৩২ হাজার ৮০৯টা ক্যাম্প্ হয়েছে দুয়ারে সরকারে, এবং সেখানে ১ কোটি ৫৪ লক্ষ মানুষ অ্যাপ্লিকেশান করেছে। তাহলে আজকে বাদে অতীতে যে ভাষাগুলোকে আমরা অফিসিয়াল ল্যাঙ্গুয়েজে পরিণত করেছিলাম, সেই ল্যাঙ্গুয়েজে কতগুলো দরখাস্ত জমা পড়েছিল, অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ ব্যবহার করার জন্য তারা যখন এসেছিল, তারা কি ঠিকমত সরবরাহ পেয়েছে? এগুলো আমাদের আলোচনার মধ্যে আসা উচিৎ। এটাই হচ্ছে আমার বলার। পশ্চিমবঙ্গে যত কথ্য ভাষা আছে, সবগুলোর কাগজে স্বীকৃতি দরাজ হাতে সরকার দিতে পারে। যা ভোটের কাজে লাগবে। এ ছাড়া সরকারের আর কোনো কাজ আছে বলে আমার মনে হয় না। বিভেদ ও ভোট শিকার প্রধান কাজ সরকারের— এর কোনো মূল্য জনগণের কাছে নেই। আর কেন্দ্রীয় সরকারের তো আরো আছে যে, হিন্দি, হিন্দুস্তান, হিন্দু। একেবারে দুজনে মিলে শুধু ভাষার যে কথা, সেই ভাষা নিয়েই এমন একটা জায়গায় আমরা পৌঁছাচ্ছি যে, কেউ বলছে আমি ১৪টা ভাষা জানি, তাই নিয়ে আবার রসিকতা হচ্ছে। কিন্তু ভাষা নিয়ে মানুষের যে নিরক্ষরতা মুক্ত হওয়া দরকার, অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ হিসেবে তার যে সমস্ত অগ্রগতি তৈরি করা দরকার, সরকারের সেখানে কিন্তু কোনো ধরনের কৃতিত্ব নেই। অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ অনেক বেশি হতে পারে, আরো হ’তে পারে, সেটা সরকার করতে পারে। কিন্তু সেটা আসলে মানুষের কোনো উপকারে লাগবে না।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ্ অ্যাক্টে সেকশন - ৩ অনুযায়ী আমরা সকলেই জানি, কোনো জেলা, মহকুমা, ব্লক, পৌর এলাকায় কোনো

নির্দিষ্ট ভাষা-ভাষীর সংখ্যা এলাকার জনসংখ্যার ন্যূনতম ১০ শতাংশ যদি হয়, সে ক্ষেত্রে রাজ্য সরকার সেই ভাষাকে সরকারি ভাষা হিসেবে স্বীকৃতি দিতে পারে আইন সংশোধন করে। রাজ্য সরকার সুনির্দিষ্ট প্রজ্ঞাপনের মাধ্যমে সংশ্লিষ্ট ঐ এলাকার জন্য ঐ ভাষাটিকে ঐ এলাকার সরকারি ভাষা হিসেবে ঘোষণা করতে পারে। সেই দিকেই লক্ষ্য রেখে তেলেগু ভাষায় যাঁরা কথা বলেন, তাঁদের কথা চিন্তা করেই আমাদের এই অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ অ্যাক্টের মধ্যে তেলেগু ভাষাকে আনবার - দীর্ঘদিনের তেলেগু ভাষা-ভাষী বাসিন্দারা বলেছেন, এটাকে গ্রহণ করুন।

[3:30 – 3:40 p.m.]

আমি একটা জিনিস দেখলাম, সবাই বললেন, রমাদিও বললেন, ২০১১ সালের আদমসুমারির সেন্সাস রিপোর্ট অনুযায়ী খড়্গপুর পৌরসভার মোট জনসংখ্যা ২ লক্ষ ৬০ হাজার ৬০০, তার মধ্যে তেলেগু ভাষীর সংখ্যা হচ্ছে ৬৮ হাজার ২০০, যা প্রায় ৩৩%। এটা সুদীর্ঘ দিনের ওই অঞ্চলের এবং ওই অঞ্চল ছাড়াও রাজ্যের বিভিন্ন জায়গায় যেখানে যেখানে মোট জনসংখ্যা ওই ব্লকে, জেলায় বা পৌর এলাকায় ১০ শতাংশের উপরে যাবে সে ক্ষেত্রে সরকার সে বিষয়গুলো বিবেচনা করে আইন সংশোধন করতে পারেন। ইতিমধ্যেই আমরা রাজ্য সরকার এই আইন সংশোধনের মাধ্যমে ১২টি ভাষাকে রাজ্যে সরকারী ভাষার মর্যাদা দিয়েছি উর্দু, হিন্দী, সাঁওতালী, ওড়িয়া, পাঞ্জাবী, কামতাপুরী এবং রাজবংশী তার মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য। ওয়েষ্ট বেঙ্গল অফিশিয়াল ল্যাঙ্গুয়েজ অ্যাক্ট 1961-এ যখন হয় ১১ নভেম্বর সেটা গেজেটেড হয়, তখন বাংলা ভাষাটাকে সমস্ত জায়গায় বেঙ্গলীতে দেওয়া তার সঙ্গে নেপালী ভাষারও তিনটি সাবডিভিশানে যেখানে ওদের লোক বেশী দার্জিলিং, কার্শিয়াং ও কালিম্পং ওখানেও দেওয়া হয়। তার পরে পথ চলতে চলতে যেমনভাবে জনসংখ্যার ভিত্তিতে, প্রয়োজনের ভিত্তিতে বিভিন্ন ভাষা হিন্দী, সাঁওতালী, ওড়িয়া, উর্দু এবং পরবর্তীকালে কুরুক, কামতাপুরী, রাজবংশী এবং কুরমালি এই ভাষাগুলি সংযোজিত হয়েছে। আজকে তেলেগু ভাষার সেখানকার নাগরিকরা মূলত খড়্গপুরের, এখানে প্রায় ১০% নয় প্রায় ৩৩% পৌরএলাকায় বাস করেন। এবং অনেকেই দক্ষিণ কলকাতা এবং মধ্য কলকাতা এই জায়গাতে এদের বাস-সে কথা চিন্তা করেই তাদের স্কুলও আছে, পঠনপাঠনের ব্যবস্থা আছে। রমাদি আপনি জিজ্ঞাসা করছিলেন যে কোথায় কোথায় এই ভাষার প্রয়োগ হচ্ছে। সাঁওতালী ভাষার মধ্যে দিয়ে অলচিকি হরফে পড়াশোনা করবার বা বিশ্ববিদ্যালয়স্তরে নিয়ে যাবার চেষ্টা আমিতো করছি এবং এই পরীক্ষায় তারা যাতে তাদের ভাষায় লিখতে পারে তারও ব্যবস্থা হয়েছে। সুতরাং এই দিকটি অত্যন্ত সংবেদনশীল একটি দিক। তেলেগু ভাষাভাষীদের সুদীর্ঘ দিনের ইচ্ছাকে আমাদের মুখ্যমন্ত্রী অনুমোদন করেছেন, এবং আপনাদের অনুমোদনের জন্য এই সভায় পেশ করতে বলেছেন। আসুন আমরা সবাই মিলে সেটা করি।

Mr. Speaker : Now, the question before the House that the West Bengal Official Language (Amendment) Bill, 2021, be taken into consideration.

As many as are of that opinion will please say “AYE”, as many as are of the contrary opinion will please say “No”. Ayes have it, Ayes have it.

The motion is passed, the motion is passed.

Clauses 2-5

Mr. Speaker : There is no amendment to Clauses 2-5. So, I put Clauses 2 & 3 do stand part of the Bill to vote..

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : Now, I put to vote Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say “AYE”, as many as are of the contrary opinion will please say “No”. Ayes have it, Ayes have it.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Official Language (Amendment) Bill, 2021, as settled in the Assembly be passed.

Mr. Speaker : Now, the question before the House is that the Bill as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say “AYE”, as many as are of the contrary opinion will please say “No”. Ayes have it, Ayes have it. The Bill is passed, the Bill is passed.

The Jhargram University (Amendment) Bill, 2021

Dr. Partha Chatterjee : Hon’ble Speaker Sir, I beg to introduce the Jhargram University (Amendment) Bill, 2021.

... (Secretary then read the Title of the Bill)...

Dr. Partha Chatterjee : Hon’ble Speaker Sir, I beg to move that the Jhargram University (Amendment) Bill, 2021, be taken into consideration.

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিলটা এখানে পেশ করেছেন The Jhargram University (Amendment) Bill, 2021- এই বিলের উপর আমি কয়েকটা কথা বলব। স্যার, এটা ঠিক যে ঝাড়গ্রাম ইউনিভার্সিটি তৈরি করার প্রয়োজনীয়তা ছিল এবং সেটাই আপনারা শুরু করেছেন। এ ছাড়াও মেদিনীপুর জেলায় বিশ্ববিদ্যালয় আছে বা অন্যান্য জায়গায় আছে। আপনি নামটা পরিবর্তন করতে চেয়েছেন। এই নামটা পরিবর্তন

করে ঝাড়গ্রাম ইউনিভার্সিটি এ্যামেন্ডমেন্ট বিলটাকে আপনি সাধু রামচাঁদ মুর্মু ইউনিভার্সিটি অফ ঝাড়গ্রাম, অর্থাৎ একজন বিখ্যাত মানুষের নামে এই ইউনিভার্সিটিটাকে প্রতিষ্ঠিত করতে চাইছেন। স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় জানেন তাঁরা নিজেরাই পাশ করিয়েছেন এর আগে ঝাড়গ্রাম ইউনিভার্সিটি করা হয়েছিল একটা সময়। আবার পরবর্তী পর্যায়ে সেই ঝাড়গ্রাম ইউনিভার্সিটিকে নিশ্চয়ই একজন প্রতিষ্ঠিত মানুষ, বিদ্বান মানুষের নামে করতে চাইছেন। স্যার, আমি আপনাকে একটা কথা বলব যে, এই রামচাঁদ মুর্মু ইউনিভার্সিটি অফ ঝাড়গ্রাম যেটা করা হচ্ছে সেটা বর্তমানে কোন জায়গায় দাঁড়িয়ে আছে। একজন বিখ্যাত মানুষের নামে ইউনিভার্সিটি হলে তা নিশ্চয়ই করবে। আমি দুটো কথা বলব। এক, ঝাড়গ্রাম ইউনিভার্সিটি করা হচ্ছে। বর্তমানে যে জায়গায় ঝাড়গ্রাম ইউনিভার্সিটি আছে সেখানে আমি অনেকবার গেছি সে রাজনীতির কারণেই হোক বা অন্য কারণেই হোক দেখেছি ঝাড়গ্রাম ইউনিভার্সিটিটা যে জায়গায় হচ্ছে তার কাছাকাছি একটা স্পঞ্জ আয়রনের কারখানা আছে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব এখানে যে স্পঞ্জ কারখানা আছে সেটা যদি থাকে এবং এই জায়গায় যদি ঝাড়গ্রাম ইউনিভার্সিটি হয়, এখনও পর্যন্ত এই কাজটা শুরু হয় নি কাজটা সবেমাত্র চলছে, কিন্তু এই জায়গায় যদি স্পঞ্জের কারখানার জন্য পরিবেশ দূষণ হয় তাহলে ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং অন্যান্যরা যাঁরা আছেন তাঁরা সবাই ভীষণ বিপদে পড়বেন। আমি তাই অনুরোধ করব অবিলম্বে ঐ জায়গায় যাতে পরিবেশ দূষণ না হয় সে ব্যাপারটা দেখতে। স্যার, আর একটা কথা বলব এই যে, ঝাড়গ্রাম নামটার পরিবর্তন করা হয়েছে সে ব্যাপারে আমার একটু সংযোজন আছে।

[3:40 – 3:50 p.m.]

সেই সংযোজনটা হল, Jhargram University Amendment Bill-এ বলা হচ্ছে, যে নামটা আমি বললাম, রামচাঁদ মুর্মু ইউনিভার্সিটি অব ঝাড়গ্রাম। আমি স্যার, আপনাদের কাছে বলব, কলকাতা বিশ্ববিদ্যালয় আছে, কলকাতা বিশ্ববিদ্যালয়ে কলকাতা শব্দটা আগে আছে। কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী শব্দটা আগে আছে। অন্যান্য জায়গায় অন্যান্য কলেজ হলেও সেখানে ওই ভাবেই হয়। তাই আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব যে, দেখুন আমাদের যে ইউনিভার্সিটিটা তৈরি করছেন সেই ইউনিভার্সিটিটা ভীষণ প্রয়োজন, কারণ এই ইউনিভার্সিটিটা ভবিষ্যতে অনেক ছাত্রছাত্রীকে সেই জায়গায় শিক্ষিত করতে পারবে। ঝাড়গ্রাম একসঙ্গে ঝাড়খণ্ডের বর্ডার, আবার একসঙ্গে বাঁকুড়ার বর্ডার, তার সঙ্গে সঙ্গে পুরুলিয়াও পাশাপাশি আছে। সুতরাং এই সব জায়গার থেকে অনেক ছাত্রছাত্রী এখানে পড়াশুনা করতে আসবে। আমার বক্তব্য হল এই যে, আপনি যখন ওই জায়গাতে এই বিশ্ববিদ্যালয়টা করছেন ভালো কথা ওই জায়গাতে বিশ্ববিদ্যালয়টা প্রতিষ্ঠিত হোক, কিন্তু তার সঙ্গে সঙ্গে আপনাদের সচেতন হতে হবে ওখানে আরো অনেক মানুষ আছে যেমন, ফণীন্দ্র হাঁসদা। ফণীন্দ্র হাসঁদা — একসময় আমাকে একজন বলছিলেন যে, তিনি ওই এলাকায় একজন বিখ্যাত Ph.D. ছিলেন। কেন তাঁর নাম

নেওয়া হল না? স্যার, আমি এই নিয়ে তর্ক করতে চাই না। আমি বলতে চাইছি যে, যে নাম এলো এটা হলেই সবথেকে ভালো হবে সেটা হচ্ছে যে,

মিঃ স্পীকার : আপনিতো কোনো amendment দেন নি, ছেড়ে দিন না। আপনিতো কোনো amendment দেন নি। ঠিক আছে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার কোনো amendment নেই। কিন্তু আমি বলছি স্যার, এই ইউনিভার্সিটি যে নামটা দিয়ে করা হয়েছে রামচাঁদ মুর্মু ইউনিভার্সিটি অব ঝাড়গ্রাম এটার জায়গায় ঝাড়গ্রাম রামচাঁদ মুর্মু ইউনিভার্সিটি এইটা করা হোক, এইটা করলে ভালো হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দুলাল মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় মহোদয়, ঝাড়গ্রাম ইউনিভার্সিটির নতুন নামকরণে কবি সাধু রামচাঁদ মুর্মুর নামে যে বিল নিয়ে এসেছেন এটা সারা আদিবাসী মানুষের কাছে একটা ঐতিহাসিক সিদ্ধান্ত। কবি সাধু রামচাঁদ মুর্মু, ঝাড়গ্রাম জেলার অধিবাসী এবং শিলদার লাগোয়া কামারবাঁধী গ্রামের মানুষ। আদিবাসী মানুষের যত সংগ্রামী মানুষের মধ্যে সিধু-কানহু, বীরষা মুন্ডা, পণ্ডিত রঘুনাথ মুর্মু তার সাথে কবি সাধু রামচাঁদ মুর্মু এগুলো আবেগ, ভাবাবেগ, উদ্দীপনা, আদিবাসী মানুষের মধ্যে মনেপ্রাণে জড়িয়ে আছে। এই নামকরণ আমাদের বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই পবিত্র সদনে নিয়ে এসে সমস্ত আদিবাসী মানুষ তথা আদিবাসী সমাজকে সম্মানিত করলেন। আমরা ভাবতে পারিনি, আদিবাসী মানুষের এই ব্যথাবেদনা, জ্বালাযন্ত্রণা, ভাবাবেগ আবেগ, উদ্দীপনাকে একমাত্র বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ছুঁতে পারেন, স্পর্শ করতে পারেন। আমরা ভীষণ খুশি এবং ভীষণ ধন্য যে এটা কবি সাধু রামচাঁদ মুর্মু একজন জ্ঞানী ব্যক্তি এবং মহাকবি। তাঁর লেখনী তাঁর কবিতা, তাঁর লেখা আদিবাসী সমাজের মধ্যে, আদিবাসী মানুষের মধ্যে মনেপ্রাণে জড়িয়ে আছে। আজকে যে ভাবে সারা দেশে আদিবাসী মানুষের উপর অত্যাচার, নির্যাতন, আদিবাসী মানুষকে শেষ করা ধ্বংস করা — তার উপর দাঁড়িয়ে এই রকম একটা সিদ্ধান্ত বাংলার মুখ্যমন্ত্রীর নেওয়াটা ভীষণ জরুরি এবং ভীষণভাবে যুগপোযোগী বলে আমার মনে হল।

কারণ আদিবাসী মানুষের আজকে সাঁওতালী ভাষা, কিংবা কুরমালি ভাষা, কিংবা কুরুক ভাষা এগুলো স্বীকৃতি দেওয়ার সাথে সাথে আদিবাসী মনীষী, আদিবাসী লেখক, সাহিত্যিক, কবিদেরকে মর্যাদা দেওয়ার এই রকম দৃষ্টান্ত ভারতবর্ষের মধ্যে খুব কমই দেখা যায়। তাই আজকে সার্বিকভাবে আমাদের সরকার, মা-মাটি-মানুষের সরকার, বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং আমাদের শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় মহোদয় এটা নিয়ে আসার জন্য তাঁদের অনেক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। আজকে সার্বিক বিষয়, আদিবাসী মানুষদের জাহের থান পাট্টা দেওয়া, জাহের থান ফিনিশিং করা কিংবা আজকে 'জয় জোহার' প্রকল্প চালু করা সবদিক দিয়ে এগিয়ে নিয়ে যাওয়ার সাথে সাথে শিক্ষাকে গুরুত্ব দিয়ে, শিক্ষার মধ্য দিয়ে মনীষীদের সম্মান দেওয়া, এবং এতে আদিবাসী মানুষ ও তাদের ছেলেমেয়েরা আরো বেশি

অনুপ্রাণিত হবে, এগিয়ে আসবে। আমাদের মতো মানুষ আরো বেশি খুশি হয়ে দেশের প্রতি দায়বদ্ধতা কিংবা দেশকে ভালবাসা, কিংবা দেশকে গড়ার জন্য হাত আরো বাড়িয়ে দেবে। এটাকে আমরা ভালোভাবে নিয়েছি, এবং এর জন্য আমরা খুব খুশি হয়েছি কারণ একটা সময় জঙ্গলমহল যে অবস্থায় ছিল এই চিত্র আমাদের সরকার আমূল পাল্টে দিয়েছে। জঙ্গলমহল একটা সময়ে শুধু বোমের আওয়াজ, একটা সময় সি.আর.পি.এফে.র বুটের আওয়াজ এগুলোই নিত্যদিনের ছিল। এই শিক্ষা নিয়ে ভাবা, সাঁওতালি ভাষা নিয়ে ভাবা, কুরমি ভাষা নিয়ে ভাবা, কুরুক ভাষা নিয়ে ভাবা কেউই কিন্তু ভাবেনি। ভাবার জন্য কেউ চিন্তাই করে নি। এত বিশাল ভাবনা যিনি ভেবেছেন তিনি আমাদের বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এটাকে ধন্যবাদ দেওয়া যাবে না স্যার, সবাই ভালো থাকলে দেশ ভালো থাকবে, সবাই সুস্থ থাকলে সুস্থ সমাজ গড়বে, সেই সবাইকে ভালো রাখা, সবাইকে সঙ্গে নিয়ে চলা, মনীষীদের সম্মানিত করা, মর্যাদা দেওয়া এটা মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দ্বারাই একমাত্র সম্ভব কারণ আমরা দেখেছি উত্তরপ্রদেশে আদিবাসী সমাজ নির্যাতিত, একটা সময়ে ঝাড়খণ্ডের আদিবাসীদের জমি কেড়ে নেওয়া হয়েছিল, একটা সময়ে আসামের আদিবাসী মানুষদের খুন করে মারা হচ্ছিল, সেই জায়গায় আমাদের বাংলার আদিবাসী মানুষদের সুরক্ষিত রেখে, তাদের স্বাস্থ্য, শিক্ষাকে সার্বিকভাবে এগিয়ে নিয়ে যাচ্ছেন আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাই আজকে মহাকবি সাধুরাম চাঁদ মুর্মু তাঁর যে বিভিন্ন কবিতা, বিভিন্ন লেখা সেটাকে সম্মানিত করা এবং ঝাড়গ্রাম ইউনিভার্সিটিটা কবি সাধুরাম চাঁদ মুর্মু ইউনিভার্সিটি নামে করা হল, তাতে জঙ্গলমহলের সবাই খুশি। জঙ্গলমহলের শাল, মহুয়া, সেখানকার মানুষ সবাই ভীষণভাবে খুশি। সত্যি আমাদের জঙ্গলমহলের কথা, জঙ্গলমহলের ব্যথাবেদনা আমাদের মুখ্যমন্ত্রী বুঝতে পারছেন। সেটাকে মান্যতা দিয়েছেন, গুরুত্ব দিয়েছেন এবং সেটা আগামী দিনে আরো বেশি করে প্রস্ফুটিত হবে, আগামী দিনে আরো বেশি করে বড়ো হবে এবং জঙ্গলমহলবাসীর পক্ষ থেকে আমাদের মুখ্যমন্ত্রীকে অনেক অনেক কৃতজ্ঞতা জানাচ্ছি। সেই সঙ্গে আমাদের শিক্ষামন্ত্রী সম্মানীয় ডঃ পার্থ চট্টোপাধ্যায় মহোদয়কেও অনেক অনেক ধন্যবাদ ও প্রণাম জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী সমর হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিল নং ৬, দ্য ঝাড়গ্রাম ইউনিভার্সিটি (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২১, মাননীয় সদস্যরা বললেন যে ঝাড়গ্রাম ইউনিভার্সিটি নামটাকে পরিবর্তন করে কবি রামচাঁদ মুর্মু নামে নামাঙ্কিত করা হবে। এই নিয়ে দ্বিমত নেই। ইউনিভার্সিটি হোক বা নাম পরিবর্তন হোক, সামাজিক জনজাতির কবি রামচাঁদ মুর্মু, মাননীয় সদস্য বলেছেন তিনি কবি ছিলেন। সাঁওতালি ভাষায় তিনি অনেক কবিতা লিখেছেন যা উড়িষ্যা, বাংলা ও আসামের জনজাতিরা তাঁর বই পড়েছে এবং তাঁকে গভীর সম্মান দিয়েছেন। ইউনিভার্সিটি হোক, ছাত্ররা উন্নত হোক, উচ্চশিক্ষায় শিক্ষিত হোক, তপশিলি উপজাতি জনজাতি সাঁওতাল সম্প্রদায়ের মানুষ। কিন্তু এই উচ্চশিক্ষায় শিক্ষিত হওয়ার পর জমির আন্দোলন বলেছে, সিধু কানুর কথা বলেছে। সবটা স্বীকার করে নিচ্ছি। কিন্তু এতে চাকরির ক্ষেত্র কোথায়, কি হচ্ছে?

[3:50 – 4:00 p.m.]

আমাদের তো টেকনিক্যাল, পলিটেকনিক্যাল সেগুলো পড়ে - কলকারখানা তৈরি করতে হবে, চাকরি দিতে হবে, সরকারি যে অফিস আছে, তাদেরকে সেখানে কর্মসংস্থান করতে হবে। শুধু একটা ইউনিভার্সিটি করলাম, নাম পরিবর্তন এই নিয়ে একটা কৃতিত্ব থাকা, কৃতিত্ব তাদেরই দিতে হবে, যারা হচ্ছে, এই সমস্ত ইউনিভার্সিটি করে কাজের ফর্মটা সমাজের পিছিয়ে পড়া মানুষ, আবার বলি যে শিক্ষাকে পিছনে ফেলে রেখে যদি মনে করি আমি রাজ্যের উন্নয়ন করবো, দেশ উন্নয়ন করবো, কখনই সম্ভব নয়। জনজাতিকে উন্নয়ন করতে গেলে কাজের কর্মক্ষেত্র লাগবে। এখন বলবেন যে আমরা ১০০দিনের কাজ দিচ্ছি আরে উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে একটা ছেলে তার মাস্টার ডিগ্রি, গ্র্যাজুয়েশান কমপ্লিট, টেকনিক্যালি পড়াশুনা করে এক ঝুড়ি মাটি ভরছে আমাদের খুবই লাগে। খুবই কষ্ট লাগে, যে তাদের কর্মক্ষেত্রটা কোথায় হবে ! সেই ভাবে চাকরির ক্ষেত্রটা তৈরি করতে হবে। পার্থবাবু বলেছেন, অনেক ভাষাটাষা নিয়ে, অনেক জনজাতি, আমাদের যেমন পশ্চিম বাংলার বিধানসভাতে -পচ্চিমবঙ্গ বলে একটি পত্রিকা বেরুতে। আদিবাসীদের হোতে, যারা মাননীয় সদস্য তপশিলী জাতি উপজাতিদের প্রায় ৭০।৭৫জন সদস্য আছেন, অনেকেই পড়তেন, সেই সময়েতে, বাম আমলে সেটা প্রকাশিত, এই সরকারের আমলে আমরা সেটা দেখতে পাই নি। এই ধরনের পত্রিকা প্রয়োজন। যেমন কবি রামচাঁদ মুর্মুকে সম্মান করতে হবে, তেমনি তাঁর পত্র-পত্রিকা, তাঁর লেখা যেটা বিধানসভার মাধ্যম দিয়ে যাবে, আমরা যে বিধানসভা নিয়ে কথা বলি, আদিবাসী সম্প্রদায়ের জমির কথা বলি, তাদের কথা বলি, এই যে দুয়ারে সরকার, আচ্ছা সরকারের দায়িত্ব, না মানুষের দাযিত্ব, আমি সরকারে আছি, আমার দায়িত্ব হবে জনজাতির কাছে পৌঁছে যাওয়া, তাকে হচ্ছে সার্টিফিকেট হয়েছে কিনা, ভোটার কার্ড হয়েছে কিনা, তার আধার কার্ড হয়েছে কিনা, রেশন কার্ড হয়েছে কিনা, এগুলো মানুষ বলবে, সে ভিড় করছে, পার্থ বাবু বলছিলেন এই যে হাজার হাজার লোকের লাইন পড়ছে, আমরা বলছি ভাল, এই যে দুয়ারে সরকারে আসছে, কিন্তু পাচ্ছে না। এই যে লাইন দিয়ে ফর্ম জমা দিয়েছে, এখনও পায় নি। আচ্ছা সার্টিফিকেট কি বড় কথা হয়ে গেল, যে সার্টিফিকেটে তার কর্মক্ষেত্র যেটা বারবার বলে আসছি। স্বাভাবিকভাবে স্যার, যেটা আমরা বলতে চাইছি, এই ধরনের একজন কবি, রামচাঁদ মুর্মুকে যেভাবে সম্মানে সম্মানিত করা এবং তাঁর যে আদিবাসী সম্প্রদায়ের পিছিয়ে পড়া মানুষ তাদের কর্মক্ষেত্র দেখতে হবে, তাদের সব দিকটা যেখানে পিছিয়ে আছে সেটা দেখতে হবে। এই কয়টি কথা বলে আমিএই বিলটাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ঝাড়গ্রাম বিশ্ববিদ্যালয়ের কাজ অনেকটাই এগিয়ে গিয়েছে, আপনারা যারা ঝাড়গ্রাম যাবেন, দেখবেন। ঝাড়গ্রাম বিশ্ববিদ্যালয়ে খুব দ্রুততার সঙ্গে তার পরিকাঠামোগত কাজ এগোচ্ছে এবং ঝাড়গ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগের জন্য যে সার্চ কমিটি, সেই সার্চ কমিটির রেকমেন্ডেশান অনুযায়ী আমরা রাজ্যপালের কাছে পাঠিয়েছি ফাইল এবং এই বিষয়ে আসার সঙ্গে সঙ্গে ব্যবস্থা গ্রহণ করা হবে এবং শিক্ষক নিয়োগ থেকে শুরু করে আর যা বাদবাকি বিষয়গুলো আছে, স্টাফ তার পরিকাঠামোগত সাহায্য করা

হবে। এবং আমাদের খুব ইচ্ছা এই বিশ্ববিদ্যালয়ে অবিলম্বে তার কয়েকটি সাবজেক্টে কাজ শুরু করুক। ঝাড়গ্রাম জেলার সাধারণ মানুষের তাঁদের বহু দিনের দাবী হল তাঁরা চাইছিলেন যে সাধু রামচন্দ্র মুর্মুর নামাঙ্কিত বিশ্ববিদ্যালয় হিসাবে এটা নামাঙ্কিত করা হোক। এখন সাধু রামচন্দ্র মুর্মুর সম্পর্কে যে কথাটা আপনি বললেন যে চর্চা, সাহিত্য তুলে ধরা, সেইগুলো যদি যাঁরা এই দাবীর পিছনে আছেন, সরকার তো আছেন, তাঁদেরও একটা বড় ভূমিকা আছে। তার সংগ্রহ করা, লাইব্রেরীতে রাখা, আমরা সেই চেষ্টাটা করছি। শুধুমাত্র নামকরণ দিয়ে আমরা থেমে থাকবো না, তাঁর কর্মকাণ্ডকে কি করে তুলে ধরা যায় সেই দিকেও আমরা নজর দেবো।

সাধু রামচাঁদ মুর্মু সাঁওতালি সাহিত্যের একজন মহা কবি ছিলেন। তিনি মহা কবি হিসাবে পরিচিত ছিলেন। তাঁর কবিতা একটি বিশেষ রচনাশৈলীর সাথে লেখা হতো যেটা পশ্চিমবঙ্গ, ঝাড়খন্ড, উড়িষ্যা ও আসাম রাজ্যের সাঁওতাল অধ্যুষিত এলাকায় খুবই জনপ্রিয় ছিলো। তাঁর রচনার মূল বিষয়বস্তু সংস্কারের সাথে ওতপ্রোতভাবে জড়িত। সামাজিক ও সাংস্কৃতিক নীতিগুণসম্পন্ন সেই কবিতা জনমানসে প্রবল প্রভাব বিস্তার করে। তাঁর নাম করা কিছু কবিতা পুস্তক, যেগুলো তাঁর মৃত্যুর পরে প্রকাশিত হয় তার মধ্যে 'শ্রী ধরম সোরেন পুঁথি', 'লিঠা পোরেৎ', 'অলদও অনর হে', 'সংসার ফেন' এবং 'ঈশ্বরগুলি' প্রচলিত। পশ্চিমবঙ্গ সরকার তাঁকে উপজাতি বুদ্ধিজীবি হিসেবে সম্মানিত করেন। এবং তাঁর সম্মানে সাধু রামচাঁদ মুর্মু মূর্তি পুরস্কার প্রচলন করেন। এই জিনিসগুলোর মধ্যে দিয়েই তাঁর কর্মকাণ্ডকে, তাঁর সাহিত্য কর্মকে, তাঁর সমাজ সচেতনতাকে কবিতার মধ্যে দিয়ে তিনি যেটা বলেছেন, রচনার মধ্যে দিয়ে তিনি যেটা বলেছেন তা একদিকে যেমন হবে তেমনি এই সাঁওতাল জনগোষ্ঠীর পক্ষ থেকে আরও শিক্ষার আলোয় আলোকিত, আরও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে যদি শিক্ষাটাকে আমরা দোরগোড়ায় পৌঁছে দিতে পারি, ঝাড়গ্রাম বিশ্ববিদ্যালয় সেই কারণেই গঠিত এবং সেই লক্ষ্যে শুধু ঝাড়গ্রাম বিশ্ববিদ্যালয় নয়, ওখানে কলেজ করা হয়েছে ২ টি। লালগড়ে কলেজ আছে, নয়াগ্রামে কলেজ আছে। আমরা মেডিক্যাল কলেজ স্থাপন করেছি। আমাদের ওখানে ইঞ্জিনিয়ারিং পলিটেকনিক কলেজও আছে। সব দিক থেকেই আমরা চেষ্টা করছি এই জনগোষ্ঠীকে বা অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া বা তপশিলী জাতিকে, তাদেরকে কি করে আরও বেশী করে শিক্ষার মধ্যে দিয়ে এনে বাস্তবোচিত শিক্ষা দিয়ে কর্মের সঙ্গে যুক্ত শিক্ষা দিয়ে কারিগরী শিক্ষায় তাদের উপযুক্তভাবে তৈরী করা যায়। আপনি বললেন কিছুই হয় নি, যথেষ্ট হয়েছে। সাঁওতালি ভাষার, অলচিকি স্কুলের প্রায় এখনো ৫০০ শিক্ষক নিয়োগ চলছে। আগে আমরা ধাপে ধাপে ওখানে বহু শিক্ষক নিয়োগ করেছি, জঙ্গলমহলে। স্কুল বেড়েছে এবং এই পড়াশুনোর ধারাটাকে আমরা ওপরে নিয়ে যাচ্ছি, অলচিকি হরফে লেখা নিয়ে। আগে তো লোক পাওয়া যেতো না। সাহিত্যের কোনো লোক খুঁজে পাওয়া যেতো না - ট্রান্সলেশনের। আমরা অন্য জায়গা থেকে লোক এনে, আমাদের আধিকারিকদের সাহায্য নিয়ে আমরা সে কাজটা করেছি। আপনাদের অনেকেই যাঁরা সাহায্য করতে পারেন এগিয়ে আসুন না, তাদের সাহায্য করুন, তাহলে আরও ভাল হয়। সকলের সাহায্যে এই জনগোষ্ঠীর যে ভাষা এবং তার সঙ্গে জড়িত সাধু রামচাঁদ মুর্মুর যে সাহিত্যবোধ, কবিতাবোধ,

সামাজিক সচেতনতাবোধ তাকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে। আমি নাম পরিবর্তনের জন্য সবাইকে বলবো একযোগে এটাকে সমর্থন করবার জন্য।

Mr. Speaker : The question before the House is that The Jhargram University (Amendment) Bill, 2021, be taken into consideration,

As many as are of the opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 2-9

There is no amendment to Clauses 2-9. The Question before the House is that Clauses 2-9 do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

The question before the House is that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill

As many as are of the opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

[4:00 p.m – 4:10 p.m.]

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the Jhargram University (Amendment) Bill, 2021, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : Now, the question before the House is that the Bill as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say “AYE”, as many as are of the contrary opinion will please say “No”. Ayes have it, Ayes have it. The Bill is passed, the Bill is passed.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

Statement regarding the 16th Legislative Assembly

MR. SPEAKER : Hon'ble Members, the present Legislative Assembly, i.e. the 16th Legislative Assembly was constituted on the 20th May, 2016.

It met for the first time on the 31st May, 2016.

During its tenure till date it has held altogether *164* sittings in *15* sessions consuming *507* hours and *15* minutes of total time (upto 3:00 p.m.Today)

14 Members who were elected to the 16th Legislative Assembly (2016-2021) expired during its tenure;

They were:

1. Shri Haider Aziz Safwi, Deputy Speaker
2. Dr. Sukumar Hansda, Deputy Speaker
3. Shri Sajal Panja
4. Shri Madhusudhan Ghose
5. Smt. Kasturi Das
6. Shri Satyajit Biswas
7. Shri Pramatha Nath Ray
8. Shri Anil Adhikari
9. Shri Abani Mohan Joardar
10. Shri Tamonash Ghosh
11. Shri Debendra Nath Roy
12. Shri Samares Das
13. Shri Gurupada Mete
14. Shri Mrigendra Nath Maity

12 Members who were elected to the present Legislative Assembly (2016-2021) subsequently resigned their membership;

They are:

1. Shri Dibyendu Adhikari
2. Dr. Manas Ranjan Bhunia
3. Shri Kanaia Lal Agarwal
4. Shri Apurba Sarkar
5. Shri Abu Taher Khan
6. Shri Amar Singh Rai
7. Shri Khagen Murmu
8. Shri Arjun Singh
9. Shri Dilip Kumar Ghosh
10. Smt. Mahua Moitra
11. Shri Suvendu Adhikari
12. Shri Rajib Banerjee

16 other Members who were elected to the present Assembly (2016-2021) in the bye-elections held in 2016, 2017, 2018 and 2019 are:

1. Shri Saikat Panja
2. Smt. Chandrima Bhattacharya
3. Smt. Gita Rani Bhunia
4. Shri Sunil Singh
5. Shri Dulal Chandra Das
6. Shri Neeraj Tamang Zimba
7. Shri Abdul Karim Chowdhary
8. Shri Joyel Murmu
9. Shri Shafiul Alam Khan
10. Smt. Sahina Mamtaz Begum (Khan)
11. Shri Ashis Kumar Biswas

12. Shri Pawan Kumar Singh
13. Shri Idris Ali
14. Shri Tapan Deb Singha
15. Shri Bimalendu Sinha Roy
16. Shri Pradip Sarkar

Business Transacted During the 16th Legislative Assembly

Mr. Speaker: Now, I am narrating in brief the business transacted during the entire 16th Legislative Assembly:

QUESTION :

A) Total number of Notice of Question received	: 5376
B) Total number of Question admitted	: 2765
i) Starred	: 2616
ii) Unstarred	: 149
C) Total number of Question replied	: 1226
i) Starred	: 1200
ii) Unstarred	: 26

PRIVILEGE ISSUES :

Notices received	: 12
Disallowed	: 5
Notices withdrawn	: 2
Referred to Committee of Privileges	: 5
Report presented	: 2

GOVERNMENT BILLS :

No. of Bills introduced	: 139
No. of Bills passed	: 140

(including one Bill as returned by the President of India with the message for reconsideration - passed again by the House)

[8th February, 2021]

ADJOURNMENT MOTION:

Notices received	: 51
Notice withdrawn	: 1
Out of Order	: 10
Consent withheld	: 40

CALLING ATTENTION :

Notices received	: 278
Notices admitted	: 81
Statements made	: 24
Statements sent direct to the Members concerned	: 57

MOTION UNDER RULE 185 :

Notices received	: 46
Notices admitted	: 13
Discussed and carried	: 9 - including two motions combined
Discussed and lost	: 2
Discussed and fell through	: 1

Statement made under Rule 346 **: 16**

Resolution under 169 :

Notices received	: 5
Admitted, discussed and carried	: 5

Other Resolution

Notice received	: 1
Admitted, discussed and carried	: 1

Short Duration Discussion under Rule 194 :

Notices received and discussed	: 2 — including one Notice converted to Resolution

No confidence Motion under Rule 199 :

Notices received	: 3
Consent with held	: 1
Leave granted, discussed & lost	: 1
Leave granted but not discussed	: 1

Notice of Resolution under Rule 201:

Notices received	: 2

(both the Notices were sort of prescribed period of 14 days)

Motion under Rule 319 :

Notices received	: 3
Disallowed	: 3

Laying / Re-laying of Rules, Regulations, Notification :

Notices received	: 53
Rules laid /re-laid	: 30
Amendments to Rules laid	: 13
Notification laid	: 9
Order laid	: 1

Laying of Ordinances:

Notices received	: 6
Ordinances laid	: 6

Laying of Annual Reports, Accounts etc. of Govt. Companies & Undertakings etc	: 190
Mention Cases	: 669
Zero Hour	: 121

Vote of Thanks

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে ষোলতম বিধানসভা অধিবেশনের শেষ অধিবেশন। স্বভাবতঃই এই পাঁচ বছর ধরে যে উত্তেজনা, যে উদ্দীপনা, যে বিতর্ক, যে মন কষাকষি, দর কষাকষি, সবই আজকের বিষাদ মনে আপনাকে অভিনন্দন জানাতে হচ্ছে। আপনাকে অভিনন্দন জানাই এই কারণে যে, আপনি খুব সুচারুভাবে অধ্যক্ষ হিসাবে এই সভা পরিচালনা করেছেন। কখনও সরকার পক্ষ, কখনও বিরোধী পক্ষ, হয়তো সব সিদ্ধান্তের সঙ্গে এক মত না হলেও আপনি প্রমাণ করেছেন যুক্তিশৈলীর মধ্যে দিয়ে যে, আপনার সিদ্ধান্ত কতটা সঠিক। কার্য প্রণালী দুই -তে আপনি সম্বর্ধনা জানিয়েছেন। আমি ধন্যবাদ জানাই আমাদের কাউন্সিল অফ মিনিস্টার্স এবং আমাদের পরিষদীয় দলের বিধায়কদের। তাঁরা তা রেসপেক্ট করেছেন, মন্ত্রীরাও মন্ত্রীদের দপ্তরের প্রশ্ন এবং উত্তর দিতে বিধায়কদের যথাসাধ্য চেষ্টা করেছেন। আমি অভিনন্দন জানাই বিরোধী দলনেতা আব্দুল মান্নান মহাশয়কে। তিনিও সরকারের বিভিন্ন দিকের দুর্বলতা, সবলতা এবং সেই দিকগুলো এই সভায় দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছেন। সেই সঙ্গে কংগ্রেসের সমস্ত বিধায়কদেরও আমি ধন্যবাদ জানাই। আমি ধন্যবাদ জানাই সুজন চক্রবর্তীকে, সি পি এম -এর পরিষদীয় দলনেতা, বামফ্রন্টেরও তাই, তিনি নেতা, তিনিও এই পাঁচ বছরে আমাদের নানা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন, অধ্যক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন।

[4:10 – 4:20 p.m.]

এই সভায় যুক্তিপূর্ণ বিতর্ক তৈরি করবার মধ্য দিয়ে সরকারকে জানান দিয়েছেন। আমি ধন্যবাদ জানাই, টিগ্গা মহাশয়কে, বিজেপির বিধায়ক, তিনিও চেষ্টা করেছেন নিজের মতন করে - সবসময় যে আমরা একমত হ'তে পারি নি, তার জন্য দুঃখও প্রকাশ করছি। কিন্তু তিনি তাঁর বক্তব্য রেখেছেন। আমি ধন্যবাদ জানাই, সেক্রেটারিয়েটকে - সচিবালয়কে, যাঁরা আমাদের জন্য দিনের পর দিন বসেছেন তাঁদেরকে। আমি সচিবকে ধন্যবাদ জানাই, বিধানসভার সচিব। আমি ধন্যবাদ জানাই, আমাদের বন্ধু রহিত শর্মা, তাঁর নেতৃত্বে জে.এম.এম. দলের বিধায়ককে। আমি ধন্যবাদ জানাই, আমাদের সমস্ত স্টাফ-দের, যাঁরা এই পাঁচ বছর ধরে বিধানসভাকে সুষ্ঠুভাবে পরিচালনা করবার জন্যে সবসময়ই ছিলেন। আমি ধন্যবাদ জানাই, আমাদের কেয়ারটেকার এবং আমাদের সিকিউরিটি সহকর্মীদের, তাঁরাও তাঁদের সাধ্যমতো যোগ্যতা সহকারে কাজ করেছেন। আমি ধন্যবাদ জানাই, সাংবাদিক বন্ধুদের যাঁরা নিয়মিত বিধানসভায় এসে বিধানসভার খবরকে বাইরের মানুষের কাছে নিয়ে যাওয়ার জন্য দায়িত্ব পালন করেছেন। আমি ধন্যবাদ জানাই, পুলিশ প্রশাসনকে যাঁরা বিধানসভা চলাকালীন বিধানসভায় অধ্যক্ষের নির্দেশে তাঁরা কাজ করেছেন। আমি দুঃখ প্রকাশ করি, শোক জ্ঞাপন করি যে, এর মধ্যে দু'-দু'টো প্রাকৃতিক বিপর্যয় - একদিকে করোনায় যাঁরা মারা গেছেন সেই সমস্ত নাগরিকদের। তাঁদের পরিবারকে সমবেদনা জানাই। ঠিক একইভাবে বিধানসভার সদস্য ছিলেন, তাঁরাও বিধানসভা চলাকালীন মারা গেছেন, পরলোকগমন করেছেন তাঁদের প্রতিও আমি শোক জ্ঞাপন করি। শোক জ্ঞাপন করি, বাংলার বিশিষ্ট মানুষ, ভারতবর্ষের বিশিষ্ট মানুষ যাঁরা এই সময়কালে পরলোকগমন করেছেন। আবার

দেখা হবে, আবার বিতর্ক হবে, আবার এই চেয়ারে মমতা ব্যানার্জীকেই দেখতে চাইবো। এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Abdul Mannan : স্পীকার মহোদয়, এই ধন্যবাদ জানানোর বিষয়ে পার্থবাবুর শেষ শব্দ দিয়েই শুরু করি। গীতায় একটা কথা আছে - ''আজ যা আমার, কাল ছিল অন্যের, যা আজ হয়েছে আমার, আগামীকাল সেটা অন্য কারও হবে'', গীতায় একটা সার কথা আছে। কাল যেটা ছিল অন্যের কাছে, আজকে সেটা আমার কাছে এসেছে, আগামীকাল সেটা আরও অন্যের কাছে যাবে। কাজী নজরুল ইসলামের একটা গান আছে, আমার অবশ্য কলার-টিউনে লাগিয়ে রাখি, সবসময় শুনি বলে। কেউ ফোন করলেই আমরা শুনি- ''চিরদিন কাহারও সমান নাহি যায়, আজ যে রাজাধিরাজ, কাল সে ভিক্ষা চায়''। এটা ঠিক যে, আজকে যাঁরা আমরা এখানে আছি, তাঁরা যে সবাই আসবে তার কোনো গ্যারান্টি নেই। কেউ দাঁড়াবেন না, কেউ হয়তো দাঁড়াবেন। কেউ হয়তো নতুন মেম্বার আসবেন। আসন হয়তো চেঞ্জ হবে, এই আসনও চলে যাবে হয়তো। আমি এলামই না হাউসে। আবার ঐ আসনও কারও কাছে গেল। সবটাই হচ্ছে চিরকালের জন্য নয় - পরিবর্তনশীল।

আমাদের বিধানসভাটা চিরকাল থাকবে। যত দিন দেশ থাকবে ততদিন আমাদের বিধানসভাও থাকবে। আমরা হয়তো থাকবো না। আমরা দেখেছি, আমাদের আগেও অনেকে এসেছেন। অনেক প্রবাদপ্রতিম মানুষ এসেছেন, আবার চলে গেছেন। আবার নতুন করে আসবেন। সুতরাং, আগামী দিনে কে আসবে এটা কেউ বলতে পারে না। আমিও গর্ব করে বলতে পারি না, আপনিও বলতে পারেন না, পার্থবাবুও বলতে পারেন না। যার সাথে কথা বলছেন তিনিও বলতে পারেন না। কেউই বলতে পারেন না। এটা পরিবর্তনশীল। মানুষের রায়ের ওপর সবকিছু নির্ভর করছে। রবীন্দ্রনাথের একটা কথা আছে, ''বিধির বিধান ভাঙবে তুমি এমনই শক্তিমান''। সেটা এখানে চলে না। আমরা এত শক্তিমান নই, সবকিছুর ওপরে ভগবান। দুর্বলেরও বল আছে, শক্তি আছে। সেখানেও ভগবান আছে। এখানে জনগণ আছে। সবকিছু তারাই ঠিক করবে। যাই হোক, আমি এইসব বিতর্কের মধ্যে যেতে চাই না। আমি, স্যার এটা বললাম কারণ পার্থবাবু লাস্টে একটু কথা বললেন তো তাই। আমাকে একটু প্রোভোক করলেন বা যে কোন কারণে হোক বললেন।

স্যার, বিধানসভার সব কিছু সুষ্ঠুভাবে চলেছে এ কথা বললে বলবো 'দ্বিচারিতা'। এটা আমাদের কনভেনশান। বিধানসভার অধিবেশন যেদিন শেষ হয় সেদিন হয়। আর বিশেষ করে এটা হচ্ছে ষোড়শ বিধানসভার শেষ অধিবেশনের শেষ দিন। এটা একটা কনভেনশান। আমাদের মধ্যে যে বিরোধ ছিল সেগুলো ভুলে গিয়ে আমরা একে অপরকে অভিনন্দন জানাই। যেমন শারদ উৎসবের পরে বিজয়ার দিন বিসর্জনের পরে বা ঈদের শেষে একে অপরকে আলিঙ্গন করি, বিভিন্ন উৎসবেও করি। তখন এটা কেউ মনে রাখে না কে কাকে কী করেছিল। ... (নয়েজ) ... ফিরাদ এত অধৈর্য হলে কী করে হবে বলো না ! আমাদের যন্ত্রণা আমরা বুঝি।

তোমাদের আনন্দ তোমরা বোঝো। তোমাদের আনন্দ প্রকাশ তোমরা করবে। আমাদের যন্ত্রণা এখানে প্রকাশ করার জায়গা নেই, করতেও চাই না। স্যার, আমি আমার জীবনে অনেক বার এই বিধানসভার সদস্য, হয়েছি। অনেক নতুন, পুরনো, প্রবাদপ্রতিম মেম্বারকে দেখেছি, তাদের সংস্পর্শে এসেছি। কিন্তু এবারে আমার জীবনে একটা অন্য অভিজ্ঞতা হল স্যার। তবে তার জন্য আপনি দায়ী নন স্যার। আপনার অফিসও দায়ী নয়। মবলঙ্করের বিরুদ্ধে যখন লোকসভায় অনাস্থা এসেছিল তখন একজন বলেছিলেন, তিনিও বলেছিলেন, 'স্পীকারকেও একটা রাজনৈতিক দলের সদস্য হয়ে নির্বাচিত হতে হয়। এটা ভুলে গেলে চলবে না।' হালিম সহেবও বলতেন 'আমি একটা রাজনৈতিক দলের সদস্য এটা আপনারা ভুলে যাবেন না।' তার বিরুদ্ধে বার বার অনাস্থা প্রস্তাব এনেছি। এখানে শোভন-দা আছেন, সুব্রত-দা আছেন জানেন। উনিও উঠে দাঁড়িয়ে বলেছিলেন 'আমি একটা রাজনৈতিক দলের সদস্য এটা ভুলে গেলে চলবে না ; আমাকে যতই গালাগালি করুন।' হালিম সাহেব তো আবার পার্টির সেক্রেটারিয়েটেরও মেম্বার ছিলেন। আমরা তুলতাম এ সব প্রশ্ন। সেই হিসাবে আপনাকে দোষ দিয়ে লাভ নেই। আপনার বিরুদ্ধে কোন অভিযোগ আমাদের নেই। আপনার একটা কম্পালশান আছে। আমারও একটা কম্পালশান আছে একটা রাজনৈতিক দলের প্রতি, আদর্শের প্রতি। সেই রকম আপনারও আছে। কিন্তু স্যার যখন কোন অধিকার খর্ব হয়ে যায় এবং সেটা চেপে দিয়ে বলি, যেমন আমি আত্মীয়ের বাড়িতে গেলাম খাওয়ালেন না, অপমান করে তাড়িয়ে দিলেন কিন্তু তবুও আত্মীয়ের প্রশংসা করে বলবো 'দারুণ আপ্যায়ন করেছেন' - আমি ঠিক এই আদর্শে বিশ্বাস করি না।

স্যার আপনি সব রিডিং পড়ে গেলেন। একটা জায়গায় 'no confidence motion' কতবার এসেছে বললেন। তার পর বললেন 'leave is granted but not discussed'. একথা বললেন। নিশ্চয় আমরা, অপোজিশান, অনাস্থা এনেছি, সরকার পক্ষ তো আনবে না কিন্তু granted হল না কেন? আমরা কি withdraw করেছি? না। আমার তো মনে হয় না। কিন্তু সেখানে যদি আমাদের অধিকার খর্ব হয় তাহলে তো ক্ষোভ থাকবেই। আপনি উল্লেখ করলেন সেই জন্য আমি বললাম। নিশ্চয় আপনি ব্রিফ যেগুলো দিয়েছেন সেগুলো সব সত্যি। আপনি সত্য উৎঘাটন করে দিয়েছেন। সত্য অপ্রিয় হলেও বলেছেন। আপনাকে ধন্যবাদ। কিন্তু এটা তো আমার দেখার দায়িত্ব নয়। আমরা একটা অনাস্থা নিয়ে এলাম, মেম্বারদের হাজির করালাম, সব কিছু করলাম, কিন্তু আলোচনা করতে দেওয়া হল না। স্যার, গত প্রায় এক বছর ধরে লকডাউন পিরিয়ডে হাউজে আমরা কোশ্চেন করার সুযোগ পাই নি কারণ হাউজই হয় না। মেনশান করার সুযোগ পাই নি। জিরো আওয়ার, ইত্যাদি তো দূরের কথা। কোন 185 মোশান হল না। আমরা কয়েকবার বলেছিলাম একটা দিন যখন হচ্ছে আরেকটা দিন বাড়িয়ে দিয়ে কয়েকটি ইস্যু নিয়ে আলোচনা করা যায়। ভারতবর্ষের অন্যান্য রাজ্যেও তো একইভাবে লকডাউন হয়েছে। কিন্তু সেখানে নির্বাচন পর্যন্ত হয়েছে। পৌরসভা, পঞ্চায়েতের নির্বাচন হয়েছে। হাউজও হয়েছে। লোকসভাও তো চলেছে। স্যার, আমাদের অধিকার তো কেড়ে নেওয়া হয়েছে।

[4:20 – 4:30 p.m.]

নিশ্চয়ই আজকে হাউসের সম্মান রক্ষার্থে কনভেনশান অনুযায়ী একে অপরের প্রশংসা করবো, কিন্তু যন্ত্রণা তো প্রকাশ করতেই হয়। এই যন্ত্রনাটা আমাদের রয়েছে। বিরোধীরা মারামারি করে এসে তার পরে হাত ধরাধরি করে বলবে আমরা সব এক হয়ে গেছি, এটা মানুষের কাছে দ্বিচারিতা। মানুষের কাছে আমরা তো বার বার বলেছি আমাদের অধিকার খর্ব করা হয়েছে। আমি এগুলো বলতাম না পার্থবাবু, আপনি যখন বললেন তখন তো তুলতেই হবে। প্রভোকটা কিন্তু আপনি আমাকে করলেন। সেখানে তো বলতে হবে। আমি যদি সেখানে না বলি, আমরা তো আজ এসেছিলাম, আমাদের এবং বামফ্রন্টের মেম্বারদের একটা অভিযোগ ছিল যে আমরা আজকে বয়কট করবো। আমি বললাম যে-না। হাউসটা শুধু সরকার চালায় না। হাউসটা চালান যেটা আপনিও মেনশান করলেন, প্রেসের লোক আছে, বিধানসভার সচিবালয়ের কর্মচারীরা আছেন সবাই, সচিব থেকে আরম্ভ করে, পদাধিকারী থেকে আরম্ভ করে সাধারণ কর্মী, ওয়াচ অ্যান্ড ওয়ার্ড, সুইপার সবাই চালান এটা। সবার সহযোগিতায় চলে। আমি তাঁদের ধন্যবাদ থেকে বঞ্চিত করতে পারব না। ধন্যবাদ তাঁদের প্রাপ্য। প্রেসের লোকেরা আছে, অনেক দর্শক আছেন, সিকিউরিটির লোকেরা আছেন সবার সম্মিলিত প্রচেষ্টায় এই হাউসটা চলে। আমার সঙ্গে সরকারের বিরোধ থাকতে পারে, তার জন্য তাদের আমি সম্মান জানাতে দ্বিধা বোধ করবো, সম্মান জানাব না এটা ঠিক না। তাদের প্রাপ্য সম্মান দিতে হবে। স্পিকার মহোদয়কে সম্মান দিতে হবে। দুজন ডেপুটি স্পিকার ছিলেন তাঁরা মারা গেছেন তাঁদের জন্য নিশ্চয়ই শোক করতে হবে। লকডাউনে অনেক বিধায়ক মারা গেছেন, অনেক ঘনিষ্ঠ বিধায়ক, সিনিয়র বিধায়ক মারা গেছেন নিশ্চয়ই তাঁদের সম্মান জানাতে হবে। সেই দায়িত্ব এবং কর্তব্য পালন করার জন্য আমি এসেছি। কিন্তু আপনাকে বলছি স্যার, যে নজির আজকে হয়ে রইল স্যার, কে থাকবেন জানি না, কে ওখানে বসবেন, কে এখানে বসবেন জানি না -সেটা জনগণ ঠিক করবেন। যে নজিরবিহীন হয়ে গেল এ রাজ্যে, সারা দেশে হয় নি যেটা এখানে হয়েছে আগামী দিনে সেটা কিন্তু ভয়ঙ্কর রূপ ধারণ করতে পারে। আমরা সবাই গণতন্ত্রের অধিকার নিয়ে এখানে এসেছি, গণতান্ত্রিকভাবে নির্বাচিত হয়ে এখানে এসেছি। আমরা যতই ক্ষমতাবান হই, ওই যে বললাম "বিধির বিধান কাটবে তুমি কে এমন শক্তিমান" কেউ আমরা কাটতে পারি না। গণতন্ত্র ধ্বংস করতে আমরা পারি না। কিন্তু এখানে কোথাও তাল কেটে গেছে। যাই হোক এই তাল কাটার মধ্যেও আপনি যেভাবে দক্ষতার সঙ্গে পালন করেছেন আপনাকেও ধন্যবাদ দিচ্ছি। পার্থবাবুর এই শেষের বক্তব্যের আবার আমি বিরোধিতা করছি। যেহেতু আপনি বললেন জনগণই ঠিক করবে আগামী দিনে কে আসবে, কে কোথায় বসবে। ইতিহাস কোনদিন কাউকে ক্ষমা করে না পার্থবাবু। ...(গোলমাল)...আমি বললাম যে এই তাল কাটার মধ্যেও, সুরের তাল কেটে গেল তার মধ্যেও আপনি যে দক্ষতার সঙ্গে চালিয়েছেন নিশ্চয়ই তার জন্য আপনাকে ধন্যবাদ জানাব। এটা আপনার এফিসিয়েন্সি। এটা হওয়া উচিত, স্পিকার সমস্ত তর্কের উর্ধ্বে। পার্থবাবু যে কথাটা দিয়ে শেষ করলেন আমি সেটা দিয়েই বলেছিলাম। আজকে আপনি যেটা ভাবছেন সেটা

থাকবে কিনা জানি না। আমি বলেছি এই আসনে কে বসবে জানি না, ওই আসনে কে বসবে জানি না আর ওখানে কে বসবে জানি না। সেটা জনগণই ঠিক করবে তার জন্য তৈরি থাকুন। কিন্তু আজকে একটা নজিরবিহীন কাজ আপনার সরকার করে গেলেন। আমরা এই লাস্ট অধিবেশনে ওই কয়েকঘন্টার বিতর্ক ছাড়া বাজেটের কিছু পেলাম না। রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে আমরা পাই। সেটার থেকে বঞ্চিত হলাম। এটা গণতন্ত্রের হত্যা, আমি এখনও মনে করছি। সবাই সুখে থাকুন, শান্তিতে থাকুন, সবার জীবনে সাফল্য কামনা করি। নির্বাচনী সাফল্য কামনা না চাইতে পারি, কিন্তু আপনাদের ব্যক্তিগত সাফল্য কামনা করি। সুস্থ থাকুন, ভাল থাকুন এই কামনা করে আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ।

ডঃ সুজন চক্রবর্তী : ষোড়শ বিধানসভার শেষ অধিবেশনের কার্যত শেষ কর্মসূচী। আনুষ্ঠানিকভাবে আমাদের পারস্পরিক বন্ধুত্বের, বোঝাপড়ার, ভাল লাগার, ভালবাসার সম্পর্ক রেখেই বিদায় লগ্নটা ভাল হওয়া উচিত। পরের বিধানসভায় কে আসবেন, কে আসবেন না কেউ জানেন না। সবাই আসলে সবাই নিশ্চয়ই খুশি হবেন। সবাই নাও আসতে পারেন। আসবেন না ধরে নেওয়া যায়। আমি তার মধ্যে যাচ্ছি না। বিধানসভা মানে একটা ভাইব্র্যান্স, বিধানসভা মানে একটা গণতন্ত্র। বিধানসভা মানে মানুষের কথাটাকে সরকারের কাছে, প্রশাসনের কাছে তুলে ধরা। আমাদের কন্সটিটিউশানে খুব গুরুত্বপূর্ণ বিধানসভার ভূমিকা। যেমন এক্সিকিউটিভ, যেমন জুডিশিয়াল বরঞ্চ সবাইকে স্যাংশান নিয়ে চলতে হয় বিধানসভা থেকে। সেই বিধানসভাতে তর্ক বিতর্ক হবে না, হৈ চৈ হবে না এটা যেমন ঠিক নয় তেমনি আবার যুক্তির বাইরে চলে যাবে অথবা শালীনতার বাইরে চলে যাবে এটাও ঠিক নয়। তা সত্ত্বেও আপনি দক্ষতার সাথে চেষ্টা করেছেন। সবাইকে সহমত করে চলতে। কখনও কখনও প্রশ্ন থেকেছে। কখনও কখনও দ্বিধা থেকেছে। আমাদের অনেক সময় রাগ, দুঃখ হয়েছে। কখনও বলেছি বড্ড বেশি ডান দিকে চেপে থাকলে শরীরটা খারাপ হবে। ঠিক, আপনার সুস্থ শরীর আছে, আমি তাতে খুব খুশি। আমি কোন তাত্ত্বিকতার মধ্যে না গিয়ে শুধু বলবো যে, অনেকগুলো যেমন হয়েছে তেমন অপ্রাপ্তির দুঃখও থেকে গেল। দু সপ্তাহের বেশি একটানা অধিবেশন আমরা পেলাম না। আমাদের সংসদীয় পদ্ধতি আছে, দু সপ্তাহের বেশি না হলে এটা করা যাবে না। ফলে এটা করা যাবে না। এই সকল ব্যাপার থাকে। আমার দুঃখ থেকে গেল প্রায় আমি যেভাবে বুঝি প্রিভিলেজ একাধিকবার এনেছে কিন্তু কখনও মনে হয় নি, অন্ততঃ মনে করতে পারি নি যে প্রিভিলেজটা ঠিকমত করে গুরুত্ব দেওয়া হল বা স্যার, একই ধরনের যে যন্ত্রনা থেকে গেল, কখনও এদিকের জন্য বা ওদিকের জন্যও বটে দলত্যাগ আইন থাকা সত্ত্বেও দলত্যাগীরা লুকিয়ে চুরিয়ে এখানে, ওখানে, সেখানে, বাইরের বারান্দায়, লবিতে গিয়ে বসে থাকছে। আছেন এক দলে সরকারি হিসাবে, বাস্তবে আছেন অন্য দলে। যখন এদিকে হচ্ছিল তখন অনেকে হয়তো ভাবছিলাম, ভালই তো হচ্ছে। দলত্যাগ হতে হতে ভেঙ্গে চলে যাক। কিন্তু ঠিকই তো চিরদিন তো সবার একই রকম যায় না। সেটা এই ঘর থেকে ঐ ঘরে চলে গেল। আমি বলবো, এই ঘর হোক বা ঐ ঘর হোক দলত্যাগের যন্ত্রণা নিয়ে আমরা সবাই কখনও প্রশয় পেলাম, থাকলাম। ভাবলাম বাঃ বেশ ভালই হয়েছে।

শেষ পর্যন্ত এখনও পর্যন্ত সাড়ে চার বছর হওয়া সত্ত্বেও আমার নির্দিষ্ট অভিযোগ একটি দলত্যাগ এখনও পর্যন্ত হয় নি।

সেই যন্ত্রণা আমার থাকা সত্ত্বেও আমি বলবো, দলত্যাগ সহ সংক্রান্ত বিষয়ে আমাদের বিধানসভার গণতন্ত্র এবং গরিমাটা খানিকটা খর্বিত হয়েছে। এতদ্সত্ত্বেও, আমরা অনেক আলোচনা করেছি। অনেক তর্ক, বিতর্ক করেছি। পারস্পরিক বোঝাপড়া করেছি। যুক্তিতর্ক হয়েছে। সব কিছুর মধ্যে দিয়ে আবার একটা নতুন দিনে এগোবার প্রশ্ন মন এবং মনোভাব - আপনাকেও চাপের মধ্যে থাকতে হয়। সবাইকে চাপের মধ্যে থাকতে হয়। আপনি যেভাবে সামাল দিয়েছেন আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। সরকার পক্ষে যাঁরা আছেন তাঁদের ধন্যবাদ

Shri Ali Imran Ramz : Thank you sir

آج میں اس ہاؤس کے آخری دن میں سب سے پہلے آپ کا شکریہ ادا کرنا چاہتا ہوں کہ اس بدھان سبھا میں پچھلے تین term سے میں ایم۔ایل۔اے ہوں اور جب ۲۰۰۹ میں پہلی بار منتخب ہو کر اس بدھان سبھا میں آیا تھا اُس وقت میرے ساتھ ہمارے میونسپل منسٹر فرہاد بھائی بھی ۲۰۰۹ میں آئے تھے۔آج وہ سرکار میں ہیں، منتری ہیں اور ہم اپوزیشن میں ہیں اسی لئے نہیں ہے۔بات کو سمجھئے، ہم کیا کہہ رہے ہیں اُس کو سنئے، ہم لوگ سب ایک ساتھ آئیں ایک دوسرے کے آمنے سامنے سیاسی مدّوں پر بات چیت کی، سرکار کے خلاف بہت سارے مدّوں پر سخت تنقید بھی میں نے کیا۔سرکار کے ساتھ مدبھیڑ بھی ہوئی بات چیت میں اپنی نیتیوں کے ساتھ پارٹی کے اصولوں کے ساتھ میں نے سدن میں اپنی پارٹی کی بات رکھی ہے، کبھی کسی پر میری طرف سے personal attack نہیں ہوا جبکہ اس ہاؤس میں میری تقریر رکھنے پر سب سے زیادہ ہنگامہ ہوا ہے۔آپ کو بھی کافی پریشانی ہوئی ہے اسپیکر سر، میری وجہ سے، لیکن اس کے باوجود میں سب کا شکریہ ادا کرتا ہوں کہ جس طریقے سے ہم لوگوں نے جمہوریت کو مانتے ہوئے جمہوری طریقے سے اپنی بات رکھنے کا جگہ ہے یہ بدھان سبھا اُس جگہ پر ہم نے اپنی باتیں رکھی ہیں لیکن کبھی کسی پر personai attack نہیں ہوا۔مجھے کسی سے کوئی شکایت نہیں ہے لیکن مجھے افسوس ہے سر، اس سدن کو جمہوریت کا مندر کہا جاتا ہے۔جہاں ہم جمہوریت کے ساتھ Right to speech جو دستور ہند ہم کو حق دیتا ہے اور ہم اپنی باتیں رکھتے ہیں۔جب میں بولا کرتا تھا سر کبھی کبھی ہمارے سرکار کے پکش سے کچھ personal attack میرے اوپر ہوئے جو کہ on record بھی ہے جس پر privilege motion کا اپوزیشن لیڈر کی طرف سے مانگ بھی کیا گیا تھا۔کبھی وہ موقع ملا نہیں لیکن میری طرف سے کبھی کسی پر personal attack نہیں ہوا لیکن مجھ کو لیکر، میرے فیملی کو لیکر، میرے فیملی میں ایک incident ہو گیا جس کے لئے کسی بھی طرح سے liability میرا نہیں ہے اور میں innocent ایک بچہ تھا۔میرے فیملی میں ایک حادثہ پیش آگیا۔اُس مدّے کو یہاں پر اٹھایا گیا اور اس کو ہاؤس میں appriciate کیا گیا۔مجھے اس بات کا دُکھ ہے کیونکہ مجھے اس ہاؤس سے یہ اُمید نہیں تھی سر، کیونکہ جب میں اسکول میں تھا باہر میں بھی میں نے ان چیزوں کو فیس کیا ہے اور اُس سے میں لڑتے ہوئے آج چناؤ جیت کر اس سبھا میں آیا ہوں اُسی سیٹ سے جہاں سے میرے والد صاحب تھے۔آپ لوگوں میں بہت سارے لوگ ہیں جو میرے والد صاحب کے ساتھی رہے ہیں اور میں اُسی سیٹ سے لڑ کر سر اٹھا کر یہاں آیا تھا اور یہ اُمید کیا تھا کہ اس ہاؤس میں جو لوگ آئے ہیں۔یہ لوگ بھی politically educated لوگ ہیں اور میں educated لوگوں کے بیچ میں آکر جب اپنی بات politically رکھتا تھا ایک ideology کے ساتھ یہاں پر جب اس طرح کا سوال اٹھتا تھا یہ کہیں نہ کہیں مجھے تکلیف دیتا تھا۔لیکن میں آپ سے یہ اُمید کیا تھا سر کہ آپ اس پر کوئی ایکشن لیں گے لیکن نہیں ہوا۔خیر اس کے لئے مجھے افسوس نہیں ہے اور نہ ہی مجھے آپ سے کوئی شکایت ہے لیکن آج یہ ہاؤس میں اس لئے بول رہا ہوں کہ جو لوگ کل میرے خلاف یہاں پر آواز اٹھا رہے تھے آج اُس میں سے کئی لوگ سرکار کا ساتھ چھوڑ کر آج گیروہ سپیر کے ساتھ چلے گئے ہیں۔ایسے لوگ جو آتے ہیں ہاؤس میں اُن کو میں یہ کہنا چاہتا ہوں کہ آج ہو سکتا ہے کہ کل چناؤ ہو اُس میں کچھ لوگ ہم میں سے لوٹ کر نہیں بھی آئے اس سدن میں، کل ہو سکتا ہے ہم اس سدن کے باہر بیٹھے کہیں اخباروں میں پڑھ رہے ہوں ہمارے عزت مآب نئے ممبرس، منسٹرس ہیں وہ جب کچھ بولیں جب ہم اخباروں میں پڑھے ٹی وی پر دیکھے تو باہر مجھے بھی یہ گرب ہونا چاہئے کہ میں آج اس سدن کا ممبر نہیں بھی رہوں تو بھی مجھے یہ گرب ہونا چاہئے کہ میں اُس ہاؤس کا ممبر رہ چکا ہوں جس ہاؤس سے یہ بات بولی جا رہی ہے۔جو اخباروں میں چھپ رہا ہے جو ٹی وی میں دکھایا جا رہا ہے۔یہ گرب ہونا چاہئے نہ کہ شرمندگی ہوں کہ ایسے ہاؤس کا میں ممبر ہوں جو جمہوریت کا مندر ہوتے ہوئے بھی وہاں جمہوریت نام کی چیز نہیں ہے۔وہاں پر جمہوریت کا گلا گھوٹا جا رہا ہے یہ نہیں ہونا چاہئے سر، اپوزیشن میں کل تک آپ بھی تھے آج ہم لوگ ہیں۔میں جب پہلی بار یہاں ۲۰۰۹ میں آیا تھا۔ہمارے عزت مآب منسٹر پارتھو چٹرجی صاحب اُس وقت یہاں بیٹھا کرتے تھے۔وہ یہاں بیٹھتے تھے میں نے اُن کو دیکھا ہے as a opposition leader وہ کس طرح سے سرکار سے لڑتے تھے۔اُن کو دیکھ کر میں بھی سکھا ہوں۔اُن کو دیکھ کر میں سکھا ہوں as a opposition leader وہ کیسے لڑائی کرتے تھے؟ اُس وقت بایاں محاذ کی سرکار تھی۔اور بایاں محاذ سے وہ لڑائی کرتے تھے۔وہ یہاں پر کھڑے ہو کر چیکا کرتے تھے، وہ یہاں سے اسپیکر کا گھیراؤ کرنے جاتے تھے۔یہ سب میں نے دیکھا ہے۔پہلی بار جب میں ایم۔ایل۔اے بنا تھا۔آج پارتھو چٹرجی صاحب سرکار میں ہیں، منسٹر ہیں۔اُن کا دکھایا ہوا راستہ تھا جس طرح سے انہوں نے

لڑائیاں کی تھیں۔ آج اگر وہی کام ہم کرتے ہیں تو ہمیں کہا جائے گا کہ ہم جمہوریت کے خلاف ہیں۔ یہ نہیں ہونا چاہئے سر، جمہوریت میں ہر کسی کو آزادی ہے اپنی بات رکھنے کا اور as a speaker آپ ہمارے custadian ہیں سر، یہ آپ کی ذمہ داری ہے کہ ہم سب کا ہمارا جو جمہوری حقوق ہے، دستور ہند جو ہمیں اجازت دیتا ہے اُس کی مریادا کو رکھتے ہوئے ہم اپنا حق کا استعمال کر سکے یہ آپ سوچئے سر، جو وقت گزر گیا وہ تو لوٹ کر نہیں آئے گا سر، لیکن آنے والے وقت میں سب سے میں اپیل کروں گا کہ آنے والے وقت میں ہم میں سے جو بھی عوام کے ذریعے منتخب ہو کر آئیں گے وہ ان سبھی مریاداؤں کا لحاظ رکھتے ہوئے آنے والے وقت میں بنگال کے ہیت میں ہم اپنی بات رکھیں گے اپنا کام کریں گے یہی کہہ کر میں تمام پریس میڈیا کے ہمارے ساتھیوں کا، ہماری اسمبلی کے تمام Executive, staff کا سب کا میں شکریہ ادا کرتا ہوں سر، Thank you

জানাচ্ছি। সচিবালয়ের কর্মীরা খুবই পরিশ্রম করে কাজ করেন। এটা বলতে আমার কোন দ্বিধা নেই, খুবই পরিশ্রম করে কাজ করেন। আমাদের রাজ্যের বিধানসভার সচিবালয় গুণমানের দিক থেকে, কাজের দিক থেকে শ্রেষ্ঠত্ব পাচ্ছে বলে অন্ততঃ আমার বিশ্বাস। আমি তাঁদের ধন্যবাদ জানাই। আমি ধন্যবাদ জানাই মিডিয়া – মিডিয়া যেভাবে আমাদের সাহায্য করেন। সব ধন্যবাদ জানানোর মধ্যে একটা একটু অধন্যবাদ হয়ে যায় হঠাৎ হঠাৎ কথায় কথায় ২৯৪ - এর মধ্যে কিছু হলে ৫০ জন ঢুকে পড়ে সেটা একেবারে দরকার হয় বলে আমার মনে হয় না। সেটাকে নিয়ে আমাদের পারস্পরিক রিলায়েন্সে একটা ঘাটতির মনোভাব দেখা যায়। এই সব মিলিয়ে তা সত্ত্বেও ধন্যবাদটা বেশি। সেই মনোভাব দিয়ে আমাদের চলা উচিত।

[4:30 – 4:40 p.m.]

সেটাতে যেন পারস্পরিক রিলায়েন্সে ঘাটতির মনোভাব দেখা যায়। এই সব মিলিয়ে কিন্তু এতদ্‌সত্ত্বেও ধন্যবাদটাই বেশি। সেই মনোভাব থেকেই আমাদের চলা উচিত। ভবিষ্যতে নিশ্চয় এই খামতি কাটিয়ে সপ্তদশ বিধানসভা আরও ভাল করে চলবে, যেই চালাক, যেভাবেই চালাক, তার মনোভাব থেকেই সবাইকে আমি শুভেচ্ছা জানিয়ে, আপনাকে বিশেষভাবে ধন্যবাদ জানিয়ে আমার কথা আমি শেষ করছি। নমস্কার।

শ্রী বিশ্বনাথ চৌধুরী: (অনুপস্থিত)।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে ১৬তম বিধানসভার সমাপ্তির দিন, যদিও অনেকখানি হৃদয়বিদারক। তা সত্ত্বেও এই ১৬ তম বিধানসভার কীভাবে সমাপ্তি ঘটছে, সেই বিষয়ে বিভিন্ন দলের দলনেতা মান্নান সাহেব এবং আমাদের বাম পরিষদীয় দলের নেতা মাননীয় ডঃ সুজন চক্রবর্তী - তাঁরা বলেছেন। গণতন্ত্রের পীঠস্থান এই পবিত্র বিধানসভা, যেখানে বিরোধীদের মর্যাদা যাতে অক্ষুন্ন থাকে, তাদের অধিকার যাতে বজায় থাকে, সেটা আপনি দেখবেন, যেহেতু আপনি বিধানসভার কাস্টোডিয়ান। এই সংক্রান্ত বিষয়ে আমাদের অভিযোগ, অনুযোগ অনেক। বিরোধী দলের সদস্য হিসাবে বিভিন্ন বিষয়ে আমরা আমাদের বক্তব্য অনেক সময় রাখতে পারি না। তা সত্ত্বেও এখানে যে বক্তব্য আমাদের আগে আমাদের দু'জন বক্তা রাখলেন আমাদের বিরোধী দলের পক্ষ থেকে, তাঁদের বক্তব্যকে সমর্থন করে আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি মাননীয় পরিষদীয় মন্ত্রী সহ সরকার পক্ষের সমস্ত সদস্যদের। ধন্যবাদ জানাচ্ছি মাননীয় সচিব সহ সমস্ত আধিকারিকদের এবং বিধানসভার

সমস্ত কর্মীবর্গকে। আমাদের বিধানসভায় যে সমস্ত আলোচনা হয়, এখানে সাংবাদিকরা আছেন, যাঁরা সেগুলি সাধারণ মানুষের কাছে পৌঁছে দেন, আমি তাঁদেরকে ধন্যবাদ জানাচ্ছি। সেই সঙ্গে এই বিধানসভাকে জড়িয়ে আর যারা আছেন প্রত্যেককেই ধন্যবাদ ও অভিনন্দন জানিয়ে শেষ করছি। আগামী ২০২১ সালের বিধানসভায় আবার আমরা কে আসতে পারব, তবে যাতে ১৭ তম বিধানসভায় যারাই আসুন যাতে গণতান্ত্রিক একটা পীঠস্থান হিসাবে তার মর্যাদা অক্ষুন্ন থাকে, এইটুকু কামনা করে সবাইকে অভিনন্দন জানিয়ে শেষ করছি। ধন্যবাদ।

[4:40 – 4:50 p.m.]

श्री मनोज तिग्गा : धन्यवाद सर, मनुष्य प्राणी जगत मे सबसे श्रेष्ठ प्राणी हैं । मै चाय वगान का लड़का हूँ । हमारे माता -पिता दोनों ही चाय वगान में काम करते हैं तो मुझे गर्व है कि मै यहाँ आके मेरा चाय वगान के बारे मे मेरे क्षेत्र के बारे मे बोलने का मौका मिला और बहूँत सारा काम भी हुआ । तो मै कहना चाहता हूँ कि आजकल कोई नेता बनना नहीं चाहते है, लोग सोचते है कि नेता नही बनना- बहुत खराब चीज चीज है । इसमे खराब लोग ही जाते हैं तो इसलिए हमें जितने भी है मंत्री हैं जो भी है आने बाला समय में साथ मे विचार करना चाहिये कि हम एसा नेता बने, हम एसा मंत्री बनें, हम एसा बनें कि आने बाला पीढ़ी अनुशरण करें। इसलिए मै बोलना चाहूँगा कि दिमाग कोई कचरा का डिब्बा नही हैं कि हम इसे प्रभोग, असम्मान, गुस्सा, हिन्सा पाले । दिमाग को तिजोरी की तरह प्रयोग करें, इसमें अहिन्सा ज्ञान विज्ञान और विधा हो जिसको लेकर के हम आने बाला समय में इस विधान सभा को गोरान्वित करेगें । भले ही आज जो उस तरफ बैठे है उन्हे कल उधर बैठना पड़ सकता है । जो आज इधर बैठे है कल उधर बैठे यही गणतंत्र का इस संसदीय पद्धति का नियम हैं कि जो आज इधर है उसको कल उधर बैठना पड़ेगा । जो कल इधर है उसको कल इधर बैठना पड़ सकता है तो जो भी हो जैसे कि आर्मी का या जो आर्मी मे काम करते है उनका दोस्त प्लेटफार्म तक होता हैं । तो आने बाला समय में सभी कोई ट्रेन का टिकट काटेंगें । किसी का टिकट कन्फर्म होगा किसी का नही होगा यदि टिकट कन्फर्म भी होता है तो वह ट्रेन पकड़ पायेगा कोई ट्रेन नही पकड़ पायेगा यह आने बाला समय बतायेगा । इसलिए सबसे पहले मै स्पीकर सर को धन्यवाद देना चाहूंगा कि उन्होने जिस प्रकार से पेसेन्स से बैठकर के इस सदन को सुचारु रुप से चलाना बहुत ही कठिन काम हैं फिर भी उन्होने अपने धैर्य का परिचय देते हुए जिस तरह से इस सदन का परिचालन किये है, इससे ये धन्यवाद के पात्र हैं। और साथ ही हमारे जो सचिवालय हैं और साथ ही जो हमारे विधान सभा के प्रेस में काम करने बाले जो कि बैठ कर के एक- एक शब्द का उच्चारण करते है और साथ ही हमारे प्रेस मिडिया जो कि अपने देश का गणतंत्र का चौथा स्तम्भ समझते है जो बात हम यहाँ करते है वो लोगों तक पहुँचाने का काम करते है और लोग समझते है कि विधान मे क्या हो रहा है और साथ ही हमारे सिक्युरीटी के खड़े हो करके इस विधान सभा को चलाने मे सहयोगिता करते हैं और भी जो इसके बाद रात भर जाग करके प्रश्न पत्र बनाते है और कुछ बनाते है । रात भर जाग करके विधानसभा के सत्र को सफल बनाने के लिए जो भी काम करते है वो भी धन्यवादके पात्र है । तो मै बोलना चाहूंगा कि कोरोना महामारी, अम्फान में या बहत ही हमारे साथी है जो 16 वे विधान सभा मे आधे रास्ते मे हमे छोड़कर चले गए तो अम्फान कोरोना महामारी में जिन लोंगों

में अपना परिवार का सदस्य खोया है उनके प्रति श्रद्धांजली और उस परिवार जिन्होने अपना सदस्य खोया हैं उनके प्रति सम्वेदना और जो हमारे साथी 16 विधान सभा में चुन कर के आये थे लेकिन आधा रास्ता में छोड़कर के हमे चले गये उनके परिवार के प्रति सम्वेदना और श्रद्धांजली ज्ञापन करते हुए सभी को धन्यवाद देते हुए मै अपनी बात समाप्त करता हुँ।

ডঃ রোহিত শর্মা : অনুপস্থিত।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ষোড়শতম বিধানসভার আজকে শেষতম দিন। আপনি অনেক বিতর্কের মধ্যে সকলকে নিয়ে অত্যন্ত পারদর্শিতার সঙ্গে এই বিধানসভা পরিচালনা করেছেন। আপনাকে আমাদের সকলের পক্ষ থেকে ধন্যবাদ জানাই। এ বার আমরা দু'জন ডেপুটি স্পিকারকে হারিয়েছি।

তাঁদের পরিবারের প্রতি আমার সমবেদনা জানাচ্ছি। আমরা অনেককেই হারিয়েছি। তাঁদের পরিবারের প্রতি আমার সমবেদনা থাকল। আমাদের এই বিধানসভার মাননীয় পরিষদীয় মন্ত্রী এবং পরিষদীয় রাষ্ট্রমন্ত্রী তাপস রায়, এবং আমার ডেপুটি চিফ হুইপ সমীর চক্রবর্তী এঁদের সহযোগিতা ভীষণভাবে পাওয়াতেই এই হাউস সুন্দরভাবে পরিচালনা করা, আপনার সঙ্গে এই হাউসকে সহযোগিতা করা সম্ভব হয়েছে। স্যার, এই হাউসের নেতা এবং আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী তিনি বারবার এই পাঁচ বছরে এই হাউসকে বিভিন্নভাবে উদ্ভাসিত করেছেন। তিনি সুন্দরভাবে সকল বিধায়কের প্রশ্নের জবাব দেওয়ার চেষ্টা করেছেন। এবং যখনই তিনি এখানে ভাষণ দেন বা বক্তৃতা রাখেন এবারও তিনি মুখ্যমন্ত্রী হিসেবে অর্থমন্ত্রীর অসুস্থতায় বাজেট পেশ করেছেন। অত্যন্ত সহৃদয়ভাবে একটি সুন্দর বাচনভঙ্গিতে সকলকে তিনি গ্লোরিফাই করেছেন। আমি এই হাউসে বরিষ্ঠ মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জ্জী, শোভনদেব চট্টোপাধ্যায়, আমাদের ফিরহাদ হাকিম সহ সমস্ত মন্ত্রীদের আমার পক্ষ থেকে ধন্যবাদ জানাই। লিডার অফ দ্য অপোজিশান সবাই আমরা বলে থাকি হাউস বিলংস্ টু অপোজিশান, স্যার অনেক বাধা বিপত্তির মধ্যেও আমি বিরোধী দলের নেতার কথা যতই বলব কম হবে। তবুও বিরোধী দলনেতা এবং তাঁর দলের সকলকে আমার ধন্যবাদ জানাই। আমার শুভেচ্ছা থাকল। বামফ্রন্টের পরিষদীয় নেতা ডঃ সুজন চক্রবর্তী এবং বামফ্রন্টের সমস্ত বিধায়ক বন্ধুদের ধন্যবাদ জানাই। মনোজ টিগ্গা ও আপনাকে আমি ধন্যবাদ জানাই। জি.এন.এল.এফ.-এর মাননীয় সদস্যদের আমি ধন্যবাদ জানাই। অনেকে বলেছেন, কে আসবেন কে যাবেন, গণতন্ত্রে এই যে নির্মম সত্য কথাটা আমরা সকলেই জানি। আসলে হয় কি জানেন, যখনই আমার পক্ষে থাকে আমি উচ্ছ্বসিত হই, যখনই আমরা বিরোধিতায় যাই তখন আমরা সবাই হোপলেস হয়ে যাই। এখানে কিন্তু আশাহত হওয়ার ব্যাপার নেই। সবাই মিলে আমরা এই হাউসকে এই পবিত্র বিধানসভায় আমাদের যা কর্তব্য আমরা সেটা পালন করেছি। আমি প্রেস এ্যান্ড মিডিয়াকে আমার পক্ষ থেকে অকুণ্ঠ ধন্যবাদ। আমাদের বিধানসভার যাঁরা রাইটার আছেন সকলকেই আমার ধন্যবাদ জানাই। আমি বিধানসভার সচিব এবং সচিবালয়ের সমস্ত বন্ধুদের আমাদের পক্ষ থেকে ধন্যবাদ জানাই এবং তাঁদের যে অক্লান্ত পরিশ্রম এবং

যথাসময়ে সব জিনিসটা একেবারে প্রস্তুত করে দেন তার জন্য আমার বিশেষ ধন্যবাদ জানিয়ে, আর একবার সকলকে আমার ধন্যবাদ জানাই। সুস্বাস্থের কথা বলতে গেলে ২০২০টা একটা ভীষণ কঠিন সময়ের মধ্য দিয়ে অতিবাহিত হল। এক দিকে আমফান, কে বাঁচবে কে থাকবে, আর একদিকে করোনা, বহু ক্ষতি হয়েছে। অনেকের ব্যক্তিগত, অনেকের সমষ্টিগত। পশ্চিম বাংলা সহ ভারতের অনেকেরই ক্ষতি হয়েছে। এবং তার মধ্যেই আমি আমার শেষ কথায় আমি বলি, এই আমফান এবং করোনাকে বাংলার সমস্ত যে যেখানেই ছিল সকলকেই একত্রিত করে বাংলার মুখ্যমন্ত্রী চেষ্টা করেছেন করোনামুক্ত বাংলা গড়ার। এই কথা বলে আপনারা সবাই ভালো থাকুন, সুস্থ থাকুন। জানি না আবার কার সঙ্গে কোথায় দেখা হবে। কিন্তু হাউস তো আছে, স্পিকার সাহেব আপনার সুস্থতা কামনা করে আমার বক্তব্য শেষ করি। নমস্কার।

মিঃ স্পিকার : এবার আমার পালা, আমার মনে হয় স্পিকারকে ধন্যবাদ জানানো উচিত কি উচিত কিনা সেটা নিয়ে একটা বিতর্ক সভা হওয়া উচিত। আজকে আমার সে কথাটাই মনে হয়েছে। যাই হোক, ষোড়শ বিধানসভার আজকে শেষ দিন। আজকে এখানে মন্ত্রিসভার সদস্যরা রয়েছেন, গভর্ণমেন্ট চিফ হুইপ রয়েছেন, মাননীয় সদস্যরা রয়েছেন, বিরোধী দল নেতা রয়েছেন, পরিষদীয় দলের নেতৃত্ব সবাই রয়েছেন।

[4:50 – 4:59 p.m.]

আমি একটা জিনিস মনে করি যে, এই চেয়ারটা এমন একটা জায়গা যে সবাইকে সন্তুষ্ট করতে পারে না। আমি সবাইকে সন্তুষ্ট করতে পারি নি। তবে একটা কথা আমি বলব যে বিধানসভার নিয়ম মেনে এবং সংবিধান মেনে যতটুকু করা সম্ভব ততটুকু আমি করেছি। প্রশ্নোত্তর পর্বে যদি আপনারা দেখেন হয়তো ঠিক কথা যে আমফানের জন্য বা আমাদের পরবর্তী ক্ষেত্রে প্যানডেমিক সিচুয়েশানের জন্য বিধানসভার অধিবেশন কম হয়েছে। তা না হলে এত কম হওয়ার কথা নয়। লোকসভাতেও কম হয়েছে। অন্যান্য রাজ্যের বিধানসভারও খবর আমরা নিয়েছি। সারা দেশে একটা ভয়ঙ্কর প্যানডেমিক সিচুয়েশানের জন্য সেখানেও এবার পর্যাপ্ত পরিমাণ দিন তাঁরা করতে পারেন নি। যাই হোক আমি সেই বিতর্কে যেতে চাই না। আমার বিতর্ক করার কিছু নেই। এটা সত্যি কথা বলতে গেলে আপনাদের সাহচর্য্য পেয়ে এবং এই বিধানসভা পরিচালনার দায়িত্ব পেয়ে আমি সত্যিই অত্যন্ত আনন্দিত। এখানে আপনারা সকলে একসাথে আমাকে নির্বাচিত করে পাঠিয়েছেন। সেই জন্য সবাইকে ধন্যবাদ জানাই। আজকে এখানে সবাই অনেক কথা বলেছেন। আমি এখানে শুধু কয়েকটি ইমপর্ট্যান্ট বিল যেগুলি আছে সেগুলি নিয়ে বলব। অ্যাবাউট সাম ইমপর্টেন্ট ফ্যাক্টস, আমাদের এই ষোড়শ বিধানসভায় যেগুলি হয়েছে সেগুলি নিয়ে বলব। আমাদের এখানে মোট ১৪০টি বিল পাশ হয়েছে এবারের বিধানসভাতে। তার মধ্যে কিছু কিছু ইমপর্ট্যান্ট বিলের উল্লেখ আমি করছি। ১৫টি ডিফারেন্ট নিউ ইউনিভার্সিটিজ বিল, ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্ট্যাবলিশমেন্ট রেজিস্ট্রেশান রেগুলেশান এ্যান্ড ট্রান্সপ্যারেন্সী বিল, ওয়েস্ট বেঙ্গল হাউজিং রেগুলেশান বিল, ওয়েস্ট বেঙ্গল সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইবস্

এ্যান্ড আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস ডেভেলপমেন্ট এ্যান্ড ফাইনানসিয়াল কর্পোরেশন বিল, ওয়েস্ট বেঙ্গল সিডিউল্ড কাস্ট এ্যান্ড অ্যাডভাইজারী কাউন্সিল বিল এ্যান্ড ওয়েস্ট বেঙ্গল প্রিভেনশান অফ লিঞ্চিং বিল এবং যে রেজোলিউশানগুলি গ্রহণ করা হয়েছে আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভাতে, আমাদের রাজ্যের নাম চেঞ্জ অফ দ্য নেম অফ দ্য স্টেট ইন্টু বাংলা, এটা আমরা সকলে সর্বসম্মতিক্রমে আলোচনা করে পাঠিয়েছিলাম। ডিমনিটাইজেশানের উপরে যে সমস্ত গুরুত্বপূর্ণ আলোচনা এখানে হয়েছে তার রেজোলিউশান রেখে এবং সিটিজেনশিপ অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট সেটার উপরেও আলোচনা করে আমরা সেটাকে রিপিল করবার জন্য সকলে আলোচনা করে সর্বসম্মতিক্রমে আমরা একটা সিদ্ধান্ত নিয়েছি। এন.আর.সি. ইস্যু এবং কন্যাশ্রী প্রকল্প এই সমস্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে এখানে আলোচনা করা হয়েছে। এ ছাড়াও আমাদের এখানে প্লাটিনাম জুবিলি মেমোরিয়াল বিল্ডিংএর শিলন্যাস করেছি এবং মাননীয়া মুখ্যমন্ত্রী ২৯.১১.২০১৭ তারিখে শিলান্যাস করেছিলেন। এটা ফেব্রুয়ারী মাসে শেষ হয়ে যাওয়ার কথা ছিল। কিন্তু প্যানডেমিক সিচুয়েশানের জন্য যাঁরা এখানে কাজকর্ম করতে আসেন, তাঁরা কেউ কাজ করেন নি। সকলে দেশে চলে গিয়েছিলেন যার জন্য এই কাজটা সম্পন্ন হতে পারে নি। এই কাজটি সম্পন্ন হওয়ার কাছাকাছি এসে গেছে। ২০১৯ সালে ২৬শে এবং ২৭শে নভেম্বর কনস্টিটিউশনাল প্রোগ্রাম আমরা সেলিব্রেট করেছি। তাতে আমাদের ভারতবর্ষের অনেক বিখ্যাত ব্যক্তি, এখানে এসেছিলেন, এবং তাঁরা তাঁদের বক্তব্য এবং মতামত রেখেছিলেন। আপনারা যাঁরা সদস্য-সদস্যা আছেন, তাদেরও বিভিন্ন মতামত আমরা পেয়েছি। অনেকে অনেক কথা বলেছেন এ কথা ঠিক। কিন্তু আমি আমার যে সমস্ত যুক্তি এবং যে রুলিং আমার চিন্তার মধ্যে এসেছে যেগুলি সংবিধান এবং আমাদের রুল্স্ অব প্রসিডিওর এ্যন্ড দু-জন ডেপুটি স্পিকারকে হারিয়েছি। আজকের দিনে আমার সঙ্গে ডেপুটি স্পিকারের থাকার কথা ছিল। কিন্তু দুর্ভাগ্যবশতঃ কয়েকদিন আগে আমাদের ডেপুটি স্পিকার মারা যাওয়ার জন্য এখনও ডেপুটি স্পিকার নির্বাচিত হতে পারেন নি কম সময়ের জন্য যার জন্য আমার উপর অনেকটা চাপ বেশি পড়েছে। তা সত্ত্বেও আমাদের চেয়ারম্যানের প্যানেলে যাঁরা রয়েছেন তাঁদের থেকেও আমি সহযোগিতা পেয়েছি। বিশেষ করে এখানে বসে রয়েছেন জটুদা, সেই সঙ্গে সঙ্গে পরিষদীয় দলের যে মাননীয় মন্ত্রী রয়েছেন, চিফ হুইপ রয়েছেন, চিফ হুইপের সঙ্গে ওনার পরিষদীয় দলে যাঁরা রয়েছেন তাঁদেরও সহযোগিতা পেয়েছি। মাননীয়া মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গ বিধানসভায় একাধিকবার এসেছেন। বিভিন্ন বিষয়ে পার্টিসিপেট করেছেন, অনেক প্রশ্নোত্তর পর্বে আমি তাঁকে দেখেছি - এমন একজন মুখ্যমন্ত্রী সারা পশ্চিমবঙ্গের কোন ডিপার্টমেন্টের সম্বন্ধে খবর রাখেন না? প্রশ্নোত্তর পর্বে আমার সেটা চোখে পড়েছে। আপনারা যাঁরা রয়েছেন, আপনারাও অনেক সময় তাঁর দৃষ্টি আকর্ষণ করে অনেক প্রশ্ন করেছেন, তিনি উত্তর দিয়েছেন। আরো একটা কথা আপনাদের বলি- বিধানসভা সমৃদ্ধ হয় যদি বিধানসভাতে সবাই সুচারুরূপে বিধানসভা পরিচালনা করতে সাহায্য করেন। বিধানসভার ডিগনিটি এবং এর গরিমা বজায় রাখার দায়িত্ব সবার। বিধানসভায় উত্তেজনা হতে পারে, উত্তাপ থাকতে পারে কিন্তু তার

মধ্যেও শালীনতা বজায় থাকবে - এটাই আমরা প্রত্যাশা করি। আমি চেষ্টা করেছি যতটুকু করবার। হয়তো সবাইকে আমি সন্তুষ্ট করতে পারি নি সেই জন্য আমি দুঃখিত। আমাদের যে সমস্ত সদস্যদের আমরা হারিয়েছি সত্যি সেটা অত্যন্ত বেদনাদায়ক। এখানে বসে অবিচ্যুয়ারি রেফারেন্স করার সময় যখন সদস্যদের সম্বন্ধে পড়তে হয় সত্যি ভীষণ কষ্ট হয়। এ ছাড়া অনেক বিখ্যাত ব্যাক্তিত্ব ভারতবর্ষের, ভারতবর্ষের বাইরে - তাঁরাও পরলোক গমন করেছেন, তাঁদেরও কনডোলেন্স করেছি। আপনারাও তাতে যোগদান করেছেন। আর মিডিয়ার যাঁরা রয়েছেন আপনাদেরও নিশ্চয়ই ধন্যবাদ জানাব। খুব কঠিন কাজ আপনাদের করতে হয়। তবে একটা কথা বলবো যখন ওয়াক আউট হয় তখন দেখেছি আপনারা হুড়মুড় করে সবাই বেরিয়ে যান। আমি আপনাদের অনেককেই বলেছি যে এটা বড্ড দৃষ্টিকটু। যখন বিধানসভার অধিবেশন চলছে, যখন একজন বক্তা বক্তব্য রাখছেন, বিরোধী দল তাঁরা ওয়াক আউট করতেই পারেন, কিন্তু ওয়াক আউট হওয়ার সঙ্গে সঙ্গে যেন প্রেস মিডিয়াও ওয়াক আউট করছে। এটা আমার মনে হয় আপনাদেরও একটু চিন্তাভাবনা করার দরকার রয়েছে। এটা বড্ড দৃষ্টিকটু ব্যাপার, আমার চোখে তো নিশ্চয়ই বিশেষভাবে লেগেছে। আমাদের যাঁরা সিকিউরিটির দায়িত্বে আছেন তাঁদের ধন্যবাদ জানাই। আমাদের যে সমস্ত কাজ, যাঁরা আমাদের এখানে রয়েছেন বিশেষ করে আমার সামনে যাঁরা এখানে দাঁড়িয়ে থাকেন, পরিষদীয় দলের সঙ্গে যাঁরা যুক্ত রয়েছেন, আমাদের টেবিলে আপনারা দেখতে পাচ্ছেন সেক্রেটারি, স্পেশ্যাল সেক্রেটারি, যে স্টাফরা রয়েছেন - কি প্রচন্ড পরিশ্রম তাঁরা করেন এই বিধানসভাকে সচল রাখবার জন্য। আমি আপনাদের সবাইকে শুভেচ্ছা জানাই। আগামী বছর ভাল হোক, এই বছরটা তো নিশ্চয়ই ভাল হবে। আগামী দিন আপনাদের ভাল হোক, আপনাদের সুস্বাস্থ্য কামনা করি। প্রত্যাশা করবো যেন আমরা সবাই এখানে ফিরে আসতে পারি। আমি জানি না, এটা নিয়ম তো, আপনারা জানেন এটা পরিষদীয় গণতন্ত্রের নিয়ম- একটা দল আসবে, একটা দল চলে যাবে - এটা বলার অপেক্ষা রাখে না। তবে ভারতবর্ষের গণতন্ত্র, গণতান্ত্রিক কাঠামো যদি আমরা সঠিকভাবে তুলে ধরতে পারি তাহলে আমেরিকার মত অবস্থা হবে না এটা বলতে পারি কেননা ভারতবর্ষে অনেকবার ট্রান্সফার অফ পাওয়ার হয়েছে। পশ্চিমবঙ্গে অনেকবার ট্রান্সফার অফ পাওয়ার হয়েছে। কিন্তু তার জন্য এমন কোন ঘটনা ঘটেনি যাতে মনে হতে পারে আমাদের গণতান্ত্রিক কাঠামোটা নড়ে গেছে। এই গণতান্ত্রিক কাঠামোকে বজায় রাখার জন্য, সংবিধানকে মর্যাদা দেওয়ার জন্য আমাদের সবাইকে সেই দৃষ্টিভঙ্গি নিয়ে চলতে হবে। আমি প্রত্যাশা করবো সবাই আপনারা আরো বেশি কন্সট্রাক্টিভ চিন্তাধারা নিয়ে বিধানসভায় আসুন, নিশ্চয়ই আসবেন আমি সেই প্রত্যাশা করি। কে থাকবেন, কে থাকবেন না সেটা আমি জানি না। কোন দল আসবে, কোন দল আসবে না - সে তো আমি বলতে পারি না। আমি তবুও বলবো যাঁরা আসবেন তাঁরা গণতন্ত্রের পীঠস্থানকে সচল রাখবেন।

ADJOURNMENT

The House was then adjourned sine die.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

Vol.-149, No.- III

(Budget Session, 2021)

[From 27th January to 8th February, 2021]

[The 27th and 28th January, 5th, 6th and 8th February, 2021]

Date : 27.01.2021

Report of the Business Advisory Committee / PP-1-3

OBITUARY REFERENCES / PP-3-14

Date : 28.01.2021

Presentation of Committee Reports / P-15

Laying of Reports and Accounts / PP-15-16

Report to the House under Rule 241B(2) / P-16

Ruling from the Chair / PP-16-19

Report to the House / PP-19-24

Legislation

(A) The West Bengal Krishi Viswavidyalaya Laws (Amendment) Bill, 2021
Introduction, Consideration and Passing / PP-24-36

discussed by — শ্রী অসিত মিত্র / PP-24-27
— শ্রী প্রদীপ কুমার সাহা / PP-27-28
— শ্রী জ্যোতির্ময় কর / PP-28-31
— শ্রী শেখ আমজাদ হোসেন / PP-31-33
replied by — ডঃ আশীষ ব্যানার্জী / PP-33-36

(B) The West Bengal Court-Fees (Amendment) Bill, 2021
Introduction, Consideration and Passing / PP-36-47

discussed by — শ্রী মোস্তাক আলম / PP-37-40
— শ্রী সুজিত চক্রবর্তী / PP-40-41
— শ্রী জটু লাহিড়ী / P-42
replied by — শ্রী মলয় ঘটক / PP-42-46

Government Resolution under Rule 169 / PP-47-85

discussed by — শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-49-56
— ডঃ সুখবিলাস বর্মা / PP-56-61
— শ্রী আলি ইমরান রামজ / P-61
— ডঃ আশীষ ব্যানার্জী / PP-61-63
— শ্রী নর্মদা চন্দ্র রায় / PP-64-65
— শ্রী অসিত মিত্র / PP-65-68
— শ্রী বেচারাম মান্না / PP-68-70
— ডঃ সুজন চক্রবর্তী / PP-70-78
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-78-81

Date : 05.02.2021

Report of the Business Advisory Committee / PP-87-88

Motion / P-88

GOVERNMENT BUSINESS

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 2021-2022 / PP-88-160

LAYING OF FISCAL POLICY STATEMENT / P-160

Presentation of the Supplementary Estimates of the Government of West Bengal for the year 2020-2021 / P-160

Date : 06.02.2021

OBITUARY REFERENCES / PP-161-162

LAYING OF REPORT

Second Report of the Committee of Privileges (2018-2019, 2019-2020 and 2020-2021) / P-162

Laying of Reports & Accounts / PP-162-163

LEGISLATION

(A) The West Bengal Goods and Services Tax (Amendment) Bill, 2021

Introduction, Consideration and Passing / PP-163-174

discussed by — ডঃ সুখবিলাস বর্মা / PP-164-167
— শ্রী ইদ্রিশ আলি / PP-167-169
— শ্রী প্রদীপ কুমার সাহা / PP-169-171
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-171-173

(B) The West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2021

Introduction, Consideration and Passing / PP-174-186

discussed by — ডঃ সুখবিলাস বর্মা / PP-174-177
— শ্রী গৌরীশঙ্কর দত্ত / PP-177-180
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-180-182
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-183-185

Report of the Business Advisory Committee / PP-186-187

Motion / PP-187

General Discussion on Budget

discussed by — শ্রী কমলেশ চ্যাটার্জী / PP-187-192
— ডঃ সুজন চক্রবর্তী / PP-192-198
— শ্রী স্নেহাশীষ চক্রবর্তী / PP-198-202
— শ্রী কল্লোল খাঁ / PP-202-204
— শ্রীমতী নার্গিস বেগম / PP-204-205
— শ্রী অসিত মিত্র / PP-205-208
— শ্রীমতী ফিরদৌসী বেগম / PP-208-210
— ডঃ রোহিত শর্মা / PP-210-211

— শ্রী শ্যামল মন্ডল / PP-211-213
— শ্রী সমীর কুমার জানা / PP-213-217
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-217-219
— শ্রী সেখ শাহনেওয়াজ / PP-219-221

Date : 08.02.2021

FIRST SESSION

Presentation of Committee Reports / PP-223-224

GENERAL DISCUSSION ON BUDGET

discussed by — শ্রীমতী জাহানারা খান / PP-224-226
— শ্রী মনোজ চক্রবর্তী / PP-226-228
replied by — শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-228-232

MOTION FOR VOTE ON ACCOUNT / PP-232-252

SUPPLEMENTARY ESTIMATES FOR THE YEAR / 2020-2021

Discussion and Voting on Demands for Supplementary Grants of the Government of West Bengal for the year 2020-2021 / PP-253-285

discussed by — ডঃ সুখবিলাস বর্মা / PP-262-265
— শ্রী জটু লাহিড়ী / PP-265-266
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-267-269
replied by — শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-269-272

Report to the House under Rule 241B(2) / PP-285-286

Consideration of the Second Report of the Committee of Privileges / P-286

LEGISLATION

(A) The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2021

(B) The West Bengal Appropriation (No. 1) Bill, 2021

Introduction, Consideration and Passing / PP-287-308

Jointly discussed by — ডঃ সুখবিলাস বর্মা / PP-287-291
— শ্রী জ্যোতির্ময় কর / PP-291-295

— ডঃ সুজন চক্রবর্তী / PP-295-299
— শ্রী সমীর চক্রবর্তী / PP-299-302
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-302-304
Replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-304-307

(C) The West Bengal Official Language (Amendment) Bill, 2021

Introduction, Consideration and Passing / PP-308-315

discussed by — শ্রী অসিত মিত্র / PP-308-310
— শ্রী প্রদীপ সরকার / PP-310-311
— ডাঃ শশী পাঁজা / PP-311-312
— শ্রীমতী রমা বিশ্বাস / PP-312-313
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-313-314

(D) The Jhargram University (Amendment) Bill, 2021

Indroduction, Consideration and Passing / PP-315-321

discussed by — শ্রী অসিত মিত্র / PP-315-317
— শ্রী দুলাল মুর্মু / PP-317-318
— শ্রী সমর হাজরা / PP-318-319
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-319-321

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

Statement regarding the 16th Legislative Assembly / PP-322-324

Business Transacted During the 16th Legislative Assembly / PP-324-326

Vote of Thanks / PP-327-338

Printed at:
Saraswaty Press Ltd.
11 B.T. Road, Kolkata - 700 056

SPL-2021-300-LAP-229(364)